ইন্দ্রিয়ার্থ, *n.* Object of the senses (as sound, smell, form, etc.).
ইন্ধন, *n.* Fuel; fire-wood; kindling.
ইন্ধন দেওয়া, ইন্ধন যোগানো—Fuel; stoke; encourage.
ইন্ধন-অধিকর্তা, *n.* Director of Fuel.
ইন্ধনিক, *n.* Stoker.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইমনকল্যাণ, *n.* Kind of musical tune.
ইমান, *n.* Conscience; reliance; trust; faith; belief; faith in *Allah* or Islamic creed. ইমান আনা—Believe.
ইমান-খোর, *a.* Treacherous; faithless.
ইমানদার, *a.* Honest; faithful; trustworthy; believing; believing in *Allah* or Islam.
ইমানদারি, *n.* Righteousness; piety; faithfulness; fidelity.
ইমাম, *n.* Prophet; religious head of Muslims; celestial messenger.
ইমাম-বাড়া, *n.* House for the *Tazias* (The *Tazias* are used in the *Mohurrum*).
ইমারত, এমারত, *n.* Edifice; masonry building; brick-built house.
ইয়ত্তা, *n.* Quantity; measure; limit; definiteness. ইয়ত্তা করা—Measure; determine the limit; count.
ইয়াদ, *n.* Remembrance; memory. ইয়াদ করা—Bring to mind; remember. ইয়াদ রাখা—Remember; bear in mind.
ইয়াদদস্ত, *n.* Memo; memorandum.
ইয়ার, *n.* Intimate companion; chum; comrade; pal:—*a.* over-clever; tricky.
ইয়ারকি, *n.* Jocularity; frivolity; light-hearted or frivolous talks; deceptive tricks; pranks. ইয়ারকি করা, ইয়ারকি দেওয়া—Jest; joke; practise waggery; play pranks; trifle with; cut jokes.
ইয়ার-বক্‌সি, *n.* Witty friend (of the same age).
ইয়ার-বন্ধু, *n.* Chums and comrades; friends and companions.
ইয়ারিং, *n.* Ear-ring.
ইয়ুনানী, *a.* Ionian; Greek.
ইয়ে, *ind.* I say; you see.
ইরম্মদ, *n.* Lightning; sea-fire; elephant.
ইরাকী, *a.* Of Iraq.
ইরান, *n.* Iran; Persia.
ইরানী, *n.* Inhabitant of Iran or Persia:—*a.* Iranian; Persian.
ইরাবতী, *prop. n. Ravi,* one of the rivers in the Punjab; river *Irawaddy* in Burma.
ইলশা (ইলশে) গুঁড়ি, *n.* Drizzling suitable for catching *hilsa* fish; serein.
ইলাকা—See এলাকা।
ইলাহী, *n.* God:—*a.* huge; pompous; excessive (ইলাহী খরচ—excessive expenditure). ইলাহী কাণ্ড বা কারখানা—Grand affair; pomp; *eclat.* ইলাহী গজ—Yard-measure about 33 inches in length.
ইলিবিলি, *a.* Tortuous; winding; zigzag.
ইলিশ, ইলীশ, ইল্লীশ, *n. Hilsa* fish.
ইলেক্‌, *n.* Curved pen-stroke.
ইলেক্‌ট্রন্‌, *n.* Electron.
ইলেক্‌ট্রনীয়, *a.* Electronic.
ইলেক্‌ট্রিক, *a.* Electric:—*n.* electricity. ইলেক্‌ট্রিক লাইট্‌—Electric light.
ইল্লত, ইল্লৎ, *n.* Dirt; filth; ordure.
ইল্লতখানা, ইল্লৎখানা, *n.* Privy; latrine; lavatory.
ইল্লুতে, *a.* Filthy.
ইশকাপন, *n.* Spade.
ইশতিহার—See ইস্তাহার।
ইশপিশ, নিশপিশ, *n.* Restlessness; fidgets; itch.
ইশাদী, *n.* Witness.
ইশারা, ইসারা, *n.* Hint; nod; sign; beckoning; gesture; token. ইশারা করা—Make a sign or significant wink; hint; beckon; gesticulate.
ইষু, *n.* Arrow.
ইষুধি, *n.* Quiver.
ইষ্ট, *a.* Propitious; beneficial; wished-for; desired; intended; adored; tutelary; beloved; dear:—*n.* welfare; prosperity; any sacrificial act.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইষ্টক, *n.* Brick.
ইষ্টকখণ্ড, *n.* Piece of brick; brick-bat.
ইষ্টক-নির্ম্মিত, *a.* Brick-built. ইষ্টক-নির্ম্মিত অট্টালিকা—Brick-built house.
ইষ্টকবচ, *n.* Charmed amulet; talisman; talisman given by the spiritual preceptor.
ইষ্টকময়, *a.* Brick-built.
ইষ্টকর্ম্ম, *n.* Intended action; good deeds; operation with an assumed number.
ইষ্টকা, *n.* Brick. [road.
ইষ্টকাপথ, *n.* Metalled road; cobbled
ইষ্টকালয়, *n.* Brick-built house.
ইষ্টকুটুম্ব, *n.* One's kinsmen both from father's side and mother's side.
ইষ্টগোষ্ঠী, *n.* Friend circle.
ইষ্টচিন্তা, *n.* Good thoughts.
ইষ্টজন, *n.* Dear ones.
ইষ্টদেব, *n.* Spiritual guide; *guru*; tutelary deity.
ইষ্টদেবতা, *n.* Tutelary deity; deity one worships.
ইষ্টবিয়োগ, *n.* Death of some dear one; bereavement.
ইষ্টমন্ত্র, *n.* Mystical formula or prayer to be uttered inaudibly.
ইষ্টলাভ, ইষ্টসাধন, ইষ্টসিদ্ধি, *n.* Fulfilment of one's desire; success.
ইষ্টানিষ্ট, *n.* Good or evil; weal and woe; loss or gain :—*a.* good or bad.
ইষ্টাপত্তি, *n.* Realization of one's desire; benefit; profit; good.
ইষ্টাপূর্ত্ত, *n.* Digging of wells and similar works for public welfare.
ইষ্টাপূর্ত্ত-দান, *n.* Religious endowment.
ইষ্টালাপ, *n.* Friendly talk; chitchat; heart-to-heart conversation.
ইষ্টি, *n.* Sacrifice; oblation; desire; wish.
ইষ্টিকবচ—Same as ইষ্টকবচ।
ইষ্টিপত্র, *n.* Will. ইষ্টিপত্রের উপলেখ—Codicil.
ইষ্টি-প্রমাণক, ইচ্ছাপত্র-প্রমাণক, *n.* Probate.
ইস, *ind.* Alas Aha! Oh! Ah!
ইসদন্ত, *n.* Molar tooth.
ইসপিস—Same as ইশপিশ।
ইসবগুল, *n.* Kind of seed.
ইসলাম, *n.* Islam; Mahommedanism. ইসলামে বিশ্বাস—Faith in Islam.
ইসলামী, *a.* Islamic; according to Islam.
ইসাদী, *n.* Witness.
ইসারা—See ইশারা।
ইস্কাবন, ইস্কাপন, *n.* Spade (in cards).
ইস্কুল, *n.* School.
ইস্ক্রুপ, *n.* Screw. ইস্ক্রুপের প্যাঁচ—Deceptive motive.
ইস্টিমার, *n.* Steamer.
ইস্টিশান, ইস্টেশান, স্টেশন, *n.* Station.
ইস্টুপিড্, *a.* Stupid.
ইস্টেট, *n.* State; estate.
ইস্তক, *ind.* From :—*ad.* including or up to this. ইস্তক ১লা নাগাত ২০শে—From the 1st to the 20th instant. ইস্তক জুতা সেলাই নাগাত চণ্ডীপাঠ—From the humblest or most menial of services to the most exalted; all the items irrespective of category :—*n.* the king and the queen of the trump-card.
ইস্তকনাগাত, ইস্তকলাগাত, *ad.* From top to bottom; from start to finish.
ইস্তকবিন্তি, *n.* (in the game of cards) Combination of three consecutive cards from the ace down to the jack.
ইস্তফা, ইস্তাফা, *n.* End; resignation; relinquishment; giving up. ইস্তফা করা, ইস্তফা দেওয়া—Resign; give up; abandon; tender resignation.
ইস্তাফানামা, *n.* Deed of surrender.
ইস্তাহার, ইস্তিহার, ইশ্তিহার, *n.* Notice; advertisement; proclamation; public announcement; communiqué. ইস্তাহার দেওয়া—Issue a notice or communiqué.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইস্তিরি, ইস্ত্রি, *n.* Smoothing-iron; flat-iron; calender; smoothing; ironing; wife. কাপড় ইস্ত্রি করা—Iron clothes.
ইস্তিস্‌রারী জোত, *n.* Permanent tenure.
ইস্তিহার—See ইস্তাহার।
ইস্তেমাল, *n.* Practice; use.
ইস্ত্রি—See ইস্তিরি।
ইস্পাত, *n.* Steel.
ইস্পাতী, *a.* Made of steel; of steel.
ইস্পার—See এস্পার। ইস্পার কি ওস্পার—Same as এস্পার কি ওস্পার।
ইহ, *ad.* Here; in this place; in this world; at this time; now :—*a.* this; present.
ইহকাল, *n.* This life; present life; earthly life.
ইহজগৎ, *n.* This world; earth; material world.
ইহজন্ম, ইহজীবন, *n.* This life. ইহজন্মে, ইহজীবনে—In this life; throughout life; ever.
ইহলোক, *n.* This world; this life. ইহলোক হইতে বিদায়—Departure from this world; death.
ইহসংসার, *n.* This world.
ইহা, *pron.* It; this. ইহা ছাড়া, ইহা ভিন্ন—Besides; besides this.
ইহাকে, *pron.* It.
ইহাতে, *pron.* In it; on it.
ইহাদিগকে, *pron.* Them.
ইহাদের, ইহাদিগের, *pron.* Their; theirs.
ইহার, *pron.* Its. ইহার অধিক—More than it. ইহার পূর্ব্বে—Formerly; previously. ইহার মধ্যে—In the meantime.
ইহারা, *pron.* They.
ইহুদী, য়িহুদী, *n.* Jew; Hebrew :—*a.* Jewish.

ঈ

ঈ, Fourth vowel of the Bengali alphabet; it is a long vowel; it takes the form ী when joined to a consonant.
ঈকার, *n.* Letter ঈ, or its symbol ী।
ঈকারাদি, *a.* Beginning with the letter ঈ; ঈ, etc.
ঈকারান্ত, *a.* Ending with the letter ঈ।
ঈক্ষণ, *n.* Sight; eye; vision; seeing.
ঈক্ষাধিকারিক, *n.* Checking officer.
ঈক্ষাস্থান, *n.* Check station (Forest).
ঈক্ষিত, *a.* Seen; viewed; observed.
ঈগল, *n.* Eagle.
ঈথর, *n.* Ether.
ঈদ, *n. Id;* Muhammedan festival.
ঈদগা, ঈদগাহ, *n.* Building in which the *Id* festival is performed; place where the *Id* prayers are said.
ঈদলফেতর, *n.* Muhammedan festival.
ঈদুজ্জোহা, *n.* Muhammedan festival.
ঈদৃশ, ঈদৃক্, *a.* Such; such-like; like this; so; similar. *fem.*—ঈদৃশী।
ঈপ্সা, *n.* Desire to obtain; wish; covetousness.
ঈপ্সিত, *a.* Desired; wished-for :—*n.* desired object; desire; wish.
ঈপ্সু, *a.* Wishing; covetous; desirous of obtaining.
ঈর্ষা, ঈর্ষ্যা, *n.* Malice; envy; jealousy; grudge; ill-feeling; ill-will. ঈর্ষা করা—Envy; feel jealousy; grudge

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঈর্ষানল, *n.* Malice; ill-will; spite; jealousy.
ঈর্ষান্বিত, *a.* Envious; malicious; spiteful; jealous.
ঈর্ষাপরতন্ত্র, ঈর্ষাপর, ঈর্ষাপরবশ, ঈর্ষাপরায়ণ, *a.* Malicious; envious. ঈর্ষাপরবশ হইয়া—Out of spite or malice.
ঈর্ষাপরতন্ত্রতা, ঈর্ষাপরতা, ঈর্ষাপরায়ণতা, *n.* Maliciousness; jealousy; enviousness.
ঈর্ষাপরায়ণ—See ঈর্ষাপরতন্ত্র।
ঈর্ষাবশ—Same as ঈর্ষাপরতন্ত্র।
ঈর্ষাবশতঃ, *ad.* Through envy; out of malice or spite.
ঈর্ষাবশে, *ad.* Being impelled by malice or envy.
ঈর্ষামুক্ত, *a.* Free from envy.
ঈর্ষামূলক, *a.* Malicious; spiteful.
ঈর্ষাযুক্ত—Same as ঈর্ষান্বিত।
ঈর্ষালু, ঈর্ষী, *a.* Envious; jealous; malicious; spiteful.
ঈশ, *n.* God; lord; master; ruler; chief.
ঈশা, *n.* Jesus (Christ); plough-tree; plough-stilt.
ঈশাদণ্ড—Same as ঈষাদণ্ড।
ঈশান, *n.* Name of *Shiva;* north-east:—*a.* north-east.
ঈশান-কোণ, *n.* North-east quarter.
ঈশিতা, ঈশিত্ব, *n.* Divinity; one of the eight attributes of divinity; lordship; mastery; supremacy.
ঈশ্বর, *n.* God; Lord of the universe; owner; proprietor; master; king; ruler. ঈশ্বর না করুন—God forbid!
ঈশ্বরকৃপা, *n.* God's mercy; God's grace.
ঈশ্বরচিন্তা, *n.* Meditation on God; contemplation of God.
ঈশ্বরতা, ঈশ্বরত্ব, *n.* Divinity.
ঈশ্বরদত্ত, *a.* God-gifted; given or bestowed by God; God-sent; divine. ঈশ্বরদত্ত ক্ষমতা বা গুণ—Divine power or attribute.
ঈশ্বরনিষ্ঠ, *a.* Devoted to God; devout; faithful to God.
ঈশ্বরনিষ্ঠা, *n.* Devotion to God; devoutness.
ঈশ্বরপরায়ণ, *a.* Devoted to God; devout; faithful to God.
ঈশ্বরপরায়ণতা, *n.* Devotion to God; godliness.
ঈশ্বরপূজা, *n.* Worship of God.
ঈশ্বরপ্রণোদিত, *a.* Inspired by God.
ঈশ্বরপ্রসাদ, *n.* God's grace.
ঈশ্বরপ্রসাদে, ঈশ্বরপ্রসাদাৎ, *ad.* By God's grace; through divine mercy.
ঈশ্বরপ্রাপ্তি, *n.* Merging of self into God; spiritual union with God; emancipation; death.
ঈশ্বরপ্রীতি, ঈশ্বরপ্রেম, *n.* Love of God; devotion to God.
ঈশ্বরপ্রেমিক, *a.* Godly; devoted to God:—*n.* lover or devotee of God.
ঈশ্বরপ্রেরিত, *a.* Sent by God; divinely inspired; divine. ঈশ্বরপ্রেরিত পুরুষ—Prophet.
ঈশ্বরবাদ, *n.* Theism.
ঈশ্বরবাদী, *n.* Theist:—*a.* theistic.
ঈশ্বরবিরোধী, *n.* Satan; satanist; the devil; atheist:—*a.* opposed to God; atheistic; satanical.
ঈশ্বরবিষয়ক, *a.* Divine; of God; relating to God.
ঈশ্বরভক্তি, *n.* Devotion to God; devoutness; piety.
ঈশ্বরভাব, *n.* Divinity; assuming of godhead; deification.
ঈশ্বরভীরু, *a.* God-fearing.
ঈশ্বর-সাধন, ঈশ্বর-সাধনা, *n.* Contemplation of God; realization of God.
ঈশ্বরসৃষ্ট, *a.* Created by God.
ঈশ্বরসেবা, *n.* Worship of God; divine service.
ঈশ্বরাজ্ঞা, ঈশ্বরাদেশ, *n.* Revelation; divine commandment.
ঈশ্বরাধীন, *a.* Dependent on God; subject to the will of God; divine.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঈশ্বরাবতার, *n.* Incarnation of God.
ঈশ্বরারাধনা, *n.* Worship of God.
ঈশ্বরী, *n. fem.* Goddess; queen; empress; female ruler or sovereign; female owner; mistress.
ঈশ্বরেচ্ছা, *n.* Will of God; divine will.
ঈশ্বরেচ্ছায়, *ad.* By the will of God; by God's grace.
ঈশ্বরোপাসক, *n.* Worshipper of God; devotee of God.
ঈশ্বরোপাসনা, *n.* Worship of God; divine service.
ঈষ, ঈষা, *n.* Beam (of a plough).
ঈষৎ, *a.* & *ad.* A little; slight; somewhat.
ঈষৎবক্র, *a.* Little curved; little crooked.
ঈষৎ-হাস্য—Same as ঈষদ্ধাস্য।
ঈষদচ্ছ, *a.* Translucent.
ঈষদুষ্ণ, *a.* A little hot; tepid; lukewarm.
ঈষদুষ্ণতা, *n.* Lukewarmness; tepidity.
ঈষদূন, *a.* Slightly deficient; a little less than; a little short of.
ঈষদ্ধাস্য, *n.* Giggle; titter; smile.
ঈষদ্বিকশিত, ঈষদ্বিকসিত, ঈষদ্ভিন্ন, *a.* Half-blown; partly open.
ঈষন্নীল, *a.* Bluish; light-blue.
ঈষন্মাত্র, *a.* Very slight; only a little.
ঈষা—See ঈষ।
ঈষাদণ্ড, *n.* Handle of a plough.
ঈষিকা, ঈষীকা, *n.* Painting brush; grass-stalk.
ঈহা, *n.* Effort; endeavour; exertion; attempt; desire; wish.
ঈহিত, *a.* Attempted; wished-for.

উ

উ, Fifth vowel of the Bengali alphabet [when joined to a consonant it takes the form ু]:—*n. Shiva; Brahma.*
উই, *n.* White ant; termite.
উইচারা, *n.* Ant-hill.
উইচিংড়া, উচিঙ্গা, *n.* A kind of cricket.
উইঢিপি, উইঢিবি, *n.* Ant-hill.
উই-ধরা, উইয়ে-ধরা, *a.* Worm-eaten; eaten by white ants.
উইপোকা—Same as উই।
উইল, *n.* Will. উইল করা—Will; draw up a will.
উঃ, *ind.* Oh! Ah! Alack! Alas!
উঁ, *ind.* What; yes.
উঁকি, উকি, *n.* Peep (ভোরের উঁকি—peep of day); peeping; prying. উঁকি দেওয়া বা মারা—Peep at; pry into.
উঁকি-ঝুঁকি, *n.* Peeping and prying. উঁকি-ঝুঁকি মারা—Pry repeatedly or frequently.
উঁচকপালে, *a. masc.* With a projecting forehead; fortunate. *fem.*—উঁচকপালী।
উঁচলানো, *v.* Shake (grain) in a frying pan; sift.
উঁচা—See উঁচু।
উঁচানো, উঁচনো, *v.* Lift; raise up:—*n.* act of raising:—*a.* raised; uplifted (উঁচানো খাঁড়া—uplifted sword). উঁচিয়ে (বা উঁচাইয়া) কাজ করা—Outbid others; get ahead; by-pass or ignore (a superior).
উঁচু, উচু, উঁচা, উচা, *a.* High; elevated; tall.
উঁচুনীচু, *a.* High and low; rough; undulating; uneven.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উঁহু, *ind.* No! Nay! Oh no!
উকা, *n.* File; rasp; torch; fire-brand; meteor; flying sparks of fire.
উকার, *n.* Vowel উ or its symbol.
উকারাদি, *a.* Beginning with the letter উ; উ, etc.
উকারান্ত, *a.* Ending with the letter উ।
উকালতনামা—Same as ওকালতনামা।
উকালতি—Same as ওকালতি।
উকি, *n.* Straining to vomit; retching; hiccough. See also উঁকি। উকি উঠা, উকি তোলা—Retch; hiccup.
উকি-ঝুকি—Same as উঁকি-ঝুঁকি।
উকিল, উকীল, *n.* Pleader; lawyer; vakil; vakeel; attorney; law-agent; advocate; plenipotentiary; envoy; agent. উকিল দেওয়া, উকিল লাগানো—Engage a pleader. উকিল হওয়া—Be called to the bar; be a pleader.
উকিল-খরচা, *n.* Lawyer's fees; law-expenses.
উকিলমোক্তার, *n.* Lawyers.
উকিল-সরকার, *n.* Government pleader.
উকীলি, *n.* Pleadership. উকীলি করা—Practise as a pleader or an advocate.
উকিলী, *a.* Of a pleader; like a pleader.
উকুন, *n.* Louse.
উকুনে-পোকা, *n.* Weevil.
উকো, *n.* File; rasp.
উক্ত, *a.* Spoken; said; mentioned. উক্ত কর্ম—Subject of the passive verb. উক্ত ভদ্রলোক—Said gentleman.
উক্তি, *n.* Statement; speech; expression; saying; assertion.
উক্তি-প্রত্যুক্তি, *n.* Statement and counter-statement; bandying of words; discourse.
উখ, *n.* Rasp; file.
উখড়া-খুকড়া, *a.* Dishevelled; rough; uneven; in disarray; thrown into confusion.
উখড়ানো, উখড়নো, ওখড়ানো, *v.* Uproot; loosen; eradicate:—*n.* extirpation:—*a.* uprooted.
উখন, *n.* Rubbing; friction.
উখল, উখলি—Same as উদূখল।
উখা, *n.* File; rasp; fire-place; furnace; hearth; oven.
উখি, *n.* Scurf; dandruff.
উখুল—Same as উদূখল।
উগরা, *n.* Diet of rice and pulse for an invalid.
উগরানো, উগরনো, ওগরানো, *v.* Vomit; disgorge; belch out:—*n.* act of vomiting; disgorgement:—*a.* vomited; disgorged. উগরাইয়া চিবানো—Chew the cud; ruminate.
উগ্র, *a.* Violent; strong; pungent; acrid; sharp; terrible; fierce; passionate; angry; peevish; cross; cruel; hot; wrathful; surly.
উগ্রকণ্ঠ, উগ্রস্বর, *a.* Raucous; harsh-voiced.
উগ্রকণ্ঠে—Same as উগ্রস্বরে।
উগ্রকর্মা, *a.* Violent; fierce; ferocious; cruel.
উগ্রক্ষত্রিয়, *n.* Name of a *Hindu* caste (also called *aguri*).
উগ্রগন্ধ, *a.* Strong-scented:—*n.* asafoetida; garlic.
উগ্রগন্ধি, *a.* Strong-scented; smelling strongly.
উগ্রচণ্ডা, *n. fem.* Terrible form of *Durga* with eighteen arms; wrathful lady.
উগ্রচণ্ডী, *n. fem.* Termagant; virago; hot-tempered woman.
উগ্রতপা, *a.* Practising austere penance.
উগ্রতা, *n.* Violence; fierceness; wrathfulness; sharpness; severity; pungency; heat.
উগ্রদর্শন, *a.* Terrible-looking; fierce-looking.
উগ্রপ্রকৃতি, *a.* Hot-tempered; of violent temper; irascible.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উগ্রবক্তা, *a.* Sharp-tongued.
উগ্রবীর্য, *a.* Very strong; of high mettle; high-spirited.
উগ্রভাবে, *ad.* Violently; passionately.
উগ্রমূর্তি, *a.* Fierce-looking; of terrible appearance; violently angry; fiery.
উগ্রস্বভাব—Same as উগ্রপ্রকৃতি।
উগ্রস্বরে, *ad.* In a fierce tone; raucously.
উচক্কা, উচকা, *a.* Immature; adolescent; young; unruly; headstrong; insolent; sudden. উচক্কা বয়স—Youthful age; adolescence.
উচক্কা, *a.* Unruly; headstrong; rash.
উচনো—Same as উঁচানো।
উচা—See উঁচু।
উচাটন, *n.* Anxiety; worry; agitation; uneasiness:—*a.* anxious; distraught; troubled; agitated.
উচানীচা—Same as উঁচুনীচু।
উচানো, ওচানো—Same as উঁচানো।
উচিত, *a.* Proper; right; just; equitable; reasonable; appropriate; becoming; worthy; suitable; convenient; fit. উচিত কথা—Right thing; truth; appropriate or just remark. উচিত ব্যবহার—Just behaviour; right treatment or dealing; square deal.
উচিতবক্তা, উচিতবাদী, উচিতভাষী, *a.* Outspoken.
উচু—See উঁচু।
উচুনীচু—Same as উঁচুনীচু।
উচোট, *n.* Trip; stumble. উচোট খাওয়া—Stumble; trip.
উচ্চ, *a.* High; elevated; tall; lofty; exalted; noble; aristocratic (উচ্চ বংশ—noble or aristocratic family); superior (উচ্চ কর্মচারী—superior officer); steep; loud (উচ্চ শব্দ—loud noise). উচ্চ অভিনন্দন—Acclaim. উচ্চ আশা—Ambition. উচ্চ ন্যায়ালয়—High Court. উচ্চ পার্বত্যভূমি—Highlands. উচ্চ বিদ্যালয়—High School.
উচ্চকণ্ঠ, *n.* High-pitched voice; high tone:—*a.* having a high-pitched tone. [voice; loudly.
উচ্চকণ্ঠে, *ad.* At the top of one's
উচ্চকথা, *n.* High words; loud talk.
উচ্চকিত, *a.* Anxious; restless; startled.
উচ্চকুল, *n.* Noble family.
উচ্চকুলজাত, উচ্চকুল-সম্ভূত, *a.* High-born; of noble birth; of aristocratic birth.
উচ্চ-চাপ, *n.* High pressure.
উচ্চণ্ড, *a.* Violent; terrible; indomitable; vehement; unmanageable.
উচ্চতম, *a.* Highest; noblest; most exalted; loudest. উচ্চতম ন্যায়ালয়—Supreme Court.
উচ্চতর, *a.* Higher; nobler; more exalted; superior; louder. উচ্চতর কক্ষ—Upper chamber.
উচ্চতা, *n.* Height; tallness; loftiness; elevation; nobleness; exaltedness.
উচ্চনাদ, *n.* Loud noise.
উচ্চনাদী, *a.* High-sounding; making a loud noise.
উচ্চনীচ, *a.* High and low; up and down; undulating.
উচ্চপদ, *n.* High office; exalted position.
উচ্চপদস্থ, *a.* In a high office; top-ranking; exalted. উচ্চপদস্থ কর্মচারী—High officer.
উচ্চপাত, *n.* Ascending node.
উচ্চপ্রকৃতি, *a.* High-souled; noble-minded; magnanimous:—*n.* noble character.
উচ্চ-প্রাথমিক, *a.* Upper Primary.
উচ্চবর্গ, *n.* Upper Division (*e.g.*, of assistants).
উচ্চবাচ্য, *n.* Mention of a word even; objection; protest; act of commenting. উচ্চবাচ্য না করা—Keep mum; say nothing; raise no objection; make no protest; submit to.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

উচ্চবিদ্যা-পর্ষদ, *n.* Board of Higher Studies.
উচ্চবেতন, *n.* High or fat salary. উচ্চবেতনের কর্মচারী—Fat-salaried officer.
উচ্চভাব, *n.* Sublime idea; noble thought.
উচ্চভাষী, *a.* Speaking loudly; sharp-tongued; given to bragging; blustering; talking tall. উচ্চভাষী ব্যক্তি—Braggart; harsh-tongued person.
উচ্চমনা, *a.* High-minded; generous.
উচ্চয়, *n.* Heap; collection; multitude; plucking (as of flowers, etc.). উচ্চয় অপচয়—Rise and fall.
উচ্চরায়, *ad.* Loudly; aloud.
উচ্চরোল, *n.* Clamour; loud noise; hubbub.
উচ্চশিক্ষা, *n.* Higher education.
উচ্চশির, *n.* High head; head raised high:—*a.* with the head raised high; high; proud; arrogant.
উচ্চশিরা, *a.* With the head raised high; proud; arrogant.
উচ্চশিরাল, *a.* Having prominent veins; veinous; veined; corrugated.
উচ্চস্বভাব, *a.* Of noble character; noble-minded; magnanimous:—*n.* noble character.
উচ্চস্বরে—Same as উচ্চৈঃস্বরে।
উচ্চহার, *n.* High rate. উচ্চহারে কমিশন—Commission at a high rate.
উচ্চহাসি, উচ্চহাস্য, *n.* Loud laugh; laughter; guffaw; horse-laugh.
উচ্চহৃদয়, *a.* High-minded:—*n.* lofty heart.
উচ্চাকাঙ্ক্ষা, *n.* Ambition; aspiration.
উচ্চাকাঙ্ক্ষী, *a.* Ambitious; aspiring. *fem.*—উচ্চাকাঙ্ক্ষিনী।
উচ্চাটন, *n.* Eradication; extirpation; uprooting; magical incantation for malign purpose; anxiety; state of suspense; disquietude.
উচ্চাবচ, *a.* Up and down; uneven; high and low; great and small; undulating; various.
উচ্চাভিলাষ, *n.* Ambition; aspiration.
উচ্চাভিলাষী, *a.* Ambitious; aspiring.
উচ্চারণ, *n.* Pronunciation; utterance; articulation; expression; elocution. উচ্চারণ করা—Pronounce; utter; articulate; elocute.
উচ্চারণতত্ত্ব, *n.* Phonetics.
উচ্চারণস্থান, *n.* Point of articulation.
উচ্চারণীয়, *a.* Fit to be uttered or pronounced.
উচ্চারিত, *a.* Uttered; pronounced; said; spoken; sounded.
উচ্চার্য, *a.* Utterable; fit to be pronounced.
উচ্চার্যমাণ, *a.* Being uttered or pronounced.
উচ্চাশয়, *a.* High-souled; noble-minded; generous.
উচ্চাশয়তা, উচ্চাশয়ত্ব, *n.* Magnanimity; high-mindedness.
উচ্চাশা, *n.* Ambition; high hope; aspiration. উচ্চাশা করা, উচ্চাশা পোষণ করা—Aspire.
উচ্চিংড়া, উচ্চিংগট, *n.* Kind of insect akin to the cricket.
উচ্চে, *ad.* On high; above.
উচ্চৈঃস্বর, *n.* Loud sound:—*a.* high-sounding.
উচ্চৈঃস্বরে, *ad.* Loudly; aloud; at the top of one's voice.
উচ্ছন্ন, *a.* Ruined; destroyed; desolated; laid waste; spoilt; gone to the dogs. উচ্ছন্ন যাওয়া—Go to ruin; go to the dogs; be spoiled.
উচ্ছল, *a.* Surging; overflowing.
উচ্ছলন, *n.* Swelling up; rising up.
উচ্ছলিত, উচ্ছল, *a.* Surging; gushing; overflowing; swollen high; rising up; running over. উচ্ছলিত করা—Throw up. উচ্ছলিত হওয়া—Rise up; swell; overflow; gush; surge.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উচ্ছিত্তি—See উচ্ছেদ।

উচ্ছিদ্যমান, *a.* Being rooted out or destroyed.

উচ্ছিন্ন, *a.* Rooted up; cut off; destroyed; killed; ruined.

উচ্ছিষ্ট, *n.* Leavings; remains of a meal; orts; offal:—*a.* left or remaining in the plate after eating; not washed after eating; rejected; remaining.

উচ্ছিষ্টকল্পনা, *n.* Stale invention; hackneyed conception.

উচ্ছিষ্টভোজন, *n.* Eating the remains of another's meal. উচ্ছিষ্টভোজন করা—Eat the remains of another's meal.

উচ্ছিষ্টভোজী, *n.* One eating the remains of other's meal; hanger-on; toady. Also *a.*

উচ্ছিষ্টান্ন, *n.* Remains of a meal; leavings; orts.

উচ্ছৃঙ্খল, *a.* Unrestrained; riotous; perverse; loose; irregular; lawless; undisciplined; out of order; disordered; self-willed; licentious; wanton. উচ্ছৃঙ্খল জনতা—Mob.

উচ্ছৃঙ্খলতা, *n.* Licentiousness; perversity; irregularity.

উচ্ছে, *n.* Kitchen vegetable.

উচ্ছেদ, উচ্ছিত্তি, *n.* Extermination; destruction; ruin; cutting off; putting an end to; eviction; ejection. উচ্ছেদ করা—Extirpate; destroy; eject; evict (a tenant). উচ্ছেদের মামলা—Ejection suit. সমূলে উচ্ছেদ করা—Extirpate; uproot.

উচ্ছেদক, *n.* Exterminator; ejector; destroyer.

উচ্ছেদনীয়, উচ্ছেদ্য, *a.* To be eradicated or ejected; to be destroyed.

উচ্ছেদসাধন, *n.* Abolition; extirpation; eradication; eviction.

উচ্ছোষণ, *n.* Sucking; drying; afflicting.

উচ্ছোষিত, *a.* Dried; sucked up; afflicted.

উচ্ছ্বসন, *n.* Overflowing; outburst; respiration.

উচ্ছ্বসিত, *a.* Exhaled; swollen; expanded; blown; elated; relaxed; unfolded; gushing; swelling forth; inspired.

উচ্ছ্বাস, *n.* Outburst; swelling; emotion; hope; inspiration; breath; breathing; deep sigh.

উচ্ছ্বাসিত, *a.* Caused to swell up; expanded; unfolded.

উচ্ছ্রয়, উচ্ছ্রায়, *n.* Altitude; height; elevation; elation; excellence.

উচ্ছ্রিত, *a.* High; lofty; tall; raised; heightened; swelled; increased; prosperous; puffed up; elated; erect.

উছট—Same as উচোট।

উছল—See উচ্ছলিত। [about.

উছলানো, উছলনো, *v.* Winnow; toss

উজড়—See উজাড়।

উজন—See উজান।

উজবুক, উজবুগ, উজবক, *n.* Dolt; dullard:—*a.* stupid; ignorant; uncouth.

উজর, উজোর, *a.* Bright; resplendent.

উজল, *a.* Bright.

উজলানো, *v.* Shake; sift; toss about; swell forth; brighten.

উজাড়, উজড়, *a.* Void; empty; deserted; desolate; wild; depopulated. উজাড় করা—Depopulate; desolate; devastate. উজাড় হওয়া—Be depopulated; be devastated or desolate; be emptied.

উজান, উজন, *n.* Contrary course:—*a.* & *ad.* in an opposite direction; upstream. উজানের মাছ—Fish swimming against the current; fish going out of the pond in the rainy season; man fighting with adverse circumstances.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

উজান-ভাঁটি, *n.* Flow-tide and ebb-tide.
উজানি, *ad.* Upstream.
উজানিবেলা, *n.* Forenoon.
উজানে, *ad.* Upstream. উজানে যাওয়া—Sail or go upstream. তারা উজানে নৌকা বাইল—They rowed the boat upstream.
উজানো, উজনো, *v.* Take a contrary course; sail upstream.
উজির, উজীর, *n. Vizier;* minister of State; councillor.
উজ্‌হাত, *n.* Plea; ground; excuse.
উজ্জীবন, *n.* Resuscitation; reanimation; inspiring; revival.
উজ্জীবিত, *a.* Resuscitated; brought round to consciousness; revived; renovated; rekindled. উজ্জীবিত করা—Regenerate; resuscitate; revive.
উজ্জ্বল *a.* Bright; luminous; brilliant; shining; blazing; clear; glossy. উজ্জ্বল করা—Brighten; illumine. উজ্জ্বল হওয়া—Become illuminated; become vivid; become glorified. মুখ উজ্জ্বল করা—Bring credit to; glorify; make illustrious; exalt (বংশের মুখ উজ্জ্বল করা—exalt one's family; bring credit to one's family).
উজ্জ্বলতা, *n.* Brightness; luminousness; radiance; lustre; splendour; clearness.
উজ্জ্বলন, *n.* Blazing forth; shining [forth.
উজ্জ্বলশ্যামবর্ণা, *a. fem.* Of bright light-dark complexion.
উজ্জ্বলিত, *a.* Brightened; illuminated; kindled; lighted up; enkindled; glorified; freshened.
উজ্ঝিত, *a.* Left; given up; abandoned.
উঞ্ছ, *n.* Gleanings of rejected grains of corn; living by shifty means.
উঞ্ছজীবী, *a.* Living a day's life; eking out one's living by odd means.
উঞ্ছবৃত্তি, *n.* Subsistence by gleaning rejected grains of corn; mean livelihood; living by odd means: —*a.* subsistent on gleaning. উঞ্ছবৃত্তি করা—Eke out a miserable existence; live by odd means; earn a living meanly.
উট, *n.* Camel.
উটকপালে—Same as উঁচকপালে।
উটকা—See উটকো।
উটকানো, উটকনো, ওটকানো, *v.* Search; seek for; look for. উটকানো পাটকানো—Rummage; ransack; search minutely; trace.
উটকো, উটকা, *a.* Stray; foreign; unknown; strange; unfamiliar; vagrant; preposterous; unexpected; incidental (উটকো খরচ); insincere; flippant (উটকো মেয়ে). উটকো খবর—Unconfirmed report or news. উটকো লোক—Outsider; stranger; person of unknown identity.
উটজ, *n.* Thatched hut; hut made of wickers.
উটজশিল্প, *n.* Cottage industry.
উটপক্ষী, উটপাখি, *n.* Ostrich.
উটপেনসিল, *n.* Lead-pencil.
উটমুখো, *a.* Not observant; careless. *fem.*—উটমুখী।
উঠতি, *n.* Rise; growth; prosperity: —*a.* rising; flourishing. উঠতি অবস্থা—Rising state; flourishing condition; flourishing stage. উঠতি কাল—Period of growth. উঠতি বয়স—Growing age; adolescence. উঠতির মুখ—Beginning of prosperity; point of rising.
উঠতি-পড়তি, *n.* Rise and fall; increase and decrease; fluctuation.
উঠন—Same as উঠান।
উঠনো, উটনা, উঠনা, *n.* Dealings on credit with shopkeepers; buying or selling of goods on tick. উঠনোর দোকান—Tally shop.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উঠন্ত, উঠন্তি, *a.* Rising; growing; flourishing.

উঠবন্দী, *a.* Of unsettled tenancy. উঠবন্দী চাষ—Shifting cultivation. উঠবন্দী প্রজা—Unsettled *ryot* or tenant.

উঠবস, *n.* Exercise of alternately standing up and sitting down on the heels. উঠবস করা—Stand up and sit down alternately; fidget.

উঠা, *v.* Rise; get up; arise; grow; issue; flow; go up; mount; board; get in; come out (মাটি ভেদ করে উঠা); be built (বাড়ি উঠা); be collected (চাঁদা উঠা); be available (বাজারে উঠা); be raised (জাতে উঠা); be closed down (দোকান উঠা); be mentioned (নাম উঠা); climb; wash out (এই কালির দাগ উঠিবে কি? —Will this ink-spot wash out? এই রং ধুইলে উঠিবে না—This dye or colour will not wash or will stand a wash); be up (এখনও রৌদ্র উঠে নাই —The sun is not yet up). উঠি তো পড়ি করিয়া দৌড়ানো—Run helter-skelter. উঠিয়া দাঁড়ানো—Rise to one's feet; stand on one's legs; stand up. উঠিয়া পড়িয়া লাগা, উঠে পড়ে লাগা—Make one's best endeavour; be up and doing. উঠিয়া যাওয়া—Remove; shift; be out of date; be closed (দোকানটি উঠিয়া গিয়াছে—The shop has been closed). [কয়েকটি প্রয়োগ:—অস্ত্র উঠা—Die; be dismissed from service. কারবারটি উঠিয়া গিয়াছে —The business has wound up. ক্লাসে উঠা—Be promoted. গাছে উঠা—Climb a tree. গাড়িতে উঠা—Get into a carriage. চোখ উঠা—Be attacked with ophthalmia. ট্রেনে উঠা—Entrain; take train. দাঁড়াইয়া উঠা—Stand up. দাঁত উঠা—Cut a tooth. রক্ত উঠা—Vomit blood. (For other uses, see App. II).]

উঠাউঠি, *n.* Change of place (among schoolboys); promotion:—*ad.* repeatedly; one upon another; successively.

উঠান, *n.* Courtyard.

উঠান-ঘাটা, *n.* Landing place.

উঠানামা, *n.* Ascent and descent; rise and fall; fluctuation; promotion and demotion.

উঠানো, *v.* Raise; lift up; cause to ascend; draw out; abolish; remove; reject; eradicate; elevate; root out; eject; promote (ক্লাসে উঠানো); collect (চাঁদা উঠানো); close down (দোকান উঠানো):—*n.* raising; erasing; effacing; collecting; promoting; ejecting.

উঠাপড়া, *n.* Rising and falling; pitching and plunging (as of a ship in a heavy sea); fluctuation. উঠাপড়া করা—Rise and fall.

উঠাবসা—Same as উঠবস।

উঠিতে-বসিতে, উঠতে-বসতে, *ad.* Always; constantly; at every step.

উড়কী-ধান, *n.* Kind of rice growing without cultivation.

উড়কুড়, *n.* The beginning and the end.

উড়তি—Same as উড়ন্ত।

উড়ন, *n.* Flying; flight.

উড়নচড়ে, উড়নচণ্ডে, *a.* Spendthrift; squandering; prodigal:—*n.* spendthrift; prodigal. *fem.*—উড়নচণ্ডী।

উড়নি—Same as উড়ানি।

উড়ন্ত, *a.* Flying; on the wing. উড়ন্ত চাকি—Flying saucer.

উড়া, *v.* Fly; soar:—*n.* flying; flight: —*a.* see উড়ো। উড়িয়া যাওয়া—Fly away; run fast; vanish; evaporate; escape detection.

উড়া-উড়া, উড়ো-উড়ো, *a.* Uncertain; unstable; superficially skipping; skimming.

উড়াজাহাজ—Same as উড়োজাহাজ।

উড়ানি, *n.* Stole; scarf.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উড়ানো, *v.* Fly (ঘুড়ি উড়ানো—fly a kite); winnow (as corn); dissipate; waste; squander (টাকা উড়ানো—squander or run through money.); attach no importance (to). উড়াইয়া দেওয়া—Let fly; let loose; waste. উড়িয়ে পুড়িয়ে দেওয়া—Dissipate; squander; run through one's fortune. ধুলা উড়ানো—Raise dust.

উড়িয়া, উড়ে, *n.* Inhabitant of Orissa; language of Orissa.

উড়ী, উড়ি, ওড়ী, *a.* Wild. উড়ী ধান—Wild rice.

উড়ু-উড়ু, *a.* About to take flight; flighty; ready to vanish; anxious; restless; impatient. উড়ু-উড়ু করা—Be restless; be distracted; be fidgety (মনটা উড়ু-উড়ু করা—be in a listless mood; be miles away in thought; be with the mind elsewhere). উড়ু-উড়ু হওয়া—Be ready to take flight.

উড়ুক্কু, উড়ুক্কা, *a.* Flying; winged; very restless or impatient. উড়ুক্কু মৎস্য—Flying fish.

উড়ুনি—Same as উড়ানি।

উড়ুনে, *a.* Extravagant.

উড়ুপ, উড়ুপ, *n.* Raft; float.

উড়ুম্বর, *n.* Wild fig-tree; wild fig; threshold of a house.

উড়ে—See উড়িয়া।

উড়ো, উড়া, *a.* Flying; stray; unfounded; unauthentic; anonymous. উড়ো খবর—Rumour; unfounded report; unconfirmed news.

উড়ো-উড়ো—See উড়া-উড়া। উড়ো-উড়ো শোনা—Hear a rumour.

উড়োচিঠি, *n.* Anonymous letter.

উড়োজাহাজ, *n.* Aeroplane; airship.

উড্ডয়ন, *n.* Flying; flight; soaring.

উড্ডীন, *a.* Flying up; moving in the air; on the wing.

উড্ডীয়মান, উড্ডয়মান, *a.* Flying in the air; soaring. উড্ডীয়মান মৎস্য—Flying fish.

উত্তর, উতোর, *n.* Reply; refutation of an argument; retort; counter-attack; repartee. উতোর গাওয়া—Give the right reply.

উতরাই, *n.* Descending path or slope (in a mountainous route); declivity.

উতরানো, উতরনো, ওতরানো, *v.* Get down; descend; cross over; get over; pull oneself through; shape; become successful; recover oneself; regain one's composure. উতরে যাওয়া, উতরাইয়া যাওয়া—Turn out fairly well; pass a test; make good.

উতরোল, *n.* Noise; uproar:—*a* anxious; restless.

উতল-পাতল—Same as উথল-পাথল।

উতলা, *a.* Anxious; impatient; agitated; distracted; excited; tense; tremulous (with emotion); impulsive; restless.

উতলানো—Same as উথলানো।

উৎক, *a.* Eager; anxious; abstracted; absent-minded.

উৎকট, *a.* Too strong; violent; unbearable; hard to do; vehement; excessive; acute; abnormal; difficult; wild (joy, uproar); perverted (taste); profound (thought); haggard; frightful (appearance); intense (desire). উৎকট ব্যাধি—A disease hard to cure; malignant disease.

উৎকণ্ঠ, *a.* Anxious; in grim suspense; eager; uneasy.

উৎকণ্ঠা, *n.* Anxiety; care; mental uneasiness; solicitude; misgiving; impatience; suspense.

উৎকণ্ঠিত, *a.* Anxious; uneasy; eager; impatient. উৎকণ্ঠিত থাকা—Be anxious; be on tenter-hooks.

উৎকর্ণ, *a.* With the ears pricked up;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

eagerly attentive. উৎকর্ণ হইয়া শুনা, উৎকর্ণ হওয়া—Listen attentively; be all ears.

উৎকর্ষ, *n.* Excellence; superiority; eminence; improvement; increase; excess.

উৎকর্ষসাধন, *n.* Act of improving; developing; ameliorating. উৎকর্ষ-সাধন করা—Ameliorate; improve.

উৎকর্ষণ, *n.* Attraction.

উৎকল, *prop. n.* Orissa.

উৎকলিকা, *n.* Wave; bud; anxiety; suspense; care.

উৎকলিত, *a.* Quoted; taken from; extracted from; anxious; wavy.

উৎকাশ, উৎকাস, *n.* Bronchitis; dry cough.

উৎকিরণ, *n.* Engraving.

উৎকীর্ণ, *a.* Engraved; inscribed; perforated; pierced; thrown up; scattered.

উৎকীর্ণলিপি, *n.* Inscription.

উৎকীর্তন, *n.* Announcement; proclamation; laudation; high praise; dissemination; propagation.

উৎকীর্তিত, *a.* Announced; made known; proclaimed; described; lauded; praised.

উৎকুণ, *n.* Louse.

উৎকূলিত, *a.* Thrown ashore; hauled up ashore; landed on the shore.

উৎকৃষ্ট, *a.* Excellent; best; good; superior; eminent.

উৎকৃষ্টতা, *n.* Excellence; eminence; superiority.

উৎকৃষ্টরূপে, *ad.* Well; excellently.

উৎকেন্দ্র, উৎকেন্দ্রীয়, *a.* Eccentric. উৎকেন্দ্র-চক্র—Eccentric wheel.

উৎকেন্দ্রতা, *n.* Eccentricity.

উৎকোচ, *n.* Bribe; gratification (*e. g.*, illegal gratification). উৎকোচ দেওয়া—Bribe; oil one's palms. উৎকোচ লওয়া—Receive a bribe.

উৎকোচক, *n.* Briber.

উৎকোচগ্রাহী, *n.* One who takes bribes.

উৎকোচদাতা, *n.* Briber.

উৎকোচদান, উৎকোচপ্রদান, *n.* Bribery.

উৎক্রম, *n.* Exception; abnormality; breaking of sequence; going or passing beyond; leap; bound; jump; deviation; reversal; death.

উৎক্রান্ত, *a.* Surpassed; transgressed; gone beyond; scaled over; reversed; dead.

উৎক্রান্তি, *n.* Ascension; rising; ascent; gradual rising; declivity; shooting forth; death.

উৎক্রোশ, *n.* Eagle; osprey; shout; exclamation.

উৎক্ষিপ্ত, *a.* Thrown up; tossed up; vomited; ejected; uprooted.

উৎক্ষেপ, উৎক্ষেপণ, *n.* Throwing upwards; tossing; toss; vomiting; upheaval. উৎক্ষেপ করা—Throw up.

উৎক্ষেপক, *a.* Throwing upwards:—*n.* thrower.

উৎক্ষেপণ—See উৎক্ষেপ।

উৎক্ষেপী পাম্প, *n.* Force pump.

উৎক্ষোভন, *n.* Provocation.

উৎখাত, *a.* Uprooted; eradicated; evicted; annihilated; destroyed; ruined:—*n.* act of digging up; eradication; ejection. উৎখাত করা—Eradicate; uproot; eject; evict; destroy. উৎখাতের মামলা—Ejectment suit.

উৎখাতকরণ, *n.* Eviction.

উৎখাতকেলি, *n.* Kind of play by cows, buffaloes, etc. by digging up earth with their horns.

উত্তপ্ত, *a.* Heated; hot (ক্রোধে উত্তপ্ত—hot with anger; flaming with rage); burnt; scorched; excited.

উত্তম, *a.* Good; best; excellent; superior; chief; first; fine:—*ad.* & *ind.* well; good.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উত্তমপুরুষ, *n.* First person.
উত্তম-মধ্যম, *n.* Thrashing; good beating; drubbing. উত্তম-মধ্যম দেওয়া —Give a sound beating; beat; thrash.
উত্তমর্ণ, *n.* Creditor; money-lender. *oppo.*—অধমর্ণ।
উত্তমা, *a. fem.* Same as উত্তম (*a.*):—*n.* excellent woman; handsome or pretty woman.
উত্তমাঙ্গ, *n.* Chief member of the body; principal part of the body; head; bust.
উত্তমাশা অন্তরীপ, *prop. n.* The Cape of Good Hope.
উত্তমোত্তম, *a.* Very best; most excellent.
উত্তর, *n.* Answer; rejoinder; retort; reply; solution; decision; north:—*a.* northern; succeeding; subsequent; superior; excellent; best; uncommon (*cf.* লোকোত্তর); last (*cf.* উত্তরকাণ্ড); after; more (*cf.* অষ্টোত্তর শত); higher; senior. উত্তর করা, উত্তর দেওয়া—Answer; reply. উত্তর কাটাকাটি করা—Bandy words. উত্তর বাস্তু কৃত্যক (সড়ক ও গৃহাদি)—Senior Service of Engineers (Roads and Buildings). উত্তর বাস্তু কৃত্যক (সেচন)—Senior Service of Engineers (Irrigation). উত্তর শিক্ষক কৃত্যক—Senior Educational Service.
উত্তর অয়নান্ত, *n.* Summer Solstice.
উত্তরকাল, *n.* Future time; coming age or ages.
উত্তরকালীন, *a.* Of the future; future; to come.
উত্তরকালে, *ad.* In future; subsequently.
উত্তরকেন্দ্র, *n.* North Pole.
উত্তরকোশল, *prop. n.* Ancient province of *Ayodhya*, north of the *Saraju*.
উত্তরক্রিয়া, *n.* Last rites; funeral obsequies.
উত্তরগামী, *a.* Going northwards.
উত্তরঙ্গ, *a.* Billowy; wavy.
উত্তরচ্ছদ, *n.* Bed-sheet; bed-cover; scarf; stole; upper garment.
উত্তরজীবিতা—See উদ্বর্তিতা।
উত্তরজীবী—See উদ্বর্তী।
উত্তরণ, *n.* Crossing or passing over; landing; arriving; alighting; descent; arrival.
উত্তরণ-স্থান, *n.* Landing place; landing ground; destination; meeting place; inn; tavern.
উত্তরণীয়, *a.* Passable; to be crossed.
উত্তরদাতা, *n.* Respondent in a discussion.
উত্তরদান, *n.* Replying; answering; retorting; legacy. উত্তরদান করা—Reply.
উত্তরদায়-অর্পক, *n.* Legator.
উত্তরদায়-গ্রাহক, *n.* Legatee.
উত্তরদিক্, *n.* North; northern quarter.
উত্তর-নাতিশীতোষ্ণ বলয়, উত্তর-নাতিশীতোষ্ণমণ্ডল, *n.* North Temperate Zone.
উত্তরপক্ষ, *n.* Conclusive reply to an argument; minor proposition in a syllogism.
উত্তরপত্র, *n.* Answer-paper.
উত্তরপদ, *n.* Last member of a compound word.
উত্তর-পশ্চিম, *a.* & *n.* North-west.
উত্তরপুরুষ, *n.* Posterity; successor; descendant.
উত্তর-পূর্ব, *a.* North-east.
উত্তর-প্রত্যুত্তর, *n.* Reply and counter-reply; altercation; bandying words. উত্তর-প্রত্যুত্তর করা—Altercate; dispute; bandy words.
উত্তরফল্গুনী, উত্তরফাল্গুনী, *n.* Twelfth lunar mansion; twelfth of the twenty-seven stars.
উত্তর-বঙ্গ রাজ্য পরিবহন সংঘ, *n.* North Bengal State Transport Corporation.
উত্তরবর্গ, *n.* Upper division.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উত্তরবর্তী, *a.* Northern; subsequent: —*n.* successor.
উত্তরবাদী, *n.* Defendant.
উত্তরবাহিনী, *a.* Flowing northwards.
উত্তর-বিচার, উত্তর-বিচারপ্রার্থনা, *n.* Appeal.
উত্তর-বিচার-অধিক্ষেত্র, *n.* Appellate jurisdiction.
উত্তর-বিচারকর্তা, *n.* Appellate authority.
উত্তর-বিচারপ্রার্থী, *n.* Appellant.
উত্তর-বিচারবিভাগ, *n.* Appellate side.
উত্তর-বিচারযোগ্য, *a.* Appealable.
উত্তর-বিচারালয়, *n.* Appellate Court.
উত্তরবেতন, *n.* Pension.
উত্তরব্রহ্ম, *n.* Upper Burma.
উত্তরভাদ্রপদ, *n.* Andromeda; twenty-sixth of the twenty-seven stars.
উত্তর-মীমাংসা, *n.* The *Vedanta* philosophy.
উত্তরমেরু, *n.* North Pole.
উত্তরমেরুবৃত্ত, *n.* Arctic Circle.
উত্তরযোগ্য, *a.* Fit for reply; answerable. উত্তরযোগ্য প্রশ্ন—Leading question.
উত্তররাশি, *n.* Consequent.
উত্তরসাক্ষী, *n.* Defence witness; one giving hearsay evidence.
উত্তরসাগর, *prop. n.* North Sea.
উত্তরসাধক, *a.* Auxiliary; helpful; assisting:—*n.* performer of a religious ceremony; assistant; friend; umpire; procurer. *fem.*—উত্তরসাধিকা।
উত্তরসূরি, *n.* Subsequent or later poets or savants. [Frigid Zone.
উত্তর-হিমমণ্ডল, *n.* Arctic Zone; North
উত্তরাধিকার, *n.* Right of succession; heirship; inheritance.
উত্তরাধিকার-পত্র, *n.* Succession Certificate.
উত্তরাধিকারসূত্রে, *ad.* As an hereditary right; by way of inheritence.
উত্তরাধিকারিতা, *n.* Heirship.
উত্তরাধিকারী, *n.* Heir; successor. *fem.*—উত্তরাধিকারিণী।
উত্তরাপথ, *n.* Northern India; Himalayan region of Garhwal, etc.
উত্তরায়ণ, *n.* Summer Solstice.
উত্তরায়ণান্তবৃত্ত, *n.* The Tropic of Cancer.
উত্তরার্ধ, *n.* Latter half; other half.
উত্তরাশা, *n.* Waiting for a reply; hope of receiving a reply; north.
উত্তরাষাঢ়া, *n.* Twenty-first of the lunar mansions; twenty-first of the twenty-seven stars.
উত্তরাস্য, *a.* Facing the north.
উত্তরীয়, উত্তরী, *n.* Scarf; loose upper or outer garment; stole.
উত্তরে, *ad.* In, on or to the north; in reply or response to:—*a.* north. উত্তরে বাতাস—North Wind.
উত্তরোত্তর, *ad.* Gradually; successively; more and more; by degrees; further and further.
উত্তল, *a.* Convex.
উত্তলতা, *n.* Convexity.
উত্তলদর্পণ, *n.* Convex mirror.
উত্তলন, *n.* Bumping.
উত্তললেন্স, *n.* Convex lens.
উত্তলাবতল, *n.* Concavo-convex.
উত্তান, *a.* Supine; lying on the back or with face upwards; concave.
উত্তানপাদ, *n.* Heels over head.
উত্তানশয়, উত্তানশায়ী, *a.* Lying on the back; supine.
উত্তাপ, *n.* Heat; warmth; ardour; zeal; excitement.
উত্তাপসহ, *a.* Heat-proof.
উত্তাপিত, *a.* Heated; warmed-up; excited; roused. উত্তাপিত করা—Make hot; excite.
উত্তাল, *a.* High; tall; great; roaring. উত্তাল তরঙ্গ—High wave; billows. উত্তাল বাঁক—Convex bending.
উত্তিষ্ঠত, *v.* Be up and doing; be ready for action.
উত্তিষ্ঠমান, *a.* Rising; getting up;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

getting ready; prosperous; flourishing.

উত্তীর্ণ, *a.* Crossed; got over; gone beyond; successful. উত্তীর্ণ হওয়া—Cross (মহাসমুদ্র উত্তীর্ণ হওয়া—cross the ocean); pass (পরীক্ষায় উত্তীর্ণ হওয়া—pass an examination); pass over; get over (বিপদ্ উত্তীর্ণ হওয়া—get over a difficulty or danger); pass away; elapse; appear (রণক্ষেত্রে উত্তীর্ণ হওয়া—appear in the battle-field); be up (সময় উত্তীর্ণ হইয়াছে—Time is up); arrive at; reach.

উত্তুঙ্গ, *a.* Very high; lofty; elevated; precipitous.

উত্তুরে, *a.* Coming from the north; northern.

উত্তেজক, *a.* Stimulant; exciting; instigating; animating; very strong; inciting. উত্তেজক কারণ—Stimulating cause. উত্তেজক পানীয়—Stimulating or alcoholic drink.

উত্তেজন, *n.* Stimulation; animation; excitation; inducement; instigation; incitement; goading; whetting.

উত্তেজনা, *n.* Excitement; incitement; sensation (চারিদিকে বেশ উত্তেজনা দেখা যাচ্ছে—There is a great sensation all around); encouragement; agitation; stimulation.

উত্তেজনাপদ, *a.* Encouraging; exciting; stimulating. উত্তেজনাপদ বাক্য—Exciting or encouraging word.

উত্তেজিত, *a.* Excited; goaded; encouraged; instigated; animated. উত্তেজিত করা—Excite; encourage; induce; stimulate; provoke; agitate. উত্তেজিত হওয়া—Be excited; be encouraged.

উত্তোলক, *a.* Lifting; elevating; raising up:—*n.* one who raises up or lifts.

উত্তোলক-যন্ত্র, *n.* Lever.

উত্তোলন, *n.* Raising; lifting up; erection. উত্তোলন করা—Raise; lift up; erect.

উত্তোলন-দণ্ড, *n.* Lever.

উত্তোলিত, *a.* Raised or lifted up; heaved; drawn up; elevated; erected; set up.

উত্ত্যক্ত, *a.* Vexed; disgusted; annoyed; teased; bothered. উত্ত্যক্ত করা—Tease; molest.

উৎত্রাসন, *n.* Intimidation.

উৎত্রাসিত, *a.* Intimidated. উৎত্রাসিত করা—Intimidate.

উত্থক, *n.* Proceeds (*e. g.*, sale proceeds).

উত্থান, *n.* Rising; getting up; elevation; prosperity; revolt; insurgence; rebellion; rise.

উত্থান-পতন, *n.* Rise and fall; increase and decrease; fluctuation; boom and slump.

উত্থানশক্তি, *n.* Strength to get up.

উত্থানশক্তিবিহীন, উত্থানশক্তিরহিত, উত্থানশক্তিহীন, *a.* Unable to get up; confined to bed; bed-ridden.

উত্থাপক, *n.* Proposer; questioner; mover.

উত্থাপন, *n.* Raising; lifting; moving (a proposal); proposing; introduction (as of a topic); substitution. উত্থাপন করা—Propose; raise (আপত্তি উত্থাপন করা—raise an objection. কোন কথা উত্থাপন করা—raise a question; make a proposal. প্রশ্ন উত্থাপন করা—raise a question); move (a motion or resolution).

উত্থাপনীয়, *a.* To be raised; to be moved; to be proposed; to be discussed.

উত্থাপিত, *a.* Proposed; moved; raised; elevated; set up.

উত্থিত, *a.* Got up; risen; high; exalted; increased; flourished; risen in rebellion. উত্থিত হওয়া—Rise; get up; crop up; occur.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উত্থিত—Same as উত্থান।

উৎপতন, *n.* Ascending; rising or going up; flying or leaping up.

উৎপতিত, *a.* Risen; ascended; flown; gone up in the air.

উৎপত্তি, *n.* Origin; birth; begetting (অনিষ্ট হইতে অনিষ্টের উৎপত্তি—evil begets evil); production; source; generation.

উৎপত্তি-মূল, *n.* Source of origin.

উৎপত্তিস্থল, উৎপত্তিস্থান, *n.* Source; source of origin.

উৎপথ, *n.* Bad way; evil course; wrong path; deviation.

উৎপথগামী, *a.* Gone astray; taking to mischief; off the track; errant; erratic; depraved.

উৎপদ্যমান, *a.* Sprouting; being produced or born.

উৎপন্ন, *a.* Produced; born; risen; grown up; sprung from:—*n.* produce. উৎপন্ন করা—Produce; grow. উৎপন্ন হওয়া—Grow; be born; rise; result.

উৎপন্নদ্রব্য, *n.* Produce; product. মোট উৎপন্নদ্রব্য—Output; total produce.

উৎপন্নবৃদ্ধি, উৎপন্নর্দ্ধি—Same as উপস্থিতবৃদ্ধি।

উৎপল, *n.* Water-lily; lotus; blue lotus.

উৎপল-চক্ষু, উৎপল-নয়ন, উৎপল-নেত্র, উৎপল-লোচন, *a.* Lotus-eyed.

উৎপলাক্ষ, *a.* Lotus-eyed. *fem.*—উৎপলাক্ষী।

উৎপাটক, *n.* One who uproots, extracts or eradicates; destroyer:—*a.* uprooting; extracting; eradicating; destroying.

উৎপাটন, *n.* Uprooting; extirpation; eradication; extraction; destruction. উৎপাটন করা—Uproot; extract; destroy; pluck (কেশ উৎপাটন করা—pluck one's hair).

উৎপাটনীয়, *a.* To be uprooted; eradicable; to be extracted; extractable.

উৎপাটিত, *a.* Uprooted; extirpated; eradicated; extracted.

উৎপাত, *n.* Disturbance; violence; oppression; outrage; natural calamity (as an earthquake). উৎপাত করা—Trouble; disturb; kick up a row; indulge in rowdyism; bully.

উৎপাদ, *n.* Product; yield; output; having feet upwards:—*a.* having heels overhead.

উৎপাদক, *a.* Productive; generative; causing; creating:—*n.* producer; manufacturer; generator; creator; factor. *fem.*—উৎপাদিকা।

উৎপাদন, *n.* Production; yield; manufacture; begetting; generating. উৎপাদন করা—Produce; yield; bring into existence; raise; beget; create; grow; generate.

উৎপাদন-ক্ষমতা, *n.* Productivity.

উৎপাদন-প্রেরণা, *n.* Incentive to production.

উৎপাদন-মন্ত্রক, *n.* Ministry of Production.

উৎপাদনী, *a.* Creative; generative; productive.

উৎপাদনীয়, উৎপাদ্য, *a.* Producible; to be grown.

উৎপাদয়িতা, *a.* That produces; productive:—*n.* producer; grower. *fem.*—উৎপাদয়িত্রী।

উৎপাদিকা-শক্তি, *n.* Productive power; fertility.

উৎপাদিত, *a.* Produced; generated; effected; begotten. উৎপাদিত বস্তু—Yield.

উৎপাদী, *a.* Productive; creative.

উৎপাদ্য—See উৎপাদনীয়।

উৎপাদ্যমান, *a.* Being produced.

উৎপিঞ্জর, *a.* Released or about to be released from a cage; freed from bondage.

উৎপিপাসু, *a.* Extremely thirsty; most anxious.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitization by eGangotri

উৎপীড়ক, *a.* Oppressive :—*n.* oppressor.

উৎপীড়ন, *n.* Oppression; violence; extortion; harassment. উৎপীড়ন করা —Oppress; harass; torture.

উৎপীড়িত, *a.* Oppressed; outraged; molested; tortured; harassed.

উৎপেতে, *a.* Wicked; vile; oppressive.

উৎপ্রেক্ষা, *n.* Figure of speech; hypothesis; supposition; surmise; indifference; carelessness; oversight; invention.

উৎপ্লব, উৎপ্লবন, *n.* Floating; swimming; raising; leap; jump.

উৎফুল্ল, *a.* Elated; cheerful; glad; merry; delighted; blown. উৎফুল্ল হওয়া—Be cheerful; exult; be elated.

উৎরাই—Same as উতরাই।

উৎরানো—Same as উতরানো।

উৎশোষণ, *n.* Evaporation.

উৎস, *n.* Fountain; spring; source.

উৎসকূপ, *n.* Artesian well.

উৎসঙ্গ, *n.* Lap; haunch; tableland.

উৎসন্ন, *a.* Destroyed; ruined; spoilt. উৎসন্ন করা—Destroy; ruin. উৎসন্ন যাওয়া, উৎসন্ন হওয়া—Be ruined; go to the dogs; go astray; be down and out. উৎসন্নে দেওয়া—Ruin; deprave.

উৎসব, *n.* Festival; festivities; rejoicing. উৎসব করা, উৎসব পালন করা —Hold a festival; indulge in merry-making.

উৎসবকৌতুক, *n.* Festivities; merry-making; amusements.

উৎসবময়, *a.* Full of festivities.

উৎসবমুখর, *a.* Gay and festive.

উৎসর্গ, উৎসর্জন, *n.* Dedication; relinquishment; offering; offering of an oblation; gift; donation. উৎসর্গ করা—Dedicate; offer as an oblation; sacrifice. জীবন উৎসর্গ করা—Sacrifice one's life; dedicate one's life. পুস্তক উৎসর্গ করা—Dedicate a book.

উৎসর্গপত্র, *n.* Dedication.

উৎসর্গীকৃত, *a.* Dedicated; offered; sacrificed.

উৎসাদন, *n.* Eradication; destruction; extirpation; uprooting.

উৎসাদনীয়, *a.* Eradicable; to be evicted; to be destroyed or uprooted.

উৎসাদিত, *a.* Eradicated; evicted; destroyed; uprooted.

উৎসার, *n.* Inflation.

উৎসারণ, *n.* Removal; transference; throwing upwards.

উৎসারণীয়, *a.* To be removed; to be thrown up; to be driven upwards.

উৎসারিত, *a.* Removed; transferred; driven upwards; thrown up.

উৎসাহ, *n.* Enthusiasm; energy; effort; determination. উৎসাহ দেওয়া —Encourage; cheer up; incite; buck up.

উৎসাহদাতা, উৎসাহক, *n.* Encourager; patron.

উৎসাহদায়ক, *a.* Encouraging.

উৎসাহন, উৎসাহদান, *n.* Encouragement; incitement; filling with enthusiasm.

উৎসাহনীয়, *a.* To be encouraged.

উৎসাহবর্ধন, *n.* Encouraging; cheering up; increase of energy. উৎসাহবর্ধন করা—Cheer up; encourage.

উৎসাহবৃদ্ধি, *n.* Increase of energy; increase of enthusiasm.

উৎসাহভঙ্গ, *n.* Loss of zeal; dejection; depression of spirit.

উৎসাহ-শক্তি, *n.* Firmness; perseverance.

উৎসাহশীল, উৎসাহান্বিত, *a.* Energetic; ardent; zealous; persevering.

উৎসাহশূন্য, উৎসাহহীন, *a.* Spiritless; dull; depressed; downcast; down in the mouth.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উৎসাহসম্পন্ন—Same as উৎসাহশীল।
উৎসাহহীন—See উৎসাহশূন্য।
উৎসাহান্বিত—See উৎসাহশীল।
উৎসাহিত, *a.* Encouraged; enthused; animated: stimulated.
উৎসাহিতা, *n.* Ardour; zeal; enthusiasm:—*a. fem.* encouraged.
উৎসাহী, *a.* Energetic; enthusiastic; zealous; persevering.
উৎসিক্ত, *a.* Besprinkled; moistened; proud; haughty.
উৎসুক, *a.* Eager; desirous; curious; longing for; anxious.
উৎসুকতা, *n.* Eagerness; desire; ardour.
উৎসৃষ্ট, *a.* Dedicated; presented; offered to a deity; forsaken; left; abandoned.
উৎসেক, উৎসেচন, *n.* Sprinkling or spouting of water; overflowing. উৎসেচন করা—Sprinkle; overflow.
উৎসেচন-ক্রিয়া, *n.* Fermentation.
উৎসেধ, *n.* Altitude; height; insolence; thickness; killing; slaughter.
উৎসেধাঙ্ক, *n.* Height-mark.
উথল, উথাল, *a.* Overflown; swollen:—*n.* overflowing; swelling up.
উথল-পাথল, *a.* Topsy-turvy; in disarray; at sixes and sevens.
উথলানো, উথলনো, ওথলানো, *v.* Swell up; boil over. উথলিয়া উঠা, উথলে উঠা—Swell up; boil over; increase; flow over; be rolling in. তার টাকা উথলে উঠেছে—He is rolling in wealth.
উথলিত, *a.* Swollen; flooded; inundated; overflowing.
উদক, উদ, *n.* Water.
উদকক্রিয়া, উদককর্ম, উদকদান, *n.* Offering of water to the manes; oblation.
উদকুম্ভ, *n.* Water-jar.
উদগাহ, *n.* Water-bath.
উদগ্র, *a.* Intense; fierce; strong; extreme (উদগ্র রাজনীতি); severe; keen; arrogant; haughty; pointing upwards; high; tall. উদগ্র মতাবলম্বী—Extremist. উদগ্র রাজনীতিক—Radical.
উদগ্রহ, *n.* Deliquescence.
উদঙ্মুখ, *a.* Facing north or upward.
উদচাপ, *n.* Hydrostatic pressure.
উদজ, *a.* Aquatic; water-born.
উদজান, *n.* Hydrogen.
উদজান-বোমা, *n.* Hydrogen bomb.
উদত্যাগ, *n.* Efflorescence.
উদধি, *n.* Ocean; sea.
গণতামূলক, *a.* Collusive.

গণতি, গুণতি—Same as গনতি, গুনতি।

গণৎকার, *n.* Astrologer.

গণদেব, *n.* Lord of hosts (an epithet of *Ganesha*).

গণদেবতা, *n.* Deities that belong to one or other of the several classes; public.

গণন, *n.* Account (see also গণনা).

গণন-করণিক, *n.* Accounts Clerk.

গণন-নিযুক্তক, *n.* Counting agent.

গণন-প্রণালী, *n.* Accounting procedure.

গণনা, গণন, *n.* Reckoning; calculating; counting; calculation; enumeration; accepting; divination; determination; prediction. গণনা করা—Count; compute; calculate; regard; foretell; predict. আমি তোমাকে শত্রুমধ্যে গণনা করি—I regard you as or take you to be my enemy.

গণনাকারী, *n.* Enumerator.

গণনাথ—See গণপতি।

গণনায়ক, *n.* Leader of the masses; god *Ganesha*.

গণনার্হ, *a.* Worthy of being reckoned; fit to be counted.

গণনীয়, *a.* Calculable; enumerable; acceptable; countable; to be considered; to be reckoned with.

গণপতি, গণনাথ, *prop. n.* God *Ganesha*; god *Shiva*.

গণপরিষদ, *n.* Constituent Assembly.

গণপুরুষ, *n.* Gangsman.

গণভোট, *n.* Plebiscite.

গণরাজ্য, *n.* Republic.

গণশক্তি, *n.* Power of the people; sovereignty of the people; united strength of the people; people collectively.

গণ-সংযোগ, *n.* Mass contact.

গণা—Same as গোনা। বিপদ গণা—Apprehend danger.

গণাগণি, *n.* Repeated counting; mutual calculation. গণাগণি করা—Count repeatedly; count mutually.

গণাগাঁথা—Same as গোনাগাঁথা।

গণাগোষ্ঠী, *n.* Whole family; all the members of a family.

গণাধিপ—Same as গণপতি।

গণাধ্যক্ষ, *n.* Company commander.

গণানো—Same as গনানো।

গণিকা, *n.* Prostitute; harlot.

গণিকাগৃহ, গণিকালয়, *n.* Brothel; bawdy house; prostitute house.

গণিত, *a.* Calculated; counted; computed; reckoned; enumerated; numbered; regarded; divined; foretold:—*n.* mathematics.

গণিতক, *n.* Accounts. গণিতক সমাপ্ত বা অবসিত হইল—Accounts closed.

গণিতক-বিদ্যা, *n.* Accountancy.

গণিতক-সমন্বয়ন, *n.* Adjustment of accounts.

গণিতজ্ঞ, *a.* Versed in mathematics:—*n.* mathematician.

গণিতজ্যোতিষ, *n.* Astronomy.

গণিতবিদ্যা—See গণিতশাস্ত্র।

গণিতবিষয়ক, *a.* Mathematical.

গণিতব্য—Same as গণনীয়।

গণিতশাস্ত্র, গণিতবিদ্যা, *n.* Science of mathematics; mathematics.

গণীভূত, *a.* Belonging to a genus or tribe or clan; generic; racial; included within the community; hereditary (as a disease); counted.

গণ্ড, *n.* Cheek; gland; swelling of

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

the gland; tumour; knot; mound; mass (as of rock or stone):—*a.* big; large.

গণ্ডক, *n.* Rhinoceros; rhino; obstacle; joint.

গণ্ডকী, *n.* *Gandaki* (a river in North India).

গণ্ডকীশিলা, *n.* One of the roundish pebbles found in the river *Gandaki* (regarded and worshipped as the emblem of *Vishnu*).

গণ্ডকূপ, *n.* Hollow or dimple in the cheek.

গণ্ডগুলে, *a.* Complicated; intricate; quarrelsome.

গণ্ডগোল, *n.* Tumult; noise; uproar; confusion; disorder; complication; quarrel. গণ্ডগোল করা—Make a noise; disorder.

গণ্ডগ্রাম, *n.* Large village; thickly populated village.

গণ্ডদেশ, *n.* Cheek.

গণ্ডমণ্ডল, *n.* Sphere of the cheek.

গণ্ডমালা, গলগণ্ড, *n.* Scrofula; mumps; goitre.

গণ্ডমূর্খ, *a.* Very stupid; most foolish; utterly ignorant or illiterate:—*n.* big fool; block-head; silly ass; egregious fool.

গণ্ডশিলা, *n.* Boulder; detached rock.

গণ্ডশৈল, *n.* Boulder; rock fallen from a height; mass of rock; volcanic rock; hillock; hill.

গণ্ডস্থল, গণ্ডস্থলী, *n.* Cheek.

গণ্ডা, *n.* Aggregate of four (used chiefly of *cowries*); collection of four things; four; due. আপন গণ্ডা, নিজের গণ্ডা—One's own dues; self-interest. গণ্ডায় এণ্ডা দেওয়া—Fish in troubled waters; concur wholly. গণ্ডা গণ্ডা, গণ্ডা গণ্ডা করিয়া, গণ্ডায় গণ্ডায়—By fours; in large numbers. নিজের বা আপন গণ্ডা বুঝা—Have an eye on one's interests; guard one's interests closely; make sure of one's own.

গণ্ডাকিয়া, গণ্ডাকে, *n.* Method of counting things by *gandas* or fours; table of *gandas*.

গণ্ডা-গণ্ডা, *a.* Countless; numerous.

গণ্ডার, *n.* Rhinoceros.

গণ্ডি, গণ্ডী, *n.* Circular line; limit; cordon. গণ্ডি দেওয়া—Draw a circular line on the ground; draw a cordon all round; encircle; fulfil a vow of approaching a shrine by measuring the distance with one's own body.

গণ্ডু, গণ্ডূ, *n.* Knot; joint; pillow.

গণ্ডূষ, *n.* Handful of water; sipping of a small quantity of water; tip of an elephant's trunk. কেঁচে গণ্ডূষ করা—see under কেঁচে। গণ্ডূষ করা—Sip and sprinkle a small quantity of water.

গণ্ডেপিণ্ডে, গাণ্ডেপিণ্ডে, *ad.* Up to the throat. গণ্ডেপিণ্ডে বা গাণ্ডেপিণ্ডে খাওয়া (বা গেলা)—Overeat oneself; gorge; eat one's fill; stuff oneself with food to the full.

গণ্‌তি—Same as গনতি, গুনতি।

গণ্য, *a.* Calculable; fit to be numbered; worth reckoning; worthy of consideration. গণ্য করা—Regard; take into account; consider; attach importance to.

গণ্যব্যক্তি, *n.* Person of consequence; man of substance.

গণ্যমান্য, *a.* Important and respectable.

গৎ, *n.* Musical tune or note; air; fixed form of instrumental music; set forms or method.

গত, *a.* Gone; past; departed; gone by; completed; last; dead; subsisting on; obtained (হস্তগত); lying (মনোগত):—*n.* past event or thing. একমাস গত হইল—It is a month since. গত হওয়া—Pass away;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

die. তিনি গত হইয়াছেন—He is dead and gone.

গতকল্য, *n.* & *ad.* Yesterday.

গতকাল, *n.* Past time; yesterday:—*ad.* yesterday.

গতক্লম, *a.* Refreshed.

গতচেতন, *a.* Senseless; insensible; unconscious; swooned; fainted.

গতজীব, গতজীবন, গতজীবিত, গতপ্রাণ, *a.* Dead; lifeless.

গতদিন, গতদিবস, *n.* Past or last day:—*ad.* yesterday.

গতনাসিক, *a.* Noseless.

গতনিদ্র, *a.* Sleepless; awakened; awake.

গতপরশ্ব, *ad.* Day before yesterday.

গতপ্রাণ—See গতজীব।

গতপ্রায়, *a.* Nearly gone; almost past.

গতবৎসর, গতবছর, *ad.* Last year.

গতব্যথ, *a.* Relieved of pain or affliction. [widow.

গতভর্তৃকা, *a. fem.* Widowed:—*n.*

গতযৌবন, *a.* Past one's youth; middle-aged; old. *fem.*=গতযৌবনা।

গতর, *n.* Body; bodily strength or exertion; physical ability. গতর খাটানো, গতর নাড়া—Work hard; undergo physical toil; spare no toil; exert oneself. গতর খাটিয়ে খাওয়া—Work hard for one's bread. গতর পোষা—Pamper oneself; nurse one's body and health; abstain from work; take too much care of one's body. গতর লাগা—Become round and plump. গতরের মাথা খাওয়া—Ruin one's health by indolence or inactivity.

গতরখেকো, *a.* Very lazy; ease-loving. *fem.*=গতরখাকী।

গতরজমা, গতরপোষা, *n.* Laziness; indolence:—*a.* lazy; idle; indolent.

গতরাত্রি, *n.* & *ad.* Last night.

গতশোক, *n.* Past sorrow:—*a.* no longer sad or sorrowful.

গতশোচনা, *n.* Grief for the past.

গতসঙ্গ, *a.* Devoid of attachment; not attached (to worldly pursuits); detached from or indifferent to worldly affairs; free from any ties.

গতস্পৃহ, *a.* Free from all desires; passionless; sated; indifferent; disinterested; apathetic.

গতাগত, গতাগতি, *n.* Going and coming; frequenting; repeated births and deaths; cycle of life.

গতানুগতিক, *a.* Hackneyed; conventional; traditional; customary; following a custom or tradition or an old example or precedent.

গতানুগতিকতা, *n.* State of being conventional; triteness; monotony.

গতানুগতিক-ন্যায়, *n.* Customary or traditional argument.

গতানুগতিক-ভাবে, *ad.* Following the beaten track.

গতানুশোচন, গতানুশোচনা, *n.* Lamenting or regretting the past. গতানুশোচনা করা—Mourn over or bewail the past; lament for the past; cry over spilt milk; repent.

গতানো—Same as গছানো।

গতায়াত, গতায়তি, *n.* Coming and going; communication. গতায়াত করা—Come and go.

গতায়ু, *a.* Dying; at the point of death; on the verge of death; whose span of life has ended; whose days are numbered.

গতার্তবা, *a. fem.* Past the age of menstruation; barren.

গতাসু, *a.* Deceased; dead. গতাসু হওয়া—Die.

গতি, *n.* Going; moving; passage; progress; march; procession; movement; motion; course; career; way; road; pace; means; expedient; refuge; resort; fate; destination; condition after death;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

beatitude; cremation; burial. অনুত্তমা গতি—Final beatitude; incomparable condition. আপাত গতি—Apparent motion. কাহারও গতি করা—Do something for one; get one settled in life; give one a chance. কৌণিক গতি—Angular motion. গতি করা—Find means for one; dispose of a thing; perform the funeral ceremony; cremate or bury a dead body. মড়ার গতি করা—Cremate or bury a dead body. [কয়েকটি বিশিষ্ট প্রয়োগঃ—তুমি ভিন্ন আর গতি নাই—I have none to fall back upon except you; I can turn only to you for help. পৃথিবীর আহ্নিক গতি—Diurnal motion (of the earth); rotation of the earth on its axis. পৃথিবীর বার্ষিক গতি—Annual motion of the earth; the revolution of the earth round the sun.]

গতিক, *n.* Means; stratagem; expedient; state; condition; circumstance; position; attitude; method; way; cause; necessity. কোন গতিকে—Somehow; by some means. (তোমার) গতিক কি?—What is the matter (with you)? What is (your) intention? গতিক ভালো বা সুবিধার নয় দেখে—Seeing troubles ahead.

গতিক্রিয়া, *n.* Procrastination; delay; movement.

গতিগণিত, *n.* Kinetics.

গতিদায়ী, *a.* That grants eternal emancipation; that gives spiritual salvation. *fem.*=গতিদায়িনী।

গতিবিজ্ঞান, *n.* Kinetics; dynamics.

গতিবিদ্যা, *n.* Dynamics; kinetics.

গতিবিধি, *n.* Movement; frequentation. গতিবিধি-নিয়ামক অফিস—Movement office. [detention.

গতিভঙ্গ, *n.* Stoppage of movement;

গতিরোধ, *n.* Arrest of motion; arrestation of movement in the midway. গতিরোধ করা—Stop or arrest motion; cause to stop in the midway. গতিরোধ হওয়া—Be stopped or arrested in motion.

গতিরোধক, *n.* Brake.

গতিশক্তি, *n.* Locomotive power; power of motion; kinetic energy.

গতিশক্তি-রহিত, *a.* Unable to move; helpless; destitute of locomotion.

গতিহীন, *a.* Motionless; stagnant; helpless; without resource; resourceless.

গতীয়, *a.* Dynamic; kinetic. গতীয় শক্তি—Kinetic energy.

গত্যন্তর, *n.* Any other course; another expedient; another remedy; alternative. গত্যন্তর না থাকা—Having no other resource left; be left without an alternative.

গত্যন্তরবিহীন, *a.* Without any other alternative or means.

গদ, *n.* Indigestion due to over-eating; disease; illness; poison; speech; word; musical note.

গদ-গদ—Same as গদ্‌গদ।

গদা, *n.* Mace; club; bludgeon.

গদাই-লশকরী, গদাই-লস্করী, *a.* Slow and tardy; slothful:—*n.* slow worker. গদাই-লশকরী চাল—Slow gait; indolent habit.

গদাঘাত, *n.* Blow with a club. গদাঘাত করা—Strike with a club; club.

গদাধর, গদাপাণি, *n. Krishna* or *Vishnu*:—*a.* holding a club.

গদাযুদ্ধ, *n.* Fight with clubs.

গদি, *n.* Mattress; cushion; seat; seat of business; mercantile office; throne. মহাজনের গদি—Merchant's seat of business; house of commercial transaction; trading house; firm.

গদিয়ান, *a.* Owning a firm; seated on a

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

cushion :—*n.* owner of a firm; banker; merchant; big trader.

গদ্‌গদ, *a.* Indistinct or convulsive (as an utterance); stammering; interrupted by sighs or sobs; raptured; fascinated; tranced; choked. ভাবে গদ্‌গদ—Choked with emotion; gushing; effusive.

গদ্‌গদকণ্ঠ, *n.* Voice choked with emotion :—*a.* having a choked voice.

গদ্‌গদকণ্ঠে, *ad.* In a voice choked with emotion; in a choked voice.

গদ্‌গদ-বাক্য, *n.* Speech interrupted by sobs.

গদ্‌গদ্‌ভাবে, *ad.* In a choked voice.

গদ্‌গদ্‌ভাষ, *n.* Speech in a choked voice.

গদ্‌গদভাষী, *a.* Speaking in a choked voice; speaking with emotion.

গদ্‌গদভাষে, *ad.* In a choked voice; in a voice choked with emotion.

গদ্‌গদস্বর, *n.* Choked voice.

গদ্‌গদস্বরে, *ad.* In a choked voice; in a tremulous voice.

গন্দি, *n.* Jest; joke; taunt; pleasantry. গন্দি করা—Play a prank.

গদ্য, *n.* Prose.

গদ্যকবিতা, *n.* Prose poem.

গদ্যগ্রন্থ, *n.* Prose work.

গদ্যচ্ছন্দ, *n.* Prose style; prose rhythm.

গদ্যপদ্য, *n.* Prose and poetry.

গদ্যময়, *a.* Prosaic.

গদ্যরচনা, *n.* Prose composition.

গদ্যলেখক, *n.* Prose-writer.

গনগন, *ind.* Word denoting *blazing* fire. গনগন করা—(of fire) Burn blazingly.

গনগনে, *a.* Blazing; very hot; burning. গনগনে আগুন—Blazing fire; livid flame.

গনৎকার, *n.* Astrologer; foreteller; palmist.

গনতি, গুনতি, *n.* Counting; enumeration; computation; calculation; reckoning. গনতি করা, গুনতি করা—Count.

গনা—Same as গোনা।

গনাগাঁথা—Same as গোনাগাঁথা।

গনাগোষ্ঠী, *n.* Whole family; all the members of a family.

গনানো, *v.* Get (something) counted; cause to be calculated; have one's fortune foretold; get something divined by another.

গন্তব্য, *a.* To which one is to go; capable of being travelled; approachable; attainable; knowable.

গন্তব্যপথ, *n.* Way one is to pass; one's way; course to be followed; destined route; place of destination.

গন্তব্যস্থল, গন্তব্যস্থান, *n.* Goal; destination.

গন্তুকাম, *a.* Ready to start; desirous of going.

গন্ধ, *n.* Scent; odour; smell; spices (গন্ধবণিক); perfume; fragrant thing; sandal-wood paste; relationship; connection; jot; atom; faint mention; trace (নামগন্ধ). গন্ধ ছড়ানো—Give out smell. গন্ধ টের পাওয়া—Smell out; feel the scent of. গন্ধ দেওয়া—Emit a smell of; smell of. গন্ধ পাওয়া—Get scent of. গন্ধ লওয়া, গন্ধ শোঁকা—Smell. গন্ধ হওয়া—Smell fetid; smell rancid; stink. গন্ধে গন্ধে—Following the clue of; getting the scent of.

গন্ধক, *n.* Sulphur; brimstone.

গন্ধককাঠি, গন্ধকাঠি, *n.* Crude sulphur match for lighting candles.

গন্ধকচূর্ণ, *n.* Gunpowder.

গন্ধকদ্রাবক, *n.* Sulphuric acid.

গন্ধকাম্ল, *n.* Sulphuric acid.

গন্ধকাষ্ঠ, *n.* Aloe-wood; sandal-wood.

গন্ধগোকুল, গন্ধগোকুলা, *n.* Civet-cat; pole-cat.

গন্ধজল, *n.* Scented water.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গন্ধতৈল, *n.* Scented oil; perfumed oil.
গন্ধদ্রব্য, *n.* Perfume; fragrant or aromatic substance; spices.
গন্ধনকুল, *n.* Musk-rat.
গন্ধপাষাণ, *n.* Brimstone.
গন্ধপুষ্প, *n.* Fragrant flower; flower with sandal paste to be offered to a deity.
গন্ধবণিক্, *n.* Dealer in perfumes; seller of drugs, spices and scents; druggist; *Hindu* caste dealing in spices.
গন্ধবল্কল, *n.* Cinnamon.
গন্ধবহ, গন্ধবাহ, *n.* Wind; air:—*a.* smelling; odorous; scented; odoriferous.
গন্ধবান্, গন্ধযুক্ত, *a.* Scented; perfumed; fragrant.
গন্ধবিরজা, *n.* Galbanum.
গন্ধবেনে, গন্ধবেণে—Same as গন্ধবণিক্।
গন্ধমার্জার, *n.* Civet-cat.
গন্ধমূষিক, *n.* Musk-rat. *fem.*=গন্ধমূষিকা।
গন্ধমৃগ, *n.* Musk-deer.
গন্ধযুক্ত—See গন্ধবান্।
গন্ধরস, *n.* Myrrh.
গন্ধরাজ, *n.* Gardenia.
গন্ধর্ব, *n.* Heavenly musician. মেরে গন্ধর্ব ছুটানো—Chase one with blows; flog a person within an inch of life; give a severe thrashing.
গন্ধর্ব-তৈল, *n.* Castor oil.
গন্ধর্ববিদ্যা, *n.* Art of music, singing and dancing.
গন্ধর্ববিবাহ, গান্ধর্ববিবাহ, *n.* Love-marriage; companionate marriage; kind of marriage without any formal ceremony.
গন্ধর্ববেদ, *n.* Science of music. [*vas.*
গন্ধর্বলোক, *n.* World of the *Gandhar-*
গন্ধালি, *n.* Marigold.
গন্ধসার, *n.* Sandal. [or odour.
গন্ধহীন, *a.* Scentless; without smell
গন্ধী, *a.* Having a sweet smell:—*n.* *Hindu* caste dealing in spices; flying bug.
গন্ধেন্দ্রিয়, *n.* Nose.
গন্ধোপজীবী, *n.* Trader of spices:—*a.* trading in spices.
গন্নাকাটা, *a.* Hare-lipped; nasal.
গপ্ করিয়া—With a gulp.
গপগপ, গবগব, *ind.* Word denoting *gulping* sound. গপগপ বা গবগব করিয়া খাওয়া—Gobble up; gulp.
গপাগপ, *ad.* With gulps; swiftly. সে গপাগপ খেতে লাগল—He began to eat with gulps.
গপ্প, *n.* Story; tale; gossip; idle prate; chit-chat. গপ্প করা—Tell a story; chit-chat.
গপ্পসপ্প, গপ্প-গাছা, *n.* Chit-chat. গপ্পসপ্প করা—Tattle; gossip.
গপ্পে, *a.* Given to chit-chat; talkative; loquacious; garrulous.
গবচন্দ্র, *n.* (in folk tales) Name of a stupid minister.
গবদা, *a.* Fatty; bulky.
গবয়, *n.* Wild ox; bison. *fem.*=গবয়ী।
গবা, *n.* Idiot:—*a.* foolish; stupid.
গবাকান্ত, গবারাম, গবচন্দ্র, গবুচন্দ্র, *a.* Foolish.
গবাক্ষ, *n.* Window; air-hole.
গবাটে, *a.* Silly; rather idiotic.
গবারাম—See গবাকান্ত।
গবী, *n.* Cow; speech; words.
গবুচন্দ্র—Same as গবচন্দ্র। গবুচন্দ্র মন্ত্রী—Foolish minister.
গবেষণা, গবেষণ, *n.* Research; experiment; inquiry; investigation; discussion. গবেষণা করা—Research; investigate; make an experiment.
গবেষিত, *a.* Researched into; investigated; experimented upon.
গব্য, *a.* Produced from a cow; fit or proper for a cow:—*n.* produce of a cow; milk-product.
গব্য-ঘৃত, *n.* Clarified butter made from cow's milk.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গব্যরস, *n.* Cow's milk.
গব্যোৎপাদন, *n.* Dairy farming.
গভর্নমেণ্ট, *n.* Government.
গভর্নর, *n.* Governor (of a state).
গভর্নর-জেনারেল, *n.* Governor-General.
গভীর, *a.* Deep; bottomless; unfathomable; profound; solemn; grave; inaccessible; difficult; steady; unperturbed; thick; dense; intricate; far-advanced. গভীর জলের মাছ—Deep-water fish; (*fig.*) very intelligent and reserved person. গভীর নিদ্রা—Sound sleep. গভীর রাত্রে—At the dead of night. গভীর শ্বসন—Deep breathing.
গভীরতা, গভীরত্ব, *n.* Depth; profundity; gravity; hollowness.
গভীরতা-মাপ, *n.* Sounding. [ing.
গভীরতামাপক, *a.* Sounding; fathom-
গভীরধ্বনি, গভীরনাদ, গভীররব, *n.* Deep or grave sound; grave tone.
গম্, *ind.* Word denoting the sound of *something heavy falling* or denoting *thud*:—*a.* same as গুম।
গম, *n.* Wheat.
গমক, *n.* Modulation of voice in singing.
গমগম, *ind.* Word denoting *reverberation* or *echo*. গমগম করা—Be agog; resound with deep sound; echo
গমগমে, *a.* Resounding; reverberating; glowing (as a fire).
গমন, *n.* Going; departure; movement; progress; march; motion; locomotion. গমন করা—Go; move; pass; depart; approach.
গমনচলন, *n.* Movement of locomotion.
গমনপথ, *n.* Entrance; passage.
গমনাগমন, *n.* Going and coming; frequenting. গমনাগমন করা—Go and come; frequent.
গমনার্হ, *a.* Passable.
গমনীয়, *a.* Accessible; open to passage; approachable.
গমনোদ্যত, গমনোন্মুখ, *a.* Ready to go; about to depart.
গমিত্র, *n.* Locomotive.
গম্‌গম্—Same as গমগম।
গম্‌গমে—Same as গমগমে।
গম্বুজ—See গুম্বজ।
গম্ভীর, *a.* Deep; profound; grave; solemn; sedate; serious.
গম্ভীরতা, গম্ভীরত্ব, গাম্ভীর্য, *n.* Depth; gravity; solemnity; profundity.
গম্ভীরধ্বনি, গম্ভীরনাদ, *n.* Deep sound; grave sound:—*a.* deep-sounding; sonorous. [ing; rumbling.
গম্ভীরনাদী, *a.* Deep-sounding; roar-
গম্ভীরপ্রকৃতি, গম্ভীরস্বভাব, *n.* Grave nature; gravity:—*a.* solemn; grave; serious.
গম্ভীরভাব, *n.* Gravity; seriousness; solemnity. [serious.
গম্ভীরভাবাপন্ন, *a.* Grave; solemn;
গম্ভীরস্বভাব—See গম্ভীরপ্রকৃতি।
গম্ভীরস্বর, *n.* Deep or grave voice:—*a.* deep-voiced; deep-toned.
গম্ভীরস্বরে, *ad.* Gravely; seriously.
গম্ভীরা, *n.* Inside of a temple; secret room; dark inner room; form of worshipping *Shiva*; kind of folk-song.
গম্ভীরাকৃতি, *a.* Grave-looking; of grave appearance; staid; grave; solemn; serious.
গমা—Same as গমনীয়।
গয়ংগচ্ছ, *n.* Loitering; hesitation; procrastination; shilly-shallying. গয়ংগচ্ছ করা—Hesitate; loiter; dilly-dally; shilly-shally; procrastinate.
গয়নাগাঁটি, *n.* Ornaments; jewellery.
গয়বী, *a.* Secret; fantastic; providential. গয়বী খুন—Secret murder. গয়বী চাল—Blind move (in a game of chess). গয়বী চিঠি—Anonymous letter.
গয়রহ, *ind.* And the rest; *et cetera*; and others.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গয়লা, *n.* Milkman.
গয়লানী, *n. fem.* Milkmaid.
গয়া, *prop. n. Gaya,* a famous place of pilgrimage. গয়া করা বা করে দেওয়া —Perform funeral rites at *Gaya;* finish; make an end of.
গয়াধাম, *n.* City of *Gaya.*
গয়ার, গয়ের, *n.* Phlegm; saliva; mucus from the larynx.
গয়ালী, *a.* Residing at *Gaya* :—*n.* Brahmin who serves at the temple of *Gaya.*
গয়াসুর, *n. Asura* or demon named *Gaya.*
গয়ের—See গয়ার।
গরকবুল, *n.* Denial.
গরকায়েম, গরকায়েমী, *a.* Not permanent; temporary.
গরগর, *ind.* Word denoting *anger, displeasure,* etc. গরগর করা—Fume; bubble; growl. রাগে গরগর করা—Fume with rage; rage; fret and fume.
গরগরে, *a.* Flushed with rage or fury; strong; overspiced.
গরজ, *n.* Interest; exigency; necessity. গরজ করা—Be up and doing; be active. গরজ বড় বালাই—See proverbs (App.). গরজে পড়া—Have the necessity.
গরজানি—Same as গর্জানি।
গরজানো—Same as গর্জানো।
গরজী, গরুজে, *a.* Self-interested; very selfish; self-seeking; urgent.
গরঠিকানা, *n.* Wrong address.
গরদ, *n.* Kind of silk cloth.
গরদা, গর্দা, *n.* Dust; filth; dirt. গরদা কাটা—Be freed from dirt.
গরপছন্দ, গরপসন্দ, *n.* Dislike; disapprobation.
গরব, *n.* Pride. গরব করা—Pride oneself on; boast of.
গরবনেদী, *n.* Man of unknown lineage.
গরবা, *n.* Kind of *Guzrati* dancing accompanied with songs.
গরবিনী, *a. fem.* Proud; arrogant; vain.
গরবিলি, *n.* Misdelivery; non-delivery.
গরবী, *a.* Proud; arrogant; haughty.
গরম, *n.* Heat; warmth; pride; hot temper; rise of prices :—*a.* hot; warm; passionate. গরম করা—Heat; warm. গরম হওয়া—Be heated; become excited; be offended. গরমের ছুটি—Summer vacation. টাকার গরম—Pride of wealth. বাজার গরম—Rise in market prices; prices are up. মাথা গরম করা —Lose one's temper. মেজাজ গরম করা—Show one's temper.
গরম-কথা, *n.* High words; arrogant remark.
গরম-কাপড়, *n.* Winter or warm clothing.
গরমকাল, *n.* Summer; hot weather.
গরম-খবর, *n.* Latest news.
গরম-গরম, গরমাগরম, *a.* Very hot; piping hot; (of news, etc.) fresh and exciting.
গরমজবুত, *a.* Weak; not strong.
গরম-দল, *n.* Extremist party. গরম-দলের লোক—Extremist.
গরম-মসলা, *n.* Fragrant spices; cardamom, cloves and cinnamon taken together.
গরম-মেজাজ, *n.* Hot or passionate temper :—*a.* hot-tempered; hot-headed; peevish.
গরমাগরম—See গরম-গরম।
গরমি, *n.* Heat; warmth; passion; conceit; pride; vanity; venereal disease. গরমির ব্যামো—Venereal disease.
গরমিল, *n.* Disparity; want of unison; disagreement; miscalculation.
গররাজী, *a.* Reluctant; unwilling; not consenting. গররাজী হওয়া—Be

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

unwilling; be reluctant; disagree; dissent.

গরল, *n.* Poison; venom.

গর-লায়েক, *a.* Incompetent; unfit. গর-লায়েক জমি—Land unfit for cultivation.

গরহাজির, *a.* Absent; not present. গরহাজির থাকা—Absent oneself. গরহাজিরের তালিকা (অনুপস্থিতের তালিকা)—Absentee list.

গরহাজিরি, *n.* Absence.

গরাদে, *n.* Grating; rail; pale; bar (as of a window).

গরান, *n.* Mangrove.

গরাস, *n.* Morsel; mouthful.

গরিব, গরীব, *a.* Poor; indigent; destitute; needy; humble.

গরিবখানা, *n.* Poor-house; workhouse; alms-house.

গরিবানা, গরিবী, *a.* Fit for the poor; poorly; humble:—*n.* poor manners; poverty. গরিবানা চাল—Modest style; unassuming conduct; humility.

গরিবানাভাবে, *ad.* Poorly; in a humble manner.

গরিমা, *n.* Glory; importance; greatness; majesty; boast; pride; vanity; arrogance; heaviness; weight.

গরিলা, *n.* Gorilla; guerilla.

গরিলা-যুদ্ধ, *n.* Guerilla warfare.

গরিলা-যোদ্ধা, *n.* Guerilla.

গরিষ্ঠ, *a.* Most important; most respectable; richest; greatest; largest; heaviest. গরিষ্ঠ থার্মমিটার—Maximum thermometer. গরিষ্ঠ সম্প্রদায়—Majority community. গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক—Greatest Common Measure.

গরীব—See গরিব।

গরীবখানা—Same as গরিবখানা।

গরীবানা, গরীবী—Same as গরিবানা, গরিবী।

গরীবানাভাবে—Same as গরিবানাভাবে।

গরীয়সী, *a. fem.* Superior; higher; highly venerable; greater.

গরীয়ান্, *a.* Superior; higher; greater; highly venerable; most adorable; heavier; weightier; more important; glorious.

গরু, গোরু, *n.* Cow; ox; bullock; simpleton; blockhead. গরুর গাড়ি—Bullock-cart. গরুর গাড়ির গাড়োয়ান—Carter. গরুর গাড়ির ভাড়া—Cartage. গরুর পাল—Herd of cattle.

গরুখোর, *n.* Beef-eater.

গরুচোর, *n.* Cow-stealer.

গরুজে—See গরজী।

গরুৎ, *n.* Wing; feather.

গরুত্মতী, *n. fem* She-bird:—*a.* winged; feathered; having sails. গরুত্মতী তরী—Sail-boat.

গরুত্মান্, *a.* Winged; feathered:—*n.* bird; *Garuda* (sacred bird of *Vishnu*).

গর্গর, *n.* Whirlpool.

গর্গরী, *n.* Churn; jar; pitcher.

গর্জক, *a.* Roaring; bellowing; thundering.

গর্জন, *n.* Roar; roaring; bellowing; thundering; thunder; fury; hissing (of a snake). গর্জন করা—Roar; rumble; howl; thunder; bellow.

গর্জনতৈল, *n.* Oil used in paints and varnishes.

গর্জমান, *a.* Roaring; rumbling; howling.

গর্জর, *n.* Carrot.

গর্জানি, *n.* Howling; roaring; thundering.

গর্জানো, *v.* Roar; howl; bellow; thunder; rumble.

গর্জিত, *a.* Growled; howled; sounded; bellowed:—*n.* roar; howl; rumbling sound (as of thunder).

গর্ত, *n.* Hole; cavity; pit; cave; burrow. গর্ত করা—Make a hollow; dig a hole. গর্ত বুজানো, গর্ত ভরাট

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করা—Fill a ditch; fill one's belly; anyhow to appease one's hunger.

গর্তকারী, গর্তবাসী, *a.* Burrowing.

গর্দভ, *n.* Ass; fool; idiot.

গর্দভী, *n. fem.* She-ass.

গর্দা—See গরদা।

গর্দান, *n.* Neck; shoulder; head. গর্দান দেওয়া—Sacrifice one's own head. গর্দান যাওয়া—Be beheaded; be sentenced to death. গর্দান লওয়া—Behead; kill; decapitate.

গর্দানা, *n.* Neck of an animal.

গর্দানি, *n.* Necking; collaring; pushing by the neck. গর্দানি দেওয়া—Push by the neck; collar out.

গর্ব, *n.* Pride; arrogance; vanity; conceit; boasting. গর্ব করা—Pride (in); boast. গর্ব খর্ব করা—See under খর্ব।

গর্বশূন্য, *a.* Free from pride; unpretentious.

গর্বিত, *a.* Proud; arrogant; haughty; vain; conceited; vain-glorious.

গর্বী, *a.* Proud; conceited; vain-glorious; arrogant.

গর্বোজ্জ্বল, *a.* Brightened with glory; glorified. [haughty; arrogant.

গর্বোদ্ধত, *a.* Puffed with pride;

গর্ভ, *n.* Pregnancy; womb; embryo; foetus; inside; interiors; bed. গর্ভ হওয়া—Be with child; become pregnant.

গর্ভকাল, *n.* Gestation period.

গর্ভকেশর, *n.* Pistil (of a flower). গর্ভকেশরের অগ্রভাগ—Stigma.

গর্ভকেশর-মঞ্জরী, *n.* Female cone or strobilus. [vessel; ovary.

গর্ভকোষ, *n.* Uterus; capsule; seed-

গর্ভগৃহ, *n.* Lying-in room; inner apartment.

গর্ভগ্রহণ, *n.* Conception; impregnation. গর্ভগ্রহণ করা—Conceive.

গর্ভচ্যুত, *a.* Dropped from the womb; miscarried.

গর্ভচ্যুতি, *n.* Miscarriage.

গর্ভজ, গর্ভজাত, *a.* Born of the womb. দ্বিতীয় পত্নীর গর্ভজাত সন্তানগণ—Children by one's second wife.

গর্ভতন্তু, গর্ভদণ্ড, *n.* Style.

গর্ভদাস, *n.* Son of a slave woman.

গর্ভদোহদ, *n.* Desires of a pregnant woman.

গর্ভধারণ, *n.* Conception; gestation; impregnation. গর্ভধারণ করা—Conceive; be with child; become pregnant.

গর্ভধারিণী, *n.* Mother.

গর্ভনাড়ী, *n.* Umbilical cord.

গর্ভনাশ—See গর্ভপাত।

গর্ভনিঃসৃত, *a.* Come out from the womb.

গর্ভপত্র, *n.* Carpel.

গর্ভপরিস্রব, *n.* Placenta.

গর্ভপাত, গর্ভনাশ, *n.* Abortion; miscarriage; worthless fellow. গর্ভপাত করা—Cause abortion. গর্ভপাত হওয়া—Miscarry; abort.

গর্ভপাদ, *a.* Hypogynous.

গর্ভফুল, *n.* Placenta.

গর্ভবতী, *a.* Pregnant; in the family way. গর্ভবতী হওয়া—Be pregnant; be in the family way. (কুকুরীর) গর্ভবতী হওয়া—Be in pup. (গাভীর) গর্ভবতী হওয়া—Be in calf. (নারীর) গর্ভবতী হওয়া—Be quick with child; be (big) with child; be in the family way.

গর্ভবাস, *n.* Living in mother's womb. গর্ভবাস করা—Be in one's mother's womb.

গর্ভবেদনা, *n.* Labour pain.

গর্ভমুণ্ড, *n.* Stigma.

গর্ভমোচন, *n.* Delivery of a child; miscarriage; abortion. গর্ভমোচন করা—Miscarry; be delivered of a child.

গর্ভযন্ত্র, *n.* Egg apparatus.

গর্ভযন্ত্রণা, গর্ভযাতনা, *n.* Labour pain;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

pains of childbirth; travail; unbearable pain.

গর্ভলক্ষণ, *n.* Signs of pregnancy.

গর্ভশয্যা, *n.* Ovary; uterus.

গর্ভশীর্ষ, *a.* Epigynous.

গর্ভসংক্রমণ, *n.* Conception.

গর্ভসঞ্চার, *n.* Conception; impregnation. গর্ভসঞ্চার হওয়া—Be with child; become pregnant.

গর্ভস্থ, *a.* Lying in the womb or uterus. গর্ভস্থ শিশুসন্তান—Child in the womb; unborn child.

গর্ভস্থলী, *n.* Womb; uterus.

গর্ভস্রাব, *n.* Abortion; miscarriage; bastard; freak; monstrosity. গর্ভস্রাব করানো—Cause abortion. গর্ভস্রাব হওয়া—Miscarry.

গর্ভাগার—Same as গর্ভগৃহ।

গর্ভাঙ্ক, *n.* Scene in a drama.

গর্ভাধান, *n.* Ceremony of second marriage after the first menstruation; impregnation; fertilization.

গর্ভাশয়, *n.* Uterus; ovary; womb.

গর্ভাশয়প্রদাহ, *n.* Ovaritis.

গর্ভিণী, *a. fem.* Pregnant; with child.

গর্ভিত, *a.* Impregnated; pregnant.

গর্ভিতবাক্য, *n.* Subordinate clause; pregnant sentence.

গর্ভোৎপত্তি, *n.* Conception; conceiving.

গর্ভোৎপাদন, *n.* Causing impregnation; getting one with child.

গর্ভোৎস, *n.* Deep-seated spring.

গর্ভোপঘাত, *n.* Causing an abortion.

গর্মি—Same as গরমি।

গর্হণ, গর্হণা, গর্হা, *n.* Blame; censure; reproach; reproof.

গর্হণীয়, গর্হ্য, *a.* Blamable; condemnable; censurable: vile; bad; contemptible; abominable.

গর্হা—See গর্হণ।

গর্হিত, *a.* Abominable; vile; contemptible; bad; wrong; improper; hated; censured; reviled; reproached; forbidden. গর্হিত কার্য—Reprehensible conduct; contemptible deed.

গর্হ্য—See গর্হণীয়।

গল, *n.* Neck; throat.

গল-কম্বল, *n.* (Bull's) dewlap.

গলগণ্ড, *n.* Goitre; bronchocele; scrofula.

গলগল, *ind.* Onomatopoetic word denoting the sound of *liquids flowing profusely.* গলগল করিয়া—Gurgling; flowing noisily; glibly; by gulps. গলগল করিয়া গেলা—Gulp down. গলগল করিয়া বকা—Talk glibly.

গলগ্রহ, *n.* Burden upon one's shoulders; hanger-on; parasite; throttling; strangling.

গলৎ, *a.* Oozing; trickling; falling; dropping.

গলৎকুষ্ঠ, *n.* Leprosy; psoriasis; ulcerous leprosy.

গলতি, *n.* Defect; fault; error; shortcoming; deficiency; omission; melting; fusion; melting (of metals); leakage:—*a.* defective; missing.

গলদ, *n.* Defect; fault; mistake; error. গলদ থাকা—Be faulty; be erroneous.

গলদশ্রু, *a.* With tears trickling down.

গলদশ্রুলোচনে, *ad.* With tearful eyes.

গলদা-চিংড়ি, গলদা-চিঙ্‌ড়ি, গলদা-চিঙ্গড়ি, *n.* Lobster.

গলদাহ, *n.* Sore-throat.

গলদেশ, *n.* Neck; throat. গলদেশে ধরা—Seize (one) by the neck; collar. গলদেশে হস্তপ্রদান করা—Take (one) by the scruff of the neck; turn (one) out by seizing the neck; collar.

গলদ্‌ঘর্ম, *a.* Copiously perspiring; weltering in sweat:—*n.* profuse perspiration; excessive labour. গলদ্‌ঘর্ম হওয়া—Welter in sweat; perspire copiously.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গলদ্‌ঘর্ম-কলেবর—Same as গলদ্‌ঘর্ম (*a.*).

গলদ্‌ঘর্ম-কলেবরে, *ad.* Soaking with perspiration; with the body sweating all over.

গলন, *n.* Melting; liquefaction; fusion; leakage; flowing; dissolving.

গলনাঙ্ক, *n.* Melting point.

গলনালী, *n.* Gullet; larynx; windpipe. [able.

গলনীয়, *a.* Soluble; fusible; dissolv-

গলবস্ত্র, *a.* Wearing a piece of cloth round the neck (as a mark of humility); showing humility:—*n.* piece of cloth worn round the neck (as in making obeisance or as a mark of humility).

গলব্রণ, *n.* Sore-throat; diphtheria.

গলভঙ্গ, *n.* Hoarseness or roughness of voice; huskiness.

গলরজ্জু, *n.* Halter.

গলরন্ধ্র, *n.* Larynx.

গলরসগ্রন্থি, *n.* Adenoids.

গললগ্ন, *a.* Clasped to the neck; clung to one's neck; suspended from the neck; sticking in the throat.

গললগ্নীকৃত, *a.* Clasped to the neck.

গললগ্নীকৃতবাস—Same as গলবস্ত্র (*a.*).

গললগ্নীকৃতবাসে, *ad.* With a piece of cloth worn round the neck; in all humility.

গলস্তন, *n.* Long wart that hangs from the neck of a goat.

গলহস্ত, *n.* Throttling; collaring (of a person):—*a.* having the neck held by the hand.

গলা, *n.* Neck; throat; voice; strength of voice. এক গলা, গলা পর্যন্ত—Up to the throat (as water); throat-deep. এক গলা জল—Throat-deep water; water reaching up to the throat. গলা চাপা—Lower the voice; restrain one's voice; throttle. গলা ছাড়া—Elewate the tone; raise one's voice. গলা টিপিয়া মারা—Kill (one) by strangling; throttle (one) to death. গলা টেপা—Throttle; strangle; choke. গলা ধরা, গলা ভাঙ্গা—Be affected with hoarseness. গলায় দড়ি—Hanging (oneself) by a rope; be thou hanged! গলায় দড়ি দেওয়া—Hang (oneself) by the neck; commit suicide by hanging. গলায় পড়া—Be a burden; be a dependant. গলার কাঁটা—(*fig.*) Bothersome burden. গলার ঘা—Sore-throat. গলার থলি (পাখির)—Crop. গলার ব্যথা—Quinsy. চেঁচাইয়া গলা ভাঙ্গা—Cry oneself hoarse. তাহার গলা ভাঙ্গিয়াছে—He has a sore-throat; he is suffering from hoarseness.

গলা, *v.* Melt; dissolve; fuse; burst (as an abscess); go through:—*a.* melted; dissolved.

গলাকাটা, *a.* Acting like a cut-throat; swindling:—*n.* swindler; cut-throat.

গলা-খাঁকারি, *n.* Clearing of the throat by coughing; hawking. গলা-খাঁকারি দেওয়া—Clear the throat; hawk.

গলা-খুস্কি, *n.* Trickling or wheezing in the throat. [ripe.

গলা-গলা, *a.* Nearly melted; over-

গলাগলি, *n.* Inseparable companionship: intimate friendship; clinging to each other; hugging; necking:—*a.* intimate. গলাগলি করা—Be intimate with; hug. তাহাদের গলাগলি ভাব—They are very thick with each other; they are hand and glove with each other; they are very intimate.

গলা-চাপা, *a.* Choking; strangling; so tall as to reach another's neck. গলা-চাপা রোগ—Nightmare.

গলাটিপি, *n.* Throttling; strangling. গলাটিপি দেওয়া—Throttle.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গলাধরা, *n.* Seizing one by the throat; hoarseness or roughness of voice; tickling in the throat:—*a.* hoarse; choking.

গলাধঃকরণ, *n.* Swallowing; gulping. গলাধঃকরণ করা—Swallow; drink; gulp; eat greedily; endure; brook.

গলাধাক্কা, *n.* Collaring; pushing by the neck; necking. গলাধাক্কা দেওয়া—Collar and push one out; turn out by collaring; turn out neck and crop.

গলানো, *v.* Melt; dissolve; fuse; liquefy; cause to melt; cause to pass through an opening; force through:—*a.* melted.

গলাবন্ধ, *n.* Neck-tie; comforter; muffler.

গলাবসা—See গলাভাঙ্গা।

গলাবাজ (প্রচণ্ড বক্তা, উত্তেজক বক্তা), *n.* Haranguer.

গলাবাজি, *n.* Loud outcry; harangue; vociferation; blustering; hectoring. গলাবাজি করা—Vociferate; harangue; talk big; make an outcry; bluster; hector. গলাবাজি করে জেতা—Shout down others.

গলাভাঙ্গা, গলাবসা, *a.* Hoarse; husky; broken-necked:—*n.* hoarseness; aphonia.

গলায়-গলায়, *a.* Intimate:—*ad.* neck to neck; intimately.

গলাসী, *n.* Neck-rope of an animal; tie round the neck of anything; neck-tie; noose. গলাসী গিরা, গলাসী গাঁইট—Slip-knot. গলাসী গিরা দেওয়া—Tie a slip-knot round the neck of anything. [sage.

গলি, *n.* Lane; alley; narrow pas-

গলি-ঘুঁজি, *n.* Nook and corner; lanes and by-lanes.

গলিজ, *a.* Filthy; dirty; rotten.

গলিত, *a.* Dissolved; fused; rotten; decomposed; liquefied; decrepit; molten; decayed; dropped; fallen; untied.

গলিতকুষ্ঠ—Same as গলৎকুষ্ঠ।

গলিতদন্ত, *a.* Toothless.

গলিতনখদন্ত, *a.* Having nails and teeth fallen off.

গলুই, *n.* Prow of a vessel; forepart of a boat; stern. আগা গলুই—Prow (of a vessel). পাছা গলুই—Stern (of a vessel).

গল্প, গপ্প, *n.* Story; tale; fable; gossip; chit-chat. গল্প করা—Tell a story; gossip; speak of. গল্প পড়া—Read a story. গল্প ফাঁদা—Spin a yarn or a story. গল্প বলা—Tell a story; gossip. গল্প শোনা—Hear a tale.

গল্পগুজব, গল্পগাছা, *n.* Chit-chat; tittle-tattle. গল্পগুজব করা—Gossip; chat.

গল্পপ্রিয়, *a.* Fond of stories; fond of gossiping; garrulous; talkative; loquacious.

গল্পপ্রিয়তা, *n.* Fondness for stories; garrulity; loquacity; talkativeness.

গল্প-বলিয়ে, *n.* Tale-teller.

গল্পবাজ, *n.* Idle talker; great gossiper:—*a.* fond of chit-chat or gossip. সে অত্যন্ত গল্পবাজ—He is very gossipy.

গল্প-সল্প—Same as গল্পগুজব। গল্প-সল্প করা—Chit-chat; have a pleasant talk; talk familiarly.

গল্পে, *a.* Gossiping; garrulous; talkative; chatty.

গল্লা, *n.* Sheaf; wisp.

গল্লা-চিংড়ি, *n.* Lobster.

গসগস, *ind.* Word denoting *rage*. (রাগে) গসগস করা—Smoulder with rage; boil with anger.

গসগসে, *a.* Fuming; hot; feverish.

গ. সা. গু.—H. C. F.; G. C. M.

গস্ত, *n.* Walking about; going about for purchasing articles. গস্ত করা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

—Go about purchasing articles; shop.

গস্তানী, *a. fem.* Whorish; licentious: —*n.* whore; strumpet.

গস্তিদার, *n.* Purchaser; buyer; trader.

গহন, *a.* Impassable; impervious; impenetrable; dense; not easily accessible; thick; difficult; hard; —*n.* forest; woods; thicket; cave; pain; distress.

গহনা, *n.* Ornament; jewel; trinket; journey by water. গহনার নৌকা—Boat carrying stray passengers; passenger-boat; stage-boat.

গহনাগাঁটি, গহনাপত্র, *n.* Ornaments and other valuables; jewellery.

গহ্বরি, গহরী, *n.* Delay; procrastination. গহ্বরি ভাড়া—Demurrage.

গহীন, *a.* Deep; profound; dense. গহীন রাতে—At dead of the night.

গহ্বর, *n.* Cave; hole; deep valley; ravine; defile; bower; arbour; cavity; lacuna.

গা, *n.* Body; surface; inclination; interest; ardour; third note of a musical scale. কেবল গায়ের জোরে—By sheer physical force. গা এলিয়ে দেওয়া—Show no eagerness; be careless. গা করা, গা দেওয়া—Be serious (about something); take interest; pay heed to; set about with zeal. গা করিয়া—With interest or energy; with ardour; zealously; earnestly. গা কাঁপা—Quake; shudder in fear; shiver; tremble. গা কেমন করা, গা কেমন কেমন করা—Have nausea; feel indisposed; be afraid. গা খসা—Be delivered of a dead child; cast the foetus; miscarry. গা গরম হওয়া—Be hot (as with fever); have temperature. গা গুলানো—See under গুলানো। গা ঘামা—Perspire. গা ঘামানো—Exert oneself; work earnestly; sweat and drudge; labour hard. গা ঘেঁষা—Try to be intimate with. গা জুড়ানো—Be relieved; feel relief. গা জ্বালা করা—Feel a burning sensation in the body; have heart-burning; feel disgusted. গা ঝাড়া দেওয়া—Shake or move the body; shake oneself. গা ঝিমঝিম করা—Feel dizzy. গা ঢাকা দেওয়া—Abscond; make oneself scarce; go underground; lie in hiding. গা ঢালিয়া দেওয়া—Lie down; join wholeheartedly. গা তোলা—Get up; rise. গা দেওয়া—Give heed to; need; pay attention to. গা নাড়া—Exert oneself; make an effort. গা পাতা—Bear; tolerate. গা পাতিয়া লওয়া—Tolerate ungrudgingly; pocket up. গা ফুলানো—Swell with pride; swagger. গা বমিবমি করা (ন্যাকার করা)—Have nausea; be sick. গা মোড়া দেওয়া—Stretch the body. গা ম্যাজম্যাজ (বা মাটি-মাটি) করা—Feel out of sorts or indisposed; be in the dumps; feel dull or dispirited; be off colour. গায়ে কাঁটা দেওয়া—Horripilate; thrill (আমার গায়ে কাঁটা দিয়া উঠিল—A shiver ran through me; my hair stood on end). গায়ে গায়ে—Side by side; closely. গায়ে গায়ে শোধ দেওয়া—Mean not to repay. গায়ে থুতু দেওয়া—(*fig.*) Detest extremely. গায়ে দেওয়া—Put on. গায়ে না সওয়া—Be not used to something. গায়ে পড়ে আলাপ করা—Thrust oneself upon; curry favour with; scrape acquaintance with. গায়ে পড়ে ঝগড়া করা—Pick a quarrel. গায়ে ফুঁ দিয়া—Freely; lightly; at ease; without any risk. গায়ে ফোসকা পড়া—(*fig.*) Fret with malice; be oversensitive. গায়ে মাংস লাগা—Gain flesh. গায়ে মাখা—Pay heed to; attend to; care for; take seriously; mind. গায়ের চামড়া তোলা—Take the skin off; flay. গায়ের জোর—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Physical strength. গায়ের জ্বালা—Burning sensation of the body; jealousy. গায়ের ঝাল ঝাড়া—Vent one's spleen. গায়ে লাগা—Be touched to the quick; be wounded in one's feelings; be hurt or wounded on the body. গায়ে হাত তোলা—Beat; lay hands on. গায়ে হাত বুলানো—Fondle; caress; stroke gently; court; flatter. গা লাগা—Feel interested or inclined; set about with energy.

গা, গো, *ind.* Oh; Ho! What. [কয়েকটি বিশিষ্ট প্রয়োগঃ—সে কি গো—What do you mean? How is it! হাঁ গো খাবে গা—I say, will you eat?]

গাই, গাই-গরু, *n.* Cow. গাই দোহা—Milk a cow. দোহা গাই—Milch cow.

গাইয়ে, গাইয়া—Same as গায়েন।

গাইয়ে-বাজিয়ে, *n.* Musician:—*a.* adept in music.

গাউন, *n.* Gown.

গাওন, *n.* Singing.

গাওনা, *n.* Vocal music; performance of vocal music.

গাওনা-বাজনা—Same as গানবাজনা।

গাওয়া, *a.* Same as গব্য।

গাওয়া, *v.* Sing; chant.

গাওয়ানো, *v.* Make one sing; make one call forth a tune.

গাং, গাঙ্গ, *n.* River; canal.

গাংচিল, *n.* Sea-gull.

গাংদাড়া, *n.* Bill-fish.

গাংফড়িঙ্, গঙ্গাফড়িং, *n.* Grasshopper.

গাঁ, *n.* Village; hamlet; loud groan; bellowing (of cows).

গাঁইগুঁই, *n.* Hesitation. গাঁইগুঁই করা—Hesitate; mince; mumble; falter.

গাঁইট—Same as গাঁট।

গাঁ-গাঁ, গাঁক-গাঁক, *n.* Roaring or bellowing sound; cry of a bull. গাঁ-গাঁ করা, গাঁক-গাঁক করা—Low; bellow.

গাঁ-গাঁ-শব্দকারী, *a.* Bellowing.

গাঁজ, *n.* Foam; froth; fermentation; [yeast.

গাঁজন, *n.* Fermentation; foaming; frothing.

গাঁজলা, *a.* Frothy; covered with foam:—*n.* froth; foam. গাঁজলা দুধ—Beestings; frothy milk yielded by a cow that has recently calved. গাঁজলা দোহা—Milk beestings. গাঁজলা ভাঙ্গা—Foam in the mouth.

গাঁজা, *n.* Hemp. গাঁজা খাওয়া—Smoke hemp.

গাঁজা, *v.* Froth; foam; be fermented. গাঁজিয়া ওঠা—Become frothy; ferment.

গাঁজাখুরী গল্প—Same as গাঁজাখোরী গল্প।

গাঁজাখোর, *n.* Habitual hemp-smoker:—*a.* addicted to smoking hemp.

গাঁজাখোরী গল্প—Canard; improbable story; cock-and-bull story.

গাঁজানো, *v.* Cause to ferment:—*n.* fermentation.

গাঁজিয়াল, *n.* Habitual hemp-smoker.

গাঁট, *n.* Knot; tie; knob; joint; knuckle; node; bale (কাপড়ের গাঁট—bale of cloth). গাঁট কাটা—Pick one's pocket. গাঁট পড়া—Get tangled. গাঁট বাঁধা—Bale. গাঁটের কড়ি—One's own money. গাঁটের কড়ি ছাড়া—Spend from one's pocket. গাঁটের পয়সা—One's own money; hoarded wealth.

গাঁটকাটা, *n.* Pick-pocket; cut-purse.

গাঁটছড়া, *n.* Love-knot; ceremony of tying the bride and bridegroom together by a knot. গাঁটছড়া বাঁধা—(*fig.*) Marry; unite inseparably.

গাঁট-পড়া, *a.* Tangled; knotted.

গাঁটবন্দী, *a.* Packed up in a bale; baled. গাঁটবন্দী করা—Pack up in a bale; bale.

গাঁটবাঁধা তুলা—Baled cotton.

গাঁটরি, গাঁঠরি, *n.* Bundle; bale; package.

গাঁটি—Same as গাঁট।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গাঁট্টা, *n.* Fist. গাঁট্টা মারা—Strike with the fist.

গাঁট্টাগোট্টা, *a.* Short-statured and robust; thick-set; strong-built; muscular.

গাঁত, *n.* Appropriation; stealing; advantage; opportunity. গাঁত-মারা—Appropriate; steal.

গাঁতি, *n.* Pickaxe; tenure; guild.

গাঁতিদার, *n.* Small *talukdar;* big tenure-holder.

গাঁথন, *n.* Threading; wreathing; stringing; building; construction; composing.

গাঁথনি, *n.* Masonry; brickwork; masonry structure; orderly arrangement. কাঁচা গাঁথনি—Mud-work. পাকা গাঁথনি—Brickwork; stonework.

গাঁথা, *v.* String together; wreathe (as a garland); thread (as beads); arrange; build; construct (as a building); lay (as bricks); tie; sew; hook:—*a.* strung; threaded; lined; sewn; composed; built.

গাঁথানো, *v.* Cause to be threaded or strung.

গাঁথুনি—Same as গাঁথনি।

গাঁদা, *n.* Marigold.

গাঁদাল, *n.* Kind of creeper.

গাঁদি, *n.* Multitude; heap; swarm; crowd. গাঁদি লাগা—Be crowded; be assembled together.

গাঁধিপোকা, *n.* Flying-bug.

গা-কাঁটা, *n.* Horripilation. গা-কাঁটা দেওয়া—Same as গায়ে কাঁটা দেওয়া under গা।

গা-খসা, *n.* Abortion.

গা-গতর, *n.* Body; whole body; limbs.

গাগরা, গাগরি, গাগরী, *n.* Pitcher; water-jar.

গা-গোছ, *n.* Interest; ardour. গা-গোছ করা—Feel or take a real interest; take active interest.

গা-ঘামা, *n.* Perspiration; excitement:—*v.* perspire.

গা-ঘেঁষা, *a.* Docile; rubbing against the body; nestling close to one; importunate.

গাঙ্গ—See গাং।

গাঙ্গচিল—Same as গাংচিল।

গাঙ্গিনী, *n.* Streamlet from the *Ganga;* brook from the *Ganga;* the *Gangini.*

গাঙ্গুলী, *n.* Family name or surname of the Bengali Brahmins; *Ganguly.*

গাঙ্গেয়, *a.* Relating to or descended from *Ganga* or the Ganges; Gangetic.

গাছ, *n.* Tree; plant; article; single piece (of a long thing):—*a.* big; large; tall. গাছকোমর বাঁধা—Gird up one's loins. গাছে চড়ানো—Help (one) to climb a tree; praise unduly; inflate one with flattery; laud (one) to the skies. গাছের বেড়া—Fence of trees or plants; hedge-rows; live hedge.

গাছ-গাছড়া, *n.* Plants and herbs; medicinal herbs; vegetables. গাছ-গাছড়ার ঔষধ—Vegetable drug.

গাছগাছালি, *n.* Herbage.

গাছড়া, *n.* Small plant; vegetable; shrub; plants and herbs.

গাছপাকা, *a.* Naturally ripe or mature.

গাছপাগল, *n.* Completely mad fellow.

গাছপালা, *n.* Vegetation; plants and herbs.

গাছপ্রদীপ, *n.* Candelabrum.

গাছ-মরিচ, *n.* Red pepper.

গাছা, *n.* Wooden lamp-stand.

গাছা, গাছ, গাছি, *n.* Single piece. এক গাছা চুল, এক গাছ চুল—Single hair. এক গাছা দাঁড়, এক গাছি দাঁড়, এক গাছা রশি—Single rope.

গাছানো, *v.* Climb a tree; grow; spring up; sprout; cultivate.

গাছি—See গাছা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

গাছয়া—Same as গেছো।
গাজন, *n.* Festival held in honour of the god *Shiva* in the month of *Chaitra* (March-April). গাজনের সঙ্—Mime of *gajan*.
গাজর, গাজুর, গাজোর, *n.* Carrot.
গাজী, *n.* Moslem warrior.
গা-জুরি, গো-জোরি, *n.* Bodily strength; physical force. গা-জুরি করিয়া, গা-জোরি করিয়া—By sheer force; perforce; high-handedly.
গাজ্বালা—Same as গাত্রদাহ।
গাটাপার্চা, *n.* *Gutta-percha.*
গাড়ল, *n.* Sheep; fool; blockhead.
গাড়লে, *n.* Dealer in sheep; shepherd:—*a.* doltish; sheepish.
গাড়া, *v.* Fix (in the earth); stick (in the ground); strike; take (root); set up; plant; bury; inter; hoist:—*n.* hollow; pit; hole; cavity; abyss. শিকড় গাড়া—Strike root; take root; be firmly established. হাঁটু গাড়া—Kneel down.
গাড়ি, গাড়ী, *n.* Cart (গরুর গাড়ি—bullock-cart); coach; carriage (চারি ঘোড়ার গাড়ি—carriage and four). দুই ঘোড়ার গাড়ি—carriage and pair). গাড়ি চাপা পড়া—Be run over by a car. গাড়ি হাঁকানো—Drive a cart or carriage; ride a car. গাড়ির ঘোড়া—Carriage-horse; coach-horse.
গাড়িখানা, *n.* Coach-house.
গাড়িপথ, *n.* Carriage-way; driveway.
গাড়িবারান্দা, *n.* Portico; porch.
গাড়ি-সম্ভার, *n.* Rolling stock.
গাড়ু, *n.* Water-pot with a spout.
গাড়োয়ান, *n.* Coachman; carter; driver (of a carriage); waggoner.
গাঢ়, *a.* Thick (as milk); hard; concentrated; deep; profound (as sleep); excessive; much (as love); strong; close; inspissated; concentrated; choked; cumulated. গাঢ় আলিঙ্গন করা—Hug in a close embrace. গাঢ় করা—Condense; thicken. গাঢ় প্রণয়—Intense love. গাঢ় প্রীতি—Deep affection.
গাঢ়তা, *n.* Thickness; solidity; severity; hardness; density.
গাঢ়তাপত্তি, *n.* Concentration.
গাঢ়নিদ্রা, *n.* Profound sleep.
গাঢ়প্রণয়, *n.* Deep love.
গাঢ়মুষ্টি, *n.* Clenched fist:—*a.* close-fisted; niggardly; miserly.
গাঢ়সংস্কার, *n.* Deep-rooted instinct; deep-seated prejudice; ineradicable impression.
গাঢ়ীভবন, *n.* Concentration.
গাণনিক, *n.* Accountant.
গাণনিক্য, *n.* Book-keeping.
গাণপত্য, *n.* Worshipper of *Ganesha*:—*a.* of the god *Ganesha*; belonging to the leader of a band.
গাণিতিক, *a.* Mathematical; skilled in mathematics:—*n.* mathematician.
গাণ্ডেপিণ্ডে—See গণ্ডেপিণ্ডে।
গাতব্য, *a.* To be sung; fit to be sung.
গাতা, *n.* Singer; musician.
গাত্র, *n.* Body; limb.
গাত্রকণ্টক, *n.* Prickles.
গাত্রকণ্ডু, *n.* The itch; scab.
গাত্রজ্বালা—Same as গাত্রদাহ।
গাত্রদাহ, *n.* Burning sensation on the skin; heart-burning; spite; malice; ill-will; grudge. গাত্রদাহ হওয়া—(*fig.*) Be stricken with malice; grudge.
গাত্রবেদনা, গাত্রশূল, *n.* Pain in the body; body-ache.
গাত্রমার্জনী, *n.* Napkin; towel.
গাত্ররুহ, *n.* Hair on the body.
গাত্রশূল—See গাত্রবেদনা।
গাত্র-হরিদ্রা—Same as গায়ে-হলুদ।
গাত্রাবরণ, গাত্রাবরণী, *n.* Cover for the body; armour; wrapper.
গাত্রোত্থান, *n.* Getting up; rising up; getting up from sleep. গাত্রোত্থান করা—Rise or get up; stand.
গাথক, *n.* Singer; musician.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

গাথা, *n.* Verse; stanza; poem; ballad; song.

গাদ, *n.* Dregs; sediments; scum; dross; lees. গাদ কাটা—Rise as scum; remove the scum off.

গাদন, *n.* Cramming; ramming; loading (as a gun or pistol); charging (as a gun with gunpowder); hard beating; sumptuous feast; overeating.

গাদনি, *n.* Ramming; stuffing; forcing in; loading (a gun).

গাদা, *n.* Mass; large pile; stack; heap; back portion of a fish (গাদার মাছ—slice from the back portion of a fish):—*v.* cram; force in; load; charge; stuff; ram.

গাদাগাদা, *n.* Heaps; great quantity:—*a.* heaps of. গাদাগাদা ফুল—Heaps of flowers.

গাদাগাদি, *n.* Huddling together; heaps; piles; crowding:—*a.* crowded together; huddled together; heaped together. গাদাগাদি করা—Crowd or huddle together. গাদাগাদি করিয়া থাকা—Huddle together; be packed like sardines.

গাদাবন্দুক, *n.* Muzzle-loader.

গাদি, *n.* Heap; pile; stack; mass. গাদি লাগা—Be crowding.

গাদিগাদি—Same as গাদাগাদা।

গাধ, *a.* Shallow; not deep.

গাধসূত্র, *n.* Sounding line; plumb-line.

গাধা, *n.* Ass; stupid person; dunce; blockhead; fool; dolt. গাধা পিটে ঘোড়া করা—Make a man of an ass; make a silk purse out of a sow's ear. গাধার খাটুনি—Drudgery; hard labour. গাধার ডাক—Bray. গাধার মতো কাজ করা—Make an ass of oneself; act foolishly.

গাধাপিটানি, *n.* Severe beating.

গাধাবোট, *n.* Tow-boat.

গাধামি, *n.* Foolishness; idiocy.

গাধী, *n. fem.* She-ass.

গান, *n.* Song; vocal music. গান করা—Sing. গান গাওয়া—Sing a song. গানের দল—Musician party; band of musicians; party of professional singers.

গানবাজনা, *n.* Vocal and instrumental music; musical soiree. গানবাজনা করা—Sing and play; hold a musical soiree.

গান্ধর্ব, *a.* Relating to heavenly or celestial choristers. [music.

গান্ধর্ব-বিদ্যা, *n.* Art or science of

গান্ধর্ব-বিবাহ, *n.* Love marriage; marriage by courtship; companionate marriage.

গান্ধীবাদ, *n. Gandhism.*

গাপ, *n.* Concealment; denial; stealing; theft; withholding:—*a.* concealed. গাপ করা—Hush up; conceal; deny; withhold; steal; misappropriate. গাপ হওয়া—Go into hiding; be misappropriated.

গাফিল, *a.* Careless; inattentive; indolent; negligent.

গাফিলতি, গাফিলি, *n.* Carelessness; indolence; negligence. গাফিলতি করা, গাফিলি করা—Neglect; delay; put off; procrastinate; not to take seriously; trifle with.

গাব, *n.* Mangosteen. [thick.

গাবদা, *a.* Abnormal; abnormally

গাবানো, *v.* Draw out; speak at length; descent; render turbid; dye.

গা-ভারী, *a.* Feeling heaviness in the limbs; affected with cold; big with child; in an advanced state of pregnancy.

গাভিন, *a.* Pregnant (said of the cattle). গাভিন হওয়া—Become pregnant; conceive. [cow.

গাভী, *n.* Cow. গাভীর ডাক—Low of a

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গামছা, গা-মোছা, *n.* Napkin; towel.
গাময়, *ad.* All over the body.
গামলা, *n.* Tub; pan; vat; basin.
গামা-রশ্মি, *n.* X-ray.
গা-মোড়া, *n.* Stretching the body and yawning. গা-মোড়া দেওয়া—Shake off idleness; stretch and twist.
গাম্ভীর্য, *n.* Gravity; seriousness; depth; sublimity; affected importance.
গায়ক, *n.* Singer; songster :—*a.* singing. গায়ক পক্ষী—Singing bird; song-bird.
গায়িকা, *n.* Female singer; songstress.
গায়েন, *n.* Singer; chanter :—*a.* expert in singing. মূল গায়েন—Leading singer of a chorus.
গায়ে-পড়া, *a.* Officious; meddlesome; poking one's nose into; intruding; obtruding; setting one's cap at (said of a woman).
গায়েব, *n.* Secrecy; concealment :—*a.* secret; concealed. গায়েব করা—Conceal; misappropriate. সে টাকাটা গায়েব করেছে—He has misappropriated the money.
গায়েবী, *a.* Secret; concealed.
গায়ে-হলুদ, *n.* Ceremony of smearing the person of a bride or bridegroom with turmeric preparatory to marriage.
গারদ, *n.* Prison; lock-up; imprisonment. গারদ হওয়া—Be jailed.
গারুড়, *a.* Belonging to *Garuda* :—*n.* emerald.
গারুড়মণি, *n.* Emerald.
গার্জিয়ান, গার্জেন, *n.* Guardian.
গার্টার, *n.* Garter.
গার্ড, *n.* Guard.
গার্দভ, *a.* Asinine.
গার্হপত্য, *a.* Relating to a house-holder.
গার্হস্থ্য, *a.* Domestic; belonging to a householder :—*n.* condition of a household; second stage of life.
গার্হস্থ্য-স্বাস্থ্যবিধি, *n.* Domestic Hygiene.
গাল, *n.* Cheek; abuse; reproach; censure; mouthful. এক গাল—A mouthful; a morsel. এক গাল হাসি—Hearty laugh. গাল খাওয়া—Be censured or rebuked. গাল দেওয়া, গাল পাড়া—Abuse; call names. গালে চড় মারা—Slap in the face. গালে চড় মেরে পয়সা নেওয়া—Trick one out of one's money. গালে হাত দেওয়া—Express surprise; wonder; be struck with amazement.
গালগল্প, *n.* Idle story; chit-chat. গালগল্প করা—Gossip; chit-chat.
গালচে, *n.* Carpet; rug.
গালপট্টা, *n.* Whiskers; lovelock.
গালবাদ্য, *n.* Peculiar sound produced by striking the cheeks with finger.
গালবালিশ, *n.* Cheek-pad; pillow for the cheek.
গালভরা, *a.* Mouthful; bombastic.
গালমন্দ—Same as গালিগালাজ। গালমন্দ করা, গালমন্দ দেওয়া—Revile.
গালা, *n.* Lac; shellac; sealing-wax :—*v.* cause to flow; strain; squeeze; press out (ভাতের ফেন গালা—press out the liquid portion of rice).
গালাগালি, *n.* Abuse; reproach; censure; abusive language; mutual abuse. গালাগালি করা বা দেওয়া—Abuse; reproach; censure; call bad names; abuse each other; bandy abusive words; throw mud at each other. গালাগালি খাওয়া—Be abused; be reproached; be taken to task.
গালানো, *v.* Cause to strain; melt; dissolve :—*a.* melted.
গালা-বার্নিশ, *n.* Shellac varnish.
গালামোহর, *n.* Seal of a rubber-stamp.
গালি, *n.* Reproach; censure; abusive language; curse; imprecation. গালি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

খাওয়া—Be abused. গালি দেওয়া—Abuse; censure; call bad names.
গালিগালাজ, *n.* Abuses; reproaches. গালিগালাজ করা—Revile.
গালিচা, *n.* Carpet; rug.
গালিত, *a.* Melted; dissolved; filtered; liquefied.
গালিসূচক, *a.* Abusive.
গা-সহা, গা-সওয়া, *a.* Accustomed; used; inured; habituated. ইহা আমার গা-সহা (বা গা-সওয়া) হইয়া গিয়াছে—I am used or inured to it. [customer.
গাহক, *n.* Singer; purchaser;
গাহন, *n.* Immersion; ablution; bath; act of singing. গাহন করা—Bathe.
গাহা, *v.* Sing.
গিঁঠ, গিঁট, গিঁঠা, গিঁঠে, *n.* Knot; joint.
গিঁঠ-দেওয়া, *a.* Knotted; jointed.
গিজগিজ, *ind.* Word denoting *overcrowdedness, congestion, multitude, crowd, flock*, etc. গিজগিজ করা—Be overcrowded or congested; swarm; seem to be too thick; have an uneasy sensation; be covered all over. গায়ে ময়লা গিজগিজ করা—Have dirt all over the body; be covered with dirt; feel squeamish. লোকে গিজগিজ করা—Be overcrowded with people.
গিটকিরি, *n.* Modulation of voice; quick utterance of musical notes in succession.
গিধড়, গিধোড়, *n.* Tiger; jackal; dirty fellow:—*a.* dirty.
গিনি, *n.* Guinea; gold coin.
গিনিসোনা, *n.* Guinea-gold.
গিন্নম, গিন্নামো, *n.* Housewifery.
গিন্নী, *n.* Housewife; mistress; wife.
গিন্নীপনা, *n.* Housewifery.
গিন্নীবান্নী, *n.* Elderly, experienced and respectable lady; housewife; matron.
গিরগিটি, *n.* Chameleon.
গিরা, *n.* Knot; tie; joint; knuckle; one-sixteenth part of a yard. গিরা পড়া—Be tangled as a knot.
গিরা-পড়া, *a.* Knotted; tangled.
গিরি, *n.* Mountain; hill.
গিরিকন্দর, *n.* Mountain-cavern; cave.
গিরিক্রম, *n.* Mountain-system.
গিরিখাত, *n.* George. [কন্দর।
গিরিগহ্বর, গিরিগুহা—Same as গিরি-
গিরিজ, *a.* Growing in the mountain; mountain-born; hilly. [stream.
গিরিতরঙ্গিণী, গিরিনদী, *n.* Mountain-
গিরিতল, *n.* Base or foot of a hill or mountain; surface of a mountain.
গিরিদরী—Same as গিরিকন্দর।
গিরি-দুর্গ, *n.* Hill-fort.
গিরিদ্বার, *n.* Pass; mountain-pass.
গিরিধাতু, *n.* Red ochre.
গিরিনদী—See গিরিতরঙ্গিণী।
গিরিপথ, *n.* Pass; ravine; defile.
গিরিপ্রপাত, *n.* Waterfall.
গিরিফতার—Same as গ্রেফতার।
গিরিফতারী—Same as গ্রেফতারী।
গিরিবর, *n.* Chief among the hills or mountains; the *Himalayas*.
গিরিবর্ত্ম, *n.* Pass; ravine.
গিরিবাসী, *n.* Mountaineer:—*a.* living in mountains.
গিরিমল্লিকা, *n.* Hill-jasmine.
গিরিমাটি, গিরিমৃত্তিকা, *n.* Rock soil (impregnated with iron); red chalk; red ochre.
গিরিরাজ, *n.* King or lord of mountains; *Himalaya* mountains.
গিরিশিখর, *n.* Mountain-peak.
গিরিশৃঙ্গ, *n.* Mountain-peak.
গিরিশ্রেণী, *n.* Mountain-range.
গিরিসংকট, গিরিসঙ্কট, *n.* Mountain-pass; defile; ravine.
গিরিসার, *n.* Iron; tin.
গিরিসুতা, *n.* Daughter of the god (or king) of the *Himalayan* range; goddess *Durga* or *Parvati*.
গিরিসুড়ঙ্গ, *n.* Tunnel.
গিরীন্দ্র—Same as গিরিরাজ।
গিরীশ, *n.* Lord of mountains; *Himalayan* range; god *Shiva*.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গির্জা, *n.* Church; tower.
গির্দা, *n.* Round pillow; side pillow; bolster.
গিল, *n.* Gill; radiating plates on the underside of a fungus.
গিলটি, *n.* Gilt; gilding:—*a.* overlaid with gold. গিলটি করা—Gild; gilt. গিলটি সোনা—Rolled gold.
গিলটি-করা, *a.* Gilded; gilt.
গিলন, *n.* Gulping; swallowing; devouring; eating.
গিলা, *v.* Swallow; gulp; devour; eat; take in; imbibe.
গিলা, গিলে, *n.* Seed of *Mimosa scandens;* gall-nut.
গিলানো, *v.* Cause to swallow; cause to be taken in; feed.
গিলিত, *a.* Swallowed; eaten up; devoured; taken in.
গিলিত-চর্বণ, *n.* Rumination. গিলিত-চর্বণ করা—Chew the cud; ruminate.
গিলিত-চর্বণকারী, *n.* Ruminant.
গিসগিস—Same as গিজগিজ।
গীত, *n.* Song; hymn; ode:—*a.* sung; chanted. গীত গাওয়া—Sing a song.
গীতজ্ঞ, *a.* Acquainted with songs; skilled in the art of singing.
গীতবাদ্য, *n.* Vocal and instrumental music.
গীতি, *n.* Song; hymn.
গীতিকবিতা, *n.* Lyric; lyric poem.
গীতিকা, *n.* Song; musical poem.
গীতিকাব্য, *n.* Lyric; musical poem.
গীতিনাট্য, *n.* Opera; melodrama.
গীতিপ্রহসন, *n.* Musical farce; burlesque.
গীর্ণ, *a.* Said; told; praised; swallowed; eaten.
গীষ্পতি, *n. Brihaspati,* the preceptor of the gods; erudite scholar; savant.
গু, *n.* Ordure; faeces; dung; excrement; filthy or foul matter.
গুঁজা—Same as গোঁজা।

গুঁজি, *n.* Plug; cork; stopper; stopple; awl; wedge; hair-pin. গুঁজি দেওয়া—Repair with new straw.
গুঁজিকাঠি, *n.* Hair-pin; awl.
গুঁজিয়া, *n.* Kind of sweets made from dried milk:—*v.* putting inside.
গুঁড়া, গুঁড়ো, *a.* Pounded; broken into small pieces; crumbled; powdered; pulverized:—*n.* powder; fragment. গুঁড়া করা—Pulverize; reduce to powder; crumble to pieces.
গুঁড়া-করা, *a.* Pulverized; powdered.
গুঁড়াগাঁড়া, *n.* Fragments; crumbs; odds and ends; bare remnants.
গুঁড়ানো, গুঁড়নো, *v.* Pound; pulverize; powder:—*a.* pounded; powdered.
গুঁড়ি, *n.* Trunk of a tree; flour; powder (of rice); meal. গুঁড়ি গুঁড়ি—In fine particles. গুঁড়ি গুঁড়ি বৃষ্টি—Drizzling. গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হওয়া বা পড়া—Drizzle.
গুঁড়ি-কাঠ, *n.* Trunk of a tree; heavy log of a tree.
গুঁড়িপিঁপড়া, *n.* A very small ant.
গুঁতা, গুঁতো, *n.* Thrust; knock; thrashing; scolding; reproach; censure; pressure; oppression; torture. গুঁতা দেওয়া, গুঁতা মারা—Gore; butt. গুঁতোর চোটে—By the stroke of (a baton); under pressure or compulsion.
গুঁতাগুঁতি, গুঁতোগুঁতি, *n.* Thrusting; goring; pushing; elbowing. গুঁতাগুঁতি (গুঁতোগুঁতি) করা—Push or gore each other; huddle together; press each other; elbow.
গুঁতানো, গুঁতনো, *v.* Thrust; knock; gore; butt; run at:—*n.* thrusting; butting.
গুঁতুনে, *a.* Accustomed to gore; given to shoving or butting. গুঁতুনে গাই—Vicious cow; cow ready to gore.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

গুঁপো, *a.* Mustachioed.
গুঁখুরি, গুঁখোরী, *n.* Stupidity; blunder.
গুঁখেকো, *n.* Dung-eater. গুঁখেকোর বেটা—Son of a dung-eater; very mean fellow.
গুগলি, *n.* Water-snail; shell-fish.
গুগ্‌গুল, *n.* Bdellium; olibanum; resin.
গুচি—See গুছি।
গুচ্ছের—See গুচ্ছের।
গুচ্ছ, *n.* Cluster (as of blossoms or fruits); tuft; bunch; bundle; collection; nosegay.
গুচ্ছপত্র, *n.* Palmyra; fan-palm.
গুচ্ছিত, *a.* Fasciculated (root); aggregate (fruit).
গুচ্ছের, গুচ্ছের, *a.* Heap of; a lot of:—*n.* bundle; collection; large number or quantity.
গুছানে, গুছনে, *a.* Orderly; thrifty.
গুছানো, গুছনো, *v.* Arrange; collect; gather; form into a tuft; complete; finish; accomplish (কাজ গুছানো—accomplish an object; secure one's object):—*a.* arranged; collected; orderly; thrifty.
গুছি, গুচি, *n.* Tuft (of hair); bunch; sheaf; wisp (of straw); a wig (of hair). গুছি দেওয়া—Make an addition.
গুছনে—See গুছানে।
গুজগুজ, গুজগুজনি, গুজগুজানি, *n.* Tittle-tattle; whispering; gossiping; murmuring. গুজগুজ করা—Whisper; gossip; murmur.
গুজগুজে, *a.* Shy; timid; whispering.
গুজব, *n.* Rumour; public report; town-talk. গুজব উঠিয়াছে বা রটিয়াছে—The rumour is afloat. গুজব রটানো—Spread rumour.
গুজবরটনাকারী, *n.* Rumour-monger; tale-bearer; tale-teller; circulator of rumour.
গুজরত, গুজরৎ *ad.* By means of; by the hand of; through; per. গুজরত খোদ, গুজরৎ খোদ—Personally; per self; through or by means of one's self; by one's own hand.
গুজরাটী, *a.* Relating to *Gujrat;* of *Gujrat*:—*n.* native of *Gujrat;* language of *Gujrat.*
গুজরান, *n.* Earning one's livelihood; spending of time. গুজরান করা—Pass away; spend. দিন গুজরান করা—Pass days; manage to live somehow; keep body and soul together.
গুজরানো, *v.* Pass away; spend.
গুজরি পঞ্চম, *n.* Old-fashioned ornament for the feet.
গুজার, *n.* One who pays or gives to another (মালগুজার—one who pays Government revenue).
গুঞ্জ, *n.* Bower; arbour; bunch or cluster (of flowers).
গুঞ্জন, *n.* Bunch; bouquet; nosegay.
গুঞ্জন, গুঞ্জর, *n.* Hum (of a bee); low murmuring sound. গুঞ্জন করা—Hum; buzz.
গুঞ্জনধ্বনি, *n.* Humming sound.
গুঞ্জমালা, *n.* String of red beads.
গুঞ্জরতান, *n.* Continuous murmuring sound or humming sound.
গুঞ্জরন, *n.* Humming; buzzing.
গুঞ্জরা, *v.* Hum; buzz. 'গুঞ্জরিছে মধুকর'—The bee is humming; hums the bee.
গুঞ্জরিত, *a.* Hummed; buzzed; resonant with a humming sound.
গুঞ্জিত, *a.* Hummed; buzzed; resounding with a humming noise; buzzing:—*n.* hum; buzzing.
গুটলি, গুটলে, *n.* Pellet; small shot.
গুটানো, গুটনো, গোটানো, *v.* Roll up (as a sheet); furl; fold up; wind up; haul up; close; collect; gather:—*a.* rolled up; wound up; folded;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

hauled up. ব্যবসায় গুটানো—Wind up a business; close a business.

গুটি, গুটী, *n.* Eruption (of smallpox); cocoon; chrysalis; marble; small ball; pill; stone of a fruit; dice. গুটি বাঁধা—Form a cocoon.

গুটিকত, *a.* A few.

গুটিকা—Same as গুটি।

গুটিকাপাত, *n.* Casting of a ball in a lottery. গুটিকাপাত করা—Cast lots.

গুটিগুটি, *ad.* By slow steps; creeping like snails; crawling; stealthily; slowly.

গুটিপোকা, গুটীপোকা, *n.* Silk-worm.

গুটিসুটিল, *a.* Tidy; methodical; thrifty; properly arranged.

গুটিশালা, *n.* Nursery of sericulture.

গুটিশালা-অধীক্ষক, *n.* Nursery Superintendent (sericulture).

গুটিসুটি *n.* Creeping; crawling; crouching; stopping. গুটিসুটি মারা—Creep; crouch.

গুড়, *n.* Molasses; treacle. গুড়ে বালি—Disappointment. সে গুড়ে বালি—A fly in the ointment; utter disappointment.

গুড়কুমড়া, *n.* Sweet pumpkin; ordinary pumpkin.

গুড়গুড়, *ind.* Word denoting the low sound of *rumbling, rolling, rattling,* etc. গুড়গুড় করিয়া—By slow steps; with a deep sound of rolling; rumbling.

গুড়গুড়ি, *n.* Hubble-bubble; smoking pipe. [dwarfish.

গুড়গুড়ে, *a.* Slow; slow-moving;

গুড়সুড়া, *n.* Heel.

গুড়ানো, গুড়নো, *v.* Roll up.

গুড়ি, *n.* Stooping posture; crouching posture. গুড়ি মারা—Crouch; lie in ambush. গুড়ি মারিয়া যাওয়া—Creep.

গুড়িকা, *n.* Large pill.

গুড়ুক, গুড়ুক তামাক, *n.* Tobacco prepared with molasses. গুড়ুক খাওয়া, গুড়ুক টানা—Smoke a *hookah.*

গুড়ুম, *ind.* Word denoting *sudden loud report* or *sound* or loud sound expressing the *booming* of a gun or *rolling* of thunder. গুড়ুম করিয়া—With a sudden loud report; with a bang. গুড়ুম গুড়ুম—Roar of artillery; rolling of thunder; repeated loud reports.

গুণ, *n.* Quality; attribute; property; characteristic; virtue; accomplishment; parts; qualification; primary elements or attributes; advantage; benefit; use; power; effect; efficacy; action; excellence; worth; merit; change in the vowel; multiplication; coefficient; cord; rope; string; bowstring; charm; witchcraft; praise (কাহারও গুণ গাওয়া—sing one's praise). গুণ করা— Multiply; charm. গুণ টানা—Tow as a boat. গুণের বালাই নিয়ে মরা—Make much of one; idolize one.

গুণক, *n.* Multiplier; multiplicator; factor; coefficient.

গুণকথন—See গুণকীর্তন।

গুণকনির্ণয়, *n.* Factorization.

গুণকারক, গুণকারী, *a.* Efficacious; profitable; beneficial.

গুণকীর্তন, গুণগান, গুণকথন, *n.* Panegyric; eulogy; praising; narrating the good qualities (of a person or thing). গুণকীর্তন বা গুণগান করা—Sing the praise of; laud.

গুণগৌরব, *n.* Glory; appraisement; appreciation or estimation of good qualities.

গুণগ্রহণ, *n.* Appreciation; acknowledgment of other's virtues or good parts. গুণগ্রহণ করা—Appreciate the good qualities of.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

গুণগ্রাম, *n.* Assemblage of good qualities; all noble virtues.

গুণগ্রাহক—See গুণগ্রাহী।

গুণগ্রাহিতা, গুণগ্রাহিত্ব, *n.* Appreciation of other's good qualities; estimation of one's worth; appraisement of qualities.

গুণগ্রাহী, গুণগ্রাহক, *a.* Conscious of the virtues of others; who appreciates merit in others; appreciative of good qualities of another:—*n.* appreciator of merits; connoisseur.

গুণচট, *n.* Sack-cloth; gunny.

গুণছুঁচ—Same as গুনসূচ।

গুণজ্ঞ, *a.* Appreciating qualities; conscious of the qualities or value of another; appreciative of merit.

গুণতি—Same as গনতি।

গুণত্রয়, *n.* Three primary elements (সত্ত্ব, রজঃ, তমঃ, goodness; passion; ignorance) of which primordial matter is said to be composed.

গুণদোষ, *n.* Merits and demerits.

গুণধর, *a.* Possessed of good qualities; virtuous; qualified; possessing no merit; wicked; vicious.

গুণধাম—See গুণনিধি।

গুণন, *n.* Multiplication. গুণন করা—Multiply.

গুণনিধি, গুণধাম, *n.* Highly virtuous man; one richly endowed with good qualities; paragon of virtue:—*a.* possessed of many good qualities; qualified.

গুণনীয়, *a.* To be multiplied:—*n.* multiplicand; factor.

গুণনীয়ক, *n.* Measure; factor; multiplicand.

গুণপনা, *n.* Talent; skill; accomplishment; merit; worth; virtue.

গুণফল, *n.* Product (of multiplication).

গুণবত্তা, গুণশালিতা, *n.* Meritoriousness; accomplishment; excellence.

গুণবর্ণন, *n.* Relating or description of good qualities; eulogizing; singing praises of; paying compliments to. গুণবর্ণন করা—Enumerate or describe (another's) merits.

গুণবাচক, *a.* Attributive; adjectival; qualitative; connotative. গুণবাচক বিশেষ্য—Abstract noun.

গুণবাদ, *n.* Eulogy; praise; encomium; panegyric.

গুণবান্, *a.* Qualified; talented; accomplished; meritorious; of parts; virtuous. *fem.*=গুণবতী। গুণবান্ পুরুষ—Man of qualities.

গুণবৃক্ষ, *n.* Mast.

গুণ-বৈষম্য, *n.* Dissimilarity of contrast of qualities or virtues; disparity of properties or attributes; combination of opposite qualities or virtues.

গুণমণি, *n.* Jewel of a man; highly qualified person; perfection of virtues.

গুণময়, *a.* Qualified; endowed with noble qualities; made up of cords.

গুণমুগ্ধ, *a.* Charmed by one's merits or virtues; attracted by one's qualities; admiring. আমি একজন আপনার গুণমুগ্ধ ব্যক্তি—I am one of your admirers. গুণমুগ্ধ ব্যক্তি—Admirer.

গুণমূলক, *a.* Qualitative.

গুণযুক্ত, *a.* Virtuous; qualified; with an attached tow-line.

গুণযোগ্য, *a.* Qualified.

গুণশালিতা—See গুণবত্তা।

গুণশালী—Same as গুণবান্। *fem.*=গুণশালিনী।

গুণশূন্য—See গুণহীন।

গুণসম্পন্ন—Same as গুণবান্।

গুণসাগর, গুণার্ণব, গুণসিন্ধু—Same as গুণনিধি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গুণস্তম্ভ, *n.* Mast.

গুণহীন, গুণশূন্য, *a.* Destitute of good qualities; devoid of merit; worthless; poor (said of food); ineffective; without properties or attributes; unstringed (said of a bow).

গুণা, গণা, *v.* Count; reckon; number; compute.

গুণাকর, *n.* Mine of merit and excellence; virtuous and qualified or meritorious person:—*a.* meritorious; virtuous; excellent; talented; accomplished.

গুণাগুণ, *n.* Merits and demerits; good and bad qualities; virtues and defects. গুণাগুণ পরীক্ষা করা—Test or examine merits and demerits.

গুণাঙ্ক, *n.* Coefficient.

গুণাঢ্য, *a.* Rich in good qualities.

গুণাতীত, *a.* Transcendant; absolute; above all attributes, qualities or property:—*n.* God; the Absolute Being.

গুণাত্মক, *a.* Qualitative.

গুণাধার, *n.* Receptacle of good qualities or virtues; virtuous person.

গুণানুকীর্তন, গুণানুবাদ—Same as গুণকীর্তন।

গুণানুরাগ, *n.* Appreciation of merit; love of virtue.

গুণানুরাগী, *a.* Appreciative of merit; admiring virtues; loving excellences; appreciative of qualities. আমি আপনার গুণানুরাগী—I appreciate your merits. গুণানুরাগী ব্যক্তি—Admirer.

গুণান্তর, *n.* Difference of qualities; different quality.

গুণান্বিত, *a.* Endowed with good qualities; virtuous; worthy; meritorious.

গুণাপকর্ষ, *n.* Depreciation.

গুণাপকর্ষক, *a.* Depreciative.

গুণাবলী, গুণাবলি, *n.* Sum-total of qualities; all noble virtues; table of multiplication.

গুণাভাস, *n.* Semblance of qualities or merits.

গুণার্ণব—See গুণসাগর।

গুণালংকার, গুণালঙ্কার, গুণালংকৃত, গুণালঙ্কৃত, *a.* Adorned or endowed with good qualities; possessed of talents; accomplished; virtuous; worthy.

গুণাশ্রয়—Same as গুণাধার।

গুণিত, *a.* Multiplied; into (×); numbered; counted.

গুণিতক, *n.* Multiple.

গুণিন, *n.* Exorcist; exorciser.

গুণী, *a.* Qualified; talented; accomplished; meritorious; virtuous; worthy; excellent:—*n.* qualified person; exorcist; charmer. গুণী লোক—Clever or qualified man; expert; accomplished person.

গুণীভূত, *a.* Made secondary or subordinate; invested with attributes; turned into a virtue.

গুণোৎকর্ষ, *n.* Excellence in virtues or merits; perfection of qualities.

গুণোত্তর, *a.* Geometric.

গুণোত্তর-শ্রেণী, *n.* Geometrical progression.

গুণোপেত—Same as গুণান্বিত।

গুণ্ঠন, *n.* Veil; hood; covering.

গুণ্ঠিত, *a.* Veiled; hooded; covered; enclosed.

গুণ্ডা, *n.* Hooligan; ruffian; knave; bully; rough. গুণ্ডা আইন—*Goonda* Act.

গুণ্ডাগিরি—Same as গুণ্ডামি।

গুণ্ডামি, গুণ্ডমি, *n.* Hooliganism; rowdyism; knavery; profligacy. গুণ্ডামি করা—Act as a ruffian; practise hooliganism.

গুণ্ডি, *n.* Tobacco.

গুণ্ডিকা, *n.* Powder; dust.

গুণ্ডিত, *a.* Powdered; pounded.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গুণ্য, *a.* To be multiplied; multiplicable:—*n.* multiplicand.
গুদাম, গুদম, *n.* Godown; warehouse; storehouse.
গুদামজাত, *a.* Stored in a warehouse. গুদামজাত করা—Store in a warehouse.
গুদাম-সরকার, *n.* Storekeeper; godown-clerk.
গুদারা, *n.* Ferry.
গুন, *n.* Gunny; sack; bag.
গুনগুন, *n.* Humming sound (as of the bee); humming noise; buzz. গুনগুন করা—Hum; buzz; whisper. গুনগুন করিয়া—With a low humming noise or buzz.
গুনচট, *n.* Sack cloth; sacking.
গুনছুচ—Same as গুনসুচ।
গুনতি—Same as গনতি।
গুনথলে, *n.* Coarse gunny sack or bag; sack.
গুনসুচ, *n.* Packing needle; sack-needle.
গুনা, *n.* Screw-thread; sin; crime; fault.
গুনাগার, গুনাগারি, গুনোগার, *n.* Penalty; compensation. গুনাগার দেওয়া—Compensate; make good a loss.
গুনাহ্, *n.* Guilt; weakness; mischief; harm; fault; crime.
গুনিন, *n.* One versed in incantations or charm; exorcist.
গুনোগার—See গুনাগার।
গুপো, *n.* Hurt without a wound; stubble.
গুপ্ত, *a.* Concealed; hidden; protected; defended; guarded; secret; private; unseen; veiled.
গুপ্তকথা, *n.* Secret; confidential communication; mystery. গুপ্তকথা ব্যক্ত করা—Divulge a secret.
গুপ্তঘাতক, *n.* Assassin.
গুপ্তচর, *n.* Spy; secret emissary.
গুপ্তচরবৃত্তি, *n.* Espionage.
গুপ্ততত্ত্ব, *n.* Mysteries.
গুপ্ততথ্য, *n.* Secret information.
গুপ্তধন, *n.* Hidden treasure; treasure-trove.
গুপ্তপুলিস, *n.* Detective police; special branch of police.
গুপ্তপ্রভাব, *n.* Secret or underhand influence.
গুপ্তবার্তা, *n.* Intelligence.
গুপ্তবেশ, *n.* Disguise; concealment.
গুপ্তবেশে, *ad.* In disguise; *incognito.*
গুপ্তভাব, *n.* Concealed state; clandestine manner.
গুপ্তভাবে, *ad.* Secretly; privately; clandestinely.
গুপ্তভোট, গুপ্তমত, *n.* Ballot; secret vote or voting.
গুপ্তভোটদান, গুপ্তমতদান, *n.* Vote by ballot.
গুপ্তমন্ত্রণা, *n.* Secret consultation.
গুপ্তমন্ত্রণাসভা, গুপ্তমন্ত্রণাসমিতি, *n.* Secret meeting for consultation; cabal; conclave.
গুপ্তযুগ, *n. Gupta* age.
গুপ্তরহস্য, *n.* Secret; mystery.
গুপ্তলেখক, *n.* Secret intelligencer.
গুপ্তসভা, গুপ্তসমিতি, *n.* Secret association; clandestine meeting.
গুপ্তসাম্রাজ্য, *n. Gupta* empire.
গুপ্তহত্যা, *n.* Assassination. গুপ্তহত্যা করা—Assassinate.
গুপ্তহত্যাকারী, *n.* Assassin.
গুপ্তি, *n.* Concealed sword; sword-stick; preservation; hiding concealment; act of keeping secrets.
গুফা, গুম্ফা, *n.* Cave in a mountain; cavern.
গুবরানো, *v.* Write badly or illegibly.
গুবরে-পোকা, *n.* Beetle.
গুবাক, গুয়া, *n.* Betel-nut; betel-nut tree. মুখে গুবাক (গুয়া) দিয়া থাকা—Not to open one's lips; keep or remain silent; keep mum.
গুম, *a.* Concealed; secret; untraced; mum; silent; sulky. গুম করা—Conceal; remove all traces (of). গুম খাওয়া—Sulk. গুম হওয়া—Go in

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

hiding; be missing; become speechless. গুম হয়ে বা গুম খেয়ে থাকা —Keep mum; be in the sulks; be morose or sullen.

গুম-খুন, *n.* Secret murder or assassination.

গুমগুম, *ind.* Word denoting the sound of *thrashing* or *thumping*.

গুমট, *n.* Sultriness; warmth; heat; sultry weather.

গুমটি, *n.* Small room; small shed for policeman or watchman; sentry-box; shed or enclosure (ট্রামের গুমটি).

গুমটে, *a.* Sultry; stuffy.

গুমর, *n.* Pride; vanity; haughtiness; conceit. গুমর করা বা দেখানো—Act or behave haughtily; hold aloof; give oneself airs; be stuck-up; boast of; be proud. কোন কিছু গুমর করা—Boast of something. গুমর ভাঙা—Humble one's pride. টাকার গুমর করা —Be proud of one's purse.

গুমরানি, *n.* Murmuring or complaining inwardly; suffering from suppressed feelings.

গুমরানো, গুমরনো, *v.* Murmur or complain inwardly; choke down one's feelings; smoulder in rage.

গুমরে, গুমুরে, *a.* Proud; haughty; vain; conceited; self-important.

গুমসা, গুমসো, গুমো, *a.* Musty; mouldy; rancid; sultry. গুমসা বা গুমসো বা গুমো গন্ধ—Mouldy or musty smell.

গুমসানি, গুমসানি, *n.* Sultriness.

গুমসানো, গুমসনো, *v.* Become sultry; be rancid or mouldy; stink.

গুমো, *a.* Ill-smelling; fowl-smelling.

গুম্ফ, *n.* Moustache; whiskers; cluster.

গুম্ফন, *n.* Stringing; tying; grouping.

গুম্ফমর্দন, *n.* Twisting moustache.

গুম্ফা—See গুফা।

গুম্ফিত, *a.* Tied; strung; arranged.

গুম্বজ, গম্বুজ, *n.* Dome; tower; vault; arch; cupola; turret.

গুয়া—See গুবাক।

গুয়ে, *a.* Ordure-like; like faeces.

গুরু, *n.* Preceptor; spiritual guide; priest; teacher; master; superior: —*a.* heavy; weighty; great; important; honourable; serious; difficult; unbearable. গুরু অপরাধ—Grave offence. গুরু ও লঘু স্বর—Accented or long vowel and unaccented or short vowel. গুরু দণ্ড —Severe punishment.

গুরু-অনুপাত, *n.* Ratio of greater inequality.

গুরুকল্প, *a.* Like a preceptor; like a spiritual guide.

গুরুকুল, *n.* Family or house of one's teacher or the spiritual guide.

গুরুগম্ভীর, *a.* Grave and solemn; serious and grave.

গুরুগিরি, *n.* Profession of a spiritual guide; preceptorship; teachership.

গুরুগুরু, *n.* Rumbling (as of clouds); tremor; trepidation; misgivings; missing of a heart-beat.

গুরুগৃহ, *n.* House of a preceptor or *guru*. গুরুগৃহে বসা—Residing in the house of one's preceptor or *guru* (for education); residence in the house of a preceptor or *guru*.

গুরুচণ্ডাল, *n.* Combination of elegant and colloquial (or, slang) uses.

গুরুচণ্ডালী, *a.* Using slang and elegant words; mixing Sanskrit words with slang expressions. গুরুচণ্ডালী দোষ—Use of slang and elegant expressions.

গুরুজন, *n.* One's superiors or elders.

গুরুঠাকুর, *n.* Spiritual guide; family spiritual guide.

গুরুতম, *a.* Heaviest; most weighty; greatest; most venerable.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গুরুতর, *a.* Heavier; weightier; more venerable; grave; heinous (crime).
গুরুত্ব, গুরুতা, *n.* Importance; seriousness; gravity; weight; heaviness.
গুরুত্বহীন, গুরুত্ববিহীন, *a.* Unimportant; without any importance; without weight.
গুরুদক্ষিণা, *n.* Honorarium to a preceptor; tuition-fee.
গুরুদশা, *n.* State or period of mourning on the death of a parent.
গুরুদেব—Same as গুরুঠাকুর।
গুরুদ্বার, *n.* *Gurudwar* (a temple of the *Sikhs*).
গুরুনিন্দা, *n.* Censure of one's tutor or preceptor.
গুরুনির্মাণ, *n.* Major works.
গুরুপত্নী, *n.* Preceptor's wife; wife of one's *guru*.
গুরুপরিচর্যা—See গুরুশুশ্রূষা।
গুরু-পাক, *a.* Difficult to digest; rich; indigestible.
গুরু-পাপ, *n.* Heinous crime.
গুরুবন্ধনী, *n.* Third bracket; crotchets.
গুরুবরণ, *n.* Worshipping of a preceptor.
গুরুবর্ণ, *n.* Long or accented vowel.
গুরুবল, *n.* Occult force of mercy or favour of *guru*; immense strength.
গুরুবার, *n.* Thursday.
গুরুবৃত্ত, *n.* Great circle.
গুরুভক্ত, *a.* Devoted to the preceptor or *guru*.
গুরুভক্তি, *n.* Devotion to or respect for a spiritual preceptor or *guru*.
গুরুভাই, *n.* Co-disciple of the same *guru* or religious preceptor.
গুরুভার, *n.* Heavy load or burden; great or heavy weight; responsible charge:—*a.* heavy; of great weight; excessively heavy; ponderous.
গুরুমণ্ডল, *n.* Barysphere.
গুরুমশাই, গুরুমহাশয়, *n.* Teacher of a primary school; teacher; precocious boy.
গুরুমস্তিষ্ক, *n.* Cerebrum.
গুরু-মা, *n.* Wife of a teacher or *guru*; female preceptor; female teacher of a girls' school.
গুরুমারা-বিদ্যা, *n.* Learning applied against the teacher; discrediting a teacher for what he has taught; misuse of learning.
গুরুমুখী, *n.* Alphabet of the *Sikhs*.
গুরুমুখী-বিদ্যা, *n.* Art or science which can be learnt only from a preceptor.
গুরুলঘুজ্ঞান, *n.* Sense of proportion; sense of grade or superiority and inferiority; respect for the superior; distinction between high and low.
গুরুশিষ্য, *n.* Preceptor and disciple.
গুরুশিষ্য-সংবাদ, *n.* Report of the conversation between a *guru* or preceptor and his disciple or student.
গুরুশুশ্রূষা, গুরুসেবা, গুরুপরিচর্যা, *n.* Service to or attendance on a superior person or a *guru*.
গুরুস্থানীয়, *a.* Like one's superiors or elders.
গুরুস্ফীতি, *n.* Spring-tide.
গুরুস্বর—Same as গুরুবর্ণ।
গুরুহত্যা, *n.* Murder of a preceptor or *guru*; parricide.
গুরুহন্তা, *n.* Murderer of a preceptor.
গুরূপদেশ, *n.* Instruction given by a preceptor or *guru*.
গুরূপাসনা, *n.* Worship of a preceptor or *guru*.
গুর্খা, *n.* *Gurkha* (an inhabitant of Nepal).
গুর্খাসৈন্য, *n.* Nepalese soldier; *Gurkha* soldier.
গুর্জর, *prop. n.* *Gujrat*.
গুর্বী, *n.* Preceptor's wife; female teacher; pregnant woman; woman of consequence:—*a.* heavy; pregnant.
গুল, *n.* Ball made of coal-dust;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

remains of tobacco-cake after it has been smoked; embroidered flower; bluff; tall talk. গুল দেওয়া, গুল মারা—Talk big; bluff; gas; swagger. গুল বসানো—Set a piece of wood in a sore to keep it open (as a curative for gout); embroider with flowers.

গুলজার, *a.* Showy; splendid; grand; brilliant; beautiful. গুলজার করা—Enliven; crowd and fill with noise; make showy; adorn; beautify. সভা গুলজার করা—Enliven a party by jokes and pleasantries; shine in a company.

গুলতান, গুলতন, গুলতানি, *n.* Noise; row; confabulation; conspiracy. গুলতান করা, গুলতন করা, গুলতানি করা, গুলতানি পাকানো—Confer or conspire together.

গুলতি, *n.* Catapult; sling.

গুলদার, গুল-বসানো, গুলবাহার, *a.* Embroidered with flowers.

গুলনো—Same as গুলানো।

গুলবদনী, *a.* Having a rose-coloured face; having rosy cheeks.

গুলা, *v.* Dissolve (in water). জলে গুলা—Dissolve in water; mix with water.

গুলা, গুলি, *n.* Multitude; a few; these; those—[এইগুলা—These. ঐগুলা—Those. কতকগুলা—A few. লোকগুলা—Persons].

গুলানো, *v.* Make muddy; muddle; confuse; fail to recollect; be confused; be spoiled; be stricken with nausea (গা গুলানো). গা গুলানো—Feel nausea. মাথা গুলানো—Be confused in thought; be muddled. হিসাব গুলানো—Muddle an account.

গুলাব, গুলাবফুল, *n.* Rose.

গুলাব-জল, *n.* Rose-water.

গুলাবজাম, *n.* Rose-apple; red berry.

গুলাব-দান, *n.* Vase for roses.

গুলাব-পাশ, *n.* Vessel to spray rose-water; rose-water spray.

গুলাবী, *a.* Rosy; roseate; pink; rose-scented.

গুলি, গুলী, *n.* Bullet; pellet; cannon ball; globule; ball; pill; preparation of opium; muscles of hands and feet; short stick used in an outdoor game (*cf.* ডাণ্ডাগুলি বা ডাংগুলি). গুলি করা—Shoot; fire. গুলি খাওয়া—Receive a bullet into the body; be shot; smoke opium.

গুলিকা, *n.* Globule; small ball.

গুলিখুরী, গুলিখোরী, *a.* Of the nature of a humbug; improbable; false. গুলিখুরী গল্প, গুলিখোরী গল্প—False or incredible story; cock-and-bull story. গুলিখুরী চেহারা, গুলিখোরী চেহারা—Appearance like that of an opium-smoker or drug-addict; gaunt or haggard looks; weird figure.

গুলিখোর, *n.* Opium-smoker :—*a.* addicted to smoking opium.

গুলিডাণ্ডা, *n.* Bat and ball; game of tip-cat.

গুলিবাঁট, *n.* Sharing out by lot; balloting by means of little balls. গুলিবাঁট করা—Cast lots; share out by lot.

গুল্‌ফ, *n.* Heel; ankle.

গুল্‌ফ-সন্ধি, *n.* Ankle-joint.

গুল্ম, *n.* Shrub; bush; low dwarf trees; spleen; chronic enlargement of the spleen; abdominal tumour; body of troops; platoon.

গুল্ম-নায়ক, *n.* Platoon commander.

গুল্মভূমি, *n.* Scrubland.

গুল্মমূল, *n.* Ginger.

গুল্ম-রোগ, *n.* Chronic enlargement of the spleen; abdominal tumour.

গুষ্টি, গুষ্ঠি—Same as গোষ্ঠী।

গুষ্টিবর্গ, *n.* Whole family.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গুহা, *n.* Cave; cavern; ravine; deep valley; hole; interior.
গুহাচর, *n.* Wanderer from cave to cave; cave-man.
গুহাবাসী, *a.* Living in caves:—*n.* cave-man. গুহাবাসী প্রাণী—Troglodyte. গুহাবাসী লোক—Cave-man.
গুহামুখ, *n.* Mouth of a cave.
গুহাশয়, *a.* Laying or living in a cave:—*n.* any animal that lives in a cave.
গুহ্য, *a.* Confidential; mysterious; abstruse; hidden; secret; private; solitary:—*n.* solitary place; anus.
গুহ্যকথা, *n.* Secret.
গুহ্যদেশ, *n.* Anus; private parts.
গুহ্যদ্বার, *n.* Anus.
গুহ্যভাষিত, *n.* Secret speech; confidential talk.
গূঢ়, *a.* Concealed; mysterious; private; secret; abstruse; estoeric; profound; hidden; inaccessible. গূঢ় অভিসন্ধি—Secret or sinister motive. গূঢ় তত্ত্ব—Abstruse subject.
গূঢ়চর, *n.* Spy.
গূঢ়চ্ছদ, *n.* Secret cover.
গূঢ়তা, গূঢ়ত্ব, *n.* Secrecy; mystery; intricacy; profundity.
গূঢ়-পথ, *n.* Secret path.
গূঢ়পুরুষ, *n.* Secret emissary; scout; spy.
গূঢ়লেখ, *n.* Code.
গূঢ়সাক্ষী, *n.* Concealed witness; witness overhearing the plaintiff; plaintiff's witness to overhear the defendant's story.
গূঢ়ৈষণা, *n.* Complex.
গৃধিনী, *n.* Vulture.
গৃধ্নু, *a.* Covetous; greedy.
গৃধ্নুতা, গৃধ্নুত্ব, *n.* Greediness; greed; avarice.
গৃধ্র, *n.* Vulture:—*a.* greedy; avaricious.
গৃহ, *n.* House; abode; home; wife.
গৃহে—At home. গৃহে অনধিকার প্রবেশ—House-trespass. গৃহে গৃহে—From house to house; from door to door; at every home.
গৃহকপোত, *n.* Tame pigeon.
গৃহকর্তা, *n.* Householder; head of the family.
গৃহকর্ত্রী, *n.* Housewife; mistress of the house.
গৃহকর্ম, গৃহকার্য, *n.* Domestic duties; household work; household affairs; house-keeping.
গৃহকলহ—Same as গৃহবিবাদ।
গৃহকারক, গৃহকারী, *n.* House-builder; architect; thatcher.
গৃহকার্য—See গৃহকর্ম।
গৃহকোণ, *n.* Corner of the room; nook of the house.
গৃহগোধা, গৃহগোধিকা, *n.* Lizard.
গৃহচ্ছিদ্র, *n.* Family scandal; weak point of a family; family quarrel.
গৃহচ্যুত, *a.* Deprived of a house; homeless; driven out from one's house; ejected. গৃহচ্যুত করা—Oust one from one's homestead.
গৃহজ, *a.* Home-made.
গৃহজন, *n.* Members of a family; one belonging to a house.
গৃহজাত, *a.* Stored in a house; born in the house; made or prepared in the house; home-made. গৃহজাত করা—Take home. গৃহজাত দধি—Home-made curds.
গৃহতল, *n.* Floor (of a room).
গৃহত্যাগ, *n.* Leaving home; retirement from the world. গৃহত্যাগ করা—Leave one's home; retire from the world; renounce worldly life.
গৃহত্যাগিনী, *a. fem.* Eloping; run-away:—*n.* run-away woman; woman who has eloped.
গৃহত্যাগী, *a.* Leaving home; retired from the world:—*n.* man who has left home; ascetic.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

গৃহদাহ, *n.* Arson; house-burning; incendiarism; conflagration. গৃহদাহে সর্বস্বান্ত—Totally ruined because of one's homestead being burnt.
গৃহদাহক, *n.* Incendiary.
গৃহদেবতা, *n.* Lares; household god or goddess; family deity; tutelary deity; penates.
গৃহদ্বার, *n.* Door of a house.
গৃহধর্ম, *n.* Household duties; domestic virtues.
গৃহধূম, *n.* House-smoke; soot.
গৃহপতি, *n.* Master or owner of a house; head of the family.
গৃহপালিত, *a.* Domestic (as cattle); domesticated; tamed; cherished or reared in the house.
গৃহপাল্য, গৃহপোষ্য, *a.* To be domesticated; tamable.
গৃহপ্রতিষ্ঠা, *n.* Founding of a house.
গৃহপ্রবেশ, *n.* Formal entry into a newly-built house; shifting or moving into a new house.
গৃহপ্রবেশোৎসব, *n.* House-warming.
গৃহপ্রাঙ্গণ, *n.* Courtyard.
গৃহবাজ, *n.* Tumbler-pigeon.
গৃহবাটিকা, *n.* Garden-house.
গৃহবাস, *n.* Living in a house.
গৃহবাসী, *a.* Living in a dwelling-house; domestic:—*n.* inmate of a dwelling-house; family man.
গৃহবিচ্ছেদ, *n.* Domestic dissensions; civil dissension; family quarrel.
গৃহবিবাদ, গৃহবিরোধ, *n.* Internecine quarrel; family dissension; domestic feud; division in the camp.
গৃহভূমি, *n.* Homestead.
গৃহভেদ, *n.* Family quarrel; dissensions in a family; burglary; house-breaking.
গৃহ-ভেদক, *n.* House-breaker.
গৃহভেদী, *a.* Sowing seeds of dissension in a family; betraying family secrets.
গৃহমণি, *n.* Lamp of a house.
গৃহমার্জন, *n.* House-cleaning. গৃহমার্জন করা—Clean a house.
গৃহমৃগ, *n.* Domestic dog.
গৃহযুদ্ধ, *n.* Civil war; internal quarrel; domestic quarrel.
গৃহলক্ষ্মী, *n.* Chaste or virtuous lady; faithful wife; woman of excellent manners.
গৃহশত্রু, *n.* Enemy of one's own family; quisling.
গৃহশিক্ষক, *n.* Private tutor.
গৃহশিল্প, *n.* Cottage industry; handicraft.
গৃহশূন্য, গৃহহীন, *a.* Houseless; homeless. গৃহশূন্য হওয়া—Become homeless. [house.
গৃহসজ্জা, *n.* Furniture; equipage of a
গৃহস্থ, *n.* Householder; family man; master of a house; father of a family; person of moderate income; middle-class man:—*a.* liying in a house; (of *Hindu ashram*) living the life of a householder. গৃহস্থ ঘরে—In a middle-class family.
গৃহস্থধর্ম, গার্হস্থ্যধর্ম, *n.* Domestic duties or virtues; householder's duties or virtues.
গৃহস্থালি, *n.* Household affairs; household management; housekeeping. গৃহস্থালি করা—Manage domestic affairs; keep house.
গৃহস্থাশ্রম, *n.* Condition or life of a householder; second stage in the life of a *Hindu*.
গৃহস্বামিনী—Same as গৃহকর্ত্রী।
গৃহস্বামী—Same as গৃহকর্তা।
গৃহহারা, *a.* Homeless.
গৃহহীন—See গৃহশূন্য।
গৃহাগত, *a.* Come home:—*n.* guest; visitor.
গৃহাগ্নি, *n.* Domestic fire; fire in a house; fire that burns a house.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৃহাঙ্গনা, *n.* Mistress of a house.
গৃহান্তর, *n.* Interior of a house; another house; another room.
গৃহাশ্রম--Same as গৃহস্থাশ্রম।
গৃহাসক্ত, *a.* Homesick; extremely home-keeping.
গৃহিণী, *n.* Wife; housewife.
গৃহিণীপনা, *n.* Housewifery.
গৃহী, *n.* Householder; family man. *fem.*=গৃহিণী।
গৃহীত, *a.* Taken; accepted; received; acquired; caught; promised; agreed to; sheltered; passed.
গৃহীতভোট, *a.* Voted.
গৃহোপকরণ, *n.* Domestic utensils; furniture.
গৃহ্য, *a.* To be taken or seized; domestic; of a house; home-made.
গৃহ্যকর্ম, *n.* Domestic duties.
গৃহ্যসূত্র, *n.* Old book dealing with the laws of marriage, birth, etc.; ceremonies to be performed by a householder. [germ; shoot.
গেজ, গ্যাজ, *n.* Plumule; sprout;
গেঁজলা, গাঁজলা, *n.* Foam; beestings.
গেঁজা, গাঁজা, *v.* Ferment; be covered with foam or froth.
গেঁজানো, গাঁজানো, *v.* Ferment; chatter garrulously. [money-bag.
গেঁজে, গেঁজিয়া, গাঁজিয়া, *n.* Purse;
গেঁজেল, *n.* Hemp-smoker; sot; one who is given to telling cock-and-bull stories:—*a.* given to hemp-smoking; given to telling cock-and-bull stories.
গেঁট, গ্যাট, *a.* Free and easy.
গেঁটা, গ্যাটা, *a.* Short.
গেঁটাগোঁটা, *a.* Short and stout; thick-set; short and plump; stodgy; dumpy.
গেঁটে, *a.* Knotted; knotty.
গেঁটেবাত, *n.* Rheumatism; gout.
গেঁড়, *n.* Tuber; rhizome.
গেঁড়া, *n.* Misappropriation; stealth; —*a.* dwarfish; short-statured. গেঁড়া দেওয়া, গেঁড়া মারা—Steal; filch; purloin; misappropriate; possess or secure surreptitiously.
গেঁড়াকল, *n.* Racket.
গেঁড়ি, *n.* Snail.
গেঁড়ু, গেঁড়ো, *n.* Playing ball; tuberculous root; bulb.
গেঁতো, *a.* Indolent; procrastinating; of extremely dilatory habit; stick-in-the-mud.
গেঁদা, গাঁদা, *n.* Marigold.
গেঁয়ো, গেঁয়ে, *a.* Rustic; rural; churlish; of a village; unpolished; vulgar. গেঁয়ো লোক—Rustic.
গেঁয়ো-যোগী, *n.* Anchorite living in the same village with others.
গেঙানি, গেঙ্গানি, *n.* Whining cry; groan; moan.
গেঙানো, গেঙ্গানো, *v.* Whine; groan; moan:—*n.* whining cry; lamentation.
গেছো, *a.* Living in trees; arboreal; climbing trees; expert in climbing trees. গেছো ইঁদুর—Climbing rat. গেছো ব্যাঙ—Tree-frog. গেছো মেয়ে—Hoyden; tomboy; romp.
গেজেট, *n.* Gazette.
গেঞ্জি, *n.* Guernsey.
গেট, *n.* Gate.
গেন্ডু, গেন্ডুক, গেন্ডুয়া, গেন্দুক, *n.* Playing ball.
গেতো—Same as গেঁতো।
গেয়, *a.* Fit to be sung; proper to be chanted; to be sung.
গেরস্ত—Same as গৃহস্থ। [(*n.*)।
গেরি—Same as গৈরিক।
গেরিমাটি, গিরিমাটি—Same as গৈরিক
গেরিলা, *n.* Guerilla.
গেরিলা-যুদ্ধ, *n.* Guerilla warfare.
গেরুয়া, *a.* Coloured with red ochre; dyed with red chalk; having the colour of red ochre; pale yellow: —*n.* cloth dyed with red ochre.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গেরুয়া কাপড়—Cloth dyed with red ochre.

গেরেফ্‌তার—Same as গ্রেপ্তার।

গেরেফ্‌তারী—Same as গ্রেপ্তারী।

গেরো, *n.* Knot; tie; misfortune; ill luck; influence of an evil star; evil; pest. কপালের গেরো—Bad luck. গেরো দেওয়া—Tie up a knot. গেরো ধরা, গেরোয় ধরা—Be down on luck; be under the influence of an evil star. গেরোর ফের—Influence of an evil star.

গেল, *v.* Went; has or have gone :—*a.* last (as, last year).

গেলা, *v.* Swallow; devour.

গেলানো, *v.* Cause to swallow; feed.

গেলাপ, *n.* Cover; case.

গেলাস, *n.* Glass.

গেলি, *n.* Galley.

গেহ, *n.* House; dwelling; abode; room; cottage.

গেহী, *n.* Householder; family man.

গৈরী—Same as গয়রী।

গৈরিক, *n.* Red chalk; red ochre; red earth; red orpiment :—*a.* coloured with red ochre; dyed with red chalk or ochre; growing in the mountain; mountainous; hill-born; hilly. গৈরিক বসন, গৈরিক বস্ত্র—Cloth dyed with red chalk; cloth of pale yellow-colour.

গৈরেয়, *a.* Growing in the mountain; hilly :—*n.* red chalk or ochre; bitumen.

গো, *n.* Cow; bull; cattle.

গো, গা, *ind.* Word used in *drawing attention*, as, ওগো, হাঁ গা, কে গা?—O you! Look here! Who are you?

গোঁ, *n.* Whim; fancy; obstinacy; capriciousness; stubbornness; ruling passion; strong impulse; dogged perseverance. গোঁ ছাড়া—Yield. গোঁ ধরা, গোঁ ধরিয়া থাকা—Hold on obstinately to anything; stick fast; be obstinate; pursue an object doggedly. গোঁ বজায় রাখা—Persevere doggedly.

গোঁ-গোঁ, *n.* Whining sound; roaring; groan. গোঁ-গোঁ করা—Roar; groan. গোঁ-গোঁ শব্দ—Groaning; roar (of a bull or a tiger).

গোঁজ, *n.* Peg; stake; nail; wedge :—*a.* sullen; gloomy. গোঁজ গাড়া বা মারা—Drive a peg. (মুখ) গোঁজ করে থাকা—Pull a long face.

গোঁজলা, *n.* Round hole or aperture in the wall.

গোঁজা, *v.* Insert; tuck in; set in; thrust in; bend :—*n.* wisp of straw inserted inside the old thatch; thrust; poke :—*a.* inserted; thrust in. গোঁজা দেওয়া—Insert a wisp of straw into an old thatch; cook up an account. লাঠির গোঁজা—Thrust or poke with a stick.

গোঁজামিল, *n.* Balancing of an account by cooking up; cooking up or manipulation of an account. গোঁজামিল দেওয়া—Cook up or manipulate an account.

গোঁড়, *n.* Protuberance; swelling of umbilical cord; lump; ball. গোঁড় নাভি (বা নাই)—Projecting navel.

গোঁড়া, *a.* Orthodox; extremely conservative; bigoted; fanatic; following blindly; having a protruding or projecting naval. গোঁড়া ভক্ত—Blind follower. গোঁড়া মুসলমান—Bigoted *Musalman*; orthodox Muslim. গোঁড়া হিন্দু—Orthodox *Hindu*.

গোঁড়ামি, গোঁড়ামো, *n.* Bigotry; blind following; orthodoxy; fanaticism.

গোঁড়ালেবু, *n.* Citron.

গোঁফ, গোঁপ, *n.* Moustache; mustachio; whiskers (of a cat). গোঁফে তা দেওয়া—Trim or stroke the mustachio; be quite at ease or unconcerned.

গোঁফ-খেজুরে, *a.* Very idle; extremely lazy; slothful.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গোঁয়ানো, *v.* Pass; spend; live; elapse; go after. জীবন গোঁয়ানো—Live a whole life. দিন গোঁয়ানো—Pass days.

গোঁয়ার, গোঁয়ারগোবিন্দ, *a.* Obstinate; headstrong; foolhardy; foolishly rash; reckless; dare-devil; impetuous.

গোঁয়ারতমি, গোঁয়ারতুমি, *n.* Obstinacy; stubbornness; rashness.

গোঁসা, *n.* Anger; wrath.

গোঁসাই, *n.* Family title of Lord *Gouranga*; lord; god.

গোকুল, *n.* Herd of cows; multitude of cattle; cow-shed; cow-pen:—*prop. n. Gokul*, a town near *Mathura* where *Krishna* and *Balaram* were brought up as cow-boys. গোকুলে বাড়ছে—Being reared at *Gokul*; growing up stealthily; looming. গোকুলের ষাঁড়—Headstrong or self-willed fellow; mischief-maker.

গোক্ষীর, *n.* Cow's milk.

গোক্ষুর, গোখুর, *n.* Cow's hoof; thisle; cobra.

গো-খাদক, *a.* Beef-eating:—*n.* beef-eater.

গোখুরা-সাপ, গোক্ষুর-সর্প, *n.* Cobra.

গোগা—See গোঙা।

গোগৃহ, *n.* Cow-house; cow-shed.

গোগোষ্ঠ, *n.* Pasture; cattle-shed.

গোগ্রাস, *n.* Feeding like a cow; swallowing in a gulp; gulping down; devouring hastily (without chewing the food). গোগ্রাসে খাওয়া, গোগ্রাসে গেলা—Eat voraciously; devour hastily; gulp one's meal in haste.

গোঘাতক, *n.* Cow-killer; cow-slaughterer.

গোঙরানি, *n.* Groaning.

গোঙরানো, *v.* Groan.

গোঙা, গোঙ্গা, গোগা, *a.* Dumb:—*n.* dumb man.

গোঙানি, গোঙ্গানি, *n.* Groaning.

গোঙানো, গোঙ্গানো, গোঙ্গরানো, *v.* Groan (like a dumb man); make a groaning noise.

গোচ, *n.* Instep; wisp; sheaf.

গোচর, *n.* Object of perception; direct perception; cognizance; grazing field:—*a.* perceived; perceptible. গোচর করা—Make visible; bring to one's notice; make manifest. গোচরে আনা—Bring to one's knowledge.

গোচরভূমি, *n.* Pasture.

গোচরীকৃত, *a.* Brought to one's notice.

গোচরে, *ad.* Within one's knowledge; before one's eyes. গোচরে আনা—Bring to one's notice; make known.

গোচর্ম, *n.* Cow's hide; cow hide.

গোচারক, *n.* Cowherd.

গোচারণ, *n.* Pasturing of cows; tending or feeding of cows; pasturage. গোচারণে যাওয়া—Go to tend cows in the pasture.

গোচারণ-ভূমি, গোচারণ-স্থান, *n.* Pasture-land; grazing ground.

গোচিকিৎসক, *n.* Cow-doctor; cow-leech.

গোচিকিৎসা, *n.* Treatment of the [diseases of cow.

গোছ, *n.* Small sheaf or wisp; bunch; cluster; order; opportunity; attitude; tendency; ankle. গোছ করা—Arrange into bunches; put in proper order. গোছ গোছ করিয়া—Tidying up; with proper outfit. গোছ বাঁধা—Form into a sheaf. পায়ের গোছ—Ankle; instep; calf of the leg.

গোছগাছ, *n.* Method; order; neatness; tidiness. গোছগাছ করা—Pack up; make necessary arrangement (for).

গোছা, *n.* Bunch; cluster; sheaf; bundle. গোছা গোছা—In bunches; in sheaves; in clusters; in bundles.

গোছানে, *a.* Orderly; methodical.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গোছানো, *v.* Arrange; put in order; tidy; sort:—*a.* arranged; well-ordered; tidied up.

গোছালো, গোছাল, *a.* Methodical; systematic; neat and orderly; economical; frugal; tidy; thrifty.

গোজাত, *a.* Produced or got from a cow.

গোট, *n.* Waist-band; girdle.

গোটা, *a.* Whole; entire; unbroken; undivided:—*n.* a kind of powdered spices. গোটা পাঁচেক টাকা—Five rupees or so.

গোটাকতক, গোটাকয়েক, *a.* Small number of; some; a few.

গোটা-গোটা, *ad.* In unbroken form.

গোটানো—See গুটানো।

গোঠ, *n.* Pasture; flock; herd; crowd.

গোঠ-ছাড়া, *a.* Separated from the herd; astray; broken loose.

গোড়, *n.* Foot; root. গোড়ে গোড় দেওয়া—Follow close on one's heels; follow in the wake (of); follow suit.

গোড়তোলা, *a.* High-heeled. গোড়তোলা জুতা—High-heeled shoes.

গোড়মুড়া, *n.* Heel.

গোড়া, *n.* Root; foundation; origin; source; bottom; basis; beginning; preface; prelude. গোড়া কাটা—Cut to the root; strike at the root. গোড়া ঘেঁসে কোপ মারা—Strike down to the root. গোড়া বাঁধা—Earth up to the root as a tree; make the foundation strong. গোড়ার কথা—Early history; preface; introduction; antecedents. যত নষ্টের গোড়া—Root of all evils; arch mischief-maker; principal evil-doer.

গোড়াগুড়ি, *ad.* Anew; *ab initio;* wholly; from the beginning; from the bottom. [origin.

গোড়াঘাট, *n.* Foundation; source;

গোড়ানো, *v.* Result; draw near.

গোড়াপত্তন, *n.* Laying the foundation; start. গোড়াপত্তন করা—Lay the foundation of; start.

গোড়ালি, *n.* Heel. গোড়ালির হাড়—Heel-bone.

গোড়ে, *n.* Thickly set wreath..

গোণা—See গোনা।

গোণী, *n.* Gunny bag or sack; sack-cloth; gunny cloth.

গোণ্ড, *n.* Prominent navel.

গোত্তা, *n.* Dive; dipping; dip. গোত্তা খাওয়া—Dip suddenly (as a paper-kite); make a dive. গোত্তা খেয়ে পড়া—Fall headlong suddenly.

গোত্র, *n.* Family; clan; race; lineage; kin.

গোত্রজ, *a.* Born of the family; lineally descended; lineal; of the same family. [tribe.

গোত্রপ্রধান, *n.* Chief of the clan or

গোত্রীয়, *a.* Of the family or lineage.

গোদ, *n.* Elephantiasis; swollen leg.

গোদা, *a.* Afflicted with elephantiasis; fat; bulky; corpulent:—*n.* ring-leader. গোদা চিল—Common kite. গোদা হাতি—Male elephant. পালের গোদা—Ring-leader of a company or troop.

গো-দান, *n.* Gift of cows. গো-দান করা—Give away a cow or cows.

গোদানি, *n.* Tattooing of the body.

গোদুগ্ধ, *n.* Cow's milk.

গোদুগ্ধজাত, *a.* Made of cow's milk. গোদুগ্ধজাত দ্রব্য—Cow-milk products.

গোদোহন, গোদোহ, *n.* Milking of a cow. গোদোহন করা—Milk a cow.

গোদোহন-কাল, গোদোহ-কাল, *n.* Time of milking a cow.

গোদোহনী, *n.* Milk-pail.

গোধন, *n.* Cows regarded as property or wealth; cattle; live-stock; herd of cows.

গোধা, গোধি, গোধিকা, *n.* Iguana.

গোধূম, গোদূম, *n.* Wheat.

Dr. Umila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গো-ধূম-কীট, *n.* Hessian fly.
গোধূম-চূর্ণ, *n.* Wheaten flour; coarse flour; *atta.*
গোধূলি, *n.* Cow-dust; evening twilight; time just before sunset; time of sunset.
গোধূলি-লগ্ন, *n.* Hour of cow-dust; evening; twilight. গোধূলি-লগ্নে বিবাহ—Marriage ceremony during twilight.
গোধেনু, *n.* Milch-cow.
গোনা, গোণা, *v.* Count; number; enumerate; regard; consider; foretell :—*a.* counted; numbered; enumerated; foretold. গোনা টাকা—Small and fixed income.
গোনাগাঁথা, *a.* Counted and strung together (as beads); all told; limited. গোনাগাঁথা করা—Count; reckon.
গোনাগোষ্ঠী—Same as গণাগোষ্ঠী।
গোপ, *n.* Milkman; cowherd.
গোপকন্যা, *n.* Daughter of a milkman.
গোপ-গোপিনী (গোপী), *n.* Milkman and milkmaid.
গোপন, *n.* Hiding; concealing; privacy; secrecy; concealment :—*a.* confidential; secret; private. গোপন কথা—Private communication; secret. গোপন করা—Hide; conceal; withhold; keep back; keep to oneself; keep one's own counsel; mince matters. গোপন থাকা—Remain hidden; remain secret. গোপন রাখা—Keep secret; keep unrevealed. গোপন স্থান—Private place; retreat.
গোপনারী, গোপবধূ, *n.* Wife of a dairyman or a milkman; dairymaid; milkmaid.
গোপনীয়, *a.* To be hidden or concealed; to be kept secret; private; secret; confidential.
গোপনে, *ad.* Privately; in secret; confidentially; surreptitiously.
গোপনে গৃহে অনধিকার-প্রবেশ—Lurking house-trespass.
গোপবালক, *n.* Cowboy.
গোপা, গোপাঙ্গনা, *n.* Milkmaid; milkwoman; dairymaid.
গোপায়িত, *a.* Hidden; kept secret.
গোপাল, *n.* Cow-keeper; dairyman. আদুরে গোপাল—See under আদুরে।
গোপালক, *n.* Cow-keeper; cowherd: —*a.* that keeps or feeds kine.
গোপালন, *n.* Keeping or feeding of cows. গোপালন করা—Keep or feed cows.
গোপিকা, *n.* Female cowherd; milkmaid; dairywoman.
গোপিত, *a.* Concealed; hidden; kept in custody; guarded.
গোপী, গোপিনী, *n.* Wife of a cowherd or milkman; dairymaid; milkmaid.
গোপীচন্দন, *n.* Earth to draw lines on the forehead.
গোপীযন্ত্র, *n.* One-stringed musical instrument.
গোপুচ্ছ, *n.* Tail of a cow or bull.
গোপুর, *n.* Town-gate; city-gate; ornamental gateway of a temple.
গোপ্তব্য—Same as গোপ্য।
গোপ্তা, *n.* Guardian; protector; patron; sudden dip (as of a bird or paper-kite) :—*a.* sheltering; hiding; concealing.
গোপ্য—Same as গোপনীয়।
গোপ্রচার, *n.* Cattle-pasture.
গোফা, *n.* Cave; hole.
গোবৎস, *n.* Calf.
গোবদা, *a.* Thick; clumsy; unwieldy; heavy.
গোবদা-গাবদা, *a.* Fleshy and plump; bulky; very fat; heavy in build. গোবদা-গাবদা করিয়া—In thick or heavy pieces.
গোবধ, গোহত্যা, *n.* Slaughter of a cow;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

cow-killing. গোবধ করা, গোহত্যা করা —Kill a bull or cow.

গোবধজনিত, *a.* Resulting from the killing of a cow or bull.

গোবর, গোবিষ্ঠা, *n.* Cow-dung:

গোবর-গণেশ, *n.* One fleshy and inert; sluggish or torpid fellow; good-for-nothing fellow; simpleton; dullard; one lacking in energy or vitality.

গোবর-গাদা, *n.* Dunghill. গোবর-গাদায় পদ্মফুল—Primrose on a dunghill; beauty in uncongenial surroundings; gifted child in a rustic family.

গোবর-ভরা, *a.* Stuffed with cow-dung. গোবর-ভরা মাথা—Dolt; blockhead; dunderhead. [watery.

গোবরা, *a.* Like cow-dung; tasteless;

গোবরাঠ, গোবরাট, *n.* Threshold; sill of a door.

গোবরানো, *v.* Become yellowish or reddish (as fruits); write illegibly or clumsily; bungle.

গোবর্ধন, *n.* Name of a hillock in *Brindaban.*

গোবর্ধনধারী, *n. Krishna.*

গো-বাঘ, গো-বাঘা, *n.* Hyaena.

গোবিন্দ, *n. Krishna; Vishnu.*

গোবীজ, *n.* Serum taken from cow-pox. গোবীজের টিকা—Vaccination or inoculation by the serum taken from cow-pox; vaccination from cow-pox.

গোবেচারী, গোবেচারা, *n.* Man of quiet disposition; harmless, inoffensive person:—*a.* of a quiet disposition; harmless.

ছোঁয়াছুঁয়ি, *n.* Repeated touching; contagion; mutual contact or touching.
ছোঁয়ানো, *v.* Cause to touch or be touched.
ছোঁয়ালেপা, *n.* Close contact; close intimacy.
ছোকরা, *n.* Boy; urchin; lad; boy servant:—*a.* of undeveloped age; immature; young and inexperienced.
ছোট, ছোটো, *a.* Little; small; tiny; petty; trifling; mean; base; low; humble; short; younger; junior; youngest; socially depressed (ছোট জাত). ছোট আদালত—Court of small causes; small causes court; lower court. ছোট কথা—Small, petty or trivial matter. ছোট কাকা—Youngest paternal uncle. ছোট চুল—Short hair. ছোট ছেলে—Little boy. ছোট জা—Wife of husband's younger brother. ছোট নজর—Meanness of mind. ছোট ভগিনী—Younger sister. ছোট ভাই—Younger brother. ছোট সরকারী উকিল—Junior Government Pleader.
ছোটখাট, ছোটখাটো, *a.* Diminutive; stout; small; short in stature; of

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

stunted growth; trifling (ছোটখাট ব্যাপার).

ছোট-ঠাকুর, *n.* Youngest brother of the husband's father.

ছোট-বউ, *n.* Youngest brother's wife; youngest wife (of a man).

ছোট-মা, *n.* Junior step-mother.

ছোট-লোক, *n.* Mean fellow; low or vulgar person.

ছোটহাজরি, *n.* Tiffin; light breakfast.

ছোটা, ছুটা *v.* Run fast; run away; tain-tree; natural cord.

ছোটা, ছুটা, *v.* Run fast; run away; get loose; issue; come out; flow speedily; relax from influence; break; stream out (মুখ ছোটা); be driven away. আগুন ছোটা—Feel very hot; get excited. ঘাম ছোটা—Sweat. ঘুম ছোটা—Be awake.

ছোটাছুটি—Same as ছুটাছুটি।

ছোটানো—Same as ছুটানো।

ছোড়, *n.* Bunch; band; separation.

ছোড়-ভাঙা, ছোড়ভঙ্গ, *a.* Separated from a bunch; cut off from a company. ছোড়-ভাঙা হওয়া—Stray; break loose; get free.

ছোড়া, ছোঁড়া, *v.* Cast off; throw; pelt; cast away; discharge; fire:—*a.* discharged.

ছোপ, ছোব, *n.* Stain; tint; paint; mark; spot; coloured mark.

ছোপানো, ছোবানো, *v.* Stain; mark; dye (as a piece of cloth); paint; print.

ছোবড়া, *n.* Rind (of a cocoanut); fibre; cocoanut-fibre; coir.

ছোবল, *n.* Snap; sudden bite (of a snake). ছোবল মারা—Bite suddenly; snap. ছোবল মেরে নিয়ে যাওয়া—Snatch away abruptly.

ছোবলানো, *v.* Bite suddenly; strike suddenly with fangs; paw at; snap.

ছোবা—Same as ছোবড়া। ছোবা ছাড়ানো—Peel.

ছোবানো—See ছোপানো।

ছোমারা—Same as ছোহারা।

ছোরা, *n.* Dagger; large knife; stiletto. ছোরা মারা—Stab.

ছোল, *n.* Peel (of a fruit); integument.

ছোলঙ্গ, *n.* Shaddock.

ছোলা, *n.* Gram; vetch; chick-pea:—*v.* pare; peel; scrape; shave off:—*a.* pared; razed; peeled.

ছোলেনামা, *n.* Deed of compromise.

ছোহারা, *n.* Dried date; currant.

ছ্যা, *ind.* Fie! Shame! Avaunt!

ছ্যাকড়া, *n.* Hackney carriage; waggon; cart. ছ্যাকড়া (ছক্কর) গাড়ির ঘোড়া—Jaded horse; drudge; over-worked person.

ছ্যাঁক—Same as ছেঁক।

ছ্যাঁচড়, ছ্যাঁচড়া, ছ্যাঁচড়ামি—Same as ছেঁচড়, ছেঁচড়া, ছেঁচড়ামি।

ছ্যাকড়া, ছ্যাকড়াগাড়ি—Same as ছেকড়া, ছেকড়াগাড়ি।

ছ্যাতলা—Same as ছাতলা।

ছ্যাবলা—See ছাবলা।

ছ্যাবলামি—See ছাবলামি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জ

জ, The eighth consonant of the Bengali alphabet; measure of length equal to ¼ inch; mouth structure (চোয়াল)।

জই, *n.* Oat.

জউ, জৌ, *n.* Lac; shellac; shell-lac.

জওজ, *n.* Husband.

জওয়াব—Same as জবাব।

জওয়াবদিহি—Same as জবাবদিহি।

জং, *n.* Rust. জং ধরা—Become rusty. জং ধরানো—Rust.

জং-ধরা, *a.* Rusty.

জংলা, জংলী, *a.* Wild; rude; rustic; savage; boorish; churlish; impolite; uncivil. জংলা লোক—Savage.

জংসন, *n.* Junction.

জকার, *n.* The simple letter জ্।

জখম, *n.* Wound; hurt; injury; cut; sore; ulcer; scar:—*a.* wounded. জখম করা—Wound; injure. জখম হওয়া—Be wounded; be injured.

জখমী, *a.* Wounded; injured.

জগ, জাগ, *n.* Jug.

জগজগ, *ind.* Word denoting *glare, lustre* or *brightness.* জগজগ করা—Glare; glitter; shine brightly.

জগজগা, *n.* Tinsel; dazzling tin-foil; shining lace.

জগজগে, *a.* Brilliant; shining bright; sparkling; dazzling; vivid.

জগজন—Same as জগজ্জন।

জগজ্জন, *n.* Whole world; all the people of the world.

জগজ্জননী, *n.* Mother of the world; goddess *Durga.*

জগজ্জয়ী, *a.* Conquering the whole world; world-conquering:—*n.* conqueror of the world; world-conqueror.

জগজ্জীবন, *n.* Life of the world or universe; air.

জগঝম্প, *n.* Kettle-drum; war-drum.

জগতী, *n.* World; earth.

জগতীতল, *n.* Surface of the earth; earth.

জগৎ, *n.* World; universe; earth; sphere; field.

জগৎকর্তা, *n.* Creator of the world; God.

জগৎকারণ, *n.* Cause or source of the universe; author of the world; God.

জগৎজোড়া, *a.* World-wide; universal.

জগৎপতি, *n.* Lord or master of the world; God.

জগৎপাতা, জগৎপালক, *n.* Preserver of the world; God.

জগৎপিতা, *n.* Father of the world; God.

জগৎপ্রাণ, *n.* Life of the world; air; wind.

জগৎময়, *ad.* Throughout the world.

জগৎসংসার, *n.* Whole world; universe.

জগৎসাক্ষী, *n.* Witness of the universe; sun.

জগৎস্রষ্টা—Same as জগৎকর্তা।

জগদম্বা—Same as জগজ্জননী।

জগদীশ, জগদীশ্বর, *n.* Master of the world; lord of the universe; God.

জগদীশ্বরী, *n.* Goddess *Durga.*

জগদ্গুরু, *n.* The Supreme Spirit; God.

জগদ্দল, *a.* Most oppressing; very heavy; immovably heavy:—*n.* very heavy stone. জগদ্দল পাথর—Immovably heavy stone.

জগদ্বন্ধু, জগবন্ধু, *n.* Friend of the world; God.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জগদ্বাসী, *n.* People of the world; citizen of the world; cosmopolitan. *fem.*=জগদ্বাসিনী।

জগদ্বিখ্যাত, *a.* World-famed; world-famous; famous or known all over the world.

জগদ্ব্যাপিনী, *a. fem.* Same as জগদ্ব্যাপী।

জগদ্ব্যাপী, জগদ্ব্যাপক, *a.* World-wide.

জগন্নাথ, *n.* Lord of the universe; God; image of *Vishnu* at Puri. জগন্নাথের রথ—Holy Chariot of *Jagannath.*

জগন্নাথ-ক্ষেত্র, *n.* Site of the famous temple of *Jagannath* (at Puri in Orissa).

জগন্নিবাস, *n.* Receptacle of the universe; *Vishnu; Krishna;* God.

জগন্ময়, *a.* Pervading the universe; ubiquitous; present everywhere in the world; identical with the universe:—*n.* God.

জগন্ময়ী, *n. fem.* Mother spirit pervading the universe:—*a.* same as জগন্ময়।

জগন্মাতা—Same as জগজ্জননী।

জগন্মোহন, *a.* Captivating all; charming the world; universally popular; very beautiful.

জগন্মোহিনী, *a. fem.* Same as জগন্মোহন।

জগবন্ধু—See জগদ্বন্ধু।

জগমোহন, *n.* Open space in front of the temple of *Jagannath.* at Puri.

জগাখিচুড়ি, *n.* Hotchpotch; mess; farrago.

জঘন, *n.* Hip; loins; lower region of the abdomen.

জঘন্য, *a.* Vile; low; abominable; base; nasty; filthy; repugnant; contemptible. জঘন্য বৃত্তি—Most low or vile pursuit; meanest occupation. জঘন্য ব্যাপার, জঘন্য কাণ্ড—Most vile or abominable affair.

জঘন্যতা, *n.* Vileness; abominableness; repugnance; filthiness.

জঙলা, জঙলী—Same as জংলা, জংলী।

জঙ্গ, *n.* War; battle; rust.

জঙ্গম, *a.* Movable; transitory; animate; going; moving.

জঙ্গল, *n.* Jungle; forest; wood; wilderness; bush; weeds (in a field).

জঙ্গলবাড়ী, *n.* Clearings in jungle.

জঙ্গলা, জঙ্গলী—Same as জংলা, জংলী।

জঙ্গী, *a.* Military; fighting; belligerent:—*n.* soldier; wrestler. জঙ্গী বিমান—Fighter plane.

জঙ্গীলাট, *n.* Commander-in-chief.

জঙ্গুলে—Same as জংলা।

জঙ্ঘা, *n.* Thigh; ham; shank.

জঙ্ঘা-ত্রাণ, *n.* Greaves.

জঙ্ঘাস্থি, *n.* Tibia.

জজ, *n.* Judge; justice. জজ আদালত—Judge's court. জজ হওয়া—Become a judge; be raised to the Bench.

জজগিরি—Same as জজিয়তি।

জজানো, *v.* Defile by touching.

জজিয়তি, *n.* Office or occupation of a judge; judgeship.

জঞ্জাল, *n.* Refuse; sweepings; rubbish; troubles; confusion; botheration. জঞ্জাল জোটানো—Create trouble. জঞ্জাল বাধানো—Create disturbance.

জঞ্জালে, *a.* Troublesome; confused; complex; intricate.

জট, *n.* Matted hair; clotted hair; fibrous root. জট পাকানো—Become matted; clot; complicate; involve; get involved.

জটলা, *n.* Multitude; crowd; assembly. জটলা করা—Form an assembly; congregate; be thronged together; make a clique.

জটা, *n.* Matted hair; clotted hair; fibrous root; mane.

জটাচীর, *n.* Matted hair and rags (or bark).

জটাচীরধারী, *a.* Wearing matted hair and rags.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জটাজাল, *n.* Mass of matted locks.
জটাজুট, *n.* Clotted hair ; matted hair.
জটাজুটধারী, *a.* Wearing matted hair.
জটাধর, জটাধারী, *a.* Wearing matted hair :—*n.* wearer of matted hair ; god *Shiva*.
জটাবল্কল, *n.* Matted hair and bark.
জটাবল্কলধারী, *a.* Wearing matted hair and bark.
জটাভার, *n.* Weight of matted hair.
জটামাংসী, *n.* Indian spikenard.
জটাল, *a.* Having matted hair ; shaggy.
জটিবুড়ী—Same as জটেবুড়ী।
জটিল, *a.* Complex ; intricate ; abstruse ; complicated ; having matted hair ; maned ; clotted ; entangled ; compound. জটিল সংখ্যা—Complex number.
জটিলতা, *n.* Complexity ; intricacy.
জটী, *n.* A sort of fig tree ; one with matted hair.
জটুল, *n.* Nævus ; mole ; natural mark on the body ; birth-mark.
জটে, *a.* Shaggy with clotted hair.
জটেবুড়ী, *n.* Bogey ; bugbear.
জঠর, *n.* Stomach ; belly ; womb.
জঠর-জ্বালা, *n.* Pangs of hunger ; famishing hunger ; ravenous hunger.
জঠর-জ্বালা-নিবৃত্তি, *n.* Satisfaction of hunger.
জঠরবাস, *n.* Remaining in the mother's womb ; embryonic stage.
জঠর-যন্ত্রণা, *n.* Throes or pain of child-birth ; labour-pain ; suffering of the baby in its mother's womb.
জঠরস্থ, *a.* Existing in the womb ; staying in the stomach.
জঠরাগ্নি, জঠরানল, *n.* Digestive fluid ; gastric juice ; hunger. জঠরানল জ্বলিয়া ওঠা—Be terribly hungry.
জঠরানল-নিবৃত্তি, *n.* Satisfaction of hunger. জঠরানল-নিবৃত্তি হওয়া—Have one's hunger satisfied.
জড়, *a.* Inert ; inanimate ; inactive ; cheerless ; insensible ; lifeless ; material ; stupid ; foolish ; idiotic ; decrepit ; dumb ; cold ; having no power of moving ; stiff ; inexpert ; unskilful ; crowded ; amassed ; heaped together ; collected :—*n.* matter ; inanimate and insentient substance ; root ; origin ; foundation. জড় করা—Collect ; heap together ; amass ; roll up. জড় হওয়া—Be collected ; assemble ; crowd together.
জড়-করা (স্তূপীকৃত), *a.* Stacked.
জড়ক্রিয়, *a.* Sluggish ; inactive ; dull ; inert ; torpid.
জড়জগৎ, *n.* Material world ; inanimate world ; physical world.
জড়তা, জড়ত্ব, *n.* Inertness ; inertia ; inanimateness ; inactivity ; coldness ; lethargy ; unskilfulness ; sluggishness ; dullness ; numbness ; foolishness ; idiocy.
জড়ধী-শিক্ষা, *n.* Education of the mentally retarded and defectives.
জড়পদার্থ, *n.* Inanimate substance ; matter ; inert object ; extremely inactive fellow.
জড়পিণ্ড, *n.* Mass of matter.
জড়পুত্তলি, *n.* Inactive or immobile person.
জড়প্রকৃতি, *n.* Inanimate nature ; material world.
জড়প্রায়, *a.* Almost inanimate or inert.
জড়বাদ, *n.* Materialism.
জড়বাদী, *n.* Materialist :—*a.* advocating the doctrine of materialism ; materialistic.
জড়বিজ্ঞান, *n.* Physical science ; physics.
জড়বুদ্ধি, *a.* Imbecile ; fatuous.
জড়ভরত, *n.* Dull or inactive person ; idiot ; dolt ; imbecile ; sluggard :—*a.* inactive ; imbecile.
জড়সড়, *a.* Curled up ; contracted ;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

gathered; collected. জড়সড় করা—Contract; gather together. জড়সড় হওয়া—Shrink (as through fear); be contracted.

জড়াজড়ি, জড়ামড়ি, *n.* Clinging to each other; interlocking. জড়াজড়ি করা—Cling round; interlock; intertwine. জড়াজড়ি করিয়া—Same as জড়াজড়িভাবে।

জড়াজড়িভাবে, *ad.* Being interlocked; intertwining; locked in an embrace; clasped in arms; hugging together.

জড়াত্মক, *a.* Inanimate; insensate; unintelligent.

জড়াম্মা, *a.* Stupid.

জড়ানে, জড়ানিয়া, *a.* Winding or wrapping round; clinging to; clumsy or illegible (said of writing). জড়ানে হাতের লেখা—Illegible handwriting.

জড়ানো, *v.* Wrap round; roll up; turn; wind; cling to; embrace; become confused; overlay; set with precious stones; entangle; implicate; involve:—*a.* wrapped round; rolled up (see also জড়ানে); embraced; intertwined; involved. জড়ানো কথা—Indistinct speech; mumbled or fumbled words. জড়ানো লেখা—Bad or illegible hand.

জড়িত, *a.* Wrapped up; engaged; involved in (ঋণজালে জড়িত—involved in debts); implicated; studded; connected; confused; mumbling; inlaid or set with; hemmed in; enclosed; interwoven. জড়িত করা—Involve; implicate; set with. জড়িত বাক্য—Inarticulate or indistinct or mumbling speech. জড়িত হওয়া—Be involved.

জড়িবুটি, *n.* Medicinal herbs; vegetable drugs.

জড়িমা—Same as জড়তা।

জড়ীভূত, *a.* Become insensible; inactive; benumbed; stupefied; paralysed; become frozen or rigid; complicated; involved.

জড়ুল—Same as জটুল।

জড়ো, *a.* Collected; gathered; heaped together.

জড়োপাসক, *n.* Materialist; worshipper of inanimate objects:—*a.* worshipping matter; worshipping inanimate objects.

জড়োপাসনা, *n.* Materialism.

জড়োয়া, *a.* Studded with jewels; set with jewels. জড়োয়া গহনা—Jewellery; jewel-set ornament.

জতু, জৌ, *n.* Lac; sealing-wax.

জতুক, *n.* Lac; asafoetida.

জতুগৃহ, *n.* Lac-house.

জতুগৃহদাহ, *n.* Burning of the lac-house.

জতুরস, *n.* Lac-dye.

জন, *n.* Person; man; mankind; individual; day-labourer; manual labourer. জন খাটা—Work as a labourer. জন খাটানো, জন লাগানো—Engage labourers. জনে জনে—Individually; one by one.

জনক, *n.* Father; progenitor; generator; producer.

জনকজননী, *n.* Parents; father and mother.

জনকজননী-বিহীন, *a.* Parentless; orphan.

জনকতা, জনকত্ব, *n.* Fatherhood; generativeness; productiveness.

জনকনন্দিনী, জনককন্যা, জনকঝিয়ারী, জনক-তনয়া, জনক-দুহিতা, জনক-সুতা, *prop. n. Sita,* daughter of king *Janaka.*

জনকল্যাণকর, *a.* Producing welfare of the people. জনকল্যাণকর কাজ—Work of public utility; welfare work.

জনক্ষয়, *n.* Loss of population; death of people; high rate of mortality.

জনগণ, *n.* Public; people; assembly

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

of men; crowd. জনগণের দাবি—Public demand.

জনগণনা, *n.* Census.

জনতন্ত্র, *n.* Republic; democracy.

জনতা, *n.* Crowd; multitude; assembly; a number of men; public. অবৈধ জনতা—Unlawful assembly. জনতার মনোভাব—Mass psychology; public opinion.

জনন, *n.* Generation; production; reproduction (অঙ্গজ জনন—vegetative reproduction); birth; origin.

জননকোষ, *n.* Reproductive cell; gamete; germ cell.

জননকোষাধার, *n.* Gametangium.

জননযন্ত্র, *n.* Reproductive organ.

জননশক্তি, *n.* Generative power; procreative power.

জননশক্তিরহিত, জননশক্তিবিরহিত, জননশক্তিবিহীন, জননশক্তিশূন্য, জননশক্তিহীন, *a.* Impotent; sterile; barren.

জননায়ক, *n.* Mass-leader; leader of the people; demagogue.

জননাশৌচ, *n.* Impurity in consequence of a child-birth in a family.

জননী, *n.* Mother; female producer.

জননীয়, *a.* To be produced; producible; begettable.

জননেতা—Same as জননায়ক।

জননেন্দ্রিয়, *n.* Reproductive organ; organ of generation; penis.

জনপদ, *n.* Inhabited place; country; province; region; city; village.

জনপদবধূ, *n.* Village woman; country wife.

জনপালন কৃত্যক (নির্বাহী)—Civil Service (Executive). জনপালন কৃত্যক (ব্যবহারিক)—Civil Service (Judicial).

জনপ্রবাদ, *n.* Popular saying; proverb; rumour; saw; report.

জন-প্রমোদ, *n.* Public entertainment. জন-প্রমোদ সংস্থা—Establishment for public entertainment.

জনপ্রাণিহীন, জনপ্রাণিশূন্য, *a.* Desolate; without any inhabitants.

জনপ্রাণী, *n.* Single individual; man or any other living being; any living creature.

জনপ্রিয়, *a.* Popular; philanthropic; agreeable to mankind.

জনপ্রিয়তা, জনপ্রিয়ত্ব, *n.* Popularity.

জনবহুল, *a.* Thickly populated; congested; crowded.

জনবিরল, *a.* Thinly or sparsely populated.

জনবিহীন—Same as জনমানবশূন্য।

জনম, *n.* Birth; coming into existence.

জনমজুর, *n.* Labourer.

জনমত, *n.* Public opinion; popular verdict.

জনম-ভোর—Same as জন্মভোর।

জনমানব, *n.* Single individual; man. সেখানে কোন জনমানব নাই—The place is without any human habitation.

জনমানবশূন্য, জনমানবহীন, *a.* Desolate; lonely; solitary; deserted; depopulated; uninhabited; forlorn.

জনয়িতা, *n.* Begetter; progenitor; father:—*a.* that begets or generates.

জনয়িত্রী, *n.* Mother; progenitrix.

জনযুদ্ধ, *n.* People's war.

জনরঞ্জন, *n.* Pleasing the people. জনরঞ্জন করা—Please or conciliate or satisfy people.

জনরব, *n.* Rumour; hearsay; report; shout of many people; clamour. জনরব উঠিয়াছে—A rumour is in the air or in circulation; a rumour is afloat.

জনরাষ্ট্র, *n.* Democratic state.

জনশূন্য—Same as জনমানবশূন্য।

জনশ্রুত, *a.* Well-known; famous; popularly known.

জনশ্রুতি, *n.* Report; rumour; hearsay; intelligence; news; tradition.

জনসংখ্যা, *n.* Population.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জনসংঘ, *n.* Mob; large crowd; vast assemblage of people; society for public welfare.
জন-সংভরণ, *n.* Civil Supplies.
জন-সংভরণ-মন্ত্রক, *n.* Ministry of Civil Supplies.
জনসংসদ, *n.* Assembly of people.
জনসমাজ, *n.* Society of people; society; human society.
জন-সম্পর্ক, *n.* Public relation.
জনসম্পর্ক আধিকারিক (মাণ্ডলিক)—(Regional) Public Relations Officer.
জনসমুদ্র, *n.* Vast multitude.
জনসাধারণ, *n.* Public; people in general; civil population; commons; proletariat; rabble.
জনস্বাস্থ্য, *n.* Public health.
জনস্রোত, *n.* Stream of people.
জনহিতকর, *a.* Beneficial to the public; promoting public welfare; doing public service; of public utility.
জনহীন—Same as জনমানবশূন্য।
জনা, *n.* Person (ক'জনা—how many persons); creature.
জনাকীর্ণ, *a.* Full of people; populous; crowded; densely populated; overcrowded.
জনাজনা, *n.* Each and every person; one and all.
জনাজাত, *ad.* Individually; to every individual; for each person; to each man; apiece.
জনাজাতি, জনাজাত—Same as জনাজাত।
জনানা, *n.* Woman; seraglio; female apartments; *zenana.*
জনান্তিক, *n.* Aside. জনান্তিকে—(as on the stage) Aside.
জনাপবাদ, *n.* Public calumny; ill repute; public censure; scandal.
জনাব, *n.* Lord; master; sire; your honour; your worship; sir; Mr.
জনাবালি, *n.* Your Excellency.
জনার্দন, *n.* *Vishnu.*
জনার, *n.* Kind of maize; species of Indian corn.
জনি, জনী, *n.* Birth; generation; mother; woman.
জনিকা—Same as জনয়িত্রী।
জনিত, *a.* Produced; begotten; brought into existence; caused.
জনিতা, *n.* Father.
জনিত্র, *n.* Plant (*e.g.*, gas plant).
জনিত্রী, *n.* Mother.
জনীন, *a.* Of mankind; appropriate to, good for, suitable to, accommodating or adapted to need.
জনু, জনুঃ, *n.* Generation; birth.
জনু-ক্রম, *n.* Alternation of generation.
জনে জনে, *ad.* Individually; one by one.
জনৈক, *a.* Certain; some (man, person, etc.).
জন্তু, *n.* Creature; animal; beast; brute.
জন্ম, *n.* Birth; origin; production. জন্ম জন্ম, জন্মে জন্মে—In every birth; every time one is born; eternally. জন্ম দেওয়া—Give birth to; beget; bring forth; produce. জন্ম লওয়া—Be born; be produced; evolve. জন্মের মত—Same as জন্মশোধ।
জন্ম-এয়তী, জন্ম-এয়স্ত্রী, *a. fem.* Survived by one's husband; having one's husband living during one's whole life.
জন্মকুণ্ডলী, *n.* Horoscope; nativity.
জন্মগত, *a.* Inborn; innate; hereditary; congenital.
জন্মগ্রহণ, জন্মপরিগ্রহ, *n.* Coming into existence. জন্মগ্রহণ করা—Be born; come into life; be produced; evolve.
জন্মঘটিত, *a.* Natal; of birth.
জন্মজন্মান্তর, *n.* This life and the next; birth and rebirth.
জন্মজন্মান্তরীণ, *a.* Belonging to this birth and another; of many births past and future.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

জন্মজন্মান্তরে, *ad.* In every succeeding life; from one birth to another; eternally.
জন্মতিথি, *n.* Birthday; lunar day of (one's) birth; anniversary of birth.
জন্মতিথি-উৎসব, জন্মতিথি-পূজা, *n.* Birthday celebration; anniversary of birthday.
জন্মতিথিপালন, *n.* Birthday celebration.
জন্মদাতা, *n.* Father; progenitor; originator; producer.
জন্মদান, *n.* Procreation; generation. জন্মদান করা—Beget; procreate; generate. [vity.
জন্মদিন, জন্মদিবস, *n.* Birthday; nati-
জন্মনক্ষত্র, *n.* Natal star; birthday star.
জন্মপত্রিকা, জন্মপত্র, *n.* Horoscope.
জন্মপরিগ্রহ—See জন্মগ্রহণ।
জন্ম-বধির, *a.* Born-deaf.
জন্মবার্ষিকী, *n.* Annual celebration of birthday.
জন্মবৃত্তান্ত, *n.* Account of one's birth; birth-story.
জন্মভূমি—See জন্মস্থান।
জন্মভোর, *ad.* For life.
জন্মমাস, *n.* Month of (one's) birth.
জন্ম-মৃত্যু, জন্ম-মরণ, *n.* Birth and death. জন্ম-মৃত্যুর তালিকা—List or register of births and deaths.
জন্মরাশি, *n.* Birthday star.
জন্মশোধ, *ad.* For life; for good; once for all.
জন্মসংক্রান্ত, জন্মসম্বন্ধীয়, *a.* Natal; relating to birth.
জন্মস্থান, জন্মভূমি, *n.* Birth-place; native land; native country; fatherland; motherland.
জন্মা, *v.* Come into being; be born; originate; evolve; rise; spring up; grow; occur; accrue.
জন্মানো, *v.* Produce; bring forth; generate; evolve; beget; create; occasion; cause; bring about; engender.
জন্মান্তর, *n.* Rebirth; another birth; next birth; another or different state of existence; another world; next world.
জন্মান্তরবাদ, *n.* Doctrine of transmigration of souls; doctrine of re-birth; theory of reincarnation.
জন্মান্তররহস্য, *n.* Mystery of transmigration of soul.
জন্মান্তরার্জিত, *a.* Acquired in a previous birth.
জন্মান্তরীণ, জন্মান্তরীয়, *a.* Belonging to another life; of another birth.
জন্মান্তরে, *ad.* In another birth of life; in the life to come.
জন্মান্ধ, *a.* Born blind; blind from birth. [life.
জন্মাবচ্ছিন্ন, *a.* Lifelong; all through
জন্মাবচ্ছিন্নে, *ad.* Throughout life; as long as life lasts; lifelong.
জন্মাবধি, *ad.* From or since one's birth; throughout one's life.
জন্মিত, *a.* Generated; born; begotten; evolved (out of).
জন্য, জন্যে, *ind.* For; on account of; on behalf of; in consequence of; for the sake of; because of; owing to. [কয়েকটি বিশিষ্ট প্রয়োগঃ—অর্থের জন্য—For money. অর্থের জন্য লালায়িত—Hankering after riches or money. তাহার জন্য—For him; for his sake; for that. তাহার মন্দ স্বভাবের জন্য সে অনুতাপ করে নাই—He never repented of his bad or vicious nature.]
জপ, *n.* Muttering of prayers; act of praying silently; repetition of *mantras;* prayers. জপ করা—Repeat the name of a deity; mutter a prayer to oneself; count silently over the beads.
জপতপ, *n.* Prayer and penance.
জপনীয়, *a.* To be muttered to oneself; to be counted over silently, esp. in prayer.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জপমালা, *n.* Prayer beads; rosary; object of constant thought; perpetual subject of one's talk.

জপা, *v.* Mutter prayers; repeat the name of a deity; count silently over the beads of rosary. নাম জপা—Repeat the name of a deity. মালা জপা—Count the beads of rosary silently.

জপানো, *v.* Persuade; cajole; coax; try to induce (a person); counsel in secret.

জপিত, *a.* Muttered to oneself; repeated silently over and over again; uttered in silent prayers.

জপ্য—Same as জপনীয়।

জবজব, *ind.* Word denoting *saturation.* কাপড়টা ভিজে জবজব করছে—The cloth is wet through and through.

জবজবে, *a.* Wet; thoroughly moist.

জবড়জং, জবরজঙ্গ, *a.* Clumsy and heavy; cumbrous; untidy (in dress); unseemly; fantastic.

জবর, *a.* Strong; powerful; pertinacious; very big; splendid; superior: —*n.* power; strength.

জবরদখল, *n.* Forcible occupation. জবরদখল করা—Occupy forcibly.

জবরদস্ত, *a.* Forcible; high-handed; powerful.

জবরদস্তি, *n.* Force; compulsion; coercion; high-handedness; authority; oppression. জবরদস্তি করা—Behave high-handedly; carry with a high-hand; force; compel; use coercion. জবরদস্তি করিয়া—Perforce; by force; high-handedly.

জবরদার, *a.* Violent; high-handed; given to violence or high-handedness.

জবা, জবাকুসুম, জবাফুল, *n.* China-rose.

জবাই, *n.* Slaughter in the name of *Allah* (God); sacrifice. জবাই করা—Kill by cutting the throat partially; cut one's throat.

জবাকুসুম—See জবা।

জবান, *n.* Word; speech; language; tongue.

জবানবন্দি, জবানবন্দী, *n.* Deposition. জবানবন্দি করা, জবানবন্দি দেওয়া—Depose.

জবানি, *ind.* Through; per; on behalf of; by proxy:—*n.* statement.

জবানী, *a.* Oral; verbal.

জবাফুল—See জবা।

জবাব, *n.* Reply; answer; rejoinder; retort; response; dismissal. জবাব করা—Answer; respond; reply. জবাব কাটা—Retort. জবাব চাওয়া—Ask for a reply; call for an explanation. জবাব দেওয়া—Reply; dismiss; discharge. মুখে মুখে জবাব করা—Answer orally.

জবাবদিহি, *n.* Explanation; accounting for; liability:—*a.* liable; liable to give an explanation. জবাবদিহি করা—Account for; answer for; explain; be liable for.

জবুথবু, *a.* Decrepit; dull; inactive; incapacitated; inert; benumbed; senile; infirm; enfeebled.

জব্দ, *a.* Humiliated; overpowered; snubbed; regulated; restrained; checked; brought under control; forfeit; proscribed. জব্দ করা—Teach a good lesson; bring under control; check. জব্দ হওয়া—Be humiliated or overpowered; be controlled; be restrained or checked.

জমক, *n.* Splendour; ostentation; show; pomp; parade; improvement; lustre.

জমকানো, *v.* Become glowing or blazing; become vigorous or strong; shine; flourish; grow in prosperity; prosper; thrive:—*a.* splendid. আগুনটা এখন জমকিয়া উঠিয়াছে—The fire is now glowing or blazing; the fire is now in a blaze. তাঁহার অবস্থাটা বেশ জমকিয়া উঠিয়াছে—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

He is thriving; he is in a flourishing condition; he is getting on well in the world.

জমকালো, *a.* Showy; gaudy; pompous; splendid; shining; radiant.

জমজম, *ind.* Word denoting *crowd* and *splendour.* মেলা জমজম করছে—The fair is heavily crowded.

জমজমাট, *n.* Bumper; dense mass:—*a.* flourishing; in full swing; replete with grandeur; quite attractive; opulent.

জমা, *v.* Collect; accumulate; assemble; gather; congeal; accrue; coagulate; freeze; enrapture; put (the audience) in good humour; prove grand or splendid; become enjoyable; become captivating:—*n.* collection; accumulation; deposit; capital; heap; income; (in book-keeping) credit (or receipt) side of an account; sum entered on the credit side of an account book; tenure of land held of a *zemindar;* annual rent or revenue payable on a tenure:—*a.* collected; gathered; summed up; accumulated; frozen; congealed. গান জমেছে—The song has become enjoyable. জমা করা—Collect; gather; amass; heap; accumulate; make entry. জমা করিয়া রাখা—Store up; lay by. জমা করিয়া লওয়া—Enter on the credit side of an account. জমা দেওয়া—Deposit. জমার দিক্—Credit side of an account. জমা লওয়া—Take as a deposit. নামে জমা করা—Set to the credit of.

জমা-ওয়াসিল, *n.* Amount payable and the amount actually paid. জমা-ওয়াসিল করা—Balance an account.

জমা-ওয়াসিল-বাকি, *n.* Statement showing sums due with the amount received and the arrears.

জমাখরচ, *n.* Income and expenditure; receipts and disbursements; debit and credit sides of an account. জমাখরচ করা—Enter on the credit and debit sides of an account-book. জমাখরচের হিসাব—Receipt and payments account.

জমা-গজস্তা, *n.* Rent due for a previous year; arrears in rent.

জমাট, *a.* Hardened; thickened; solidified; condensed; coagulated; congealed; crystallized; solid; cemented; collected; assembled; crowded; intimate; thoroughly delightful. জমাট দুধ—Condensed milk. জমাট বাঁধা—Be cemented hard; set; coagulate; thicken; crystallize; freeze; (of song) be in concord (so as to please); be full of harmony. জমাট বাঁধানো—Cement hard; congeal; coagulate.

জমাটবাঁধা, *a.* Coagulated; clotted. জমাটবাঁধা রক্ত—Clotted blood.

জমাদার, *n. Jamadar;* head constable; headman; captain; tenure-holder. বড় জমাদার, প্রধান জমাদার, সর্দার জমাদার—Head *jamadar.*

জমাদারনী, *n.* Female sweeper.

জমাদারি, *n.* Work or office of a *jamadar.* জমাদারি করা—Work as a captain or head constable.

জমানত, *n.* Security; surety; bail-bond.

জমানতনামা, *n.* Written bond.

জমানবিস, জমানবীস, *n.* Accounts clerk.

জমানো, *v.* Accumulate; collect; save; hoard; store up; lay by; amass; freeze; congeal; coagulate; thicken; amuse or put in good humour (আসর জমানো—put the audience or the assembly in good humour):—*a.* saved up; accumulated; thickened; congealed.

জমাবন্দি, *n.* Statement of revenues or

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

rents; rent-roll; rental; calculation of rents at a certain rate per *bigha*.

জমা-বাকি, *n.* Credit balance.

জমায়েত, জমায়ত, *n.* Assemblage; assembly (অবৈধ জমায়েত—unlawful assembly); gathering; congregation. জমায়েত হওয়া—Gather; assemble.

জমি, জমী, *n.* Land; ground; texture; background; foreground (ছবির জমি—background or foreground of a picture). জমি চষা—Cultivate or plough land. জমির পরিমাণ-ফল—Area of a land. জমির লেভেল—Ground level.

জমিজমা, *n.* Landed property.

জমিজেরাত, জমিজিরাত, *n.* Agricultural land.

জমিদার, *n.* Landholder; landlord; *zemindar*.

জমিদারি, *n.* Estate; landed property; work or office of a *zemindar*.

জমিদারী, *a. Zemindar*-like; befitting a landlord. জমিদারী চাল—*Zemindar*-like style.

জমিন—Same as জমি। কাপড়ের জমিন—Texture of cloth.

জমিয়ৎ-উল-উলেমা, *n.* Assemblage of the *Ulemas*.

জম্পতি, জম্পতী—Same as দম্পতি।

জম্বীর, জম্বির, *n.* Lime; lemon; citron.

জম্বু, জম্বূ, *n.* Rose-apple.

জম্বুক, জম্বূক, *n.* Jackal; fox.

জম্বুকী, জম্বূকী, *n. fem.* Vixen.

জয়, *n.* Conquest; victory; triumph. জয় করা—Win; conquer; beat an enemy; overcome; vanquish. জয় হওয়া—Be won; be crowned with success. যুদ্ধ জয় করা—Win a battle.

জয়কারী, *a.* Conquering; victorious; triumphant.

জয়জয়, *n.* All-round triumph or success.

জয়জয়কার, *n.* Triumph; glory; jubilations; rejoicings; exultations. জয়জয়কার করা—Celebrate a victory; huzza; jubilate. জয়জয়কার হওয়া—Be acclaimed.

জয়জয়ন্তী, *n.* Name of a musical air.

জয়ডঙ্কা, জয়ঢক্কা, জয়ঢাক, *n.* Drum beaten to announce a victory; large drum.

জয়তু—Let there be victory. জয়তু শিবাজী—Victory to *Sivaji*.

জয়ন্তী, জয়ন্তি, *n.* Mace.

জয়দুর্গা, *n.* Goddess *Durga*.

জয়ধ্বজা—See জয়-পতাকা।

জয়ধ্বনি, *n.* Shout or cry of victory; triumphant outcry. জয়ধ্বনি করা—Shout in triumph; triumph over; cry hurrah for victory.

জয়ন্তী, *n.* Birthday celebration (রবীন্দ্র-জয়ন্তী—birthday celebration of *Rabindranath*).

জয়-পতাকা, জয়ধ্বজা, *n.* Flag or ensign of victory; standard of triumph. জয়-পতাকা উড়াইয়া—With colours flying.

জয়পত্র, *n.* Written declaration of victory; written record of triumph; judicial award in favour of the winning party; decree of a court.

জয়পত্রী, *n.* Acknowledgement of a rival's defeat.

জয়পরাজয়, *n.* Conquest and defeat; success and failure.

জয়ভেরী, *n.* War-drum.

জয়মালা, *n.* Wreath of victory; laurels; bays.

জয়যুক্ত, জয়শীল, *a.* Victorious; triumphant; successful.

জয়লক্ষ্মী—See জয়শ্রী।

জয়লাভ, *n.* Winning of victory. জয়লাভ করা—Win a victory; be victorious; be triumphant.

জয়শীল—See জয়যুক্ত।

জয়শ্রী, জয়লক্ষ্মী, *n.* Fortune of victory; goddess of victory; victory; glory.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জয়শ্রী লাভ করা—Win; become victorious.
জয়স্তম্ভ, *n.* Pillar of victory; monument of victory.
জয়ী, *a.* Victorious; triumphant; successful:—*n.* conqueror.
জয়োৎসব, *n.* Celebration of victory or triumph.
জয়োন্মত্ত, *a.* Mad or flushed or intoxicated with victory; triumphant; exulting.
জয়োল্লাস, *n.* Triumph; exultation.
জয়োহস্তু—May you be victorious!
জরজর—See জর্জর।
জরৎ, *a.* Decrepit; infirm; old.
জরতী, *a. fem.* Same as জরৎ।
জরদ, *a.* & *n.* Yellow.
জরদা, জর্দা, *n.* Kind of preparation of tobacco:—*a.* yellow.
জরদ্গব, *n.* Old ox; lazy and old fellow; stupid and indolent fellow.
জরা, *n.* Infirmity; old age; decrepitude; weakness from old age:—*v.* wear out; waste; be overdone; be digested; be pickled.
জরাগ্রস্ত, জরাতুর, *a.* Afflicted with the infirmities of old age; decrepit; old and infirm; very old.
জরাজীর্ণ, *a.* Worn-out or decayed from old age; infirm; decrepit.
জরাজীর্ণতা, জরাজীর্ণত্ব, *n.* Infirmity; decrepitude.
জরাতুর—See জরাগ্রস্ত।
জরানো, *v.* Cause to decay; impregnate; saturate:—*a.* pickled. নুনে জরানো—Salt (as fish).
জরামরণ, জরামৃত্যু, *n.* Infirmity and death.
জরায়ু, *n.* Womb; uterus.
জরায়ুজ, *a.* Of the womb; viviparous:—*n.* viviparous animal.
জরি, জরী, *n.* Gold or silver thread; any metallic thread; lace. জরির ফিতা—Lace ribbon.
জরিদার, *a.* Laced; woven with gold or silver thread.
জরিপ, জরীপ, *n.* Survey; measurement of land; mensuration. জরিপ করা, জরীপ করা—Survey or measure land.
জরিপ-অধিকর্তা, *n.* Director of Surveys.
জরিপ-আমিন, জরিপকারক, *n.* Land-surveyor.
জরিপকারী, *n.* Land-surveyor:—*a.* surveying land.
জরিপী, *a.* Of or connected with survey.
জরিমানা, *n.* Fine. জরিমানা করা—Fine; impose a fine; mulct. জরিমানা হওয়া—Be fined.
জরিষ্ণু, *a.* Decaying.
জরু, *n.* Wife.
জরুর, *ad.* Surely; necessarily.
জরুরত, *n.* Necessity.
জরুরী, *a.* Urgent; necessary; pressing; important; unavoidable; indispensable. জরুরী তার—Urgent or express telegram. জরুরী পত্রী—Urgent slip.
জর্জর, জরজর, *a.* Worn-out; shattered; tottering; crumbling to pieces; ragged; wasted; decayed.
জর্জরিত, *a.* Shattered; very much stricken with (রোগে জর্জরিত); cracked; torn; tattered; ragged; decayed; worn-out; deeply engrossed (ঋণে জর্জরিত).
জর্জরীকৃত, *a.* Hurt; wounded; disabled; shattered.
জর্জরীভূত, *a.* Worn-out; decayed; broken; torn.
জর্দা—See জরদা।
জল, *n.* Water; rain:—*a.* liquid; liquefied; cooled; cold; squandered; wasted. আকাশের জল—Rain-water. কলের জল—Pipe-water. খর জল—Hard water. চক্ষের জল—Tears. টাকা জল হয়ে গেল—All money is wasted. জল আনা—Fetch water. জল উঠা—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Bubble up (as water from a fountain); leak. জল করা—Liquefy; convert into water; pacify. জল খাওয়া—Drink water; take tiffin; have light refreshments. জল ঘুলানো—Make water turbid. জল ছিটানো—Sprinkle water. জল তোলা—Draw water; fetch water. জল দেওয়া—Give water; pour water over; water. জল পড়া—Leak; rain. জল বিযুক্ত করা—Dehydrate. জল বিশ্লেষণ করা—Hydrolize. জল সরা—Use water; allow a flow of water. জল সহা—Go about drawing water (on the eve of a festival). জল সেঁচা, জল ছেঁচা—Bale out water; sprinkle with water. জল হওয়া—Rain; liquefy; cool down; be composed after a fit of passion; calm down. জলে দেওয়া—Waste; give to an unworthy person. জলে পড়া—Fall in a danger; be wasted. জলে ফেলা—Squander away; spend for nothing. জলে যাওয়া—Be spent for nothing; be useless; be wasted. জলের কল—Hydrant; water-works; water-tap. জলের খরতা—Hardness of water. জলের গাড়ি—Water-cart. জলের দামে—At a very cheap rate. জলের স্রোত—Stream; current. বৃষ্টির জল—Rain-water. মৃদু জল—Soft water.

জল-উঠা, জল-উঠা-রোগ, *n.* Water-brash.

জলকপাট, *n.* Sluice-gate; water-gate.

জলকর, *n.* Rent collected from fisheries; water-rate.

জলকর-জমা, *n.* Tenure of fishery right.

জলকল্লোল, *n.* Ripples of water; murmur of a stream; gurgling sound of flowing water.

জলকষ্ট, *n.* Scarcity of water; drought; water-famine.

জলকাচা, *a.* Simply washed; washed in water only.

জলকাদা, *n.* Rain and mud.

জলকুক্কুট, *n.* Water-fowl.

জলকুণ্ড, *n.* Water-hole; well.

জলকূট, *n.* Water-trap.

জলকৃষ্টি, *n.* Water culture.

জলকেলি, জল-ক্রীড়া, *n.* Water-sports; sporting in water; bathing for amusement.

জল-ক্রিয়া, *n.* Water-libation; drink-offering.

জলখাবার, *n.* Refreshments; light repast; snack; tiffin; lunch.

জল-গণ্ডূষ, *n.* Handful of water.

জলগ্রহ, *n.* Catchment.

জলগ্রহণ, *n.* Drinking of water. আমি এখনও জলগ্রহণ করি নাই—I have not yet taken water; I have not yet taken anything; I have not yet broken my fast. জলগ্রহণ করা—Drink water; take any food.

জলগ্রাহী, *a.* Hygroscopic.

জলচক্র, *n.* Water-mill.

জলচর, *a.* Moving or living in water; aquatic:—*n.* aquatic animal.

জলচল, *a.* Admissible to bring water for the use of the higher castes.

জলচারী, *a.* Aquatic; living in water.

জলচিকিৎসক, *n.* Hydropathist.

জলচিকিৎসা, *n.* Hydropathy.

জলচিহ্ন, *n.* Water-mark.

জলচৌকি, *n.* Low stool for bathing purpose.

জলছড়া, *n.* Sprinkle of water; light shower of water.

জলছত্র—Same as জলসত্র।

জলছবি, *n.* Transfer-picture.

জলছাপ, জলছাব, *n.* Water-mark.

জলজ, জলজাত, *a.* Produced in water; sprung from water; hydrophyte; aquatic. জলজ পাদপ—Aquatic plant.

জলজন্তু, *n.* Aquatic animal.

জলজমি, *n.* Paddy-land; marshy land.

জলজাত—See জলজ।

জলজান, *n.* Hydrogen.

জলজীয়ন্ত, জলজ্যান্ত, *a.* Fresh and living (as fish in water); downright or arrant (falsehood).

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জলঝড়, *n.* Wind and rain; rain and storm; fair and foul weather.
জলটুঙ্গি, জলটুঙি, *n.* Lake-dwellings; lake-house; water-palace.
জলঢোঁড়া, *n.* Kind of venomless water-snake.
জলতরঙ্গ, *n.* Musical instrument; a sort of musical glass; wave.
জলদ, *n.* Cloud.
জলদ-কাল, *n.* Rainy season.
জলদ-গম্ভীর, *a.* Deep and grave like the rumbling of clouds.
জলদ-গম্ভীরস্বরে, *ad.* In a voice as deep and grave as the rumbling of clouds; in a stentorian voice.
জলদজাল, জলদমালা, *n.* Series of clouds.
জলদর্শক, *n.* Water-gauge.
জলদস্যু, *n.* Pirate; rover; buccaneer.
জলদস্যুতা, *n.* Piracy. জলদস্যুতা করা—Buccaneer; act as a pirate.
জলদাগম, *n.* The rainy season; the rains.
জলদি, *ad.* Quickly. জলদি করা—Make haste; hurry up. জলদি জলদি—Very quickly; hurriedly.
জল-দেবতা, *n.* Water-nymph; water-deity; naiad.
জলদোষ, *n.* Dropsy; hydrocele; impurity of water.
জলদ্বার, *n.* Sluice-gate; lock.
জলধর, *n.* Cloud:—*a.* holding or having water.
জলধরপটল, *n.* Mass of clouds.
জলধরমালা, *n.* Mass of clouds.
জলধারা, *n.* Stream of water; flow of water.
জলধি, *n.* Sea; ocean.
জলধিতলে, *ad.* At the bottom of the sea.
জল-নকুল, *n.* Otter.
জলনালী, জলপ্রণালী, *n.* Watercourse; water-passage; channel; drain.
জলনিকাশ, *n.* Outlet of water; draining out of water. জলনিকাশ করা—Drain out water. জলনিকাশের পথ—Outlet for water; waterhouse.
জলনিধি, *n.* Sea; ocean.
জলনির্গম, *n.* Exit of water; outflow of water.
জলনির্গম-পথ, *n.* Watercourse; outlet for water; drain.
জলনির্গম-প্রণালী, *n.* Drainage.
জলপটি, *n.* Strip of cloth soaked in water.
জলপড়া, *n.* Enchanted water; charmed water.
জলপথ, *n.* Water-way; sea-route.
জলপথে, *ad.* By water; across the sea. জলপথে ভ্রমণ করা—Sail; voyage.
জলপরাগী, *a.* Hydrophilous.
জলপাই, *n.* Olive tree and its fruit; olive. জলপাইয়ের তেল—Olive oil.
জলপাই-বর্ণ, *a.* Olive-green.
জলপাত্র, *n.* Water-vessel; water-pot; drinking vessel.
জলপান, *n.* Drinking water; refreshments; light repast; luncheon; tiffin. জলপান করা—Drink water; take tiffin; take a light repast.
জলপানি, *n.* Scholarship; stipend.
জলপম্প, *n.* Water-pump.
জলপিপাসা, *n.* Thirst; desire to drink water.
জলপিপাসু, *a.* Thirsty; desirous of drinking water.
জলপীড়ি, *n.* Low stool for water-pitcher.
জলপুলিস, *n.* Port police; marine police.
জলপৃষ্ঠ, জলসমতল, *n.* Water-level; water-surface.
জলপ্রণালী—See জলনালী।
জলপ্রপাত, *n.* Waterfall; cataract; cascade; falls.
জলপ্রবাহ, *n.* Current of water.
জলপ্লাবন, *n.* Deluge; inundation; overflow; flood.
জলপ্লাবিত, *a.* Deluged; inundated; overflooded.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জলবায়ু, জলবাতাস, জলহাওয়া, *n.* Rain and wind; water and air; climate.
জলবারক, *a.* Watertight.
জলবাহ, *n.* Water-bath.
জলবাহক, *n.* Water-carrier.
জলবাহিকা, *n.* Aqueduct.
জলবিছুটি, *n.* Nettle drenched in water for whipping with.
জলবিজ্ঞান, *n.* Hydrostatics.
জল-বিড়াল, *n.* Otter.
জলবিন্দু, *n.* Drop of water.
জলবিভাজিকা, *n.* Water-shed; water-parting.
জলবিম্ব, জলবুদ্‌বুদ, *n.* Bubble of water; water-bubble.
জলবিম্বপ্রায়, *a.* Bubble-like; as transient as a bubble of water:—*ad.* like a bubble of water.
জলবিয়োজন, *n.* Dehydration.
জলবিশ্লেষণ, *n.* Hydrolization. জলবিশ্লেষণ করা—Hydrolize.
জলবিষুব, *n.* Autumnal equinox.
জলবিহার—Same as জলকেলি।
জলবুদ্‌বুদ—See জলবিম্ব।
জলবোড়া, *n.* Water-snake.
জলবোমা, *n.* Depth-charge.
জলভস্‌কা, *a.* Full of water (or watery matter); insipid; vapid; tasteless.
জলভীতি, *n.* Hydrophobia.
জলভ্রমি, *n.* Whirlpool.
জলমক্ষিকা, *n.* Water-insect.
জলমগ্ন, *a.* Immersed in water; drowned; sunk; submerged in water. জলমগ্ন হওয়া—Sink; be drowned; go down into water.
জলমজ্জন, *n.* Immersion in water; drowning.
জলমন্দির, *n.* Summer-house for pleasure in the midst of water.
জলময়, *a.* Watery; inundated; full of water; consisting of water.
জলমরা, *a.* Dried.
জলমার্জার, *n.* Otter.
জলমুক্‌, *n.* Cloud.
জলমুহরি, *n.* Mouth of an outlet for water.
জলযন্ত্র, *n.* Windlass; winch; spray; water-work; water-clock; clepsydra; artificial fountain.
জলযন্ত্রগৃহ, *n.* House with an artificial fountain; lake-house.
জলযাত্রা, *n.* Voyage; journey by water. জলযাত্রা করা—Go by water; voyage.
জলযাত্রী, *n.* Voyager; one who journeys by water:—*a.* voyaging; that goes by water.
জলযান, *n.* Ship; boat; vessel.
জলযানারোহণ, *n.* Embarking.
জলযুক্ত, *a.* Watery; moist; wet.
জলযুদ্ধ, *n.* Naval fight; sea-warfare.
জলযোগ, *n.* Tiffin; refreshments; snack. জলযোগ করা—Take snack or tiffin; take refreshments.
জলযোদ্ধা, *n.* Naval soldier.
জলরঙ্গ, *n.* Water-colour picture.
জলরন্ধ্র, *n.* Water-pore.
জলরাশি, *n.* Mass of water; sheet of water.
জলরেখা, *n.* Water-line.
জলরোধী, জলরোধক, *a.* Waterproof; watertight.
জলশক্তি, *n.* Water-power.
জলশৌচ, *n.* Washing of the posteriors after purging.
জলসত্র, *n.* Place or shed where drinking water and other refreshments are given to passers-by in the hot season. জলসত্র দেওয়া—Distribute water and other refreshments to passers-by.
জলসম, *a.* Level with water.
জলসমতল—See জলপৃষ্ঠ।
জলসা, *n.* Meeting; assembly; entertainment; musical entertainment; soiree; assembly for musical demonstration.
জলসাৎ, *ind.* Consigned to water. জলসাৎ করা—Consign to water.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জলসার, *n.* Pouring down water in torrents (in the last stage of a snake-bite case).

জলসিক্ত, *a.* Sprinkled with water; soaked in water; moistened; wetted.

জলসিঞ্চন, *n.* Sprinkling; irrigation. জলসিঞ্চন করা—Sprinkle with water; irrigate.

জলসুড়ঙ্গ, *n.* Culvert.

জলসেক, *n.* Sprinkling or moistening with water; irrigation; fomentation with water.

জলসেচন—Same as জলসিঞ্চন।

জলস্তম্ভ, *n.* Waterspout; water-pillar.

জলস্ফীতি, *n.* Tide.

জলস্রোত, *n.* Stream of water; current of water; watercourse.

জলহস্তী, *n.* Hippopotamus; hippo.

জলহাওয়া—See জলবায়ু।

জলহারা, *a.* Devoid of water.

জলা, *a.* Watery; swampy; marshy; wet; moist; damp:—*n.* marsh; swamp; bog.

জলাকর্ষী, *a.* Hygroscopic.

জলাঙ্ক, *n.* Water-mark.

জলাচরণীয়—Same as জলচল।

জলাজমি—Same as জলাভূমি।

জলাঞ্জলি, *n.* Handful of water; as much water as is held in the palms joined together; water held in the palms for offering in oblation; severance of connection; relinquishment; bidding adieu. জলাঞ্জলি দেওয়া—Wash one's hands off; bid farewell to; give up; relinquish; forego; forfeit; squander away.

জলাতঙ্ক, জলাতঙ্ক-রোগ, *n.* Hydrophobia; rabies.

জলাতয়, *n.* End of the rainy season; autumn.

জলাধার, *n.* Receptacle for water; reservoir of water; lake; pond; river; well; tank.

জলাধিপ, জলাধিপতি, *n.* Lord or regent of water; water-god; *Varuna;* sea; ocean.

জলাবর্ত, *n.* Eddy; whirlpool.

জলাবৃত্তি, *n.* Hydrotropism.

জলাভাব, *n.* Want or scarcity of water.

জলাভূমি, *n.* Marsh; swamp; bog.

জলাভেদ্য, *a.* Waterproof.

জলাময়, *a.* Marshy; swampy; boggy.

জলার্থী, *a.* Seeking for water; thirsty; wanting a drink.

জলার্দ্র, *a.* Moistened with water; wet.

জলাশয়, *n.* Reservoir of water; pond; tank.

জলীয়, *a.* Aqueous; of water. জলীয় বাষ্প—Aqueous vapour; water-vapour. জলীয় ভাগ—Moisture.

জলুনি—Same as জ্বলুনি।

জলুস, *n.* Refulgence; brightness; radiance; lustre. জলুস দেওয়া—Shine; glare; glaze; gleam; glimmer.

জ'লো, *a.* Watery; full of water; adulterated with water (জ'লো দুধ); insipid; moist; damp; wet; diluted. জ'লো হাওয়া—Moist or damp air; air with moisture or humidity.

জলোচ্ছ্বাস, *n.* Overflow of water (as, in a river); swelling of water; spate; flow-tide.

জলোদর, জলোদরী, *n.* Dropsy.

জলোদ্ভব, *a.* Sprung from water; aquatic.

জলৌকা, *n.* Leech.

জল্প, জল্পন, জল্পনা, *n.* Idle talk; garrulity; prating; babbling; talking. জল্পনা করা—Talk much or idly; prate; babble; chatter.

জল্পক, *n.* Garrulous fellow; babbler; prattler; chatterer.

জল্পিত, *a.* Talked about; spoken vainly; discussed idly; speculated; proposed; planned; pre-arranged.

জল্লাদ, *n.* Executioner; hang-man;

Prof. Kamila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

blood-thirsty fellow; extortioner; extremely merciless person.

জহর, *n.* Precious stone; gem; diamond; poison; venom.

জহরত, *n.* Pearls and gems; jewels; jewellery.

জহরব্রত, *n.* Vow of suicide (among the *Rajput* woman).

জহরী, জহুরী, *n.* Dealer in precious stones; jeweller; lapidary; expert.

জা, যা, *n.* Wife of one's husband's brother.

জাইগির—Same as জায়গির।

জাইগিরদার—Same as জায়গিরদার।

জাইগিরদারি—Same as জায়গিরদারি।

জাউ, *n.* Gruel; porridge. ক্ষুদের জাউ—Gruel prepared from bits of rice; food made by over-boiling tiny fragments of rice.

জাওয়ানো, *v.* Keep or preserve alive; keep ready; hoard; lay by for future provision; save. জাওয়াইয়া রাখা—Preserve alive (as fish in a small reservoir).

জাওর—Same as জাবর।

জাওলা, *n.* Fishes kept alive (in a small reservoir); living small fish as bait stuck in a fish-hook and kept moving about on water.

জাং, *n.* Thigh.

জাঁক, *n.* Splendour; pomp; parade; show; eclat; boasting; pride. জাঁক করা, জাঁক দেখানো—Boast of; vaunt; display pomp; parade; show off. জাঁক দেওয়া—Make fruit ripen in an artificial way; make jute rot under water.

জাঁকজমক, *n.* Pomp; eclat; splendour; show; ostentation. জাঁকজমক করা—Display grandeur; show off; live in an ostentatious style.

জাঁকড়, *n.* Conditional purchase (*viz.*, that the article is to be returned if not approved); conditional sale.

জাঁকড়ে, *ad.* On conditional sale; on inspection. জাঁকড়ে পাঠানো মাল, জাঁকড়ের মাল—Goods sent on approval.

জাঁকা, *v.* Become showy or splendid; hold fast; be flourishing. জাঁকিয়া উঠা—Grow brisk or vigorous; rise; improve; flourish; thrive; prosper. জাঁকিয়া (বা জেঁকে) বসা—Sit tight; come to stay.

জাঁকানো, *v.* Grow splendid; become showy:—*a.* splendid; flourishing.

জাঁকালো—Same as জমকালো। জাঁকালো ব্যবসা—Roaring trade.

জাঁত, *n.* Press; pressure; compressure. জাঁত দেওয়া—Press down; compress.

জাঁতা, *n.* Millstone; grindstone; press; a pair of bellows:—*v.* press:—*a.* pressed.

জাঁতানো, *v.* Put pressure upon; compress; press down.

জাঁতাভাঙ্গা, জাঁতাভাঙা, *a.* Ground by grindstone (flour, etc.).

জাঁতি, জাঁতী, *n.* Nut-cracker.

জাঁতিকল, জাঁতীকল, *n.* Rat-trap. জাঁতিকলে পড়া—Be in a tight corner; fall in a rat-trap.

জাঁদরেল, *n.* General; hero:—*a.* grand; showy; powerful; pompous.

জাঁহাপনা, *n.* Term used in addressing a Mohammedan sovereign; sire; liege.

জাঁহাবাজ, *a.* Crafty; roguish; shrewd; dangerous. জাঁহাবাজ মেয়েমানুষ—Dangerous woman.

জাগ, *n.* Ripening of fruit by artificial warmth; jug. জাগ দেওয়া—Subject to artificial warmth for ripening.

জাগন, *n.* Awakening from sleep; keeping awake; watching.

জাগন্ত, *a.* Awake; waking; not asleep.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জাগর, *n.* Waking; wakefulness; vigilance:—*a.* waking; awake; watchful.

জাগরণ, *n.* Waking; wakefulness; sleeplessness; watchfulness; awakening. জাগরণ করা—Same as জাগা।

জাগরস্বপ্ন, *n.* Day-dream; reverie.

জাগরিত, *a.* Awakened; risen from sleep; awake; vigilant. জাগরিত করা—Awaken; rouse from sleep. জাগরিত হওয়া—Wake up; rise from sleep.

জাগরী, *a. fem.* Sleepless.

জাগরূক, *a.* Awake; wakeful; waking; watchful; heedful; careful; vigilant; present; fresh; green.

জাগা, *v.* Wake up; awake; rise from sleep; appear. রাত্রি জাগা—Sit up late at night.

জাগানে, *n.* Wakener.

জাগানো, *v.* Awaken; stir up; rouse; inspire; ripen (a fruit) prematurely; mature before time.

জাগীর—Same as জায়গির।

জাগীরদার—Same as জায়গিরদার।

জাগ্রৎ, *a.* Waking; being awake; awake; watching; watchful; conscious. জাগ্রৎ অবস্থা—State of wakefulness.

জাগ্রৎ-স্বপ্ন—Same as জাগরস্বপ্ন।

জাগ্রত, *a.* Awake; watchful; awakened. জাগ্রত দেবতা—A live deity.

জাগ্রদবস্থা, জাগ্রদ্দশা, *n.* Wakefulness; alertness.

জাঙ, জাঙ্গ—Same as জাং।

জাঙ্গল, *a.* Woody; of jungles; abounding in woods; wild.

জাঙ্গলিক, *a.* Living in a forest:—*n.* snake-catcher; snake-charmer; dealer in antidotes.

জাঙ্গাল, জাঙাল, *n.* Mound; dyke; dam; embankment; ridge; verdigris.

জাঙ্গিয়া, জাঙিয়া, *n.* Drawers reaching down to the thigh; tight breeches; shorts.

জাঙ্গী, *a.* Green; unripe. জাঙ্গী হরীতকী—A variety of the myrobalan.

জাজিম, *n.* Embroidered bed-sheet; rich elegant white sheet; mattress.

জাজ্বল্যমান, *a.* Flaming; blazing; glaring; bright; shining; brilliant; splendid; refulgent; vivid; clear; manifest; striking; palpable; evident.

জাঠতুত—Same as জেঠতুত।

জাঠর, *a.* Relating to belly or womb; abdominal.

জাড়, *n.* Cold; winter. জাড় লাগা—Feel cold; be affected with cold.

জাড্য, *n.* Frigidity; coldness; apathy; dullness; stupidity; idiocy; inactivity; inertia.

জাড্যকেন্দ্র, *n.* Centre of inertia.

জাত, *a.* Born; grown; engendered; caused; little; infantile; real; true; genuine; stored (গুদামজাত—stored in a godown):—*n.* group; collection (See also জাতি). জাত খাওয়া—Make one outcaste; drive one out of caste; lose one's caste. জাত খোয়ানো—Become an outcaste; lose caste. জাত তোলা—Hint at one's low caste. জাত যাওয়া—Lose one's caste. জাত মারা—Make one outcaste; drive one out of caste. জাতের বিচার—Caste-distinction.

জাতক, *n.* New-born child; astrological calculation of nativity:—*a.* born; begotten; generated.

জাতকর্ম, জাতকৃত্য, জাতক্রিয়া, *n.* Ceremony at child-birth; religious ceremony connected with child-birth.

জাতক্রোধ, জাতকোপ, *n.* Spirit of revenge; resentment; smouldering anger; burning indignation:—*a.* actuated by a spirit of revenge;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

enraged; incensed; offended. জাতক্রোধ হওয়া—Be enraged; be indignant; get into a towering rage; work oneself up into fury.

জাতচক্ষুঃ, *a.* Having eyes opened for the first time (as a creature newly born).

জাতদন্ত, *a.* That has teethed.

জাতদ্রব্য, *n.* Products.

জাতপক্ষ, *a.* Newly fledged.

জাতপত্র, *n.* Horoscope.

জাতপুত্র, *a.* That has a son born to him.

জাতপেশা, *n.* Hereditary profession or craft; trade or occupation carried on by a particular caste.

জাতপ্রত্যয়, *a.* With confidence created; whose confidence has been won; confident; convinced.

জাতবাষ্টম, জাতবৈষ্ণব, *n. Vaishnava* by birth or by caste; real *Vaishnava.*

জাতব্যবসা, *n.* Vocation or trade of one's caste; hereditary vocation.

জাতব্যবহার, *a.* Come of majority; come of age.

জাতভাই—See জাতিভাই।

দাঁড়কাক, *n.* Raven; rook; jackdaw.

দাঁড়া, *n.* Feeler; antenna; claws (of a crab or lobster); forceps (of an insect); proboscis; racking.

দাঁড়ানো, *v.* Stand; stand up; come to; be settled or established (in life); wait; compete; turn to be:—*n.* act of standing; erect position:—*a.* standing; erect. একটু দাঁড়াও—Wait a little. ব্যাপারটা এইভাবে দাঁড়িয়ে গেল—The event took this turn; the event turned to be this.

দাঁড়াশ, *n.* Kind of snake.

দাঁড়ি, *n.* Beam of a balance; beam of a pair of scales; vertical line (।) used in writing at the end of a sentence; full stop. [balance.

দাঁড়িপাল্লা, *n.* Scale of a balance;

দাঁড়ি-বাটখারা, *n.* Scales and weights.

দাঁড়ী, *n.* Oarsman; rower.

দাঁত, *n.* Tooth; fang; tusk; indenture. দাঁত ওঠা—Cut teeth. দাঁত কন-কন করা—Be afflicted with toothache. দাঁত কিড়মিড় করা—Grind one's teeth; gnash one's teeth. দাঁত খিঁচানো—Make faces; grin; grimace. দাঁত টকিয়ে দেওয়া—Set one's teeth on edge. দাঁত তোলা—Extract or draw out a tooth. দাঁত তোলানো—Have a tooth extracted. দাঁত পড়া—Have a tooth fallen away. দাঁত ফোটানো, দাঁত বসানো—Set one's teeth in; bite; comprehend; make out; understand. দাঁত বাঁধানো—Have artificial teeth set. দাঁত ভাঙা—Humiliate; humble. দাঁত মাজা—Cleanse or brush one's teeth. দাঁতে কুটো করা—Be extremely humbled; eat humble pie; undergo utter humiliation. দাঁতে কুটো করানো—Make one eat humble pie. দাঁতে দড়ি দিয়া পড়িয়া থাকা—Lie down without a morsel of food; resolve to fast; refrain from eating. দাঁতে দাঁতে—Pressing teeth together. দাঁতে দাঁতে লাগা (বা ঠেকা)—Have a lock-jaw; clench the teeth. দাঁতে পেষা—Masticate. দাঁতের গোড়া—Root of a tooth; gum. দাঁতের পাথরি—Tartar of a tooth. দাঁতের বেদনা—Toothache. দাঁতের মাজন—Dentifrice. দাঁতের মাড়ি—Gum.

দাঁত-কড়া, *n.* Gum-boil.

দাঁত-কনকনানি, *n.* Toothache.

দাঁত-কপাটি, *n.* Lock-jaw. দাঁত-কপাটি লাগা—Have a lock-jaw.

দাঁত-কিড়মিড়, *n.* Gnashing or grinding of teeth. দাঁত-কিড়মিড় করা—Grind or gnash the teeth.

দাঁত-খামাটি, দাঁত-খামুটি, *n.* Biting of the lower lip (either in rage or in making a violent effort).

Dr. Umila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দাঁত-খিঁচুনি, *n.* Gnashing of teeth; snarling; grimaces.

দাঁতন, *n.* Fibrous twig used as a tooth-brush. দাঁতন করা—Clean one's teeth with a fibrous twig.

দাঁতন-কাঠি, *n.* Fibrous twig to cleanse teeth with.

দাঁতালো, দেঁতো—Same as দন্তাল। দেঁতো হাসি—Forced smile; grin.

দা-কুমড়া, *n.* Bill-hook and pumpkin. তাহার সহিত আমার দা-কুমড়া সম্বন্ধ—I am at daggers drawn with him. দা-কুমড়া সম্বন্ধ—Relationship as between a bill-hook and a pumpkin; deadly enmity; inherent hostility.

দাক্ষিণাত্য, *a.* Southerly; southern :—*n.* the *Deccan.*

দাক্ষিণ্য, *n.* Generosity; favour; benevolence; kindness; frankness; sincerity; politeness; civility.

দাখিল, *n.* Submitting; filing; inserting; payment of money; delivering of goods; transfer of property. দাখিল করা—Produce; present; submit; file; deposit at an office.

দাখিল খারিজ কর্ণাক, *n.* Mutation [clerk.

দাখিলা, *n.* Rent-receipt; receipt for rent or revenue.

দাখিলী, *a.* That is filed or submitted.

দাগ, *n.* Stain; blemish; ill-name; blot; spot; scar; mark; demarcation; trace; vestige; print; badge; cicatrix; line; figure. দাগ কাটা—Mark; spot; draw a line. দাগ তোলা—Remove a stain or spot. দাগ দেওয়া—Mark; brand; stain; blot. দাগ ধরা, দাগ পড়া, দাগ লাগা—Be stained; be affected with a stur; be affected with an unfavourable impression.

দাগ-ওয়ালা, *a.* Branded; spotted; marked.

দাগটিপকারী, *n.* Rule pointing.

দাগড়া, *n.* Mark of injury or bruises; black and blue spot.

দাগড়া-দাগড়া, *n.* Marks of injury or bruises; black and blue spots.

দাগবিলি, *n.* Description of a tenant and the land leased out to him.

দাগযুক্ত—Same as দাগ-ওয়ালা।

দাগরাজি, *n.* Repairing of cracks; pointing. দাগরাজি করা—Repair cracks (as in a roof); point.

দাগমারি, *n.* Dugbelling.

দাগা, *v.* Mark; brand; take aim (with a gun); fire; practise handwriting by tracing :—*n.* treachery; deceit; trouble; shock; pain; slice (about the spine) of a big fish. দাগা দেওয়া—Give pain to; shock; brand. দাগা পাওয়া—Suffer from treachery; suffer grief or shock; be deceived; be shocked. দাগা বুলানো—Trace writing; copy; imitate another.

দাগাদার, *a.* Treacherous; deceitful; wicked; mischievous.

দাগাদারি, *n.* Treachery; deceit.

দাগানো, *v.* Cause to mark or brand; cause to write; cause to fire.

দাগাবাজ, *n.* Cheat; impostor; traitor.

দাগাবাজি, *n.* Treachery; fraud; cheating. দাগাবাজি করা—Practise treachery or fraud.

দাগী, *a.* Stained; branded; spotted; marked; soiled; rotten; convicted :—*n.* old offender. দাগী আসামী—Jail-bird. দাগী লোক—Branded or marked man.

দাঙ্গা, দাঙ্গাহাঙ্গামা, *n.* Riot; fracas; tumult; *melee;* affray; disturbance; breach of the public peace. দাঙ্গা করা, দাঙ্গাহাঙ্গামা করা—Riot; make a riot or disturbance; cause an affray; create a breach of the public peace; kick up a row; indulge in rowdyism.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দাঙ্গাকারী, *n.* Rioter.
দাঙ্গাবাজ, *a.* Riotous; rowdy:—*n.* rioter.
দাঙ্গাবাজি, *n.* Riotousness; riotous conduct; rowdyism.
দাঙ্গাহাঙ্গামা—See দাঙ্গা।
দাড়ি, *n.* Beard. দাড়ি কামানো—Shave the beard.
দাড়িম্ব, দাড়িম, *n.* Pomegranate tree or its fruit.
দাতব্য, *a.* Charitable; to be given in charity; proper to be given; payable; bestowable. দাতব্য করা—Make a gift of; give in charity; give away.
দাতব্য-ঔষধালয়, *n.* Charitable dispensary.
দাতব্য-চিকিৎসালয়, *n.* Charitable hospital.
দাতব্য-বিদ্যালয়, *n.* Free school.
দাতা, *a.* Giving; granting; liberal; munificent; charitable:—*n.* giver; donor; munificent or generous or charitable person.
দাতাকর্ণ, *n.* Munificent *Karna;* very charitable person; (sarcast.) miser; niggardly person.
দাতৃতা, দাতৃত্ব, *n.* Liberality; charitableness; munificence.
দাত্যূহ, *n.* Water-fowl.
দাত্র, *n.* Bill-hook; sickle; chopper; cleaver.
দাত্রী, *a. fem.* Charitable; liberal:—*n.* munificent woman; woman giving away in charity.
দাদ, *n.* Ringworm; tetter; revenge; retaliation. দাদ তোলা—Retaliate; pay off old scores.
দাদখানি, *n.* Fine variety of rice:—*a.* fine.
দাদন, *n.* Advance of money; earnest money; advance; money given on loan. দাদন দেওয়া—Make an advance payment; give earnest money.
দাদনদার, *n.* One who lends money as earnest money.
দাদরা, *n.* Kind of Indian musical measure.
দাদা, *n.* Elder brother; elder cousin.
দাদাঠাকুর, *n.* Venerable Brahmin; revered sir.
দাদাবাবু, *n.* Brother-in-law.
দাদা-মহাশয়, দাদা-মশাই, *n.* Grandfather (mother's father).
দাদা-শ্বশুর, *n.* Grandfather-in-law.
দাদী, *n.* Grandmother.
দাদু, *n.* Grandfather; brother.
দাদূপন্থী, *n.* Follower of the religious creed of *Dadu,* a *Vaishnava* saint.
দাদুর, *n.* Frog.
দাদুরী, *n. fem.* Same as দাদুর।
দান, *n.* Giving; act of giving away; bestowal; presentation; donation; present; gift. দান করা—Make a gift of; present; bestow. দান লওয়া—Receive a gift or alms. দানের বহর—Largeness of charity.
দানকর্ম, দানকার্য, দানধর্ম, দানধ্যান, *n.* Charitable deeds; charity.
দানকাতর, দানকুণ্ঠ, *a.* Miserly; close-fisted.
দানপত্র, *n.* Deed of gift.
দানব, *n.* Demon; monster; giant. *fem.*=দানবী।
দানবারি, *n.* God; *Vishnu;* deity.
দানবীয়, *a.* Devilish; diabolical.
দানবীর, *n.* Very liberal or charitable man; one noted for charity.
দানযোগ্য, *a.* To be given away; fit for a gift; fit for donation or charity.
দানশীল, *a.* Generous; munificent; charitable; bounteous.
দানশীলতা, *n.* Generosity; munificence; liberality.
দানশৌণ্ড, *a.* Liberal; bountiful; munificent; charitable.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দানসজ্জা, *n.* Display of gifts given to the bridegroom and the bride.
দানসত্র, *n.* Alms-house; poor-house; charitable institution.
দানসামগ্রী, *n.* Presents as marriage dowry; gifts.
দানা, *n.* Grain; seed; corn; bead; crystal; ghost; giant; demon. দানা বাঁধা—Granulate; crystallize; take shape; assume form. দানায় (দানোয়) পাওয়া—Be possessed by an evil spirit.
দানাদার, *a.* Granulated; granulous; granular; crystalline:—*n.* *danadar* (a kind of sweetmeat). দানাদার চিনি—Granular sugar. দানাদার লোক—Affluent person.
দানাপানি, *n.* Food and drink; subsistence.
দানীয়, *a.* Fit to be given; worthy of charity.
দানেচ্ছা, *n.* Desire to make gifts.
দানো, *n.* Demon; goblin; ghoul; monster; ghost. দানোয় পাওয়া—Be possessed by an evil spirit.
দান্ত, *a.* Restrained; self-denying; continent; under control; subdued; chastised; punished; temperate.
দান্তি, *n.* Subduing; self-restraint; temperence; self-denial.
দাপ, *n.* Haughtiness; vanity; pride; arrogance; conceit; oppression.
দাপক, *a.* That causes or induces (another) to give; causing to be given.
দাপট, *n.* Influence; authority; prowess; power; outburst; rage; storming; force; violence; tyranny.
দাপন, *n.* Pressing; treading.
দাপনা—See দাবনা।
দাপনীয়, দাপ্য, *a.* To be made to give or pay; to be fined.
দাপাদাপি, *n.* Raging and fuming; blustering; bullying; swaggering; naughtiness; stamping one's feet. দাপাদাপি করা—Same as দাপানো।
দাপানি—Same as দাপাদাপি।
দাপানো, *v.* Stamp violently; be restless in pain; toss about in pain.
দাপুনি, *n.* Outburst of rage; display of pride or power; influence; burning sensation.
দাব, *n.* Pressing down; pressure; control; check; restraint; authority; ability of check; snub; forest; wood on fire.
দাবড়ানি—Same as দাবড়ি।
দাবড়ানো, *v.* Reprove; snub.
দাবড়ি, দাবড়া, *n.* Scolding; reproof; snubbing. দাবড়ি দেওয়া—Sunb; reprove; pull one up; reprimand; take violently to task.
দাবদগ্ধ, *a.* Burnt in a forest; burnt in a conflagration.
দাবদাহ, *n.* Conflagration.
দাবন, *n.* Pressing down; compression; chiding.
দাবনা, দাপনা, *n.* Fleshy part of the thigh.
দাবা, *n.* Game of chess; queen in chess:—*v.* go down; submerge; sink; restrain; control; suppress; compress. দাবা খেলা—Play at chess. দাবার ঘুঁটি—Chessman. দাবার ছক—Chess-board. দাবিয়ে রাখা—Suppress; check; keep down; bring under control; repress; hold in subjection.
দাবাখেলা, *n.* Game of chess.
দাবাগ্নি, দাবানল, *n.* Wood on fire; conflagration.
দাবানো, *v.* Press down; compress; suppress; snub; control; check.
দাবাবোড়ে, *n.* Play at chess; game of chess; queen and pawn at chess.
দাবি, *n.* Claim; demand; plaint; right; title. দাবি করা—Demand; claim. দাবির টাকা—Amount of money claimed; claim. দাবির পরিমাণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

—Amount claimed; money demanded. দাবি মঞ্জুর বা স্বীকার—Allowance of claim. দাবি রাখা—Maintain or uphold a claim to. দাবি স্বীকৃত বা মঞ্জুর হইল—Claim is admitted.

দাবি-দাওয়া, *n.* Rights and claims; claims and demands. দাবি-দাওয়া করা—Claim and demand.

দাবিদার, *n.* Claimant; plaintiff; complainant.

দাম, *n.* Price; value; cost; hire; fare; freight; cord; thread; rope; ribbon; fillet; water-weed; aquatic grass; bunch; cluster; collection; garland. দাম করা—Settle or ask the price of; bargain. দাম চড়ানো—Raise the price. দাম চাওয়া—Ask for the price of. দাম দেওয়া—Pay for; pay the price of. দাম পড়া, দাম লাগা—Cost. বইটির কত দাম লাগিয়াছে—How much does the book cost?

দামড়া, *n.* Castrated bullock or ox:—*a.* castrated. দামড়া গরু—Bullock. দামড়া ঘোড়া—Gelding. দামড়া বাছুর—Male-calf.

দামড়ি, *n.* One-eighth part of a pice; price; cost.

দামামা, *n.* Large kettle-drum; drum.

দামামাধ্বনি, *n.* Fanfare.

দামাল, *a.* Indomitable; naughty; mischievous; (of a child) restless.

দামিনী, *n.* Lightning; electric flash.

দামী, *a.* Costly; valuable.

দাম্পত্য, *a.* Matrimonial; conjugal:—*n.* matrimony; married state; conjugal relation. দাম্পত্য অধিকার—Conjugal right. দাম্পত্য কলহ—Conjugal quarrel. দাম্পত্য নীতি—Matrimonial relations or principles. দাম্পত্য প্রণয়, দাম্পত্য প্রেম—Conjugal love. দাম্পত্য সম্বন্ধ—Conjugal relationship; conjugal relation. দাম্পত্য সুখ—Conjugal happiness.

দাম্ভিক, *a.* Proud; arrogant; haughty; imperious; overbearing; artful.

দাম্ভিকতা, দাম্ভিকত্ব, *n.* Boastfulness; haughtiness; arrogance; conceit.

দায়, *n.* Responsibility; obligation; necessity; need; danger; trouble; difficulty; jeopardy; loss; encumbrance; ceremonial undertaking; debt; mortgage; criminal charge; legacy; inheritance; heritage; patrimony. দায় উদ্ধার—Release from an obligation. দায় পোহানো—Pass through a difficulty; incur a risk. দায়ে ঠেকা—Be hard-pressed; be in a difficulty; face a difficult situation; get into a scrape; come to trouble. দায়ে ঠেকানো—Get one into trouble; lead one into a difficulty; corner one; embarrass. দায়ে পড়া—Get into a difficulty; fall into a scrape; be under obligation (তা'র যেতে দায় পড়েছে—He is under no obligation to go). দায়ে পড়িয়া—Under compulsion; being constrained.

দায়ক, *a.* Giving; compensating; compensatory.

দায়কারী, *n.* Hypothecator.

দায়গ্রস্ত, *a.* Liable; under obligation; indebted; encumbered; involved in trouble or difficulty.

দায়গ্রহণ, *n.* Under-writing.

দায়গ্রাহক, *n.* Under-writer.

দায়বন্ধ, *a.* Hypothecated. দায়বন্ধ করা—Hypothecate.

দায়বন্ধন, *n.* Hypothecation.

দায়বিভাগ, *n.* Partition of ancestral property.

দায়ভাগ, *n.* Partition of heritage; division of ancestral property.

দায়মুক্তি প্রমাণপত্র, *n.* Non-encumbrance Certificate.

দায়রা, *n.* Sessions. দায়রায় সোপরদ্দ করা—Commit to Sessions.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দায়রা-আদালত, *n.* Sessions Court; Court of Sessions.

দায়রা-জজ, দায়রা-বিচারক, *n.* Sessions Judge.

দায়রা-সোপরদ্দ, *a.* Committed to Sessions.

দায়াদ, *n.* Heir; inheritor; son or some other kinsman entitled to a share of inheritance; claimant; kinsman.

দায়াদী, *n. fem.* Heiress; kinswoman: —*a.* inherited.

দায়িক, *a.* Responsible; liable; under obligation.

দায়িকা, *a. fem.* Same as দায়ক।

দায়িতা, *n.* Liability.

দায়িত্ব, *n.* Responsibility; liability; risk. [ponsibility.

দায়িত্বজ্ঞান, দায়িত্ববোধ, *n.* Sense of res-

দায়িত্বহীন, *a.* Irresponsible.

দায়িনী, *a. fem.* Same as দায়ী।

দায়ী, *a.* Responsible; liable; accountable; giving. (কাহারও নিকট) দায়ী—Answerable or accountable to (somebody). (কোন কিছুর জন্য) দায়ী—Answerable or accountable for (something).

দায়ের, *a.* On file; pending; *sub judice.* দায়ের করা—File; submit; institute (কাগজ-পত্র দায়ের করা—file or submit papers; মকদ্দমা দায়ের করা—institute a case). দায়ের বা রুজু বা উপস্থিত করা—Bring before a court (*e.g.*, file a suit). মকদ্দমা যখন দায়ের হয়েছে, তখন এ বিষয়ে মন্তব্য অন্যায়—When the case is *sub judice*, it is wrong to make a remark.

দার, *n.* Wife:—*sfx.* term implying *agency, ownership, possession* and *profession* (as, দোকানদার—shopkeeper).

দারওয়ান—Same as দারোয়ান।

দারকর্ম, দারগ্রহণ, দার-পরিগ্রহ, *n.* Wedding; marriage; taking a wife.

দারগ্রহণ করা, দার-পরিগ্রহ করা—(Of a man) marry; take a wife.

দারণ, *n.* Tearing; lacerating; rending; cracking; dividing of a thing; splitting; (of fruits) dehiscence.

দারত্যাগী, *a.* Forsaking one's wife; divorcing one's wife.

দার-পরিগ্রহ—See দারকর্ম।

দারব, *a.* Wooden; made of wood.

দারা, *n.* Wife.

দারাসুত, *n.* Wife and son.

দারাসুতপরিবার, *n.* Wife, son and other members of the family.

দারিত, *a.* Torn; split; lacerated; divided; cracked.

দারিদ্র্য, দারিদ্র, *n.* Poverty; penury; destitution; indigence; distress.

দারিদ্র্যগ্রস্ত, দারিদ্র্যক্লিষ্ট, *a.* Afflicted with poverty; poverty-stricken.

দারিদ্র্যব্যঞ্জক, দারিদ্র্যসূচক, *a.* Showing or betraying one's poverty.

দারিদ্র্যমোচন, *n.* Alleviation or removal of poverty. দারিদ্র্যমোচন করা—Remove or alleviate one's poverty.

দারু, *n.* Wood; timber; wine; spirituous liquor.

দারুচিনি, *n.* Cinnamon.

দারুজ, *a.* Wooden.

দারুণ, *a.* Terrible; severe; relentless; intense; keen; sharp; hard; difficult; shocking; unbearable; heart-rending; strong; harsh; rude. দারুণ ব্যথা—Severe pain.

দারুনির্মিত, *a.* Wooden; made of wood.

দারুব্রহ্ম, *n.* Image of *Jagannatha* at *Puri.*

দারুময়, *a.* Wooden; made of wood.

দারোগা, *n.* Inspector or Sub-inspector of Police. ছোট দারগা—Junior Sub-inspector of Police. বড় দারোগা—Senior Sub-inspector of Police.

দারোয়ান, *a.* Gate-keeper; *darwan*; porter.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

দার্ঢ্য, *n.* Firmness; sternness; endurance; steadiness; strictness; severity.

দার্শনিক, *a.* Of philosophy; philosophical; metaphysical:—*n.* philosopher; metaphysician.

দার্শনিকতত্ত্ব, *n.* Philosophic truth; philosophical doctrine.

দার্শনিকতত্ত্বজ্ঞ, *a.* Versed in philosophic truth.

দার্শনিকতা, *n.* Philosophical attitude or character.

দাল, *n.* Pulses; split peas; soup of split pulses.

দালচিনি, *n.* Cinnamon.

দালপুরি, *n.* Cake made from pounded or beaten pulses.

দাল-ভাত, *n.* Pea-soup and rice; one's bread and butter.

দালমুট, *n.* Grain of fried pulses.

দালান, *n.* Brick-built house; building; corridor; big hall. দালান দেওয়া—Build a *pucca* house; raise a brick-built house.

দালান-কোঠা, *n.* Brick-built house; masonry buildings.

দালাল, *n.* Broker; commission agent; tout.

দালাল-সদস্য, *n.* Broker-member.

দালালি, *n.* Brokerage; brokery; act of working as a tout. দালালি করা—Work as a broker or agent; act as a go-between.

দাশ, *n.* Fisherman; *Das* (a surname of *Vaidya*).

দাশী, *n.* Fisher-woman.

দাস, *n.* Servant; slave, dependent; subservient person; fisherman. অবস্থার দাস—Slave to circumstances; creature of circumstances.

দাসখত, *n.* Bond of slavery; indenture given by a slave. দাসখত লিখিয়া দেওয়া—Execute a bond of slavery or servitude; bind oneself to serve another.

দাসত্ব, *n.* Slavery; bondage; servitude; service. দাসত্ব করা—Work or serve as a slave; slave and drudge; serve; be in the service of.

দাসত্ব-প্রথা, দাস-বিক্রয়-প্রথা, *n.* Custom of slave-trade.

দাসত্ব-বন্ধন—Same as দাসত্ব-শৃঙ্খল।

দাসত্ব-শৃঙ্খল, *n.* Chains of slavery; bonds of slavery. দাসত্ব-শৃঙ্খলে আবদ্ধ—Bound in chains of slavery; enslaved.

দাসদাসী, *n.* Man-servants and maid-servants.

দাস-ব্যবসায়, *n.* Slave-trade.

দাস-ব্যবসায়ী, *n.* Slave-trader.

দাসমনোবৃত্তি, দাসমনোভাব, *n.* Slave mentality; servility.

দাসানুদাস, *n.* Most humble servant.

দাসী, *n.* Female servant; maid-servant.

দাসীপুত্র, *n.* Maid-servant's son.

দাসীবৃত্তি, দাসীত্ব, দাসীপনা, *n.* Occupation of a female servant; business or work of a maid-servant.

দাস্ত, *n.* Stool; motions; loose motions; purging.

দাস্য, *n.* Servitude; slavery; service; bondage; feeling of service; sentiment of being in service to God.

দাস্যবৃত্তি, *n.* Slavery; servitude; occupation of a servant; service.

দাস্যভাব, *n.* Worship of God as a servant; mode of worshipping God as a master.

দাস্যরস, *n.* Sentiment of being in service to God.

দাহ, *n.* Burning; combustion; cremation; conflagration; cauterizing; heat; inflammation. দাহ করা—Burn; cremate.

দাহক, দাহী, *a.* Burning; inflammatory; causing to burn.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দাহক্রিয়া, *n.* Cremation; burning; rite of cremation.
দাহচুল্লী, *n.* Combustion furnace.
দাহজ্বর, *n.* Inflammatory fever.
দাহন, *n.* Burning; combustion; cremation; kindling; morbid heat.
দাহনীয়, *a.* To be burnt; combustible.
দাহভূমি, *n.* Cremation ground.
দাহিকা, *a. fem.* Burning.
দাহিকা-শক্তি, *n.* Power of burning; burning capacity.
দাহিত, *a.* Inflamed; afflicted.
দাহী—See দাহক।
দাহ্য, *a.* Inflammable; combustible. দাহ্য পদার্থ—Combustible.
দিক্, *n.* Direction; side (এই দিকে—in this direction; on this side. সকল দিকে—on all sides); one of the ten quarters of the globe; point of the compass; end; leading points; boundary; party; portion; region; quarter. [কয়েকটি বিশিষ্ট প্রয়োগঃ—তিনি আমার দিকে—He is for me; he sides with me. তিব্বত হিমালয়ের উত্তর দিকে—Tibet is *to* the north of the *Himalayas*. নেপাল ভারতবর্ষের উত্তর দিকে—Nepal is *in* the north of India. হিমালয় ভারতবর্ষের উত্তর দিকে—The *Himalayas* is *on* the north of India.]
দিক, *a.* Vexed; troubled; annoyed; teasing. দিক করা—Tease; vex; nag.
দিকদারি, *n.* Vexation; annoyance; teasing; nagging; nuisance. দিকদারি করা—Give trouble to; vex; pester; harass.
দিক্‌চক্র, দিক্‌চক্রবাল, *n.* Horizon.
দিক্‌পতি, দিক্‌পাল, *n.* God presiding over a particular quarter of the globe.
দিক্‌শূল, *n.* Day extremely unfavourable to a journey in a certain or particular direction.
দিক্‌স্থিতি, *n.* Orientation.
দিগংশ, *n.* Azimuth.
দিগঙ্গনা, দিগ্‌বধূ, *n.* Presiding goddess of a quarter.
দিগন্ত, *n.* Horizon (circle).
দিগন্তপ্রসারিত, দিগন্তপ্রসারী, দিগন্তব্যাপী, *a.* Extending up to the horizon; boundless; immense.
দিগন্তর, *n.* Another direction; another point (of the compass); very distant land.
দিগন্তরাল, *n.* Space between two quarters of the globe; sky.
দিগন্তরে, *ad.* To another direction; beyond the horizon.
দিগম্বর, *a.* Naked; nude; undressed: —*n. Jaina* mendicant wearing coloured clothes or going naked.
দিগম্বরত্ব, *n.* Nakedness; nudity.
দিগম্বরী, *a. fem.* Naked:—*n.* Goddess *Kali*.
দিগর, *ind.* And others.
দিগ্‌গজ, *n.* Elephant considered as a protector of a quarter (the eight points having each an elephant assigned to it); highly learned man; versatile genius; great fool: —*a.* great; famous. দিগ্‌গজ পণ্ডিত —Vastly learned person; versatile genius; savant; erudite scholar.
দিগ্‌দর্শন, *n.* General survey, mentioning the leading points; looking on all sides; general or bird's-eye view; experience; varied observation; determining a direction; ascertainment of the points of a compass.
দিগ্‌দর্শন-যন্ত্র, *n.* Compass; mariner's compass.
দিগ্‌দর্শী, *a.* Capable of ascertaining the points of the compass; experienced; giving a general hint.
দিগ্‌দিগন্ত, *n.* Vast space; boundless region.
দিগ্‌দিগন্তর, *n.* Quarter and inter-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

mediate quarter; vast stretch of land. [everywhere.
দিগ্‌দিগন্তরে, *ad.* Far and near;
দিগ্ধ, *a.* Anointed; besmeared; steeped (as an arrow in poison).
দিগ্‌ধাউড়ি, দিগ্‌ধাবাড়ি, *a.* Extensive.
দিগ্‌বধূ—See দিগ্‌গনা।
দিগ্‌বলয়, *n.* Horizon.
দিগ্‌বসন, *a.* Without clothes; naked.
দিগ্‌বসনা, *a. fem.* Same as দিগ্‌বসন।
দিগ্‌বালা—Same as দিগ্‌গনা।
দিগ্‌বিজয়, *n.* World-conquest; establishment of one's fame and authority by defeating other scholars. দিগ্‌বিজয় করা—Conquer the world; make a bid for world-conquest; win world-wide fame (by defeating all scholars).
দিগ্‌বিজয়ী, *n.* World-conqueror:—*a.* world-conquering; defeating every scholar or opponent in controversy. দিগ্‌বিজয়ী পণ্ডিত—Learned man of world-wide fame; scholar who has established his authority by defeating others; vastly learned man; savant; erudite scholar.
দিগ্‌বিদিক্‌, *n.* Every direction; every quarter; right and wrong; good and evil.
দিগ্‌বিদিগ্‌জ্ঞান, *n.* Sense of right and wrong or of good and evil; common sense; power of discrimination; knowledge of direction. তোমার দিগ্‌বিদিগ্‌জ্ঞান নাই—You do not know what is right and what is wrong; you are devoid of common sense; you have no mother wit.
দিগ্‌বিদিগ্‌জ্ঞানশূন্য, *a.* Unable to distinguish right from wrong; devoid of common sense; rash; bewildered; non-plussed; at a loss; at one's wit's end. দিগ্‌বিদিগ্‌জ্ঞানশূন্য হইয়া—Being at a loss; rashly.
দিগ্‌বিন্দু, *n.* Cardinal points.
দিগ্‌ভ্রম, দিগ্‌ভ্রান্তি, *n.* Failure in ascertaining the points of the compass; mistake of the direction or way; losing one's way. দিগ্‌ভ্রম হওয়া—Fall into an error about direction; lose one's way; deviate from the right path; go astray.
দিগ্‌ভ্রমণ, *n.* Wandering over the earth; globe-trotting.
দিগ্‌ভ্রান্ত, *a.* Mistaken about the way or direction; unable to find or make out one's way.
দিঘল—Same as দীঘল।
দিঙ্‌নাগ, *n.* Elephant considered as a protector of a quarter.
দিঙ্‌নির্ণয়, দিঙ্‌নিরূপণ, *n.* Ascertainment of the points of compass; knowing or determining the direction one is going.
দিঙ্‌মণ্ডল, *n.* Horizon; all sides. দিঙ্‌মণ্ডল মেঘে আচ্ছন্ন হইয়াছে—The sky has been overcast with clouds.
দিঙ্‌মূঢ়—Same as দিগ্‌ভ্রান্ত।
দিঠি—Same as দৃষ্টি।
দিতিজ, দিতিসুত, *n.* Son of *Diti*; monster; giant.
দিৎসা, *n.* Desire to give or make a gift.
দিৎসু, *a.* Willing to give; desirous of giving.
দিদা, *n. fem.* Grandmother.
দিদি, *n.* Elder sister; elder cousin.
দিদি-ঠাকুরানী, দিদিঠাকুরুন, *n.* Worshipful elder sister; grandmother.
দিদিমা, ঠানদিদি, *n.* Grandmother.
দিদৃক্ষমাণ, *a.* Willing to see.
দিদৃক্ষা, *n.* Desire or wish to see.
দিদৃক্ষু, *a.* Wishing to visit; desirous of seeing; willing to see.
দিধিষু, *n.* Second husband of a woman twice married.
দিধিষূ, *n.* Woman twice married.
দিন, *n.* Day; day and night; time.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দিন কাটানো—Spend days or time; make both ends meet; manage to live. দিনকে দিন—As days (or time) pass away. দিন কেনা—Have a favourable time; feather one's nest; butter one's bread. দিন গোনা—Count the days. দিন দিন—Day by day; daily; every day. দিন দেখা—Determine the auspicious days. দিন ধার্য করা—Fix a day. দিন পাওয়া—Have an opportune time. দিন ফেরা—Have prosperous days. দিনে দিনে—From day to day; daily; by day-time. দিনে দুবার, দিনে দুবার করিয়া—Twice a day. দিনের পর দিন—Day after day; daily. দিনের বেলায়—In the day-time; by day. [কয়েকটি বিশিষ্ট প্রয়োগঃ—আজ মাসের কদিন?—Which day of the month is it? আমার দিন আর কাটে না—Time hangs heavy on my hands; I can hardly make both ends meet. এই সে দিন—Only the other day. এক দিন না এক দিন—Some day or other; one day (sooner or later); some day. এমন দিন নাই যে—Not a day passes when. তাহার দিন চলে না—He cannot make both ends meet; he lives from hand to mouth. তাহার দিন ফিরিল—Fortune has smiled on him. তাহার দিন ফুরাইয়াছে বা ঘনাইয়াছে—His days are numbered. সে দিন—The other day; not long ago; that day.]

দিনকর, দিননাথ, দিনপতি, দিনমণি, *n.* [Sun.

দিনকাল, *n.* Days; times. দিনকাল বড় খারাপ—Times or days are very hard.

দিনক্ষণ, *n.* Auspiciousness of a day for performing something.

দিনক্ষেপ, দিনক্ষেপণ, *n.* Spending of a day; passing away of time.

দিনগত, *a.* Day to day; daily. দিনগত পাপক্ষয় করা—Finish somehow the daily routine.

দিনদগ্ধা, *n.* Inauspicious day.

দিনদুপুর, *n.* Midday; noon.

দিনদুপুরে, *ad.* In broad daylight.

দিনপঞ্জীকার, *n.* Diarist.

দিনপত্রী, *n.* Diary.

দিনপাত, *n.* Spending of days; passing or lapse of time; living; management of household expenses. দিনপাত করা—Spend time; pass days; meet one's expenses; live from day to day; earn a living; live from hand to mouth.

দিনপুস্ত, *n.* Log book.

দিনমজুর, *n.* Day-labourer.

দিনমণি—See দিনকর।

দিনমান, *n.* Whole day; day time.

দিনমানে, *ad.* By day; in the day-time; in course of a day.

দিন-মাহিনা, *n.* Daily wages.

দিনযাপন—Same as দিনপাত। দিনযাপন করা—Same as দিনপাত করা under দিনপাত।

দিনযামিনী, দিনরাত, *n.* Day and night:—*ad.* day and night; always; incessantly.

দিনলিপি, *n.* Diary.

দিনাত্যয়—Same as দিনান্ত।

দিনান্ত, *n.* Close of a day; evening.

দিনান্তে, *ad.* At the close of a day; in the evening. দিনান্তে একবার—Once in a day.

দিনান্ধ, *a.* Unable to see in the day-time; day-blind.

দিনে-ডাকাতি, *n.* Robbery in broad daylight; daring villainy.

দিনে-দুপুরে, *ad.* In broad daylight.

দিনেমার, *n.* Dane:—*a.* Danish.

দিনেমারজাতি, *n.* Danes.

দিনেশ, *n.* Lord of the day; sun.

দিব্, দিব, *n.* Heaven; sky; atmosphere.

দিবস, *n.* Day. দিবসে বাতি জ্বালানো—Burn candle by day.

দিবসাত্যয়, *n.* Close of the day; lapse of time.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দিবসালোক, *n.* Daylight.
দিবসীয়, *a.* Daily; diurnal.
দিবা, *n.* Day. দিবা দুই প্রহর—Midday.
দিবাকর, *n.* Sun.
দিবাকৃত, *a.* Done by day.
দিবাচর, *a.* Wandering or moving by day.
দিবাতন, *a.* Happening during day-time; diurnal. [time.
দিবানিদ্রা, *n.* Sleeping in the day-
দিবানিশ, *n.* Day and night.
দিবানিশি, দিবারাত্রি, *ad.* Day and night; continuously; always.
দিবান্ধ—Same as দিনান্ধ।
দিবাবসান—Same as দিনান্ত।
দিবাভাগ, *n.* Day-time.
দিবালোক, *n.* Daylight. দিবালোকের মত স্পষ্ট—As clear as daylight; quite clear. স্পষ্ট দিবালোকে—In broad day light.
দিবাস্বপ্ন, *n.* Day-dream; reverie.
দিব্বি—Same as দিব্যি।
দিব্য, *a.* Heavenly; celestial; divine; pleasant; delightful; agreeable; beautiful; attractive; excellent:—*n.* oath; ordeal. আমার দিব্য—Upon my honour. ঈশ্বরের দিব্য—By God. দিব্য করা—Swear. দিব্য করানো—Cause to swear.
দিব্যগন্ধ, *n.* Nice smell; heavenly smell; sweet scent or perfume; sulphur.
দিব্যচক্ষু, *n.* Second sight; inner sight; inward eye; heavenly vision; mystical perception or vision; supernatural or spiritual vision:—*a.* having inner sight; having supernatural or spiritual vision. দিব্যচক্ষুতে দেখা—See the future.
দিব্যজ্ঞান, *n.* Spiritual knowledge; divine wisdom; intuition; inner knowledge; supersensual or supernatural knowledge; insight; inward perception.
দিব্যদৃষ্টি, *n.* Inward eye; spiritual insight; clairvoyance.
দিব্যদেহ, *n.* Celestial body.
দিব্যধাম, *n.* Heaven. দিব্যধামে গমন করা—Pass away to Heaven.
দিব্যনেত্র—Same as দিব্যচক্ষু।
দিব্যরথ, *n.* Celestial car; airship; balloon.
দিব্যাঙ্গনা, দিব্যনারী, *n.* Nymph of paradise; exquisitely beautiful lady.
দিব্যাস্ত্র, *n.* Divine weapon.
দিব্যি, *a.* Beautiful; good:—*n.* swearing; oath. দিব্যি গেলে বলা—Say or declare on oath; swear.
দিয়া, *ind.* By; through; with; by means of; along:—*n.* lamp.
দিয়ালা, *n.* Dreamy playful laugh and cry of a sleeping child.
দিয়াশলাই, *n.* Matches.
দিয়াশলাই-কাঠি, *n.* Match-stick.
দিয়াশলাই-বাক্স, *n.* Match-box.
দিল, *n.* Heart; mind.
দিলখোলসা, *a.* Frank; open-hearted.
দিলখোশ, *a.* Light-hearted; jolly; delightful; gay; hilarious; easy of mind; happy-go-lucky.
দিলদরিয়া, *a.* Large-hearted; frank; free of mind; liberal; extravagant; generous; open-handed; hearty.
দিলদার, *a.* Generous; high-minded; magnanimous.
দিশ্—Same as দিক্।
দিশপাশ, *n.* Range of vision; boundary; end; limit. কাজের দিশপাশ নেই—There is no end of work; there are heaps of work to be gone through.
দিশা, দিশে, *n.* Direction; way; means. দিশা না পাওয়া—Fail to find out; be bewildered. দিশা পাওয়া, দিশে পাওয়া—Find one's bearings; hit upon; get the hang (of a thing).
দিশারী, *n.* Guide.
দিশাহারা, দিশেহারা, *a.* At a loss; be-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

wildered; perplexed; confounded; nonplussed; confused. একেবারে দিশেহারা হইয়া—In utter confusion.

দিশিদিশি, *ad.* In all directions; everywhere.

দিস্তা, দিস্তে, *n.* Quire (as of paper); thin place in cloth (caused by defect in weaving).

দিস্তা-পড়া, *a.* Thinned in texture in any part; faulty in texture.

দীক্ষক, *n.* Spiritual guide; instructor; one who administers the oath of initiation.

দীক্ষণীয়, *a.* Fit for initiation.

দীক্ষা, *n.* Initiation; consecration; instruction. দীক্ষা দেওয়া—Initiate; convert; teach. দীক্ষা লওয়া—Same as দীক্ষাগ্রহণ করা।

দীক্ষাগুরু, *n.* Spiritual guide.

দীক্ষাগ্রহণ, *n.* Receiving initiation; being initiated. দীক্ষাগ্রহণ করা—Be initiated; receive initiation.

দীক্ষিত, *a.* Initiated; consecrated; directed; converted. দীক্ষিত করা—Consecrate; convert. খ্রীষ্টধর্মে দীক্ষিত করা—Convert to Christianity; initiate into Christianity; baptize.

দীঘ, *n.* Length.

দীঘল, *a.* Long; extended lengthwise.

দীঘি, *n.* Long or big tank; large oblong pond or lake.

দীঘে, *ad.* Lengthwise; in length.

দীন, *a.* Poor; needy; meek; humble; distressed; wretched; miserable:—*n.* religion; belief in God.

দীনচিত্ত, *a.* Sad in spirit; dispirited; cast down; sorrowful; melancholy; afflicted; dejected.

দীনচিত্তে, *ad.* With afflicted or dejected mind; humbly.

দীনতা, দীনত্ব, *n.* Indigence; penury; poverty; wretchedness.

দীনদয়াময়, *a.* Kind to the poor.

দীনদরিদ্র, দীনদুঃখী, *a.* Indigent; very poor; in abject poverty; utterly destitute.

দীনদুনিয়া, *n.* Religion and the world; faith and the world. দীনদুনিয়ার মালিক—God, the protector or master of religion and the world.

দীননাথ, *n.* Master or protector of the poor; God.

দীনবৎসল, *a.* Kind to the poor; benevolent.

দীনবন্ধু, *n.* Friend of the poor; God.

দীনবাৎসল্য, *n.* Kindness to the poor; benevolence.

দীনভাব, *n.* Humility; humbleness; poor or pitiable state; state of humility or meekness; humble attitude; lowliness of behaviour.

দীনভাবাপন্ন, *a.* Humble; affecting humility; miserable; reduced to a state of wretchedness; lowly.

দীনশরণ, *n.* Resort of the poor; poor man's refuge; God.

দীনহীন, *a.* Poor and lowly; most indigent; wretched; miserable.

দীনার, *n.* Gold coin.

দীনেশ—Same as দীননাথ।

দীপ, *n.* Lamp; light; flame of a lighted wick or candle. দীপ জ্বালানো—Light a lamp. দীপ নিভানো—Put out or extinguish a lamp.

দীপক, *a.* Inflaming; shining; illuminating; kindling; exciting; beautifying; elucidating:—*n.* lamp; light; rhetorical figure.

দীপগাছা, *n.* Chandelier; lamp-stand; candlestick.

দীপ-গৃহ, দীপ-মন্দির, *n.* Lighthouse.

দীপছায়া, *n.* Shadow underneath a lamp.

দীপন, *n.* Lighting; illuminating; illumination; effulgence.

দীপনমাত্রা, *n.* Intensity of illumination.

দীপনশক্তি, *n.* Illuminating power.

দীপনির্বাণ, *n.* Putting out of a lamp;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

extinction of a lamp. দীপনির্বাণ করা —Put out a lamp.

দীপনীয়, *a.* To be lighted; to be stimulated; to be excited; to be energized.

দীপপ্রজ্বালন, *n.* Act of lighting a lamp. দীপপ্রজ্বালন করা—Same as দীপ জ্বালানো।

দীপবর্তিকা, *n.* Wick of a lamp.

দীপবৃক্ষ—Same as দীপগাছা।

দীপ-মন্দির—See দীপ-গৃহ।

দীপমালা, *n.* Row of lamps; display of lights.

দীপশক্তি, *n.* Candle-power.

দীপশলাকা, *n.* Matches.

দীপশিখা, *n.* Flame of a lamp.

দীপাগার, *n.* Lighthouse.

দীপাধার—Same as দীপগাছা।

দীপান্বিতা, *n.* Day of new-moon in the month of *Kartika* and the festival of illuminating houses with rows of lamps (called *Dewali*) held on the night of this day.

দীপাবলি, দীপাবলী, *n.* Row of lamps.

দীপালি, দীপালী, *n.* Row of lights or lapms; *Dewali*.

দীপালোক, *n.* Lamplight.

দীপালোকিত, *a.* Lighted by a lamp; illuminated with lamplight.

দীপিকা, *n.* Lamp; light; moon-light; commentary (of a text); book of reference.

দীপিত, *a.* Lighted; illumined; kindled; inflamed; excited; stimulated; brought to light; disclosed.

দীপ্ত, *a.* Blazing; glaring; shining; luminous; radiant; brilliant; illuminated; lighted; brought to light; full of vigour. দীপ্ত হুতাশন —Blazing fire.

দীপ্তি, *n.* Splendour; lustre; radiance; effulgence; light; beauty; loveliness. দীপ্তি পাওয়া (বা দেওয়া) —Shine; radiate; blaze; glow; gleam; glitter; flash.

দীপ্তিকর, *a.* Illuminating; glowing; flaming; flashing; luminous; shining. [lustre.

দীপ্তিমত্তা, *n.* Radiance; brilliance;

দীপ্তিমান্, *a.* Shining; radiant; lustrous; bright; blazing.

দীপ্তিমাপক, *n.* Photometer.

দীপ্তিমিতি, *n.* Photometry.

দীপ্যমান, *a.* Radiant; shining; bright; being brought to light.

দীপ্র, *a.* Lustrous; luminous; keen.

দীয়মান, *a.* Being given or bestowed.

দীর্ঘ, *a.* Long; lengthy; prolonged; high; tall; lofty; extended; great. দীর্ঘ করা—Lengthen. দীর্ঘে—In length. দীর্ঘে প্রস্থে—In length and breadth.

দীর্ঘকায়, *a.* Long; tall.

দীর্ঘকায়া, *a. fem.* Same as দীর্ঘকায়।

দীর্ঘকাল, *n.* Long time; long period. দীর্ঘকাল পরে—After a long time.

দীর্ঘকালব্যাপী, *a.* Continuing for a long time.

দীর্ঘকেশ, *a.* Long-haired.

দীর্ঘকেশা, দীর্ঘকেশী, *a. fem.* Same as দীর্ঘকেশ।

দীর্ঘগ্রীব, *a.* Long-necked :—*n.* camel; *giraffe*.

দীর্ঘচ্ছেদ, *n.* Longitudinal section.

দীর্ঘজিহ্ব, *a.* Long-tongued.

দীর্ঘজীবন, *n.* Long-life; longevity.

দীর্ঘজীবী, *a.* Long-lived. দীর্ঘজীবী হও —May you live long.

দীর্ঘতা, দীর্ঘত্ব, *n.* Length.

দীর্ঘদর্শী, দীর্ঘদৃষ্টি, *a.* Long-sighted; far-seeing; prudent.

দীর্ঘনাদ, *a.* Long-sounding; sonorous; resounding :—*n.* loud noise; roar.

দীর্ঘনাস, *a.* Long-nosed.

দীর্ঘনিঃশ্বাস, *n.* Sigh. দীর্ঘনিঃশ্বাস ফেলা (বা ত্যাগ করা বা মোচন করা)—Sigh; heave a deep sigh.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দীর্ঘনিদ্রা, *n.* Long sleep; eternal sleep; death; sleep that knows no waking.
দীর্ঘপথ, *n.* Long way or road.
দীর্ঘপাদ, *a.* Long-legged :—*n.* camel; heron; crane.
দীর্ঘবাহু, দীর্ঘভুজ, *a.* Long-armed; long-handed.
দীর্ঘ-বিলম্বিত, *a.* Long-drawn.
দীর্ঘমাত্রা, *n.* Long metre.
দীর্ঘরাত্রি, *n.* Long night.
দীর্ঘরোমা, *a.* Shaggy :—*n.* bear.
দীর্ঘশ্বাস—Same as দীর্ঘনিঃশ্বাস।
দীর্ঘসূত্র, দীর্ঘসূত্রী, *a.* Procrastinating; sluggish; dilatory; slow; tardy.
দীর্ঘসূত্রতা, *n.* Procrastination; dilatoriness; tardiness.
দীর্ঘস্বর, *n.* Long vowel; long note :—*a.* having a long note.
দীর্ঘাকৃতি, দীর্ঘাকার, *a.* Long-sized; of a high stature; oblong.
দীর্ঘাগ্র, *a.* Acuminate.
দীর্ঘায়ত, *a.* Long and broad; rectangular; long-drawn.
দীর্ঘায়ু, *a.* Long-lived. দীর্ঘায়ুরস্তু—May he live long!
দীর্ঘিকা—Same as দীঘি।
দীর্ঘীকরণ, *n.* Elongation.
দীর্ণ, *a.* Rent; torn; split; broken.
দু, *a.* Two. দুকাঠি বাজানো—Strike two sticks; set two men by the ears; pick up a quarrel; cause a row. দুটি খানি—Small in quantity or in amount. দু পোঁচ—Two coats (*e. g.*, of paint). দু হাতে বিলানো—Distribute freely and unstintedly; be open-handed and generous.
দু-আনি—See দুয়ানি।
দুই, *a.* & *n.* Two; couple of. দুইই—Both. দুইই সমান—Both are equal. দুই এক—One or two; about two; a few. দুই একজন—One or two persons. দুই এক দিন—A day or two. দুই এক দিনের মধ্যে—In a day or two. দুই কুল—Both the paternal and maternal sides. দুই খান—Two pieces.
দুই-প্রহর, *n.* Twelve o'clock; midday or midnight.
দুও, দুয়ো, *ind.* Fie; word denoting *contempt.*
দুঃখ, *n.* Sorrow; distress; pain; trouble; suffering; misery; affliction; tribulation; pang; anguish. অনেক দুঃখে—With great trouble; after much suffering. দুঃখ করা—Grieve; regret; take trouble; undergo misery. দুঃখ দূর করা—Relieve distress. দুঃখ দূর হওয়া—Be relieved of misery. দুঃখ দেওয়া—Give pain or trouble to; distress; afflict. দুঃখ পাওয়া বা ভোগ করা—Be in trouble; be distressed; be afflicted with sorrow; suffer. দুঃখ পোহানো—Endure pain; suffer. দুঃখে নিমগ্ন—Overwhelmed with grief; sunk in sorrow. দুঃখে পড়া—Run into distress or misery. দুঃখে মরা—Be mortified with pain; bear unendurable pain. দুঃখের কথা, দুঃখের কাহিনী—Woeful tale; matter of regret. দুঃখের দুঃখী—Sympathizer in distress; co-sharer in suffering; fellow-sufferer. দুঃখের পারাপার নাই—There is no end of misery; the suffering knows no bounds. দুঃখের বিষয়—It is a pity; it is a matter of regret. দুঃখের সময়—Time of distress; evil days; hard times.
দুঃখকর, দুঃখজনক, *a.* Painful; woeful; distressing; causing pain.
দুঃখত্রয়, *n.* Three kinds of misery (*viz.*, spiritual, divine and material).
দুঃখদ, দুঃখদায়ক, *a.* Woeful; miserable; giving pain; painful.
দুঃখদারিদ্র্য, *n.* Distress and poverty.
দুঃখধান্ধা, *n.* Misery; drudgery; destitution; labour; pain. দুঃখধান্ধা করা—Work hard to earn one's living.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

দুঃখনিবৃত্তি, *n.* Cessation of pain or sorrow; alleviation of sorrow or of misery; relief of pain or suffering.
দুঃখপ্রদ—Same as দুঃখদ।
দুঃখবাদ, *n.* Pessimism.
দুঃখবাদী, *a.* Pessimist.
দুঃখভাগিনী, *a. fem.* Same as দুঃখভাগী।
দুঃখভাগী, *a.* Distressed; afflicted; sympathetic; sharing the sorrows of another.
দুঃখভোগ, *n.* Suffering of pain or affliction. দুঃখভোগ করা—Suffer pain or sorrow; undergo sufferings.
দুঃখময়, *a.* Full of affliction or misery; sorrowful; full of troubles and tribulations.
দুঃখমোচন, *n.* Alleviation of pain or suffering. দুঃখমোচন করা—Mitigate misery; relieve distress or suffering; do away with suffering.
দুঃখলভ্য, *a.* To be obtained with difficulty; hard-earned.
দুঃখসহিষ্ণু—Same as কষ্টসহিষ্ণু।
দুঃখসাগর, *n.* Sea of troubles; deep distress; endless trouble or misery; endless suffering.
দুঃখহর, দুঃখহারী, *a.* Mitigating sorrow; removing sufferings.
দুঃখাতীত, *a.* Past sorrow or misery; relieved of all sufferings.
দুঃখান্বিত, *a.* Afflicted; distressed; filled with sorrow; miserable; suffering.
দুঃখার্ত—Same as দুঃখান্বিত।
দুঃখিত, *a.* Sorry; regretful; afflicted; distressed; grieved. দুঃখিত হওয়া—Be sorry; regret.
দুঃখিতচিত্ত, *a.* Pained or troubled at heart; sorry; mortified.
দুঃখিতচিত্তে, *ad.* With a heart full of sorrow; with a mind heavy with grief; with a burdened mind; sorrowfully.
দুঃখিতহৃদয়, দুঃখিতহৃদয়ে—Same as দুঃখিতচিত্ত, দুঃখিতচিত্তে।
দুঃখিনী, *a. fem.* Same as দুঃখী।
দুঃখী, *a.* Miserable; wretched; sad; suffering; poor; destitute; needy; distressed. দুঃখের দুঃখী—See under দুঃখ।
দুঃখোক্তি, *n.* Expression of grief or sorrow; lamentation.
দুঃশাসন, *a.* Unruly; ungovernable; refractory; unmanageable:—*n. Dusshasan,* name of the brother of *Duryodhana.*
দুঃশীল, *a.* Wicked; of bad character; reprobate; ill-behaved; ill-natured.
দুঃশীলতা, *n.* Wickedness; misbehaviour; indecency; naughtiness; unchastity.
দুঃসংবাদ, *n.* Evil news.
দুঃসময়, *n.* Time of distress; adversity; affliction; hard times; evil days; troublous period; inopportune time.
দুঃসহ, *a.* Unbearable; intolerable; severe. দুঃসহ কষ্ট বা যন্ত্রণা—Unbearable sufferings; intolerable pain.
দুঃসাধ্য, *a.* Hard to accomplish; impracticable; difficult; arduous; incurable. দুঃসাধ্য কর্ম—Arduous or hard task. দুঃসাধ্য ব্যাধি—Incurable disease.
দুঃসাধ্যতা, *n.* Difficulty of accomplishment; hardness of a task; arduousness; incurability.
দুঃসাহস, *n.* Rashness; boldness; recklessness; headlessness of consequences.
দুঃসাহসিক, *a.* Daring; bold; defiant; rash; adventurous.
দুঃসাহসিকতা—Same as দুঃসাহস।
দুঃসাহসী—Same as দুঃসাহসিক।
দুঃস্থ, *a.* Distressed; wretched; miserable; poor; straitened; hard-up. দুঃস্থ হওয়া—Be plunged

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

into poverty; be worse off; fall on evil days; meet hardship or distress.

দুঃস্থতা, *n.* Wretchedness; poverty; distress; worsening of condition; falling on evil days.

দুঃস্থিত, *a.* Poverty-stricken; distressed; unstable.

দুঃস্বপ্ন, *n.* Bad dream; awful dream; nightmare. দুঃস্বপ্ন দেখা—Dream a bad dream; suffer from a nightmare.

দুঃস্বভাব, *a.* Of a perverse character; wickedly disposed; of an evil nature:—*n.* evil nature; low disposition; evil propensity.

দুঃসে, *a.* Unruly; unyielding; intractable; refractory; obstinate; stubborn. [stubbornness.

দুঃসেমি, *n.* Unruly conduct; obstinacy;

দুঁহু, দোঁহা, *pron.* & *a.* Both; the two.

দুকথা, *n.* Two words; a few words; harsh words. দুকথা শুনাইয়া দেওয়া—Speak rudely to; be blunt or unsparing in speech; mince no words.

দুকান, *n.* Two persons; two ears. দুকান করা—Give out (a secret). দুকান হওয়া—Be divulged (as a secret); be an open secret; be known; pass from one to another.

দুকুল, *n.* Both sides; paternal and maternal sides; father's family as well as the husband's. দুকুল খাওয়া, দুকুল হারানো—Lose both ways; gain neither of the ends.

দুকূল, *n.* Woven silk; very fine cloth; silken cloth.

দুকূল-ধারী, *a.* Wearing silk cloth; dressed in silk.

দুখ—Same as দুঃখ।

দুখপাসরা—Same as দুঃখহর।

দুখান, দুখানি, *a.* Two; split into two:—*n.* two pieces. দুখান করা—Break in two.

দুগুণ, দুইগুণ, *a.* Twofold; double.

দুগ্ধ, *n.* Milk.

দুগ্ধজ, *a.* Produced from milk.

দুগ্ধজাত, *a.* Produced from milk. দুগ্ধজাত দ্রব্য—Milk products.

দুগ্ধপাত্র, *n.* Pail of milk; milk-can.

দুগ্ধপান, *n.* Drinking of milk. দুগ্ধপান করা—Drink milk. [milk.

দুগ্ধপায়ী, *a.* Drinking or living on

দুগ্ধপোষ্য, *a.* Living on the mother's milk; suckling. দুগ্ধপোষ্য শিশু—Suckling child; suckling infant; baby.

দুগ্ধফেন, *n.* Froth or skim of milk; milk-froth; cream.

দুগ্ধফেনিভ, *a.* As white as milk. দুগ্ধফেনিভ শয্যা—Bed as white as milk.

দুগ্ধবৎ, *a.* Milky; milk-like.

দুগ্ধবতী, *a.* Giving milk; milch. দুগ্ধবতী গাভী—Milch cow; cow yielding a good quantity of milk.

দুগ্ধবিক্রেতা, দুগ্ধব্যবসায়ী, *n.* Milkman; dairyman.

দুগ্ধভাণ্ড—Same as দুগ্ধপাত্র।

দুগ্ধশর্করা, *n.* Lactose.

দুঘড়ি, *n.* Noon; two hours.

দুচার, *a.* Some three or four.

দুচালা—Same as দোচালা।

দুচোখ, *n.* Two eyes. দুচোখের বিষ—Eye-sore; extremely detested or undesirable person.

দুজন, *n.* Two persons.

দুজনই, *pro.* Both.

দুটানা—Same as দোটানা।

দুড়দুড়, *ind.* Word denoting *the sound of violent palpitation* or *rumbling of clouds* or *beating* or *running fast.* তারা সিঁড়ি দিয়ে দুড়দুড় করে নেমে এলো—They ran down the staircase very fast.

দুড়ুম, *ind.* Word denoting *deep explosion* or *detonation* or *thud* or of *the sound of gunfiring* or *booming.* বন্দুকটা দুড়ুম করে উঠল—The gun boomed aloud.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দুৎ, ধুৎ, *ind.* Tut-tut! Stuff! Bosh!
দু-দিক্, দু-ধার, *n.* Two sides.
দুদ্দাড়, *ad.* Hurriedly and noisily.
দুধ, *n.* Milk; juice (নারিকেলের দুধ). দুধ খাওয়া—Drink milk. দুধ খাওয়ানো—Give suck to; suckle. দুধ ছাড়ানো—Wean (as a child). দুধ তোলা—Vomit milk (as by a child). দুধ দেওয়া—Give milk. দুধ দোওয়া—Milk. দুধে জলে মেশানো—Mix completely. দুধে ভাতে থাকা—Live in affluence; be well nourished; live in easy circumstances. দুধের কেঁড়ে—Pail of milk. দুধের ছেলে—Child sucking the mother's breast. দুধের সর—Cream of milk.
দুধকলা, *n.* Milk and plantain.
দুধ-কুসুম্ভা, *n.* Hemp-paste or opium mixed with milk.
দুধরুটি, *n.* Milk and bread; milksop.
দু-ধার—See দু-দিক্।
দুধারী, দোধারী, *a.* Situated on both sides; double-edged. দুধারী দোকান—Shops on both sides. [milk.
দুধালো, দুধলো, *a.* Milch; having
দুধে, *a.* Living on milk; white as milk. দুধে আলতা—Very bright. দুধে আলতা রঙ—Very bright complexion. দুধে দাঁত—Milk-tooth. দুধে হাসি—Child's smile; innocent and sweet child-like smile.
দুন, *n.* Measure which is quickened so as to be twice as fast; doubled measure.
দুনলা—Same as দোনলা।
দুনা, দুনো, *a.* Twofold; twice as much; double.
দুনিয়া, *n.* Earth; world; universe.
দুনিয়াদার, *a.* Worldly; worldly-minded; engaged in worldly affairs; prudent.
দুনিয়াদারি, *n.* Worldly affairs; worldliness; prudence.
দুনো—See দুনা।
দুন্দুভি, *n.* Kind of large kettledrum.
দুপর—Same as দুপুর।
দুপাটি, *n.* Two rows; kind of flower.
দু-পাট্টা, *n.* Sheet of cloth folded twice:—*a.* twofolded; doubled.
দুপুর, দুপ্রহর, দুইপ্রহর, *n.* Noon. দুপুরবেলা—Noon; at noon. দুপুর রাত—Midnight.
দুপেয়ে—Same as দোপেয়ে।
দুফাঁক্, *a.* Split into; widely cracked; rent; divided into two. দুফাঁক করা—Cut into two; split into two.
দুফাল—Same as দোফাল।
দুবলা, *a.* Weak; feeble.
দুবার, *ad.* Two times; twice.
দুবেলা, *ad.* Twice a day (morning and evening).
দুভাষী—Same as দোভাষী।
দুম, *ind.* Word denoting *the sound of heavy things falling.* দুম ক'রে—With a thump or thud. দুম দুম ক'রে—With repeated blows; with thuds.
দুমড়া, *v.* Turn (as the edge of a tool); be folded:—*a.* bent; turned.
দুমড়ানো, *v.* Fold; double up; bend; turn; twist:—*a.* folded or twisted by pressure.
দুমদাম, *ind.* Word denoting *repeated blows* or *thumping sound.* দুমদাম ক'রে জিনিসগুলো পড়ল—The things fell with a thump.
দুমনা, দোমনা, *a.* Hesitating; wavering; with a divided mind. দুমনা (দোমনা) করা—Hesitate; vacillate; waver.
দুম-পটকা, *n.* Kind of explosive fireworks. [*explosion.*
দুম-পটাস, *ind.* Word denoting
দুমাদুম, *ind.* Word denoting *the sound of repeated blows.*
দুমালা—Same as দোমালা।
দু-মুখো, *a.* Having two mouths or openings; two-faced; insincere; hypocrite; double-dealing. দু-মুখো

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

থলে—Bag opening at both ends; belly; stomach. দু-মুখো লোক—Double-dealer. দু-মুখো সাপ—Two-faced serpent; double-faced or insincere man; double-dealer; hypocrite.

দুমুঠো, *n.* Two handfuls; little quantity.

দুমুড়ি, *a.* Of or on both sides.

দুমেটে, দোমেটে, *a.* Twice coated with clay.

দুম্বা, *a.* Thick-tailed; thick; fat. দুম্বা ভেড়া—Thick-tailed sheep.

দুয়া, *v.* Milk; fleece :—*a.* milked.

দুয়ানি, দু-আনি, *n.* Two-anna bit.

দুয়ার, *n.* Door; gate. দুয়ারে কাঁটা দেওয়া—Stand in the way; stand in a person's light; hinder; obstruct.

দুয়ারী, *n.* Door-keeper; porter.

দুয়ো, *a.* Unfortunate; disliked (by the husband) :—*ind.* See দুও। দুয়ো দেওয়া—Boo; cry fie upon.

দুয়োরানী, *n.* Disliked or disfavoured queen.

দু-রঙ্গা, দু-রঙা, *a.* Two-coloured.

দুরতিক্রম, দুরতিক্রমণীয়, দুরতিক্রম্য, *a.* Difficult to pass or cross over; insurmountable; impassable; unconquerable.

দুরতিক্রমণ, *n.* Act of passing or crossing over with great difficulty.

দুরতায়, *a.* Indestructible; unconquerable; impassable.

দুরদুর, *ind.* Word denoting *tremor* or *quick palpitation*. দুরদুর করা—Shiver; tremble; beat or palpitate hard (through fear or cold).

দুরদৃষ্ট, *n.* Ill luck; misfortune :—*a.* unfortunate; unlucky.

দুরদৃষ্টক্রমে, দুরদৃষ্টবশতঃ, *ad.* Unfortunately; as ill luck would have it; through misfortune.

দুরধিগম, দুরধিগম্য, *a.* Difficult of access; inaccessible; difficult to understand or know; incomprehensible.

দুরধ্যয়, *a.* Hard to read; difficult to study.

দুরন্ত, *a.* Naughty; unruly; unmanageable; ungovernable; wicked; mischievous; disobedient; severe; ferocious; difficult to go through; billowy. দুরন্ত বালক—Naughty boy. দুরন্ত শিশু—Naughty child. দুরন্ত শীত—Severe or piercing cold; biting cold.

দুরন্তপনা, *n.* Naughtiness; wickedness; disobedience. দুরন্তপনা করা—Be naughty.

দুরপনেয়, *a.* Not to be easily blotted out; indelible; ineffaceable. দুরপনেয় কলঙ্ক—Indelible stain.

দুরবগম, দুরবগম্য, *a.* Hard to know; unknowable; incomprehensible.

দুরবগাহ, *a.* Difficult to bathe in; incomprehensible; unknowable; fathomless (as sea); complicated.

দুরবস্থ, *a.* Distressed; indigent; wretched.

দুরবস্থা, *n.* Distress; adversity; poverty; misery; hardship; straitened circumstances.

দুরবস্থাপন্ন, *a.* In a miserable condition; in distress; in straitened circumstances; badly off.

দুরবীন, *n.* Telescope.

দুরভিগ্রহ, *a.* Difficult to take; difficult to know or understand; abstruse.

দুরভিসন্ধি, *n.* Evil design or purpose; sinister motive.

দুরভিসন্ধিমূলক, *a.* Malicious; springing from evil design.

দুরমুশ, *n.* Rammer (to beat down earth or rubbish); pounder. দুরমুশ করা—Ram or beat down earth or rubbish.

দুরস্ত, *a.* Exact; precise; correct; straight; repaired; corrected; trim; well-arranged; tidy (কাপড়-চোপড়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দুরস্ত করা—keep the clothes or dress tidy); orderly. দুরস্ত করা—Correct ; amend ; put in order.

ধর্মার্জন, *n.* Acquiring virtue; becoming pious or virtuous. ধর্মার্জন করা—Acquire virtue.

ধর্মার্থ, *ad.* For the sake of religion:—*n.* religion and wealth. ধর্মার্থ মরণ—Martyrdom; dying for the sake of religion.

ধর্মার্থকামমোক্ষ, *n.* Virtue, wealth, desire and salvation.

ধর্মার্থে, *ad.* For the sake of religion.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ধর্মাসন, *n.* Throne of justice; seat of a judge; bench. [virtuous.
ধর্মিষ্ঠ, *a.* Just; righteous; pious;
ধর্মী, *a.* Having the properties of; virtuous; pious.
ধর্মোন্নতি, *n.* Advancement of religion; religious progress.
ধর্মোন্মত্ত, *a.* Fanatic; bigoted.
ধর্মোন্মাদ, *n.* Fanaticism; bigotry.
ধর্মোপদেশ, *n.* Religious instruction; sermon. ধর্মোপদেশ দেওয়া—Impart religious instruction.
ধর্মোপদেশক, ধর্মোপদেষ্টা, *n.* Religious or moral preceptor; spiritual teacher.
ধর্মোপাসক, *n.* Devotee:—*a.* devoted to a religion. *fem.*=ধর্মোপাসিকা।
ধর্মোপাসনা, *n.* Prayer; worship; devotional exercises; service. ধর্মোপাসনা করা—Pray; worship.
ধর্ম্য, *a.* Rightful; lawful; conformable to religion or morality.
ধর্ম্যবিবাহ, *n.* Legal or lawful marriage.
ধর্ষক, *a.* Outraging modesty; raping; outrageous; oppressing; torturing.
ধর্ষণ, *n.* Outrage; rape; oppression; torture; defeating. ধর্ষণ করা—Outrage; defeat; overpower.
ধর্ষিত, *a.* Outraged; violated; defeated; overpowered.
ধর্ষিতা, *a. fem.* Outraged; raped; ravished; assaulted; tortured.
ধলা, *a.* Fair; white.
ধস, *n.* Landslip. ধস নামা, ধস ভাঙা—Fall of a landslip.
ধসকা, *a.* Loose; flabby; easily indisposed.
ধসকানো, *v.* Be broken down; crumble; collapse; become weak.
ধসা, *v.* Fall in; give way; collapse:—*a.* fallen in; broken off in large pieces:—*n.* falling in; giving way.
ধসানো, *v.* Cause to fall in or give way or collapse.
ধস্তাধস্তি, *n.* Scuffle; *melee;* struggle; higgling; importunity; insistence. ধস্তাধস্তি করা—Scuffle; struggle; persist; insist; press hard.
ধাই, ধাইমা, *n.* Midwife; nurse; foster-mother; wet-nurse.
ধাউড়ে, *a.* Going fast; running:—*n.* runner; errand-boy.
ধাউস, ঢাউস, *n.* Large paper-kite.
ধাওয়া, *v.* Run after; chase; pursue. ধাওয়া করা, ধাইয়া যাওয়া—Rush in hot haste; chase at full speed.
ধাওয়াধায়ি, *n.* Running to and fro.
ধাঁ, *ind.* Word denoting *any brisk motion.* ধাঁ করে—Speedily; quickly; immediately; abruptly; all at once; straightway; forthwith.
ধাঁই, *ind.* Word denoting *the sound of sudden slapping.*
ধাঁচ, *n.* Style; fashion; shape; mould; pattern.
ধাঁজ, *n.* Manner; type.
ধাঁধা, *n.* Puzzle; perplexity; conundrum; stratagem; trick; riddle. ধাঁধা দেওয়া—Practise sleight-of-hand; hoodwink; befool; play a trick upon. ধাঁধার উত্তর—Solution of a puzzle. ধাঁধা লাগা—Be confounded or bemused or befogged. ধাঁধা লাগানো—Bewilder; confound; throw dust in one's eyes.
ধাক্কা, *n.* Push; thrust; shock; knock; collision; sudden pressure or attack. ধাক্কা খাওয়া—Receive a blow or a push. ধাক্কা দেওয়া (বা মারা)—Push; thrust; shove; knock. ধাক্কা লাগা—Collide.
ধাক্কাধাক্কি, *n.* Pushing and elbowing.
ধাঙ্গড়, ধাঙড়, *n.* Scavenger.
ধাড়া, *n.* Balance; scale; weight of five seers; row of long stitches; coarse mat.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধাড়ী, *a. fem.* Full-grown or old enough to breed (used of female animals); grown-up; inveterate:— *n.* dam of an animal; chief or leading or notorious figure; ring-leader; grown-up person. ধাড়ী মেয়ে—Grown-up girl; girl old enough to be married.

ধাত, *n.* Constitution; nature; temper; pulse; disposition. কড়া ধাতের লোক—Man of stern disposition or of hardened constitution; exacting man. ধাত ছাড়ার মত হওয়া—Be in a state of collapse. ধাতের ব্যামো, ধাতের রোগ—Venereal disease.

ধাতব, *a.* Metallic. ধাতব দ্যুতি—Metallic lustre. ধাতব প্রস্রবণ—Mineral spring. ধাতব ব্যাধি—Spermatorrhoea.

ধাতসহ, *a.* Agreeing with one's constitution.

ধাতস্থ, *a.* In the natural state; normal; recovered; accustomed to; acquired by practice.

ধাতা, *n.* Maker; creator; providence.

ধাতু, *n.* Metal; mineral; element; ingredient; constituent of the body (as bone, blood, flesh, etc.); primary or elementary substance; pulse; semen; verbal root; root. ধাতুরূপ করা—Conjugate a verb.

ধাতুকোষ, *n.* Book containing conjugation of verbs.

ধাতুক্ষয়, *n.* Loss of semen; consumption.

ধাতুক্ষরণ, *n.* Morbid discharge of semen; gonorrhoea; gleet.

ধাতুগত, *a.* Constitutional; characteristic; elemental; essential.

ধাতুগর্ভ, *n.* Buddhist monastery; dagoba.

ধাতুঘটিত, *a.* Metallic; constitutional; caused by the constituent parts or humours of the body or prepared with a reduced metal (used of medicine).

ধাতুদৌর্বল্য, *n.* Nervous debility; spermatorrhoea; seminal weakness.

ধাতুনিঃস্রব, *n.* Lava; issue or flow of molten metal or of semen.

ধাতুনিষ্কাশন, *n.* Smelting.

ধাতুপাঠ, *n.* List of Sanskrit verbal roots.

ধাতুপাত্র, *n.* Metallic vessel.

ধাতুপুষ্টি, *n.* Nourishment; nutrition.

ধাতুপোষক, *a.* Nutritive; nourishing; strengthening; fattening.

ধাতুপ্রত্যয়, *n.* Derivation of words from the *krit* suffix.

ধাতুবাদী, *n.* Metallurgist; mineralogist.

ধাতুবিজ্ঞান, ধাতুবিদ্যা, *n.* Metallurgy.

ধাতুময়, *a.* Metallic; made of metal.

ধাতুমল, *n.* Rust; slag.

ধাতুরূপ, *n.* Conjugation.

ধাতুলেপন, *n.* Plating.

ধাতুশিল্প, *n.* Artistry work of gold, silver, etc.

ধাতুসাম্য, *n.* Balanced state of the bodily humours.

ধাত্রিকা, *n.* Emblic myrobalan.

ধাত্রী, *n.* Nurse; midwife; wet-nurse; foster-mother; earth.

ধাত্রীপুত্র, *n.* Foster-brother; son of a nurse.

ধাত্রীফল, *n.* Myrobalan or *amalaka* fruit.

ধাত্রীবিদ্যা, *n.* Midwifery; obsterics.

ধান, ধান্য, *n.* Paddy; rice; grain. ধান কোটা—Husk the grain. ধান ঝাড়া, ধান মাড়া—Thrash paddy. ধান দিয়া লেখাপড়া শেখা—Acquire learning without any cost. ধান নাড়া—Stir or lift paddy. ধান নিড়ানো—Weed a paddy-field: hoe a rice-field. ধানভানা কল—Husking machine. ধান ভানা বা ভাঙা—Husk paddy. ধানের শিষ—Ear of the paddy.

ধানজমি, ধানের ক্ষেত, *n.* Paddy-field.

ধানবাড়ি, *n.* Loan of paddy on interest.

ধানসারা, *n.* Grain collected after thrashing and husking.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধানিকা, *n.* Pot; vessel.

ধানী, *a.* Brewed from paddy; imperfectly husked; very small:—*n.* seat; site; receptacle. ধানী লঙ্কা—Kind of small capsicum.

ধানুকী, *n.* Bowman; archer:—*a.* armed with bow and arrow; versed in archery.

ধানুষ্ক, ধানুষ্কী—Same as ধানুকী।

ধান্দা, ধান্ধা, *n.* Confusion; drudgery; hard toil. দুঃখের ধান্দা করা—Toil hard for a living.

ধান্য—See ধান।

ধান্যক, *n.* Coriander.

ধান্যকর্তন—Same as ধান্যচ্ছেদন।

ধান্যক্ষেত্র—Same as ধানজমি।

ধান্যচ্ছেদন, *n.* Reaping or cutting of paddy; harvesting.

ধান্যবপন, *n.* Sowing paddy-seeds.

ধান্যবীজ, *n.* Paddy-seed.

ধান্যরোপণ, *n.* Sowing of paddy. ধান্যরোপণ করা—Sow paddy.

ধান্যশূক, *n.* Awn or beard of paddy.

ধান্যাম্ল, *n.* Acetic acid.

ধান্যেশ্বরী, *n.* Liquor made from corn; arrack.

ধাপ, *n.* Step (in a staircase); rung (in a ladder). ধাপে ধাপে—At every step; gradually; slowly; by degrees. ধাপের বিস্তার—Horizontal part of a step.

ধাপওয়ালা বুনিয়াদ—Stepping foundation.

ধাপধাড়া-গোবিন্দপুর, *n.* Obscure remote village.

ধাপা, *n.* Marshy land; land where filth and rubbish are deposited.

ধাপার মাঠ—Same as ধাপা।

ধাপ্পা, *n.* Bluff. ধাপ্পা দেওয়া—Bluff.

ধাপ্পাবাজ, *n.* Bluffer; swindler; impostor:—*a.* bluffing; swindling.

ধাপ্পাবাজি, *n.* Hoax; bluff; trickery; fraud. ধাপ্পাবাজি করা—Hoax; bluff.

ধাবক, *a.* Running or moving fast; expeditious; washing; cleansing:—*n.* runner; messenger; washerman.

ধাবড়া, *n.* Patch; smudge; blot.

ধাবন, *n.* Running; flowing; cleansing.

ধাবন-কুর্দন, *n.* Frisk and sport; running and jumping; gambol.

ধাবন-পথ, *n.* Air-strip.

ধাবমান, *a.* Running; rushing; fleeting; going or moving fast.

ধাবাড়ে, *a.* Hasty.

ধাবাধাবি, *n.* Running irregularly; pursuing pell-mell.

ধাবিত, *a.* Run away; gone fast; fled; followed; cleaned; purified; washed. ধাবিত হওয়া—Gallop; go fast; rush; run.

ধাম, *n.* House; residence; place; receptacle; container.

ধামনিক, *a.* Arterial; nervous.

ধামসানো, *v.* Thrash; disarrange; turn upside down; dishevel.

ধামা, *n.* Basket of rattan; wicker-basket.

ধামাচাপা, *n.* Concealment; hush up:—*a.* shelved; put off; turned down.

ধামা-ধরা, *n.* Flatterer; boot-licker; sycophant:—*a.* flattering; boot-licking.

ধামাল, *a.* Restless; naughty.

ধামালী, *n.* Fun and merriment; amatory quarrel.

ধার, *n.* Debt; loan; edge; boundary; limit; bank; shore; line; sharpness; keenness; stream; current. ধার করা—Borrow; sharpen. ধার দেওয়া—Sharpen; whet; lend. ধার পড়া—Get blunted; have arrears. ধার ভোঁতা করা—Blunt the edge of. ধারে কেনা—Buy on credit. ধারে ডুবে যাওয়া—Be over head and ears in debt. ধারে বেচা—Sell on trust or on credit.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধারক, *a.* Bearing; containing; holding; retentive:—*n.* bearer; container; holder; astringent medicine; debtor.

ধারকতন্তু, *n.* Supporting fibre.

ধারকত্ব, *n.* Capacity.

ধারকর্জ্জ, *n.* Loan; debt; liabilities.

ধারণ, *n.* Holding; supporting; bearing; wearing; carrying; possession; assuming; retention (in memory). ধারণ করা—Hold; catch; put on; wear; ass me; support; sustain; retain.

ধারণকর্তা, *n.* Holder; container; wearer; possessor; owner:—*a.* holding; containing; possessing; owning; wearing; retaining.

ধারণশক্তি, *n.* Containing or retaining capacity.

ধারণ-সামর্থ্য, *n.* Capacity. কার্যতঃ ধারণ-সামর্থ্য—Capacity, practical. মৌলিক ধারণ-সামর্থ্য—Capacity, basic. সম্ভাব্য ধারণ-সামর্থ্য—Capacity, possible.

ধারণা, *n.* Idea; conception; comprehension; memory; impression; rapt attention. ধারণা করা—Form an idea of; conceive; comprehend. ধারণার অতীত—Same as ধারণাতীত।

ধারণাতীত, *a.* Beyond conception; incomprehensible; inconceivable.

ধারণাশক্তি, *n.* Retentive power; memory; intellect; intelligence; power of comprehension; power of understanding.

ধারণীয়, *a.* Fit to be held or kept; fit to be worn; fit to be retained.

ধারয়িতা—Same as ধারণকর্তা। *fem.*= ধারয়িত্রী।

ধারয়িষ্ণু, *a.* That holds or contains.

ধারশূন্য, ধারহীন, *a.* Blunt; dull; without edge or border; rimless; debtless.

ধারা, *n.* Shower; spring; stream; current; water-course; custom; habit; manner; system; order; method; fashion; series; section (of law); sort; kind:—*v.* owe. ইহাই বর্তমানের ধারা—This is the order of the day. সে কেমন ধারা লোক—What kind or sort of man is he?

ধারাকারে, *ad.* In torrents or in showers. ধারাকারে বৃষ্টি পড়িতেছে—There is a torrential rain; it is raining cats and dogs.

ধারাক্রমে, *ad.* According to custom or fashion; conventionally; serially.

ধারাগৃহ, *n.* Bath-room; bath-room with shower-bath.

ধারাঙ্কুর, *n.* Drop of rain; hail.

ধারাধর, *n.* Cloud.

ধারানি, *n.* Flow of water; raining in torrents or in showers.

ধারানিবন্ধ, *a.* Systematic.

ধারাপাত, *n.* Mathematical table-book; fall of rain in torrents; torrential rain.

ধারাবর্ষণ, *n.* Flowing or falling in torrents or in showers; shower; torrential downpour.

ধারাবাহিক, *a.* Continuous; incessant; serial; successive; continual; time-honoured; long-standing.

ধারাবাহিকক্রমে, ধারাবাহিকভাবে, *ad.* Successively; serially; seriatim; incessantly.

ধারাবাহিকতা, *n.* Continuity; succession.

ধারামত, ধারামতে, *ad.* After the fashion of; in the manner of; under a particular section of a code of law; according to a particular clause of law.

ধারাযন্ত্র, *n.* Artificial fountain; jet of water; syringe; shower-bath.

ধারাল, ধারালো, *a.* Sharp-edged; keen; whetted.

ধারাশ্রাবণ, *n.* Rainy month of *Shraban.*

ধারাশ্রু, *n.* Torrent or flood of tears.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধারাসার, ধারাসম্পাত, *n.* Heavy fall of rain ; torrent of rain.

ধারিণী, *a. fem.* Same as ধারী।

ধারিত, *a.* Caused to be taken or accepted.

ধারী, *a.* Holding or catching or possessing ; having ; edged.

ধারোষ্ণ, *a.* Lukewarm because of being drawn from the udders. ধারোষ্ণ দুগ্ধ —Lukewarm milk just drawn from the udders.

ধার্তরাষ্ট্র, *n.* Descendant of *Dhritarashtra.*

ধার্মিক, *a.* Pious ; religious ; virtuous ; righteous ; just. *fem.*=ধার্মিকী, ধার্মিকা।

ধার্মিকচূড়ামণি, ধার্মিকশ্রেষ্ঠ, *a.* Very pious ; most religious :—*n.* chief among pious men ; greatly religious man.

ধার্মিকতা, *n.* Virtuousness ; piety.

ধার্য, *a.* To be kept or held ; to be appointed or fixed. ধার্য করা—Settle ; appoint ; fix (দিন ধার্য করা—fix a date) ; impose ; assess (কর ধার্য করা—impose a tax ; assess). ধার্য দিন—Appointed day.

ধার্যমাণ, *a.* That is being held, contained, seized or maintained.

ধাষ্টামি, ধাষ্টামো, ধাষ্টী, *n.* Insolence ; shamelessness ; shameless act ; impudence. ধাষ্টামি করা—Behave shamelessly ; become impudent ; behave impertinently.

ধিক্, *ind.* Fie ! Shame ! ধিক্ তোকে —Fie on thee ! ধিক্ দেওয়া—Cry shame on.

ধিকিধিকি, ধিক্‌ধিক্, *ad.* Slowly ; gently ; gradually. ধিকিধিকি জ্বলা—Burn slowly or gradually ; smoulder.

ধিক্কার, *n.* Censure ; reproach ; contempt ; abuse. ধিক্কার দেওয়া—Cry shame on ; censure.

ধিক্কৃত, *a.* Censured ; blamed ; cursed.

ধিঙ্গী, *a.* Stout and strong ; unmanageable ; uncontrollable :—*n.* coquette. ধিঙ্গী মেয়ে—Pert or precocious girl ; tomboy.

ধিঙ্গীপনা, *n.* Precocity ; coquetry ; flirting.

ধিনতাধিনা, *n. Fiddle-de-dee.*

ধিনধিন, *ind.* Word denoting *a peculiar dancing* :—*n.* peculiar sound of a drum or tabor.

ধিমা, *a.* Tardy ; slow.

ধী, *n.* Intellect ; wisdom ; knowledge.

ধীবর, *n.* Fisherman.

ধীবরী, *n. fem.* Fisherwoman ; wife of a fisherman.

ধীমতী, *a. fem.* Same as ধীমান্।

ধীমান্, *a.* Intelligent ; learned ; wise ; sensible.

ধীর, *a.* Slow ; calm ; temperate ; steady ; serene ; patient ; resolute ; consistent ; wise. ধীরে ধীরে—Slowly ; gently ; gradually. ধীরে ধীরে বাতাস বহিতেছে—The wind is blowing gently ; a gentle breeze is blowing.

ধীরতা, *n.* Serenity ; self-composure ; self-possession ; endurance ; patience ; coolness ; forbearance ; gentleness ; slowness.

ধীরপ্রকৃতি, ধীরস্বভাব, *a.* Gentle-natured ; of calm disposition ; quiet and composed.

ধীরপ্রশান্ত—See ধীরোদাত্ত।

ধীরভাব, *n.* Calmness ; composure ; serenity ; slowness ; gentleness.

ধীরভাবে, *ad.* Calmly ; gently ; slowly ; softly.

ধীরস্বভাব—See ধীরপ্রকৃতি।

ধীরা, *n.* Jealous wife or heroine who conceals her resentment :—*a. fem.* same as ধীর।

ধীরাধীরা, *n.* Heroine whose anger is not fully exhibited.

ধীরেসুস্থে, *ad.* Slowly and steadily ; without hurry ; leisurely.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধীরোদাত্ত, ধীরপ্রশান্ত, *a.* Indifferent to joy or sorrow; self-composed :—*n.* hero of a play who is forbearing, brave, magnanimous, high-minded and chivalrous.

ধীশক্তি, *n.* Talent; genius; intellectual faculty; cognition; comprehension.

ধীশক্তিরহিত, ধীশক্তিবিরহিত, *a.* Devoid of intellect or sense; idiotic; stupid.

ধীশক্তিসম্পন্ন, *a.* Talented; highly intellectual; of keen intelligence.

ধুকনি, ধুকুনি, *n.* Panting for breath; gaping; palpitating. [difficulty.

ধুকা, *v.* Palpitate; pant; breathe with

ধুন্দুল, *n.* Kind of cucurbitaceous fruit; thing of no value; unimportant thing; straw; trifle; whit.

ধুঁয়া, ধোঁয়া, *n.* Smoke; steam; vapour. ধুঁয়া উঠা বা ছাড়া—Steam; smoke. ধুঁয়া দেওয়া—Fumigate; steam.

ধুঁয়া-ঘরা, ধুঁয়া-পথ, *n.* Chimney; tunnel for smoke.

ধুঁশ, ধুঁস, *n.* Cinders; extinct fire. ধুঁশ হইয়া যাওয়া—Be extinct (as fire).

ধুকড়ি, *n.* Bag of coarse cloth; bag made up of rags.

ধুকধুক, ধুকপুক, *ind.* Word denoting *beating* or *palpitation*. ধুকধুক করা, ধুকপুক করা—Beat fast; palpitate; go pit-a-pat; pant.

ধুকধুকানি, ধুকধুকুনি, *n.* Palpitation; perpetual anxiety or doubt (about any affair). ধুকধুকানি (ধুকধুকুনি) দূর করা—Clear a lingering doubt; remove a doubt or anxiety; get rid of misgivings.

ধুকধুকি, *n.* Locket; pendant.

ধুচানি, ধুচানি, *n.* Rice-washing basket.

ধুৎ, *ind.* Tut.

ধুত, ধুত, *a.* Shaken; agitated; quitted; left; deserted; abandoned.

ধুতি, *n.* *Dhuti;* long piece of cloth worn round the loins by males.

ধুতুরা, *n.* Thorn-apple; stramonium; datura; *dhutura.* ধুতুরা ফুল—Stramonium flower. ধুতুরা বীজ—Seed of the thorn-apple.

ধুতুরা-নির্যাস, ধুতুরা-রস, *n.* Daturine.

ধুধু, *ind.* Word denoting *the sound of a briskly burning fire.* ধুধু করা—Blaze up; burn briskly; feel lonely; lie or stretch endlessly. মনটা ধুধু করছে—I feel solitary or lonely; I am in the dumps. মাঠ ধুধু করছে—The field stretches endlessly.

ধুনচি, ধুনাচি, ধুনুচি, *n.* Incense-pot; censer; thurible; cotton-cleaner.

ধুনন, ধুনন, *n.* Shaking; agitation; tremor; desertion; cleaning of cotton with the bow.

ধুনরী—See ধুনারী।

ধুনা, ধুনো, *n.* Resin.

ধুনা, ধোনা, *v.* Clean cotton with a bow; beat severely; card; thrash; scold. রাম তাকে মেরে ধুনে দিয়েছে—Ram has beaten him to a mummy; Ram has beaten him severely.

ধুনাচি—See ধুনচি। [cleaner.

ধুনারী, ধুনরী, ধুনুরী, *n.* Cotton-

ধুনি, ধুনী, *n.* Ascetic's fire-place; sacrificial fire.

ধুনুচি—See ধুনচি।

ধুনুরী—See ধুনারী।

ধুন্দুল—Same as ধুন্দুল।

ধুন্ধুমার, *n.* Tumult; uproar :—*a.* terrible; tumultous.

ধুপ, *n.* Sun; solar heat; sunshine.

ধুপছায়া, *n.* Light and shade; red and green.

ধুপী, ধুবী, ধোবা, *n.* Washerman.

ধুম, *n.* Pomp; ado; *eclat;* thud; thump. ধুম করা—Make a show. ধুম লাগানো—Make a fun.

ধুমড়ী, *n.* Fat or lazy or vagabond woman; lewd woman; whore.

ধুমধাম, ধুমধাড়াক্কা, *n.* Pomp; grandeur; show; tumult; *eclat.*

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধুমসা, ধুমসো, *a.* Fat, lazy and dark-complexioned.
ধুমসানো, *v.* Beat severely; beat black and blue; paw and maul.
ধুমসী, *a. fem.* Same as ধুমসা।
ধুম্ব, *a.* Tall and fat.
ধুম্বল, ধুম্বুল, *n.* Beating of a drum used as a signal or prelude. ধুম্বল দেওয়া—Give notice by beat of a drum.
ধুম্বী, *a. fem.* Same as ধুম্ব।
ধুয়া, ধুয়ো, *n.* Burden of a song; refrain; chorus; pretext. ধুয়া উঠিয়াছে—The report runs. ধুয়া তোলা—Demand continually; be insistent; introduce a fashion. ধুয়া ধরা—Repeat or take up the burden of a song; be insistent; insist.
ধুর, ধুরা, *n.* Axle-tree; pole; yoke; forepart of a carriage or cart.
ধুরন্ধর, *a.* Expert; clever; shrewd; very able or efficient:—*n.* expert; man of great abilities; clever and responsible man.
ধুরা—See ধুর।
ধুরীণ—Same as ধুরন্ধর।
ধুলট, *n.* Ceremony of rolling in dust in emotional frenzy (after *Vaishnav* song or *Kirtan*).
ধুলা, ধুলা, *n.* Dust. ধুলা ঝাড়া—Dust; shake off dust.
ধুলাখেলা, *n.* Playing with dust. ধুলাখেলা করা—Play with dust.
ধুলাবালি, *n.* Rubbish; dust and sand.
ধুস্তুর, ধুস্তুর—Same as ধুতুরা।
ধুত—See ধূত।
ধুতপাপ, *a.* Purified from sin.
ধুনন—See ধূনন। [vapour.
ধূপ, *n.* Incense; resin; aromatic
ধূপচি, *n.* Incense-pot; censer.
ধূপন, *n.* Burning incense; fumigation; steaming.
ধূপায়িত, ধূপিত, *a.* Perfumed with incense; incensed; fumigated.
ধূম, *n.* Smoke; vapour; steam; mist; fog. ধূম দেওয়া—Fumigate; steam. [smoke.
ধূম-কুণ্ডলী, *n.* Curl of smoke; coil of
ধূমকেতু, *n.* Comet.
ধূমনালী, ধূমনির্গমনালী, *n.* Smoke-pipe; chimney; flue.
ধূমনির্গম, ধূমনির্গমন, *n.* Issue or escape of smoke or steam.
ধূমপথ, *n.* Chimney.
ধূমপান, *n.* Smoking. ধূমপান করা—Smoke.
ধূমপায়ী, *n.* Smoker.
ধূমবারণ, *n.* Prevention of smoke nuisance.
ধূমবারণ-কৃত্যক, *n.* Smoke Nuisance Service.
ধূমবিহীন—See ধূমহীন।
ধূমময়, *a.* Smoky; full of smoke.
ধূমল—Same as ধূম্র।
ধূমহীন, ধূমবিহীন, *a.* Smokeless. ধূমহীন চিমনী—Smokeless chimney.
ধূমহীনতা, *n.* Smokelessness.
ধূমাকার, *a.* Smoky; of the form of smoke.
ধূমাকীর্ণ, ধূমাচ্ছন্ন, *a.* Smokey; fumed; enveloped in smoke.
ধূমাবশেষ, *a.* Ending in smoke.
ধূমাভ, *a.* Smoke-coloured; purple.
ধূমায়মান, *a.* Smoking; emitting smoke; smouldering.
ধূমায়িত, ধূমিত, *a.* Smoking; smoky; fumigated; darkened with smoke. ধূমায়িত (ধূমিত) করা—Fumigate; smoke.
ধূমোৎপাত, *n.* Smoke nuisance.
ধূমোৎপাত-পরিদর্শক, *n.* Inspector of Smoke Nuisance.
ধূমোদ্গম, *n.* Rise of smoke or vapour.
ধূমোদ্গার, *n.* Belching of smoke; throwing up or expelling of vapour.
ধূম্র, *a.* Smoke-coloured; purple; dark-red:—*n.* purple colour.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধূম্রবর্ণ, *a.* Smoke-coloured.
ধূম্রলোচন, *a.* Having smoke-coloured eyes.
ধূর্জটি, *n. Shiva.*
ধূর্ত, *a.* Cunning; crafty; sly; knavish; shrewd; sharp; mischievous.
ধূর্ততা, *n.* Knavery; ingenuity; shrewdness; artfulness.
ধূর্তামি, ধূর্তামো—Same as ধূর্ততা।
ধূলা—See ধূলা।
ধূলি, ধূলী, *n.* Dust; pollen of flowers. ধূলি ঝাড়া—Dust; brush. ধূলি দেওয়া—Throw dust (at).
ধূলিকণা, *n.* Particle of dust; bit of dust.
ধূলিধূসর, *a.* Grey with dust; dust-coloured.
ধূলিধূসরিত, *a.* Covered with dust.
ধূলিপটল, *n.* Cloud of dust.
ধূলিময়, *a.* Dusty; full of dust; covered with dust.
ধূলিমলিন, *a.* Soiled with dust.
ধূলিমাখা, *a.* Dusty.
ধূলি-মুষ্টি, *n.* Handful of dust.
ধূলিলুণ্ঠিত, ধূল্যবলুণ্ঠিত, *a.* Rolling in dust; weltering on the ground.
ধূলিশয্যা, *n.* Bed of dust; bare ground.
ধূলিশায়ী, *a.* Lying down in dust or on bare ground; prostrate.
ধূলিসাৎ, *a.* Reduced to dust. ধূলিসাৎ করা—Reduce to dust; bring down; raze to the ground; demolish; destroy.
ধূলী—See ধূলি।
ধূল্যবলুণ্ঠিত—See ধূলিলুণ্ঠিত।
ধূসর, *n.* Grey colour:—*a.* grey. ধূসর বস্তু—Grey matter.
ধূসরাভ, *a.* Greyish.
ধূসরিত, *a.* Turned grey; made grey.
ধূসরিমা, *n.* Greyishness; grey colour.
ধৃত, *a.* Caught; seized; held; taken; borne; worn; sustained; supported. ধৃত করা—Catch; seize; take; apprehend; arrest. ধৃত হওয়া—Be seized or arrested; be apprehended.
ধৃতব্রত, *a.* Firm or resolute in the performance of vow.
ধৃতাত্মা, *a.* Continent; self-controlled; self-possessed; balanced in mind.
ধৃতি, *n.* Holding; retention; steadiness; firmness; patience; self-restraint; satisfaction.
ধৃতিমান্, *a.* Patient; forbearing; firm; constant; resolute; restrained; calm.
ধৃষ্ট, *a.* Impertinent; shameless; arrogant; bold; forward; saucy: pert; cheeky; impudent.
ধৃষ্টতা, *n.* Impertinence; presumptuousness; boldness; audacity; insolence; shamelessness.
ধৃষ্টা, *a. fem.* Same as ধৃষ্ট।
ধৃষ্য, *a.* Assailable; conquerable.
ধেইধেই, *ind.* Word denoting *particular movement in dancing.* ধেইধেই করা—Dance or loiter mildly.
ধেড়ানে, *a.* Loose as dung.
ধেড়ানো, *v.* Pass loose stools; sputter at stool; show inefficiency; prove unsuccessful or worthless; bungle; go flop.
ধেড়ে, *n.* Otter:—*a.* grown-up. ধেড়ে ছেলে—Big boy. ধেড়ে রোগ—Childish affection; childshness. বুড়ো বয়সে আবার ধেড়ে রোগ কেন?—Why this childishness at this old age?
ধেৎ, *ind.* Tut-tut!
ধেনু, *n.* Cow; milch cow.
ধেনুপাল, *n.* Cowherd; herd of kine.
ধেনো, *a.* Paddy-growing; paddy-like; produced from paddy. ধেনো জমি—Rice-field; paddy-field. ধেনো মদ—Country liquor; arrack; toddy. ধেনো লঙ্কা (বা ধানি লঙ্কা)—Paddy-like chilli; large type of capsicum.
ধেবড়া—Same as ধ্যাবড়া।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধেবড়ানো—Same as ধ্যাবড়ানো।
ধেয়, *a.* Fit to be held; to be known or understood; to be called.
ধেয়ান, *n.* Meditation. ধেয়ান করা—Meditate.
ধেয়ানী—Same as ধ্যানী।
ধেরো, *n.* Debtor:—*a.* relating to debts; borrowed. ধেরো টাকা—Borrowed money.
ধৈরত, *n.* Sixth note of the gamut.
ধৈরজ—Same as ধৈর্য।
ধৈর্য, *n.* Patience; endurance; fortitude; firmness; steadiness; composure; coolness; calmness. অসীম ধৈর্য—Endless patience. ধৈর্য ধরা—Be patient; have patience. ধৈর্য ধরিয়া থাকা—Wait patiently; have patience; carry on patiently; hold on. ধৈর্য রক্ষা করা—Have patience.
ধৈর্যচ্যুত, *a.* Impatient; having lost patience. ধৈর্যচ্যুত হওয়া—Lose one's patience; become impatient; be out of patience.
ধৈর্যচ্যুতি, *n.* Impatience; loss of patience. ধৈর্যচ্যুতি ঘটা—Lose patience.
ধৈর্যধারণ, *n.* Having patience; fortitude; forbearance; endurance; recovery of patience; pulling oneself together. ধৈর্যধারণ করা—Have or hold patience; be patient.
ধৈর্যধারণপূর্বক, *ad.* Patiently; with patience.
ধৈর্যবান্, ধৈর্যসম্পন্ন, *a.* Patient; enduring; forbearing; firm; serene; calm; steady.
ধৈর্যরহিত—Same as ধৈর্যহীন।
ধৈর্যশালী, ধৈর্যশীল—Same as ধৈর্যবান্।
ধৈর্যশীলতা, ধৈর্যশীলত্ব, *n.* Patience; endurance; calmness; forbearance; steadiness.
ধৈর্যহারা—Same as ধৈর্যচ্যুত।
ধৈর্যহীন, *a.* Impatient; intolerant.
ধৈর্যহীনতা, ধৈর্যহীনত্ব, *n.* Impatience; intolerance; want of forbearance.
ধৈর্যাবলম্বন—Same as ধৈর্যধারণ।
ধোঁকা, *v.* Pant; breathe hard; gasp; be short of breath:—*n.* doubt; suspicion; illusion; misconception; deceit; deception; camouflage. ধোঁকা দেওয়া—Outwit; hoax; hoodwink; confuse; befog. ধোঁকার পড়া—To be in doubt or suspicion.
ধোঁকাবাজ—Same as ধাপ্পাবাজ।
ধোঁকাবাজি, *n.* Hoaxing; hoodwinking; deceiving.
ধোঁয়া—See ধূঁয়া।
ধোঁয়াটে, *a.* Smoky; like smoke.
ধোওয়া, ধোয়া, *v.* Wash; cleanse; bleach:—*a.* washed; bleached; clean. ধোয়া কাপড়—Bleached or washed cloth.
ধোকড়, *n.* Coarse cloth; bag; thing of no value; trifle; cipher; nothing; skilled person. কথার ধোকড় (বা ধুকড়ি)—Skilled in speech; one talking big; wind-bag; babbler; prater.
ধোকড়া, *n.* Bag; coarse cloth.
ধোনা, *v.* Clean cotton with a bow; card; beat to a pulp:—*n.* cleaning with a bow; carding:—*a.* cleansed with a bow.
ধোপ, *n.* Washing; wash:—*a.* washed; cleaned. ধোপ দেওয়া—Put to the wash; wash; get washed. ধোপে টেকা—Stand a wash; stand wear and tear; overcome a difficulty.
ধোপদস্ত, ধোপদুরস্ত, *a.* Clean; washed; bleached.
ধোপা, ধোবা, *n.* Washerman. ধোপার বাড়ি দেওয়া—Send to the wash.
ধোপানী, ধোবানী, *n.* Washerwoman.
ধোব—Same as ধোপ। [waves.
ধোয়াট, *n.* Alluvial soil; rolling
ধোয়ান, *n.* Washing; dregs; lees; deposit.
ধোয়ানো, *v.* Have washed; get washed; cause to wash and bleach.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধোলাই, *n.* Washing; thrashing; good beating:—*a.* washed. সে রামকে এক-চোট ধোলাই দিয়েছে—He has given Ram a good beating; he has beaten Ram to a mummy.

ধোলাই-ওলা (ধোলাই-ক্লীনার), *n.* Washing cleaner.

ধোসা, *n.* Woollen wrapper.

ধৌত, *a.* Washed; cleaned white. ধৌত করা—Wash; clean white.

ধৌতি, *n.* Washing.

ধ্বংস, *n.* Destruction; ruin; demolition; extirpation. ধ্বংস করা—Demolish; ruin; obliterate; kill; corrupt. অন্ন ধ্বংস করা—Eat the bread of idleness; vegetate. ধ্বংস হওয়া—Fall into decay; be ruined; go to waste; be perished; be demolished.

ধ্বংসক, *n.* Destroyer.

ধ্বংসন, *n.* Destroying; perishing; running; falling.

ধ্বংসনীয়, *a.* Liable to destruction; capable of being ruined; perishable.

ধ্বংসপথ, *n.* Path of destruction; path leading to ruin; heading for disaster; perilous way.

ধ্বংসপ্রাপ্ত, *a.* Destroyed; ruined; pulled down. ধ্বংসপ্রাপ্ত হওয়া—Fall into decay or destruction; be laid to waste.

ধ্বংসমুখ, *n.* Jaws or process of ruin.

ধ্বংসলীলা, *n.* Play of destruction; havoc; devastation; laying waste.

ধ্বংসশেষ—See ধ্বংসাবশেষ।

ধ্বংসস্তূপ, *n.* Mass of ruins or wreckage; rubble.

ধ্বংসানো—Same as ধ্বংস করা under ধ্বংস।

ধ্বংসাবশেষ, ধ্বংসশেষ, *n.* Ruins; remains; wreck; relics.

ধ্বংসিত, *a.* Destroyed; ruined; demolished; reduced to ruin; decayed.

ধ্বংসী, *a.* Destroying; demolishing; ruining; annihilating; decaying.

ধ্বংসোন্মুখ, *a.* On the point of destruction; decaying.

ধ্বজ, ধ্বজা, *n.* Flag; banner; ensign; standard; sign; mark; symbol.

ধ্বজদণ্ড, ধ্বজ-যষ্টি, ধ্বজ-স্তম্ভ, *n.* Flag-staff. [banner; flag-cloth.

ধ্বজপট, *n.* Cloth of a flag or a

ধ্বজবজ্রাঙ্কুশ, *n.* Symbols of a banner; thunder-bolt and goad (marked on the sole of *Vishnu's* feet).

ধ্বজবাহক, *n.* Standard-bearer.

ধ্বজবাহী, *a.* Carrying a flag.

ধ্বজভঙ্গ, *n.* Impotency.

ধ্বজা—See ধ্বজ।

ধ্বজাধারী, *a.* Bearing a flag; hypocritically upholding.

ধ্বজারোপণ, *n.* Flag-hoisting.

ধ্বজী, *a.* Bearing a flag; having a standard:—*n.* flag-bearer. ধ্বজী মারা—Use a pole to drive a boat.

ধ্বনি, *n.* Sound; noise; report; voice; tone; hint; implied meaning; suggestion; tune of a musical instrument.

ধ্বনিত, *a.* Sounded; ringing; implied; suggested. ধ্বনিত করা—Sound; ring.

ধ্বনিবিজ্ঞান, ধ্বনিবিদ্যা, *n.* Phonetics; science of sounds.

ধ্বন্যাত্মক, *a.* Sonorous; high-sounding; resounding; onomatopoetic.

ধ্বসা, *v.* Give way; fall in; crumble; fall to pieces; collapse:—*n.* giving way:—*a.* putrid.

ধ্বস্ত, *a.* Destroyed; ruined; devastated; fallen; lost; perished.

ধ্বস্তাধ্বস্তি, *n.* Scuffle; urging; struggling; wrestling; elbowing; jostling. ধ্বস্তাধ্বস্তি করা—Scuffle; struggle; urge; press hard; wrestle; jostle.

ধ্বান্ত, *n.* Darkness; gloom.

ধ্বান্তারি, *n.* Sun; what dispels gloom or darkness.

ধ্যাত, *a.* Meditated; thought-of;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

considered; brooded over; reflected; recalled; remembered.
ধ্যাতব্য, *a.* Fit to be meditated upon; to be remembered or recollected.
ধ্যাতা, *n.* Meditator; contemplator.
ধ্যান, *n.* Meditation; divine contemplation; recollection. ধ্যান করা—Meditate; contemplate; be absorbed in divine contemplation; hold communion with God; be in a musing mood.
ধ্যানগম্ভীর, *a.* Solemn and grave due to meditation.
ধ্যানগম্য, *a.* Attainable by meditation; obtainable by means of religious contemplation.
ধ্যানগোচর—Same as ধ্যানগম্য।
ধ্যানজ্ঞান, *n.* Meditation and cognition.
ধ্যান-তৎপর, *a.* Meditative; meditating.
ধ্যানধারণা, *n.* Meditation and perception.
ধ্যাননিমগ্ন, ধ্যানমগ্ন, ধ্যানরত, *a.* Absorbed in meditation; in a trance; rapt in contemplation. [contemplative.
ধ্যাননিষ্ঠ, *a.* Meditative; reflective;
ধ্যানভঙ্গ, *n.* Interruption of meditation; interruption of religious abstraction.
ধ্যানমগ্ন, ধ্যানরত—See ধ্যাননিমগ্ন।
ধ্যানস্থ—Same as ধ্যাননিমগ্ন।
ধ্যানী, *a.* Meditating; meditative.
ধ্যাবড়া, *a.* Smudgy.
ধ্যাবড়ানো, *v.* Make smudgy.
ধ্যেয়, *a.* To be meditated; to be thought of; fit for contemplation.
ধ্রুপদ, *n.* Style of Indian classical song.
ধ্রুপদী, *n.* One who is versed in singing *Dhrupada*:—*a.* first-rate; elevated; aristocratic.
ধ্রুব, *a.* Certain; sure; permanent; everlasting; perennial; eternal; durable; fixed; firm; stable; constant:—*n.* something certain. ধ্রুব বিশ্বাস—Firm conviction; unshaken belief.
ধ্রুবতারা, ধ্রুব-নক্ষত্র, *n.* Pole-star; Polaris; North Star.
ধ্রুবলোক, *n.* Heaven.
ধ্রুবাক্ষ, *n.* Polar axis.
ধ্রুবাঙ্ক, *n.* Constant quantity.

ন

ন, Twentieth consonant of the Bengali alphabet:—*a.* nine; next to or younger than the third; fourth (brother, sister, etc.).
নই, নয়ী, *a. fem.* New-born. নই বাছুর—New-born she-calf.
নইচা, নইচে, নলচে, *n.* Upright tube of a *hooka*:—*a.* young (said of fish or leaf). নইচা পাতা—Newly sprouted leaves. [else; or.
নইলে, *ind.* Without; otherwise;
নওজোয়ান, *a.* Young:—*n.* young man.
নওবত, নহবত, *n.* Concerted drum-music.
নওবতখানা, নহবতখানা, *n.* Room of *nahabat* music; orchestra.
নওরোজ, *n.* New Year's Day.
নওল, *a.* New; fresh.
নওলা, নহলা, *n.* Nine of cards.
নং—No. (abbreviation of *number*).
নকড়া, *n.* Nine *cowries*; trifling thing.
নকড়া-ছকড়া, *a.* Trifling or trivial or neglected (like the trifling *cowries*). নকড়া-ছকড়া করা—Slight;

Dr. Umma Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

neglect; squander away; make free use of. নকড়া-ছকড়া হওয়া—Be slighted; be neglected; be squandered.

নকর, *n.* Servant; menial.

নকরি, *n.* Service; menial job.

নকল, *n.* Copying; imitation; mimicry; copy; transcript. নকল করা—Copy; imitate; ape. নকল টাকা—Counterfeit coin; bad coin. নকল দলিল—Forged deed নকল রেশম—Artificial silk; rayon

নকলদানা, *n.* Sugar-coated ground-nut.

নকলনবিস, *n.* Copyist.

নকলনবিসি, *n.* Office or occupation of a copyist. নকলনবিসি করা—Work as a copyist.

নকশা, *n.* Plan; design; drawing; sketch; diagram; map; picture; model; embroidery; caricature; skit. নকশা আঁকা, নকশা করা—Draw a plan; sketch mimic. নকশা কাগজ—Tracing paper.

নকশা-আঁকা, নকশা-কাটা, *a.* Having an artistic design.

নকশাকার, *n.* Draftsman; designer.

নকশাদার, *a.* Having an artistic design.

নকশা-পাড়, *a.* Having an artistically designed border.

নকার, *n.* Simple letter ন্।

নকাশি, *n.* Embroidery-work; design. নকাশি করা—Make a design; engrave; carve. নকাশির কাজ—Embroidery-work; designing.

নকিব, নকীব, *n.* Herald; town-crier.

নকুল, *n.* Mongoose; ichneumon.

নকুলে, *a.* Copying; aping; mimicking; diverting; jesting; amusing; playful :—*n.* mimic; imitator.

নক্ত, *n.* Night.

নক্তচর, নক্তচারী, *n.* One that moves at night.

নক্তান্ধ, *n.* Blind by night.

নক্তান্ধতা, *n.* Nyctalopia.

নক্র, *n.* Crocodile; alligator.

নক্ষত্র, *n.* Star; constellation.

নক্ষত্রখচিত, *a.* Star-spangled; studded with stars.

নক্ষত্রগতি, *n.* Meteoric speed.

নক্ষত্রচক্র, *n.* Zodiac.

নক্ষত্র-দর্শক, *n.* Star-gazer; astrologer.

নক্ষত্র-দর্শন, *n.* Star-gazing; astrology.

নক্ষত্রপতি, নক্ষত্রনাথ, *n.* Moon.

নক্ষত্রপাত, *n.* Fall of a meteor; shooting of a star; death or fall of a great man.

নক্ষত্রপুঞ্জ, *n.* Constellation; group of stars.

নক্ষত্র-বিদ্যা, *n.* Science of stars; astronomy; astrology.

নক্ষত্রবেগে, *ad.* With the speed of a shooting star or meteor; very swiftly.

নক্ষত্রমণ্ডল, *n.* Sidereal system.

নক্ষত্রমণ্ডিত—Same as নক্ষত্রখচিত।

নক্ষত্রমালা, *n.* Group of stars; constellation.

নক্ষত্র-লোক, *n.* Starry world; stellar region; firmament; heaven.

নক্ষত্রালোক, *n.* Star-light.

নক্ষত্রালোকিত, *a.* Starlit.

নক্সা—Same as নকশা।

নখ, *n.* Nail (of a toe or finger); talon; claw. নখ কাটা—Cut or pare the nails.

নখকুনি, *n.* Whitlow.

নখচ্ছেদ, *n.* Cutting of the nails; paring of the nails.

নখদর্পণ, *n.* Mirror of a finger-nail. নখদর্পণে থাকা—Have at one's finger-ends (or finger-tips).

নখবিষ, *n.* Sepsis or poisoning from a nail; infection of a nail.

নখর, *n.* Nail; talon; claw (of a beast or bird).

নখরঞ্জনী, *n.* Nail-polish; nail-paint.

নখরাঘাত, *n.* Clawing. নখরাঘাত করা—Claw.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নখরেখা, নখলেখা, *n.* Nail-mark; scratch of talons; scratch.

নখশূল, *n.* Whitlow.

নখাগ্র, *n.* Point of a nail or talon.

নখাঘাত, *n.* Stroke with the nails or talons; scratching; scratch or wound caused by a nail. নখাঘাত করা—Scratch or tear with nails.

নখানখি, *n.* Scratching each other; inflicting wounds by nails.

নখী, *n.* & *a.* (Animal) with sharp nails or talons or claws.

নগ, *n.* Mountain.

নগণ্য, *a.* Insignificant; negligible; of no value; worthless; of little consequence. নগণ্য করা—Think lightly of; disregard; make little of; slight; neglect. নগণ্য ব্যক্তি, নগণ্য মানুষ—Man of straw; man of no substance or consequence; unimportant person.

নগদ, *a.* Ready; prompt; cash. নগদ কারবার—Cash transaction. নগদ কেনা (বা বেচা)—Buy (or sell) for ready money. নগদ ক্রয়—Cash purchase. নগদ টাকা—Ready money; cash. নগদ বিক্রি বা বিক্রয়—Cash sale. নগদ বিদায়—Cash present; summary dismissal.

নগদা, *a.* Prompt; ready:—*ad.* for prompt payment; for ready money.

নগদান-বাজনা, *n.* Cash rent.

নগদানগদী, *ad.* With ready money; on strict cash.

নগ-নন্দিনী, *n.* Daughter of a mountain; epithet of *Durga*.

নগপতি, নগরাজ, *n.* The *Himalayas*.

নগর, *n.* Town; city; metropolis.

নগরকীর্তন, *n.* Religious songs (or *kirtans*) sung in procession along the streets of a town.

নগরদ্বার, *n.* Gate of a city.

নগরপাল, *n.* City father; mayor; commissioner of police.

নগরপ্রান্ত, *n.* Outskirts of a city or town; suburbs of a town.

নগরবাসী, *a.* Inhabiting a town; dwelling in a city:—*n.* citizen; townsman.

নগররক্ষক, *n.* Superintendent of a town; watchman of a city.

নগরস্থ, *a.* Of a town or a city; situated or dwelling in a town.

নগরাজ—See নগপতি।

নগরাধ্যক্ষ, *n.* City father; mayor; sheriff.

নগরিয়া, *n.* Citizen; city-dweller; townsman.

নগরী, *n. fem.* City; town; metropolis.

নগরীয়, *a.* Of a city or town; urban; civic.

নগরোপান্ত, *n.* Vicinity or verge of a city; suburb.

নগাধিপ, নগাধিরাজ, *n.* King of mountains; *Himalayas*.

নগিজ, *a.* Near.

নগ্ন, *a.* Naked; nude; bare; unclad; without clothes; without spectacles; without ornaments; cloudless; unsheathed; unvarnished. নগ্ন চক্ষে—With naked eyes. নগ্ন পদে—Barefooted.

নগ্নক, *a.* Naked; nude; unclothed:—*n.* naked mendicant.

নগ্নতা, *n.* Nakedness; nudity.

নগ্না, *a. fem.* Same as নগ্ন।

নগ্নীকরণ, *n.* Making naked or nude; reducing to nakedness; undressing; stripping.

নগ্নীকৃত, *a.* Rendered naked; undressed; unclothed; stripped of.

নগ্নীভবন, *n.* Denudation.

নগ্ন, *a.* Naked; bare; unclothed.

নঙ্গর, নোঙ্গর, নোঙর, *n.* Anchor. নঙ্গর করা (বা ফেলা)—Cast anchor. নঙ্গর করিয়া থাকা—Lie at anchor. নঙ্গর তোলা (বা তুলা)—Weigh anchor.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নচেৎ, *ind.* Else; otherwise; if not.
নচ্ছার, *a.* Knavish; roguish; impudent; shameless:—*n.* rogue; rascal.
নজগজ, *ind.* Word denoting *tottering* or *shaking*. নজগজ করা—Shake; totter; be loose.
নজগজে, *a.* Tottering; shaky; irresolute; rickety.
নজর, *n.* Sight; view; glance; vision; look; evil look; notion; watch; care; superintendence; looking after; aim; present; gift; tribute. নজর করা—Look; notice; glance. নজর করিয়া দেখা—Observe minutely; gaze attentively; scan; scrutinize. নজর দেওয়া—Offer or make a present; cast an evil eye upon. নজর মারা—Ogle; leer. নজর লাগা—Fall under evil influence. নজরে থাকা—Be in view; be under observation. নজরে নজরে রাখা—Keep an eye on; keep under surveillance; keep in view. নজরে পড়া—Attract one's notice; be high in one's favour; be in the good books of. নজরের দোষ—Defective eyesight. [কয়েকটি বিশিষ্ট প্রয়োগঃ—উঁচু নজর—High-mindedness; broad-mindedness; generosity; magnanimity. নীচু নজর—Low-mindedness; mean-mindedness.]
নজরবন্দি, *n.* Imprisonment; confinement; keeping strict watch over; keeping one under close observation.
নজরবন্দী, *a.* Under close observation; confined; imprisoned.
নজরানা, *n.* Royalty; tribute.
নজির, নজীর, *n.* Example; case in point; reference; precedent; case-law. নজির দেখানো—Refer to a parallel case; cite a precedent.
নজির-স্বরূপ, *a.* Precedental.
নঞর্থক, *a.* Bearing a negative sense; negative.
নট, *n.* Dancer; dramatic actor; mime; philanderer; lewd person.
নটকান, *n.* Anatto.
নটখট, নটখটি, *n.* Intricate affair; perplexity; trouble.
নটখটে, *a.* Intricate.
নটঘট, *n.* Secret amorous connection; unlawful love-affair; illicit love.
নটঘটে, *a.* Scandalous.
নটন, *n.* Dancing.
নটনারায়ণ, *n.* Indian musical mode.
নটবর, নটশ্রেষ্ঠ, *n.* Great dancer; chief actor; lewd fellow.
নটবরবেশে, *ad.* In the garb of an actor or dancer.
নটভবন, নটমন্দির, *n.* Theatre; opera house; dancing house.
নটরাজ, নটেশ্বর, *n.* Great dancer; great actor; *Shiva*.
নটিনী, *n.* Female dancer; actress.
নটিয়া, নটে, *n.* Pot-herb; dancer.
নটী, *n.* Dancing girl; female dancer; actress; whore; prostitute.
নষ্ঠ, *a.* Perished; deranged.
নড়, *n.* Reed.
নড়চড়, *n.* Deviation; displacement; exception; reversal; change; movement. কথার নড়চড়—Failure to keep one's promise or one's word; deviation from one's promise.
নড়ন, *n.* Moving; budging; tottering; shaking; stirring; shifting; deviation; alteration.
নড়ন-চড়ন, *n.* Stirring or moving about; movement; deviation; modification. তাহার নড়ন-চড়ন নাই—He has no movement; he does not move about; he is a fixture; he does not show signs of life.
নড়নড়, নড়বড়, *ind.* Word denoting *dangling* or *hanging loose*. নড়নড় করা, নড়বড় করা—Hang loose; shake loosely; totter; get loose or slack.
নড়নড়ে, নড়বড়ে, *a.* Shaky; rickety;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

dangling; tottering; weak-jointed; weak; slothful.

নড়া, *v.* Move; stir; shake; change: —*n.* arm.

নড়াচড়া—Same as নড়ন-চড়ন।

নড়ানো, *v.* Shake; move; remove; displace; change.

নড়ি, *n.* Staff; stick; prop; support.

নড়েভোলা, *a.* Weak and indolent; sluggish; inactive.

নত, *a.* Bowed; prostrate; bent; inclined. নত করা—Bend; stoop; bow; lower; incline. নত হওয়া—Bend down; bow; submit; yield.

নতজানু, *a.* Kneeling down; down on one's knees.

নততল, *n.* Plane of inclination.

নতনাস, নতনাসিক, *a.* Flat-nosed; snub-nosed.

নতবদন—Same as নতমুখ।

নতমস্তক, নতশির, *a.* With bent or bowed head; looking down; with the face hung down.

নতমুখ, *a.* With the face hung down; looking down; with downcast eyes.

নতাংশ, নতভাগ, *n.* Zenith distance.

নতাঙ্গ, *a.* Stooping; bowing; bending the body:—*n.* stooping limbs.

নতাঙ্গী, *a. fem.* Same as নতাঙ্গ।

নতি, *n.* Bow; prostration; salutation; humility; gradient; inclining; inclination; slope; dip of the horizon.

নতিমাত্রা, *n.* Gradient.

নতুন, নূতন, *a.* New; fresh; recent. নতুন খাতা—New ledger or account-book; ceremony of opening new account-books.

নতুবা, *ind.* Or; else; otherwise.

নতোদর, *a.* Concave. *ant.*=উন্নতোদর—Convex.

নতোন্নত, *a.* Waving; undulating; uneven.

নথ, *n.* Large nose-ring.

নথনাড়া, *n.* Moving of the nose-ring; snubbing; taking to task; display of self-importance; scolding. নথ নাড়া দেওয়া—Give a bit of one's mind; scold; snub; rebuke.

নথি, *n.* File; record; detailed account. নথি সাফ করা—Clear one's file; dispose of all the cases on file.

নথি-চলন-নিবন্ধ, *n.* File movement register.

নথিদাতা, *n.* Record-supplier.

নথিনিবন্ধক, *n.* File register.

নথি-নিবেশন, *n.* Recording of files.

নথিনিষ্পত্তি-পত্রী, *n.* File disposal slip.

নথিপত্র, *n.* Records and papers.

নথিপ্রাপক, *n.* Record-finder.

নথিভুক্ত, নথিবন্ধ, *a.* Filed; recorded. নথিভুক্ত বা নথিবন্ধ করা—File; record; put upon a file.

নথিরক্ষক, *n.* Record-keeper.

নথি-সামিল, *a.* Kept in a file.

নদ, *n. mas.* River; stream.

নদগদ, *ind.* Word denoting *softness*, *laxity* or *looseness*. নদগদ করা—Yield to touch or pressure; be loose.

নদনদ, *ind.* Word denoting *softness* or *overripeness*. নদনদ করা—Feel soft; be overripe.

নদনদী, *n.* Rivers and streams; rivers in general.

নদনদে, *a.* Yielding to touch; plump; flabby; bloated; flaccid.

নদী, *n.* River; brook; stream. ছোট নদী—Small river; rivulet; rill; small stream. নদীতে ঢল নেমেছে—The river has swollen with flood-waters. নদীর অববাহিকা—River basin. নদীর বাঁক—Bend of a river or stream.

নদীকূল, নদীতট, নদীতীর, *n.* Bank or shore of a river.

নদীকূলস্থ, *a.* Riparian; situated on the bank (of a river).

নদীগর্ভ, *n.* Bed of a river; river-bed.

নদীতট, নদীতীর—See নদীকূল।

নদীতটস্থ, নদীতীরস্থ, নদীতীরবর্তী—Same as নদীকূলস্থ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নদীপথ, *n.* River-way.
নদীপথে, *ad.* By river. নদীপথে যাওয়া—Go by river.
নদী-পর্যঙ্ক, *n.* River-basin.
নদীপুলিন, *n.* River-bank; river-beach; sand-bank of a river.
নদীপ্রবাহ, *n.* Current of a river.
নদীবক্ষ, *n.* Surface of a river.
নদীবক্ষে, *ad.* On or upon a river.
নদীবহুল, *a.* Full of rivers.
নদীবেগ, *n.* Tide or current of a river.
নদীমাতৃক, *a.* Watered or irrigated by rivers; river-irrigated.
নদীমুখ, *n.* Estuary; river-mouth.
নদীযান, *n.* River-craft; boat; steamer.
নদীসৈকত, *n.* River-beach; sand-bank of a river.
নদীস্রোত—Same as নদীবেগ।
নদ্ধ, *a.* Bound; tied; fastened.
নধর, *a.* Plump and fleshy; fresh and vigorous; gay and buoyant; full of good cheer.
ননদ, ননদী, ননাদিনী, *n.* Sister of the husband; sister-in-law.
ননদাই, নন্দাই, ননন্দা, *n.* Husband of the sister of a husband.
ননী, নবনি, *n.* Butter; cream; fresh butter. ননীর পুতুল—(*fig.*) One who is physically too delicate.
ননী-চোর, ননী-চোরা, *n.* Pilferer or secret stealer of butter (a nickname of *Krishna*).
নন্দ, *n.* Delight; happiness; joy; pleasure.
নন্দক, *a.* Pleasing; delightful.
নন্দদুলাল, *n.* Pet child of *Nanda* (an epithet of *Krishna*); pet child; fondling son.
নন্দন, *n.* Son:—*a.* delighting; pleasing.
নন্দন-কানন, নন্দনবন, *n.* Eden; *Indra's* pleasure garden.
নন্দনন্দন, *n.* Son of *Nanda* (an epithet of *Krishna*).
নন্দা—Same as ননদ।
নন্দাই—See ননদাই।
নন্দিত, *a.* Gladdened; rejoiced; delighted.
নন্দিনী, *n.* Daughter:—*a. fem.* pleasing; delightsome.
নন্দীভৃঙ্গী, *n. Nandi* and *Bhringi* (the two chief attendants of *Shiva*); attendants; followers.
নন্দ্য, *a.* Pleasurable; pleasing; delightful.
নপুংসক, *n.* Eunuch; hermaphrodite:—*a.* neuter; castrated. নপুংসক লিঙ্গ—Neuter gender.
নফর, *n.* Menial; serf; menial groom; slave.
নফরালি, *n.* Slavery; servitude; drudgery.
নব, *a.* New; modern; recent; young; fresh; nine:—*n.* nine. নব অনুরাগে—With renewed zeal or energy; with redoubled vigour.
নবকলিকা, *n.* Young blossom; new bud.
নবকার্তিক, *a.* As beautiful as *Kartick* just born; most handsome; (sarcas.) foppish gallant.
নবকুমার, *n.* Newly-born son.
নবগ্রহ, *n.* Nine planets.
নবচত্বারিংশ, নবচত্বারিংশত্তম, *a.* Forty-ninth.
নবচত্বারিংশৎ, *n.* & *a.* Forty-nine.
নবজলধর, *n.* New cloud.
নবজলধরপটল, *n.* New mass of clouds.
নবজলধরশ্যাম, *a.* As dark as a new cloud.
নবজাত, *a.* New-born; newly grown.
নব-জীবন, *n.* New life; new lease of life; renewal of youth; convalescence; freshness.
নবজ্বর, *a.* New attack of fever; acute fever.
নব-ডঙ্কা, *n.* Nothing; non-entity.
নবত—Same as নওবত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নবতি, *a.* & *n.* Ninety.
নবতিতম, *a.* Ninetieth. *fem.*=নবতিতমী।
নবত্ব, *n.* Novelty; newness; freshness.
নবদম্পতি, নবদম্পতী, *n.* Newly-married couple.
নবদল, *n.* New or young leaf of a lotus.
নবদ্বার, *n.* Nine inlets or outlets in the human body.
নবধা, *ind.* Nine times; ninefold; in nine ways; of nine kinds.
নবধাতু, *n.* Mixture of nine metals; nine sorts of metals; new metal.
নবনবত, *a.* Ninety-ninth.
নবনবতি, *n.* & *a.* Ninety-nine.
নবনিযুক্ত, *a.* Newly-appointed; recently engaged.
নবনী, নবনীত—Same as ননী।
নবনীতুল্য, *a.* Cream-like; soft and white like cream.
নবনীরদ, *n.* New cloud.
নবপত্রিকা, *n.* Image of goddess made of nine kinds of leaves.
নবপরিচ্ছদ, *n.* New garment or cloth.
নবপল্লব, *n.* Young leaf or twig; new shoot or sprout.
নববধূ, *n.* Bride; newly-married girl; new wife.
নববর্ষ, *n.* New year.
নববসন্ত, *n.* Early spring.
নববিংশ, নববিংশতিতম, *a.* Twenty-ninth.
নববিংশতি, *n.* & *a.* Twenty-nine.
নববিধান, *n.* New order of things.
নবম, *a.* Ninth.
নবমল্লিকা, *n.* Kind of plant or its flower.
নবমী, *n.* Ninth day of a lunar fortnight. নবমী পূজা—Third day's worship of *Durga*.
নবযুবক, *n.* Youth in the prime of life; adolescent boy.
নবযুবতী, *n.* Blooming girl; youthful lady.
নবযৌবন, *n.* Prime of youth; blossoming youth; full bloom of youth; adolescence.
নবযৌবনসম্পন্ন, *a.* Youthful; blooming with youth; in the prime of life.
নবযৌবনসম্পন্না, *a. fem.* Same as নবযৌবনসম্পন্ন।
নবযৌবনা, *a. fem.* Youthful; blooming with youth; adolescent.
নবরঙ্গ, *n.* Kind of fruit; novel kind of humour.
নবরত্ন, *n.* Nine precious gems; nine gems or celebrated counsellors at the court of *Vikramaditya*.
নবরত্নসভা, *n.* The court of King *Vikramaditya* consisting of nine gems or celebrated counsellors.
নবরস, *n.* Nine poetical sentiments.
নবাংশ, *n.* Ninth part.
নবাগত, *a.* Newly come; recently or just arrived.
নবান্ন, *n.* New rice or grain; new sunned rice; festival of eating new rice (held in the month of *Agrahayana*).
নবাব, *n. Nawab;* provincial governor or ruler.
নবাবজাদা, *n.* Son of a *Nawab*. *fem.*=নবাবজাদী।
নবাবি, *n.* Style of a *Nawab;* extravagance; lavish expenditure; luxury.
নবাবী, *a.* Belonging to a provincial governor or *Nawab;* lordly.
নবারুণ, *n.* Newly risen sun.
নবার্জিত, *a.* Newly obtained or acquired.
নবিস, নবীস, *n.* Writer; scribe.
নবিসি, *n.* Writership.
নবিসিন্দা, *n.* Writer of legal documents; scribe; correspondent; accountant.
নবী, *n.* Mahommedan prophet.
নবীকরণ, *n.* Renewing; reviving; renovation.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নবীকৃত, *a.* Renovated; renewed.

নবীন, *a.* New; novel; modern; fresh; young.

নবীনতা, নবীনত্ব, *n.* Novelty; newness; freshness.

নবীভবন, নবীভাব, *n.* Feeling refreshed; restoration of lost energy; sense of freshness or renewed energy; revival; resuscitation; renewing.

নবীভূত, *a.* Renewed; renovated.

নবোঢ়া, *a. fem.* Newly-married:—*n.* newly-married girl; bride.

নবোৎসাহ, *n.* New or fresh energy; perseverance.

নবোদক, *n.* Fresh water; new water.

নবোদিত, *a.* Newly risen; newly appeared.

নবোদ্গত, *a.* Newly grown; recently germinated; newly shot or cast up. নবোদ্গত চারা—Newly grown plant or sapling.

নবোদ্ভাবিত, *a.* Newly invented or discovered.

নবোদ্ভিন্ন, *a.* Just-born; new-grown; just-produced.

নবোদ্যম, *n.* New or fresh zeal (or effort); fresh energy; renewed endeavour; renewal of efforts. নবোদ্যমে কার্য আরম্ভ করা—Begin work with fresh energy.

নবোপলীয়, *a.* Neolithic.

নব্বই, নব্বুই, *n.* & *a.* Ninety.

নব্য, *a.* New; modern; recent; novel; fresh; young; youthful. নব্য বঙ্গ—Young or new Bengal.

নব্যা, *a. fem.* New; modern; youthful.

নভ, নভঃ, *n.* Sky; firmament; atmosphere.

নভঃস্থ, *a.* Situated in the sky or heaven; celestial; aerial.

নভঃস্থল—Same as নভস্তল।

নভঃস্থিত—Same as নভঃস্থ।

নভশ্চক্ষু, *n.* Sun.

নভশ্চর, *a.* Moving in the sky; aerial; skyey; aeronautic.

নভশ্চরণ, *n.* Aviation.

নভস্তল, *n.* Sky; atmosphere; space; firmament.

নভস্পর্শী, নভস্পৃক্, *a.* Touching the sky; sky-kissing; lofty; sky-high.

নভাংশ, *n.* Zenith distance.

নভেম্বর, *n.* November.

নভেল, নবেল, *n.* Novel.

নভেল-লেখক, *n.* Novelist; fictionist.

নভোনীল, *n.* Sky-blue:—*a.* azure; sky-blue.

নভোবস্তুবিদ্যা, *n.* Astro-physics.

নভোবিদ্যুৎ, *n.* Atmospheric electricity.

নভোবীক্ষণ, *n.* Astronomical telescope.

নভোমণ্ডল, *n.* Celestial globe; firmament; atmosphere.

নভোযোগ্য, *a.* Air-worthy.

নভোযোগ্যতা পত্র—Certificate of Air-worthiness.

নভোরশ্মি, *n.* Cosmic ray.

নমঃ, নম, *n.* Bowing; salutation; obeisance. নমঃ নমঃ করা—Salute; bow down. নমঃ নমঃ ক'রে সারা—Skip off; hurry through; do a thing half-heartedly; do perfurrtorily; get through somehow.

নমন, *n.* Bowing; bending; yielding; inclining.

নমন-বল, *n.* Bending force.

নমনাঙ্ক, *n.* Bending moment.

নমনীয়, নম্য, *a.* Capable of being bent; pliable; flexible; plastic; depressible. নমনীয় তার—Flexible wire.

নমনীয়তা, নমনীয়ত্ব, *n.* Flexibility; plasticity; elasticity.

নমস্কর্তা, *n.* He who bows or salutes. *fem.*=নমস্কর্ত্রী।

নমস্কার, *n.* Bow; salutation; greeting:—*ind.* good-morning; good-day. নমস্কার করা—Salute; bow; greet.

নমস্কার্য, *a.* Fit to be saluted or

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

greeted; worthy of respect or salutation; reverend; venerable.

পরস্পর, *a.* Mutual; reciprocal:—*ad.* mutually; reciprocally. পরস্পর মারামারি করা—Fight with each other.

পরস্পরকলহ, পরস্পরবিরোধ, *n.* Mutual quarrel.

পরস্পরবিরুদ্ধ, পরস্পরবিরোধী, *a.* Conflicting (statement); contradictory.

পরস্পরে, *ad.* Each other; mutually.

পরস্ব, *n.* Other's property; other's wealth.

পরস্বহরণ, *n.* Robbing or misappropriation of other's wealth or property.

পরস্বহারী, *a.* Robbing or misappropriating other's property or wealth.

পরস্বাপহরণ, *n.* Misappropriation; defalcation. পরস্বাপহরণ করা—Misappropriate other's funds; defalcate; steal other's money.

পরস্বাপহারী—Same as পরস্বহারী।

পরস্মৈপদী, *a.* Of others; depending on others.

পরহস্তগত, *a.* In other's hands; at other's disposal. পরহস্তগত ধন—Money at one's disposal.

পরহিংসক, *a.* Envious; malicious.

পরহিংসা, *n.* Envy; malice.

পরহিত, *n.* Good of others; other's welfare.

পরহিতকামী, *a.* Benevolent.

পরহিতব্রত, *n.* Service of mankind; devotion to the welfare of mankind.

পরহিতব্রতী, *a.* Devoted to the welfare of mankind.

পরহিতসাধন, *n.* Doing good to others; benevolence.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরহিতৈষণা, *n.* Desire of doing good to others; benevolence.

পরহিতৈষী—Same as পরহিতকামী।

পরা, *a.* Supreme; highest; positive:—*v.* put on; paint; tie:—*a.* dressed in; bearing; having tied.

পরাকরণ, *n.* Slighting; neglect.

পরাকাষ্ঠা, *n.* Perfection; excellence; highest pitch or point; climax; height; acme.

পরাকৃত, *a.* Slighted; neglected; despised; disregarded.

পরাক্রম, *n.* Prowess; force; exertion; strength; power; might; valour; gallantry; manliness.

পরাক্রমশালী, পরাক্রমী, পরাক্রান্ত, *a.* Having prowess; powerful; of great valour; mighty; strong.

পরাক্ষ, *n.* Major axis.

পরাগ, *n.* Pollen; fragrant powder; dust.

পরাগকেশর, *n.* Stamen.

পরাগকোষ, *n.* Anther.

পরাগত, *a.* Diffused; spread; joined; expanded; returned; pervaded.

পরাগধানী, *n.* Anther.

পরাগযোগ, *n.* Pollination. ইতর পরাগযোগ—Cross-pollination.

পরাগস্থালী, *n.* Pollen sac.

পরাগিত, *a.* Pollinated. পরাগিত করা—Pollinate.

পরাঙ্মুখ, *a.* Averse; unwilling; reluctant; turning away; having the face averted. পরাঙ্মুখ হওয়া—Shrink from; turn away; be averse to.

পরাজয়, *n.* Defeat; overthrow; repulse; discomfiture; subjugation. পরাজয় করা—Defeat; subdue; overcome; overpower. পরাজয় বরণ করা—Embrace or court defeat; take a thing lying down. পরাজয় স্বীকার করা—Acknowledge or admit defeat. পরাজয়ের গ্লানি—Disgrace or dishonour of a defeat.

পরাজিত, *a.* Defeated; conquered; vanquished; subdued; overcome; subjugated. পরাজিত করা—Defeat; overpower; overcome.

পরাজেয়, *a.* To be defeated; conquerable.

পরাণ, পরাণি (প্রাণ), *n.* Life; soul; heart. আমার পরাণ কাঁদে—My heart bleeds.

পরাণ-পিতম—Same as পরাণ-প্রিয়।

পরাণ-প্রিয়, পরাণ-বঁধু, *n.* My love; my beloved.

পরাণুবীক্ষণ, *n.* Ultra microscope.

পরাত, *n.* Big dish or tray; plate.

পরাৎপর, *a.* Most excellent; superior to; best; highest; supreme:—*n.* God; the Supreme Being.

পরাধিকার, *n.* Other's post, business or jurisdiction; another person's office.

পরাধিকারচর্চা, *n.* Interference with other people's concerns; officiousness; meddling in other's affairs. পরাধিকারচর্চা করা—Interfere with others' concerns; meddle with others' affairs; poke one's nose into others' affairs.

পরাধীন, *a.* Dependent; subservient; subject to another.

পরাধীনতা, পরাধীনত্ব, *n.* Dependence; subjection; subservience.

পরান—Same as পরাণ।

পরানী—Same as প্রাণী।

পরানো, *v.* Cause to wear; dress another; put to harness; pass through a hole; encase.

পরান্ন, *n.* Other's food; food prepared by others; food given by others.

পরান্নজীবী, *a.* Living at other's expense; sponging; hanging on; parasitic.

পরান্নপালিত, *a.* Fed by others; maintained at other's expense; dependent; sponging on another.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরান্নপুষ্ট, *a.* Nourished at other's expense.

পরান্নভোজী, *a.* Hanging on others; eating at other's table; dependent :—*n.* hanger-on; sponger; parasite.

পরাপবাদ, *n.* Defamation; slander; [scandal.

পরাপবাদক, *n.* Slanderer; defamer: —*a.* censorious.

পরাবর্ত, *n.* Exchange; interchange; return; reverting.

পরাবর্ত-চুল্লী, *n.* Reverberatory furnace.

পরাবর্তন, *n.* Return; retreat; exchange; barter; conversion by limitation.

পরাবর্তনীয়, পরাবার্ত্য, *a.* Returnable; revertible.

পরাবর্ত-ব্যবহার, *n.* Appeal.

পরাবর্তিত, *a.* Sent back; turned back.

পরাবিদ্যা, *n.* Esoteric or occult knowledge.

পরাবৃত্ত, *a.* Returned; turned back; reversed :—*n.* hyperbola.

পরাবৃত্তি—Same as পরাবর্তন।

পরাভব—Same as পরাজয়।

পরাভবনীয়—Same as পরাজেয়।

পরাভূত—Same as পরাজিত।

পরামর্শ, *n.* Advice; counsel; consultation; judgment; conclusion from analogy or experience. পরামর্শ করা—Consult; counsel. পরামর্শ দেওয়া—Give advice. পরামর্শ লওয়া—Take advice or counsel.

পরামর্শদাতা, *n.* Counsellor; adviser.

পরামর্শসভা, *n.* Council; conference.

পরামর্ষ, *n.* Tolerance; forbearance.

পরামানিক, *n.* Barber.

পরামৃষ্ট, *a.* Thoroughly considered; related; connected.

পরায়ণ, *a.* Depending (upon); connected (with); devoted (to); addicted (to).

পরায়ত্ত, *a.* Under the control of others; dependent on others.

পরার্থ, *n.* Others' interest; others' wealth or property; highest good.

পরার্থ-দায়িত্ব, *n.* Vicarious liability.

পরার্থপর, পরার্থপরায়ণ, *a.* Altruistic; selfless; unselfish.

পরার্থপরতা, পরার্থপরায়ণতা, *n.* Selflessness; disinterested service; unselfishness; altruism.

পরার্থবাদ, *n.* Altruism.

পরার্থশ্রমী, *n.* Labour; proletariat.

পরার্থে, *ad.* For the sake of others.

পরার্ধ, *n.* Hundred thousand billions; latter half.

পরাশ্রয়ী, *a.* Parasitic; epiphytal. পরাশ্রয়ী উদ্ভিদ্—Epiphyte; parasite.

পরাশ্রিত, *a.* Depending or dependent on others; sheltered by others; in other's employ; taking protection with others.

পরাস্ত, *a.* Defeated; overcome; overthrown; vanquished. পরাস্ত করা—Defeat; overcome; overpower. পরাস্ত মানা—Acknowledge, accept or court defeat. পরাস্ত হওয়া—Be defeated or routed.

পরাহ, *n.* Next day.

পরাহত, *a.* Obstructed; prevented; wounded; defeated; overthrown; destroyed; crushed.

পরাহ্ণ, অপরাহ্ণ, *n.* Afternoon.

পরিকথা, *n.* Fable; fiction.

পরিকর, *n.* Girth; girdle; zone; family; retinue; collection.

পরিকর্ম, *n.* Toilet; use of cosmetics and ornaments.

পরিকল্পক, *n.* Designer; Planning Officer.

পরিকল্পন, *n.* Designing; planning; meditation; cogitation.

পরিকল্পনা, *n.* Plan; contrivance; design; planning. পরিকল্পনা ও নদী উপত্যকা মন্ত্রক—Ministry of Planning and River Valley Schemes. পরিকল্পনা করা—Devise; plan; design.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিকল্পনাধিকারিক, পরিকল্পক, *n.* Planning Officer.
পরিকল্পিত, *a.* Planned; contrived; mapped out; devised; designed; made; thought; imagined.
পরিকীর্ণ, *a.* Scattered; strewn; diffused; pervaded.
পরিকীর্তন, *n.* Proclaiming; praising.
পরিকীর্তিত, *a.* Proclaimed; declared; praised; extolled; uttered.
পরিকেন্দ্র, *n.* Circumcentre.
পরিকেন্দ্রিক, পরিকেন্দ্রী, *a.* Circumferential.
পরিক্রম, *n.* Walking about; circuit; circumambulation.
পরিক্রমকাল, *n.* Periodic time.
পরিক্রমণ, *n.* Revolution; circumambulation. পরিক্রমণ করা—Stroll; walk; go round.
পরিক্রমা, *n.* Going or coming round; circumambulation (of a holy place).
পরিক্রয়, *n.* Repurchase.
পরিক্লিষ্ট, *a.* Vexed; tormented; distressed; wounded.
পরিক্ষিপ্ত, *a.* Scattered; surrounded; [left.
পরিক্ষীণ, *a.* Thoroughly emaciated; reduced to a skeleton; attenuated; quite tired or exhausted.
পরিক্ষেপ, *n.* Diffusion; scattering; throwing.
পরিখা, *n.* Ditch (around a fort); moat; trench. পরিখা খনন করা—Dig a trench or ditch.
পরিখ্যাত, *a.* Famous; celebrated.
পরিগণক, *n.* Computor; enumerator.
পরিগণন, পরিগণনা, *n.* Thorough counting; enumeration. পরিগণনা করা—Compute; enumerate; regard (as).
পরিগণিত, *a.* Regarded; considered; taken into account; numbered; reckoned; enumerated; calculated.
পরিগৃহীত, *a.* Received; accepted; admitted; acknowledged; obeyed.
পরিগৃহীতা, *a. fem.* Married; accepted or taken as wife.
পরিগ্রহ, *n.* Possession; taking; receipt; acceptance; taking one for wife; assumption; assuming. পরিগ্রহ করা—Take; receive; assume.
পরিগ্রাহক, *n.* Receiver; recipient.
পরিচয়, *n.* Acquaintance; intimacy; familiarity; introduction. পরিচয় করা—Make an acquaintance (with). পরিচয় করাইয়া দেওয়া—Introduce. (কাহারও সহিত) পরিচয় থাকা—Have an acquaintance or intimacy with. পরিচয় দেওয়া—Make oneself known; introduce oneself; reveal one's identity; evince (courage, etc.). পরিচয় লওয়া—Ask for one's introduction.
পরিচয়-পত্র, *n.* Letter of introduction.
পরিচর, *n.* Attendant; servant; bodyguard.
পরিচর্যা, *n.* Service; attendance; nursing; worship. পরিচর্যা করা—Serve; attend upon; nurse.
পরিচলন, *n.* Convection.
পরিচায়ক, *a.* Showing; indicative of; informing. পরিচায়ক বিশেষণ—Case in apposition.
পরিচায়িকা, *a. fem.* Same as পরিচায়ক:—*n.* introduction (of a book).
পরিচারক, *n.* Servant; footman; attendant; waiter.
পরিচারণ, *n.* Waiting upon; serving. পরিচারণ করা—Wait upon; serve.
পরিচারিকা, *n. fem.* Maidservant; waitress; nurse.
পরিচালক, *n.* Director; conductor; guide; manager:—*a.* directing; managing; conductive; guiding. *fem.*=পরিচালিকা।
পরিচালকতা, *n.* Directorship; guidance; managership; conductivity.
পরিচালকবর্গ, *n.* Management (=the managers of a concern).

Dr. Nirmala Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিচালক-সমিতি, *n.* Managing committee.

পরিচালন, *n.* Direction; management; conducting; administration. পরিচালন করা—Direct; manage; conduct; administer.

পরিচালিত, *a.* Directed; managed; administered; conducted; led.

পরিচিত, *a.* Known; acquainted with; intimate; familiar. পরিচিত ব্যক্তি—Known or familiar person.

পরিচিতি—Same as পরিচয়।

পরিচিন্তন, *n.* Close thinking or reflection; most careful consideration; deliberation.

পরিচিন্তিত, *a.* Carefully considered; well thought out.

পরিচ্ছদ, *n.* Dress; clothing; covering.

পরিচ্ছন্ন, *a.* Clean; tidy; neat; equipped; furnished.

পরিচ্ছন্নতা, *n.* Cleanliness.; neatness.

পরিচ্ছিন্ন, *a.* Bounded; limited; defined; measured; detached; divided.

পরিচ্ছেদ, *n.* Chapter; section; canto; paragraph; division; limit; boundary; ascertaining.

পরিচ্ছেদ্য, *a.* To be divided; divisible.

পরিচ্যুত, *a.* Fallen; thrown off.

পরিজন, *n.* Family; members of a household; dependants; attendant.

পরিজনবর্গ, *n.* Family members; family circle.

পরিজ্ঞাত, *a.* Well-known; thoroughly versed; well-acquainted. পরিজ্ঞাত থাকা—Know fully; be fully acquainted (with); be thoroughly versed.

পরিজ্ঞান, *n.* Thorough knowledge; complete acquaintance; competent or expert knowledge.

পরিণত, *a.* Reduced; changed; transformed; converted; turned; mature; ripe; full-grown. কার্যে পরিণত করা—Put into practice; carry into effect. পরিণত করা—Convert; reduce. পরিণত বয়স—Old or mature age. পরিণত বুদ্ধি—Mature intellect. পরিণত হওয়া—Turn into; result in.

পরিণত-বয়স্ক, *a.* Of mature age; old; full-grown; adult.

পরিণতি—Same as পরিণাম।

পরিণদ্ধ, *a.* Girdled; girt; bound.

পরিণমন, *n.* Reduction; inclination; evolution; conversion.

পরিণয়, *n.* Marriage; wedding. পরিণয় করা—Marry.

পরিণয়বন্ধন, *n.* Wedlock.

পরিণয়সূত্র, *n.* Ties of wedlock.

পরিণাম, *n.* End; result; conclusion; sequel; consequence; alteration; change; transformation; transmutation; evolution; old age; maturity; final state.

পরিণামদর্শন, *n.* Foresight.

পরিণামদর্শিতা, পরিণামদর্শিত্ব, *n.* Foresight; prudence; far-sightedness.

পরিণামদর্শী, *a.* Foreseeing; provident; prudent; far-sighted.

পরিণামদৃষ্টি, *n.* Foresight; prudence.

পরিণামবাদ, *n.* Theory of destiny; predetermination; theory of evolution; doctrine of teleology.

পরিণামে, *ad.* In the end; finally; in fine.

পরিণীত, *a.* Married.

পরিণেতা, *n.* Husband; one who marries.

পরিণেয়, *a.* Fit for marriage.

পরিতপ্ত, *a.* Regretting; remorseful; regretful; repentant; heated; warmed.

পরিতাপ, *n.* Regret; repentance; compunction; remorse; distress; sorrow; grief; heat. পরিতাপ করা—Regret. পরিতাপের বিষয়—Matter of regret.

পরিতুষ্ট, *a.* Pleased; contented; satis-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

fied; satiated. পরিতুষ্ট করা—Satisfy; please thoroughly.

পরিতুষ্টি, *n.* Complete satisfaction; satiety.

পরিতৃপ্ত, *a.* Satisfied; gratified. পরিতৃপ্ত করা—Same as পরিতুষ্ট করা।

পরিতৃপ্তি, *n.* Satisfaction; satiety; gratification; complacence. পরিতৃপ্তি সহকারে—With satisfaction or relish; with contentment.

পরিতোষ, *n.* Satisfaction; gratification; contentment; satiety.

পরিতোষজনক, *a.* Satisfactory; giving contentment or satisfaction; gratifying.

পরিতোষপূর্ব্বক, *ad.* With thorough satisfaction; with or to satiety. পরিতোষপূর্ব্বক ভোজন করা—Eat to one's heart's content. পরিতোষপূর্ব্বক ভোজন করানো—Feed or feast to satiety.

পরিত্যক্ত, *a.* Deserted; abandoned; renounced; relinquished; quitted; left.

পরিত্যজন—Same as পরিত্যাগ।

পরিত্যাগ, *n.* Giving up; abandonment; relinquishment; renouncing. পরিত্যাগ করা—Give up; quit; abandon; cast off.

পরিত্যাজ্য, *a.* Fit to be abandoned; to be given up; to be left.

পরিত্রাণ, *n.* Deliverance; rescue; release; salvation; liberation; relief; protection. পরিত্রাণ করা—Deliver; liberate; save; rescue; release. পরিত্রাণ পাওয়া—Be saved or released; be delivered; be relieved; be liberated.

পরিত্রাণকর্ত্তা, *n.* Deliverer; saviour; preserver; protector.

পরিত্রাণ-পথ, *n.* Means of deliverance; way of rescue or escape.

পরিত্রাত, *a.* Delivered; saved; rescued; protected.

পরিত্রাতা, *n.* Saviour; deliverer; preserver; liberator; protector:—*a.* saving; protecting; rescuing.

পরিত্রাহি, *ind.* O save me! Help! পরিত্রাহি ডাক ছাড়া—Cry for help; send out S. O. S.

পরিদর্শ, *n.* Inspection.

পরিদর্শ-করণিক (মহাধর্ম্মাধিকরণ), *n.* Inspection Clerk (High Court).

পরিদর্শক, *n.* Inspector. (আরক্ষা) পরিদর্শক—Inspector (Police). পরিদর্শক (পশু-চিকিৎসা)—Inspector (Veterinary). পরিদর্শক (পাট-নিয়ন্ত্রণ)—Inspector (Jute Regulation). পরিদর্শক (বালাধিকরণ)—Probation Officer (Children's Court Establishment). পরিদর্শক (সমবায়-সমিতি)—Inspector (Co-operative Societies).

পরিদর্শন, *n.* Inspection; supervision; superintendence. পরিদর্শন করা—Inspect; observe; supervise.

পরিদর্শী, *a.* Inspecting. পরিদর্শী উপদর্শক—Inspecting Overseer.

পরিদৃশ্যমান, *a.* Visible.

পরিদৃশ্যমান জগৎ, *n.* Phenomenal world.

পরিদৃষ্ট, *a.* Noticed; observed.

পরিদেবন, পরিদেবনা, *n.* Lamentation; wailing; complaint; repentance; regret.

পরিদোলক, *n.* Pendulum.

পরিধান, *n.* Putting on; wearing; garment; clothes. পরিধান করা—Put on; wear.

পরিধান-বস্ত্র, *n.* Clothes to be worn; wearing garments.

পরিধাবক, *n.* Dresser.

পরিধায়ী, *a.* Wearing.

পরিধি, *n.* Circumference (as of a circle); periphery (as of a wheel); disc (of the sun or the moon).

পরিধিস্থ, *a.* Situated on the circumference or periphery.

পরিধৃত, *a.* Held; supported; worn.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিধেয়, *a.* Fit to be put on; to be worn. পরিধেয় বসন—Apparel fit to be worn; wearing apparel.
পরিনির্বাণ, *n.* Emancipation (of soul); salvation; beatitude.
পরিনিষ্ঠা, *n.* Culmination.
পরিপক্ব, *a.* Perfectly ripe; quite mature; skilled; competent; digested; well-cooked or dressed; thoroughly done.
পরিপক্বতা, *n.* Ripeness; maturity; digestion; skilfulness.
পরিপত্র, *n.* Circular.
পরিপন্থী, *a.* Standing in the way; opposing; acting as an obstacle; antagonistic; hindering; hampering; adverse:—*n.* opponent; adversary; enemy.
পরিপাক, *n.* Digestion; assimilation; ripeness; maturity. পরিপাক করা—Digest; assimilate. পরিপাক হওয়া—Be digested or assimilated.
পরিপাকযন্ত্র, *n.* Digestive organ; stomach.
পরিপাকশক্তি, *n.* Power of digestion; digestive power.
পরিপাটী, পরিপাটি, *n.* Orderliness; neatness; tidiness; method; arrangement; succession; turn; regularity:—*a.* orderly; methodical; neat; clean; excellent.
পরিপার্শ্ব, *n.* Surroundings.
পরিপালক, *n.* Administrator.
পরিপালন, *n.* Nursing; nourishment; feeding; protection; fulfilment; maintenance. পরিপালন করা—Nurse; nourish; rear; cherish; support; protect; observe; maintain.
পরিপালিত, *a.* Nursed; nourished; cherished; fed; kept.
পরিপুষ্ট, *a.* Developed; nourished; well-fed; plump and substantial.
পরিপুষ্টি, *n.* Nourishment; plumpness; development.
পরিপূত, *a.* Holy; sacred.
পরিপূরক, *a.* Fulfilling; complementary (পরিপূরক কোণ).
পরিপূরণ, *n.* Fulfilment; completion; complementing. পরিপূরণ করা—Fulfil; complete; complement.
পরিপূরিত, *a.* Filled up; fulfilled; satisfied.
পরিপূর্ণ, *a.* Quite full; replete with; fulfilled; whole. পরিপূর্ণ করা—Fill up; fulfil; complete.
পরিপূর্ণতা, *n.* Fulness; completeness; plentitude; satisfaction.
পরিপৃক্ত, *a.* Saturated. পরিপৃক্ত করা—Saturate. পরিপৃক্ত দ্রব্য—Saturated solution. পরিপৃক্ত হওয়া—Saturate.
পরিপৃক্তি, *n.* Saturation.
পরিপোষক, *n.* Supporter; upholder:—*a.* supporting; nourishing.
পরিপোষণ, *n.* Support; nutrition. পরিপোষণ করা—Nourish; cherish.
পরিপ্রেক্ষণ, *n.* Perspective; telescope; field-glass.
পরিপ্রেক্ষণিকা, *n.* Perspective; view.
পরিপ্রেক্ষিত, *n.* Perspective.
পরিপ্রেক্ষিতে, *ad.* In perspective; in the light of; from the viewpoint of.
পরিপ্লব, *n.* Immersion; inundation; oppression; swimming; bathing.
পরিপ্লুত, *a.* Thoroughly wetted, soaked or saturated; bathed; inundated; flooded; immersed; suffused; sprinkled. পরিপ্লুত করা—Inundate; submerge; flood; saturate.
পরিবর্জন, *n.* Abandonment; relinquishment; renouncing; desertion.
পরিবর্জিত, *a.* Abandoned; deserted; forsaken.
পরিবর্ত, *n.* Exchange; barter; reciprocity; change; alteration; vicissitude; requital; recompense.
পরিবর্তক, *a.* Altering; changing; that turns back; exchanging. পরিবর্তক পট্ট—Change-over board.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

পরিবর্তন, *n.* Alteration; change; variation; mutation; modification; conversion; requiting; returning; retreat. পরিবর্তন করা—Change; alter; convert; transform; exchange for.

পরিবর্তনপ্রয়াসী, *a.* Seeking change or innovation; desirous of reforming; liberal :—*n.* innovator.

পরিবর্তনবিরোধী, *a.* Opposed to change or innovation; conservative :—*n.* non-changer.

পরিবর্তনশীল, *a.* Always changing; subject to constant change; variable; mutable; shifting.

পরিবর্তনশীলতা, *n.* Changeableness; variableness.

পরিবর্তনীয়, *a.* To be changed; alterable; variable; modifiable; transformable.

পরিবর্ত-বিবাহ, *n.* Inter-marriage.

পরিবর্তমান, *a.* Changing; returning; revolving.

পরিবর্ত-হার, *n.* Rate of exchange.

পরিবর্তিত, *a.* Changed; altered; transformed; converted; revolved; exchanged; metamorphic. পরিবর্তিত শিলা—Metamorphic rock. পরিবর্তিত হওয়া বা করা—Vary.

পরিবর্তী, *a.* Alternating; mutable. পরিবর্তী প্রবাহ—Alternating current. পরিবর্তী বায়ু—Variable wind. পরিবর্তী মোক্ষণ—Oscillatory discharge.

পরিবর্তে, *ad.* In lieu of; in exchange for; instead of.

পরিবর্ধক, *a.* Growing; increasing; enhancing; augmenting; amplifying; enlarging :—*n.* amplifier. পরিবর্ধক কাচ—Magnifying glass.

পরিবর্ধন, *n.* Increasing; augmentation; enlargement; amplification; growth. পরিবর্ধন করা—Increase; amplify; enhance; enlarge; augment; grow.

পরিবর্ধিত, *a.* Increased; enlarged; augmented; enhanced; amplified; expanded. পরিবর্ধিত করা—Amplify; enlarge; expand.

পরিবলন, *n.* Circumnutation.

পরিবহণ, *n.* Conduction; transport; conveyance. পরিবহণ করা—Conduct; transport. পরিবহণ করা—Transfusing tissue.

পরিবহণ-আধিকারিক, *n.* Transport Officer.

পরিবহণ-পরিদর্শক, *n.* Transport Inspector.

পরিবহণ-মন্ত্রক, *n.* Ministry of Transport.

পরিবহণ-মহাধ্যক্ষ, *n.* Transport Commissioner.

পরিবাদ, পরীবাদ, *n.* Accusation; charge; blame; disrepute; slander; reproach; complaint.

পরিবাদক, পরিবাদী, *n.* Accuser; condemner; prosecutor; plaintiff.

পরিবাদী—See পরিবাদক।

পরিবাপন, *n.* Transplantation; planting.

পরিবাপিত, *a.* Transplanted; sowed.

পরিবার, *n.* Family; dependants; members of the household; wife.

পরিবার-পরিকল্পনা, *n.* Family-planning.

পরিবাহ, *n.* Inundation; flood; overflow; watercourse; aqueduct.

পরিবাহক, *n.* Conductor; drainage.

পরিবাহক্ষেত্র, *n.* Basin; catchment.

পরিবাহণ, *n.* Conduction.

পরিবাহিত, *a.* Carried off; drained off.

পরিবাহিতা, *n.* Conductivity.

পরিবাহী, *n.* Conductor.

পরিবীক্ষণ, *n.* Close observation.

পরিবৃত, *a.* Surrounded; encompassed; encircled; hemmed in.

পরিবৃতি, *n.* Surrounding; encircling; assembling.

পরিবৃত্ত, *a.* Returned; retired; revolved; encompassed :—*n.* circumscribed circle; circumcircle.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিবৃত্তি, *n.* Change; alteration; transition; barter; exchange.

পরিবৃত্তি-কাল, *n.* Transition period.

পরিবৃত্তি-বক্র, *n.* Transition curve.

পরিবেত্তা, *n.* Younger brother married before his elder.

পরিবেদন, *n.* Marriage of a younger brother before his elder.

পরিবেদনা, *n.* Pain; pang; affliction; anguish; distress.

পরিবেশ, পরিবেষ, *n.* Environment; environs; surroundings; circumstances; circumference; periphery.

পরিবেশক, পরিবেষক, *n.* Distributor; dealer; server:—*a.* distributing (food).

পরিবেশন, পরিবেষণ, *n.* Distribution; serving at table. পরিবেশন করা, পরিবেষণ করা—Distribute; serve or distribute (food).

পরিবেষ্ট, *n.* Circuit.

পরিবেষ্টক, *a.* Surrounding; encompassing; encircling; enclosing; hemming in.

পরিবেষ্টন, *n.* Surrounding; enclosing; armature winding; circumference; surroundings; environment. পরিবেষ্টন করা—Surround; encompass; encircle; enclose.

পরিবেষ্টনী, *n.* Surroundings; entourage; environments; environs; enclosure; cordon.

পরিবেষ্টা—Same as পরিবেশক।

পরিবেষ্টিত, *a.* Surrounded; enclosed; encompassed; encircled; beset; engirt.

পরিব্যয়, *n.* Cost.

পরিব্যয়-মূল্য, *n.* Cost-price.

পরিব্রজ্যা, *n.* Religious mendicancy; ascetic devotion. পরিব্রজ্যা গ্রহণ করা—Become a mendicant; retire from the world.

পরিব্রাজক, *n.* Traveller; religious mendicant; ascetic.

পরিব্রাজন, *n.* Wandering; travelling; roving.

পরিব্রাজিকা, *n. fem.* Same as পরিব্রাজক।

পরিভব, পরিভাব, *n.* Defeat; disregard; contempt; neglect; slight; insult.

পরিভাজন, *n.* Apportionment.

পরিভাষণ, *n.* Reproof; censure; conversation.

পরিভাষা, *n.* Technical words; terminology; definition.

পরিভাষিত, *a.* Said; told; defined.

পরিভুক্ত, *a.* Enjoyed; used; possessed.

পরিভূত, *a.* Defeated; overpowered; overcome.

পরিভৃতি, *n.* Emolument; salary.

পরিভোগ, *n.* Full enjoyment or possession.

পরিভ্রমণ, *n.* Wandering about; roaming; revolving; rotating. পরিভ্রমণ করা—Go about; travel; stroll; peregrinate; traverse; turn round; rotate.

পরিভ্রষ্ট, *a.* Fallen; degraded; corrupt; deprived (of); spoiled.

পরিভ্রূণ, *n.* Perisperm.

পরিমণ্ডল, *n.* Girth; circumference; circle; orbit:—*a.* round; spherical; circular.

পরিমণ্ডিত, *a.* Wholly surrounded; encompassed; completely encircled; set; adorned; dressed.

পরিমর্দন, *n.* Pressing; trampling (upon); rubbing; embracing.

পরিমল, *n.* Sweet scent; fragrance; perfume (poet.); nectar of flowers.

পরিমাণ, *n.* Measure; weight; quantity; magnitude; size; dimension; standard; amount. অল্প পরিমাণে—In small doses; in small quantities; a little. চার হাত পরিমাণ—Measuring four cubits. পরিমাণ করা—Measure; weigh; calculate; count.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিমাণ-ফল, *n.* Area (জমির পরিমাণ-ফল—area of a land); quantity ascertained by measurement.
পরিমাণমূলক, *a.* Quantitative.
পরিমাত্রা, *n.* Intensity.
পরিমাপ, *n.* Measure; measuring; survey; admeasurement. পরিমাপ করা—Admeasure.
পরিমাপ-অধিকর্তা, *n.* Director of Surveys.
পরিমাপ-আধিকারিক, *n.* Survey Officer.
পরিমাপক, *n.* Surveyor. পরিমাপক (জনস্বাস্থ্য)—Surveyor (Public Health). পরিমাপক ও অর্হাপক—Surveyor and Valuer (Land Acquisition Collector's Office).
পরিমাপন, *n.* Admeasurement.
পরিমার্জন, *n.* Cleaning; scouring.
পরিমার্জিত, *a.* Cleaned; scoured; wiped; cultured; cultivated; bright. পরিমার্জিত করা—Cleanse; scour; chasten.
পরিমিত, *a.* Measured; finite; defined; limited; moderate; temperate. পরিমিত আচরণ—Temperance; moderation. পরিমিত পান-ভোজন—Moderation in eating and drinking; abstemiousness. পরিমিত ব্যয়—Frugality; economy.
পরিমিতব্যয়ী, *a.* Economical; frugal; sparing in expense.
পরিমিতভুক্, *a.* Moderate in eating; abstemious.
পরিমিতাচার, *a.* Temperate; moderate:—*n.* temperance; moderation.
পরিমিতাচারী, *a.* Temperate; moderate.
পরিমিতাহার, *n.* Abstemiousness; moderation in eating:—*a.* abstemious.
পরিমিতাহারী, *a.* Abstemious; moderate in eating.
পরিমিতি, *n.* Measurement; measuration.
পরিমেয়, *a.* Fit to be measured; measurable; finite; moderate; commensurable.
পরিমেল, *n.* Association.
পরিমেল-নিয়মাবলী, *n.* Articles of Association. [Association.
পরিমেল-বন্ধ, *n.* Memorandum of
পরিম্লান, *a.* Waning; dried; withered; bedimmed; soiled.
পরিযাণ, *n.* Traffic.
পরিযাণ-আরক্ষা, *n.* Traffic Police Department.
পরিযাণ-আরক্ষী, *n.* Traffic Police.
পরিযাণ-আরম্ভ, *n.* Traffic Originating.
পরিযাণ-করণিক, *n.* Traffic Clerk.
পরিযাণ-চিহ্ন, *n.* Traffic sign.
পরিযাণ-নিয়ন্ত্রণোপায়, *n.* Traffic control device.
পরিযাণ-নির্দেশ, *n.* Traffic assignment.
পরিযাণ-নির্বাহক, *n.* Traffic Manager (of a Railway).
পরিযাণ-পূর্বাভাস, *n.* Traffic prognosis.
পরিযাণ-প্রবাহ, *n.* Traffic flow (or Traffic Volume).
পরিযাণ-প্রবাহচিত্র, *n.* Traffic flow diagram.
পরিযাণ-বিনিময়, *n.* Traffic interchange.
পরিযাণ-বিশ্লেষণ, *n.* Traffic analysis.
পরিযাণ-ব্যবস্থাপক, *n.* Traffic Manager.
পরিযাণ-শেষ, *n.* Traffic terminating.
পরিযাণ-সংকেত, *n.* Traffic signal.
পরিযাণ-স্রোত, *n.* Traffic stream.
পরিরক্ষক, *n.* Escort.
পরিরক্ষণ, *n.* Preservation; protection; proper guarding or preserving (of a thing).
পরিরক্ষিত, *a.* Well-preserved; well-protected; well-kept; well-guarded; escorted. পরিরক্ষিত হওয়া—Be escorted.
পরিরক্ষিদল, *n.* Escort party.
পরিরম্ভ, পরিরম্ভণ, *n.* Embrace.
পরিলক্ষিত, *a.* Closely observed; perfectly noticed.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিলিখিত, *a.* Circumscribed.
পরিলিখন, *n.* Outline; sketch.
পরিশিষ্ট, *n.* Appendix; supplement; remainder; residue.
পরিশীলন, *n.* Study; cultivation; culture; discussion; discussing; practice; immersion; embrace.
পরিশীলিত, *a.* Practised; cultivated; studied; cultured; embraced.
পরিশুদ্ধ, *a.* Cleansed; purified; pure; correct; right; cleared off; paid off. পরিশুদ্ধ করা—Cleanse; purify; refine.
পরিশুদ্ধি, *n.* Sanctity; purity; refinement.
পরিশুষ্ক, *a.* Well-dried; completely dried up; withered.
পরিশেষ, *n.* Conclusion; end; remainder; terminating; completion; finish; finishing.
পরিশেষে, *ad.* At last; in the end; finally; ultimately; after all; in the long run.
পরিশোধ, *n.* Paying off; discharge (of a debt). পরিশোধ করা—Pay off; repay.
পরিশোধক, *n.* Reviser.
পরিশোধন, *n.* Revision; cleaning; purification.
পরিশোধ্য, *a.* Repayable; outstanding.
পরিশোষ, *n.* Drying.
পরিশোষণ, *n.* Drying up; evaporation; sucking up.
পরিশ্রম, *n.* Labour; toil; industry; exertion; effort; endeavour. পরিশ্রম করা—Labour; exert; work hard.
পরিশ্রমকাতর, পরিশ্রমবিমুখ, *a.* Lazy; slothful; indolent; averse to toil.
পরিশ্রমপটু, *a.* Laborious; industrious; painstaking; diligent.
পরিশ্রমবিমুখ—See পরিশ্রমকাতর।
পরিশ্রমী, পরিশ্রমশীল, *a.* Laborious; industrious; diligent; painstaking; hard-working; capable of strenuous labour; toiling. পরিশ্রমী লোক—Diligent or industrious person.
পরিশ্রান্ত, *a.* Tired out; wearied; fatigued; exhausted.
পরিশ্রান্তি, *n.* Fatigue; weariness; complete exhaustion.
পরিশ্লেষ, *n.* Close embrace.
পরিষৎ, পরিষদ্, *n.* Assembly; meeting; council; association.
পরিষৎপাল, *n.* Speaker of the Assembly; Chairman (of Legislative Council).
পরিষৎ-সচিব, *n.* Parliamentary Secretary.
পরিষৎ-সদস্য, *n.* Member of the [Assembly.
পরিষদ্—See পরিষৎ।
পরিষেবক, *n.* Nurse.
পরিষেবা, *n.* Nursing.
পরিষেবা-অধীক্ষিকা, *n.* Lady Superintendent of Nursing.
পরিষেবিকা, *n.* Female nurse.
পরিষ্করণ, *n.* Clearing; cleaning; cleansing; purification.
পরিষ্কার, *a.* Clear; cloudless; clean; pure; neat; orderly; outspoken; upright; accurate; keen; intelligent; free from confusion; frank; free from morbidity; musical:—*n.* cleaning; purification. পরিষ্কার কথা—Plain talk. পরিষ্কার করা—Clear; clean; refine; polish; cleanse; explain clearly; illustrate at length. পরিষ্কার গঠন—Beautiful figure; handsome cut. পরিষ্কার গলা—Clear or sweet voice. পরিষ্কার জল—Clear water; transparent water. পরিষ্কার মন—Sincere mind; frank heart; clear conscience.
পরিষ্কারক, পরিষ্কর্তা, *n.* Cleaner; purifier:—*a.* cleaning; purifying.
পরিষ্কার-পরিচ্ছন্ন, *a.* Neat and clean.
পরিষ্কৃত, *a.* Cleansed; purified; clear; pure; explained; elucidated; illustrated.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিসংখ্যা, পরিসংখ্যা, *n.* Counting; enumeration; limitation.
পরিসংখ্যাত, *a.* Numbered; enumerated; counted.
পরিসংখ্যান, *n.* Statistics.
পরিসংখ্যান-করণিক, *n.* Statistical Clerk.
পরিসংখ্যান-কর্তা, *n.* Statistical Authority.
পরিসংখ্যান-সংক্রান্ত, পারিসাংখ্যিক, *a.* Statistical.
পরিসংখ্যায়ক, *n.* Satistician.
পরিসমাপ্ত, *a.* Finished; completed; concluded; terminated.
পরিসমাপ্তি, *n.* Completion; conclusion; termination; finis.
পরিসম্পৎ, *n.* Assets. পরিসম্পৎ ও দায়িতা—Assets and liabilities.
পরিসর, *n.* Extent; width; breadth; verge; vicinity.
পরিসাজ, *n.* Get-up (গ্রন্থের পরিসাজ).
পরিসীমা, *n.* Boundary; border; perimeter; extreme limit; extremity; end. কষ্টের পরিসীমা নাই—There is no end of trouble.
পরিস্থিতি, *n.* Situation; circumstances; condition; position.
পরিস্পন্দন, *n.* Quivering; tremor; throbbing; vibration; agitation.
পরিস্ফুট, *a.* Distinct; clear; plain; manifest; unfolded; full-blown.
পরিস্ফুরণ, *n.* Manifestation; effervescence; showing excitement.
পরিস্রব, *n.* Placenta.
পরিস্রাবণ, *n.* Filtration.
পরিস্রুত, *a.* Filtered; distilled; oozed. পরিস্রুত জল—Distilled water.
পরিস্রুতি, *n.* Filtering.
পরিহরণ, *n.* Giving up; quitting; refuting or refutation (of an argument); repelling (of a charge).
পরিহরণীয়, পরিহর্তব্য—Same as পরিহার্য।
পরিহসনীয়—See পরিহাস্য।
পরিহসিত, *a.* Ridiculed; laughed at.
পরিহার, *n.* Abandonment; shunning; disrespect; disregard; refutation. পরিহার করা—Shun; avoid; give up (এই বদ অভ্যাস পরিহার কর—give up this bad habit); fight shy of.
পরিহার্য, *a.* To be left or quitted; avoidable.
পরিহাস, *n.* Jest; joke; mockery; derision; sport; mirth; laughter. পরিহাস করা—Jest; laugh at; cut jokes. পরিহাস করিয়া—Same as পরিহাসচ্ছলে।
পরিহাসচ্ছলে, *ad.* In jest; jokingly. পরিহাসচ্ছলে বলিয়াছিলাম, সত্যি বলি নাই—I said this in jest, not in earnest.
পরিহাসপ্রিয়, *a.* Fond of jesting; sportive; witty.
পরিহাসবাক্য, *n.* Jest; jocular remark; jokes.
পরিহাসভরে—Same as পরিহাসচ্ছলে।
পরিহাস্য, পরিহসনীয়, *a.* Laughable; ludicrous; ridiculous.
পরিহিত, *a.* Clothed; clad; put on; worn. জীর্ণবস্ত্র পরিহিত—Worn in rags; in tattered clothes.
পরিহীন, *a.* Bereft; devoid; waning.
পরিহৃত, *a.* Abandoned; shunned; got rid of; taken off or away; repelled; refuted.
পরী, *n.* Fairy; fay; beautiful woman.
পরীক্ষক, *n.* Examiner; investigator; critic; tester; judge:—*a.* examining; trying; investigating. পরীক্ষক (প্রকাশ-নিবন্ধকরণ বা অফিস)—Reader (Office of the Registrar of Publications).
পরীক্ষণ, *n.* Examining; investigating; test; experiment.
পরীক্ষণীয়, *a.* To be examined; to be investigated; to be tried or tested; to be experimented upon. পরীক্ষণীয় বিষয়—Subject to be tested or examined.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরীক্ষা, *n.* Examination; experiment; trial; test; analysis; ordeal. পরীক্ষা করা—Examine; test; investigate; try. পরীক্ষা দেওয়া—Appear at an examination; sit for an examination; submit to a test or an ordeal. পরীক্ষায় টেকা—Stand a test.

পরীক্ষাগার, *n.* Laboratory; examination hall.

পরীক্ষাগৃহ, পরীক্ষাভবন, পরীক্ষামন্দির, পরীক্ষালয়, পরীক্ষাশালা, *n.* Examination hall; place for experiment; experiment hall.

পরীক্ষাধীন, *a.* Under trial or experiment; subject to examination or trial.

পরীক্ষাভবন, পরীক্ষামন্দির—See পরীক্ষাগৃহ।

পরীক্ষামূলক, *a.* Experimental.

পরীক্ষার্থী, *n.* Examinee; candidate for examination:—*a.* appearing at an examination. *fem.*=পরিক্ষার্থিনী।

পরীক্ষালয়, পরীক্ষাশালা—See পরীক্ষাগৃহ।

পরীক্ষিত, *a.* Examined; tested; investigated; experimented; tried; proved. পরীক্ষিত ঔষধ—Tried or tested medicine.

পরীক্ষোত্তীর্ণ, *a.* Passed. পরীক্ষোত্তীর্ণ হওয়া—Pass an examination; stand a test; be found suitable.

পরুষ, *a.* Rough; harsh; rude; severe; abusive (as speech); cruel.

পরুষকণ্ঠ, *a.* Harsh-toned.

পরুষকণ্ঠে, *ad.* In a harsh tone or voice; harshly.

পরুষতা, পরুষত্ব, *n.* Roughness; arrogance; hardness; cruelty.

পরুষবচন, *n.* Rude or harsh words.

পরে, *ad.* Afterwards; in future; subsequently; below.

পরেশ, *n.* God; the Supreme Being.

পরোক্ষ, *a.* Beyond sight; invisible; imperceptible; indirect. কাহারও পরোক্ষে—In one's absence; behind one's back. পরোক্ষ কর—Indirect tax. পরোক্ষ দৃষ্টি—Indirect vision. পরোক্ষ প্রমাণ—Indirect proof; circumstantial evidence. পরোক্ষে নিন্দা করা—Backbite.

পরোপকার, *n.* Doing good to others; benevolence; service to others; philanthropy. পরোপকার করা—Do good to others; serve others.

পরোপকারক, পরোপকারী, *a.* Doing good to others; benevolent; rendering services to others; kind; philanthropic.

পরোপকারিতা, পরোপকারিত্ব, *n.* Benevolence; beneficence; philanthropy.

পরোপজীবী, পরোপজীব্য, *a.* Living at other people's expenses; depending on others for subsistence; parasitic; hanging on.

পরোয়া, *n.* Fear; dread; anxiety; care. পরোয়া করা—Pay heed to; care; fear.

পরোয়ানা, *n.* Warrant; writ; summons; licence; passport; order; command; process. পরোয়ানা জারি করা—Serve a process or writ. পরোয়ানা জাহির করা—Issue a warrant.

পরোয়ানা-জারিকারী, *n.* Process-server.

পরোয়ানা-বাহক, *n.* Process-serving peon.

পর্চা, *n.* Settlement record (showing the position, area, ownership, etc. of lands).

পর্জন্য, *n.* Thunder-cloud; *Indra.*

পর্ণ, *n.* Leaf; betel-leaf.

পর্ণকুটীর, *n.* Thatched hut; humble or mean cottage.

পর্ণপুট, *n.* Bag made of leaves.

পর্ণভোজী, *a.* Feeding on tree-leaves.

পর্ণমোচী, *a.* Deciduous.

পর্ণলতা, *n.* Betel-plant. [pallet.

পর্ণশয্যা, *n.* Bed of leaves or grass;

পর্ণশালা, *n.* Hut made of leaves and grass; thatched hut.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পর্ণী, *a.* Leafy :—*n.* tree.
পর্দন, *n.* Fart.
পর্দা, *n.* Screen ; curtain ; partition ; scale ; fold ; cover ; layer ; fibre. চোখের পর্দা—Cover of the eye ; sense of shame ; feeling of delicacy. তাহার চোখের পর্দা নাই—He has no sense of shame ; he is brazen-faced. পর্দার অন্তরালে—Behind the curtain ; in camera ; secretly ; clandestinely ; in private.
পর্দানশিন, *a.* Living behind the curtain ; veiled.
পর্দাপ্রথা, *n.* The *purdah* system ; the *purdah*.
পর্ব, *n.* Festival ; holiday ; joint ; knot ; articulation ; internode ; division ; chapter or section (of a book) ; canto.
পর্বত, *n.* Mountain ; hill ; rock.
পর্বতকন্দর, *n.* Den ; cave ; cavern.
পর্বতকায়—Same as পর্বতাকার।
পর্বতচূড়া, *n.* Peak ; mountain-peak.
পর্বতপার্শ্ব, *n.* Mountain-side.
পর্বতপ্রমাণ, *a.* As bulky as a mountain ; vast ; huge.
পর্বতবাসী, *n.* Mountaineer :—*a.* living on mountains. *fem.*=পর্বতবাসিনী। [peak.
পর্বতশিখর, পর্বতশৃঙ্গ, *n.* Mountain-
পর্বতশ্রেণী, *n.* Range of mountains ; mountain-range.
পর্বতাকার, *a.* Hill-shaped ; of the size of a hill ; huge ; vast.
পর্বতীয়, *a.* Hilly ; living on mountains or hills.
পর্বদিন, *n.* Day of festival ; festival.
পর্বমধ্য, *n.* Internode.
পর্বস্ফোট, *n.* Snapping the joints of the fingers.
পর্বাহ, *n.* Festival day ; gala day ; holiday ; holy day.
পর্যঙ্ক, *n.* Bedstead ; couch ; sofa ; cot.
পর্যটক, পর্যটনকারী, *n.* Traveller ; wanderer ; tourist.
পর্যটন, *n.* Travelling ; roaming ; wandering about. পর্যটন করা—Travel ; wander about ; move about ; make a tour ; tour.
পর্যটনকারী—See পর্যটক।
পর্যটনশীল, *a.* Wandering ; travelling.
পর্যন্ত, *ind.* Till ; up to ; to ; into ; throughout ; even ; too :—*n.* limit ; boundary ; end.
পর্যবসান, *n.* Completion ; end ; close ; termination ; conclusion. পর্যবসান হওয়া—Terminate ; conclude.
পর্যবসিত, *a.* Completed ; finished ; concluded ; closed ; turned or converted into ; reduced to.
পর্যবেক্ষক, পর্যবেক্ষণকারী, *n.* Observer ; watcher :—*a.* observing ; watching.
পর্যবেক্ষণ, *n.* Observation ; watch ; close supervision ; superintendence. পর্যবেক্ষণ করা—Observe ; watch ; supervise closely ; superintend.
পর্যবেক্ষণকারী—See পর্যবেক্ষক।
পর্যবেক্ষণিকা, *n.* Observatory ; watch-tower.
পর্যবেক্ষিত, *a.* Observed ; closely watched ; supervised closely ; superintended.
পর্যস্ত, *a.* Scattered about ; stretched out ; upset ; overturned ; fallen.
পর্যাটক—Same as পর্যটক।
পর্যাপ্ত, *a.* Sufficient ; enough ; plentiful ; ample ; abundant ; copious ; competent ; adequate ; fit.
পর্যাপ্তপরিমাণে, *ad.* In sufficient quantity ; abundantly ; copiously ; in plenty.
পর্যাপ্তি, *n.* Sufficiency ; plenty ; amplitude ; abundance ; superfluity ; fulness ; competence.
পর্যাবৃত্ত, *a.* Periodic (motion).
পর্যাবৃত্তি, *n.* Periodicity.
পর্যায়, *n.* Turn ; order ; sequence ;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

rotation; succession; period; regular disposition; series; generation; synonym; grade.

পর্যায়কাল, *n.* Period.

পর্যায়ক্রমে, *ad.* By turns or rotation; in turn; alternately; successively.

পর্যায়বহি, *n.* Roster-book.

পর্যায়শব্দ, *n.* Synonym.

পর্যায়সম, *a.* Rhyming alternately (verse):—*n.* alternate rhyme.

পর্যায়সারণী, *n.* Periodic table.

পর্যালোচন, পর্যালোচনা, *n.* Deliberation; reflection; careful consideration; circumspection; discussion; rough study or analysis; searching examination.

পর্যালোচিত, *a.* Thoroughly discussed or studied; carefully considered.

পর্যুদস্ত, *a.* Defeated; vanquished; overcome; overpowered; weakened; prohibited; forbidden. পর্যুদস্ত করা—Rout; overpower; weaken; defeat completely.

পর্যুদাস, *n.* Exclusion; defeat; exception; prohibitive rule or precept.

পর্যুষিত, *a.* Stale; corrupted; soiled; tarnished; tainted. পর্যুষিত বাক্য—Unfulfilled promise.

পর্যেষণ, পর্যেষণা, *n.* Research.

পর্ষদ্, *n.* Board.

পল, *n.* *Pal*; period of 24 seconds; weight of gold equal to 4 tolas; flesh; straw; bevel; rib.

পলক, *n.* Twinkling of an eye; wink; moment; instant. পলক পড়া—Close the eyelid in winking; wink. পলক ফেলা—Wink.

পলকবিহীন, পলকরহিত, পলকশূন্য, পলকহীন, *a.* Without a twinkle; winkless; motionless.

পলকমধ্যে, *ad.* Instantly.

পলকা, *a.* Brittle; weak; feeble; fragile; short-lived.

পলকানো, *v.* Become brittle or frail; weaken (by exposure to the sun and rain).

পলকে, *ad.* In the twinkling of an eye; in a moment. পলকে পলকে—Every moment. পলকে প্রলয়—Sweeping destruction coming on unexpectedly; disaster that strikes the world without a warning.

পলটন, *n.* Platoon; armed force; regiment; battalion.

পলতে—Same as পলিতা।

পল-তোলা, *a.* Bevelled; bevel-edged.

পলল, *n.* Alluvium; meat.

পলল-শিলা, পলল-ভূমি, *n.* Alluvial soil.

পলস্তারা, *n.* Plaster; blister. পলস্তারা দেওয়া, পলস্তারা লাগানো—Plaster.

পলা, *n.* Coral; small spoon.

পলাকাঁটি, পলাকাঁটী, পলাকাঁঠি, *n.* Wristlet made of coral beads.

পলাণ্ডু, *n.* Onion.

পলাতক, *a.* Fleeing; escaping; decamping; runaway; fugitive:—*n.* absconder. পলাতক আসামী—Fugitive criminal; absconder. পলাতক হওয়া—Abscond; decamp.

পলানো, পালানো, *v.* Run away; escape; elope; abscond; depart stealthily; steal away; slink; decamp. পলাইবার পথ—Way or means of escape. পলাইয়া যাওয়া—Escape; run away; bolt.

পলান্ন, *n.* *Pilau*, a rich food consisting of rice and *ghee* (butter), boiled with fish or meat.

পলায়ন, *n.* Running away; flight; elopement; retreat; escape; bolting; decamping. পলায়ন করা—Run away; take to one's heels; bolt; escape; abscond; retreat; elope.

পলায়নপর, *a.* Fleeing; retreating; absconding; decamping. পলায়নপর সৈন্য—Retreating army.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পলায়নোদ্যত, *a.* About to escape; ready to retreat or flee away.

পলায়মান, *a.* Running away; escaping; fleeing; retreating; decamping.

পলায়িত, *a.* Run away; fled; absconded.

পলাশ, *n.* *Palash,* a kind of tree bearing red flowers, leaf or petal (as in পদ্ম-পলাশ).

পলি, *n.* Silt; alluvial deposit; alluvium; sediment of mud; alluvial mud. পলি পড়া—Silt.

পলিত, *a.* Grey (as hair); hoary.

পলিতকেশ, *a.* Grey-haired; hoary-headed:—*n.* grey hair.

পলিতা, *n.* Wick; match (of a gun).

পলি-পড়া, *a.* Silted up.

পলু, পলুপোকা, *n.* Silk-worm; chrysalis. পাকা পলু—Ripe worms.

পলু-ঘর, *n.* Rearing room.

পল্টন—Same as পলটন।

পল্বল, *n.* Small pool; pond; tank.

পল্বল-পঙ্ক, *n.* Mud of a pond.

পল্যঙ্ক—Same as পর্যঙ্ক।

পল্লব, *n.* New leaf; tender leaf; young shoot; small branch; end of a branch or twig bearing new leaves; foliage; twig; sprout.

পল্লবগ্রাহিতা, *n.* Smattering; superficiality; shallowness.

পল্লবগ্রাহী, *a.* Shallow; superficial; having shallow knowledge:—*n.* smatterer; Jack-of-all-trades. পল্লবগ্রাহী ব্যক্তি—Smatterer; Jack-of-all-trades.

পল্লবরাজি, *n.* Row of new leaves; foliage.

পল্লবিত, *a.* Having new sprouts and twigs; spread; extended; exaggerated:—*n.* prolifix.

পল্লী, পল্লি, *n.* Village; hamlet; quarter; locality; ward.

পল্লী-অঞ্চল, *n.* Rural area.

পল্লী-উন্নয়ন, *n.* Village development.

পল্লীগ্রাম, পল্লিগ্রাম, *n.* Country; hamlet; village.

পল্লীজীবন, *n.* Rural life.

পল্লীনৃত্য, *n.* Country-dance.

পল্লীপ্রচার-আধিকারিক, *n.* Rural Publicity Officer.

পল্লীবধূ, *n.* Country-woman; country-wife.

পল্লীবালা, পল্লীবালিকা, *n.* Country-maid; village-girl.

পল্লীবাস, *n.* Country-seat.

পল্লীবাসিনী, *a. fem.* Living in a village:—*n.* country-maid; rustic girl; country-woman.

পল্লীবাসী, *a.* Living in a village:—*n.* villager.

পল্লীভবন, *n.* Village home; country-house.

পল্লীসংগঠন, *n.* Rural organization.

পল্লীসংস্কার, *n.* Rural construction.

পল্লীসমিতি, *n.* Country club; village society.

পশম, *n.* Wool; fur. পশম পরিষ্কার করা—Comb or card wool.

পশমী, *a.* Made of wool; woollen. পশমী কাপড়—Woollen cloth.

পশা, *v.* Enter; go into; penetrate.

পশু, *n.* Beast; animal; brute; cattle; dunce; savage. গবাদি পশু—Cattle. গৃহপালিত পশু—Domestic animal. ভারবাহী পশু—Beast of burden.

পশুঘাত, *n.* Slaughter of animals.

পশুচর্ম, *n.* Hide.

পশুচারণ, *n.* Grazing of cattle. পশুচারণ করা—Graze or tend cattle.

পশুচারণ-ক্ষেত্র, *n.* Pasturage; pasture field.

পশুচারণ-তৃণ, *n.* Pasture; pasturage.

পশুচারণযোগ্য, *a.* Pasturable.

পশুচিকিৎসক, *n.* Veterinary surgeon.

পশুজাতীয়, *a.* Brutal; bestial.

পশুতা, পশুত্ব, *n.* Brutality; bestiality; beastliness.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পশুধর্ম, *n.* Bestiality.
পশুপতি, *n.* God *Shiva.*
পশুপাল, *n.* Herd of cattle; shepherd; cowherd.
পশুপালক, *n.* Cowherd; cow-boy; shepherd; herdsman.
পশুপালন, *n.* Rearing or tending of cattle; animal husbandry.
পশুপালন-বিশারদ—Same as পশুপালন-বিশেষজ্ঞ।
পশুপালন-বিশেষজ্ঞ, *n.* Live-stock expert.
পশুবৎ, *a.* Like a beast; beastly; brutal; bestial. পশুবৎ আচার, পশুবৎ আচরণ—Beastly conduct; brutal behaviour; brutality.
পশুরাজ, *n.* Lion; king of beasts.
পশুলোম, *n.* Fur; wool.
পশুশালা, *n.* Zoological garden; zoo.
পশ্চাৎ, *ind.* After; afterwards; subsequently; behind; following; westward; in the west.
পশ্চাতে, *ad.* Behind.
পশ্চাত্তাপ, *n.* Repentance; regret; remorse; compunction.
পশ্চাত্তাপী, *a.* Repenting; penitent; regretting.
পশ্চাৎপদ, *a.* Lagging behind; retreating; receding; desisting.
পশ্চাদনুসরণ, পশ্চাদ্গমন, *n.* Pursuit; chase. পশ্চাদনুসরণ করা, পশ্চাদ্গমন করা—Pursue; follow.
পশ্চাদনুসরণকারী, *n.* Follower; pursuer; chaser:—*a.* following; pursuing; chasing. *fem.*=পশ্চাদনুসরণকারিণী।
পশ্চাদপসরণ, *n.* Retreat.
পশ্চাদভিমুখে, *ad.* Backwards.
পশ্চাদ্গতি, *n.* Retrogression; pursuing.
পশ্চাদ্গমন—See পশ্চাদনুসরণ।
পশ্চাদ্গামী, *a.* Following; succeeding; pursuing. পশ্চাদ্গামী হওয়া—Follow; go after.
পশ্চাদ্ধাবন, *n.* Running after; following; chasing; pursuit. পশ্চাদ্ধাবন করা—Run after; chase; follow; pursue.
পশ্চাদ্ধাবমান, *a.* Running after; chasing; following. পশ্চাদ্ধাবমান হওয়া—Run after; follow; chase.
পশ্চাদ্ধাবিত, *a.* Running after; following; chasing; pursuing; pursued; chased. পশ্চাদ্ধাবিত হওয়া—Run after; chase; pursue.
পশ্চাদ্বর্তী, *a.* Following; lagging or remaining behind. পশ্চাদ্বর্তী হওয়া—Lag behind; follow.
পশ্চাদ্ভাগ, *n.* Hind part; rear.
পশ্চাদ্ভাগে, *ad.* Backwards; in the background; behind; in the rear.
পশ্চাদ্ভূমি, *n.* Background; hinterland.
পশ্চার্ধ, *n.* Lower half; lower half of the body.
পশ্চিম, *a.* West; western:—*n.* west. পশ্চিম বায়ু-প্রবাহ—Westerly winds. পশ্চিম ভারতীয়—West Indian. পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ—West Indies.
পশ্চিমদেশ, *n.* Western country; the west; occident.
পশ্চিমদেশীয়, *a.* Western; of the west; occidental.
পশ্চিমবঙ্গ, *n.* West Bengal.
পশ্চিমা, পশ্চিমে, *a.* Of the west; coming from the west; western; belonging to Upper India:—*n.* westerlies; (Indian) up-country man.
পশ্চিমাঞ্চল, *n.* Western province or area.
পশ্চিমাস্য, *a.* Facing westward.
পশ্চিমী, *a.* Western; occidental. পশ্চিমী সভ্যতা—Western civilization.
পশ্চিমে—See পশ্চিমা।
পশ্বধম, *a.* Beastly; brutal; inhuman; very mean; vile.
পশ্বাচার, *n.* Beastly conduct; brutal behaviour; mystic or *Tantric* mode of worship.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পশ্বাচারী, *a.* Of beastly conduct; of brutal behaviour; practising *Tantric* mode of worship.

পসরা, *n.* Merchandise; burden; load (কলঙ্কের পসরা—load of scandals; burden of infamy); shop; articles for sale.

পসলা, *n.* Shower.

পসার, *n.* Practice; reputation; extension; extent; publicity. ওকালতিতে তাঁহার বড় একটা পসার নাই—He has little practice at the bar; he is almost without a brief or case. তাঁহার খুব পসার আছে—He has a roaring practice. পসার করা—Establish a practice. পসার নষ্ট করা—Lose one's practice; throw away one's chance at the bar.

পসারী, *n.* Shop-keeper; grocer; petty trader.

পসুরি, *n.* Weight of five *seers*.

পস্তানি, *n.* Repentance; regret.

পস্তানো, *v.* Repent; regret; repine; rue; grieve.

পহর—Same as প্রহর।

পহেলা, পয়লা, *n.* First day of a month:—*a.* first:—*ad.* before; previously; at first.

পা, *n.* Leg; foot; step; pace; fifth note of the Indian gamut. পা ওঠা—Rise up. পা চলা—Walk; move. পা চাটা—Lick one's boots; flatter meanly. পা চালানো—Walk swiftly; kick. পা টলা—Be reeling. পা টিপে টিপে—On tip-toe; silently; noiselessly. পা তোলা—Raise one's foot to kick; move one's foot to strike. পা দেওয়া—Set foot (on or in). পা পা, পা পা করিয়া—Step by step. পা ফেলা—Step; tread. পা বাড়ানো—Step forward; advance a step; start on a journey. পায়ে ঠেলা—Reject; spurn at. (কাহারও) পায়ে তেল দেওয়া—Serve or flatter one meanly; fawn; cringe; crawl (at the feet of another); lick the boot (of). পায়ে দলা—Trample under foot. পায়ে ধরা—Supplicate humbly; be fawning. পায়ে পড়া—Fall at the feet of. পায়ে রাখা—Favour; give shelter; look upon with favour. পায়ের উপর পা দিয়া থাকা—Sit cross-legged; have comfort by getting work done by servants. পায়ের ধূলা দেওয়া—Go to one's place. পায়ের সূতা ছেঁড়া—Feel ache or pain in the leg.

পাই, *n. Pie;* twelfth part of an anna.

পাইক, *n.* Footman; messenger; watchman; peon.

পাইক-বরকন্দাজ, *n.* Watchman and other attendants.

পাইকার, পাইকের, *n.* Wholesaler; wholesale dealer; wholesale buyer.

পাইকারী, পাইকেরী, *a.* Wholesale. পাইকারী বা পাইকেরী দর—Wholesale rate.

পাইট, পাট, *n.* Dressing; arranging; fold; layer.

পাইড়—See পাড়।

পাইন, পান, *n.* Solder; alloy. পাইন দেওয়া—Solder; alloy; temper (as steel).

পাইপ, *n.* Pipe; tube.

পাইল, পাল, *n.* Sail; awning.

পাউডার, *n.* Powder. পাউডার মাখা—Powder; daub with powder. পাউডারের কৌটা—Powder-case.

পাউন্ড, *n.* Pound; £; about half a seer.

পাওনা, *n.* Due; claim; acquisition:—*a.* due. পাওনা মেটানো—Pay what is due. পাওনার মুখ—Occasion of gain.

পাওনা-গণ্ডা, *n.* Dues.

পাওনাদার, *n.* Creditor.

পাওয়া, *v.* Get; obtain; have; receive; find; possess; suffer gain:—*a.* got; obtained.

পাওয়ানো, *v.* Cause to get or obtain

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

cause to receive or possess; cause to suffer or gain.

পাংশু, *n.* Ashes; dust; sin; vice.

পাংশুটে, পাংশুবর্ণ, *a.* Ash-coloured; pale; livid.

পাংশুময়, *a.* Covered with dust (or ashes); ashy.

পাংশুল, *a.* Dusty; ashy; sinful.

পাংশুলা, *a. fem.* Same as পাংশুল। (*cf.* কুলপাংশুলা।)

পাঁইজ—Same as পাঁজ।

পাঁইজর—Same as পাঁয়জর।

পাঁইট, *n.* Pint.

পাঁইপাঁই, *ind.* Word denoting *swiftness, quick motion,* etc. পাঁইপাঁই ক'রে—Swiftly; hurriedly; in hot haste.

পাঁউরুটি, পাঁউরুটি, *n.* Loaf; bread.

পাঁক, *n.* Mud; mire; slime.

পাঁকই—See পাঁকুই।

পাঁকাটি, *n.* Woody stalk of a jute-plant.

পাঁকাল, পাঁকালো, *a.* Muddy; miry; steeped in cold water (as boiled rice). পাঁকাল মাছ—Species of eel-fish.

পাঁকুই, পাঁকই, *n.* Foot-sore.

পাঁচ, *n.* & *a.* Five. পাঁচ কথা—Lot of talking; harsh words; reproof.

পাঁচই, পাঁচুই, *n.* Fifth day of a month.

পাঁচজনা, *n.* Public.

পাঁচড়া, *n.* The itch; scab.

পাঁচন, *n.* Stick; medical decoction.

পাঁচন-বাড়ি—Same as পাঁচন।

পাঁচনর, পাঁচনল, *n.* Golden necklace of five strings.

পাঁচনি, *n.* Stick; staff.

পাঁচফুলে সাজি—Basket filled with different kinds of flowers; mixture of different ingredients; medley; assortment.

পাঁচফোড়ন, *n.* Five seasoning spices.

পাঁচমিশালী, *a.* Assorted; of different kinds; diverse; varied in quality or character:—*n.* medley; promiscuous mixture.

পাঁচাপাঁচি, *a.* Ordinary; common; not conspicuous.

পাঁচালি, পাঁচালী, *n.* Bengali doggerel poem.

পাঁচিল, *n.* Wall; fence; parapet.

পাঁজ, *n.* Skein (of cotton); roll; wisp.

পাঁজর, পাঁজরা, *n.* Ribs; sides.

পাঁজা, *n.* Wisp; bundle; heap; pile. ইটের পাঁজা—Brick-kiln; pile of bricks. পাঁজা করা—Lift bodily.

পাঁজি, *n.* Almanac.

পাঁজিপুঁথি, *n.* Books and papers; calendars and sacred books; files and documents.

পাঁঠা, *n.* He-goat; stupid fellow; idiot; dunce.

পাঁঠী, *n.* She-goat.

পাঁড়, *a.* Full-grown; big; bulky; fat; inveterate; ripe for the production of seed (as a cucumber):—*n.* chief; leader; ring-leader. পাঁড় মাতাল—Sot; inveterate drunkard.

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পিয়ার, পেয়ার, *n.* Love; affection; object of love; paramour. পিয়ারের (পেয়ারের) চাকর—Favourite servant. পিয়ারের (পেয়ারের) লোক—One's favourite; bosom friend; boon companion.

পিয়ারা, পেয়ারা, *n.* Guava; beloved; dear. [heart.

পিয়ারী, *n. fem.* Lady-love; sweet-

পিয়াল, *n.* Kind of tree.

পিয়ালা, পেয়ালা, *n.* Drinking bowl; cup.

পিয়াস, পিয়াসা, *n.* Thirst; desire; longing; hankering; yearning.

পিয়াসী, *a.* Thirsty; desirous; covetous.

পিরান, *n.* Long robe; shirt.

পিরামিড, *n.* Pyramid.

পিরিচ, *n.* Saucer.

পিরিত, পিরিতি, পিরীতি, *n.* Love; affection; fondness; illicit love; amour. [(chess).

পিল, *n.* Pill; elephant; bishop

পিলখানা, *n.* Stable or shed for elephants.

পিলপা, পিলপে, *n.* Small pillar; baluster.

পিলপাগাড়ি, *n.* Fixing pillars to mark out the boundaries.

পিলপিল, *ind.* Word denoting *creeping movement* (of ants, etc.) or *spurting* or *rushing out of a liquid.* পিলপিল করা—Swarm; be infested with. পিলপিল করিয়া—In swarms; in crowds; in a line; innumerably. পিলপিল করিয়া বাহির হওয়া—Come out swarmingly.

পিলসুজ, *n.* Candlestick; lamp-stand.

পিলে, পিলা, *n.* Spleen; disease of the spleen. পিলে ফাটা—Rupture of the spleen.

পিশাচ, *n.* Evil spirit; demon; ghost; devil; fiend; imp; dirty fellow; man of low and vulgar taste.

পিশাচগ্রস্ত, *a.* Possessed by an evil spirit.

পিশাচঘটিত, *a.* Demoniac; demoniacal.

পিশাচতত্ত্ব, *n.* Demonology.

পিশাচতত্ত্বজ্ঞ, পিশাচতত্ত্ববিৎ, *n.* Demonologist:—*a.* conversant with demonology.

পিশাচপূজা, *n.* Demonolatry.

পিশাচরাজ্য, *n.* Demonomy; demonocracy; world of demons or evil spirits.

পিশাচসিদ্ধ, *a.* Having power over evil spirits; in league with evil spirits.

পিশাচী, *n.* Female fiend or goblin.

পিশিত, *n.* Raw flesh; raw meat.

পিশুন, *a.* Cruel; malicious; wicked; low; vile; deceitful; foolish.

পিষা, পেষা, *v.* Pound; bruise; pulverize; press; squeeze; oppress.

পিষাই, *n.* Grinding; crushing; cost of grinding.

পিষানো, *v.* Cause to pound or grind; cause to oppress.

পিষ্ট, *a.* Ground; pressed; kneaded.

পিষ্টক, *n.* Pudding; baked cake; cake made of rice-meal.

পিসতত, পিসতুত, পিসাত, *a.* Born of a father's sister. পিসতত ভাই বা ভগিনী—Cousin; son or daughter of father's sister.

পিসশাশুড়ী, *n.* Aunt-in-law; sister of the father-in-law.

পিসশ্বশুর, *n.* Uncle-in-law; husband of the sister of the father-in-law.

পিসা, পিসে, *n.* Husband of father's sister. [father's sister.

পিসী, পিসি, পিসীমা, *n.* Paternal aunt;

পিস্তল, *n.* Pistol.

পিহিত, *a.* Covered; closed; sheathed; vanished.

পীচ, পিচ, *n.* Tar; pitch; peach fruit.

পীঠ, *n.* Altar; base (of a stand); stage (microscope); pedestal (of an idol); wooden seat; stool;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

famous place of pilgrimage; institution.

পীঠপট্ট, *n.* Base plate.

পীঠ-শিলা, *n.* Basement rock.

পীঠস্থান, *n.* Holy or sacred place; old seat of a god; (in *Hindu* mythology) one of the fifty-one sacred places that received the severed pieces of *Sati's* body.

পীড়ক, *a.* Oppressive; squeezing; pressing; torturing; persecuting; afflicting:—*n.* oppressor.

পীড়ন, *n.* Oppression; persecution; pressure; stress. পীড়ন করা—Oppress; harass; press; torture; persecute; annoy.

পীড়া, *n.* Disease; illness; malady; pain; affliction; distress; persecution; torture. পীড়া দেওয়া—Torment; afflict. পীড়ার প্রকোপ—Virulence or severity of a disease.

পীড়াকর, পীড়াজনক, *a.* Causing illness; annoying; afflicting; noxious.

পীড়াগ্রস্ত—Same as পীড়িত।

পীড়াদায়ক, *a.* Giving pain; oppressive; annoying.

পীড়াপীড়ি, পেড়াপীড়ি, *n.* Importunities; urging; pressing; pressing request. পীড়াপীড়ি করা—Importune; request earnestly; press; insist.

পীড়িত, *a.* Ill; sick; diseased; ailing; tortured; oppressed; afflicted; pressed; squeezed. পীড়িত হইয়া পড়া—Fall ill; be sick.

পীড়্যমান, *a.* Being afflicted; being oppressed or persecuted.

পীত, *a.* Yellow; drunk; sucked; quaffed:—*n.* yellow colour.

পীতচন্দন, *n.* Yellow sandalwood; yellow sandalwood paste.

পীতজ্বর, *n.* Yellow fever.

পীতধড়া, *n.* Piece of yellow cloth for the waist (worn by *Krishna* in his childhood).

পীতবসন, পীতবাস, পীতাম্বর, *n.* Yellow cloth:—*a.* dressed in yellow.

পীন, *a.* Grown fat; corpulent; thick; plump; full-grown; bulky; large.

পীনপয়োধর, *n.* Plump female breasts.

পীনস—Same as পিনাস।

পীনোন্নত, *a.* Large and prominent.

পীনোন্নতপয়োধর, *n.* Plump and prominent breasts.

পীনোন্নতপয়োধরা, *a. fem.* Having plump and prominent breasts.

পীবর, *a.* Fat; large; full-grown; corpulent; robust.

পীযূষ, *n.* Nectar; ambrosia; milk; beestings.

পীযূষ-পূরিত, *a.* Filled with nectar; full of milk.

পীর, *n.* Mahommedan saint; prophet; holy man. পীরের দরগা—Hermitage of a Mahommedan saint. পীরের সিন্নি—Offering to a *Pir*.

পীরিত—Same as পিরিত।

পীরোত্তর, *n.* Endowment of land for the support of a *Pir*.

পীলসুজ—Same as পিলসুজ।

পুং, *n.* Male.

পুংকেশর, *n.* Stamen.

পুংগব, পুঙ্গব, *n.* Bull; ox; chief:—*a.* chief; excellent.

পুংজননকোষ, *n.* Male gamete.

পুংদণ্ড, *n.* Filament (stamen).

পুংধর, *n.* Androphore.

পুংধানী, *n.* Antheridium.

পুংবৎ, *ind.* Like a man or male; mannish.

পুংবৎস, *n.* Male calf.

পুংবহ, *n.* Antheridiopore.

পুংবাচক, *a.* Denoting male sex.

পুংভাব, *n.* Masculinity; manliness; virility.

পুংভাবাপন্ন, *a.* Masculine; manly; virile.

পুংলিঙ্গ, *n.* Masculine gender; male organ; penis:—*a.* masculine.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুংশ্চলী, *n.* Unchaste woman; harlot; saucy girl; jade.
পুংশ্চিহ্ন, *n.* Male genitals.
পুংস্কোকিল, *n.* Male cuckoo.
পুংস্তবক, *n.* Androecium.
পুংস্ত্ব, *n.* State of a male; manhood; virility.
পুঃ, *ind.* Postscript. *abbr.*=P. S.
পুইয়া—Same as পুয়ে।
পুঁচকে, *a.* Little; small; tiny.
পুঁছা, *v.* Wipe out; rub off; care; ask for.
পুঁছানো, *v.* Cause to wipe away; rub off.
পুঁজ, *n.* Pus; purulent matter. পুঁজ হওয়া, পুঁজ জন্মানো—Suppurate.
পুঁজ-রক্ত, *n.* Pus and blood.
পুঁজি, *n.* Capital; stock-in-trade; fund; wealth; heap; store; collection.
পুঁজিপাটা, *n.* Stock-in-trade; capital; funds. তাহার পুঁজিপাটা নাই—He has no capital; he is without funds.
পুঁটলি, পুঁটুলি, *n.* Bundle; packet.
পুঁটি, *n.* Name of a small fish; fry; very little girl. পুঁটি মাছের প্রাণ—Man of straw; person of no importance. পুঁটি মাছের ফরফরানি—Blustering of a man of no importance.
পুঁটে, *n.* Knot of a tuft hanging loosely from an ornament; button; tiny boy:—*a.* tiny; small.
পুঁতা, *v.* Inter; bury; plant in the ground.
পুঁতানো, *v.* Cause to inter or bury; cause to plant in the ground.
পুঁতি, *n.* Bead. পুঁতির মালা—String of beads.
পুঁথি, পুথি, *n.* Manuscript; book. পুঁথি বাড়ানো—Enlarge upon the matter of a book.
পুঁথিগত, *a.* Found in books; (of knowledge) confined to books; bookish; pedantic. পুঁথিগত বিদ্যা—Book-learning; bookish knowledge.
পুঁথিপত্র, *n.* Books and papers.
পুঁয়ে, *a.* Slender. পুঁয়ে পাওয়া—Lose flesh; waste; wither away; peak and pine.
পুঁয়ে-পাওয়া, *a.* Rickety; slender.
পুকুর, *n.* Pond; tank; pool. পুকুর কাটা—Excavate a pond. পুকুর ঝালা—Re-excavate a tank. পুকুরে মাছ ছাড়া—Stock a pond with small fish.
পুকুর-চুরি, *n.* Large-scale stealing; wholesale or mass stealing.
পুঙ্খ, *n.* Root or base of an arrow.
পুঙ্খানুপুঙ্খ, *a.* Minute; detailed; particular.
পুঙ্খানুপুঙ্খরূপে, *ad.* Minutely; very carefully; particularly; in detail or particular; scrutinizingly.
পুঙ্গব—See পুংগব। [—*a.* caudal.
পুচ্ছ, *n.* Tail; back; hinder part:
পুচ্ছ-পাখনা, *n.* Caudal fin.
পুচ্ছহীন, *a.* Tailless.
পুছ, *n.* Interrogation; questioning. পুছ করা—Ask; question.
পুছা, *v.* Ask; question; interrogate; inquire about; have any regard for; take notice of.
পুঞ্জ, *n.* Heap; pile; multitude; cluster; mass; collection; quantity; group.
পুঞ্জমেঘ, *n.* Cumulus cloud.
পুঞ্জালকমেঘ, *n.* Cirro-cumulus cloud.
পুঞ্জিত, *a.* Heaped; accumulated; grouped.
পুঞ্জী, *n.* Capital; funds.
পুঞ্জীক-মূল্য, *n.* Capitalized value.
পুঞ্জীকরণ, পুঞ্জীভবন, *n.* Accumulation.
পুঞ্জীকৃত, *a.* Heaped; amassed; accumulated; aggregate.
পুঞ্জীগণিতক, *n.* Capital accounts.
পুঞ্জীভূত—Same as পুঞ্জীকৃত। পুঞ্জীভূত অসন্তোষ—Accumulated dissatisfaction.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুট, *n.* Cup made of leaves; folding; capsule; covering; sheath; casket; crucible.
পুটক, *n.* Vessel made of leaves.
পুটহাতা, *n.* Linear measurement from the shoulder to the wrist.
পুটিং, *n.* Putty.
পুটিত, *a.* Strung; sewn; joined; [veiled.
পুড়া, *v.* Burn; scald; be calcined; become very hot; be afflicted. পুড়িয়া অঙ্গার হইয়া যাওয়া—Be calcined; be burnt to cinders. পুড়িয়া ছাই হইয়া যাওয়া—Be burnt or reduced to ashes.
পুড়ানি, *n.* Distress; affliction.
পুড়ানে, *a.* Burning; distressing.
পুড়ানো—Same as পোড়ানো।
পুডিং, *n.* Pudding.
পুড়ুনি—Same as পুড়ানি।
পুণ্ডরীক, *n.* White lotus.
পুণ্ডরীকাক্ষ, *n. Vishnu; Krishna.*
পুণ্ড্র, পুণ্ড্রক, *n.* Sandal mark on the forehead.
পুণ্য, *n.* Virtue; religious merit; piety:—*a.* holy; virtuous; pious.
পুণ্যকর্ম, *n.* Virtuous deeds; holy action; religious act.
পুণ্যকর্মা, *a.* Virtuous; performing religious acts.
পুণ্যকীর্তি, *a.* Of holy fame; virtuous:—*n.* holy fame; pious deed.
পুণ্যক্ষেত্র, পুণ্যতীর্থ, *n.* Sacred place; holy land; holy shrine.
পুণ্যতোয়া, *a. fem.* Having holy water; with holy water.
পুণ্যফল, *n.* Reward of piety; reward of religious performances.
পুণ্যফলে, *ad.* By good luck; by dint of virtue or pious deeds.
পুণ্যবতী, *a. fem.* Same as পুণ্যবান্।
পুণ্যবল, *n.* Power of virtue; religious merit. [merits or good deeds.
পুণ্যবলে, *ad.* By virtue of religious
পুণ্যবান্, *a.* Virtuous; pious; religious; holy; blessed; lucky.
পুণ্যভূমি, *n.* Sacred place; holy land.
পুণ্যলব্ধ, *a.* Gained through religious merit; acquired by means of virtue.
পুণ্যলাভ, *n.* Attainment of virtue.
পুণ্যলোক, *n.* Heaven; paradise.
পুণ্যলোভাতুর, পুণ্যলোভী, *a.* Desirous of earning virtue.
পুণ্যশীল, *a.* Pious; virtuous; righteous; religious.
পুণ্যশ্লোক, *a.* Of sacred renown; of hallowed memory or name; of a virtuous character.
পুণ্যশ্লোকা, *a. fem.* Same as পুণ্যশ্লোক।
পুণ্যসঞ্চয়, *n.* Accumulation of religious merits; acquiring of virtue.
পুণ্যাত্মা, *a.* Religious; virtuous; pious; righteous; holy; pure; saintly.
পুণ্যাহ, *n.* Holy or auspicious day.
পুণ্যোদকা—Same as পুণ্যতোয়া।
পুত—Same as পুত্র।
পুতন্তী, *a. fem.* Having a son.
পুতলি, *n.* Doll; pupil of the eye; pet.
পুতুপুতু, *n.* Too much care; great tenderness; cuddling. পুতুপুতু ক'রে রাখা—Take great care of; maintain with great tenderness; mollycoddle; pamper.
পুতুল, *n.* Doll; puppet; cat's-paw; idol. হাতের পুতুল—Cat's-paw.
পুতুলখেলা, *n.* Play with dolls; triviality.
পুতুলনাচ, পুতুলবাজি, *n.* Puppet-show.
পুতুল-নাচিয়ে, *n.* Puppet-player.
পুতুলপূজা, *n.* Idolatry.
পুত্তলিকা, পুত্তলি, পুত্তলী, *n.* Doll; toy; puppet; idol; small image.
পুত্তলিপূজক, *n.* Idolator:—*a.* idolatrous.
পুত্তিকা, *n.* White ant.
পুত্র, পুত্রক, *n.* Son; male child.
পুত্রকলত্র, *n.* Son and wife.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুত্রকাম—See পুত্রার্থী।
পুত্রপৌত্র, *n.* Son and grandson.
পুত্র-পৌত্রাদি, *n.* Posterity; future generation; descendants.
পুত্র-পৌত্রাদিক্রমে, *ad.* From generation to generation; for all generations to come; for good; for ever; permanently; for all time to come.
পুত্রবৎ, *ind.* Filial; like a son
পুত্রবৎসল, *a.* Fond of a son; having great affection for a son.
পুত্রবৎসলতা—Same as পুত্রবাৎসল্য।
পুত্রবতী, *a. fem.* Same as পুত্রবান্।
পুত্রবধূ, *n.* Son's wife; daughter-in-law.
পুত্রবাৎসল্য, *n.* Love or affection for a son.
পুত্রবান্, *a.* Having a son; possessing sons.
পুত্ররত্ন, *n.* Jewel of a son; excellent son.
পুত্রশোক, *n.* Grief or mourning for the loss of a son.
পুত্রসন্তান, পুত্রসন্ততি, *n.* Male child; male posterity.
পুত্রহীন, পুত্রবিহীন, *a.* Sonless; without male issue.
পুত্রার্থী, পুত্রকাম, *a.* Desirous of having a son; wishing to have a son.
পুত্রার্থে, *ad.* For the sake of having a son.
পুত্রিকা, *n.* Daughter; doll; puppet.
পুত্রী, *n.* Daughter; doll; puppet.
পুত্রীয়, *a.* Relating to a son; filial.
পুত্রেষ্টি, পুত্রেষ্টিকা, *n.* Sacrifice made for obtaining a male child.
পুথি—See পুঁথি।
পুদিনা, *n.* Mint; spear-mint.
পুনঃ, *ad.* Again; once again; back; once more; however; but; on the other hand; on the contrary.
পুনঃপুনঃ, *ad.* Again and again; repeatedly.
পুনঃপ্রদান, *n.* Return; giving back.
পুনঃপ্রবেশ, *n.* Re-entry. পুনঃপ্রবেশ করা—Re-enter.
পুনঃপ্রয়োগ, *n.* Reapplication.
পুনঃপ্রাপ্ত, *a.* Regained. পুনঃপ্রাপ্ত হওয়া—Recover; regain.
পুনঃপ্রাপ্তি, *n.* Regaining.
পুনঃপ্রেরণ, *n.* Sending back; returning. পুনঃপ্রেরণ করা—Send back; return.
পুনঃপ্রেরিত, *a.* Sent back; returned.
পুনঃশিলীভবন, *n.* Regelation.
পুনঃশিলীভূত, *a.* Regelated. পুনঃশিলীভূত করা—Regelate.
পুনঃসংস্কার, *n.* Overhauling; reconditioning; repairing; renovating. পুনঃসংস্কার করা—Overhaul; recondition; repair; renovate.
পুনঃসজ্জা, *n.* Decoration.
পুনঃসজ্জিত, *a.* Decorated.
পুনঃস্থাপন, *n.* Replacement; reinstatement; restoration. পুনঃস্থাপন করা—Replace; reinstate; restore.
পুনঃস্থাপিত, *a.* Replaced; set up again; re-established; restored; reinstated. পুনঃস্থাপিত করা—Replace; restore; re-establish; reinstate.
পুনকিয়া, পুনকে, *a.* Tiny.
পুনরধিকার, *n.* Re-occupation. পুনরধিকার করা—Re-occupy; recapture.
পুনরধিকৃত, *a.* Re-occupied; taken back or again.
পুনরপি, *ad.* Again and again; and also.
পুনরর্পণ, *n.* Restoration; return; restitution.
পুনরাগত, *a.* Returned. পুনরাগত হওয়া—Return; come back.
পুনরাগমন, *n.* Return; coming back; rebirth. পুনরাগমন করা—Come back.
পুনরাবর্ত, *n.* Return; rebirth.
পুনরাবর্তন, *n.* Returning; revolution পুনরাবর্তন করা—Return; come back; be born again.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুনরাবর্তী, *a.* Being reborn.

পুনরাবৃত্ত, *a.* Repeated; returned.

পুনরাবৃত্তি, *n.* Repetition; reiteration; tautology; rebirth; metempsychosis. ইতিহাসের পুনরাবৃত্তি ঘটে—History repeats itself. পুনরাবৃত্তি করা—Repeat; recite. পুনরাবৃত্তি ঘটা—Repeat.

পুনরায়—Same as পুনঃ।

পুনরাহূত, *a.* Called again; recalled.

পুনরাহ্বান, *n.* Recalling; calling again. পুনরাহ্বান করা—Recall; call again.

পুনরীক্ষণ, *n.* Review.

পুনরুক্ত, *a.* Said over again; repeated; reiterated.

পুনরুক্তি, *n.* Repetition; reiteration. পুনরুক্তি করা—Repeat; utter again.

পুনরুক্তিদুষ্ট, *a.* Tautologic.

পুনরুক্তিদোষ, *n.* Tautology; wordiness; verbiage.

পুনরুজ্জীবন, *n.* Re-animation; reviving; resuscitation.

পুনরুজ্জীবিত, *a.* Revived; resuscitated; re-animated. পুনরুজ্জীবিত করা—Revive; reanimate.

পুনরুত্থান, *n.* Rising again; resurrection. পুনরুত্থান করা—Rise again; be resurrected.

পুনরুৎপত্তি, *n.* Rebirth; regeneration; reproduction.

পুনরুদ্দীপন, *n.* Reviving; rekindling.

পুনরুদ্দীপ্ত, *a.* Revived; rekindled; incited again.

পুনরুদ্ভব, *n.* Re-emergence; rebirth; regeneration; reproduction; recurrence.

পুনরুদ্ভূত, *a.* Re-emerged; re-born; recurred.

পুনরুপযোজন, *n.* Re-appropriation.

পুনরুল্লেখ, *n.* Recapitulation; repetition; mentioning again. পুনরুল্লেখ করা—Mention again.

পুনর্গঠন, *n.* Reformation; reorganization; reconstruction.

পুনর্গঠিত, *a.* Reformed; reorganized; reconstructed.

পুনর্জন্ম, *n.* Rebirth; re-animation; regeneration; transmigration; miraculous recovery (from a serious illness); hair-breadth escape.

পুনর্জাত, *a.* Born again; reborn; regenerated.

পুনর্জীবন, *n.* Coming back to life; regeneration; resuscitation. পুনর্জীবন লাভ করা—Have a fresh lease of life; revive; be spared to live; come to life again.

পুনর্জীবিত, *a.* Restored to life; revived; resuscitated. পুনর্জীবিত করা—Bring round; bring to life again; revive. পুনর্জীবিত হওয়া—Come round; be revived; regain consciousness.

পুনর্নবা, *n.* Hog-weed.

পুনর্নির্বাচন, *n.* Re-election. পুনর্নির্বাচন করা—Re-elect.

পুনর্নির্বাচিত, *a.* Re-elected.

পুনর্নির্মাণ, *n.* Reconstruction; rebuilding. পুনর্নির্মাণ করা—Reconstruct; rebuild.

পুনর্বসতি, *n.* Rehabilitation.

পুনর্বসু, *n.* Seventh of the twenty-seven stars.

পুনর্বাদ, *n.* Tautology.

পুনর্বার, *ad.* Another time; once more; again; second time.

পুনর্বাসন, *n.* Rehabilitation.

পুনর্বাসন-আধিকারিক, *n.* Rehabilitation Officer.

পুনর্বাসন-মন্ত্রক, *n.* Ministry of Rehabilitation,

পুনর্বিচার, *n.* Reconsideration; retrial; rehearing; review. পুনর্বিচার করা—Reconsider; hear an appeal; try again; review.

পুনর্বিচারপ্রার্থী, *a.* & *n.* Appellant.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুনর্বিবাহ, *n.* Re-marriage; second marriage.
পুনর্ভব, *n.* Rebirth :—*a.* born again.
পুনর্ভূ, *n.* Twice-married woman; widow remarried :—*a.* born again.
পুনর্মিলন, *n.* Reunion; rejoining; reconciliation.
পুনর্মিলিত, *a.* Reunited; rejoined; reconciled.
পুনর্মূষিক, *n.* Rat for the second time; person restored to the former position.
পুনর্যাত্রা, *n.* Second march; re-start; beginning a journey over again; festival of the return of the car of *Jagannatha.*
পুনর্যোজন, *n.* Recomposition.
পুনশ্চ, *ad.* And again; and also; still again; and on the other hand; by way of postscript (P. S.).
পুনস্থাপন—Same as পুনঃস্থাপন।
পুন্নাম-নরক, পুন্নরক, *n.* Division of hell named *Put.*
পূব, *n.* East.
পূবালী, *a.* Eastern; easterly.
পূবে, *a.* Blowing from the east; easterly :—*ad.* easterly; to the east. পূবে হাওয়া—East wind; easterly wind.
পুর, *n.* City; town; house; body; upper storey; stuffing.
পুরঃসর, *a.* Going before; preceding.
পুরঃস্থাপন, *n.* Introduction (of Bill in Legislature).
পুরঞ্জন, *n.* Soul; life. [ly.
পুরতঃ, *ad.* In front; before; former-
পুরদেবতা, *n.* Tutelary deity of a city or town; guardian angel of a town.
পুরদ্বার, *n.* Gate of a city; gate of a house.
পুরনারী—Same as পুরন্ধ্রী।
পুরনো—Same as পুরানো।
পুরন্ত, *a.* Mature; complete; fully developed; full-grown; plump.
পুরন্ধ্রি, পুরন্ধ্রী, *n.* Housewife; woman having her husband and children living.
পুরবাসিনী, *fem.* Same as পুরবাসী।
পুরবাসী, *a.* Residing in a city; inhabiting a town :—*n.* citizen; inhabitant of a city; townsfolk.
পুরমহিলা—See পুরাঙ্গনা।
পুরমার্গ, *n.* Road of a city; highway.
পুররক্ষক, পুররক্ষী, *n.* Warder; civic guard; city guard.
পুরললনা—See পুরাঙ্গনা।
পুরশাসক, *n.* Presidency Magistrate.
পুরশ্চরণ, *n.* Repetition of the name of a deity attended with burnt offerings; adoration; worship.
পুরস্কার, *n.* Prize; reward; remuneration; meed; recompense; respect; honour; gift; presentation. পুরস্কার দেওয়া—Reward; remunerate; recompense; present a gift.
পুরস্কৃত, *a.* Rewarded; remunerated; presented; honoured; respected; adored. পুরস্কৃত করা—Reward; remunerate; recompense. পুরস্কৃত হওয়া—Be rewarded.
পুরস্ক্রিয়া, *n.* Invocation before action; coronation; awarding a prize; rewarding. [of the harem.
পুরন্ধ্রী, *n.* Housewife; matron; lady
পুরা, *a.* Full; complete; whole; entire; filled :—*ad.* before; formerly; past; in ancient times :—*v.* fill; enter; confine; be filled (with); be attained; be accomplished.
পুরাকাল, *n.* Ancient times; days of yore; times long gone by.
পুরাকালে, *ad.* Long, long ago; in time immemorial; in ancient times; in days of yore.
পুরাকৃত, *a.* Done or committed in a previous birth.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুরাগত, *Ab antiquo*

পুরাঙ্গনা, পুরমহিলা, পুরললনা—Same as পুরস্ত্রী।

পুরাণ, *n. Purana* (the ancient mythology of the *Hindus*); mythology; legend:—*a.* old; ancient. পুরাণ পুরুষ—God; the Absolute.

পুরাণকর্তা—Same as পুরাণকার।

পুরাণকার, *n.* Author of a *Purana*; mythologist.

পুরাণতত্ত্ব, *n.* Fundamentals of the *Puranas*; antiquities.

পুরাণপুরুষ, *n.* God.

পুরাণপ্রসিদ্ধি, *n.* Age-long celebrity; long-standing fame.

পুরাতত্ত্ব, *n.* Antiquities; ancient history; archaeology.

পুরাতত্ত্ববিৎ, পুরাতত্ত্বজ্ঞ, *n.* Archaeologist; antiquarian:—*a.* versed in antiquities or archaeology.

পুরাতন, *a.* Old; ancient; antique; worn-out; chronic. পুরাতন রোগ—Chronic disease.

পুরাতনী, *a. fem:* Same as পুরাতন।

পুরাদস্তুর—Same as পুরোদস্তুর।

পুরাদ্রব্যাগার, *n.* Museum; house for curios; "old curiosity shop".

পুরাধ্যক্ষ, *n.* Governor or magistrate of a city; guard of the inner apartments.

পুরানো, *a.* Old; ancient. পুরানো কথা—Old tale; twice-told tale:—*v.* fulfil; fill; satisfy. পুরানো খবর—Stale news. পুরানো ঘাগী—Hardened offender or criminal; very experienced person; veteran. পুরানো পাপী—Old offender; confirmed rogue. পুরানো সম্পর্ক ঝালিয়ে নেওয়া—Renew or resume intimacy.

পুরাপুরি, *a.* Full; wholesale:—*ad.* to the full extent; fully; in complete satisfaction.

পুরাবিৎ—Same as পুরাতত্ত্ববিৎ।

পুরাবৃত্ত, *n.* Ancient tale: archaeology; ancient history; annals and antiquities.

পুরি, *n.* Kind of wheaten cake.

পুরিয়া, *n.* Small packet.

পুরী, *n.* City; town; house; abode; palace.

পুরীষ, *n.* Dung; faeces; ordure; [excrement.

পুরীষোৎসর্গ, *n.* Voiding of ordure; evacuation.

পুরু, *a.* Thick; coarse; consistent; of different folds. পুরু মলাট—Stiff cover.

পুরুত, *n.* Priest.

পুরুষ, *n.* Man; mankind; male; manly man; generation; soul; God; the Supreme Being; person. পুরুষ মানুষ—Male person.

পুরুষকার, *n.* Manliness; human activity or exertion; spirit; effort.

পুরুষক্রমে, *ad.* In successive generations.

পুরুষজাতীয়, *a.* Male; of the male sex; masculine.

পুরুষতা, পুরুষত্ব, *n.* Manhood; virility; manliness; valour; prowess.

পুরুষত্ববর্জিত, পুরুষত্ববিরহিত, পুরুষত্ববিহীন, পুরুষত্বরহিত, পুরুষত্বশূন্য, পুরুষত্বহীন, *a.* Unmanly; without manliness; impotent; imbecile.

পুরুষত্ব-হানি, *n.* Impotency.

পুরুষত্বহীন—See পুরুষত্ববর্জিত।

পুরুষ-পরম্পরা, *n.* Succession of generations.

পুরুষ-পরম্পরাক্রমে, *ad.* From generation to generation.

পুরুষ-পরম্পরাগত, *a.* Traditional; hereditary.

পুরুষপুঙ্গব, পুরুষর্ষভ, *n.* Eminent [person.

পুরুষ-প্রকৃতি, *n. Purusha* and eminent or distinguished man; *Prakriti*; God and delusion; male and female; man's nature:—*a. fem.* of masculine nature or manners; masculine.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুরুষপ্রধান, পুরুষশ্রেষ্ঠ, *a.* Chief among men :—*n.* the best of men; distinguished or eminent man.
পুরুষব্যাঘ্র, *n.* Tiger of a man; man of great personality or courage.
পুরুষমানুষ, *n.* Man; male.
পুরুষর্ষভ—See পুরুষপুঙ্গব।
পুরুষশার্দুল—Same as পুরুষব্যাঘ্র।
পুরুষশ্রেষ্ঠ—See পুরুষপ্রধান।
পুরুষসিংহ, *n.* Lion of a man; eminent man; distinguished man; manly man; heroic or brave man.
পুরুষসুলভ, *a.* Man-like; manly; common to a man; peculiar to a man; virile.
পুরুষাঙ্গ, *n.* Penis; male organ of generation. [cowardly man.
পুরুষাধম, *n.* Low or mean person;
পুরুষানুক্রম, *n.* Lineal succession; succession of generations; descent from father to son.
পুরুষানুক্রমিক, *a.* Hereditary; descending from generation to generation; traditional.
পুরুষানুক্রমে, *ad.* In lineal succession; from father to son; from generation to generation. পুরুষানুক্রমে চলিয়া আসা—Descend from generation to generation; come down from one generation to another.
পুরুষার্থ, *n.* Object sought by a man (anyone of the four objects of human pursuit like piety, wealth, desire and emancipation); happiness.
পুরুষালি, *n.* Mannishness. পুরুষালি করা—(For a woman) be mannish; act like a tomboy.
পুরুষালী, *a.* Masculine; mannish.
পুরুষোচিত, *a.* Proper for a man; becoming or fit for a man; manly.
পুরুষোত্তম, *n.* Eminent or excellent man; Lord *Vishnu;* Lord *Jagannatha.*
পুরুষ্ট, পুরুষ্টু, *a.* Plump; chubby; well-developed; full-grown.
পুরো—Same as পুরা।
পুরোগ, পুরোগামী, *a.* Going before; preceding; chief; principal.
পুরোগত, *a.* Gone before; preceding.
পুরোগমন, *n.* Going in front.
পুরোগামী—See পুরোগ।
পুরোদস্তুর, *ad.* In exactitude; in full satisfaction.
পুরোধা, *n.* Priest; pioneer.
পুরোনো—Same as পুরানো।
পুরোপুরি—Same as পুরাপুরি।
পুরোবর্তী, *a.* Laying in front; preceding; yonder; that. [front.
পুরোভাগ, *n.* First part or share;
পুরোভাগস্থ, *a.* Front; lying in front.
পুরোভূমি, *n.* Foreground.
পুরোমস্তিষ্ক, *n.* Forebrain.
পুরোযায়ী, *a.* Preceding; leading.
পুরোহিত, *n.* Priest. পুরোহিত বরণ করা—Appoint or engage a priest.
পুল, *n.* Bridge; dam; embankment.
পুলক, *n.* Horripilation; erection of the hairs of the body in excitement of joy; thrill of joy; rapture; ecstasy.
পুলক-কণ্টকিত, *a.* Thrilled with rapture or ecstasy or delight.
পুলকিত, *a.* Thrilled with rapture or delight; ecstatic; transported with joy; enraptured; delighted; in an ecstasy of joy.
পুলকোচ্ছ্বাস, *n.* Horripilation; rapture; ecstasy; thrill of joy.
পুলটিস, *n.* Poultice.
পুলি, *n.* Sort of cake or sweetmeat; pulley.
পুলিন, *n.* Bank; riverside; shoal; sand-bank; sandy beach; strand.
পুলিন্দা, *n.* Parcel; bundle; packet. পুলিন্দা ডাক—Parcel post.
পুলিপোলাও, *n.* Deportation to *Port Blair.*

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুলি-শ্রেণী, *n.* System of pulleys.
পুলিস, *n.* Police; policeman. পুলিসে ধরা—Be arrested by the police.
পুলিস-বিভাগ, *n.* Police department.
পুলে, *n.* Son or daughter; issue.
পুষা, পোষা, *v.* Nourish; cherish; keep; rear.
পুষ্কর, *n.* Lotus; water-lily; water; sky.
পুষ্করিণী—Same as পুকুর।
পুষ্ট, *a.* Developed; grown-up; nourished; fed; maintained; fat; plump.
পুষ্ট-তাড়িত, *n.* Positive electricity.
পুষ্টাঙ্গ, *a.* Fat; fattened; plump; well-nourished; well-developed.
পুষ্টি, *n.* Nutrition; nourishment; growth; feeding.
পুষ্টিকর, পুষ্টিজনক, পুষ্টিদ, পুষ্টিসাধক, *a.* Wholesome; nourishing; nutritious. পুষ্টিকর খাদ্য—Nutritive food.
পুষ্টিসাধন, *n.* Nutrition. পুষ্টিসাধন করা—Nourish; give nutrition.
পুষ্প, *n.* Flower; blossom; menstrual flux.
পুষ্পক, পুষ্পকরথ, *n.* Aerial car or chariot of *Kuvera.*
পুষ্পকরণ্ডক, *n.* Flower-basket; flower-pot.
পুষ্পকীট, *n.* Worm in the flower; flower-worm; black-bee.
পুষ্পকেতু, *n. Kandarpa* or *Kamadeva,* god of love.
পুষ্পগুচ্ছ, *n.* Bunch of flowers; bouquet; nosegay.
পুষ্পচয়ন, *n.* Plucking or culling of flowers. পুষ্পচয়ন করা—Pluck flowers.
পুষ্পদণ্ড, *n.* Peduncle.
পুষ্পদল, *n.* Flower-leaf; petal.
পুষ্পদাম, *n.* Wreath of flowers; garland.
পুষ্পধন্বা, পুষ্পধনুঃ, *n.* Cupid; god of love.
পুষ্পনির্যাস, *n.* Exudation of flowers; essence of flowers.
পুষ্পপত্র, *n.* Floral leaves; flowers and leaves.
পুষ্পপত্র-বিন্যাস, *n.* Prefloration.
পুষ্পপল্লব, *n.* Flowers and leaves; petal; flower-leaf.
পুষ্পপাত্র, *n.* Flower-pot; flower-vase.
পুষ্পপুট, পুষ্পপট, *n.* Calyx of a flower.
পুষ্প-প্রতীক, *n.* Floral diagram.
পুষ্পবতী, *n.* Woman in menstruation.
পুষ্পবর্ষণ—Same as পুষ্পবৃষ্টি।
পুষ্পবাটিকা, পুষ্পবাটী, *n.* Flower-garden.
পুষ্পবাণ, পুষ্পশর, *n.* Arrow of flowers or flower-wreathed arrow (of *Madana,* the god of love).
পুষ্পবিন্যাস, *n.* Inflorescence.
পুষ্পবৃন্ত, *n.* Stalk of a flower.
পুষ্পবৃন্তিকা, *n.* Pedical.
পুষ্পবৃষ্টি, *n.* Shower of flowers (from heaven). পুষ্পবৃষ্টি করা—Shower flowers.
পুষ্পভূষণ, *n.* Ornament of flowers; floral ornament.
পুষ্পমঞ্জরী, *n.* Flower-bud; flower-stalk.
পুষ্পমধু—See পুষ্পরস।
পুষ্পময়, *a.* Flowery; floral; full of flowers; made of flowers.
পুষ্পমালা, পুষ্পমাল্য, *n.* Garland of flowers; wreath of flowers.
পুষ্পমাস, *n.* Vernal month; month of *Chaitra;* spring season.
পুষ্পমুকুট, *n.* Chaplet or crown of flowers.
পুষ্পমুকুল, *n.* Flower-bud.
পুষ্পরজঃ, *n.* Pollen.
পুষ্পরথ, *n.* Pleasure chariot or carriage (other than the war-chariot).
পুষ্পরস, পুষ্পমধু, *n.* Honey; sap or juice of flowers; nectar.
পুষ্পরাগ, *n.* Topaz.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুষ্পরেণু—Same as পুষ্পরজঃ।
পুষ্পলাবী, *n.* Florist; garland-maker; thing in which flowers are collected.
পুষ্পশয্যা, *n.* Bed of flowers.
পুষ্পশর—See পুষ্পবাণ।
পুষ্পশ্রী, *n.* Beauty of flowers; display or show of flowers.
পুষ্পসংকেত, *n.* Floral formula.
পুষ্পসার, *n.* Nectar of flowers.
পুষ্পসৌরভ, *n.* Floral aroma; scent; smell or fragrance of a flower :—*a.* flower-scented.
পুষ্পহীন, পুষ্পশূন্য, *a.* Flowerless.
পুষ্পাগম, *n.* Spring; vernal season.
পুষ্পাজীব, *n.* Florist; dealer in flowers; garland-maker.
পুষ্পাঞ্জলি, *n.* Handful of flowers (usually presented to an idol); floral tribute. পুষ্পাঞ্জলি দেওয়া—Offer a handful of flowers to a deity.
পুষ্পাধার—Same as পুষ্পপাত্র।
পুষ্পাভরণ, পুষ্পালংকার, পুষ্পালঙ্কার—Same as পুষ্পভূষণ।
পুষ্পায়ুধ—Same as পুষ্পবাণ।
পুষ্পালংকৃত, পুষ্পালঙ্কৃত, *a.* Ornamented with flowers.
পুষ্পাসব, *n.* Nectar of a flower; honey.
পুষ্পাসার, *n.* Shower of flowers.
পুষ্পিকা, *n.* Concluding verse containing the author's name; tartar of teeth; floret.
পুষ্পিত, *a.* In flower; flowering; flowery; blooming; blossoming.
পুষ্পিতা, *a. fem.* In menstruation (see also পুষ্পিত):—*n.* woman during menstruation.
পুষ্পোৎসব, *n.* Ceremony observed at the first menstruation of a girl.
পুষ্পোদ্গম, *n.* Flowering; florescence; blossoming; coming into flower.
পুষ্পোদ্যান, *n.* Flower-garden.
পুষ্যা, *n.* Eighth of the twenty-seven stars.
পুষ্যিপুত্তুর, *n.* Adopted son.
পুস্তক, *n.* Book; volume; treatise. পুস্তকের দোকান—Book-shop.
পুস্তককীট, *n.* Book-worm.
পুস্তকবিক্রেতা, পুস্তকব্যবসায়ী, *n.* Book-seller; trader in books.
পুস্তকবিপণি, *n.* Book-shop.
পুস্তকব্যবসায়, *n.* Book-trade.
পুস্তকব্যবসায়ী—See পুস্তকবিক্রেতা।
পুস্তকস্থ, *a.* Contained in a book.
পুস্তকাগার, *n.* Library. সাধারণ পুস্তকাগার—Public library.
পুস্তকাগারাধ্যক্ষ, *n.* Librarian.
পুস্তকালয়, *n.* Book-shop; book-house.
পুস্তনী, *n.* Fly-leaf.
পুস্ত-বিকলন, *n.* Book debit.
পুস্তান্তরণ, *n.* Book transfer.
পুস্তিকা, পুস্তী, *n.* Pamphlet; booklet; little book; brochure.
পুগ, *n.* Betel-nut; areca-nut; heap; multitude; mass; collection; trade union.
পুগ-নিবন্ধক, *n.* Registrar of Trade Unions.
পূজক, *n.* Worshipper :—*a.* worshipping; adoring.
পূজন, *n.* Worshipping; veneration; adoration; respect.
পূজনীয়, পূজ্য, *a.* Adorable; entitled to respect; honourable; venerable; respectable.
পূজয়িতা—Same as পূজক।
পূজয়িত্রী, *fem.* Same as পূজয়িতা।
পূজা, *n.* Worship; respect; adoration; reverence; homage. পূজা করা—Worship; revere; adore. পূজা দেওয়া—Offer worship; make presents to a deity. পূজা পাওয়া—Be worshipped; be revered. পূজার দালান—*Puja* hall. পূজার বন্ধ (বা ছুটি)—*Puja* holidays; *puja* vacation.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পূজাবকাশ, *n. Puja* holidays or vacation.
পূজারিণী, *n. fem.* Female worshipper.
পূজারী, পূজরী, *n.* Worshipper; priest; assistant priest.
পূজার্হ—Same as পূজনীয়।
পূজাহ্নিক, *n.* Daily religious service.
পূজিত, *a.* Worshipped; adored; honoured; revered; respected.
পূজোপহার, *n. Puja* presents; *puja* gifts.
পূজ্য—See পূজনীয়।
পূজ্যপাদ, *a.* Most venerable or adorable.
পূজ্যমান, *a.* Being adored or respected.
পূত, *a.* Holy; sanctified; sacred; purified; pure; honest.
পূতাত্মা, *a.* Pious; virtuous; pure; holy:—*n.* holy person.
পূতি, *a.* Fetid; foul-smelling; putrid.
পূতিগন্ধ, *n.* Foul smell; putrid scent; stench:—*a.* foul-smelling; stinking.
পূতিগন্ধি, *a.* Foul-smelling; stinking.
পূতোদক, *n.* Holy water; sacred water.
পূপ, *n.* Cake; loaf.
পূপকার, *n.* Baker.
পূপশালা, *n.* Bakery.
পূর্ব, *n.* East:—*a.* eastern.
পূর্বালী, *a.* Eastern; easterly.
পূর্বে, *a.* Eastern; easterly:—*ad.* to the east.
পূষ—Same as পূজ।
পূর, *n.* Stream; flow; collection; stuffing:—*a.* full; entire; complete; whole; thorough.
পূরক, *a.* Complementary; completing; filling; making up:—*n.* complement; multiplier; inhalation of breath (through the left nostril while the right one is closed).
পূরণ, *n.* Fulfilment; filling; solving; compensation; increase; ordinal number; multiplication. পূরণ করা—Fulfil; fill; make up; compensate; multiply (numbers together).
পূরণবাচক, *a.* Ordinal.
পূরণীয়, *a.* To be filled or completed.
পূরব, *n.* East.
পূরয়িতা—Same as পূরক। *fem.*= পূরয়িত্রী।
পূরা, *a.* Whole; complete; entire; full; perfect:—*v.* fill; become filled.
পূরাদম, *n.* Full breath; full speed.
পূরাদমে, *ad.* In full motion; at full speed; in full swing. পূরাদমে পাখাটা চলছে—The fan is in full swing.
পূরানো, *v.* Fill up; complete; make up.
পূরিত, *a.* Filled; completed; supplemented; full; overspread; multiplied.
পূর্ণ, *a.* Full; whole; entire; complete; perfect; total; finished; accomplished; full of (অশ্রুপূর্ণ—full of tears). পূর্ণ করা—Fill; complete. পূর্ণ পরজীবী—Total parasite. পূর্ণ হওয়া—Be full; be fulfilled. আশা পূর্ণ হইয়াছে—Hopes have been fulfilled.
পূর্ণক, *n.* Characteristic (of logarithm).
পূর্ণকাম, *a.* Successful; having achieved one's object; having one's desire fulfilled.
পূর্ণকাল, *a.* Having time filled or up; mature; full-time; whole-time:—*n.* full time. পূর্ণকাল আধিকারিক—Whole-time Officer. পূর্ণকাল কর্মী—Full-time worker.
পূর্ণকুম্ভ, *n.* Full jar; pot filled with water.
পূর্ণগর্ভা, *a. fem.* In an advanced stage of pregnancy.
পূর্ণগ্রাস, *n.* Total eclipse.
পূর্ণচন্দ্র, *n.* Full moon.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পূর্ণচ্ছেদ, *n.* Full stop. পূর্ণচ্ছেদ পড়া—Be closed for good.
পূর্ণজ্যা, *n.* Chord.
পূর্ণতরঙ্গ, *n.* Complete wave.
পূর্ণতা, পূর্ণত্ব, *n.* Fulness; completeness; completion; accomplishment.
পূর্ণতাপ্রাপ্ত, *a.* Matured; completed.
পূর্ণপাত্র, *n.* Full pot or jar.
পূর্ণবয়ঃ, *n.* Maturity; adult age; full age.
পূর্ণবয়স্ক, *a.* Of age; adult; aged; major; mature. পূর্ণবয়স্ক হওয়া—Be of age; be major; come of age.
পূর্ণবিকশিত, পূর্ণবিকসিত, *a.* Fully developed; full-blown.
পূর্ণবিকাশ, পূর্ণবিকাস, *n.* Full development or growth.
পূর্ণবেগ, *n.* Full motion; full speed.
পূর্ণবেগে, *ad.* In full motion; at full speed; with undiminished speed.
পূর্ণব্রহ্ম, *n.* The Supreme Deity; the Perfect One; the Absolute.
পূর্ণমাত্রা, *n.* Full dose; full measure.
পূর্ণমাত্রায়, *ad.* To the fullest extent; in full measure; entirely; fully.
পূর্ণমাসী, *n.* Day of the full moon.
পূর্ণযুবক, *n.* Full-grown young man. *fem.*=পূর্ণযুবতী।
পূর্ণসংখ্যা, *n.* Integer.
পূর্ণাঙ্গ, পূর্ণাবয়ব, *a.* Fully developed; perfect; whole. পূর্ণাঙ্গ পুষ্প—Complete flower.
পূর্ণাঙ্গতা, *n.* Full development; perfectness; thoroughness.
পূর্ণানন্দ, *n.* Exquisite delight; supreme felicity; God.
পূর্ণাবতার, *n.* Full incarnation.
পূর্ণাবয়ব—See পূর্ণাঙ্গ।
পূর্ণাভিলাষ, *a.* Successful; contented; satisfied; satiated.
পূর্ণায়ত, *a.* Fully wide; fully extended.
পূর্ণায়ু, *a.* Full of years; long-lived.
পূর্ণাসন, *n.* Full bench.
পূর্ণাহুতি, *n.* Burnt offering at the conclusion of a ceremony; finishing oblation. পূর্ণাহুতি দেওয়া—Conclude a ceremony; give a finishing stroke; finish.
পূর্ণিমা, *n.* Day of the full moon. পূর্ণিমার চাঁদ—Full moon. পূর্ণিমা রাত্রিতে—In the night of the full moon.
পূর্ণিমাচন্দ্র, পূর্ণেন্দু, *n.* Full moon.
পূর্ত, *n.* Public Works:—*a.* filled; completed.
পূর্তকার্য, পূর্তকর্ম, *n.* Public Works.
পূর্তদান, *n.* Charitable endowment.
পূর্তবিভাগ, *n.* Public Works Department (P. W. D.); Engineering Department.
পূর্তি, *n.* Fulness; attaining completion; completion; perfection; compensation; repletion.
পূর্তি-অধিদেয়, পূর্তি-ভাতা, *n.* Compensatory allowance.
পূর্ব, *n.* East; past; ancient time:—*a.* eastern; previous; prior; first; former; preceding; ancient. পূর্বের কাগজপত্র—Previous papers.
পূর্বকথিত, *a.* Aforesaid; previously stated; said before.
পূর্বকায়, *n.* Upper body.
পূর্বকাল, *n.* Previous time; former times; days long gone by.
পূর্বকালীন, পূর্বকালিক, *a.* Belonging to former times; ancient; former.
পূর্বকৃত, *a.* Done previously; previously committed.
পূর্বগামী, *a.* Going east or eastward; going before; previous; antecedent.
পূর্বঘাট, *n.* The Eastern Ghats.
পূর্বজ, পূর্বজন্মা, *n.* Elder brother:—*a.* born before; elder.
পূর্বজন্ম, *n.* Previous birth; former existence. পূর্বজন্মের পাপ—Sin committed in former existence.

(N)mila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পূর্বজন্মা—See পূর্বজ।
পূর্বজন্মার্জিত, *a.* Acquired in previous existence; pre-natal. পূর্বজন্মার্জিত পুণ্য—Merit acquired or earned in pre-natal existence.
পূর্বজা, *n. fem.* Elder sister :—*a.* born before; elder.
পূর্বজীবন, *n.* Former life; former birth; pre-natal existence.
পূর্বজ্ঞান, *n.* Fore-knowledge; past experiences; anticipation.
পূর্বতন, *a.* Of earlier or former times; previous; past.
পূর্বতনী, *a. fem.* Same as পূর্বতন।
পূর্বদক্ষিণ, *a.* South-eastern :—*n.* south-east.
পূর্বদিক্, *n.* Eastern quarter; east.
পূর্বদৃষ্ট, *a.* Previously seen; foreseen; anticipated.
পূর্বদৃষ্টি, *n.* Foresight; prevision; pre-caution.
পূর্বদেশ, *n.* Eastern country; east.
পূর্বদেশীয়, *a.* Eastern; of an eastern country; oriental.
পূর্বনিপাত, *n.* Irregular priority of a word in a compound.
পূর্বনিরীক্ষিত, *a.* Pre-audited.
পূর্বনিরূপণ, *n.* Predestination; predetermination. পূর্বনিরূপণ করা—Predetermine. [destined.
পূর্বনিরূপিত, *a.* Foreordained; pre-
পূর্বপক্ষ, *n.* Proposition; first part of an argument; thesis; plaint in law; complaint.
পূর্বপরিচয়, *n.* Previous acquaintance.
পূর্বপরিচিত, *a.* Known before; formerly or previously known or acquainted.
পূর্বপরিত্যক্ত, *a.* Previously abandoned; given up before.
পূর্বপুরুষ, *n.* Ancestors; forefathers; former generation; ascendant (=an ancestor or relative in the ascending line).
পূর্বপুরুষী, *n. fem.* Ancestress.
পূর্বপুরুষীয়, *a.* Belonging to forefathers; ancestral.
পূর্বপ্রচলিত, *a.* Formerly current or prevalent.
পূর্বপ্রথা, *n.* Former custom or practice.
পূর্বপ্রথামতো, *ad.* According to former practice.
পূর্বফল্গুনী, *n.* Eleventh of the twenty-seven stars.
পূর্ববঙ্গ, পূর্ববাংলা, *n.* East Bengal.
পূর্ববঙ্গীয়, *a.* Of East Bengal.
পূর্ববৎ, *ad.* As before; as aforesaid: —*a. a priori;* from cause to effect.
পূর্ববর্ণিত, *a.* Mentioned before; aforesaid.
পূর্ববর্তিতা, *n.* Priority; precedence; cause; antecedence.
পূর্ববর্তিনী, *a. fem.* Same as পূর্ববর্তী।
পূর্ববর্তী, *a.* Preceding; prior; previous; anterior; fore; pre-existing.
পূর্ববাদ, *n.* Complaint; previous plaint; former assertion or plea.
পূর্ববাদী, *n.* Complainant; plaintiff.
পূর্বভাগ, *n.* Forepart; upper part.
পূর্বভাদ্রপদ, পূর্বভাদ্রপদা, *n.* Twenty-fifth of the twenty-seven stars.
পূর্বভাব, *n.* Prior or original state (of a thing); previous or former state or condition.
পূর্বভারতীয়, *a.* East Indian. পূর্বভারতীয় দ্বীপপুঞ্জ—The East Indies.
পূর্বভাষ, *n.* Foreword; preface.
পূর্বমত, *n.* Former or previous opinion.
পূর্বমতো, *ad.* As before.
পূর্বরঙ্গ, *n. Prologue;* prelude.
পূর্বরাগ, *n.* Courtship.
পূর্বরাত্র, *n.* Earlier part of the night.
পূর্বরাত্রি, *n.* Previous or last night.
পূর্বরাশি, *n.* Antecedent.
পূর্বলক্ষণ, *n.* Foretoken; omen; premonitory sign; foreshadowing;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

presage. পূর্বলক্ষণ প্রকাশ করা—Presage; bid fair to.

পূর্বসংস্কার, *n.* Prejudice; previous notion; inborn idea; feeling or tendency acquired in former birth.

পূর্বস্বত্ব, *n.* Lien; previous right.

পূর্বাচল, পূর্বাদ্রি, *n.* Imaginary eastern mountain.

পূর্বাদেশ, *n.* Previous order. পূর্বাদেশ প্রত্যাহার করা—Rescind the previous order. [or prior possession.

পূর্বাধিকার, *n.* Previous right; former

পূর্বাধিকারী, *n.* Former owner.

পূর্বানুবৃত্তি, *n.* Continuation (of some thing already begun); reversion.

পূর্বানুমান, *n.* Anticipation.

পূর্বানুমিত, *a.* Anticipated. পূর্বানুমিত আয় ও ব্যয়—Anticipated income and expenditure.

পূর্বানুরাগ, *n.* Courtship. পূর্বানুরাগ প্রদর্শন করা—Court; woo; make love to.

পূর্বান্ত-সেনানায়ক, *n.* Commandant, Eastern Frontier Rifles.

পূর্বাপর, *a.* From first to last; from start to finish. পূর্বাপর বিবেচনা করা—Think before and after; consider from all points of view; consider the pros and cons or all details; deliberate carefully.

পূর্বাপর-বিরোধ, *n.* Inconsistency of contexts or of acts performed at different times.

পূর্বাপর-বৃত্ত, *n.* Prime vertical.

পূর্বাপেক্ষা, *ad.* Than before; in comparison with what precedes; than ever.

পূর্বাবধি, *ad.* From before; from the beginning; from former times.

পূর্বাবস্থা, *n.* Previous circumstances; former or previous situation.

পূর্বাভাষ, *n.* Indication; sign; presage; premonition; preface; forecast. পূর্বাভাষ দেওয়া—Presage.

পূর্বাভ্যাস, *n.* Previous habit; former practice.

পূর্বার্ধ, *n.* First half; east half; eastern hemisphere.

পূর্বাশা, *n.* Past hope; east.

পূর্বাষাঢ়া, *n.* Twentieth of the twenty-seven stars.

পূর্বাহ্ন, *n.* Previous day.

পূর্বাহ্ণ, *n.* Forenoon; morning; first part of the day (A.M.).

পূর্বাহ্ণিক—Same as পৌর্বাহ্ণিক।

পূর্বিত, *n.* Priority.

পূর্বে, *ad.* Previously; before; in former times; in the past; to or in or on the east.

পূর্বেই, *ad.* Already; betimes.

পূর্বোক্ত, *a.* Aforesaid; stated formerly; mentioned before.

পূর্বোক্তি, *n.* Previous statement; *prologue*; prelude.

পূর্বোত্তর, *n.* & *a.* North-east.

পূর্বোদ্ধৃত, *a.* Cited or quoted above; rescued or delivered before.

পৃক্ত, *a.* Mixed; combined; joined; united; connected; attached; saturated.

পৃক্তি, *n.* Saturation; contact.

পৃচ্ছা, *n.* Question; inquiry.

পৃথক্, *a.* Separate; different; distinct; apart. পৃথক্ করা—Separate; set apart; sort; differentiate. পৃথক্ হওয়া—Be separated; part; mess separately. পৃথক্ পৃথক্—Separately; distinctly. পৃথক্ ভাবে—Separately.

পৃথক্করণ, পৃথকীকরণ, *n.* Separation; alienation; segregation; dissociation; differentiation.

পৃথক্কৃত, পৃথকীকৃত, *a.* Separated; alienated; estranged; differentiated.

পৃথক্ত্ব, *n.* Separateness; individuality; difference.

পৃথগন্ন, *a.* Messing separately.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পৃথগাত্মা, *a.* Individual.
পৃথগ্‌বিধ, *a.* Of separate kind; various; different; manifold; diversified.
পৃথগ্‌ভূত, *a.* Separated; set; segregated; alienated; estranged; different; disunited.
পৃথিবী, *n.* Earth; world; land. পৃথিবীতে—On earth; in the world. পৃথিবী পর্যটন (বা পরিভ্রমণ) করা—Travel all over the world; tour round the world.
পৃথিবীতল, *n.* Surface of the earth.
পৃথিবীপতি, পৃথিবীপাল, *n.* King; sovereign; emperor.
পৃথিবী-পরিভ্রমণ, *n.* World-tour.
পৃথিবীব্যাপী—Same as পৃথিবীময়।
পৃথিবীমণ্ডল, *n.* Orb of the earth; whole world.
পৃথিবীময়, *a.* Extending all over the world; world-wide:—*ad.* all the world over; throughout the earth.
পৃথু, পৃথুল, *a.* Bulky; heavy; wide; vast; great.
পৃথ্বী—Same as পৃথিবী।
পৃষ্ট, *a.* Asked; interrogated; questioned.
পৃষ্ঠ, *n.* Back; rear; hinder part (of anything); surface; dorsal surface.
পৃষ্ঠ-টান, *n.* Surface-tension.
পৃষ্ঠতঃ, *ad.* Behind; behind the back.
পৃষ্ঠতল, *n.* Surface.
পৃষ্ঠদেশ, *n.* Back; rear; dorsal surface; hinder part.
পৃষ্ঠপোষক, *n.* Patron; supporter; upholder.
পৃষ্ঠপোষকতা, *n.* Support; patronization. পৃষ্ঠপোষকতা করা—Support; patronize.
পৃষ্ঠপোষকরূপে, *ad.* As a patron.
পৃষ্ঠপোষণ, *n.* Supporting; patronizing; patronization. পৃষ্ঠপোষণ করা—Patronize; support; back; stand by.
পৃষ্ঠপ্রদর্শন, *n.* Turning of one's back; retreat; showing of the white feather; flight; fleeing. পৃষ্ঠপ্রদর্শন করা—Turn one's back; flee; fly; show the white feather; back out; take to one's heels.
পৃষ্ঠপ্রবাহ, *n.* Surface drift.
পৃষ্ঠবংশ, *n.* Spine; spinal column; vertebral column.
পৃষ্ঠবংশী, *a.* Vertebrate.
পৃষ্ঠব্রণ, *n.* Carbuncle.
পৃষ্ঠভঙ্গ, *n.* Retreat after defeat. পৃষ্ঠভঙ্গ দেওয়া—Retreat; flee.
পৃষ্ঠরক্ষা, *n.* Help; defending or guarding the rear. পৃষ্ঠরক্ষা করা—Guard the rear; help.
পৃষ্ঠলেখ, পৃষ্ঠাঙ্কন, *n.* Endorsement.
পৃষ্ঠা, *n.* Page (of a book).
পৃষ্ঠাঙ্ক, *n.* Page-mark.
পৃষ্ঠাঙ্কন—See পৃষ্ঠলেখ।
পৃষ্ঠাঙ্কিত, *a.* Endorsed. পৃষ্ঠাঙ্কিত করা—Endorse.
পৃষ্ঠোপরি, *ad.* Upon the back.
পৃষ্ঠ্য, *a.* Dorsal.
পেঁকো, *a.* Miry; silty; stinking like mire; living in mire.
পেঁচ, প্যাঁচ, *n.* Twist; spiral motion; screw; coil; deep-laid scheme; tricks; trouble; intricacy; puzzle; complication; tangle; difficulty; scrape. তিনি পেঁচে পড়িয়াছেন—He has got into a scrape; he is in a tight corner. পেঁচে পড়া—Get into a trouble or scrape; be in a tight corner; be caught in a trap. পেঁচে ফেলা—Entrap; put into trouble; entangle. [scheme.
পেঁচপাঁচ, *n.* Machination; intricacy;
পেঁচা, *n.* Owl. পেঁচার ডাক—Hooting; howling. পেঁচার বাচ্চা—Owlet. পেঁচার বাসা—Owlery.
পেঁচাও, পেঁচোয়া, পেঁচালো, *a.* Intricate; perplexed; artful; designing; cunning; tangled; tortuous.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পেঁচানে, *a.* Crooked; perplexing; embarrassing; artful.
পেঁচানো, *v.* Screw; twist; form a scheme; lay a plot; cut a little by twisting:—*a.* artful; spiral.
পেঁচালো—See পেঁচাও।
পেঁচো, *n.* Evil spirit; hysterics; tetanus. পেঁচোয় পাওয়া—Be possessed by an evil spirt.
পেঁচোয়া—See পেঁচাও।
পেঁজা, *v.* Tease; card:—*a.* carded.
পেঁটরা, *n.* Trunk; portmanteau.
পেঁদানি, *n.* Belabouring.
পেঁদানো, *v.* Belabour.
পেঁপে, *n. Papiya;* papaw.
পেঁয়াজ, *n.* Onion.
পেখম, *n.* Distended tail-feathers (as of a peacock). পেখম ধরা—Distend the tail-feathers (said of a peacock).
পেচক, *n.* Owl; ugly creature.
পেচকশাবক, *n.* Owlet; young owl.
পেচ্ছাব—Same as প্রস্রাব।
পেছন, *n.* Rear; back; hinder part.
পেছনে, *ad.* Behind.
পেছনো, *v.* Retreat; go back; withdraw.
পেছপাও, *a.* Awkward.
পেছলী, *a.* Following; lying at the back; old; previous.
পেছু, *ind.* Backwards:—*a.* lying at the back. পেছু ডাকা—Call from behind; obstruct. পেছু নেওয়া—Follow one; go behind. পেছু পড়া—Lag behind; fall back. পেছু লাগা—Tease; worry. পেছু হটা—Retreat; make a retreat.
পেজাম, পেজম, পেজমো, *n.* Wickedness; baseness; roguery.
পেজী, *a.* Having pages (চারপেজী—having four pages).
পেট, *n.* Belly; abdomen; womb; foetus; pregnancy. পেট আঁটা—Have costiveness or constipation. পেট কামড়ানো, পেট খুঁচানো—Have a griping of the stomach. পেট খসা—Miscarry. পেট চলা—Make both ends meet. পেট চালানো—Earn one's bread. পেট চিন্‌চিন্ বা চুঁইচুঁই করা—Feel extreme hunger; be ravenously hungry. পেট জ্বলা—Feel extremely hungry; be ravenously hungry. পেট ডাকা—Rumble in the bowels. পেট ধরা—Have a purging cured or stopped. পেট নরম হওয়া—Have loose stools. পেট নামা, পেট ছাড়া, পেট ভাঙ্গা—Have loose stools; have a purging (আমার পেট নামিয়াছে—I have had a purge; I have had a heavy motion). পেট ফাঁপা, পেট ফুলা—Have flatulence. পেট ফেলা, পেট খসানো—Cause an abortion. পেট ভরা—Satisfy hunger fully; eat one's fill. পেট ভরিয়া খাওয়া—Eat one's fill. পেট ভরিয়া খাওয়ানো—Feed to the fill. পেট হওয়া—Be pregnant; conceive. পেটে ধরা—Bear in the womb. পেটের কথা—Secret of one's heart; cherished secret. পেটের কামড়—Griping pain in the intestines. পেটের গোলমাল—Bowels complaint. পেটের ছেলে—One's own son. পেটের দায়ে—For the sake of mere subsistence. পেটে রাখা—Keep a secret.
পেটক, পেটিকা, পেটী, *n.* Portmanteau; wicker-work basket.
পেট-কামড়ানি, পেট-খুঁচানি, *n.* Gripe; griping; stomach-ache.
পেটকুয়া, পেটকো—Same as পেটুক।
পেট-খসা, *n.* Abortion; miscarriage.
পেট-খুঁচানি—See পেট-কামড়ানি।
পেট-ডাকা, *n.* Rumbling in the bowels.
পেটন, *n.* Beating; hammering.
পেট-নামানো, *n.* Looseness of the bowels; diarrhoea.
পেট-ফাঁপা; পেট-ফুলা, *n.* Flatulence; distention of the stomach.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পেট-বেদনা, পেট-ব্যথা, *n.* Pain in the bowels; griping.
পেট-ভরা, *a.* Repleted :—*n.* repletion.
পেটভাতা, *a.* (Serving) for meal or food only; without any pay.
পেটমরা, *a.* Unable of eating much.
পেটমোটা, *a.* Pot-bellied; abdominous.
পেটরা, পেটোরা, পেটারী, *n.* Portmanteau.
পেট-রোগা, *a.* Of weak-stomach; dyspeptic; weak in digestive power.
পেট-শূল, *n.* Colic.
পেটসর্বস্ব, *a.* Voracious; gluttonous; fond of eating; epicurean. পেট-সর্বস্ব ব্যক্তি—Belly-god; glutton.
পেটা, *v.* Strike; beat; hammer; thrash; cudgel; belabour; ram :—*a.* hammered; wrought. পেটা ঘড়ি—Gong. পেটা লোহা—Wrought iron.
পেটাই, *n.* Beating; hammering.
পেটাও, পেটোয়া, *a.* Obedient; fawning; submissive; subservient.
পেটালো—Same as পেটমোটা।
পেটি, *n.* Belt; bandage; girdle; chest. পেটির মাছ—Piece from the breast of a fish.
পেটিকা, পেটী—See পেটক।
পেটুক, *a.* Gluttonous; voracious; greedy :—*n.* glutton. পেটুক লোক—Belly-god; glutton.
পেটেণ্ট, *n.* Patent.
পেটো, *a.* Woven from jute :—*n.* rind of a plantain tree; pressing down and braiding hair over the brow.
পেটোয়া—See পেটাও।
পেট্রল, *n.* Petrol.
পেট্রল উপশাখা, *n.* Petrol section.
পেট্রল পাম্প, *n.* Petrol pump.
পেট্রল বাবু, পেট্রল করণিক, *n.* Petrol clerk.
পেট্রলিয়ম, *n.* Petroleum.
পেড়া, *n.* Covered basket; portmanteau; kind of sweetmeat.
পেণ্টলুন, পেণ্টালুন, পেণ্টলুন, *n.* Pantaloon; trousers.
পেতনী, পেত্নী, *n.* Female ghost; apparition; spectre; ugly woman; slut. পেত্নীর আলো—Will-o'-the-wisp.
পেতল, *n.* Brass.
পেঁতিয়া, পেতে, *n.* Small basket.
পেতে, পাতিয়া, *a.* Extending; spreading; rolling out.
পেত্নী—See পেতনী।
পেদোপোকা, *n.* Flying bug.
পেন, *n.* Pen.
পেনশন, *n.* Pension.
পেনশনভোগী, *n.* Pensioner.
পেনসিল, *n.* Pencil.
পেনেট, *n.* Horizontal plate of circle about the phallic sign; form of the female organ.
পেয়, *a.* Fit to be drunk; drinkable; potable :—*n.* drink; water.
পেয়াদা, *n.* Peon; bailiff of a judicial court; messenger; footman.
পেয়ার, *a.* Pet; favourite; beloved :—*n.* love; affection. পেয়ার করা—Fondle; caress; cuddle; treat with affection. পেয়ারের বন্ধু—Bosom friend; pal; chum.
পেয়ারা, *n.* Guava. [(*a.*)
পেয়ারী, পিয়ারী, *fem.* Same as পেয়ার
পেয়ালা, *n.* Drinking vessel; cup.
পেয়ে, *v.* Getting; receiving. পেয়ে বসা—Take advantage of one's weakness; have a hold upon; make use of.
পেরনো, *v.* Get over; cross; pass.
পেরিস্কোপ, *n.* Periscope.
পেরু, *n.* Turkey.
পেরুনি, *n.* Fare paid for crossing a river; ferry-charge.
পেরুভীয়, *a.* Peruvian.
পেরু-স্রোত, *n.* Peruvian current.
পেরেক, *n.* Nail; wire-nail; spike.
পেলব, *a.* Soft; delicate; fine; thin; slender; graceful; frail.
পেলবতা, *n.* Delicacy; slimness; frailty; tenderness; softness.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পেলা, গ্যালা, *n.* Tip paid to a musician during any public performance; honorarium or remuneration given to a singer; reward; gift.
পেল্লায়, *a.* Huge; big; tremendous; enormous; monstrous.
পেশ, *n.* Laying before; putting up. পেশ করা—Submit; put up; lay or present before.
পেশকার, *n.* *Peshkar*; bench-clerk; agent; deputy; assistant.
পেশকারি, *n.* Office or duty of a *Peshkar* or bench-clerk.
পেশপত্নী—Same as ন্যস্তপত্নী।
ফ্যাকাশে, ফ্যাকাসে—See ফেকাশে।
ফ্যাচফ্যাচ—See ফেচফেচ।
ফ্যাচাং—See ফেচাং।
ফ্যা-ফ্যা, *ind.* Word denoting *emptiness, vacancy, strolling as a vagabond, useless wandering* or *useless talk.* ফ্যা-ফ্যা ক'রে বেড়ানো—Stroll as a vagabond; loaf about.
ফ্যাটা—See ফেটা।
ফ্যাটি—See ফেটি।
ফ্যাল-ফ্যাল, *ind.* Word denoting *emptiness* or *vacancy.* ফ্যাল-ফ্যাল করিয়া চাহিয়া থাকা—Look vacantly or blank.
ফ্যালাও-কারবার, *n.* Extensive business.
ফ্যাশন, ফ্যাসন, *n.* Fashion.
ফ্যাসাদ, ফ্যাসাদে—See ফেসাদ, ফেসাদে।
ফ্রক, *n.* Frock.
ফ্রি, ফ্রী, *a.* Free.
ফ্রেম, *n.* Frame.
ফ্লানেল, *n.* Flannel.
ফ্লাস্ক, *n.* Flask.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব

ব, Twenty-third and the twenty-ninth consonants of the Bengali alphabet.

বই, বহি, *n.* Book; register. বইয়ের পোকা—Book-worm.

বই, বৈ, *ind.* Except; without; besides; only this (এইটুকু বই ত নয় —only this and nothing else).

বইঠা, *n.* Oar.

বইন, বহিন্, বোন, *n. fem.* Sister.

বইপত্র, *n.* Books etc.; books and the like things.

বউ, বৌ, *n.* Daughter-in-law; wife; married woman.

বউ-কথা-কও, *n. Bau-katha-kao,* a kind of bird; Indian nightingale.

বউ-কাঁটকী, *n.* Hagging mother-in-law; torturing mother-in-law.

বউড়ী, *n.* Young married girl.

বউদি, বউদিদি, *n.* Wife of an elder brother.

বউনি, *n.* First sale of the day; handsel; porterage. বউনি করা—Sell first for the day; handsel.

বউনি-খরচ, *n.* Carriage; porterage.

বউ-ভাত, *n.* Bridal feast; ceremony of serving boiled rice by the newly-married bride.

বউল, বোল, *n.* Blossom; bud. বউল ধরা —Bud.

বওয়া, *v.* Same as বহা and বথা (*v.*):— *a.* same as বথা (*a.*). বওয়া ছেলে— Spoilt child. বয়ে যাওয়া—Flow; blow; get spoilt; go to the dogs.

বওয়াটে, বওয়াটিয়া—Same as বথা (*a.*).

বংশ, *n.* Family; race; lineage; pedigree; parentage; bamboo.

বংশগত, *a.* Hereditary; racial.

বংশগতি, *n.* Heredity.

বংশগৌরব, *n.* Glory of the family; family prestige.

বংশচরিত, *n.* Genealogical table.

বংশজ, *a.* Born of a good or high family; high-born; born of a family not included in the class of *kulin Brahmans.*

বংশতালিকা, *n.* Genealogy.

বংশদণ্ড, *n.* Bamboo rod or stick.

বংশধর, *n.* Descendant; scion.

বংশধারা, *n.* Series or succession of progeny.

বংশনালিকা, *n.* Bamboo-flute.

বংশপত্র, *n.* Reed; bamboo leaf.

বংশপরম্পরা, *n.* Succession of descent or lineage; heredity.

বংশপরম্পরাক্রমে, বংশপরম্পরায়, *ad.* From generation to generation; from one generation to another.

বংশপরিচয়, *n.* Genealogy.

বংশবৃদ্ধি, *n.* Increase of a family or race; breeding and multiplying; procreation. বংশবৃদ্ধি করা—Procreate; breed.

বংশমর্যাদা, *n.* Family prestige.

বংশলতা, *n.* Genealogy.

বংশলোচন, *n.* Bamboo camphor or manna; tabashir.

বংশ-শলাকা, *n.* Bamboo rod.

বংশহীন, *a.* Childless; without issue.

বংশাগ্র, বংশাঙ্কুর, *n.* Bamboo shoot.

বংশানুক্রম, *n.* Succession of generations; heredity.

বংশানুক্রমিক, *a.* Hereditary.

বংশানুক্রমে, *ad.* In genealogical suc-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

cession; according to heredity; in order of descent in the family line.

বংশানুগত, *a.* According to heredity; hereditary.

বংশানুচরিত, *n.* Pedigree; family history.

বংশাবতংস, *n.* Pride of a family; descent of persons or families from ancestors.

বংশাবলী, বংশাবলি, *n.* Genealogical table; genealogy; pedigree.

বংশী, *n.* Flute; pipe.

বংশীধর, বংশীধারী, *n.* Flute-player (epithet of *Krishna*):—*a.* holding a flute.

বংশীধ্বনি—Same as বংশীধর।

বংশীবাদক, *n.* Piper; flute-player.

বংশীবাদন, *n.* Blowing of a pipe or a flute.

বংশীয়, *a.* Born of a family or race (উচ্চবংশীয়—born of a high family; সূর্য-বংশীয়—born of the *Surya* dynasty).

বংশীরব, *n.* Sound of a flute or pipe.

বংশ্য—Same as বংশীয়।

ব'ইচি, বোঁচ, *n.* Small edible berry and its prickly shrub.

ব'টি, ব'ঠি, *n.* Fish-knife.

ব'ড়শি, বড়শি, *n.* Fishing-hook. ছিপ ও ব'ড়শি—Fishing-tackle.

ব'ধু, ব'ধুয়া, *n.* Lover; paramour; sweetheart.

বক, *n.* Crane; heron; egret.

বকধার্মিক, *n.* Hypocrite; sanctimonious hypocrite; wolf in sheep's clothing; impostor.

বকনা, *n. fem.* Young cow; heifer. বকনা বাছুর (নৈ-বাছুর)—She-calf; cow-calf.

বকনি—Same as বকুনি।

বকবক, বকর-বকর, *n.* Continuous talk; babbling; endless chat; useless talking. বকবক করা—Chatter; babble; prattle; go on talking.

বকবকম, *n.* Cooing of a pigeon.

বকবকানি, *n.* Talkativeness; prattling; garrulity.

বকবৃত্তি, *n.* Hypocrisy.

বকভাণ্ড, *n.* Flask.

বকযন্ত্র, *n.* Retort; still.

বকর-বকর—See বকবক।

বকরা, *n.* He-goat; billy-goat.

বকরী, *n.* She-goat; nanny-goat.

বকলম (বঃ), *n.* Signature for an illiterate person; one who signs for another; substitution.

বকলস, বগলস, *n.* Buckles. বকলস আঁটা—Buckle.

বকশিশ, *n.* Reward; perquisite; tip; gratuity; gift. বকশিশ দেওয়া—Reward; give a tip.

বকশী, *n.* Head of an office; general; deputy.

বকা, *v.* Scold; chide; prate; talk; chatter. [See also বখা (*v.*).]

বকা, বকাটে, বকাট—Same as বখা (*a.*).

বকাণ্ড-প্রত্যাশা, *n.* Vain hope; useless expectation.

বকানো, *v.* Cause one to talk much or uselessly; induce one to speak; set one talking endlessly; bother; worry; disturb. (See also বখানো।)

বকাবকি, *n.* Altercation; bandying of words; wrangling; wordy dispute; abusing; rebuking. বকাবকি করা—Bandy words; altercate; wrangle; scold.

বকামি, বকামো—Same as বখামি।

বকুনা, বকনো, *n.* Cooking utensil of brass.

বকুনি, *n.* Scolding; rebuking; snubbing; railing; reviling; prating; endless talk; garrulity. বকুনি খাওয়া—Be rebuked; be scolded. বকুনি দেওয়া—Rebuke; scold.

বকেয়া, *n.* Arrears; remainder:—*a.* remaining; former; old. বকেয়া খাজনা—Arrears of rent. বকেয়া বাকি—Arrears; rent due for a previous

Dr. Umila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

term; balance on former accounts.

বক্তব্য, *a.* Fit to be spoken or uttered; utterable; worth saying; mentionable; to be proposed :—*n.* something to say; talk; remark; proposal. আমার এ বিষয়ে বক্তব্য কিছু নাই—I have no say in this matter; I have nothing to remark about this. [addresses.

বক্তা, *n.* Orator; speaker; one who

বক্তার, *a.* Garrulous; eloquent :—*n.* garrulous person; lecturer.

বক্তৃতা, *n.* Lecture; harangue; speech; address; eloquence. তোমার বক্তৃতা রাখ—Stop your harangue! Shut up! Truce to your rigmarole! বক্তৃতা করা, বক্তৃতা দেওয়া—Deliver a lecture; address; speak.

বক্তৃতাশক্তি, *n.* Gift of the gab; eloquence.

বক্ত্র, *n.* Mouth; face.

বক্র, *a.* Crooked; awry; tortuous; distorted; bent; curved; dishonest :—*n.* bend (of a river).

বক্রগতি, *n.* Tortuous motion.

বক্রগামী, *a.* Sinuous; devious; *zigzag;* insincere; dishonest; crafty.

বক্রচ্ছেদ, *n.* Oblique section.

বক্রণ, *n.* Becoming curved or distorted; distortion; twisting.

বক্রতা, বক্রত্ব, *n.* Crookedness; curvature; wickedness; craftiness.

বক্রতা-কেন্দ্র, *n.* Centre of curvature.

বক্রদৃষ্টি, *a.* Squint-eyed; looking archly :—*n.* oblique or askant or arch look.

বক্রনাস—Same as বক্রনাসিক।

বক্রনাসিক, *a.* Having a curved nose.

বক্রপৃষ্ঠ, *a.* Having a curved surface; hunch-backed :—*n.* curved surface.

বক্রভাব, *n.* Curvature; crookedness; dishonesty; malign influence.

বক্রভাবে, *ad.* Askance; obliquely; awry.

বক্ররেখা, *n.* Curved line; curve.

বক্রশিরাল, *a.* Curvi-veined.

বক্রসংঘাত, *n.* Oblique impact.

বক্রাংশুরেখা, *n.* Caustic curve.

বক্রাংশুস্পর্শ, *n.* Causticity.

বক্রাঙ্গ, *a.* Having a crooked limb or person.

বক্রিমা—Same as বক্রভাব।

বক্রী, *a.* Remaining; left over :—*n.* remainder; rest; balance; residue.

বক্রীকরণ, *n.* Curving; distortion.

বক্রীকৃত, *a.* Made crooked, curved or bent.

বক্রীভূত, *a.* Curved; twisted; bent; insincere; dishonest.

বক্রোক্তি, *n.* Sarcasm; irony; pun; evasive reply; ambiguous expression; innuendo.

বক্ষ, বক্ষঃ, *n.* Chest; breast; bosom.

বক্ষঃপঞ্জর, বক্ষপঞ্জর, *n.* Ribs of the chest.

বক্ষঃস্থ, বক্ষস্থ, *a.* At the breast; suckling.

বক্ষঃস্থল, বক্ষস্থল, *n.* Breast; bosom; heart.

বক্ষঃস্থিত, বক্ষস্থিত—Same as বক্ষঃস্থ।

বক্ষস্পন্দন, *n.* Palpitation or throbbing of the heart.

বক্ষোনিঃসৃত, *a.* Coming out of the heart; issuing from the breast.

বক্ষ্যমাণ, *a.* To be spoken of or mentioned hereafter; following.

বখরা, *n.* Share; part; portion. বখরা করা—Divide into parts; make a share. বখরা পাওয়া—Get a share. বখরা লওয়া—Go into shares.

বখরাদার, *n.* Partner; co-sharer.

বখা, *v.* Go astray; sow one's wild oats; live fast; dissipate.

বখা, বখাটে, বখাটিয়া, বখাটে, *a.* Wayward; wicked; talkative; profligate; impudent; saucy; pert; dissipated; living fast; vagabond;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

vagrant. বখা ছেলে, বখাটে ছেলে, বখাট ছেলে—Wayward or naughty boy.

বখানো, *v.* Lead astray; spoil.

বখামি, বখামো, *n.* Waywardness; flippancy; pertness; sauciness; precocious conduct; wickedness.

বখেড়া, *n.* Contention; quarrel; hitch; troublesome business; hindrance. বখেড়া করা—Dispute; quarrel.

বখেয়া, *n.* Return stitch in sewing.

বগ, *n.* Crane; heron. বগ দেখানো—Taunt by a sign of the hand; slight; neglect; defy; set at naught; get the better of; defeat in contest.

বগয়রহ, *ind. Et cetera* (abbr. *etc.*); and the like; and others; and so forth.

বগল, *n.* Armpit; side; neighbourhood. বগল বাজানো—Clap or rap on the side in joy; rejoice at success; triumph.

বগলদাবা, *a.* Pressing under the armpits. বগলদাবা করা—Carry under one's armpit; appropriate secretly to oneself.

বগলা, *n. Bagala;* Goddess *Durga.*

বগলি, *n.* Small travelling bag; purse; pocket.

বগলে, *ad.* Under the arms; near; beside.

বগি, *n.* Light carriage; bogie; gig; small salver.

বঙ্ক, *n.* Turn of a river.

বঙ্কিম, *a.* Tortuous; crooked; bending.

বঙ্ধুর, *a.* Crook-bodied.

বঙ্গ, *n.* Bengal; lead; tin. বঙ্গ কৃতাক নিয়মাবলী—Bengal Service Rules.

বঙ্গজ, *a.* Born in Bengal; designating a sect of the *Kayastha* of Bengal.

বঙ্গদেশীয়, *a.* Of Bengal.

বঙ্গব্যবচ্ছেদ, বঙ্গবিচ্ছেদ, বঙ্গভঙ্গ, *n.* Partition of Bengal.

বঙ্গভঙ্গ-আন্দোলন, *n.* Movement against the partition of Bengal.

বঙ্গানুবাদ, *n.* Bengali translation; rendering into Bengali.

বঙ্গাব্দ, *n.* Year of the Bengali era.

বঙ্গীয়, *a.* Of Bengal.

বঙ্গেশ্বর, *n.* King of Bengal.

বচন, *n.* Word; dictum; utterance; passage; number; parole. বচন উদ্ধৃত করা—Quote a passage.

বচনবাগীশ, *a.* Talkative:—*n.* windbag; chatterer; chatterbox.

বচন-সর্বস্ব, *n.* Windbag; chatterbox.

বচনিক কেন্দ্র—Parole centre.

বচনিক শিবির—Parole camp.

বচনীয়, *a.* Speakable; utterable; blamable.

বচসা, *n.* Quarrel; dispute; altercation. তাহার সহিত আমার বচসা হইয়া গিয়াছে—I have had a great altercation with him; I have had words with him. বচসা করা—Quarrel; wrangle; bandy words.

বছর, *n.* Year. বছর বছর—Every year; yearly; annually.

বজরা, *n.* Barge; large pleasure-boat; pinnace; millet.

বজায়, *a.* Maintained; in place; in force; intact. বজায় থাকা—Be intact; be in force. বজায় রাখা—Keep intact; maintain.

বজ্জাত, *a.* Wicked; naughty; base-born.

বজ্জাতি, *n.* Naughtiness; wickedness; mischievousness.

বজ্‌বজানি, *n.* Bubbling; puddle; scum.

বজ্র, *n.* Thunderbolt; thunder; boring needle; drill:—*a.* hard; adamantine; heart-rending.

বজ্রকঠিন, বজ্রকঠোর, *a.* Adamantine.

বজ্রকীট, *n.* Pangolin.

বজ্রগম্ভীর, *a.* Deep as thunder; thunderous. বজ্রগম্ভীর স্বরে—In a thunderous or stentorian voice.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বজ্রগুণন, *n.* Cross-multiplication.
বজ্রজ্বালা, *n.* Lightning-flash.
বজ্রঝটিকা, *n.* Thunderstorm.
বজ্রতুল্য, *a.* Adamantine; thunderous.
বজ্রধ্বনি, বজ্রনাদ, বজ্রনিনাদ, *n.* Clap of thunder.
বজ্রনাদে, *ad.* In a thunderous voice.
বজ্রনির্ঘোষ, *n.* Roar of thunder; thunder-clap.
বজ্রপাত, *n.* Crash of thunder; thunder-clap.
বজ্রবহ, *n.* Lightning conductor.
বজ্রবহ-পরিদর্শক, *n.* Inspector of Lightning conductor.
বজ্রবারক, *n.* Lightning arrester.
বজ্রমুষ্টি, *n.* Strong grip; firm hold.
বজ্রশলাকা, *n.* Thunderbolt; lightning rod or conductor.
বজ্রসার, *a.* Very hard; adamantine.
বজ্রাগ্নি, *n.* Lightning.
বজ্রাঘাত, *n.* Thunder-stroke; unforeseen calamity; stroke of misfortune.
বজ্রাহত, *a.* Struck by lightning; thunderstruck.
বজ্রাহতবৎ, বজ্রাহতের ন্যায়, *ind.* As if thunder-struck; like one struck by lightning.
বঞ্চক, *a.* Deceitful; crafty; fraudulent:—*n.* cheat; knave; swindler.
বঞ্চন, বঞ্চনা, *n.* Deceit; deception; fraud; roguery; imposition; knavery. বঞ্চনা করা—Deceive; cheat; defraud; disappoint.
বঞ্চনাপূর্ব্বক, *ad.* Fraudulently; deceitfully.
বঞ্চনাময়, *a.* Deceptive.
বঞ্চনীয়, *a.* Capable of being deceived; to be cheated; to be defrauded.
বঞ্চিত, *a.* Deceived; defrauded; cheated; deprived.
বট, *n.* Banyan tree.
বট, *v.* Be. তুমি কে বট—Who are you?
বটকারা, বটকেরা, *n.* Banter; mockery; raillery. বটকারা করা, বটকেরা করা—Jest; banter.
বটঠাকুর, *n.* Elder brother of one's husband.
বটপত্র, *n.* Banyan leaf.
বটিকা, বটি, *n.* Pill; globule; bolus.
বটু, বটুক, *n.* Young *Brahman* lad; jester. [wallet.
বটুয়া, *n.* Small bag made of cloth;
বটে, *ind.* Indeed; truly; actually; right; yes; to be sure. [কয়েকটি বিশিষ্ট প্রয়োগঃ—তা' ত বটেই—That's of course right; right-oh! বটেই ত—Just so; certainly. বটে বটে—Yes, yes.]
বড়, *n.* Rope of straw.
বড়, বড়ো, *a.* Big; large; tall; great; older; capacious; important; supreme; elder; eldest; superior; noble; spacious:—*ad.* very much; greatly; extremely. বড় উকিল—Senior pleader; eminent pleader. বড় একটা—Nearly; almost. বড় একটা না—Hardly; seldom. বড় কথা—Tall talks; proud or haughty expression. বড় করা—Make one flourish; enlarge; expand; magnify; make louder; bring up; lengthen. বড় গলা—Arrogance; swaggering. বড় গলায় বলা—Say arrogantly or proudly. বড় গল্প—Long story. বড় ঘর—Large room; aristocratic family. বড় জমাদার—Head *jamadar*. বড় জ্বালা—Severe affliction. বড় ডাক-কর্তা—Postmaster-General. বড় দরের লোক—Man of high position; man of importance; man of substance. বড় দেখানো—Look large. বড় পাদরী—Presidency Senior Chaplain. বড় বই—Fat volume. বড় বোন—Elder or eldest sister. বড় ব্যাপার—Great affair. বড় ভাই—Elder brother; eldest brother. বড় রানী—Queen-consort; senior queen:

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

বড় শীত—Severe cold. বড় সরকারী উকিল—Senior Government Pleader. বড় হওয়া—Come of age; be grown up; become famous.

বড়কর্তা, *n.* Boss; seniormost officer.

বড়জোর, *ad.* At most; at the utmost.

বড়ঠাকুর, *n.* Husband's elder brother.

বড়দিন, *n.* Christmas Day. বড়দিনের উপহার—Christmas present. বড়দিনের ছুটি—Christmas holidays.

বড়বড়, *ind.* Term suggesting *murmur* or *grumble*. বড়বড় করা—Murmur; grumble.

বড়বড়ানি, *n.* Murmuring; prating.

বড়বা, *n.* Mare.

বড়বানল, বড়বাগ্নি, বাড়বানল, *n.* Submarine fire.

বড়বাবু, *n.* Head clerk.

বড়মানুষ, *n.* Rich man.

বড়মানুষি, *n.* Lordly style; imperiousness. বড়মানুষি করা—Live extravagantly or in a lordly style; live in a princely way. বড়মানুষি দেখানো—Pose as a rich man.

বড়মুখ, *n.* Hopefulness; high hopes; zeal; eagerness. [General.

বড়লাট, *n.* Viceroy and Governor-

বড়লোক, *n.* Rich or famous man; great personage.

বড়শি—See ব'ড়শি।

বড়হাজরি, *n.* Dinner.

বড়া, *n.* Cake fried in oil; fritter.

বড়াই, *n.* Boast; bragging; self-applause. বড়াই করা—Boast of; brag; bluster.

বড়াইবুড়ি, *n.* Very old woman; hag; prattling girl.

বড়ি, *n.* Globule; little ball of pasted pulses; pill.

বড়িশ—Same as ব'ড়শি।

বডিস, *n.* Bodice.

ব'ড়ে, *n.* Pawn (at chess). ব'ড়ে টেপা—Proceed slowly and cautiously; apply tactics.

বড্ড, *a.* & *ad.* Very; much; very much; excessive; too; large; great. বড্ড বড়—Very large; too big.

বণিক্, বণিক, *n.* Merchant; trader.

বণিক্‌পথ, *n.* Market; shop; traffic.

বণিক্‌সভা, *n.* Chamber of Commerce.

বণিগ্‌বৃত্তি, *n.* Occupation of a trader; trading; trafficking.

বণ্টক, *n.* Distributor; sharer; partitioner:—*a.* dividing; distributing; sharing.

বণ্টন, *n.* Distributing; sharing out; partition; apportionment. বণ্টন করা—Divide; apportion; partition; distribute.

বণ্টনীয়, *a.* Divisible; to be shared; distributable.

বণ্টিত, *a.* Divided; partitioned; distributed; apportioned.

বতারিখ, বিতারিখ, *ad.* According to date; date by date.

বত্রিশ, *n.* & *a.* Thirty-two. বত্রিশ সিংহাসন—Legendary throne of king *Vikramaditya*. বত্রিশের ঘর—Magic square to 32.

বত্রিশে, বত্রিশা, *a.* Thirty-second (day of the month).

বৎস, *n.* Son; male child; boy; my dear! Dear child! My darling! Young of an animal; male calf.

বৎসতর, *n.* Weaned calf; steer.

বৎসতরী, *n. fem.* Heifer.

বৎসর, *n.* Year. বৎসর বৎসর—Every year; annually. বৎসর মাহিনা, বৎসর মাহিয়ানা—Annual salary; rule of arithmetic to find out daily or monthly wages from a given annual salary. বৎসরে একবার—Once a year.

বৎসরান্তে, *ad.* At the end of a year.

বৎসল, *a.* Affectionate; indulgent; kind; compassionate (ভক্তবৎসল—kind or affectionate to the devoted).

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৎসলতা, বাৎসল্য, *n.* Affection; compassion; attachment; tenderness; fondness.

বৎসা, *n.* Daughter; female child; female issue of an animal; female calf. [darling!

বৎসে, *n.* My child! My dear! My

বদ, *a.* Bad; evil; wicked; spoilt.

বদখত, *a.* Ugly; misshappen; perverse; writing a bad hand; illegible.

বদখেয়াল, *n.* Evil design; wicked purpose.

বদখেয়ালী, *a.* Wicked; depraved; immoral; profligate.

বদজবান, *n.* Abuse; filthy or scurrilous language. বদজবান করা—Use filthy language.

বদন, *n.* Mouth; face.

বদনকমল, *n.* Lotus-like face; very beautiful face.

বদনচুম্বন, *n.* Kissing the face.

বদনভরে, *ad.* With full-throated ease.

বদনমণ্ডল, *n.* Countenance.

বদনা, *n.* Water-pot; pot with a spout.

বদনাম, *n.* Bad name; bad reputation; discredit; infamy; calumny. বদনাম করা, বদনাম দেওয়া—Give one a bad name; detract from one's reputation; vilify; calumniate; speak ill of; slander.

বদমাশ, বদমাইশ, *a.* Wicked; vicious; depraved; of evil or immoral character; lecherous:—*n.* rogue; rascal; villain; vicious or wicked person.

বদমাশি, বদমাইশি, *n.* Wickedness; roguery; profligacy; villainy. বদমাশি করা, বদমাইশি করা—Practise roguery or villainy.

বদ-মেজাজ, *n.* Ill or bad temper; irritability:—*a.* ill-tempered; of bad temper; irascible; peevish.

বদ-মেজাজী, *a.* Ill-tempered; peevish; irascible.

বদর, *n.* Jujube; full moon; Mahommedan saint. বদর বদর—Appeal to the full moon for help made by Mahommedan helmsmen.

বদ-রং, *a.* Of bad colour; discoloured:—*n.* bad colour.

বদরাগী, *a.* Ill-tempered; of bad or violent temper; irascible; hot-tempered; choleric.

বদরি, বদরিকা, বদরী, *n.* Jujube.

বদল, *n.* Change; exchange; substitution; interchange. বদল করা—Change; exchange; interchange.

বদলা, *n.* Exchange; vengeance; revenge. বদলা লওয়া—Repay; give back; take revenge.

বদলাই, *n.* Exchange; change; barter; relief. বদলাই করা—Change; barter.

বদলানো, *v.* Change; alter; substitute.

বদলা-বদলি, *n.* Interchange; barter; exchange. বদলা-বদলি করা—Exchange; interchange.

বদলি, *n.* Exchange; shift; thing given in exchange; substitute; transfer; relief (from watch). বদলি করা—Transfer.

বদলী, *a.* Transferred; got as a substitute. বদলী হওয়া—Be transferred.

বদলে, *ad.* In lieu of; in exchange for; instead of.

বদহজম, *n.* Indigestion; dyspepsia.

বদান্য, *a.* Munificent; generous; bountiful; liberal; charitable.

বদান্যতা, *n.* Munificence; liberality; generosity; charity.

বদ্ধ, *a.* Fastened; tied; bound; shut; closed; confined; fixed; clasped; arrayed; stark (বদ্ধপাগল); deep-seated (বদ্ধধারণা); restrained; stagnant.

বদ্ধকালা, *n.* Stark deaf.

বদ্ধদৃষ্টি, *n.* Steady look; gaze.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বদ্ধপরিকর, *a.* Determined; bent on; firm in resolve; resolute; with an iron will; with the loins girded up; girdled. বদ্ধপরিকর হওয়া—Be firmly resolved; gird oneself up.

বদ্ধপাগল, *n.* Stark madman; confirmed fool.

বদ্ধমুখ, *a.* Having the mouth or end closed; blind:—*n.* closed mouth.

বদ্ধমুষ্টি, *a.* Close-fisted; niggardly; miserly; with a firm grip.

বদ্ধমূল, *a.* Deep-rooted. বদ্ধমূল করা—Strike root; make inveterate. বদ্ধমূল সংস্কার—Inveterate prejudice. মনে বদ্ধমূল হওয়া—Become rooted firmly in one's mind.

বদ্ধসংখ্যা, *n.* Concrete number.

বদ্ধসেতু, বাঁধ-সেতু, *n.* Causeway.

বদ্ধাঞ্জলি, *a.* With clasped palms:—*n.* clasped palms.

বদ্ধাধান, বদ্ধ আধান, *n.* Bound charge.

বদ্বীপ, *n.* Delta.

বদ্বীপশীর্ষ, *n.* Head of the delta.

বধ, *n.* Killing; slaughter; murder; assassination. বধ করা—Kill; murder.

বধক, বধকর্তা, *n.* Killer; slayer.

বধদণ্ড, *n.* Capital punishment.

বধযোগ্য, বধার্হ, *a.* Deserving death; fit to be slaughtered.

বধস্থলী, বধস্থান—Same as বধ্যভূমি।

বধার্থ, *ad.* For killing; for slaughter.

বধার্হ—See বধযোগ্য।

বধির, *a.* Deaf. বধির করা—Deafen. বধির হওয়া—Become deaf.

বধিরতা, বধিরত্ব, *n.* Deafness.

বধী—Same as বধক।

বধূ, *n.* Daughter-in-law; newly married woman; wife; female.

বধূজন, *n.* Married wife.

বধূৎসব, *n.* Ceremony at the first menstruation of the newly married wife.

বধূমাতা, *n.* Daughter-in-law.

বধোদ্যত, *a.* About to kill.

বধ্য, *a.* Fit to be killed; deserving death.

বধ্যভূমি, বধ্যস্থান, *n.* Place of public execution; slaughter-house.

বন, *n.* Wood; jungle; forest. বন ও মৎস্য—Forests and Fisheries.

বন-কচু, *n.* A sort of arum.

বনকর্মী, *n.* Forester.

বন-কাপাসী, *n.* Cotton plant or its flower.

বনকুক্কুট, *n.* Wild fowl.

বনকৃত্যক, *n.* Forest Service.

বন-গহন, *n.* Thicket.

বনচর, বনচারী, *a.* Dwelling in the forest; prowling about in the forest; ranging in the forest; sylvan:—*n.* wild animal; hunter.

বনজ, বনজাত, *a.* Produced in a forest.

বনজঙ্গল, *n.* Thicket; woodlands; copse and bushes.

বনদেবতা, বনদেবী, *n.* Dryad; wood nymph; sylvan goddess.

বনপথ, *n.* Forest path or track.

বনপাল, *n.* Conservator of forests.

বনফুল, *n.* Wild flower.

বনবন, *ind.* Word denoting *swift whirling*. বনবন করিয়া ঘোরা—Whirl very swiftly; revolve rapidly.

বনবরা, *n.* Wild boar.

বনবাদাড়, *n.* Copse and bushes.

বনবাস, *n.* Residing in a forest; exile.

বনবাসন, *n.* Banishment.

বনবাসী, *a.* Residing in a forest:—*n.* resident in a forest; hermit. *fem.*= বনবাসিনী।

বনবিড়াল, *n.* Wild cat. *fem.*=বন-বিড়ালী।

বনবিদ্, *n.* Sylviculturist.

বনবিহারী, *a.* Ranging in forests; roving in forests:—*n.* *Krishna.*

বনভূমি, *n.* Woodland; forest.

বনভোজ, বনভোজন, *n.* Picnic.

বনমক্ষিকা, *n.* Gadfly.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বনমাল্লিকা, *n.* Wild jasmine.
বনমানুষ, *n.* Orang-outang; ape.
বনমালা, *n.* Garland or chaplet made of wild flowers; range of forests.
বনরক্ষক, *n.* Forest-keeper; forester; forest-ranger.
বনরক্ষী, *n.* Forest guard.
বনরাজি, বনরাজী, *n.* Range of forests; line of woods.
বনশূকর, *n.* Wild hog.
বনস্থ, বনস্থিত, *a.* Situated in a forest; produced or grown in a forest; wild.
বনস্পতি, *n.* Large tree; tree bearing fruit apparently without any blossoms.
বনহংসী, *n.* Wild-goose; wild duck.
বনা, *v.* Agree; pull together; be on good terms; compromise.
বনাত, *n.* Broad cloth.
বনানী, *n.* Great forest.
বনানো, *v.* Cause to agree; compromise. বনিয়ে চলা—Pull together.
বনান্ত, *n.* Outskirts of a forest.
বনান্তর, *n.* Another wood; different forest.
বনাবনি, বনাবন্তি, বনিবনাও, *n.* Good terms; mutual agreement or compromise; amity; good understanding.
বনাম, *ind.* In the name of; *alias; versus;* against. ভারত বনাম ইংলণ্ড—India *versus* England.
বনিতা, *n.* Woman; wife.
বনিবনাও—See বনাবনি।
বনিয়াদ, বুনিয়াদ, বনেদ, *n.* Foundation; groundwork; origin.
বনিয়াদী, বুনিয়াদী, বনেদী, *a.* Basic; having a good foundation; of a high lineage; aristocratic; of a distinguished family; well-established. বনিয়াদী (বনেদী) বড়লোক—Traditionally rich man. বনিয়াদী (বুনিয়াদী) শিক্ষা—Basic education.
বনীকরণ, *n.* Afforestation.
বনেচর, *n.* Fowler; hunter; wanderer in a forest:—*a.* roving or living in the forest.
বনেদ—See বনিয়াদ।
বনেদী—See বনিয়াদী।
বন্দ, *n.* Plot; piece; lot; crop. এক বন্দ জমি—A plot of land.
বন্দক, *n.* Panegyrist; eulogist; worshipper:—*a.* praising; worshipping.
বন্দন, বন্দনা, *n.* Adoring; invocation; obeisance; adoration; salutation; praise; flattery. বন্দনা করা—Worship; adore; praise.
বন্দনীয়, বন্দ্য, *a.* To be adored or praised; adorable; praiseworthy; commendable; laudable.
বন্দর, *n.* Port; harbour. মুক্ত বন্দর—Free port.
বন্দরপাল, *n.* Port Commissioner.
বন্দিকারক, *n.* Captor; detainer:—*a.* capturing; imprisoning.
বন্দিগৃহ, বন্দিশালা, *n.* Prison; jail.
বন্দিত, *a.* Worshipped; adored; praised; lauded; sung of; hymned.
বন্দিদশা, *n.* Confinement; captivity.
বন্দিনী, *n.* Female prisoner; female panegyrist.
বন্দিপাঠ, *n.* Book of hymns.
বন্দিপাল, বন্দীপাল, *n.* Jailor.
বন্দিশালা—See বন্দিগৃহ।
বন্দী, *n.* Captive; prisoner; panegyrist; court poet:—*a.* confined; imprisoned; captured; arrested. বন্দী করা—Capture; arrest; imprison; confine.
বন্দীখানা, *n.* Lock-up; jail; prison.
বন্দীপাল—See বন্দিপাল।
বন্দুক, *n.* Gun; musket; rifle.
বন্দুকধারী, *a.* Armed with a gun. বন্দুকধারী লোক—Gunman; rifleman.
বন্দে, *v.* I salute thee. বন্দে মাতরম্—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

I salute thee, mother! Hail, my country!

বন্দোগি, বন্দেগী, *n.* Salutation :—*v.* I salute thee, sire! বন্দোগি জাঁহাপনা—Hail, Your Majesty!

বন্দোজ, *n.* Provision; binding.

বন্দোবস্ত, *n.* Arrangement; settlement. চিরস্থায়ী বন্দোবস্ত—Permanent settlement. বন্দোবস্ত করা—Arrange; settle. বন্দোবস্ত দেওয়া—Settle tenure on a person.

বন্দোবস্তী, *a.* Settled, arranged. বন্দোবস্তী মহাল—Settled estate; regulated province.

বন্দ্য—See বন্দনীয়।

বন্দ্যবংশ, *n. Banerjee* family.

বন্দ্যোপাধ্যায়, *n. Banerjee* or *Bandyopadhyaya* (the title of a class of Brahmins).

বন্ধ, *n.* Binding; fastening; closing; stoppage; bond; closure; style; method; holiday; vacation :—*a.* closed; shut; confined; tied. গ্রীষ্মের বন্ধ (বা ছুটি)—Summer vacation. পূজার বন্ধ—Puja vacation. (ইঞ্জিনের স্টিম) বন্ধ করা—Shut off. বন্ধ করা বা হওয়া—Stop; shut; close. বন্ধের দিন—Vacation; holiday.

বন্ধক, *n.* Mortgage; pledge; pawn; hypothecation. বন্ধক দেওয়া—Mortgage; pledge; hypothecate; pawn.

বন্ধকগ্রহীতা, *n.* Mortgagee; pawnee.

বন্ধকদাতা, *n.* Mortgagor; pawner.

বন্ধক-পত্র, *n.* Deed of mortgage.

বন্ধকী, *a.* Mortgaged; pawned. বন্ধকী কারবার—Mortgage-business; pawn-broking. বন্ধকী দলিল, বন্ধকী খত, বন্ধকী তমসুক—Mortgage deed. বন্ধকী দোকান—Pawn-shop.

বন্ধ-গ্রহণ, *n.* Acceptance of security.

বন্ধ-দিন, *n.* Closed holiday.

বন্ধন, *n.* Binding; tying; tie; chain; fetters; binding rope; tether; band. বন্ধন করা—Bind; tie. বন্ধন খোলা—Untie; loosen.

বন্ধনগ্রন্থি, *n.* Knot.

বন্ধনচ্ছেদ, *n.* Cutting of bonds; release.

বন্ধনদশা, *n.* Confinement; captivity.

বন্ধনফলক, *n.* Splint.

বন্ধনমুক্ত, *a.* Untied; emancipated; free; liberated; free from all ties of the world; released.

বন্ধনরজ্জু, *n.* Rope for tying; tether.

বন্ধন-স্তম্ভ, *n.* Tying post.

বন্ধনী, *n.* Bracket; ligament; tie; band; chain; bandage; garter; rope. [bracket.

বন্ধনীভুক্ত, *a.* Bracketed; within the

বন্ধু, *n.* Friend; comrade; chum; well-wisher; helper.

বন্ধুতা, বন্ধুত্ব, *n.* Friendship; intimacy. বন্ধুতা করা—Make friends with; befriend. বন্ধুতার অনুরোধে—For the sake of friendship.

বন্ধুতাসূত্রে, *ad.* On account of friendship.

বন্ধুত্বপূর্ণ, *a.* Friendly.

বন্ধুনী, *n.* Female friend.

বন্ধুবর, *n.* Close friend; friend.

বন্ধুবান্ধব, *n.* Friends and relatives.

বন্ধুবিচ্ছেদ, *n.* Separation from a friend; cessation of friendship; loss of a friend.

বন্ধুর, বন্ধুর, *a.* Uneven; rough; rugged; undulating; wavy. বন্ধুর মানচিত্র, উচ্চাবচ মানচিত্র—Relief map.

বন্ধুরতা, *n.* Ruggedness; roughness; unevenness.

বন্ধুসুলভ, *a.* Friendly.

বন্ধুহীন, *a.* Friendless.

বন্ধ্য, *a.* Barren; unproductive; useless; not bearing fruit; requiring to be confined; capable of being tied.

বন্ধ্যত্ব, বন্ধ্যতা, *n.* Barrenness; sterility.

বন্ধ্যা, *a. fem.* Childless; barren; sterile. বন্ধ্যা নারী—Barren woman.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বন্ধ্যাত্ব, *n.* Barrenness; sterility.
বন্য, *a.* Wild; sylvan.
বন্যা, *n.* Flood; inundation; deluge. বন্যার জল—Flood-water.
বন্যাপীড়িত, *a.* Flood-stricken; flooded.
বন্যাপ্লাবিত, *a.* Flooded; inundated.
বপক, *n.* Sower; planter.
বপন, *n.* Sowing (of seeds); weaving. বপন করা—Sow; plant.
বপনকর্তা, *n.* Sower; weaver:—*a.* sowing; weaving.
বপনযন্ত্র, *n.* Sowing-machine.
বপনীয়, *a.* To be sown or implanted; to be woven.
বপু, *n.* Body.
বপুষ্মতী, *a. fem.* Same as বপুষ্মান্।
বপুষ্মান্, *a.* Big-bodied; pot-bellied; abdominous; corpulent; corporeal.
বপ্তা, *n.* Sower; father:—*a.* sowing seed.
বপ্র, *n.* Rampart; field; ground.
বপ্রক্রীড়া, *n.* Digging of mud with horns or tusks; wandering about in hills and fields.
বম, বমবম, বোম, *ind.* Peculiar *sound* produced by striking the cheeks with the fingers.
বমন, *n.* Vomiting. বমন করা—Vomit.
বমনোদ্বেগ, *n.* Nausea; retching.
বমনোদ্রেক, *n.* Retching; nausea.
বমাল, *ad.* Together with stolen goods:—*n.* stolen goods. বমালসহ গ্রেফতার—Caught red-handed.
বমি, *n.* Vomit; vomiting; nausea. বমি করা—Vomit; throw up; cast up; disgorge.
বমিত, *a.* Vomited; ejected.
বম্বেটিয়া, বম্বেটে, বোম্বেটে, *n.* Pirate; sea-robber.
বয়, *n.* Boy; page:—*v.* blows; flows; carries; bears.
বয়ঃ, *n.* Age; youth.
বয়ঃক্রম, *n.* Age; period of life.
বয়ঃপ্রাপ্ত, *a.* Come of age; mature; middle-aged; young; adolescent. বয়ঃপ্রাপ্ত পুরুষ, বয়ঃপ্রাপ্ত স্ত্রীলোক—Adult.
বয়ঃসন্ধি, *n.* Puberty; youth; adolescence.
বয়ঃসীমা, *n.* Age-limit.
বয়ঃস্থ, বয়স্থ, *a.* Grown-up; youthful; adult; young; mature; middle-aged.
বয়ঃস্থা, বয়স্থা, *a. fem.* Grown-up; adult; youthful; of marriageable age.
বয়কট, *n.* Boycott. বয়কট করা—Boycott.
বয়ড়া, বয়েড়া—Same as বহেড়া।
বয়ন, *n.* Knitting; weaving. বয়ন করা—Knit; weave.
বয়ন-প্রদর্শক, *n.* Weaving Demonstrator.
বয়নবিদ্যা, *n.* Weaving.
বয়নশিল্প, *n.* Weaving industry.
বয়নশিল্পী, *n.* Weaver.
বয়নামা, *n.* Sale certificate.
বয়লার, *n.* Boiler. বয়লার পরিদর্শক—Inspector of Boilers.
বয়স, *n.* Age. বয়স হওয়া—Come to age; become aged.
বয়সকাল, *n.* Youth; adulthood.
বয়সকালে, *ad.* In mature age; during adolescent period; in growing age.
বয়স-ফোঁড়া, *n.* Small pimples; acne.
বয়সা, *n.* Hoarseness of voice in the adolescent period.
বয়সী, *a.* Aged; of age.
বয়সোচিত, *a.* Fit for one's age; becoming one's age.
বয়স্ক, *a.* Aged; old.
বয়স্কা, *a. fem.* Same as বয়স্ক।
বয়স্কাউট, *n.* Boy-scout.
বয়স্থ—See বয়ঃস্থ।
বয়স্থ-ভোটাধিকার, *n.* Adult suffrage.
বয়স্থ-শিক্ষা, *n.* Adult education.
বয়স্থা—See বয়ঃস্থা।
বয়স্যা, *n.* Friend; pal; boon companion; attendant; chum.
বয়স্যা, *n.* Female friend; confidante.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বয়া, *n.* Buoy; lifebuoy.
বয়াটে—Same as বওয়াটে।
বয়ান, *n.* Explanation; description; words; speech; mouth; face.
বয়াম, *n.* Jar.
বয়েই গেল—I don't care. বয়ে যাওয়া—Be spoilt; go to the dogs.
বয়েত, *n.* Couplet; distich; verse.
বয়েস—Same as বয়স।
বয়োচিত, *a.* Becoming one's age.
বয়োজ্যেষ্ঠ, *a.* Older; elder.
বয়োতীত, *a.* Past youth; beyond proper age; old.
বয়োদোষ, *n.* Follies of youth.
বয়োধর্ম, *n.* Characteristics of youth.
বয়োবন্ধ, *n.* Age-bar.
বয়োবৃদ্ধ, *a.* Advanced in age or years; senior; aged. বয়োবৃদ্ধ ব্যক্তিগণ—People who are advanced in years; aged people; seniors; superiors.
বয়োবৃদ্ধি, *n.* Advance in age or years; seniority.
বর, *n.* Boon; favour; blessing; husband; bridegroom:—*a.* excellent; select; chief; eminent. বর দেওয়া—Grant a boon. বর পাওয়া—Obtain a boon.
বরং, বরঞ্চ, *ind.* & *ad.* Better; rather; preferably.
বরকনে, *n.* Bridegroom and the bride.
বরকন্দাজ, *n.* Musketeer; messenger.
বরকর্তা, *n.* Head of the bridegroom's party or side; father of the bridegroom.
বরখাস্ত, *a.* Dismissed; sacked; removed from an office. বরখাস্ত করা—Dismiss; sack. বরখাস্ত হওয়া—Be dismissed; be sacked; get the sack; be fired.
বরখেলাপ, *a.* Contrary; opposed to; inconsistent. কানুন বরখেলাপ—Against law; opposed to law; unlawful.
বরগা, *n.* Rafter; batten laid on the beams; slender beam; lease; condition of leasing a plot of land.
বরগাদার—Same as বর্গাদার।
বরজ, *n.* Plantation of the betel plant.
বরজী, *n.* Betel-planter.
বরঞ্চ—See বরং।
বরণ, *n.* Choosing; selecting; election; ceremony of welcoming; colour. বরণ করা—Appoint; select; welcome; wave articles of worship before a deity or bridegroom; court. কারাবরণ করা—Court imprisonment.
বরণডালা, *n.* Flat basket containing various articles for a ceremony of welcome.
বরণীয়, *a.* Eligible; fit to be chosen.
বরতনু, বরবপু, *n.* Handsome figure.
বরতরফ, *a.* Dismissed from an office; sacked. বরতরফ করা—Dismiss.
বরদ, বরপ্রদ, *a.* Granting a request or desire; giving boons or blessings; propitious.
বরদা, *a. fem.* Same as বরদ।
বরদাতা, *n.* Conferer of a boon; benefactor; patron:—*a.* conferring a boon.
বরদান, *n.* Conferring a boon. বরদান করা—Grant a boon.
বরদার, *n.* Holder; bearer (আসাবরদার—mace-bearer).
বরদাস্ত, *n.* Endurance; tolerance; bearing:—*a.* endurable; tolerable; tolerated; endured. বরদাস্ত করা—Endure; stand; tolerate; put up with. বরদাস্ত হওয়া—Be able to bear or put up with; tolerate.
বরধাতু, *n.* Noble metal.
বরপক্ষ, *n.* Bridegroom's party.
বরপণ, *n.* Money dowry.
বরপাত্র, *n.* Bridegroom.
বরপুত্র, *n.* Favourite son; blessed son; minion.
বরপ্রদ—See বরদ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বরপ্রদা, *a. fem.* Same as বরদ।
বরফ, *n.* Ice.
বরফট্টাই, *n.* Bragging; vaunting; boasting.
বরফ-জল, *n.* Ice-water.
বরফতুল্য, *a.* Icy.
বরফি, বর্ফি, *n.* A kind of sweetmeat.
বরবটি, *n.* A kind of kidney bean.
বরবপু—See বরতনু।
বরবর্ণিনী, *n.* Fair-complexioned woman; excellent woman.
বরবাদ, *a.* Ruined. বরবাদ হওয়া—Go to ruin.
বরমাল্য, *n.* Wreath of flowers for a bridegroom; best garland.
বরযাত্র—Same as বরযাত্রী।
বরযাত্রা, *n.* Bridegroom's journey to the bride's house for marriage.
বরযাত্রী, *n.* Bridegroom's party or attendants; bridesman; best man.
বরয়িতা, *a.* Selecting; appointing; receiving; choosing the representation:—*n.* husband. *fem.*=বরয়িত্রী।
বরলব্ধ, *a.* Received as a boon.
বরষণ, *n.* Raining; showering.
বরষা, *n.* Raining; rains:—*v.* rain; shower.
বরসজ্জা, *n.* Wedding garments of the bridegroom.
বরা—Same as বরাহ।
বরাঙ্গ, *n.* Head.
বরাঙ্গনা, *n.* Beautiful lady; excellent woman.
বরাঙ্গিনী, *a. fem.* Same as বরাঙ্গী।
বরাঙ্গী, *a.* Well-formed.
বরাত, *n.* Luck; fortune; commission; warrant; assignment; necessity. বরাত দেওয়া—Commission; assign. বরাতের জোরে—Through good luck. বরাতের দোষে—Through ill-luck; as ill-luck would have it.
বরাতগুণে, *ad.* By virtue of good luck.
বরাত-চিঠি, *n.* Letter of assignment or reference.
বরাতি, *n.* Bridegroom's party or attendants.
বরাতী, *a.* Relating to a commission or warrant; entrusted; commissioned. বরাতী চিঠি—Letter of reference or assignment.
বরাদ্দ, *a.* Estimated; allotted:—*n.* allowance; allotted share; estimate; budget. আমার প্রত্যহ এক টাকা বরাদ্দ হইয়াছে—A daily allowance of one rupee has been allotted to me. বরাদ্দ করা—Estimate; allot; ration.
বরানুগমন, *n.* Accompanying the bridegroom in wedding procession; following the bridegroom as one of his attendants.
বরাবর, *ad.* All along; always; up to; exactly; straight along:—*a.* equal; exact; accurate.
বরাবরেষু, *ind.* To; addressed to.
বরাভয়, *n.* Boon and assurance of safety; impunity.
বরাভয়দাতা, *a.* Granting a boon and saving from danger:—*n.* grantor of a boon and saviour from danger.
বরাভয়দাত্রী, *a. fem.* Same as বরাভয়দাতা।
বরাভরণ, *n.* Gifts of clothes and jewels to a bridegroom.
বরারোহা, *n.* Lovely woman; woman with beautiful hips.
বরাসন, *n.* Seat for the bridegroom during marriage ceremony; best seat; highest seat.
বরাহ, *n.* Boar; hog.
বরাহী, *n. fem.* Sow.
বরিষ, বরিষা, *n.* Rainy season; rains.
বরিষণ, *n.* Raining; showering.
বরিষ্ঠ, *a. sup.* Best; largest; greatest; senior. বরিষ্ঠ পরিষেবিকা—Staff Nurse. বরিষ্ঠ বনরক্ষক—Senior Forest Ranger. বরিষ্ঠ শিল্প-উপাধ্যায়—Senior Lecturer in Technology.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বরীয়সী, *a. fem.* Same as বরীয়ান্।
বরীয়ান্, *a.* Better; greater; larger; senior.
বরেণ্য, *a.* Chief; pre-eminent; principal; excellent; eligible.
বর্কর, *n.* Goat; lamb; wolf.
বর্গ, *n.* Square; class; series; row; order; section; category; one of the four objects of human pursuits; one of the five classes of consonants.
বর্গক্ষেত্র, *n.* Square field; square.
বর্গঘন, *n.* Square of a cube.
বর্গফল, *n.* Square.
বর্গমূল, *n.* Square root. বর্গমূল নির্ণয় করা, বর্গমূল নিষ্কর্ষণ করা, বর্গমূল বাহির করা—Extract or find out a square root.
বর্গা, *n.* Lease; condition of leasing a plot of land.
বর্গাদার, *n. Burgadar;* one tilling a piece of land on *burga* system.
বর্গী, *n. Marhatta* horseman. বর্গীর হাঙ্গামা—Inroads of the *Marhattas.*
বর্গীয়, বর্গ্য, *a.* Relating to the same class. বর্গীয় বর্ণ—Letters of five series from 'ক' to 'ম'।
বর্জক, *a.* Leaving; quitting; abandoning.
বর্জন, *n.* Abandonment; giving up; renunciation; quitting; leaving out; exclusion; omission. বর্জন করা—Give up; leave out.
বর্জনীয়, বর্জ্য, *a.* To be rejected; to be abandoned.
বর্জাইস, *n.* Bourgeois; printing type measuring 8 points.
বর্জিত, *a.* Abandoned; deserted; rejected; omitted; left out; excepted; devoid of.
বর্ণ, *n.* Colour; hue; tint; complexion; letter; tribe; caste; class.
বর্ণক্রম, *n.* Alphabetical arrangement or order; order of caste or tribe.
বর্ণগত, *a.* Of class or caste or colour.
বর্ণগ্রাহ, *n.* Colouration.
বর্ণচোরা, *a.* Of a false or deceptive colour; disguised. বর্ণচোরা আম—Mango internally ripe but appearing green; deceptive person; sham.
বর্ণজ্ঞান, *n.* Literacy; knowledge of the letters or alphabet.
বর্ণজ্ঞানরহিত, বর্ণজ্ঞানশূন্য, বর্ণজ্ঞানহীন, *a.* Illiterate; ignorant of A. B. C.
বর্ণজ্যেষ্ঠ, *n.* Brahmin.
বর্ণদৃক্, *n.* Chromoscope.
বর্ণধর্ম, *n.* Duties of a particular caste.
বর্ণন, বর্ণনা, *n.* Description; representation; narration; encomium. বর্ণনা করা—Describe; narrate; relate. বর্ণনা দেওয়া—Give an account (of).
বর্ণনাতীত, *a.* Beyond description; indescribable. বর্ণনাতীত হওয়া—Be indescribable.
বর্ণনাপত্র, *n.* Written statement; representation.
বর্ণনীয়, *a.* To be related, narrated or described.
বর্ণবিপর্যয়, *n.* Wrong spelling; mutation of letters (as, পিচাশ from পিশাচ).
বর্ণবিশ্লেষণ, *n.* Analysis or separation of the letters of a word. বর্ণবিশ্লেষণ করা—Analyse or separate the letters of a word.
বর্ণমণ্ডল, *n.* Chromosphere.
বর্ণমাত্র, *n.* Chroma.
বর্ণমালা, *n.* Alphabet.
বর্ণমালাক্রমে, *ad.* In alphabetical order.
বর্ণমিশ্রক, *n.* Colour mixture.
বর্ণরাগ, *n.* Colour tone.
বর্ণলিপি, *n.* Alphabet.
বর্ণ-শিখর, *n.* Colour pyramid.
বর্ণশ্রেষ্ঠ, *a.* Chief among the castes:—*n.* Brahmin.
বর্ণসংকর, বর্ণসঙ্কর, *a.* Cross-bred; hybrid; mongrel:—*n.* mixed tribe or caste.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বর্ণসাম্য, *n.* Equality in caste; similarity of colour.
বর্ণহীন, *a.* Colourless.
বর্ণানুক্রম, *n.* Alphabetical order.
বর্ণানুক্রমিক, *a.* Arranged in an alphabetical order.
বর্ণানুক্রমে, *ad.* According to alphabetical order.
বর্ণান্ধ, *a.* Colour-blind.
বর্ণান্ধতা, *n.* Colour-blindness.
বর্ণাপেরণ, *n.* Chromatic aberration.
বর্ণালী, বর্ণালি, *n.* Spectrum.
বর্ণালীগত—See বর্ণালী-বিষয়ক।
বর্ণালী-বিশ্লেষণ, *n.* Spectrum analysis.
বর্ণালী-বিষয়ক, বর্ণালীগত, *a.* Spectroscopic.
বর্ণালী-বীক্ষণ, *n.* Spectroscope.
বর্ণালী-মাপক, *n.* Spectrometer.
বর্ণালী-লিখ, *n.* Spectrograph.
বর্ণালী-লিখন, *n.* Spectrography.
বর্ণালী-লেখী, *a.* Spectrographic.
বর্ণাশুদ্ধি, *n.* Spelling mistake; wrong spelling; misspelling.
বর্ণাশ্রম, *n.* Caste and social order of a person.
বর্ণাশ্রমধর্ম, *n.* Duties of a caste or social order.
বর্ণিক, *n.* Chronicler; writer; painter.
বর্ণিকা, *n.* Chalk; pen; pencil; brush.
বর্ণিত, *a.* Narrated; described; explained; painted.
বর্ণীয়, *a.* Chromatic.
বর্তন, *n.* Existence; livelihood; profession; occupation; salary; utensil.
বর্তনপথ, *n.* Race-course.
বর্তনাভাব, *n.* Absence of means of subsistence; unemployment; destitution.
বর্তনী, *n.* Circuit. খণ্ডিত বর্তনী—Open circuit. সংহত বর্তনী—Closed circuit.
বর্তনী-রোধক, *n.* Circuit breaker.
বর্তনী-প্রবাহ, *n.* Circuit current.
বর্তমান, *a.* Present; existing; being; living; actually taking place:—*n.* present. বর্তমান কাল—Present time; present tense. বর্তমান থাকা—Be present. বর্তমান মূল্য—Present price.
বর্তমানকালীন, *a.* Present-day.
বর্তমানতা, বর্তমানত্ব, *n.* Presence; existence.
বর্তমানে, *ad.* At present; when one is present or alive.
বর্তা, বর্তানো, *v.* Live; have one's end or desire; devolve on (as a property).
বর্তি, বর্তী, বর্তিক, বর্তিকা, *n.* Wick (of a lamp); lamp; candle; brush.
বর্তিত, *a.* Accomplished; completed; done; finished; brought about; devolved on.
বর্তিষ্ণু, *a.* Existing; lasting; durable; stable.
বর্তী—See বর্তি।
বর্তুল, *n.* Sphere; globe; circle; ball; bullet; pellet:—*a.* spherical; circular; round; globular.
বর্তুলাকার, বর্তুলাকৃতি, *a.* Circular; round; spherical.
বর্ত্ম, *n.* Road; path; way; usage; practice; custom.
বর্ধক, *n.* Increasing; enhancing; growing; augmenting.
বর্ধন, *n.* Growing; increasing; augmentation; increase; growth; development:—*a.* growing; increasing; augmenting; causing to grow or increase.
বর্ধনক্ষম, *a.* Augmentative.
বর্ধনশীল, *a.* Increasing; growing; augmenting.
বর্ধনাঙ্ক, *n.* Power (of a lens).
বর্ধমান, *a.* Growing; thriving; flourishing; increasing; improving.
বর্ধিত, *a.* Increased; enhanced; ampli-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

fied; augmented; expanded; grown; produced; thriven. বর্ধিত করা—Increase; enhance; augment; grow.

বর্ধিষ্ণু, *a.* Growing; improving; thriving; flourishing; disposed to increase; prosperous. বর্ধিষ্ণু পরিবার—Growing or thriving family.

বর্ণানো, *v.* Describe; narrate.

বর্বর, *a.* Barbarous; savage; stupid; boorish; ignorant:—*n.* barbarian; man of a low class; boor; stupid or ignorant man; fool.

বর্বরতা, *n.* Barbarity; inhuman behaviour; baseness; rudeness; incivility; stupidity.

বর্ম, *n.* Armour; coat of mail.

বর্মিত, *a.* Armoured; armed.

বর্মী, *a.* Mailed; accoutred; living in Burma; Burmese:—*n.* inhabitant of Burma; Burmese.

বর্শা, *n.* Spear; lance; harpoon; javelin. [spear.

বর্শাদণ্ড, *n.* Pikestaff; shaft of a

বর্শাফলক, *n.* Spearhead.

বর্শাবিদ্ধ, *a.* Pierced with a spear.

বর্ষ, *n.* Year; raining; rain; division of the world. বর্ষে বর্ষে—Every year.

বর্ষজীবী, *a.* Annual; living for a year.

বর্ষণ, *n.* Raining; rain; shower; sprinkling. বর্ষণ করা—Shower; pour forth. গালি বর্ষণ করা—Pour forth a volley of abusive language; shower abuses.

বর্ষণবিধৌত, *a.* Washed by rains.

বর্ষণশীল, *a.* Raining; showering.

বর্ষণস্নাত, *a.* Bathed or drenched in rains.

বর্ষণোন্মুখ, *a.* About to rain. বর্ষণোন্মুখ মেঘ—Threatening cloud; cloud charged with rain.

বর্ষপ্রবেশ, *n.* New-year's day; annual reading of one's nativity.

বর্ষবলয়, *n.* Annual ring.

বর্ষমান, *n.* Rain-gauge.

বর্ষা, *n.* Rainy season; monsoon; shower.

বর্ষাকাল, *n.* Rainy season.

বর্ষাগম, *n.* Advent of the rains.

বর্ষাতি, *n.* Water-proof; rain-coat.

বর্ষাতী, *a.* Growing in the rainy season (বর্ষাতী মূলা); meeting the needs of the rainy season.

বর্ষাত্যয়, বর্ষাবসান, *n.* End of the rains; termination of the rainy season; autumn.

বর্ষাধৌত, *a.* Washed by rain.

বর্ষানো, *v.* Rain.

বর্ষাবসান—See বর্ষাত্যয়।

বর্ষাবিধৌত, *a.* Completely washed by rain.

বর্ষাস্নাত, *a.* Bathed or drenched in rains.

বর্ষিত, *a.* Showered.

বর্ষিষ্ঠ, বর্ষীয়ান্, *a.* Very old; aged; eldest. [বর্ষিষ্ঠ।

বর্ষিষ্ঠা, বর্ষীয়সী, *a. fem.* Same as

বর্ষী, *a.* Raining; sprinkling; showering; emitting.

বর্ষীয়, *a.* Aged; of the age. দ্বাদশ বর্ষীয়—Aged twelve years; twelve years old.

বর্ষীয়সী—See বর্ষিষ্ঠা।

বর্ষীয়া, *a. fem.* Same as বর্ষীয়।

বর্ষীয়ান্—See বর্ষিষ্ঠ।

বর্ষোপল, *n.* Hail-stone.

বল, *n.* Strength; power; might; force; vigour; energy; army; forces; ball; chessman; chief support. বল করা—Exert force; put pressure; bowl. বল খেলা—Play football. বল দেওয়া—Bowl; strengthen. বল মারা—Hit a ball. (কোনও কিছুর) বলে—On the strength of; by dint of; by virtue of.

বলক, *n.* Boiling (as of milk) over. এক বলকের দুধ—Milk boiled but

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

once. বলক তোলা—Cause to boil over.

বলকর, বলকারক, *a.* Giving strength; invigorating; strengthening; tonic; stimulant. বলকারক ঔষধ—Tonic medicine.

বলক্ষয়, *n.* Decay of strength; growing weakness; loss of troops.

বলক্ষয়কর, *a.* Weakening; causing loss of soldiers.

বল-খেলা, *n.* Game of football. বল-খেলার মাঠ—Football field.

বলগর্ব—Same as বলদর্প।

বলগর্বিত—Same as বলদৃপ্ত।

বলতুল্যাঙ্ক, *n.* Mechanical equivalent of heat.

বল-ত্রিভুজ, *n.* Triangle of forces.

বলদ, *n.* Ox; bull:—*a.* strengthening; invigorating.

বলদর্প, *n.* Pride in one's strength.

বলদর্পিত, বলদর্পী, *a.* Proud of one's strength; haughty.

বলদিয়া, বলদে, *n.* Ox-driver.

বলদৃপ্ত, *a.* Conceited or inflated with power; proud of power.

বলন, *n.* Speaking; excess; increase; nutation; portion over-lapping a fold.

বলনাচ, *n.* Ball dance. বলনাচ করা—Take part in a ball.

বলপূর্বক, *ad.* By force; *perforce.*

বলপ্রয়োগ, *n.* Use of force; exercise of brute force; coercion. বলপ্রয়োগ করা—Apply force; force.

বলপ্রয়োগে, *ad.* By violence; by force.

বলবৎ, *a.* Firm; strong; prevalent; valid:—*ind.* in force. বলবৎ করা—Enforce; put into effect; make valid.

বলবৎকরণ, *n.* Enforcement.

বলবত্তর, *a.* More powerful.

বলবত্তা, *n.* Strength; possession of strength; firmness; validity.

বলবন্ত—Same as বলবান্।

বলবর্ধন, *n.* Increasing of strength; consolidation.

বলবান্, *a.* Strong; vigorous; stout; mighty; powerful; forcible.

বলবিদ্যা, *n.* Mechanics.

বলবিন্যাস, *n.* Array of troops.

বলবেয়ারিং, *n.* Ball-bearing.

বলয়, *n.* Bangle; bracelet; ring; enclosure; belt; annulus.

বলয়গ্রাস, *n.* Annular eclipse.

বলয়াকার, বলয়াঙ্কিত, *a.* Annular.

বলয়িত, *a.* Enclosed; surrounded.

বলয়িতা, *a. fem.* Same as বলয়িত।

বলয়ী, *a.* Annulated (roots).

বলরেখা, *n.* Lines of force.

বলশালিতা, *n.* Powerfulness; possession of strength.

বলশালী, *a.* Strong; powerful.

বলশূন্য—Same as বলহীন।

বলশেভিক, *n.* & *a.* Bolshevic.

বলশ্রেণি, *n.* System of forces.

বলসামান্তরিক, *n.* Parallelogram of forces. [forces.

বলসাম্য, বলস্থিতি, *n.* Equilibrium of

বলহীন, *a.* Powerless; weak; infirm.

বলা, *v.* Say; speak; tell; inform; mention; request; express; narrate; call. বল কি?—What do you say? You surprise me. বলা নেই কহা নেই—Without any information whatever; offhand; unceremoniously. বলা বাহুল্য—Needless to say. বলা যায় না—There's no saying. বলা সহজ, করা কঠিন—Easier said than done. বলিতে কি—To tell the truth; in fact. বলিতে গেলে—So to speak; as it were. বলিয়া কহিয়া—With previous information; openly. বলিয়া দেওয়া—Complain; inform; instruct (of lesson); divulge; disclose; help. বলিয়া পাঠানো—Send word. বলিয়া ফেলা—Reveal; disclose. বলিয়া রাখা—Tell beforehand. সে আমাকে কুকুর বলিয়াছিল—He called me a dog.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বলাক, *n.* Crane.

বলা-কহা, বলা-কওয়া, *n.* Conversation; verbal arrangement; reasoning.

বলাকা, *n.* Female crane.

বলাৎকার, *n.* Rape; outrage; assault; ravishment. বলাৎকার করা—Rape; ravish.

বলাৎকৃতা, *a. fem.* Raped; ravished; molested; assaulted.

বলাধান, *n.* Invigoration; restoration of strength:—*a.* restorative of strength. বলাধান করা—Strengthen; infuse power or force; invigorate.

বলাধিক্য, *n.* Great strength; excess of strength.

বলাধ্যক্ষ, *n.* General; commander-in-chief; leader of an army.

বলানো, *v.* Cause to speak or say.

বলান্বিত, *a.* Powerful; strong; having an army.

বলাবল, *n.* Strength and weakness; degree of strength or power.

বলাবলি, *n.* Mutual talking; whispering; rumour; interchange of talks; exchange of words. বলাবলি করা—Talk to one another.

বলাহক, *n.* Cloud.

বলি, *n.* Offering; victim; sacrifice; tax; present; wrinkle; fold; line of unguent on the person; elongated portion of the piles. বলি দেওয়া—Sacrifice.

বলিত, *a.* Folded; wrinkled; shrivelled; constrained; surrounded.

বলিদান, *n.* Sacrifice; presenting of a victim; making of an oblation. বলিদান দেওয়া—Sacrifice; immolate.

বলিভুক, *n.* Crow; pigeon; sparrow.

বলিয়া, ব'লে, *ind.* On the ground of; on the plea of; as; because:—*v.* saying; speaking. এলাম ব'লে—I am just coming. সে গেল ব'লে—He is about to start.

বলিযুক্ত, *a.* Furrowed.

বলিয়ে, বলিয়ে-কহিয়ে, *a.* Eloquent; fluent; glib.

বলিষ্ঠ, বলীয়ান্, *a.* Very strong or powerful; strongest.

বলিষ্ঠকায়, বলিষ্ঠদেহ, *a.* Robust; strong-bodied; well-built.

বলিষ্ঠা, বলীয়সী, *a. fem.* Same as বলিষ্ঠ।

বলিহারি, *ind.* Bravo:—*a.* excellent; topping; stunning; marvellous; beyond description. বলিহারি! বলিহারি যাই—Bravo! I cannot describe; it is indescribable.

বলী, *a.* Strong; powerful; mighty.

বলীবর্দ, *n.* Bull; ox; bullock.

বলীয়সী—See বলিষ্ঠা।

বলীয়ান্—See বলিষ্ঠ।

বল্কল, *n.* Bark (of a tree).

বল্কলধারী, *a.* Wearing bark (of a tree). *fem.*=বল্কলধারিণী।

বল্কলবসন, *n.* Garment of bark:—*a.* clad in bark.

বল্কা, *a.* Lukewarm; boiled only once (একবল্কা—boiled only once).

বল্‌গা, *n.* Rein; bit of a bridle. বল্‌গা আঁটা—Bit.

বল্‌গা-হরিণ, *n.* Reindeer.

বল্মীক, বল্মিক, *n.* Ant-hill; molehill.

বল্লকী, *n.* Flute.

বল্লভ, *n.* Husband; lover; beloved; dear.

বল্লম, *n.* Spear; lance; dart; harpoon.

বল্লরী, বল্লরি, *n.* Creeper; creeping plant; compound pedicle.

বল্লালী, *a.* Relating to *Ballal Sen.*

বল্লী, বল্লি, *n.* Creeper; twiner.

বশ, *n.* Control; subjugation; power; authority:—*a.* subjected; subdued; charmed; submissive; humble; obedient. বশ করা—Control; win over. বশ হওয়া—Be brought under control; be won over. বশে আনা—Subjugate; bring under control.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বশংগত, বশঙ্গত, *a.* Submissive; obedient; brought under control.

বশংবদ, *a.* Submissive; obedient.

বশঙ্গত—See বশংগত।

বশতঃ, *ind.* On account of; under the control of; owing to; by reason of; under the influence of; for.

বশতা, *n.* Submissiveness; obedience; subjection.

বশতাপন্ন, *a.* Submissive; in subjection; subjected; obedient.

বশবর্তিতা, *n.* Subservience; submission; subjection.

বশবর্তিনী, *a. fem.* Same as বশবর্তী।

বশবর্তী, *a.* Lying under one's control; obsequious; submissive; obedient.

বশানুগ—Same as বশংবদ।

বশিতা, বশিত্ব, *n.* Controlling power; power of fascination; power to charm; submissiveness; self-restraint; independence.

বশী, *a.* Self-restrained; subduing one's passions or desires; continent; independent.

বশীকরণ, *n.* Bringing into subjection; influencing others by drugs; drugging; incantations; charms. বশীকরণ করা—Bring into subjection; influence others by drugs; charm.

বশীকৃত, *a.* Brought into subjection; controlled; subdued; rendered obedient.

বশীভূত, *a.* Brought under control; subdued; loyal; faithful; submissive; docile; obedient. বশীভূত করা—Subdue; bring under control.

বশ্য, *a.* Submissive; obedient; tame; humble; to be brought under control.

বশ্যতা, *n.* Submissiveness; subjection; obedience. বশ্যতা স্বীকার করা—Submit; yield; give in; surrender.

বস্, বাস্, *ind.* Enough; no more; that's all.

বসত, *n.* Dwelling; habitation.

বসতবাটী, *n.* Dwelling-house; homestead.

বসতি, *n.* House; dwelling; permanent residence; habitation; habitat. বসতি করা—Dwell; live permanently. বসতি স্থাপন করা—Dwell; colonize; settle.

বসন, *n.* Cloth; clothes; garment; dress; dwelling in a place; settling.

বসনাঞ্চল, *n.* Hem; skirt.

বসন্ত, *n.* Spring; small pox.

বসন্তকাল, *n.* Spring season.

বসন্তকালীন, *a.* Vernal; belonging to spring; of spring.

বসন্তদূত, *n.* Cuckoo; the messenger of spring. [breeze.

বসন্তবায়ু, *n.* South wind; vernal

বসন্তসখা, *n. Madana.*

বসন্তোৎসব, *n.* Spring festival (held on the full-moon day of *Falgun* or *Chaitra*); *holi* festival.

বসবাস, *n.* Residence; permanent habitation. বসবাস করা—Reside; live or settle permanently.

বসা, *v.* Sit; sit down; be installed; be founded; commence (স্কুল বসা); pierce; be imprinted (দাগ বসা); be attracted; look haggard; become hoarse (স্বর বসা); settle down; sink; subside; congeal; curdle; thicken; fit; set; settle:—*a.* sunk; frozen; hoarsened; sunken; flat (nose); snub; depressed:—*n.* fat; marrow of the flesh. বসিয়া থাকা—Sit idle; be unemployed. বসিয়া পড়া—Sit down; be cast down; collapse; be depressed or dejected. বসিয়া বসিয়া—Idly; by waiting for a long time; in an unemployed state.

বসানো, *v.* Set; cause to sit or sit down; compress; beat down

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(earth); colonize; set in (stones); drive (a nail); precipitate; people (a place); cause to coagulate; lay across (beams); put in (door-frames):—*a.* established; set; jointed; exactly identical or similar. একেবারে তার মুখ বসানো—Have the very face of him; be the very image or picture of him.

বসু, *n.* Wealth; riches; gem; jewel; gold.

বসুধা, বসুন্ধরা, বসুমতী, *n.* Earth.

বস্তা, *n.* Bag; sack; package; bundle; parcel; bale.

বস্তাপচা, *a.* Damaged in the bale.

বস্তাবন্দী, *a.* Packed in a sack or bale.

বস্তি, বস্তী, *n.* Slum; barrack; tenement house; habitation; pelvis; abdomen; bladder.

বস্তু, *n.* Thing; article; matter; materials; substance; products; mass; object; subject-matter; theme; truth; reality.

বস্তুগত, *a.* Intrinsic; inherent. বস্তুগত মান—Intrinsic value.

বস্তুজগৎ, *n.* Material world.

বস্তুতঃ, *ad.* Indeed; really; in fact.

বস্তুতত্ত্ব, *n.* Physics; ontology.

বস্তুতত্ত্ববিৎ, *n.* Physicist.

বস্তুতন্ত্র, *n.* Realism.

বস্তুতন্ত্রবাদ, বস্তুতান্ত্রিকতা, *n.* Realism; materialism; naturalism.

বস্তুতন্ত্রী, বস্তুতান্ত্রিক, *n.* Realist; materialist:—*a.* realistic.

বস্তুতন্ত্রীয়, *a.* Realistic.

বস্ত্র, *n.* Cloth; garment; apparel. বস্ত্র পরিধান করা—Put on clothes.

বস্ত্রগৃহ, *n.* Tent.

বস্ত্রগ্রন্থি, *n.* Knot of the garment.

বস্ত্রহরণ, *n.* Stealing of clothes; denudation.

বস্ত্রহীন, *a.* Nude; uncovered; unclad; without clothes; stripped of dress.

বস্ত্রাঞ্চল, *n.* Hem of a garment.

বস্ত্রাবাস, *n.* Tent.

বস্ত্রালংকার, বস্ত্রালঙ্কার, *n.* Clothes and ornaments.

বস্ত্রালয়, *n.* Cloth shop.

বহ, *n.* Conveyance; road:—*a.* bearing or conveying (বার্তাবহ—bearing or conveying news).

বহন, *n.* Bearing; carrying; blowing; flowing. বহন করা—Carry; bear.

বহনযোগ্য—Same as বহনীয়।

বহনিখরচ, বউনিখরচ, *n.* Carriage.

বহনীয়, *a.* Portable; fit to be borne.

বহমান, বহন্ত, *a.* Running; blowing; flowing; current; carrying.

বহর, *n.* Width; breadth; fleet of boats; fleet; navy; show; magnificence.

বহা, *v.* Carry; bear; convey; sustain; hold; row; steer; blow; flow (জল বহে—water flows). বহিয়া (বা বয়ে) গেল—It matters little. বহিয়া যাওয়া—Flow; blow; go to the dogs; pass off; wear away.

বহানো, *v.* Cause to carry, flow or blow.

বহাল—Same as বাহাল। বহাল তবিয়তে—In sound health.

বহি, বই, *n.* Book; register.

বহিঃকর্ণ, *n.* Auricle; external ear.

বহিঃকেন্দ্র, *n.* Ex-centre.

বহিঃকোণ, *n.* Exterior angle.

বহিঃক্ষরিত, *a.* Secretory.

বহিঃপ্রকোষ্ঠ, *n.* Outside room.

বহিঃপ্রকোষ্ঠাস্থি, *n.* Outer bone of the forearm.

বহিঃপ্রক্ষেপ, *n.* (Statistics) Extrapolation.

বহিঃশুল্ক, *n.* Customs; customs duty.

বহিঃশুল্ক-সমাহর্তা, *n.* Collector of Customs.

বহিঃসমুদ্র, *n.* High sea.

বহিঃস্তর, *n.* Cortex.

বহিঃস্তরীয়, *a.* Cortical.

Dr. Urmila Sharma Collection, Jammu. Digitized by eGangotri

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বহিঃস্থ, বহিস্থ, *a.* Lying without; external; externally situated.
বহিত্র, *n.* Boat.
বহিন, *n.* Sister.
বহিরঙ্গ, *n.* External limb; stranger; enemy:—*a.* outer; accidental; strange; not intimate or related or *bonafide*.
বহিরাগত, *a.* Projecting; jutting out; coming out.
বহিরাগমন, *n.* Coming or going out; emerging.
বহিরাবরণ, *n.* External covering; outer coating.
বহিরিন্দ্রিয়, *n.* Outward organ; external sense; organs of action.
বহির্গত, *a.* Gone out. বহির্গত হওয়া—Come out; issue; go out of doors.
বহির্গমন, *n.* Going out or issuing forth. বহির্গমন করা—Go out; issue forth.
বহির্গামী, *a.* Going out; issuing forth.
বহির্জগৎ, *n.* Outer world; material world.
বহির্জনিক, *a.* Exogenous.
বহির্দেশ, *n.* External region; outer ground; outskirts of a village.
বহির্দ্বার, *n.* Outer gate or door.
বহির্দ্বিখণ্ডক, *n.* External bisector.
বহির্বস্তু, *n.* Foreign bodies.
বহির্বাটী, *n.* Outer apartment; outhouse.
বহির্বাণিজ্য, *n.* Export trade; external or foreign trade.
বহির্বাস, *n.* Outer garment.
বহির্বৃত্ত, *n.* Ex-circle.
বহির্ভাগ—Same as বহির্দেশ।
বহির্ভূত, *a.* Lying beyond (ক্ষমতার বহির্ভূত—beyond one's power or capacity).; external. বহির্ভূত করা—Exclude; keep out; expel. বহির্ভূত হওয়া—Go out; be excluded; issue.
বহির্মুখ, *a.* With the face turned outwards; averted; efferent; averse to; extrose (anther):—*n.* extrovert. বহির্মুখ নার্ভ—Efferent nerve.
বহির্মুখতা, *n.* Extroversion; wordly-mindedness.
বহির্লিখিত, *a.* Escribed. বহির্লিখিত বৃত্ত—Escribed circle.
বহিশ্চর্ম, *n.* Epidermis.
বহিষ্করণ, বহিষ্কার, *n.* Driving out; expulsion; removal; repulsion; rejection; exclusion.
বহিষ্কৃত, *a.* Driven out or away; expelled; removed. বহিষ্কৃত করা—Expel; drive out. বহিষ্কৃত হওয়া—Be turned out or expelled.
বহিষ্ক্রান্ত, *a.* Gone out; issued.
বহিস্ত্বক, *n.* Epidermis.
বহিস্থ—See বহিঃস্থ।
বহু, *a.* Many; much; of large number; abundant.
বহুকাল, *n.* Long time. বহুকাল ধরিয়া—For a long time. বহুকাল পরে—After a long time. বহুকাল পূর্বে—Long ago.
বহুকালব্যাপী, *a.* Long lasting; very old.
বহুকেলে, *a.* Ancient; very old.
বহুকেশর, *a.* Polyandrous.
বহুকোষ্ঠ, *a.* Multilocular.
বহুক্ষণ, *n.* Long while.
বহুগর্ভপত্রী, *a.* Polycarpellary.
বহুগুচ্ছ, *a.* Polyadelphous.
বহুগুণ, *a.* Manifold; many times:—*n.* many good qualities.
বহুজ্ঞ, *a.* Vastly learned; versatile; well-informed; experienced.
বহুত, *a.* Much; many বহুত আচ্ছা—Very good; very well; well done.
বহুতর, *a.* Numerous; various; sundry; abundant; more; many.
বহুতলক, *n.* Polyhedron.
বহুতা, বহুত্ব, *n.* Abundance; diversity.
বহুত্র, *ind.* In many places or ways.
বহুদর্শিতা, বহুদর্শিত্ব, *n.* Vast experience; far-sightedness.

Kamala Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বহুদর্শী *a.* Experienced; wise; prudent; far-seeing. *fem.*=বহুদর্শিনী।
বহুদূর, *n.* Great distance:—*a.* very far or distant.
বহুদূরবর্তী, *a.* Very remote.
বহুদূরে, *ad.* At a great distance; very remote; far off.
বহুধা, *ad.* In many ways; in various ways; diversely.
বহুপতিত্ব, *n.* Polyandry.
বহুপত্নীক, *a.* Having many wives; polygamous.
বহুপদ, *a.* Polynominal; polypod. বহুপদ প্রাণী—Polypod.
বহুপার্শ্বীয়, *a.* Multilateral; multiparous.
বহুপ্রসবিনী, *a. fem.* Giving birth to many children.
বহুপ্রান্তীয়, *a.* Parietal.
বহুফলকপত্র, *n.* Compound leaf.
বহুবচন, *n.* Plural number.
বহুবর্ষজীবী, *a.* Perennial; living for many years.
বহুবার, *ad.* Many times; repeatedly.
বহুবিধ, *a.* Manifold; various; of several kinds.
বহুবিবাহ, *n.* Polygamy.
বহুবিবাহকারী, *n.* Polygamist:—*a.* polygamous. *fem.*=বহুবিবাহকারিণী।
বহুবিবাহঘটিত, বহুবিবাহ-সংক্রান্ত, *a.* Polygamous.
বহুবিস্তীর্ণ, *a.* Widely spread; far extensive.
বহুবীজপত্রী, *a.* Polycotyledon.
বহুব্যয়, *n.* Great expense; high cost.
বহুব্যয়সাধ্য, *a.* Very costly.
বহুব্যয়ে, *ad.* At a great cost.
বহুব্রীহি, *n.* Attributive compound.
বহুভর্তৃক, *a.* Having many husbands.
বহুভাগ, *a.* Very fortunate.
বহুভাগ্য, *n.* Run of good-luck:—*a.* very lucky or fortunate.
বহুভাগ্যে, *ad.* Most luckily or fortunately.
বহুভাষাবিদ, *a.* Speaking many languages:—*n.* polyglot.
বহুভাষিতা, বহুভাষিত্ব, *n.* Garrulity; talkativeness; fluency.
বহুভাষী, *a.* Garrulous; talkative:—*n.* polygot. বহুভাষী ব্যক্তি—Polygot; talkative person.
বহুভুক্, *a.* Eating much; voracious.
বহুভুজ, *a.* Many-handed; many-sided:—*n.* many hands; many arms; many sides; polygon.
বহুভুজক্ষেত্র, *n.* Multilateral figure; polygon.
বহুভ্রূণবীজতা, *n.* Polyembryony.
বহুভ্রূণবীজী, *a.* Polyembryonic.
বহুমত, *n.* Many opinions or ideas; difference of opinion:—*a.* highly esteemed; made much of; much valued.
বহুমান, *n.* Great respect; high esteem; great honour.
বহুমানপূর্বক, *ad.* Most respectfully.
বহুমুখ, *ad.* Multiplex; diverse; multifarious; versatile. বহুমুখ টেলিগ্রাফ—Multiplex telegraph.
বহুমুখী, *a. fem.* Same as বহুমুখ। বহুমুখী প্রতিভা—Versatile genius.
বহুমূত্র, *n.* Diabetes.
বহুমূত্রগত, *a.* Diabetic.
বহুমূত্রপীড়িত, *a.* Diabetic.
বহুমূর্তি, *a.* Multiform:—*n.* various forms.
বহুমূল্য, *a.* High-priced; costly; precious.
বহুযৌগিক, *a.* Decompound (leaf).
বহুরাশিক, *n.* Double Rule of Three.
বহুরূপ, *n.* Many forms; various shapes:—*a.* multiform; of various shapes.
বহুরূপতা, *n.* Polymorphism.
বহুরূপী, *n.* Chameleon; man who appears in various guises; mime:—*a.* assuming different forms.
বহুল, *a.* Much; many; abundant. বহুল পরিমাণে—In plenty.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বহুলীকরণ, *n.* Multiplying several times.
বহুলীকৃত, *a.* Multiplied; diversified.
বহুশঃ, *ad.* In great measure; many a time and oft; many times.
বহুশাখ, *a.* Having many branches.
বহুশাস্ত্রজ্ঞ, *a.* Vastly learned; erudite. বহুশাস্ত্রজ্ঞ ব্যক্তি—Polymath.
বহুশিরাল, *a.* Multicostate.
বহুশ্রুত, *a.* Vastly learned; erudite; well-versed.
বহুস্বামিক, *a.* Belonging to many persons; having more than one owner.
বহেড়া, *n.* A kind of medicinal fruit.
বহ্নি, *n.* Fire.
বহ্নিজ্বালা, *n.* Flame of fire; sensation of burning.
বহ্নিময়, *a.* Full of fire; fiery.
বহ্নিমান্, *a.* Flaming; blazing.
বহ্নিশিখা, *n.* Flame; tongue of fire.
বহ্নিসংস্কার, *n.* Cremation of a dead body.
বহ্বাড়ম্বর, *n.* Excessive pomp or eclat; great ostentation.
বহ্বারম্ভ, *n.* Grand preparation; grandiose affair; great fuss; much ado.
বা, *ind.* Either; or; possibly.
বাই, *n.* Dancing girl; mania; fad; craze; madness; hobby; obsession; enthusiasm; wind; lady (অহল্যাবাই—lady *Ahalya*). আমার মাছধরা বাই আছে—I have a craze for angling; angling is my hobby.
বাইওয়ালী, *n.* Professional dancing girl or woman; nautch.
বাইচ, বাচ, *n.* Boat-race; regatta; yacht; yachting. বাইচ খেলা—Compete in a boat-race or regatta; yacht.
বাইচখেলা—Same as বাইচ।
বাইজী, *n.* Professional female singer and dancer.
বাইন, *n.* Kiln; eel. বাইন মাছ—Eel.
বাইনাচ, *n.* Professional dancing; nautch dance.
বাইবেল, *n.* Bible.
বাইরে, *ad.* Outside; abroad.
বাইল, *n.* Palm or cocoanut leaves with stalks; leaf of a door.
বাইশ, *n.* & *a.* Twenty-two:—*ind.* term expressing *surprise* or *sorrow*.
বাইশে, বাইশা, *n.* Twenty-second day (of a month).
বাইস, *n.* Axe; adze; chisel.
বাইসিকল, *n.* Bicycle. বাইসিকল চড়া—Ride a bicycle.
বাইসিকল-আরোহী, *n.* Cyclist.
বাঈ, *n.* Dancing girl; lady.
বাউটি, *n.* Kind of ornament.
বাউণ্ডুলে, *n.* Vagabond; vagrant; loafer; tramp.
বাউনিয়া, বাউনে, *a.* Dwarfish; pygmy.
বাউরা, বাওরা, *a.* Mad; insane.
বাউল, *n.* Wandering minstrel; bard; singer of religious songs; religious enthusiast.
বাউলিনী, বাউলী, *a. fem.* Mad; lunatic; insane.
বাওয়া, *v.* Ply or steer (as a boat):—*n.* drum beaten by the left hand:—*a.* not impregnated by a male; born spontaneously. বাওয়া ডিম—Wind-egg.
বাওয়ানো, *v.* Fan; winnow; cause to row.
বাওয়ান্ন, *n.* & *a.* Fifty-two.
বাওল, *n.* Mad man; crazy fellow.
বাংলা, *n.* Bengali; Bengal; bungalow:—*a.* Bengali. বাংলা অনুবাদক—Bengali translator. বাংলা ভাষা—Bengali language. বাংলা শিক্ষক, আরক্ষা-প্রশিক্ষণ-মহাবিদ্যালয়—Bengali Instructor, Police Training College.
বাঃ, *ind.* Bravo! Surprising! Capital! বাঃ বাঃ—Very fine!

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাঁ, *a.* Left (as opp. to right).
বাঁও, *n.* Fathom :—*a.* left.
বাঁওড়, *n.* Swamp; fen; bend of the river having no current.
বাঁওন, *n.* Dwarf.
বাঁক, *n.* Turn; bending; turning or curve of a river; curvature; yoke. বাঁক ভাঙা—Straighten.
বাঁকন, *n.* Bending; being perverse.
বাঁকনল, *n.* Blowpipe; U-tube; bent tube.
বাঁকমল, *n.* Kind of bangle for the ankle.
বাঁকা, *a.* Curved; winding; bent; crooked; tortuous; awry; slant; oblique; perverse; obstinate; insincere; unfriendly; rude :—*v.* bend. বাঁকিয়া বসা (বেঁকে বসা)—Stiffen or take a stiff attitude; stick to one's point; be obstinate; make no concession; demur; maintain one's view doggedly. বাঁকিয়া বসা—Be fixed slantingly; become reluctant; retract one's previous opinion. বাঁকিয়া যাওয়া (বেঁকে যাওয়া)—Be crooked; bend; turn; warp; bow down.
বাঁকাচোরা, *a.* Curved in many places; badly bent.
বাঁকানো, *v.* Bend; make crooked or curved; twist :—*a.* bent; curved. মুখ বাঁকানো—Turn away face in disgust.
বাঁচন, *n.* Living; deliverance; escaping; escape; surplus.
বাঁচা, *v.* Live; save; survive; escape; be in excess; remain. তাহার কিছু বাঁচে না—He cannot save anything. বাঁচা গেল—It is a relief to me. (কাহারও পরে) বাঁচিয়া থাকা—Outlive a person; survive. বেঁচে বর্তে থাকা—Live long and be happy.
বাঁচাও—Same as বাঁচোয়া।
বাঁচানো, *v.* Save; help to live; preserve; bring back to life; revive; protect; rescue.
বাঁচোয়া, *n.* Safety of life; escape; rescue.
বাঁজা, বাঁঝা, *a. fem.* Barren; sterile.
বাঁট, *n.* Teat; handle (of a tool); hilt.
বাঁটন, *n.* Distribution; allotment; dividing.
বাঁটরা, *n.* Partition or division (as of landed property).
বাঁটা, *v.* Distribute; partition; pound; paste :—*a.* pounded; pasted.
বাঁটুল, *n.* Small ball.
বাঁটোয়ারা, বাটোয়ারা, *n.* Partition; division; award.
বাঁদর, *n.* Monkey; spoilt youth; precocious or wayward boy.
বাঁদরামি, *n.* Unseemly behaviour; foolish prank; flippancy; pertness.
বাঁদরী, *n.* Female monkey.
বাঁদী, *n.* Slave woman; maid-servant.
বাঁদুরে, *a.* Monkey-like; resembling a monkey.
বাঁধ, *n.* Dam; dyke; embankment; enclosure; binding. বাঁধ দেওয়া—Dam. বাঁধ বাঁধা—Build a dam.
বাঁধন, *n.* Binding. বাঁধন ছোটা—Lose patience.
বাঁধনহারা, *a.* Bondless; tieless; without any bondage; without any tie or attachment.
বাঁধনি, বাঁধুনি, *n.* Binding; composition; consistency. কথার বাঁধনি (বা বাঁধুনি)—Logical consistency; strict relevance in speech.
বাঁধ সেতু—See বন্ধসেতু।
বাঁধা, *v.* Bind; confine; close; fix; pave; compose (গান বাঁধা); form (খোঁপা বাঁধা); attune (বীণা বাঁধা); turn into (দানা বাঁধা) :—*a.* bound; tied; fixed; settled; permanent; pawned; mortgaged :—*n.* binding;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

fastening; pawn; pledge; mortgage. গান বাঁধা—Compose songs. বাঁধা দেওয়া (বা রাখা)—Mortgage; pledge; pawn. বাঁধা বুলি—Slogan; catchword; cliche. বাঁধা মাহিনা—Fixed salary. বাঁধা হার—Fixed rate.

বাঁধাই, *n.* Binding; cost of binding.

বাঁধাকপি, *n.* Cabbage.

বাঁধাছাঁদা, *n.* Packing up. বাঁধাছাঁদা করা—Pack.

বাঁধাধরা, *a.* Hard and fast.

বাঁধানো, *v.* Cause to be fastened; mount; get or have (a book) bound; get constructed; pave; inlay; plate; cause to compose; cause to attune; render into:—*a.* got bound; artificial; paved; inaid; plated; set up. বাঁধানো দাঁত—Artificial or false teeth.

বাঁধাবাঁধি, *n.* Hard and fast rule; contract; binding:—*a.* fixed; hard and fast (rule).

বাঁধিগৎ, *n.* Rigid system; stock phrase.

বাঁধুনি—See বাঁধনি।

বাঁয়া, *n.* Kettledrum played with the left hand.

বাঁয়ে, বাঁ দিকে, বাঁ পাশে, *ad.* On the left side; to one's left.

বাঁয়েন, *n.* Drum-player.

বাঁশ, *n.* Bamboo. বাঁশের বাঁশি—Pipe made of a bamboo-rod.

বাঁশগাড়ি, *n.* Implanting of a bamboo-post as a sign of possession.

বাঁশঝাড়, *n.* Cluster or clump of bamboos.

বাঁশ-বাজি, *n.* Rope-dancing.

বাঁশরি, বাঁশরী, *n.* Flute.

বাঁশি, বাঁশী, *n.* Flute; pipe. বাঁশি বাজানো—Play on a flute.

বাঁশিওয়ালা, *n.* Piper.

বাক্, *n.* Speech; word; sentence.

বাকল, বাকলা, *n.* Bark; rind; peel.

বাকী, বাকি, *a.* Remaining; overdue; unrealized:—*n.* remainder; balance; remnant; residue; arrears. বাকী খাজনা—Arrears of rent. বাকী জায়—List of unrealized rent. বাকী পড়া—Fall in arrears; be outstanding.

বাকীদার, *n.* Defaulter.

বাকী-বকেয়া, *n.* Arrears; outstanding balance.

বাক্‌চাতুরী, বাক্‌চাতুর্য, *n.* Cleverness of speech; eloquence.

বাক্‌চাপল্য, *n.* Loquacity; garrulity.

বাক্‌ছল, *n.* Equivocation; quibble; dodge; evasion; prevarication.

বাক্‌ছলী, *n.* Prevaricator.

বাক্‌জাল, *n.* Circumlocution.

বাক্‌পটু, *a.* Fluent; eloquent.

বাক্‌পটুতা, বাক্‌পটুত্ব, *n.* Eloquence; fluency; verbal jugglery.

বাক্‌পারুষ্য, *n.* Harshness of speech; abusive language; abuse; use of harsh words; defamation.

বাক্‌প্রণালী, *n.* Mode of speaking.

বাক্‌প্রপঞ্চ, *n.* Eloquence; extensive speech.

বাক্য, *n.* Sentence; speech; language; expression; saying. বাক্য দেওয়া—Give word; promise.

বাক্যখণ্ডন, *n.* Refutation.

বাক্যজ্বালা, *n.* Harsh language.

বাক্যদান, *n.* Giving word; promising. বাক্যদান করা—Give one's word.

বাক্যপ্রয়োগ, *n.* Application of speech; use of words.

বাক্যবাগীশ, বাক্যবাব, *n.* Braggart; vaunter:—*a.* fluent; eloquent; loquacious; talkative.

বাক্যবাণ, *n.* Pinching words; words as sharp as an arrow. বাক্যবাণে বিদ্ধ করা—Give one a dressing down.

বাক্যবিন্যাস, *n.* Syntax.

বাক্যবিশারদ, *a.* Eloquent; voluble; glib; fluent.

বাক্যব্যয়, *n.* Use or waste of words.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাক্যসুধা, *n.* Sweet words.
বাক্যস্ফূর্তি, *n.* Utterance of words.
বাক্যানুযোগ, *n.* Interrogation.
বাক্যার্থ, *n.* Meaning of an expression.
বাক্যালাপ, *n.* Conversation; talk. আমার সহিত তাহার বাক্যালাপ নাই—I do not talk with him; I am not on speaking terms with him. বাক্যালাপ করা—Converse; speak with.
বাক্‌রোধ, *n.* Cessation of speech; loss of voice. বাক্‌রোধ হওয়া—Be choked; stifle.
বাক্‌শক্তি, *n.* Power of speech; faculty of speaking.
বাক্‌শক্তিরহিত, বাক্‌শক্তিহীন, *a.* Speechless; dumb; tongue-tied.
বাক্‌শক্তিহীনতা, বাক্‌শক্তিহীনত্ব, *n.* Speechlessness; dumbness.
বাক্স, *n.* Box; case; trunk.
বাক্‌সংযত, *a.* Restrained in speech; taciturn.
বাক্‌সংযম, *n.* Restraint in speech; taciturnity.
বাক্সবন্দী, *a.* Kept into a box. বাক্সবন্দী করা—Put into a box.
বাক্‌সর্বস্ব, *a.* Verbose; jabbering; blethering; wordy. বাক্‌সর্বস্ব ব্যক্তি—Wind-bag.
বাক্‌সিদ্ধ, *a.* Whose words are infallible.
বাক্‌সিদ্ধি, *n.* Infallibility of speech.
বাখান, *n.* Description; praise; eulogy.
বাখানা, *v.* Explain; praise.
বাখারি, *n.* Bamboo lath:—*a.* unslaked. বাখারি চুন—Quick-lime; unslaked lime.
বাগ, *n.* Garden; bridle; rein; control; way; means; advantage. বাগ মানা—Be brought under control. বাগ মানানো, বাগে আনা—Bring under control. বাগে পাওয়া—Bring under control; take at a disadvantage; catch on the hip.
বাগড়া, *n.* Obstacle; obstruction; hindrance; impediment; perplexity; difficulty; intricacy. বাগড়া দেওয়া—Put an obstacle; create a difficulty.
বাগডোর, *n.* Reins (of a horse).
বাগদা, বাগদা-চিংড়ি, *n.* Prawn.
বাগবাগিচা, *n.* Gardens and orchards.
বাগাড়ম্বর, *n.* Grandiloquence; verbosity; big talk; verbiage. বাগাড়ম্বর করা—Talk pompously; circumlocute.
বাগাড়ম্বরকারী, *a.* Verbose; grandiloquent.
বাগান, *n.* Garden; park; clump; grove. কলাগাছের বাগান—Clump of plantain trees. নারিকেলের বাগান—Cocoanut grove. ফলের বাগান—Orchard. ফুলের বাগান—Flower-garden. বাগান করা—Garden. বাগানের কাজ—Gardening. বাগানের মালী—Gardener.
বাগানো, *v.* Bring under control; win; win over; persuade; manage to obtain.
বাগিচা, *n.* Small garden.
বাগিন্দ্রিয়, *n.* Organ of speech.
বাগীশ, বাগীশ্বর, *a.* Eloquent:—*n.* master of words or language; orator.
বাগীশ্বরী, *n.* *Saraswati* (goddess of learning).
বাগুরা, *n.* Net; snare.
বাগুরাবদ্ধ, *a.* Caught in a trap; ensnared.
বাগুরিক, *n.* Hunter, fowler.
বাগ্‌জাল, *n.* Grandiloquence; verbosity. বাগ্‌জাল বিস্তার করা—Speak grandiloquently; circumlocute.
বাগ্‌দত্ত, *a.* Promised; betrothed; engaged; troth-plighted.
বাগ্‌দত্তা, *a. fem.* Betrothed; affianced; engaged:—*n.* betrothed girl.
বাগ্‌দান, *n.* Betrothing (as of a girl); betrothal. বাগ্‌দান করা—Betroth; promise.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাগ্‌দেবী, বাগ্‌বাদিনী—Same as বাগীশ্বরী।
বাগ্‌ধারা, *n.* Idiom.
বাগ্‌ধারাগত, *a.* Idiomatic.
বাগ্‌বাহুল্য, *n.* Verbosity; diffuseness; prolixity.
বাগ্‌বিতণ্ডা, *n.* Contention; wrangling; altercation.
বাগ্‌বিদগ্ধ, *a.* Expert in speech; eloquent.
বাগ্‌বিন্যাস—Same as বাক্যবিন্যাস।
বাগ্‌বৈদগ্ধ্য, বাগ্‌বৈদগ্ধ, *n.* Eloquence.
বাগ্মিতা, *n.* Eloquence; oratory.
বাগ্মী, *a.* Eloquent; fluent; talkative:—*n.* orator; eloquent or fluent speaker.
বাগ্‌যত, *a.* Taciturn; reticent; reserved; silent.
বাগ্‌যন্ত্র, *n.* Larynx.
বাগ্‌যুদ্ধ, *n.* Verbal contest; wrangling; wordy duel or dispute. বাগ্‌যুদ্ধ করা—Bandy words; enter into a wordy duel.
বাগ্‌রোধ—Same as বাক্‌রোধ।
বাঘ, *n.* Tiger; leopard; fearful object. বাঘের বাচ্চা—Tiger's cub; brave son of a brave father.
বাঘনখ, *n.* Tiger's nail.
বাঘা, *a.* Very strong; fierce; like a tiger; very large; very efficient (বাঘা খেলোয়াড়); very sour. বাঘা তেঁতুল—Very sour tamarind.
বাঘাম্বর, *n.* Garment of a tiger's skin.
বাঘিনী, *n. fem.* Tigress.
বাঙ্গলা, বাঙলা, *n.* Bengal; Bengali; bungalow.
বাঙ্গাল, বাঙাল, *n.* Inhabitant of East Bengal. *fem.*=বাঙ্গালনী, বাঙালনী।
বাঙ্গালা, বাঙলা, *n.* Bengal; Bengali:—*a.* Bengali. বাঙ্গালা দেশ—Province of Bengal. বাঙ্গালা ভাষা—Bengali language.
বাঙ্গালী, বাঙালী, *n.* Native of Bengal; Bengalee. বাঙ্গালী টোলা—Bengali quarter; Bengalee locality or neighbourhood.
বাঙ্গালে, বাঙালে, *a.* Of East Bengal.
বাঙ্‌নিষ্ঠ, *a.* True to one's word or promise.
বাঙ্‌নিষ্ঠা, *n.* Devotedness to one's promise; strict adherence to one's word.
বাঙ্‌নিষ্পত্তি, *n.* Utterance of a word; statement. বাঙ্‌নিষ্পত্তি না করিয়া—Without uttering a word; in silence; without demur or protest.
বাঙ্ময়, *a.* Wordy; eloquent.
বাঙ্ময়ী, *a. fem.* Wordy; eloquent:—*n. Saraswati.*
বাচ—See বাইচ।
বাচক, *a.* Signifying; expressing; denoting; significant; who reads or speaks.
বাচন, *n.* Reciting; speaking; [utterance.
বাচনভঙ্গী, *n.* Mode of expression.
বাচনিক, *a.* Verbal; oral:—*ad.* orally; verbally; by word of mouth.
বাচবিচার—Same as বাছবিচার।
বাচস্পতি, *n.* Master of speech; academic title given to a learned grammarian.
বাচস্পত্য, *n.* Scholarship; eloquence.
বাচাল, *a.* Talkative; garrulous:—*n.* chatter-box.
বাচালতা, *n.* Garrulity; talkativeness.
বাচিক—Same as বাচনিক।
বাচ্চা, *n.* Young one of an animal; offspring; little one.
বাচ্চাকাচ্চা, *n.* Little ones; young children; kiddies.
বাচ্য, *a.* Expressible; fit to be spoken or uttered; predicable; reproachable:—*n.* voice. [কর্তৃবাচ্য—Active voice. কর্মবাচ্য—Passive voice. ভাববাচ্য—Neuter or monopersonal voice. কর্মকর্তৃবাচ্য—Quasi-passive voice.]
বাছন, *n.* Selection; choosing; assortment.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাছনদার, *n.* Chooser.

বাছনি, *n.* Selection; election; dear one; darling; young one of an animal.

বাছবিচার, *n.* Discrimination. বাছবিচার না করিয়া, বিনা বাছবিচারে—Without any discrimination.

বাছা, *v.* Choose; select; assort; separate; eliminate; pick out:—*a.* picked; selected; sorted:—*n.* darling; dear child.

বাছাই, *n.* Picking out; selecting; sorting:—*a.* picked; select. বাছাই করা—Choose; assort; select; sort.

বাছাধন, *n.* Darling.

বাছা-বাছা, *a.* Select. বাছা-বাছা লোক—Picked men; select. বাছা-বাছা সৈন্য—Crack troops; shock troops.

বাছুর, *n.* Calf. বাছুরের মাংস—Veal.

বাজ, *n.* Thunderbolt; hawk; falcon.

বাজখাঁই, বাজখেঁয়ে, *a.* Huge; shrill and loud.

বাজনদার, *n.* Player on musical instruments.

বাজনা, *n.* Musical instrument; musical sound. বাজনা বাজানো—Play on a musical instrument.

বাজরা, *n.* Bazaar-basket; flat round basket; maize; millet.

বাজা, *v.* Sound (as a musical instrument); ring; strike (as a clock); smart (when hurt); wound or hurt one's feelings:—*a.* striking. তার কথাটা আমার বেজেছে—I have taken his word to heart; his word has wounded my feelings.

বাজা-ঘড়ি, *n.* Striking clock.

বাজানো, *v.* Ring or strike (as a bell); beat (as a drum); play (on a musical instrument); blow (as a conch); test (a man) thoroughly. বাজিয়ে নেওয়া—Get the measure of; test thoroughly; size up.

বাজার, *n.* Market; fair; bazaar. গরম বাজার—Boom. চড়া বাজার—Dear market. নরম বাজার—Slump. বাজার করা—Go marketing. বাজার নরম হয়েছে—Prices in the market have fallen. বাজারে চলা—Have a demand in the market; be current in the market.

বাজার-খরচ, বাজার-খরচা, *n.* Market expenses.

বাজার-চলন, *a.* Commercial.

বাজার-দর, *n.* Market price.

বাজারে, *a.* Public; commonplace; ready-made. বাজারে লোক—Marketer.

বাজি, *n.* Bet; stake; trick; wager; fire-works; game; legerdemain. ছুঁচা বাজি—Squib. বাজি জেতা—Win a stake. বাজি ধরা—Stake. বাজি পোড়ানো—Make a display of fireworks. বাজি রাখা—Lay a wager; stake. বাজি হারা—Lose a stake.

বাজিকর, *n.* Magician; juggler; maker of fire-works.

বাজিনী, *n. fem.* Mare.

বাজিমাত, *n.* Victory; checkmate; triumph; win. বাজিমাত করা—Defeat completely; checkmate; secure complete victory.

বাজিয়ে—Same as বাজনদার।

বাজী, *n.* Horse; arrow.

বাজীকরণ, *n.* Sexual excitement by aphrodisiacs; aphrodisiac. বাজীকরণ ঔষধ—Aphrodisiac.

বাজু, *n.* Arm; ornament for the arm; arm-plate; any side-piece of a door frame or cot; panel.

বাজুবন্দ, বাজুবন্ধ, *n.* Armlet.

বাজে, *a.* Unnecessary; useless; good-for-nothing; incidental; secondary. বাজে আদায়—Incidental collection; extra income. বাজে কথা—Idle talk. বাজে কাগজ—Waste paper. বাজে খরচ—Incidental expenses; contingent expenses; unnecessary expenses. বাজে লোক—Common people; worthless man.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাজে-মার্কা, *a.* Of inferior make; insignificant.
বাজেয়াপ্ত, *a.* Forfeited; confiscated. বাজেয়াপ্ত করা—Forfeit; confiscate.
বাজেয়াপ্ত-করণ, *n.* Forfeiture; confiscation.
বাঞ্ছনীয়, *a.* Desirable; to be wished for.
বাঞ্ছা, *n.* Desire; longing; wish; inclination. [desires; God.
বাঞ্ছাকল্পতরু, *n.* One granting all
বাঞ্ছিত, *a.* Desired; wished for.
বাট, *n.* Road; way; path; bar (of metal); ingot.
বাটখারা, *n.* Weight used in weighing; standard weights of some metal.
বাটনা, *n.* Ground spices for cooking; spices reduced to pulp by crushing or grinding.
বাটপাড়, বাটপার, *n.* Cheat; knave; highwayman; robber.
বাটপাড়ি, বাটপারি, *n.* Cheating; highway robbery; plundering.
বাটা, *v.* Reduce to a wet pulp; pound:—*n.* betel-box; grinding; pounding; discount; allowance; difference; rebate; premium:—*a.* pound. বাটা মসলা—Paste of spices.
বাটালি, *n.* Chisel.
বাটালিকাটা, *a.* Chiselled; finely cut.
বাটি, *n.* Cup; bowl. এক বাটি দুধ—A cup of milk.
বাটিকা, *n.* Small house; house; residence; garden.
বাটী, *n.* House; abode; home.
বাটোয়ারা—See বাঁটোয়ারা।
বাট্টা, *n.* Discount (on money); difference; brokerage; allowance.
বাড়, *n.* Increase; growth; development; arrogance; vanity. বাড় বাড়া—Become too much proud; be very haughty. বাড় হওয়া—Increase; pass beyond the limit.
বাড়ই, বাড়ুই, বড়ুই, *n.* Carpenter; thatcher.
বাড়তি, *n.* Excess; growth; increase; flourishing state; prosperity:—*a.* surplus; additional. বাড়তি টাকা—Surplus money.
বাড়ন, *n.* Increasing; growing; broomstick.
বাড়ন্ত, *a.* Growing up (either in bulk or in height); thriving; developing; overgrown; falling short. চাল বাড়ন্ত—Rice has fallen short.
বাড়বাগ্নি, বাড়বানল, *n.* Submarine fire or eruption.
বাড়-বাড়ন্ত, *n.* Thriving and prosperity.
বাড়া, *v.* Grow; increase; thrive; spread; mend (কলম বাড়া—mend a pen); distribute (ভাত বাড়া—distribute rice):—*a.* more; grown; increased; made ready. আগে বাড়া—Advance; go forward. বাড়া ভাত—Rice served for meal; rice ready for distribution.
বাড়ানো, *v.* Augment; increase; enlarge; enhance; lengthen; exalt; amplify:—*n.* amplification.
বাড়াবাড়ি, *n.* Going too far; keeping no limit; want of moderation; too much growth. বাড়াবাড়ি করা—Go beyond the limit.
বাড়ি, *n.* Stroke; staff; rod. (See also বাড়ী।)
বাড়ি, বাড়ী, *n.* House; home; dwelling house; abode. বাড়ি ভাঙা—Pull down or demolish a house.
বাড়ি-উলী, বাড়িওয়ালী, *n.* Land-lady.
বাড়িওয়ালা, *n.* Land-lord; owner of a tenanted house.
বাড়িঘর, *n.* Homestead; habitations.
বাড়ুন, *n.* Broom; besom.
বাণ, *n.* Arrow; dart. বাণ ছোড়া—Shoot an arrow.
বাণক্ষেপণ, *n.* Shooting of an arrow. বাণক্ষেপণ করা—Shoot an arrow.
বাণবিদ্ধ, *a.* Pierced by an arrow.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাণযুদ্ধ, *n.* Fight with arrows.
বাণিজ-অধ্যক্ষ, *n.* Commercial Manager.
বাণিজ-শিক্ষা, *n.* Commercial education.
বাণিজ্য, *n.* Commerce; trade. বাণিজ্য করা—Trade; traffic; carry on business. বাণিজ্য, শ্রম ও শিল্প—Commerce, Labour and Industries.
বাণিজ্য-কর, *n.* Commercial tax.
বাণিজ্য-কেন্দ্র, *n.* Trade centre.
বাণিজ্য-জাহাজ—Same as বাণিজ্যতরী।
বাণিজ্যতরী, *n.* Merchant ship; merchantman.
বাণিজ্য-নাবী, *n.* Merchant Navy.
বাণিজ্য-নিগম, *n.* Trading Corporation.
বাণিজ্য-নৌ-বিভাগ, *n.* Mercantile Marine Department.
বাণিজ্যপোত—Same as বাণিজ্যতরী।
বাণিজ্য-বায়ু, *n.* Trade wind.
বাণিজ্য-ব্যবস্থাপক, *n.* Commercial Manager.
বাণিজ্য-মন্ত্রক, *n.* Ministry of Commerce.
বাণিজ্য-মন্ত্রী, *n.* Commerce Minister.
বাণিজ্য-সঙ্কট, *n.* Commercial crisis.
বাণিজ্য-সংস্থা, *n.* Commercial establishment.
বাণিজ্য-সামগ্রী, *n.* Merchandise; commodities.
বাণিয়া, বেণে, *n.* Trader; dealer.
বাণী, *n.* Message; goddess of learning; word; speech.
বাণ্ডিল, *n.* Bundle.
বাত, *n.* Gout; rheumatism; air; wind.
বাতকর্ম, *n.* Fart; expulsion of wind from the stomach.
বাতগ্রস্ত, *a.* Rheumatic.
বাতচক্র, *n.* Wind-mill.
বাতজ, *a.* Springing from or produced by a vitiated wind.
বাতজ্বর, *n.* Rheumatic fever.
বাতপিত্ত, *n.* Wind and bile.
বাতবৃদ্ধি, *n.* Flatulence.
বাতব্যাধি, *n.* Rheumatism; paralysis; neuralgia.
বাতব্যাধিগ্রস্ত, *a.* Rheumatic; paralytic.
বাতমার্গ, *n.* Air-passage.
বাতযন্ত্র, *n.* Wind-mill.
বাতরোগ, *n.* Rheumatism; gout.
বাতরোগগ্রস্ত, *a.* Rheumatic.
বাতরোগী, *a.* Rheumatic; gouty:—*n.* rheumatic patient.
বাতলানো, *v.* Suggest; advise; instruct:—*a.* suggested; devised. কিছু উপায় বাতলিয়ে দাও তো—Please suggest some measures.
বাতশূল, *n.* Neuralgia.
বাতশোধক, *n.* Aspirator.
বাতশ্লেষ্মা (বাতশ্লৈষ্মিক) জ্বর—Rheumatic fever.
বাতা, *n.* Bamboo lath; slat.
বাতান্দোলিত, *a.* Moved by wind.
বাতান্বিত, *a.* Aerated. বাতান্বিত পানীয়—Aerated waters.
বাতাবকাশ, *n.* Air space.
বাতাবর্ত, *n.* Cyclone; whirlwind.
বাতাবি, বাতাবিলেবু, *n.* Shaddock; pomelo.
বাতায়ন, *n.* Window; air-passage; portico.
বাতায়িত, *a.* Ventilated.
বাতাস, *n.* Air; wind. বাতাস করা—Fan. বাতাস খাওয়া—Take the air. বাতাস দেওয়া—Fan. বাতাস বহে—The wind blows. বাতাস লাগা—Get air. বাতাসে ওড়া—Fly in air.
বাতাসা, *n.* Kind of cake of sugar and molasses.
বাতাহত, *a.* Blown off by the wind; moved or shaken by the wind. বাতাহত কদলীবৃক্ষ—Plantain tree blown down by the wind.
বাতি, *n.* Light; candle; lamp; wick (of a lamp); stick of sealing wax. বাতি জ্বালা বা জ্বালানো—Light a candle or lamp; wind up; close down; become bankrupt.
বাতিক, *n.* Mania; hobby; craze; fad:—*a.* rheumatic; gouty; flatulent.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাতিকের জ্বর—Rheumatic fever. বাতিকের ব্যামো—Mania; hypochondria; rheumatism.

বাতিকগ্রস্ত, *a.* Ridden by a mania; maniac. [humour.

বাতিকবৃদ্ধি, *n.* Increase of the windy

বাতিদান, *n.* Chandelier; lamp-stand.

বাতিল, *a.* Rejected; void; invalid; false; useless. বাতিল ও নামঞ্জুর—Null and void. বাতিল করা—Nullify; annul; set aside; reject; dismiss.

বাতিলকরণ, *n.* Supersession; setting aside; annulment.

বাতুল, *a.* Mad; insane; crazy; daft:—*n.* mad man.

বাতুলতা, *n.* Madness; insanity; craziness.

বাত্যা, *n.* Storm; hurricane; cyclone; gale; strong or high wind.

বাত্যাকুল, বাত্যাপীড়িত, *a.* Storm-tossed; tempest-torn.

বাত্যাবিকম্পিত, *a.* Shaken by storm.

বাত্যাবিক্ষুব্ধ, বাত্যাসংক্ষুব্ধ, *a.* Tempestuous; storm-tossed; rough; stormy.

বাৎসরিক, *a.* Annual; yearly. বাৎসরিক পরীক্ষা—Annual examination.

বাৎসল্য, *n.* Affection; love; fondness; tenderness.

বাৎসল্যপরায়ণ, *a.* Affectionate; loving.

বাথান, *n.* Cow-pasture; cow-shed.

বাদ, *n.* Speech; word; controversy; discord; dispute; exception; hindrance; obstacle; impediment; subtraction; deduction; exclusion; theory:—*ind.* after; subsequent to. বাদ দেওয়া—Deduct; subtract; exclude. বাদ পড়া—Be deficient; be excluded. বাদ সাদ দিয়া—After making allowance (for). বাদ সাধা—Be inimical to; get in the way of; put oneself against; stand in the way.

বাদক, *n.* Player of instrumental music.

বাদকসম্প্রদায়, *n.* Musical band.

বাদন, *n.* Sounding; playing (on musical instrument); instrumental music.

বাদপ্রতিবাদ, *n.* Debate; verbal dispute; discussion; altercation; controversy. বাদপ্রতিবাদ করা—Bandy words; discuss; altercate; debate; dispute. [altercation.

বাদবিতণ্ডা, বাদবিসংবাদ, *n.* Wrangling;

বাদল, *n.* Rainy day; cloudy or foul weather; wet day; continuous rain.

বাদলা—Same as বাদল:—*a.* rainy; relating to the rainy season or rains; of rainy season.

বাদশা, বাদশাহ্, *n.* Emperor; king; sovereign.

বাদশাই—See বাদশাহি and বাদশাহী। বাদশাই কুড়ে—Greatly lazy; incorrigibly idle.

বাদশাজাদা, *n.* Prince.

বাদশাজাদী, *n. fem.* Princess.

বাদশাহ্—See বাদশা।

বাদশাহি, বাদশাই, *n.* Sovereignty.

বাদশাহী, বাদশাই, *a.* Imperial; royal. বাদশাহী তক্ত—Imperial throne.

বাদা, *n.* Marsh; swamp; fen.

বাদাড়, *n.* Forest; jungle.

বাদানুবাদ—Same as বাদপ্রতিবাদ।

বাদাবন, *n.* Swampy forest.

বাদাম, *n.* Almond; nuts; sail (of a boat). বাদাম তোলা—Hoist a sail.

বাদাম-তেল, *n.* Almond oil.

বাদামাকার, *a.* Amygdaloid.

বাদামী, *a.* Almond-coloured; nut-brown; tawny; oval; almond-shaped. বাদামী কাগজ—Buff sheet. বাদামী মলাট—Buff cover. বাদামী রং—Almond colour; brown.

বাদিত, *a.* Sounded; played on; caused to be uttered.

বাদিত্র, *n.* Musical instrument.

বাদিনী, *n.* Female plaintiff or complainant.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাদী, *n.* Plaintiff; complainant; suitor; principal note of a musical mode:—*a.* speaking (সত্যবাদী—speaking truth; truthful); professing; pleading.

বাদীপক্ষীয়, *a.* Of the plaintiff's party.

বাদী-প্রতিবাদী, *n.* Parties to a suit; complainant and defendant.

বাদুড়, *n.* Bat; flying fox.

বাদে, *ind.* Exclusive of; except; after:—*ad.* later; afterwards. এক ঘণ্টা বাদে—After an hour. একটু বাদে—In a little while. তিনজন বাদে—Except three.

বাদ্য, *n.* Instrumental music; musical instrument. বাদ্য করা—Play on a musical instrument.

বাদ্যকর, *n.* Player on a musical instrument; musician; piper.

বাদ্যকর-দল, *n.* Musical band.

বাদ্যকর-দলপতি, *n.* Band master.

বাদ্যকর-সম্প্রদায়, *n.* Band.

বাদ্যধ্বনি, বাদ্যশব্দ, *n.* Note of music or noise of instrumental music.

বাদ্যভাণ্ড, *n.* Musical instruments collectively.

বাদ্যযন্ত্র, *n.* Musical instrument.

বাদ্যশব্দ—See বাদ্যধ্বনি।

বাধ, *n.* Obstruction; impediment; resistance; clog; refutation.

বাধক, *a.* Hindering; preventing; hampering; obstructing:—*n.* dysmenorrhoea; secondary amenorrhoea.

বাধবাধ—See বাধোবাধো।

বাধা, *n.* Obstruction; obstacle; hindrance; impediment; resistance; pain; oppression:—*v.* be obstructed; come to a standstill; come to happen; begin; commence (battle, quarrel, etc.); be contrary to; find it difficult. বাধা দেওয়া—Oppose; hinder; obstruct; resist; prevent. বাধা পড়া—Meet with obstruction. বাধা পাওয়া—Be hindered; be hampered; meet with obstruction.

বাধাজনক, *a.* Obstructive; impending.

বাধাদায়ক, *a.* Obstructive.

বাধানো, *v.* Cause; excite; foment; set on; create.

বাধাপ্রাপ্ত, *a.* Obstructed; impeded; hindered.

বাধাবিঘ্ন, *n.* Obstacles; impediment.

বাধিত, *a.* Prevented; hindered; obstructed; indebted; obliged; thankful. বাধিত করা—Oblige. বাধিত থাকা—Be under an obligation; be indebted. বাধিত হওয়া—Be obliged.

বাধোবাধো, বাধবাধ, *a.* About to break out; feeling embarrassed; hesitating. বাধোবাধো বা বাধবাধ ঠেকা—Hesitate; draw back; feel embarrassed. যুদ্ধ বাধবাধ হইয়াছে—The war is about to break out.

বাধ্য, *a.* Obliged; indebted; obedient; submissive; compelled; bound. বাধ্য করা—Compel; coerce; oblige. বাধ্য হইয়া—Under compulsion. বাধ্য হওয়া—Be compelled; be obedient.

বাধ্যতা, *n.* Obligation; obedience; submissiveness.

বাধ্যতাজনক, *a.* Obliging; compelling; obligatory; compulsory.

বাধ্যতামূলক, *a.* Compulsory; obligatory.

বাধ্যবাধকতা, *n.* Mutual obligations.

বান, *n.* Flood; deluge; inundation; bore; great flourish; eel:—*a.* volatile; essential. বান ডাকা—Have a bore; flourish greatly. বানে ভাসিয়া যাওয়া—Be overflooded or inundated; be flooded away or swept off in a flood. বানের জল—Flood-water.

বানক (গুটি হইতে রেশম কাটা), *n.* Filature.

বানচাল, *n.* Getting foundered:—*a.*

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

upset; overturned; baulked; frustrated; sabotaged; foundered. নৌকাটি বানচাল হয়েছে—The boat has foundered. বানচাল হওয়া—Fail; be bungled.

বানতৈল, *n.* Essential (ethereal) oil.

বানপ্রস্থ, *n.* Third stage of life; retirement from household life.

বানর, *n.* Monkey; ape.

বানরতুল্য, *a.* Monkey-like; apish.

বানরী, *n.* Female monkey.

বানান, *n.* Spelling; orthography. বানান করা—Spell a word.

বানান-সমস্যা, *n.* Problem of orthography.

বানানো, *v.* Make; build; manufacture; compose; mint; render into; prepare; dress; fabricate; invent; concoct; reduce:—*a.* artificial; counterfeit; got-up.

বানি, *n.* Labour charge; making charge; profit; gain.

বানুরে—Same as বানরতুল্য।

বান্ত, *a.* Vomited; thrown up; disgorged; ejected.

বান্দা, *n.* Slave; servant; term of humility. [girl.

বান্দী, বাঁদী, *n.* Female slave; slave

বান্ধব, *n.* Friend; comrade; kinsman; relative.

বান্ধব-সম্মিলনী, *n.* Friends' re-union; friendly gathering.

বান্ধবী, *n.* Lady friend; female friend.

বাপ, *n.* Father; child. বাপকা বেটা—A worthy son of a worthy father; chip of the old block. বাপ তোলা—Abuse by referring to one's father. বাপের জন্মে, বাপের বয়সে—Even in one's life. বাপের ঠাকুর—Grandfather; the object of one's affections. বাপ্‌রে বাপ—O God!

বাপক, *n.* Weaver; sower.

বাপঠাকুরদা, বাপদাদা, *n.* Forefathers.

বাপধন, *n.* Darling; my love.

বাপন, *n.* Causing to weave or sow.

বাপ-মা, *n.* Parents; father and mother.

বাপান্ত, *n.* Abusing one's father. বাপান্ত করা—Abuse one's father.

বাপিত, *a.* Sown as seed; shaven.

বাপী, বাপি, *n.* Pond; tank; pool; lake.

বাপীতট, বাপীতীর, *n.* Edge of a tank.

বাপু, *n.* Father; darling; child; term of affectionate address.

বাপুজী, *n.* Reverend father; reverend preceptor; term of endearment for *Mahatma Gandhi.*

বাফতা, *n.* Kind of coarse cloth.

বাবত, *ind.* On account of; for:—*n.* account; head; item. এই বাবত—On this account. কিসের বাবত—On what account. কোন্ বাবত—On what account.

বাবরি, বাবরী, *n.* Long and curled hair hanging back down to the neck.

বাবরি-কাটা, *a.* Having a mane.

বাবলা, *n.* Indian acacia tree.

বাবলা-আঠা, *n.* Gum acacia.

বাবা, *n.* Papa; father; child; infant.

বাবাজী, *n.* Child; *Vaishnab* mendicant.

বাবাজীবন, *n.* Darling.

বাবু, *n.* *Babu* (title of a *Hindu* gentleman); proprietor; officer; employer; husband; father; son; sire; sir; master (title equivalent to Mr. or Esquire); fop; dandy.

বাবুই, *n.* Tailor-bird.

বাবুগিরি, বাবুয়ানা, বাবুয়ানি, *n.* Foppery; foppishness; luxury; dandyism.

বাবুর্চী, *n.* Mahommedan cook.

বাবুর্চীখানা, *n.* Kitchen.

বাম, *a.* Left; opposite to right; unfavourable; reverse; contrary; unkind; beautiful; pleasing:—*n.* left side.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বামতট, *n.* Left bank.
বামদিক্, *n.* Left side.
বামন, *n.* Dwarf; pygmy; Lilliputian; *Baman* (an incarnation of *Vishnu*); Brahmin:—*a.* dwarfish; Lilliputian; short.
বামনত্ব—Same as ব্রাহ্মণত্ব।
বামনাই, *n.* Office or character of a Brahmin; authority exercised by a Brahmin over an inferior.
বামনী, *n.* Brahmin woman; female dwarf.
বামলোচনা, *a. fem.* Lovely-eyed.
বামা, *n.* Woman; fair lady:—*a. fem.* adverse; unfavourable; unkind.
বামাক্ষী, *a. fem.* Lovely-eyed:—*n.* woman with fair eyes.
বামাচার, *n. Tantric* rites.
বামাচারী, *a.* Practising the *tantric* rites (approved by the *Tantras*):—*n.* follower of the *tantric* rites.
বামাবর্ত, *a.* Counter-clockwise; turning from right to left; sinistrorse:—*n.* spiral-shaped conchshell.
বামাবর্তন, *n.* Left-hand steering.
বামাবর্তী, *a.* Anti-clockwise.
বামাল, *ad.* With goods; along with stolen property:—*n.* stolen goods.
বামাস্বর, *n.* Female voice.
বামুন, *n.* Brahmin; Brahmin cook.
বামুনঠাকুর, *n.* Brahmin cook.
বামুনঠাকুরানী, *n.* Female Brahmin cook.
বামেতর, *a.* Right; other than left.
বামোরু, *n.* Fair woman with graceful thighs.
বায়, *n.* Wind; air.
বায়না, *n.* Advance; earnest money; obstinate demand; childish whim or caprice. বায়না করা, বায়না দেওয়া—Advance; deposit earnest money. বায়না ধরা—Persist for something; be importunate.
বায়নাক্কা, *n.* Statement of particulars; detailed account; details; particulars.
বায়না-নামা, *n.* Deed of agreement with the receipt of earnest money.
বায়ব, *a.* Relating to the wind; aerial; aeolian; atmospheric; pneumatic; gaseous. বায়ব অবরোহ, বায়ব মূল—Aerial root. বায়ব প্রতিসরণ—Atmospheric refraction.
বায়বীয়, বায়ব্য, *a.* Relating to the wind; reduced to air; gaseous.
বায়বীয়াকার, *a.* Aeriform.
বায়ব্য—See বায়বীয়।
বায়স, *n.* Crow.
বায়সী, *n.* Female crow.
বায়স্কোপ, *n.* Bioscope.
বায়ু, *n.* Air; wind; flatulence. অধিগ্রাহ্য বায়ু—Complemental air. অধিত্যাজ্য বায়ু—Supplemental air. অশুদ্ধ বায়ু—Impure air. আদ্য বায়ু—Supplementary air. বায়ুর প্রতিকূলে—Against the wind.
বায়ুকোণ, *n.* North-west quarter.
বায়ুকোষ, *n.* Air-bladder; air-cell.
বায়ুকোষ্ঠ, *n.* Air-chamber.
বায়ুগতি, *n.* Motion of the wind:—*a.* moving like the wind; speedy; swift; fleet.
বায়ুগতিবিদ্যা, *n.* Aerodynamics.
বায়ুগর্ভ, *n.* Air-core.
বায়ুগহ্বর, *n.* Air-pocket.
বায়ুগ্রস্ত, *a.* Affected by the wind; maniac.
বায়ুচলাচল, বায়ুচলন, *n.* Ventilation.
বায়ুচলাচলশূন্য, *a.* Unventilated.
বায়ুচাপ, *n.* Atmospheric pressure.
বায়ুচোষক, *n.* Aspirator.
বায়ুচ্ছেদ, *n.* Air-gap.
বায়ুজীবী, *a.* Aerobic. বায়ুজীবী ব্যাক্টিরিয়া—Aerobic bacteria.
বায়ুতত্ত্ব, *n.* Pneumatics.
বায়ুতরঙ্গ, *n.* Wind wave.
বায়ুতাড়িত, *a.* Driven by the wind.
বায়ু-থার্মমিটার, *n.* Air-thermometer.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বায়ুদেবতা, *n.* Wind-god.
বায়ুধারকত্ব, *n.* Vital capacity.
বায়ুনিয়ন্ত্রিত, *a.* Air-conditioned.
বায়ুনির্মাণযন্ত্র, বায়ুনিষ্কাসনযন্ত্র, *n.* Air-pump.
বায়ুপথ, *n.* Airway.
বায়ুপদ্ধতি, *n.* Wind system.
বায়ুপরাগণ, *n.* Anemophily.
বায়ুপরাগিত, *a.* Wind pollinated.
বায়ুপরাগী, *a.* Anemophilous.
বায়ুপরিবর্তন, *n.* Change of climate.
বায়ু-পাম্প, *n.* Air-pump.
বায়ু-প্রবাহ, *n.* Air-current; gust; gale.
বায়ুপ্রেষ, *n.* Atmospheric pressure.
বায়ুপ্রেষক, *n.* Air-compressor.
বায়ুপ্রেষদৃক্, *n.* Baroscope.
বায়ুপ্রেষলিক্, *n.* Barograph.
বায়ুবেগ, *n.* Speed or velocity of the wind.
বায়ুবেগমাপক, *n.* Anemometer.
বায়ুবেগে, *ad.* Swiftly as the wind; with the speed of the wind.
বায়ুব্রেক্, *n.* Air-brake.
বায়ুভক্ষণ, *n.* Fasting; going without food.
বায়ুমণ্ডল, *n.* Atmosphere.
বায়ুমণ্ডলীয়, *a.* Atmospheric.
বায়ুমান, *n.* Aerometry; aerometer; barometer.
বায়ুমান-বিদ্যা, *n.* Aerometry.
বায়ুমান-যন্ত্র, *n.* Barometer.
বায়ুমান-সংক্রান্ত, বায়ুমান-বিদ্যা-সংক্রান্ত, *a.* Aerometric.
বায়ুযান, *n.* Aircraft.
বায়ুরন্ধ্র, *n.* Air-pore; breathing pore; air-cavity.
বায়ুরোগ, *n.* Insanity; morbid affection of the nervous system.
বায়ুরোধী, *a.* Air-tight.
বায়ুশকুন, *n.* Weather-cock.
বায়ুসঞ্চালন, *n.* Ventilation.
বায়ুসঞ্চালনশূন্য, *a.* Unventilated.
বায়ুসেনা, *n.* Air Force.
বায়ুসেবন, *n.* Taking of the air; airing. বায়ুসেবন করা—Take the air.
বায়ুসেবনার্থ, *ind.* For an airing; to take the air.
বায়ুস্তর, *n.* Layer of air.
বায়ুস্থলী (পটকা), *n.* Air-bladder.
বায়েন, *n.* Drum-player.
বায়োপাত্ত, *n.* Age-data.
বায়োস্কোপ, *n.* Bioscope; the cinema.
বার, *n.* Day of the week; turn; time; outside; occasion; multitude; heap; prohibition; prevention; twelve.
বার, *a.* & *n.* Twelve.
বাস্ন—Same as বাহির।
বারই, *n.* Twelfth day of a month:—*a.* twelfth (of a month).
বারংবার, বারবার, *ad.* Again and again; often; many times; repeatedly.
বারক, *a.* Hindering; preventing.
বারকোশ, *n.* Wooden tray; salver.
বারণ, *n.* Prohibition; prevention; resistance; hindering; restraint; elephant. বারণ করা—Prohibit; forbid.
বারণীয়, *a.* To be prohibited or forbidden; preventable.
বারণোপায়, *n.* Preventive measure.
বারতা, *n.* Message; word.
বারদরিয়া, *n.* Sea near the mouth of a river; high seas.
বারদিগর, *ad.* Again; repeatedly.
বারদুয়ারী, *a.* Vagabond; begging from door to door.
বারনারী, বারবধূ, বারবনিতা, বারবিলাসিনী, *n.* Public woman; prostitute.
বারফট্টাই, *n.* Bragging; boasting; talking big. বারফট্টাই করা—Talk big; brag.
বারবধূ, বারবনিতা—See বারনারী।
বারবরদার, *n.* Porter.
বারবরদারি, *n.* Travelling expenses; porterage; coolie charges.
বারবরদারী, *a.* Of a porter or a coolie; of travelling expenses.
বারবার—See বারংবার।
বারবিলাসিনী—See বারনারী।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বারবেলা, *n.* Inaupicious part of a day (during which the transaction of an important business is prohibited).
বারব্রত, *n.* Holy rites.
বারমাস, *n.* Twelve months:—*ad.* all the year round.
বারমাসি, বারমাস্যা, *n.* Lyrical description of the twelve months of the year.
বারমুখ্যা, *n.* Leading harlot or courtezan.
বারমেসে, *a.* Lasting all over the year; annual; perpetual.
বারয়িতা, *a.* Forbidding; warding off; staving off:—*n.* one who prohibits or forbids.
বারলাইব্রেরী, *n.* Bar Library.
বারাঙ্গনা, বারসুন্দরী, বারস্ত্রী—Same as বারনারী।
বারাণ্ডা—See বারান্দা।
বারান্তর, *n.* Another day; another time:—*ad.* at another time; once more.
বারান্তরে, *ad.* At another time; on another occasion.
বারান্দা, বারাণ্ডা, *n.* Verandah; portico; corridor; porch.
বারি, *n.* Water.
বারিক, *n.* Barrack; quarters.
বারিত, *a.* Forbidden; prohibited; prevented; barred. তামাদিদোষে বারিত—Barred by limitation.
বারিদ, *n.* Cloud.
বারিধারা, *n.* Shower of rain; stream of rain.
বারিধি, বারিনিধি, বারীন্দ্র, বারীশ, *n.* Sea; ocean.
বারিপাত, *n.* Rainfall; shower.
বারিপ্রবাহ, *n.* Stream or current of water; spring.
বারিবাহ, বারিবাহক, বারিবাহন, *n.* Cloud.
বারিমণ্ডল, *n.* Hydrosphere.
বারিযন্ত্র, *n.* Water-wheel.
বারিরাশি, *n.* Mass of water; sea; ocean.
বারীন্দ্র, বারীশ—See বারিধি।
বারুই, বারুজীবী, *n.* Caste dealing in betel-leaves; betel-planter; dealer in betel-leaves.
বারুদ, *n.* Gunpowder.
বারুদখানা, *n.* Magazine; room for storing gunpowder.
বারেক, *ad.* Only once; for once.
বারো, *n.* & *a.* Twelve.
বারোয়ারি, *a.* General; common; public:—*n.* assemblage of twelve friends; entertainment by public subscriptions.
বার্ণিক, *n.* Writer; copyist; painter; signboard painter.
বার্তা, *n.* News; information; message; report; word.
বার্তাকু, *n.* Brinjal; egg-fruit.
বার্তাবহ, *n.* Messenger; news-carrier; bearer of news.
বার্তিক, *n.* Critical commentary; spy; informer; journalist.
বার্ধক, *n.* Superannuation.
বার্ধক্য, *n.* Old age; decrepitude; infirmity of old age.
বার্ধক্যগ্রস্ত, *a.* Decrepit; old.
বার্নিশ, *n.* Varnish. বার্নিশ করা—Varnish.
বার্য, *a.* To be barred; preventable.
বার্যমাণ, *a.* Being prevented or stopped or resisted.
বার্লি, *n.* Barley.
বার্ষিক, *a.* Annual; yearly:—*n.* annual grant; annual pension; annuity. বার্ষিক গতি—Annual motion. বার্ষিক লম্বন—Annual parallax.
বার্ষিক-বৃত্তি, *n.* Annuity.
বার্ষিকী, *n.* Annual religious ceremony; annual publication or magazine; annual.
বাল, *n.* Male child; boy; lad; hair.
বালক, *n.* Boy; male child.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বালক-কাল, *n.* Boyhood; childhood; infancy.
বালকত্ব, *n.* Boyishness; puerility.
বালকভৃত্য, *n.* Page; boy-servant.
বালকসুলভ, *a.* Childlike; childish.
বালকোচিত, *a.* Childlike; boyish.
বালক্রীড়া, *n.* Boyish sports; child's play; childish pranks.
বালখিল্য, *n.* Lilliputian sages (sixty thousand in number).
বালচর্যা, *n.* Nurturing or rearing or bringing up of children.
বালচাপল্য, *n.* Childish frolicsomeness.
বালতি, *n.* Tub; bucket; pail.
বালদো, *n.* Plantain or palm leaf with its sheath.
বালব, *n.* Bulb.
বালবাচ্চা, *n.* Children; offspring.
বালবিধবা, *n.* Child-widow.
বালবৈধব্য, *n.* Widowhood at a very early age.
বালব্যজন, *n.* Fly-brush.
বালভাষিত, *n.* Language of children; lispings of a baby; childish prattle.
বালভোগ, *n.* Morning offering to a deity.
বিষয়বাসনা, *n.* Desire for worldly things.

বিষয়বিতৃষ্ণ, বিষয়বিমুখ, *a.* Indifferent to worldliness; averse to earthly possessions. [বিষয়বৈরাগ্য।

বিষয়বিতৃষ্ণা, বিষয়বিমুখতা—Same as

বিষয়বুদ্ধি, বিষয়বোধ, *n.* Worldly wisdom; knowledge of worldly affairs; experience in the management of estates or property; business talent.

বিষয়বৈরাগ্য, *n.* Stoicism; indifference to worldly interests; detachment; apathy to earthly possessions.

বিষয়ভোগ, *n.* Enjoyment of worldly objects.

বিষয়লালসা, *n.* Lust for worldly things; thirst for worldly objects; worldliness.

বিষয়সম্পত্তি, *n.* Landed property.

বিষয়ানুরক্ত—See বিষয়ানুরাগী।

বিষয়ানুরাগ, *n.* Fondness for or attachment to worldly objects or pleasures; worldliness.

বিষয়ানুরাগী, বিষয়ানুরক্ত, *a.* Worldly-minded; attached to worldly objects.

বিষয়াসক্ত, *a.* Attached to worldly affairs; engrossed in material interests; worldly-minded.

বিষয়াসক্তি, *n.* Attachment to worldly affairs; addiction to sensual pleasures; worldly-mindedness.

বিষয়ী, *a.* Worldly-minded; worldly; engaged in business; having worldly possessions or pursuits; possessed of landed property:—*n.* man of business; trader; worldly-minded man.

বিষয়ীভূত, *a.* Included in the agenda; included among the subjects of discussion.

বিষহর, *a.* Antidotal; counteracting the effects of the poison.

বিষহরী, *n. fem.* Goddess *Manasa.*

বিষাক্ত, *a.* Poisoned; envenomed; poisonous.

বিষাণ, *n.* Horn; trumpet; clarion; tusk of an animal.

বিষাদ, *n.* Sadness; dejection; depression; distress; regret; grief; lassitude. [depressed.

বিষাদগ্রস্ত, *a.* Sad; melancholy;

বিষাদময়, *a.* Full of gloom; gloomy.

বিষাদসাগর, *n.* Endless grief.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষাদিত, বিষাদী, *a.* Grieved; sad; dejected; depressed.
বিষানো, *v.* Make or become poisonous; grow septic; grow bitter. বিষিয়ে যাওয়া—Become septic.
বিষান্তক, *a.* Antidotal.
বিষিত, *a.* Poisoned.
বিষুপ, বিষুব, *n.* Equinox.
বিষুবছায়া, *n.* Shadow of the gnomon at noon.
বিষুববৃত্ত, *n.* Equinoctial circle.
বিষুবরেখা, *n.* Equator; equinoctial line.
বিষুবলম্ব, *n.* Declination.
বিষুবসংক্রান্তি, *n.* Vernal equinox.
বিষুবীয়, *a.* Equinoctial.
বিষ্কম্ভক, *n.* Interlude.
বিষ্টম্ভ, *n.* Obstruction; obstacle; hindrance; bar; impediment.
বিষ্টি, *n.* Showering; rain; raining; unpaid labour.
বিষ্ঠা, *n.* Excrement; faeces.
বিষ্ণু, *n.* *Vishnu.*
বিস, *n.* Lotus stalk; *petiole.*
বিসংগত, বিসঙ্গত, *a.* Discordant; incongruous.
বিসংবাদ, *n.* Contradiction; incongruity; disagreement; inconsistency; dispute; quarrel.
বিসংবাদিত, *a.* Disputed.
বিসংবাদী, *a.* Contradicting; disagreeing; inconsistent; disputing; quarrelling.
বিসঙ্গত—See বিসংগত।
বিসদৃশ, *a.* Unlike; dissimilar; unbecoming; odd.
বিসমিল্লা, বিসমোল্লা, *n.* Taking of God's name; beginning. বিসমিল্লায় গলদ—Mistake at the very beginning; initial mistake; defective beginning.
বিসম্বন্ধ, *a.* Disaffiliated.
বিসরণ, *n.* Deviation.
বিসরণ-কোণ, *n.* Angle of deviation.
বিসর্গ, *n.* Mark (ঃ) in writing; abandonment; relinquishment; gift; donation; evacuation of stool; emission.
বিসর্গসন্ধি, *n.* Blending of a বিসর্গ with a vowel and consonantal sound.
বিসর্জন, *n.* Immersion (of a deity); quitting; relinquishment; giving up; abandoning; dismissal; sacrifice; banishment. বিসর্জন করা—Immerse; abandon; leave; sacrifice; part with; give away. বিসর্জন দেওয়া—Immerse; sacrifice; send into exile; banish.
বিসর্জনীয়, *a.* To be immersed; to be abandoned or forsaken; to be left; to be dismissed.
বিসর্জিত, *a.* Immersed; left; sacrificed.
বিসর্প, *n.* Erysipelas.
বিসর্পণ, *n.* Creeping; sliding; spreading; gliding; flying.
বিসর্পী, *a.* Going gently; spreading.
বিসার, *n.* Extension.
বিসারিত, *a.* Extended.
বিসারী, *a.* Extending; spreading.
বিসূচিকা, *n.* Cholera.
বিসৃত, *a.* Extended; spread out; expanded; diffused.
বিসৃষ্ট, *a.* Abandoned; forsaken; resigned; relinquished.
বিসৃষ্টি, *n.* Abandonment; ejaculation; emission.
বিস্কুট, *n.* Biscuit.
বিস্তর, *a.* Many; much; great; plentiful; abundant; ample; long. সে বিস্তর কথা—It is a long story.
বিস্তার, *n.* Extension; spreading; expansion; breadth; extent; amplitude; expanse; aerial shoot; dispersal. বিস্তার করা—Spread; stretch; extend; widen.
বিস্তারণ, *n.* Distribution.
বিস্তারিত, *a.* Spread out; extended;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

expanded; amplified; fully explained; drawn out in detail; detailed; enlarged. বিস্তারিত সংবাদ —Detailed news; news in detail.

বিস্তারী, *a.* Spreading; extending; expanding; amplifying; enlarging.

বিস্তার্য, *a.* Extensible; expansible; capable of being amplified; malleable.

বিস্তার্যতা, *n.* Extension; extensibility; malleability.

বিস্তীর্ণ, *a.* Vast; spread out; extended; broad; wide; large; great.

বিস্তীর্ণতা, *n.* Vastness; extension; largeness.

বিস্তৃত, *a.* Extended; spread; expanded; diffused; long and wide; enlarged. বিস্তৃত করা—Extend; stretch out; enlarge. বিস্তৃত বিবরণ—Detailed account.

বিস্তৃতি, *n.* Extent; width; breadth; diameter.

বিস্ফারণ, বিস্ফার, *n.* Spreading; trembling.

বিস্ফারিত, *a.* Spread; extended; made to tremble; shaken; dilated. বিস্ফারিত অধর—Lips pouted.

বিস্ফারিতনেত্র, *a.* Large-eyed :—*n.* expanded or large eye.

বিস্ফারিতনেত্রে, *ad.* With eyes opened wide.

বিস্ফুরিত, *a.* Trembling; tremulous; restless; pouted; pouting.

বিস্ফুলিঙ্গ, *n.* Spark.

বিস্ফোট, বিস্ফোটক, বিস্ফোড়া, *n.* Boil; pimple; pustule.

বিস্ফোরক, *a.* & *n.* Explosive.

বিস্ফোরণ, *n.* Explosion; detonation. বিস্ফোরণ হওয়া—Explode.

বিস্বাদ, *a.* Tasteless; insipid; without flavour; flavourless.

বিস্ময়, *n.* Wonder; amazement; astonishment; surprise. বিস্ময়ে নির্বাক্—Dumbfounded with astonishment.

বিস্ময়কর—Same as বিস্ময়জনক।

বিস্ময়চিহ্ন, *n.* Note of admiration or exclamation (!).

বিস্ময়জনক, *a.* Amazing; wonderful; surprising; causing astonishment.

বিস্ময়বিস্ফারিত, *a.* Wide with wonder; gaping with amazement. বিস্ময়-বিস্ফারিত নেত্রে—With eyes wide open with wonder; with an amazed look.

বিস্ময়বিহ্বল, *a.* Struck with amazement; amazed; overwhelmed with astonishment; astounded.

বিস্ময়মগ্ন, *a.* Lost in wonder; astonished.

বিস্ময়ান্বিত, *a.* Amazed; astonished; surprised. বিস্ময়ান্বিত করা—Surprise; give one a surprise.

বিস্ময়াপন্ন, *a.* Filled with amazement; astonished.

বিস্ময়াবহ, *a.* Surprising; astonishing; amazing; wonderful; marvellous.

বিস্ময়াবিষ্ট, বিস্ময়াভিভূত, *a.* Wonder-struck; amazed.

বিস্ময়োৎপাদক, *a.* Amazing; astonishing.

বিস্ময়োৎপাদন, *n.* Producing wonder or surprise. (কাহারও) বিস্ময়োৎপাদন করা—Strike (one) with wonder.

বিস্ময়োৎফুল্ল, *a.* Elated with astonishment.

বিস্মরণ, *n.* Forgetting; forgetfulness; oblivion. বিস্মরণ হওয়া—Forget.

বিস্মরণশীল, *a.* Forgetful; oblivious.

বিস্মরণীয়, *a.* Forgettable.

বিস্মিত, *a.* Amazed; surprised; astonished. বিস্মিত করা—Surprise; give one a surprise. বিস্মিত হওয়া—Be amazed; be astonished; wonder; marvel.

বিস্মিতভাবে, *ad.* With wonder or surprise; with astonishment; wonderingly.

বিস্মৃত, *a.* Forgotten. বিস্মৃত হওয়া—Forget; lose memory of.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিস্মৃতি, *n.* Forgetfulness; oblivion; forgetting. বিস্মৃতির অতল গর্ভে—In the abyss of oblivion.
বিস্মৃতিপর, বিস্মৃতিশীল, *a.* Forgetful; oblivious.
বিস্রংস, বিস্রংসন, *n.* Falling; oozing; slipping.
বিস্রংসী, *a.* Falling; oozing; untying; loosening.
বিস্রস্ত, *a.* Dishevelled; loosely disordered; fallen; slipped off.
বিস্রুত, *a.* Flowed out; trickled down; oozed.
বিস্রুতি, *n.* Falling; oozing; trickling.
বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, *n.* Bird.
বিহগী, বিহঙ্গী, বিহঙ্গমী, *n.* Female bird.
বিহত, *a.* Killed; destroyed; ended; got rid of; struck down; broken.
বিহনে, *ind.* Without; except; but for; in the absence of; in want of.
বিহরণ, *n.* Roaming or walking about; strolling; taking a walk.
বিহান, *n.* Dawn; morning.
বিহার, *n.* Walking about; pleasure trip; play; sport; motion; amorous diversion; *Buddhist* or *Jaina* temple. বিহার করা—Sport; frolic; enjoy; play amorously.
বিহারী, *a.* Walking; roaming; wandering (বনবিহারী—wandering in the forest); sporting.
বিহিত, *a.* Proper; right; fit; suitable; done; instituted; prescribed: —*n.* remedy; rule; law. বিহিত অর্থ—Legal tender. বিহিত করা—Prescribe; enact; redress; remedy.
বিহিতক, *n.* Act (law).
বিহীন, *a.* Deprived of; devoid of; destitute of.
বিহ্বল, *a.* Overwhelmed; upset; perturbed; confused; bewildered. বিহ্বল করা—Overwhelm; confuse; distract; bewilder.
বিহ্বলতা, *n.* Bewilderment; confusion; perplexity; embarrassment.
বীক্ষণ, *n.* Watching; observation.
বীক্ষমাণ, *a.* Observing; seeing; watching.
বীক্ষিত, *a.* Observed; seen; viewed; beheld.
বীক্ষ্যমাণ, *a.* Being seen or observed.
বীচ, *n.* Seed; stone (of a fruit).
বীচালি, *n.* Straw.
বীচি, *n.* Seed; stone (of a fruit); wave; billow; ray; beam.
বীচিবিক্ষুব্ধ, *a.* Surging; raging; agitated; running high with waves.
বীচিবিক্ষেপ, *n.* Rolling of waves.
বীচি-বিক্ষোভিত, *a.* Rolling or agitated with waves; agitated (as the ocean).
বীচিমালা, *n.* Waves; beams.
বীচিমালী, *n.* Sea; sun.
বীচে, *a.* Full of seed. বীচে কলা—Banana full of seeds; seedy plantain.
বীজ, *n.* Seed; stone; semen; germ; source; primary cause. অসসাল বীজ—Ex-albuminous seed.
বীজ-অন্তস্ত্বক্, *n.* Tegmen.
বীজকোষ, *n.* Ovary; seed-vessel; capsule.
বীজকোষধারী, *a.* Leguminous.
বীজকোষসংক্রান্ত, বীজকোষসম্বন্ধীয়, *a.* Leguminous; capsular.
বীজগণিত, *n.* Algebra.
বীজগুটি, *n.* Spore.
বীজঘ্ন, *a.* Disinfectant. বীজঘ্ন পদার্থ—Disinfectant.
বীজতলা, *n.* Seed-plot; seed-bed.
বীজত্বক্, *n.* Seed coat.
বীজদল, *n.* Cotyledon.
বীজদূষণ, *n.* Sepsis.
বীজদূষিত, *a.* Septic.
বীজধান, *n.* Seed-paddy.
বীজন, *n.* Fanning.
বীজপত্রাবকাণ্ড, *n.* Hypocotyl.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বীজবপন, *n.* Sowing of seed. বীজবপন করা—Sow.
বীজবহিস্ত্বক্, *n.* Testa.
বীজবারক, *a.* Antiseptic; antibiotic.
বীজমন্ত্র, *n.* Mystic syllable (symbolizing a particular deity).
বীজস্থালি, *n.* Seed-vessel.
বীজহীন, *a.* Seedless; aspermous.
বীজাঙ্কুর, *n.* Sprout from a seed.
বীজিত, *a.* Fanned.
বীজোপাঙ্গ, *n.* Aril.
বীজ্যমান, *a.* Being fanned.
বীট, *n.* Beet; sugar.
বীণকার, *n.* Lutist.
বীণা, *n.* Indian lute. বীণার ঝংকার—Sweet twang of a lute.
বীণাদণ্ড, *n.* Neck of a lute.
বীণানিন্দিত, *a.* Sweeter than the twang of the lute; very sweet and melodious.
বীণাপাণি, *n.* Goddess *Saraswati*.
বীণাবাদক, *n.* Lutist; luter.
বীণাবাদন, *n.* Playing on a lute; luting. বীণাবাদন করা—Lute; play on a lute.
বীণাবিনিন্দিত—Same as বীণানিন্দিত।
বীণাযন্ত্র, *n.* Lute.
বীত, *a.* Gone; past; quiet; tranquil; abandoned; deserted; set free.
বীতংস, *n.* Net; snare.
বীতকাম, *a.* Freed from desire or longing; detached.
বীতনিদ্র, *a.* Awake; risen from sleep.
বীতভয়—Same as বীতশঙ্ক।
বীতরাগ, *a.* Dispassionate; without or free from desire; passionless; free from attachment; indifferent.
বীতশঙ্ক, *a.* Fearless; above fear.
বীতশোক, *a.* Free from grief; pacified; consoled.
বীতশ্রদ্ধ, *a.* Disgusted. বীতশ্রদ্ধ করা—Disgust. বীতশ্রদ্ধ হওয়া—Be disgusted.
বীতস্পৃহ, *a.* Indifferent; free from attachment or desire; passionless; disgusted.
বীথি, বীথী, *n.* Avenue; road; alley; row; range.
বীথিকা, *n.* Gallery; avenue.
বীন, *n.* Lute.
বীনকার, *n.* Lutist.
বীনবাদক, *n.* Lutist.
বীপ্সা, *n.* Frequent recurrence; regular succession; successive order.
বীপ্সাব্যঞ্জক, বীপ্সাসূচক, *a.* Frequentative; implying extension. বীপ্সাসূচক শব্দ—Frequentative word.
বীবর, *n.* Beaver.
বীবরশালা, *n.* Burrow for a beaver.
বীভৎস, *a.* Horrible; horrid; shocking; detestable; loathsome; nauseous; mischievous; sinful; wicked; malicious:—*n.* sentiment of horror or repulsion.
বীভৎসতা, *n.* Horridness; frightfulness; fright.
বীমকম্পাস, *n.* Beam compass.
বীমা, *n.* Insurance; assurance.
বীমাপত্র, *n.* Insurance policy.
বীর, *a.* Heroic; valiant; courageous; mighty; brave:—*n.* hero; champion; challenger.
বীরচূড়ামণি, বীরশ্রেষ্ঠ, *n.* Distinguished hero; chief of heroes; warrior of great valour.
বীরজননী, *n.* Mother of a hero.
বীরজায়া, *n.* Wife of a hero.
বীরত্ব, বীরতা, *n.* Heroism; valour; prowess; bravery. বীরত্ব প্রকাশ করা, বীরত্ব দেখানো—Display heroism; exhibit valour; perform heroic deeds.
বীরত্বপূর্ণ, *a.* Heroic; valorous.
বীরত্বব্যঞ্জক, *a.* Indicative of heroism; heroic.
বীরদর্প, *n.* Boast of a hero; challenge of a warrior.
বীরনারী, *n.* Heroic lady; brave

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

woman; wife of a hero; glorious lady.

বীরপনা, *n.* Conduct of a hero.

বীরপুত্র, *n.* Heroic son.

বীরপ্রসবিনী, *n.* Mother of a hero:—*a. fem.* bearing a hero.

বীরপ্রসূ, *a. fem.* Bearing heroic sons.

বীরবর—Same as বীরচূড়ামণি।

বীরভদ্র, *n.* Great hero.

বীরভোগ্যা, *a. fem.* To be enjoyed by heroes only. বীরভোগ্যা বসুন্ধরা—The world belongs to the brave; none but the brave deserves the world.

বীরমাতা, *n.* Mother of a hero; heroic mother.

বীররস, *n.* Heroic sentiment.

বীরশূন্য, *a.* Devoid of a hero.

বীরশ্রেষ্ঠ—See বীরচূড়ামণি।

বীরসিংহ, *n.* Great hero.

বীরাঙ্গনা, *n.* Heroic woman; heroine; wife of a hero.

বীরাচার, *n.* Religious ritual of the left-handed *Tantriks.*

বীরাচারী, *n.* One observing the religious ritual of the left-handed *Tantriks.*

বীরাসন, *n.* Particular sitting posture with legs folded beneath the trunk.

বীরেশ্বর—Same as বীরচূড়ামণি; also *Shiva.*

বীরুৎ, *n.* Herb.

বীর্য, *n.* Power; strength; energy; spirit; courage; valour; heroism; semen.

বীর্যবত্তা, *n.* Heroism; virility; prowess; strength; spiritedness; potence.

বীর্যবান্, বীর্যশালী, *a.* Heroic; spirited; virile; powerful; strong. *fem.*=বীর্যবতী, বীর্যশালিনী।

বীর্যহানি, *n.* Seminal emission; loss of vigour.

বীর্যহীন, *a.* Destitute of courage; powerless; impotent; imbecile.

বুঁচকি—See বুচকি।

বুঁদ, *a.* Tipsy; tippled; intoxicated.

বুঁদি, *n.* Drop; globule; drizzling rain; bubble.

বুক, *n.* Breast; chest; bosom; courage. তার বুক কাঁপছে—His heart throbs or trembles. বুক কাঁপা—Have a throbbing in one's heart. বুক চড়চড় করা—Feel a burning sensation in the heart. বুক চাপড়ানো—Beat one's breast (to express unbearable grief). বুক ঠোকা—Show courage by striking one's heart; challenge. বুক দশ হাত হওয়া—Be puffed with pride; be elated. বুক দিয়া পড়া—Put forth all one's energies. বুক দুরদুর করা—Have palpitation of heart. বুক পাতা—Brave; bare one's breast. বুক ফাটা—(Of heart) bleed. বুক ফুলানো—Expand the chest; show pride or courage. বুক ফুলিয়ে—With pride; bravely. বুক বাঁধা—Take heart. বুক বাজানো—Challenge. বুক বাড়া—Grow audacious. বুক ভাঙ্গা—Break one's heart. বুক শুকানো—Have one's heart in one's boots. বুকের ছাতি—Breadth of the chest; courage; bravery; valour. বুকের পাটা—Courage; pluck; bold spirit; defiant attitude. বুকের রক্ত—Life-blood; one's life. বুকের রক্ত দেওয়া—Give up one's life; sacrifice oneself. বুকে হাত দিয়ে বলা—Tell conscientiously.

বুকচাপা, *a.* Shut up on all sides.

বুক-জল, *n.* Chest-high water.

বুকজোড়া, *a.* Very dear.

বুকজ্বালা, *n.* Heart-burn; sharp pain in the chest.

বুকড়ি, বুকড়া, *a.* Coarse; rough.

বুকনি, *n.* Witty remark; seasoning a talk; crystal; powder.

বুক-ফাটা, *a.* Extremely pathetic; heart-rending.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বুক-ভাঙ্গা, *a.* Extremely painful; heart-breaking.

বুচাক, বুঁচাক, *n.* Bundle; parcel; baggage.

বুজকুড়ি, *n.* Bubble. বুজকুড়ি দেওয়া—Bubble.

বুজরুক, *n.* Impostor; cheat; juggler; charlatan; bluffer.

বুজরুকি, *n.* Imposture; cheating; trickery; hoax; jugglery; bluff.

বুজা, বুঁজা, *v.* Be filled up; shut or close (as the eyes). বুজিয়া যাওয়া—Fill up; silt up.

বুজানো, *v.* Fill up (as a pit); stuff; close.

বুঝ, *n.* Understanding; consolation.

বুঝা, *v.* Understand; know; comprehend.

বুঝানো, *v.* Make one understand; explain; satisfy; convince; persuade.

বুঝাপড়া, *n.* Compromise; mutual understanding; satisfaction; investigation; settlement of terms. তাহাদের মধ্যে একটা বুঝাপড়া হওয়া উচিত—They should come to an understanding with each other; they should arrive at a working compromise. বুঝাপড়া করা—Make one understand; explain; console.

বুঝি, *ind.* Word denoting *probability, interrogation,* etc. বুঝি বা—I suppose; perhaps; probably.

বুট, *n.* Gram; boots.

বুটি, বুটা, *n.* Ornamental design.

বুটিদার, *a.* Embroidered; bearing designs in needle-work.

বুড়া, *a.* Old; aged :—*n.* old man :—*v.* drown; dip; sink. আশি বছরের বুড়া—Octogenarian.

বুড়ানো, *v.* Grow old; become a veteran; immerse; dip.

বুড়াপনা—Same as বুড়ামি।

বুড়ামি, বুড়ামো, *n.* Precocity; talking or behaving like that of an old man; posing as an old man; playing the old man. বুড়ামি করা—Talk like an old man; behave like an adult; play the old man.

বুড়ি, *n.* Sum of twenty *cowries* equivalent to one pice; immersion.

বুড়ী, *a. fem.* Old :—*n.* hag.

বুড়ীমাগী, *n.* Hag; crone.

বুড়ো—Same as বুড়া (*a.* & *n.*). বুড়ো আঙুল (হাতের)—Thumb; (পায়ের)—great toe. বুড়ো ডেকরা—Old rogue. বুড়ো মিন্‌সে—Crone; stupid old fellow; old fellow who makes himself a nuisance. বুড়ো হওয়া—Grow old; age. [বুড়ামি।

বুড়োপনা, বুড়োমি, বুড়ামো—Same as

বুড়োহাবড়া, *a.* Extremely old.

বুদ্ধ, *a.* Awakened :—*n.* learned man; the Enlightened; *Buddha,* founder of the *Buddhist* religion.

বুদ্ধত্ব, *n.* Supreme enlightenment.

বুদ্ধি, *n.* Intellect; intelligence; understanding; talent; sagacity; judgement. বুদ্ধিতে বৃহস্পতি—Wise as the preceptor of the gods; highly intelligent. বুদ্ধি দেওয়া—Counsel; advise. বুদ্ধির ঢেঁকি—Great fool; congenital idiot. বুদ্ধির তীক্ষ্ণতা, বুদ্ধির প্রাখর্য—Sharpness of intellect. বুদ্ধি লওয়া—Take advice of. বুদ্ধি হারানো—Lose one's senses; become rash.

বুদ্ধি-অভিক্ষা, *n.* Intelligence test.

বুদ্ধিকৌশল, *n.* Contrivance; expedient; tact; ingenuity. বুদ্ধিকৌশল খাটানো—Apply tact; exercise practical common sense; use all one's wit or resourcefulness.

বুদ্ধিগম্য, *a.* Intelligible; conceivable; comprehensible.

বুদ্ধিজীবী, *a.* Living by wit; clever; shrewd; intelligent. বুদ্ধিজীবী সম্প্রদায়—Intelligentsia.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বুদ্ধিদাতা, *n.* Adviser. *fem.*=বুদ্ধিদাত্রী

বুদ্ধিনাশ, *n.* Loss of understanding or intellect; confusion; mental aberration.

বুদ্ধিবাদ, *n.* Intellectualism.

বুদ্ধিবিকাশ, *n.* Development of understanding; unfolding of intelligence.

বুদ্ধিবৃত্তি, *n.* Faculty of understanding; intellect; sense; intellectual power; reason.

বুদ্ধিবৃত্তিঘটিত, বুদ্ধিবৃত্তিমূলক, বুদ্ধিবৃত্তিসংক্রান্ত, *a.* Intellectual; rational.

বুদ্ধিভ্রংশ, বুদ্ধিভ্রম, *n.* Loss of intellect; aberration of the intellect; mental prostration; bewilderment.

বুদ্ধিভ্রষ্ট, *a.* Bewildered; stupefied.

বুদ্ধিমতী, *a. fem.* Same as বুদ্ধিমান্।

বুদ্ধিমত্তা, *n.* Intelligence; sagacity; wisdom.

বুদ্ধিমান্, *a.* Intelligent; talented; sagacious; sensible; wise.

বুদ্ধিলোপ—Same as বুদ্ধিনাশ।

বুদ্ধিহীন, *a.* Senseless; foolish.

বুদ্ধিহীনতা, বুদ্ধিহীনত্ব, *n.* Stupidity; foolishness.

বুদ্ধীন্দ্রিয়, *n.* Intellect; sense-organ.

বুদ্ধ্যঙ্ক, *n.* Intelligence quotient.

বুদ্বুদ, *n.* Bubble; vesicle; small bladder.

বুদ্বুদন, বুদ্বুদন, *n.* Effervescence.

বুদ্বুদিত, বুদ্বুদিত, বুদ্বুদী, বুদ্বুদী, *a.* Effervescent.

বুধ, *n.* Mercury; learned man; sage.

বুধগ্রহ, *n.* Planet Mercury.

বুধজন, *n.* Learned man.

বুধবার, *n.* Wednesday.

বুনট, বুনোট, *n.* Texture (as of cloth).

বুনন, বুনানি, *n.* Weaving; texture (as of cloth); sowing of seed.

বুনসেন দীপ—Bunsen burner.

বুনসেন শিখা—Bunsen flame.

বুনা, *v.* Weave; knit; sow (as seed): —*n.* knitting:—*a.* sowed.

বুনানো, *v.* Cause to weave, knit or sow.

বুনিয়াদ, *n.* Foundation; base.

বুনিয়াদী, *a.* Basic. বুনিয়াদী শিক্ষা—Basic education.

বুনো, *a.* Wild; savage; living in a forest; uncultivated; boorish; churlish.

বুভুক্ষা, *n.* Hunger; appetite for food.

বুভুক্ষু, বুভুক্ষিত, *a.* Hungry; famishing; eager for food; needy.

বুরুচ, *n.* Broach.

বুরুজ, *n.* Bastion; dome.

বুরুল, *n.* Breadth of the thumb; inch.

বুরুশ, *n.* Brush. বুরুশ করা—Brush.

বুলবুল, বুলবুলি, *n.* Indian nightingale.

বুলানো, *v.* Caress; stroke lightly; rub. চোখ বুলানো—Look over; scan. তুলি বুলানো—Brush; touch with a paint brush.

বুলি, *n.* Speech; talk; words; motto; principle; cant; slogan. বুলি আওড়ানো—Prattle; utter a crammed speech; talk jargon.

বৃংহণ, বৃংহিত, *n.* Trumpeting of an elephant. [digestion.

বৃক, *n.* Wolf; hyena; power of

বৃক্ক, *n.* Kidney.

বৃক্কাকার, *a.* Kidney-shaped; reniform.

বৃক্ষ, *n.* Tree; plant. বৃক্ষ রোপণ করা—Plant a tree.

বৃক্ষকাণ্ড, *n.* Tree-trunk.

বৃক্ষকুঞ্জ, *n.* Grove; bower; arbour.

বৃক্ষচ্ছায়া, *n.* Shade of a tree.

বৃক্ষতল, *n.* Foot of a tree.

বৃক্ষতলে, *ad.* Beneath or under a tree.

বৃক্ষনির্যাস, *n.* Exudation of a tree; resin; gum.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৃক্ষপল্লব, *n.* Tender twig of a tree.
বৃক্ষবৎ, বার্ক্ষ, *a.* Arborescent.
বৃক্ষবাটিকা, *n.* Park; grove.
বৃক্ষময়, *a.* Woody; abounding in trees.
বৃক্ষমূল, *n.* Tree-root; foot of a tree.
বৃক্ষহীন, *a.* Bare of trees; treeless; devoid of plants; without vegetation.
বৃক্ষাগ্র, *n.* Top of a tree.
বৃক্ষারূঢ়, *a.* Seated or perched on a tree.
বৃক্ষোপাসনা, *n.* Tree-worship.
বৃত, *a.* Chosen; appointed; nominated; respectfully received.
বৃত-বিশোষণ, বৃত-শোষণ, *n.* Selective absorption.
বৃতি, *n.* Choice; selection; enclosure; fence; hedge; calyx.
বৃতিনল, *n.* Calyx tube.
বৃতিসদৃশ, *a.* Sepaloid.
বৃত্ত, *n.* Circle; sphere; metre; verse; conduct; performance; attempt; work :—*a.* happened; past; produced.
বৃত্তকলা, *n.* Sector.
বৃত্তকেন্দ্র, *n.* Centre of a circle.
বৃত্তপুস্তক, *n.* Proceedings volume.
বৃত্ত-সমবর্তিত আলোক—Circularly polarized light.
বৃত্তাংশ, *n.* Segment of a circle.
বৃত্তাকার, *a.* Circular.
বৃত্তানুবর্তী, বৃত্তানুসারী, *a.* Obedient; discharging the duties of one's caste.
বৃত্তান্ত, *n.* Event; fact; report; rumour; tidings; intelligence; details; tale: story; topic; subject.
বৃত্তান্ত-ঘটিত, *a.* Relating to facts; of facts; factual. বৃত্তান্ত-ঘটিত বিবরণ—Statement of facts; factual details.
বৃত্তাবলী, *n.* Proceedings.
বৃত্তি, *n.* Profession; occupation; employment; maintenance; support; state; condition; faculty; propensity; inclination; livelihood; wealth; estate; pension; stipend; scholarship; commentary.
বৃত্তিদান, *n.* Award of a pension or stipend.
বৃত্তি-প্রশিক্ষণ, *n.* Vocational training.
বৃত্তীয়, *a.* Circular; occupational. বৃত্তীয় মান—Circular measure.
বৃত্য, *a.* To be chosen or invited.
বৃথা, *a.* Vain; useless; fruitless; abortive; ineffectual; serving no purpose; ineffective; bootless :—*ad.* in vain; to no purpose; uselessly. বৃথা অর্থব্যয়—Mere waste of money. বৃথা বাক্যব্যয়, বৃথা কথা—Useless talk; waste of words. বৃথা বাক্যব্যয় করা—Throw away words. বৃথা ব্যয় করা—Spend uselessly or for nothing.
বৃদ্ধ, *a.* Old; aged; ancient; grown-up; hoary; stricken in years.
বৃদ্ধতা, বৃদ্ধত্ব, বৃদ্ধাবস্থা, *n.* Old age; agedness; senility.
বৃদ্ধপ্রপিতামহ, *n.* Paternal great-great-grandfather.
বৃদ্ধপ্রপিতামহী, *n.* Paternal great-great-grandmother.
বৃদ্ধপ্রমাতামহ, *n.* Maternal great-great-grandfather.
বৃদ্ধপ্রমাতামহী, *n.* Maternal great-great-grandmother.
বৃদ্ধা, *n.* Old woman :—*a. fem.* old.
বৃদ্ধাঙ্গুলি, বৃদ্ধাঙ্গুষ্ঠ, *n.* (হস্তের) Thumb; (পদের) great toe. বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন করা—Hoax; hoodwink; give one the slip.
বৃদ্ধাবস্থা—See বৃদ্ধতা।
বৃদ্ধি, *n.* Increase; enlargement; augmentation; growth; flourish; interest; prosperity; ascent. বৃদ্ধি করা—Increase; augment; enhance; multiply; enlarge; extend; add to.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৃদ্ধি পাওয়া—Increase; flourish; develop; enlarge; accrete.
বৃদ্ধিকর, *a.* Increasing; growing; augmenting; enhancing.
বৃদ্ধিকাল, *n.* Period of growth.
বৃদ্ধিজ, *a.* Concerning growth. বৃদ্ধিজ চলন—Growth movement.
বৃদ্ধিজীবিকা, *n.* Money-lending business; usury.
বৃদ্ধিজীবী, *n:* Usurer.
বৃদ্ধিদশা, *n.* Phases of growth.
বৃদ্ধিবিস্তার, *n.* Distribution of growth.
বৃদ্ধিশীল, *a.* Increasing; accrescent.
বৃদ্ধি-হার, *n.* Rate of growth.
বৃন্ত, *n.* Foot-stalk of a leaf; nipple; petiole.
বৃন্তচ্যুত, *a.* Fallen from the stalk.
বৃন্তন-টান, *n.* Shearing strain.
বৃন্তমধ্যক, *n.* Interpetiolar.
বৃন্দ, *n.* Multitude; assemblage; quantity; heap; thousand millions.
বৃশ্চিক, *n.* Scorpion; centipede.
বৃশ্চিকদংশন, *n.* Sting of a scorpion; utter mortification.
বৃশ্চিকরাশি, *n.* Sign Scorpio.
বৃষ, *n.* Bull; ox.
বৃষকাষ্ঠ, *n.* Totem; wooden stake to which the bull of the *shraddha* ceremony is tied.
বৃষধ্বজ, বৃষবাহন, *n. Shiva.*
বৃষভ, *n.* Bull.
বৃষরাশি, *n.* Sign Taurus or Bull.
বৃষলা, বৃষলী, *n.* Barren woman; low woman; adulteress.
বৃষস্কন্ধ, *a.* Having a shoulder as strong or broad as that of a bull; broad-shouldered:—*n.* hump of a bull.
বৃষসাম্ভীতা, *n.* Nymphomania.
বৃষোৎসর্গ, *n.* Oblation of a bull on the day of offering gifts to a dead ancestor.
বৃষ্টি, *n.* Rain; shower; raining. বৃষ্টি পড়া বা হওয়া—Rain. এখন বৃষ্টি হচ্ছে—It is now raining. বৃষ্টি পড়িতেছে—It rains. বৃষ্টির ছিটা-লাগা—Rain-spotted.
বৃষ্টিকর, *a.* Causing rain.
বৃষ্টিকাল, *n.* Rainy season.
বৃষ্টিচ্ছায়, *n.* Rain shadow.
বৃষ্টিজল, *n.* Rain-water.
বৃষ্টিপাত, *n* .Rainfall.
বৃষ্টিবিন্দু, *n.* Rain-drop.
বৃষ্টিমান, *a.* Measuring rainfall. বৃষ্টিমান যন্ত্র—Pluviometer; rain-gauge; pluviograph.
বৃষ্টিমাপক, *n.* Rain-gauge; pluviometer.
বৃষ্টিসম্বন্ধীয়, *a.* Pluvial.
বৃষ্টিস্নাত, *a.* Bathed in rain; drenched or wet with rain.
বৃষ্টিহীন, *a.* Rainless.
বৃষ্য, *a.* Invigorating; stimulating:—*n.* stimulant; aphrodisiac.
বৃহৎ, *a.* Large; great; immense; vast; stupendous; huge; big; long; tall. বৃহৎ ব্যাপার—A grand affair. বৃহৎ মকদ্দমা—Big case; complicated case. বৃহৎ হৃদয়—Magnanimous heart.
বৃহৎকায়, *a.* Big-bodied; stocky; gigantic; monstrous; colossal; huge; bulky.
বৃহতী, *a. fem.* Same as বৃহৎ:—*n.* large lute.
বৃহত্তম, *a.* Largest; greatest; maximum.
বৃহত্তর, *a.* Larger; greater.
বৃহদন্ত্র, *n.* Large intestine.
বৃহদাকার, *a.* Large-sized; colossal; huge; enormous; gigantic.
বৃহস্পতি, *n.* Jupiter; preceptor of the gods; very learned and wise man. একাদশ বৃহস্পতি—Very favourable time. বুদ্ধিতে বৃহস্পতি—Very intelligent person. বৃহস্পতির বার-বেলা—Inauspicious part of Thursday.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৃহস্পতিবার, *n.* Thursday.

বে, *pfx.* Privative prefix, often translated by *without, out of* :—*n.* marriage.

বেঁকা, *a.* Crooked; bent; curved; twisted; awry. বেঁকে বসা—Set one's face against.

বেঁজি—Same as বেজি।

বেঁটে, *a.* Dwarfish; short; short-statured.

বেঁটে-খেঁটে, *a.* Short and thick; dumpy.

বেঁড়ে, *a.* Without a tail; tailless; dwarfish.

বেআইন, *n.* Injustice; lawlessness.

বেআইনী, *a.* Contrary to law or ordinance; unjust; illegal; proscribed. বেআইনী জনতা—Unlawful assembly.

বেআক্কেল, *a.* Foolish; silly; wanting in common sense; ignorant.

বেআক্কেলি, *n.* Foolishness; lack of common sense; ignorance.

বেআন্দাম, *a.* Boundless; illimitable; endless.

বেআদব, বেয়াদব, *a.* Discourteous; unmannerly; uncivil; rude; presumptuous; ill-bred.

বেআদবি, বেয়াদবি, *n.* Discourtesy; incivility; impertinence; rudeness. বেআদবি (বেয়াদবি) মাপ করা—Excuse one's rudeness or impudence.

বেআন্দাজ, *a.* Immoderate; badly estimated.

বেআন্দাজী, *a.* Disproportionate; immoderate.

বেআবরু, *a.* Shameless; immodest; not remaining indoors (said of a woman); dishonourable; dishonoured; insulted; put to shame; exposed to public view; disgraced. বেআবরু করা—Outrage the modesty of a woman; dishonour; insult; affront.

বেআবাদ, *a.* Uncultivated.

বে-ইখ্‌তিয়ার—See বেএক্তিয়ার।

বেইজ্জত, *a.* Without honour :—*n.* loss of honour; insult. বেইজ্জত করা—Violate one's modesty; insult.

বেইজ্জতি, *n.* Dishonour; insult.

বেইমান, *a.* Unfaithful; ungrateful; treacherous; irreligious; perfidious; untrue; false.

বেইমানি, *n.* Unfaithfulness; ungratefulness; treachery; perfidy; infidelity; irreligion; perfidiousness. বেইমানি করা—Prove unfaithful; play false; be treacherous; act ungratefully.

বেএক্তিয়ার, বে-ইখ্‌তিয়ার, *a.* Beyond one's jurisdiction; out of control; numbed; restless; tipsy; intoxicated; stupefied. মদে বেএক্তিয়ার হওয়া—Be the worse for liquor; be fuddled or stupefied with drink.

বেএস্তেমাল, *a.* Not used to; not in the habit of :—*n.* absence of practice.

বেওক্ত, *a.* Untimely; out of time; premature.

বেওজর, *a.* Inexcusable :—*ad.* without any cause.

বেওজন, *a.* Measureless.

বেওয়া, *n.* Helpless widow; poor widow.

বেওয়ারিস, *a.* Without an heir; unclaimed.

বেওরা, *n.* Detailed account; accurate report; story; details.

বেকল, *a.* Out of order; restless.

বেকবুল, *a.* Inadmissible; denied; not agreed to.

বেকসুর, *a.* Faultless; guiltless; innocent. বেকসুর খালাস পাওয়া—Be discharged as innocent; be found not guilty.

বেকানুন, *a.* Illegal.

বেকানুনী, *a.* Contrary to law.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বেকায়দা, *n.* False or inconvenient position; compromising situation: —*a.* without order or system; irregular; in a mess; entangled; in difficulty; embarrassed; out of rule.

বেকার, *a.* Unemployed; jobless. বেকার থাকা—Be out of employment; be without a job.

বেকারসমস্যা, *n.* Unemployment problem.

বেকারেল রশ্মি—Becquerel rays.

বেকুফ, বেকুব, *a.* Foolish; silly.

বেকুফি, বেকুবি, *n.* Foolishness; foolhardiness; inconsiderateness.

বেখরচা, *ad.* Free of charges; free of cost; without expenses; gratis.

বেখাপ, বেখাপ্পা, *a.* Not fitting properly; disproportionate; out of place; irrelevant; inappropriate; ill-matched.

বেগ, *n.* Speed; velocity; rapidity; quickness; swiftness; momentum; impetus; emotion; impulse; effort; current; straining.

বেগড়া, *a.* Spoiled; faulty.

বেগতঃ, *ind.* Swiftly; rapidly.

বেগতিক, *a.* Involved in difficulty; helpless; cornered; without means:—*n.* helpless condition; awkward situation; tight corner. বেগতিক দেখিয়া—Finding no other means; finding no other alternative.

বেগত্রিভুজ, *n.* Triangle of velocities.

বেগনিয়ামক, *n.* Speed governor.

বেগনী, বেগনি, *n.* & *a.* Violet.

বেগবতী, *a. fem.* Same as বেগবান্।

বেগবান্, *a.* Swift; speedy; quick; fast; moving swiftly; having velocity; irresistible.

বেগবৃদ্ধি, *n.* Acceleration of speed.

বেগম, *n.* (Mahommedan) Princess; queen; noble lady; queen of playing-cards.

বেগর, *ind.* Except; without.

বেগরজ, বেগরুজে, *a.* Indifferent; lacking interest.

বেগরোধ, *n.* Check of speed; stoppage.

বেগশালী, *a.* Speedy.

বেগানা, *a.* Unknown:—*n.* foreigner.

বেগার, *n.* Unpaid work; forced labour; unpaid worker:—*a.* compelled to work without payment. বেগার খাটা বা দেওয়া—Work without wages. বেগার ঠেলা—Do anything perfunctorily. বেগার ধরা বা লওয়া—Press into service without pay; force into free service.

বেগার-ঠেলা, *a.* Perfunctorily done.

বেগারে, *a.* Working without remuneration.

বেগিত, *a.* Speedy.

বেগুন, *n.* Brinjal; egg-fruit; egg-plant.

বেগুনে, *a.* Purple; violet; hyacinthine. বেগুনে রঙ—Purple colour.

বেগোছ, *a.* Untidy; disorderly:—*n.* disorder; awkward situation.

বেঘোর, *n.* Extremely helpless state; very critical situation; senseless state; unconsciousness. বেঘোরে ঘুমানো—Sleep a deep or profound sleep. লোকটা বেঘোরে প্রাণ দিল—The man died helplessly or in a very critical situation; the man came to a bad end.

বেঙ, *n.* Frog; toad.

বেঙা, *a.* Left-handed.

বেঙাচি, বেঙাছি, *n.* Tadpole.

বেচন, *n.* Selling; sale.

বেচনদার, *n.* Seller.

বেচা, *v.* Sell; vend; dispose of (by sale).

বেচাকেনা, বেচাকিনা, *n.* Buying and selling; trade; traffic; commerce. বেচাকেনা করা—Buy and sell.

বেচানো, *v.* Cause to sell.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitization by eGangotri

বেচারা, বেচারী, *a.* Wretched; pitiable; helpless; poor:—*n.* wretch; poor fellow.

বেচাল, *n.* Wrong move or conduct; impropriety; wild behaviour:—*a.* ill-behaving; wicked; improper.

বেজন্মা, *a.* Illegitimate:—*n.* bastard.

বেজাত, *a.* Of a different or low caste.

বেজায়, *a.* Too much; immoderate; excessive:—*ad.* excessively; very much.

বেজার, *a.* Vexed; angry; cross; sulky; morose; sullen; displeased. বেজার ধরানো—Be worried; be vexed.

বেজি, *n.* Mongoose; ichneumon.

বেজিত, *a.* Afraid; anxious.

বেঞ্চ, বেঞ্চি, *n.* Bench.

বেটন, বেটম, *n.* Cover; wrapper; baton.

বেটা, ব্যাটা, *n.* Son; infant boy; rascal; knave; fellow.

বেটাইম, *a.* Untimely:—*n.* improper time.

বেটাছেলে, *n.* Male; man; lad; male child. [wrench.

বেটী, *n.* Female child; daughter;

বেঠিক, *a.* Not right or just; improper; not sober; incorrect; inaccurate.

বেড়, *n.* Enclosure; hedge; girth; circumference of a circle. বেড় দেওয়া—Encircle; hem in. বেড়িয়া থাকা—Encircle; surround.

বেড়া, *n.* Fence; hedge; enclosure; hedge-row; railing:—*v.* enclose; surround:—*a.* enclosed; surrounded. বেড়া বাঁধা—Run up a hedge-row.

বেড়ানো, *v.* Walk; wander about; travel; stroll. বেড়াইতে যাওয়া—Go out for a walk. বেড়াইয়া বেড়ানো—Stroll about idly.

বেড়ি, *n.* Tongs; (পায়ের) chains; fetters; shackles. বেড়ি দেওয়া, বেড়ি পরানো—Put in chains; fetter.

বেড়ে, *a.* Good; excellent; fine.

বেডোল, বেডোল, *a.* Ill-fashioned; ill-formed; ungainly; misshapen; ill-shaped.

বেঢপ, *a.* Ugly; deformed; awkward; misshapen.

বেণী, বেণি, *n.* Braid of hair; plait; pigtail. বেণী বাঁধা—Braid; tress.

বেণীবিন্ধ, *a.* Tressed.

বেণু, *n.* Bamboo; pipe; flute; fife.

বেণুধ্বনি—Same as বেণুরব।

বেণুবন, *n.* Cluster of bamboos.

বেণুবাদক, *n.* Flute-player; piper.

বেণুরব, *n.* Music or sound of a flute.

বেণে, বেণিয়া, *n.* Trader; dealer; merchant; grocer.

বেণেতি, *a.* Relating to a grocer. বেণেতি জিনিসপত্র—Groceries.

বেত, *n.* Cane; rattan; reed. বেত মারা—Flog. বেতের চৌকি—Rattan chair.

বেতন, *n.* Pay; salary; wages; hire; fee; reward.

বেতনক্রম, *n.* Scale of pay.

বেতনগ্রাহী, *a.* Salaried; paid.

বেতনদায়ক, *n.* Pay bill.

বেতনপত্রী, *n.* Payslip.

বেতন-বিহিতক, *n.* Wages Act. বেতন-বিহিতক অনুসারে অধিকারী—Authority Under the Payment of Wages Act.

বেতনভুক্, বেতনভোগী, *a.* Paid; salaried.

বেতনাধিকরণের নামমুদ্রা—Seal of the Authority Under the Payment of Wages Act.

বেতর, *a.* Opposite; contrasted.

বেতরিবত, *a.* Ill-mannered; ill-bred; churlish; uncultured; unmannerly.

বেতস, *n.* Rattan; cane.

বেতসপত্র, *n.* Leaf of a cane-plant.

বেতাগ, *a.* Not well-aimed; not properly aimed.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বেতানো, *v.* Whip; cane; flog; lash.
বেতার, *n.* Radio; wireless telegraph: —*a.* wireless; distasteful; tasteless; insipid. বেতার টেলিগ্রাফ—Wireless Telegraph. বেতার টেলিফোন—Wireless Telephone.
বেতার-পরিদর্শক, *n.* Wireless Telegraph Inspector. [radio news.
বেতারবার্তা, *n.* Wireless message;
বেতার-যন্ত্র, *n.* Radio.
বেতাল, *n.* Discordance; want of tune or measure; dropping of a metrical unit; ghost; evil spirit; sprite; demon:—*a.* same as বেতালা।
বেতালসিদ্ধ, *a.* Commanding devils or evil spirits.
বেতালা, *a.* Discordant; measureless; tuneless; unrhythmical; falling short of a musical measure; not keeping time; out of time or tune; ill-timed.
বেতী, *a.* Exempted; made of cane: —*n.* stick of cane; thin bamboo splinter.
বেতো, *a.* Rheumatic; flabby; gouty.
বেত্তা, *a.* Knowing; acquainted with; versed in (বিজ্ঞানবেত্তা—versed in science).
বেত্র, *n.* Cane; reed.
বেত্রদণ্ড, *n.* Punishment of whipping.
বেত্রধারী, *a.* Carrying a rattan or cane.
বেত্রাঘাত, *n.* Whipping; flogging; stroke with a cane. বেত্রাঘাত করা—Whip; cane; lash.
বেত্রাসন, *n.* Cane seat.
বেত্রাহত, *a.* Whipped; caned.
বেদ, *n.* The *Vedas* (the sacred scriptures of the *Hindus*).
বে-দখল, *a.* Dispossessed; ousted; not in possession; not occupied; excluded. বে-দখল করা—Dispossess; oust. বে-দখল হওয়া—Be dispossessed; be ousted.
বে-দখলি, *n.* Dispossession; ousting.
বেদচতুষ্টয়, *n.* The four *Vedas.*
বেদজ্ঞ, *a.* Conversant with the *Vedas.* [*Vedas.*
বেদজ্ঞান, *n.* Knowledge of the
বেদড়া, ব্যাদড়া, *a.* Unbecoming; odd.
বেদন, *n.* Perception; sensation; knowledge; pain; agony; ache.
বেদনা, *n.* Pain; agony; ache; sorrow; grief. বেদনা করা—Ache. বেদনা দেওয়া—Pain; inflict pain upon; make one suffer; oppress; torment. বেদনা পাওয়া—Be pained; be grieved.
বেদনাজনক, বেদনাদায়ক, *a.* Painful; causing pain.
বেদনাবোধ, *n.* Feeling of pain; painful feeling.
বেদনিন্দক, *n.* Reviler of the *Vedas*; infidel; blasphemer.
বেদনীয়, *a.* Perceptible; knowable; cognizable; to be known.
বেদপরাগ, *a.* Versed in the *Vedas*; well-read in the *Vedas.*
বেদবাক্য, *n.* Text of the *Vedas*; absolute truth; gospel truth.
বেদবিৎ, *a.* Knowing the *Vedas*; acquainted with or versed in the *Vedas.*
বেদবিহিত, *a.* Enjoined or prescribed by the *Vedas*; scriptural.
বেদবেদাঙ্গ, *n.* The *Vedas* and their branches.
বেদব্যাস, *n. Vyasa,* the compiler of the *Vedas.*
বেদম, *a.* Breathless; out of breath: —*ad.* breathlessly. বেদম মারা বা প্রহার করা—Give a sound beating; thrash; beat black and blue.
বে-দরকারী, *a.* Unnecessary; useless; needless.
বে-দরদ, *a.* Heartless; callous.
বেদল, *n.* Opposite party; opposition group.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বেদসম্মত, *a.* Sanctioned or approved by the *Vedas.*

বে-দস্তুর, *a.* Unconventional; not formal; contrary to practice; opposed to custom.

বেদাঁড়া, *a.* Unusual; irregular.

বেদাগ, বেদাগী, *a.* Stainless; spotless.

বেদাঙ্গ, *n.* Branches of the *Vedas.*

বেদাধ্যাপন, বেদাধ্যাপনা, *n.* Teaching of the *Vedas.*

বেদাধ্যায়ী, *n.* Student of the *Vedas*:—*a.* studying the *Vedas.*

বেদানা, *n.* Pomegranate.

বেদান্ত, *n.* The *Vedanta* system of philosophy; *Upanishad.*

বেদান্তবাদ, *n.* Doctrine of the *Vedanta* philosophy.

বেদান্তবাদী, বেদান্তী, *n.* Follower of *Vedanta* philosophy.

বেদাভ্যাস, *n.* Study of the *Vedas.*

বেদামী, *a.* Priceless; valueless.

বেদি, বেদিকা, বেদী, *n.* Altar; pulpit; dias; platform; scaffold; sacrificial place.

বেদিত, *a.* Made known; represented; instructed; submitted.

বেদিতব্য, বেদ্য, *a.* Knowable; proper to be learnt; to be understood; to be instructed.

বেদী—See বেদি।

বেদুইন, *n. Bedouin;* nomadic Arab; nomad. [nomad.

বেদে, *n.* Gipsy; wandering tribe;

বেদেনী, *n.* Gipsy woman.

বেদোক্ত, *a.* Told in the *Vedas;* mentioned or laid down in the *Vedas.*

বেদ্য—See বেদিতব্য।

বেধ, *n.* Perforation; digging or piercing through; puncture; thickness; width; depth.

বেধক, বেধী, *a.* Piercing; perforating:—*n.* perforator; drill.

বেধড়ক, *a.* Without measure; excessive; violent; merciless.

বেধন, *n.* Boring; penetration.

বেধনী, বেধনিকা, *n.* Boring instrument; auger; awl; drill.

বেধনীয়, বেধ্য, *a.* To be pierced or penetrated or bored:—*n.* target; mark; butt for archers.

বেধিত, *a.* Perforated; pierced; bored.

বেধী—See বেধক।

বেধ্য, *n.* Target.

বেনা, *n.* Verbena. বেনার মূল—Vetiver.

বেনাম, *n.* Fictitious name; transferring to another's name. বেনাম করা—Transfer to another's name. বেনামে করা—Do under another's name. বেনামে লেখা—Write under a pseudonym.

বেনামদার, *n.* One whose name is published as the owner of a property instead of its real owner.

বেনামা, বেনামী, *a.* Anonymous; transferred to another's name. বেনামা করা, বেনামী করা—Transfer to another's name. বেনামা চিঠি, বেনামী চিঠি—Anonymous letter. বেনামা সম্পত্তি, বেনামী সম্পত্তি—Property transferred to another's name.

বেনারসী, *a.* Made of Banaras silk; made in Banaras:—*n.* woman's *sari* made of Banaras silk.

বেনিয়া, বেনে, *n.* Merchant; trader; dealer; grocer.

বেনিয়ান, *n.* Guernsey; banyan; banian; broker of a merchant company.

বেনুন, বেন্নন, *n.* Curry.

বেনে—See বেনিয়া।

বেনেতি—Same as বেণেতি।

বেনো, *a.* Of flood; entered as flood.

বেনোজল, *n.* Flood-water.

বেপছন্দ, *a.* Disliked; disapproved.

বেপথু, বেপন, *n.* Trembling; tremor; shaking; quaking.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বেপমান, *a.* Shaking; quaking; trembling.

বেপরোয়া, *a.* Reckless; fearless; unconcerned; desperate; rash; putting up a bold front; secured; assured. বেপরোয়া থাকা—Be carefree or rash; live desperately; be full of dash; be a dare-devil; rest assured. বেপরোয়া লোক—Desperado; reckless person.

বেপরোয়ানা, *a.* Without warrant or order.

বেপর্দা, *a.* Exposed; shameless.

বেপার, *n.* Matter; affair; trade; commerce; profit.

বেপারী, *n.* Trader; dealer; merchant. চালের বেপারী—Dealer in rice.

বেপোট, *a.* Out of the way; disadvantageous.

বেফাঁস, বেফাস, *a.* Exposed; divulged; unfit to be mentioned; improper; indiscreet; tactless; obscene.

বেফায়দা, *a.* Useless; unprofitable; futile; vain.

বেবন্দোবস্ত, বেবন্দেজ, *n.* Inadequate arrangement or want of arrangement:—*a.* without arrangement; non-regulated; unsettled.

বেবন্দোবস্তী, বেবন্দেজী, *a.* Unsettled; non-regulated. বেবন্দোবস্তী মহল—Non-regulated district.

বে-বশ, *a.* Benumbed; paralysed.

বেবাক, *a.* All; whole; entire; full. বেবাক টাকা—Whole amount of money.

বেমক্কা, *a.* Out of place; unseasonable; inopportune.

বেমজবুত, *a.* Not lasting; not strong; weak; not durable.

বেমরসুম, *n.* Not the proper season:—*a.* untimely; unseasonable.

বেমানান, *a.* Unbecoming; unfit; ill-matched.

বেমার, *a.* Sick; ill; ailing; unwell.

বেমারি, *n.* Illness; sickness.

বেমালুম, *a.* Imperceptible; unknown:—*ad.* without the knowledge of others.

বেমিল, *n.* Disagreement.

বেমেরামত, *a.* Out of repair; wanting in repair.

বেয়াই—Same as বেহাই।

বেয়াড়া, *a.* Out of size or shape; unsymmetrical; ugly; impertinent; disobedient; gone astray; perverse.

বেয়াদব—See বেআদব।

বেয়াদবি—See বেআদবি।

বেয়ান—Same as বেহান।

বেয়ারা, *n.* Bearer.

বেয়ারাম, *n.* Illness; disease.

বেয়ারিং, *n.* Bearing. বেয়ারিং চিঠি—Letter without proper postage. বেয়ারিং পোস্ট—Bearing post.

বের—Same as বাহির। বের হওয়া—Go or come out; be published; be exposed.

বেরং, বেরঙ্, *a.* Discoloured:—*n.* different colour; spoilt colour.

বেরনো, বেরুনো, *v.* Go out; be out.

বেরসিক, *a.* Prosaic; lacking wit; without humour; wanting in the sense of humour; blunt; without good taste.

বেরাল, বেড়াল—Same as বিড়াল।

বেল্লিবেরি, *n.* *Berry-berry.*

বেরুনো—See বেরনো।

বেল, *n.* Marmelos fruit; wood-apple; bell; bail; frill; lace; Arabian jasmine. বেলে খালাস করা—Bail one out. বেলের মোরব্বা—See বেলমোরব্বা।

বেলদার, *a.* Frilled.

বেলন, বেলনা, *n.* Rolling pin; roller for making pastry, etc.

বেলন-লেন্স, *n.* Cylindrical lens.

বেলনাকার, *a.* Cylindrical (stem).

বেলফুল, *n.* Arabian jasmine.

বেলমোজা, *ad.* In all; totally; all told; in the lump.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বেলমোরব্বা, বেলের মোরব্বা, *n.* Preserve or jam of wood-apple.
বেলসুঁট, *n.* Pieces of the dried wood-apple.
বেলা, *n.* Time; day-time; season; late hour; turn; flow-tide; tide; sea-shore; occasion; opportunity; Arabian jasmine:—*v.* flatten with a rolling pin. এখন বেলা কত—What is the time now? পরের বেলায়—In another's turn; in the case of others. বেলা করা—Be late in the morning. বেলা করিয়া উঠা—Rise late. বেলা ঝিকমিক করা—Be about sunset. বেলা পড়া—(Of the day) draw to a close. বেলা হইয়াছে—It is late in the day. বেলা হওয়া—Grow late in the morning.
বেলানিল, *n.* Sea-breeze.
বেলাবসান, *n.* Close of the day; afternoon; evening.
বেলাবেলি, *ad.* In the day time; before it is too late.
বেলাভূমি, *n.* Sea-shore.
বেলামুখ, *n.* Beach-head.
বেলি, *n.* Platter of brass or bell-metal.
বেলিফ, *n.* Bailiff.
বেলিফ-অধীক্ষক, *n.* Superintendent of Bailiffs.
বেলুন, *n.* Balloon; rolling-pin.
বেলে, *a.* Sandy:—*n.* kind of fish.
বেলেখেলা, *n.* False play.
বেলেপাথর, *n.* Sandstone.
বেলেল্লা, *a.* Devoid of common sense; shameless; impudent; vulgarly jocose.
বেলেল্লাগিরি, *n.* Lasciviousness; waywardness.
বেলেস্তারা, *n.* Blister.
বেলোয়ারী, *a.* Made of glass. বেলোয়ারী আসবাব—Glass furniture. বেলোয়ারী চুড়ি—Glass *churis* or wristlets. বেলোয়ারী বাসন—Glassware.
বেলোর্মি, *n.* Tidal wave.
বেল্লিক, *a.* Foolish; shameless.
বেশ, *n.* Dress; decoration:—*a.* good; nice; excellent:—*ind.* Well! Good! বেশ করা—Dress; act according to one's liking; do well; do one's best; spare no pains. বেশ করিয়া—Thoroughly; nicely; after dressing. বেশ দু'পয়সা—Good income. বেশ ধারণ করা—Put on an appearance. বেশ হয়েছে—Well done; rightly served.
বেশকম, *n.* Slight increase or decrease; difference:—*a.* more or less.
বেশকার, *n.* Dresser.
বেশধারী, *n.* One assuming a garb; hypocrite; dissembler. *fem.*=বেশধারিণী।
বেশবিন্যাস, *n.* Dressing; make-up; attire; toilet. বেশবিন্যাস করা—Dress; make up.
বেশভূষা, *n.* Dress and decoration.
বেশভূষাপরায়ণ, *n.* Dandy:—*a.* foppish; fond of dressing nicely.
বেশরম, *a.* Shameless; impudent.
বেশি, *n.* Excess; surplus. আমি বেশি চাহি না—I do not want much. বেশির ভাগ—Quantity in excess; majority. বেশির ভাগ লোক—Majority.
বেশী, *a.* Excessive; in excess; more; much; too much; dressed or guised (ভদ্রবেশী—dressed as a gentleman). বেশী ভাগ—Greater part; lion's share.
বেশুমার, *a.* Uncounted; numberless; countless; innumerable.
বেশ্যা, *n.* Prostitute; harlot; whore.
বেশ্যাগমন, *n.* Cohabiting with a prostitute.
বেশ্যাগামী, *a.* Cohabiting with a prostitute.
বেশ্যাগিরি, বেশ্যাবৃত্তি, *n.* Prostitution; harlotry.
বেশ্যালয়, *n.* Brothel.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বেশ্যাসক্ত, *a.* Visiting prostitutes :—*n.* whore-monger; lecher. বেশ্যাসক্ত ব্যক্তি—Whore-monger.

বেষ্ট, *n.* Enclosure; circumference.

বেষ্টক, *a.* Surrounding; encompassing; enclosing :—*n.* one who encloses; winding.

বেষ্টন, *n.* Surrounding; enclosing; encircling; girdle; circumference. বেষ্টন করা—Enclose; surround; gird; hem in.

বেষ্টনী, *n.* Girdle; run; flap; cordon; girth.

বেষ্টিত, *a.* Surrounded; enclosed; fenced; encircled.

বেসন, বেসম, *n.* Powdered pulse; pulse meal.

বেসরকারী, *a.* Unofficial; non-official; private.

বেসরম—Same as বেশরম।

বেসাত, *n.* Goods; wares; capital; property.

বেসাতি, *n.* Buying and selling. বেসাতি করা—Traffic; trade.

বেসাতী, *n.* Pedlar; shopkeeper; merchandise; articles for sale.

বেসামরিক, *a.* Non-military; civil.

বেসামাল, *a.* Off one's balance; in a state of unbalance; not sober; embarrassed; nonplussed; put out of countenance; shame-faced; crest-fallen; out of order; deranged.

বেসাল, *n.* Vessel for boiling milk; pail.

বেসুদী, *a.* Without interest or profit; not bearing interest.

বে-সুমার, *a.* Uncounted.

বেসুরা, বেসুর, বেসুরো, *a.* Out of tune; untuned; discordant. সে বেসুরো গাইছে—He sings out of tune.

বেহক, *a.* False; unjust.

বেহকদার, *a.* Unclaimed.

বেহদ্দ, *a.* Without limit; boundless; beyond measure. বেহদ্দ বেহায়া—Impudent or shameless fellow; skunk.

বেহাই, *n.* Father-in-law of a son or daughter; father of a son-in-law or daughter-in-law.

বেহাত, *a.* Out of possession; out of hand; beyond one's disposal.

বেহান, *n.* Mother-in-law of a son or daughter; mother of a son-in-law or daughter-in-law.

বেহায়া, *a.* Impudent; shameless; saucy; cheeky; brazen-faced.

বেহায়াপনা, *n.* Impudence; sauciness; pertness; shamelessness.

বেহারা, *n.* Bearer.

বেহারী, *n.* Native of *Bihar* :—*a.* of *Bihar*.

বেহাল, *a.* In a bad condition; wretched; resourceless; indisposed; without rudder.

বেহালা, *n.* Violin; fiddle. বেহালা বাজানো—Play on a violin. বেহালার ছড়—Violin bow; fiddlestick

বেহালাদার, বেহালাবাদক, *n.* Violinist; fiddler.

বেহিসাব, *n.* Want of account; anomaly or disagreement in accounts; extravagance; recklessness; immoderation :—*a.* without any account; unaccounted; extravagant; reckless; spendthrift; immoderate. বেহিসাবে খরচ করা—Spend extravagantly or lavishly.

বেহিসাবী, *a.* Same as বেহিসাব (*a.*). বেহিসাবী খরচ—Lavish or reckless expenditure. বেহিসাবী লোক—Spendthrift.

বেহুঁশ, বেহোশ, *a.* Unconscious; senseless; insensible; delirious.

বেহেড, *a.* Crack-brained; senseless; devoid of common sense; off one's head; sottish.

বেহেশ্‌ত, বেহেস্ত, *n.* Heaven.

বৈ, বই, *ind.* Except; but; without;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

besides. [কয়েকটি বিশিষ্ট প্রয়োগ:— আমার এই কলমটি বৈ আর কলম নাই—I have no *other* pen *than* this. একজন বৈ আর কোন চিকিৎসক এখানে নেই—There is *but* one physician here. তুমি একজন সাধারণ ছাত্র বৈ তো নও—You are *no other than* an ordinary student.] [variant.

বৈকল্পিক, *a.* Optional; alternative;

বৈকল্য, *n.* Disorder; deformity; defect; imperfection; confusion; derangement; inertness; breakdown; lassitude.

বৈকাল—Same as বিকাল।

বৈকালিক, বৈকালীন, *a.* Occurring in the afternoon. বৈকালিক চা পান—Afternoon tea.

বৈকালী, *n.* Eatables offered to a deity in the evening.

বৈকালীন—See বৈকালিক।

বৈকি, *ind.* Of course; oh, yes; surely; to be sure.

বৈকুণ্ঠ, বৈকুণ্ঠধাম, বৈকুণ্ঠপুরী, *n.* Abode of *Vishnu;* heaven.

বৈকুণ্ঠনাথ, বৈকুণ্ঠপতি, *n. Vishnu.*

বৈক্লব্য, *n.* Mental agitation; prostration of the mind; confusion; perplexity.

বৈগুণ্য, *n.* Defect; fault; defectiveness; imperfection; omission.

বৈচক্ষণ্য, *n.* Shrewdness; judiciousness; sharpness of intelligence; keenness of insight; acute perception.

বৈচিত্র্য, *n.* Variety; diversity; wonder; strangeness; beauty; loveliness.

বৈজয়ন্তী, *n.* Flag; banner; garland; staircase; ladder.

বৈজয়িক, *a.* Triumphal.

বৈজাত্য, *n.* Anti-national feeling; feeling of an alien; estrangement; aping the manners of a foreigner; specific difference; contrariety.

বৈজিক, *a.* Algebraical; radical; seminal; pertaining to seed. বৈজিক রাশি—Algebraical quantity.

বৈজ্ঞানিক, *a.* Scientific; expert in or conversant with science:—*n.* scientist. বৈজ্ঞানিক গবেষণা—Scientific research.

বৈজ্ঞানিকী, *n.* Scientific achievements; books or treatises on science.

বৈঠক, *n.* Sitting; session; assembly; meeting.

বৈঠকখানা, *n.* Drawing-room; parlour; sitting-room.

বৈঠকী, *a.* Befitting a court or assembly. বৈঠকী গান—Court music.

বৈঠা, ব'ঠে, *n.* Oar; paddle for rowing a boat. বৈঠা মারা—Ply a paddle.

বৈড়াল, *a.* Feline.

বৈড়ালব্রত, *n.* Hypocrisy; duplicity; double-dealing.

বৈড়ালব্রতিক, বৈড়ালব্রতী, *n.* Hypocrite; double-dealer.

বৈতনিক, *a.* Paid; hired; stipendiary.

বৈতরণি, বৈতরণী, *n.* River of Hades; Styx; *Baitarani.*

বৈতালিক, বৈতাল, *n.* Bard; minstrel; panegyrist.

বৈদগ্ধ্য, বৈদগ্ধ, *n.* Wisdom; humour; wit; cleverness; skill; expertness; craft.

বৈদান্তিক, *n.* Man versed in the *Vedanta*:—*a.* of the *Vedanta;* versed in the *Vedanta.*

বৈদিক, *a. Vedic;* scriptural; versed in the sacred writings of the *Vedas*:—*n. Vaidic,* a class of Brahmins. বৈদিক যুগ—The *Vedic* age.

বৈদূর্য, *n.* Chrysoberyl; cat's-eye.

বৈদেশিক, *a.* Foreign; alien; exotic. বৈদেশিক অধিকার আদেশ—Foreign Jurisdiction Order.

বৈদেহ, *a.* Of *Videha.*

বৈদ্য, *n.* Physician; doctor; *Hindu* medical caste.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৈদ্যক, বৈদ্যশাস্ত্র, *n. Hindu* science of medicine.

বৈদ্যনাথ, *n. Shiva.*

বৈদ্যরাজ, *n.* Eminent physician.

বৈদ্যসংকট, *n.* Doctor's dilemma.

বৈদ্যুত, বৈদ্যুতিক, *a.* Electric; electrical. বৈদ্যুতিক আলো, বৈদ্যুতিক বাতি—Electric light. বৈদ্যুতিক ঘণ্টা—Electric bell. বৈদ্যুতিক ট্রেন—Electric train. বৈদ্যুতিক পাখা—Electric fan. বৈদ্যুতিক পাখা চালানো—Switch on the electric fan.

বৈধ, *a.* Lawful; legal. বৈধ কার্য, বৈধ ক্রিয়া—Lawful act or rite.

বৈধব্য, *n.* Widowhood.

বৈধব্যবাস, *n.* Widow's weeds.

বৈধর্ম্য, *n.* Atheism; apostacy; difference of nature or religious creed; heterodoxy; contrast.

বৈনয়িক, *a.* Perfect.

বৈপরীত্য, *n.* Contrariety; opposition; inversion.

বৈপিত্র, বৈপিত্রেয়, *a.* Born of the same mother by a different father; uterine. বৈপিত্র ভ্রাতা বা ভগিনী—Half-brother or half-sister; uterine brother or sister.

বৈপ্লবিক, *a.* Revolutionary; seditious.

বৈবর্ণ্য, বৈবর্ণ, *n.* Discoloration; colourlessness; pallor; lividness; paleness.

বৈবাহিক, *a.* Of marriage; matrimonial; nuptial:—*n.* same as বেহাই। বৈবাহিক সম্বন্ধ—Matrimonial alliance.

বৈবাহিকা, বৈবাহিকী—Same as বেহান।

বৈভব, *n.* Wealth; prosperity; opulence; grandeur; glory; dignity; divinity.

বৈভবশালী, *a.* Wealthy; rich; prosperous; well-to-do; opulent.

বৈভাষিক, *a.* Optional; alternative.

বৈমনস্য, *n.* Absent-mindedness.

বৈমাত্র, বৈমাত্রেয়, *a.* Born of a step-mother. বৈমাত্র ভ্রাতা, বৈমাত্রেয় ভ্রাতা—Half-brother.

বৈমাত্রী, বৈমাত্রেয়ী, *a. fem.* Same as বৈমাত্র। বৈমাত্রী ভগিনী, বৈমাত্রেয়ী ভগিনী—Half-sister.

বৈমানিক, *a.* Aeronautical:—*n.* aeronaut; aviator. বৈমানিক পরিমাপ—Aeronautical survey.

বৈমুখ, *a.* Averse; opposed; having a dislike.

বৈমুখ্য, *n.* Aversion; dislike; withdrawal; retreat.

বৈয়ক্তিক, *a.* Relating to an individual.

বৈয়াকরণ, *a.* Of grammar; skilled in grammar:—*n.* grammarian.

বৈয়াকরণিক, *n.* Grammarian.

বৈয়াঘ্র, *a.* Covered with a tiger's skin.

বৈর, *n.* Enmity; hostility.

বৈরকার, *a.* Hostile; inimical.

বৈরনির্যাতন, *n.* Requital of enmity; revenge; retaliation. বৈরনির্যাতন করা—Retaliate; revenge.

বৈরভাব, *n.* Hostile spirit; ill-blood.

বৈরসাধন, *n.* Hostility; doing enmity; injuring; doing harm or mischief.

বৈরাগী, *a.* Free from worldly attachment; indifferent; apathetic; stoic:—*n.* ascetic; stoic; mendicant; *Vaishnava* anchorite.

বৈরাগ্য, *n.* Indifference to the world; freedom from passion; apathy; stoicism; indifference to the worldly affairs.

বৈরাগ্যোদয়, *n.* Awakening of the spirit of renunciation.

বৈরিতা, *n.* Enmity; hostility.

বৈরী, *n.* Enemy; foe.

বৈরূপ্য, *n.* Change; perversion; altered state.

বৈলক্ষণ্য, *n.* Difference; contrariety; divergence; deviation; distinction; change; peculiarity; uncommonness.

বৈশাখী, *a.* Of the month of *Vaisha-*

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

kha. বৈশাখী ঝড়—North-wester; nor'-wester.

বৈশিষ্ট্য, *n.* Speciality; peculiarity; pre-eminence; superiority; distinction; characteristic.

বৈশিষ্ট্যরেখা, *n.* Characteristic curve.

বৈশ্বানর, *n.* Fire; god of fire.

বৈশ্লেষিক, *a.* Analytical. বৈশ্লেষিক রসায়ন—Analytical Chemistry.

বৈষম্য, *n.* Inequality; difference; discrimination.

বৈষম্যমূলক, *a.* Discriminating; discriminatory. বৈষম্যমূলক আচরণ—Discriminatory or differential treatment.

বৈষয়িক, *a.* Relating to wealth or property; worldly; objective. বৈষয়িক বিবাদ—Dispute or litigation of properties. বৈষয়িক ব্যাপার—Worldly affairs; worldly concerns.

বৈষ্ণব, *a.* Of *Vishnu* :—*n. Vaishnava's* follower or worshipper of *Vishnu.*

বৈষ্ণবী, *n. Vaishnava* woman.

বৈসাদৃশ্য, *n.* Dissimilarity; contrast; difference; unlikeness.

বোঁ, *ind.* Word denoting *buzzing* or *swiftness.* বোঁ করিয়া—Whirringly; dartingly.

বোঁচকা, বোচকা, *n.* Package; bundle; [parcel; baggage.

বোঁচকা-বুঁচকি, *n.* Luggage. বোঁচকা-বুঁচকি সমেত—Bag and baggage.

বোঁচা, *a.* Flat-nosed; lopped off; shorn off; cut off.

বোঁটা, বোঁট, *n.* Stalk of a leaf; stem; nipple; teat.

বোকা, *a.* Foolish; stupid; unintelligent; silly. বোকা বনা—Be made a fool of; be befooled. বোকা বানানো—Make a fool of. বোকা বুঝানো—Make a fool of; befool.

বোকাচণ্ডী—Same as বোকারাম।

বোকাছাগল, বোকাপাঁঠা, *n.* Full-grown he-goat; out and out fool; dunce; silly ass; congenital idiot.

বোকামি, বোকামো, *n.* Stupidity; silliness.

বোকারাম, *n.* Simpleton; dolt.

বোচকা—See বোঁচকা।

বোজা, *v.* Be shut or closed; be filled up.

বোজানো, *v.* Shut or close; fill.

বোঝা, *n.* Burden; load; perception: —*v.* understand; feel.

বোঝাই, *n.* Loading; load:—*a.* loaded. বোঝাই করা—Load. বোঝাই নৌকা—Loaded boat.

বোঝা-টানা, *a.* Load-carrying. বোঝা-টানা ঘোড়া—Pack-horse. বোঝা-টানা পশু—Beast of burden.

বোঝানো, *v.* Explain; give one to understand; console; give solace.

বোঝাপড়া, *n.* Mutual understanding. বোঝাপড়া করা—Come to or arrive at a mutual understanding or settlement; make a compromise.

বোট, *n.* Boat.

বোটকা, *a.* Goatish; bad-smelling.

বোটে, *n.* Oar.

বোঠান, *n.* Wife of elder brother.

বোড়া, *n.* Viper; boa constrictor.

বোড়ে, *n.* Pawn (in chess).

বোতল, *n.* Bottle. বোতল টানা—Drink wine. বোতলে পোরা, বোতলে ভরা—Bottle. তাহার বোতল টানা অভ্যাস আছে—He has got the habit of drinking wine.

বোতল-ধাবক, কুপীধাবক, *n.* Bottle-washer.

বোতাম, *n.* Button. বোতাম পরানো, বোতাম লাগানো—Button; sew a button into. বোতামের ঘর বা ঘাট—Button-hole.

বোদ, *n.* Deep mud; mire.

বোদা, *a.* Tasteless; vapid; brackish; insipid.

বোদ্ধা, *n.* One who comprehends; appreciator; intelligent person.

বোধ, *n.* Feeling; intelligence;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

understanding; sense; perception; knowledge; awakening. আমার বোধ হয়—It seems to me; I suppose; methinks. বোধ করা—Feel; think; suppose. বোধ হওয়া—Seem; appear.

বোধক, *a.* Indicating; explaining; informing; awakening.

বোধগম্য, *a.* Intelligible; understandable (বোধগম্য ভাষায়—in understandable language); comprehensible. বোধগম্য করা—Make intelligible; explain.

বোধন, *n.* Awakening; rousing; inspiration; invocation of *Durga.*

বোধনীয়, *a.* Comprehensible; knowable.

বোধশক্তি, *n.* Feeling; power of understanding; sense.

বোধশক্তিরহিত, বোধশক্তিশূন্য, বোধশক্তিহীন, *a.* Deprived of feeling; callous; unfeeling; idiotic; without intelligence; senseless.

বোধশক্তিহীনতা, *n.* Want of feeling; idiocy; stupidity; senselessness.

বোধশোধ, বুদ্ধিশুদ্ধি, *n.* Power of understanding; common sense; mother wit.

বোধাতীত, *a.* Past or beyond comprehension; unknown and unknowable; incomprehensible; unintelligible.

বোধি, *n.* Intuition; intellect; understanding.

বোধিকা, *a. fem.* Same as বোধক।

বোধিত, *a.* Made known or intelligible; convinced; awakened; roused.

বোধিতব্য, *a.* To be made known.

বোধিতরু, বোধিদ্রুম, বোধিবৃক্ষ, *n.* Holy fig tree.

বোধিসত্ত্ব, *n.* Great *Buddha; Buddhist* saint.

বোধোদয়, *n.* Awakening of sense.

বোধ্য, *a.* Knowable; perceivable; comprehensible; to be informed or taught.

বোন, *n.* Sister.

বোনঝি, *n.* Niece; sister's daughter.

বোনপো, *n.* Nephew; sister's son.

বোনা, *v.* Sow; knit; weave.

বোনাই, *n.* Sister's husband.

বোনা-কাটা, *n.* Sowing and reaping.

বোবা, *a.* Dumb; mute; speechless:—*n.* dumb man.

বোমা, *n.* Bomb; pump; scoop. বোমা ছোড়া, বোমা মারা—Bomb.

বোমা-প্রতিরোধী, *a.* Bomb proof.

বোমাবর্ষণ, *n.* Bombing. বোমাবর্ষণ করা—Bomb.

বোমাবর্ষী বোমারু, *a.* Dropping bombs. বোমারু বিমান—Bomber.

বোম্বেটে, বোম্বেটিয়া, *n.* Pirate; marauder; sea-robber.

বোম্বেটেগিরি, *n.* Piracy; buccaneering.

বোয়াল, *n.* Sheat-fish.

বোরকা, *n.* Veil; covering for the whole body.

বোরা, *n.* Sack; gunny bag.

বোরো, *n.* Marsh rice.

বোল, *n.* Speech; word; sound; saying; instruction; advice; cant; catchword; witty remark; bud.

বোলচাল, *n.* Tall talk; bragging; blustering; pertness; precocity; style of speech; witty remarks; conversation; dialogue; speech and conduct.

বোলট্, *n.* Bolt. বোলট্ লাগানো—Fit with a bolt.

বোলতা, *n.* Wasp; hornet.

বোলানো, *v.* Rub over gently; smear; call.

বৌ—Same as বউ।

বৌকাট্‌কী, *n.* Nagging mother-in-law.

বৌদিদি, বৌদি, *n.* Wife of an elder brother.

বৌদ্ধ, *n. Buddhist*:—*a. Buddhistic.*

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৌদ্ধধর্ম, *n.* *Buddhism.*
বৌনি, *n.* Handsel.
ব্যক্ত, *a.* Expressed; said; stated; mentioned; uttered; spoken; clear; plain; evident; discernible; manifest; apparent; articulate; individual. ব্যক্ত করা—Express; manifest; reveal; declare; give vent to. ব্যক্ত হওয়া—Be disclosed or revealed; come to be known; be manifest.
ব্যক্তি, *n.* Person; individual.
ব্যক্তিগত, *a.* Personal; individual; private. ব্যক্তিগত জামিন—Personal security.
ব্যক্তিজনি, *n.* Ontogeny.
ব্যক্তিতন্ত্রতা—See ব্যক্তিবাদ।
ব্যক্তিতা, *n.* Individuality.
ব্যক্তিত্ব, *n.* Personality; individuality.
ব্যক্তিবাদ, ব্যক্তিতন্ত্রতা, *n.* Individualism.
ব্যক্তীকরণ, *n.* Revealing; revelation; manifestation.
ব্যক্তীকৃত, *a.* Revealed; manifested; laid bare; exposed.
ব্যগ্র, *a.* Anxious; eager; zealous; impatient.
ব্যগ্রতা, ব্যগ্রত্ব, *n.* Anxiety; eagerness; ardour.
ব্যঙ্গ, *n.* Ridicule; banter; joke; mockery; inward meaning; significance. ব্যঙ্গ করা—Mock; ridicule; chaff.
ব্যঙ্গকবিতা, ব্যঙ্গকাব্য, *n.* Parody; burlesque.
ব্যঙ্গচিত্র, *n.* Cartoon.
ব্যঙ্গপ্রিয়, *a.* Sarcastic; witty; jocose; facetious.
ব্যঙ্গ্য, *a.* Covert; implied.
ব্যঙ্গ্যার্থ, *n.* Suggestion; implication; figurative meaning; insinuation; covert hint.
ব্যঙ্গোক্তি, ব্যঙ্গোক্তি, *n.* Covert expression; innuendo; sarcasm; taunt; gibe; joke; insinuation; fling; hit.
ব্যজন, *n.* Fan; fanning. ব্যজন করা—Fan.
ব্যজনী, *n.* Fan.
ব্যঞ্জক, *a.* Suggestive; expressing; making clear or plain; manifesting; disclosing; indicative of.
ব্যঞ্জন, *n.* Curry; sauce; mark; sign; token; manifestation; suggestion; consonant.
ব্যঞ্জনসন্ধি, *n.* Conjunction of consonants.
ব্যঞ্জনা, ব্যঞ্জনাবৃত্তি, *n.* Suggestion; figurative mode of expression; insinuation; irony; sarcasm.
ব্যঞ্জনান্ত, *a.* Ending in a consonant.
ব্যতিক্রম, *n.* Exception; anomaly; inverted order; reversion; inversion; breach; violation; deviation; variation; omission; default. ব্যতিক্রম করা—Make an exception; do otherwise; deviate; transgress.
ব্যতিক্রমী, *n.* Defaulter.
ব্যতিক্রান্ত, *a.* Reversed; anomalous; inverted; deviated; violated; omitted.
ব্যতিব্যস্ত, *a.* Unusually busy; too busy; bustling; up and doing; occupied; disturbed. ব্যতিব্যস্ত করা—Disturb; harass. ব্যতিব্যস্ত হওয়া—Be in a flurry; bustle about; be in a nervous state of excitement; be distressed; keep oneself busy or engaged; have no breathing time.
ব্যতিরিক্ত, *a.* Excepted; distinct; different from; separated; other than.
ব্যতিরেক, *n.* Exception; exclusion; distinctness; difference.
ব্যতিরেকী, *a.* Excepting; excluding; distinguishing; negative; different; indirect. ব্যতিরেকী প্রমাণ—Indirect proof or evidence. ব্যতিরেকী ভাবে বলা—Affirm negatively.
ব্যতিরেকে, *ind.* Without; except; with the exception of; besides; over and above.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যতিষঙ্গ, *n.* Mutual relation.

ব্যতিহার, ব্যতীহার, *n.* Reciprocity; interchange; barter; exchange.

ব্যতীত, *ind.* Except; without.

ব্যতীপাত, *n.* Great and portentous calamity.

ব্যত্যয়, ব্যত্যায়, *n.* Deviation; transgression; violation; inversion; reversion. ব্যত্যয় বিবরণ—Deviation statement.

ব্যত্যয়ী, *a.* Anomalous.

ব্যত্যস্ত, *a.* Inverted; reversed; crossed.

ব্যথনবিন্দু, *n.* Pain spot.

ব্যথা, *n.* Pain; agony; distress; sorrow; ache. ব্যথা ওঠা—Labour. ব্যথা করা—Pain; ache. ব্যথা দেওয়া—Give pain; afflict. ব্যথা পাওয়া—Feel pain. ব্যথার ব্যথী—Sympathetic person; sympathizer.

ব্যথাকর, ব্যথাজনক, *a.* Painful; afflicting; excruciating.

ব্যথাতুর, *a.* Afflicted; distressed.

ব্যথা-নিবারক, *a.* Allaying or mitigating pain:—*n.* anodyne; pain-killer. ব্যথা-নিবারক ঔষধ—Anodyne.

ব্যথারহিত, ব্যথাশূন্য, ব্যথাহীন, *a.* Painless.

ব্যথিত, *a.* Pained; distressed; afflicted; sorrowful.

ব্যথিত-বেদন, *n.* Mental agony of the suffering; pain of one aggrieved.

ব্যথী, *a.* Pained; grieved; suffering; sympathizing:—*n.* sufferer; sympathizer.

ব্যধিকরণ, *a.* Having different locations.

ব্যধিজন, *n.* Relative, kinsman and friend.

ব্যপদেশ, *n.* Pretext; pretence; dodge; exigency.

ব্যপদেশে, *ad.* On the plea of; under the pretext of. কার্যান্তর ব্যপদেশে—On the pretext of a different work; on a different work.

ব্যপনয়ন, ব্যপাকৃতি, *n.* Denial; refusal; elimination; removal.

ব্যপনীত, ব্যপাকৃত, *a.* Denied; stopped; dissuaded.

ব্যপহরণ, *n.* Defalcation.

ব্যবকলন, *n.* Subtraction; deduction. ব্যবকলন করা—Subtract; deduct.

ব্যবকলিত, *a.* Subtracted; deducted.

ব্যবচ্ছিন্ন, *a.* Dissected; cut off.

ব্যবচ্ছেদ, *n.* Dissection; division; separation; analysis.

ব্যবচ্ছেদাগার, *n.* Dissection room.

ব্যবধান, *n.* Distance; intervention; intervening space; screen; fence; interval.

ব্যবধায়ক, *a.* Intervening; screening.

ব্যবধি, *n.* Heave.

ব্যবসা, *n.* Trade; business; profession. ব্যবসা করা—Trade (in); traffic (in).

ব্যবসাদার, *n.* Trader; tradesman; businessman:—*a.* professional; engaged in business.

ব্যবসাবাণিজ্য, *n.* Trade; commerce; business.

ব্যবসায়, *n.* Trade; business; profession; calling; occupation; vocation. ব্যবসায় করা—Same as ব্যবসা করা।

ব্যবসায়-কেন্দ্র, *n.* Centre of trade or commerce; trade-centre.

ব্যবসায়-শিক্ষা, *n.* Commercial education.

ব্যবসায়ী, *n.* Trader; merchant; tradesman; businessman:—*a.* following a trade or calling.

ব্যবসায়ী-প্রতিষ্ঠান, *n.* Mercantile firm.

ব্যবসায়ী-সংঘ, *n.* Chamber of Commerce; mercantile corporation.

ব্যবসায়ে, *ad.* By profession; by occupation.

ব্যবসিত, *a.* Resolved; ascertained; fixed; making efforts; devised; planned; designed.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যবস্থা, *n.* Arrangement; putting in order; rule; law; statute; provision; disposal; remedy. ব্যবস্থা ও পদ্ধতি—Organizations and Methods; system. ব্যবস্থা করা—Provide for; make arrangements for; prescribe. ব্যবস্থা দেওয়া—Give an opinion on a point of law; counsel; prescribe.

ব্যবস্থাদাতা, ব্যবস্থাদায়ক, *n.* Law-giver.

ব্যবস্থান, *n.* Staying; stay.

ব্যবস্থাপক, *a.* Legislating; law-giving; legislative: managing:—*n.* legislator; manager. ব্যবস্থাপক সভা—Legislative Assembly.

ব্যবস্থাপত্র, *n.* Prescription; written extract from the codes of law; legal opinion.

ব্যবস্থাপদ্ধতি, *n.* Rules and regulations.

ব্যবস্থাপন, *n.* Legislating; making laws; legislation; adjusting; management; disposal.

ব্যবস্থাপন-নিবন্ধ, *n.* Disposal register.

ব্যবস্থাপরিষদ্, *n.* Legislative Council.

ব্যবস্থাপিত, *a.* Legislated; enacted; disposed of.

ব্যবস্থাশাস্ত্র, *n.* Jurisprudence; code of law.

ব্যবস্থাসংগত, ব্যবস্থাসম্মত, *a.* Lawful; legal.

ব্যবস্থিত, *a.* Arranged; settled; fixed; established; regulated; disposed of; resolved; solved; tidied up; arrayed; ordered; orderly.

ব্যবস্থিতচিত্ত, *a.* Determined; of settled mind; self-composed.

ব্যবহর্তব্য—Same as ব্যবহার্য।

ব্যবহর্তা, *n.* User; consumer; judge.

ব্যবহার, *n.* Behaviour; dealings; treatment; use; affair; practice; usage; custom; law; judicial procedure; lawsuit; trade; occupation. ব্যবহার করা—Make use of; use; apply; utilize. ব্যবহার হওয়া—Be in use; be applied.

ব্যবহারক, *n.* 'User;' consumer:—*a.* using; consuming.

ব্যবহার-করণিক, *n.* Bench clerk.

ব্যবহারগত, *a.* Practical; customary.

ব্যবহারজীবী, *n.* Lawyer; pleader; barrister.

ব্যবহারজ্ঞ, *a.* Versed in law.

ব্যবহারদর্শী, *n.* Judge; juror.

ব্যবহারদেশক, *n.* Solicitor.

ব্যবহার-প্রতিবেদক, *n.* Law Reporter.

ব্যবহার-প্রতিবেদন-সম্পাদক, *n.* Editor of Law Reports.

ব্যবহারবিদ্, *n.* Jurist:—*a.* versed in law.

ব্যবহারবিধি, *n.* Code of law; jurisprudence; law.

ব্যবহার-বিবরণ-সম্পাদক—Same as ব্যবহার-প্রতিবেদন-সম্পাদক।

ব্যবহারযোগ্য, *a.* Fit for use; to be used.

ব্যবহারশাস্ত্র, *n.* Law; jurisprudence.

ব্যবহারশাস্ত্রজ্ঞ, *a.* Proficient in law:—*n.* one proficient in law; lawyer; jurist.

ব্যবহারসংহিতা, *n.* Jurisprudence; law-code.

ব্যবহারাজীব—Same as ব্যবহারজীবী।

ব্যবহারিক—Same as ব্যাবহারিক।

ব্যবহারী, *a.* Using; consuming; litigant; judicial; customary.

ব্যবহার্য, *a.* Serviceable; in working order; fit for use; fit to be applied.

ব্যবহিত, *a.* Set apart; separated; removed; surpassed; performed; remote; distant; concealed.

ব্যবহৃত, *a.* Used; applied, practised; treated; enjoyed; possessed.

ব্যভিচার, *n.* Adultery; going astray; deviation from the proper course; transgression; exception to a rule. ব্যভিচার করা—Commit adultery; transgress; behave contrarily; deviate from.

ব্যভিচারিণী, *a. fem.* Same as ব্যভিচারী (*a.*):—*n.* adulteress.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যভিচারী, *a.* Adulterous; profligate; wanton; loose; going astray; deviating; dissolute:—*n.* adulterer.

ব্যভিসরণ, *n.* Elopement.

ব্যয়, *n.* Expenditure; expense; cost; consumption; loss. ব্যয় করা—Spend. ব্যয় নির্বাহ করা—Defray expenses; bear the cost. ব্যয় হওয়া—Be spent; be consumed; be passed.

ব্যয়কুণ্ঠ, *a.* Niggardly; close-fisted; penurious; stingy. ব্যয়কুণ্ঠ ব্যক্তি—Miser; niggard.

ব্যয়কুণ্ঠতা, ব্যয়কুণ্ঠত্ব, *n.* Niggardliness; miserliness.

ব্যয়ন, *n.* Disbursement.

ব্যয়নাধিকারিক, *n.* Disbursing Officer.

ব্যয়পদ, *n.* Item of expenditure.

ব্যয়বহুল, *a.* Costly; expensive.

ব্যয়বাহুল্য, *n.* Costliness; expensiveness.

ব্যয়বিহীন, ব্যয়শূন্য, *a.* Inexpensive.

ব্যয়শীল, *a.* Spendthrift; extravagant. ব্যয়শীল ব্যক্তি—Spendthrift.

ব্যয়শীলতা, *n.* Extravagance.

ব্যয়শূন্য—See ব্যয়বিহীন।

ব্যয়সাধ্য, ব্যয়সাপেক্ষ, *a.* Costly; expensive.

ব্যয়াধিক্য—Same as ব্যয়বাহুল্য।

ব্যয়িত, *a.* Spent; disbursed; consumed; used up; wasted.

ব্যয়িতব্য, *a.* Expendible; to be spent. ব্যয়িতব্য ও অব্যয়িতব্য ভাণ্ডার—Expendible and non-expendible stores.

ব্যয়ী, *a.* Spending; expending; disbursing; extravagant; lavish; prodigal.

ব্যর্থ, *a.* Vain; fruitless; futile; useless; ineffectual; aimless; baffled; frustrated. ব্যর্থ করা—Render fruitless, futile or ineffective; neutralize; baffle; frustrate. ব্যর্থ হওয়া—Fail; be foiled; be of no avail.

ব্যর্থকাম, ব্যর্থমনোরথ, *a.* Frustrated; baffled; disappointed.

ব্যর্থতা, *n.* Failure; frustration; futility; uselessness.

ব্যষ্টি, *n.* Individuality; separation; isolation; detachment.

ব্যষ্টিগত, *a.* Individually; distributive.

ব্যষ্টিভাবে, *ad.* Individually; distributively; separately; analytically.

ব্যসন, *n.* Vice; crime; dissipation; fault; calamity; misfortune; disaster; difficulty; trouble; adversity; grief.

ব্যসনাসক্ত, *a.* Depraved; profligate; wicked; addicted to vice or evil practices.

ব্যসনী, *a.* Vicious; wicked; criminal; depraved; endangered.

ব্যস্ত, *a.* Busy; eager; active; anxious; troubled; distressed; perplexed; worried; excited; agitated; inverted; inverse; diffused. ব্যস্ত অনুপাত—Inverse ratio. ব্যস্ত অনুরূপ—Inversely similar. ব্যস্ত করা—Trouble; annoy; vex; bewilder; confuse. ব্যস্ত থাকা—Be busy (with); be engaged (in). ব্যস্ত রাখা—Keep one busy (with). ব্যস্ত হওয়া—Be busy; be anxious; worry.

ব্যস্ততা, *n.* Eagerness; hurry; confusion.

ব্যস্ততাসহকারে, *ad.* In a hurry; busily.

ব্যস্তবাগীশ, *a.* Rash; hasty; meddlesome; interfering; fussy; fidgety.

ব্যস্তভাবে, *ad.* In a hurry; eagerly; anxiously.

ব্যস্তসমস্ত, *a.* Being in a great hurry; very hasty. ব্যস্তসমস্ত হইয়া—Same as ব্যস্তসমস্তভাবে।

ব্যস্তসমস্ততা, *n.* Great hurry; flurry; fuss; agitation.

ব্যস্তসমস্তভাবে, *ad.* Helter-skelter; in a great hurry; hurry-scurry.

ব্যস্তালোক, *n.* Diffused light.

ব্যাং, ব্যাঙ, বেঙ, *n.* Frog; toad.

ব্যাংক—See ব্যাঙ্ক।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যাকটিরিয়া, *n.* Bacteria.
ব্যাকরণ, *n.* Grammar.
ব্যাকরণবৎ, ব্যাকরণবিদ্, *a.* Versed in grammar :—*n.* grammarian.
ব্যাকরণশাস্ত্র, *n.* Grammar.
ব্যাকরণ-সম্বন্ধীয়, *a.* Grammatical.
ব্যাকুল, *a.* Anxious; busy; confused; agitated; perplexed. ব্যাকুল করা—Perturb; distract; bewilder; confuse; make anxious.
ব্যাকুলচিত্ত, *a.* Mentally distracted; anxious.
ব্যাকুলতা, *n.* Anxiety; eagerness; perplexity; suspense.
ব্যাকুলমনা—Same as ব্যাকুলচিত্ত।
ব্যাকুলিত, *a.* Agitated; troubled; distracted.
ব্যাক্ষেপ, *n.* Prorogation.
ব্যাখ্যা, *n.* Explanation; commentary; narrative; statement. ব্যাখ্যা করা—Explain; expound; annotate; interpret.
ব্যাখ্যাকর্তা, ব্যাখ্যাকারী, *n.* Annotator; commentator; critic.
ব্যাখ্যাগ্রন্থ, ব্যাখ্যাপুস্তক, *n.* Note-book; key.
ব্যাখ্যাত, *a.* Explained; interpreted; annotated.
ব্যাখ্যাতা—Same as ব্যাখ্যাকর্তা।
ব্যাখ্যান, *n.* Explaining; exposition; narration; annotating.
ব্যাখ্যাপুস্তক—See ব্যাখ্যাগ্রন্থ।
ব্যাখ্যামূলক, *a.* Explanatory.
ব্যাখ্যেয়, *a.* To be explained; fit for explanation.
ব্যাগ, *n.* Bag.
ব্যাঘাত, *n.* Obstacle; impediment; hindrance; interruption. ব্যাঘাত করা (বা দেওয়া)—Hinder; obstruct; oppose; stand or get in the way of.
ব্যাঘাতক, *n.* One who interrupts. hinders or obstructs :—*a.* obstructive; hindering.
ব্যাঘ্র, *n.* Tiger.
ব্যাঘ্রতুল্য, *a.* Tiger-like; tigery.
ব্যাঘ্রশাবক, ব্যাঘ্রশিশু, *n.* Whelp of a tigress; younger tiger.
ব্যাঘ্রী, *n. fem.* Tigress.
ব্যাঙ্—See ব্যাং। ব্যাঙের ছাতা—Toad-stool. [Tadpole.
ব্যাঙাচি, ব্যাঙাচী, ব্যাংগাচি, ব্যাংগাচী, *n.*
ব্যাঙ্ক, ব্যাংক, *n.* Bank. ব্যাঙ্কের পাসবই—Bank-book. ব্যাঙ্কের ম্যানেজার—Bank-manager.
ব্যাঙ্ক-করণিক, অধিকোষ-করণিক, *n.* Bank clerk.
ব্যাঙ্কজমা, *n.* Bank balance.
ব্যাংগাচি, ব্যাংগাচী—See ব্যাঙাচি।
ব্যাজ, *n.* Pretext; deceit; deception; fraud; disguise; cunning; commission; interest on money; delay; commercial discount.
ব্যাজস্তুতি, *n.* Ironical praise; innuendo; irony.
ব্যাজোক্তি, *n.* Equivocation; evasion.
ব্যাট, *n.* Bat. ব্যাট করা—Bat.
ব্যাটবল, *n.* Batball.
ব্যাটা—Same as বেটা।
ব্যাটারি, *n.* Battery.
ব্যান্ড, *n.* Band.
ব্যাত্ত, ব্যাদত্ত, ব্যাদিত, *a.* Opened; widened; having a gap; agape.
ব্যাদড়া, *a.* Base-born; ugly; wicked; impudent.
ব্যাদত্ত—See ব্যাত্ত।
ব্যাদান, *n.* Spreading or stretching out (as the mouth); gaping. ব্যাদান করা—Open; gape.
ব্যাদিত—See ব্যাত্ত।
ব্যাধ, *n.* Hunter; fowler.
ব্যাধবৃত্তি, *n.* Hunting; fowling.
ব্যাধি, *n.* Disease; sickness; ailment; malady.
ব্যাধিকর, ব্যাধিজনক, *a.* Producing or causing illness; injurious to health.
ব্যাধিগ্রস্ত, ব্যাধিত, *a.* Afflicted with sickness or disease; diseased; ill; sick.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যাধিত, *a.* Morbid.

ব্যাধিমন্দির, *n.* Abode of diseases.

ব্যাধিমুক্ত, *a.* Free from disease; recovered from illness; cured; convalescent. ব্যাধিমুক্ত করা—Cure one of one's disease; heal up. ব্যাধিমুক্ত হওয়া—Get cured; recover from illness; be healed up; get well; come round.

ব্যাধিমুক্তি, *n.* Recovery from illness.

ব্যাধিযুক্ত, *a.* Diseased; ill; sick.

ব্যাধিশূন্য, ব্যাধিহীন, *a.* Free from disease or illness; well; healthy.

ব্যান্নন, *n.* Curry.

ব্যাপক, *a.* Overspreading; pervading; far-reaching; prevailing; comprehensive; wide; vast; epidemic. কলেরা ব্যাপক আকারে দেখা দিয়াছে—Cholera has broken out in an epidemic form.

ব্যাপন, *n.* Spreading; extending; diffusion.

ব্যাপা, *v.* Spread all over; pervade; occupy.

ব্যাপার, *n.* Affair; incident; matter; function; phenomenon; business; occupation; profession; trade; transaction. ব্যাপার কি হে—What is the matter? How goes the day?

ব্যাপার-নির্বাহক, *n.* Commercial Manager (of a Railway).

ব্যাপার-মহাধ্যক্ষ, *n.* Trade Commissioner.

ব্যাপারস্থিতি, *n.* Trade balance.

ব্যাপারিক, *a.* Relating to trade. ব্যাপারিক অবহার—Trade discount. ব্যাপারিক বিবাদ—Trade dispute. ব্যাপারিক সংভার—Stock-in-trade.

ব্যাপারী, *n.* Trader; merchant; dealer.:—*a.* trading; transacting.

ব্যাপিকা, *a. fem.* Tomboyish; pert and flippant.

ব্যাপিনী, *a. fem.* Same as ব্যাপী।

ব্যাপী, *a.* Extending over; overspread; pervading (সর্বব্যাপী—all-pervading).

ব্যাপৃত, *a.* Engaged; occupied; busy.

ব্যাপ্ত, *a.* Extended or spread over; covered; pervaded; scattered; overcast; surrounded; filled.

ব্যাপ্তি, *n.* Extension; pervading; extent; diffusion; omnipresence; universal concomitance; jurisdiction.

ব্যাপ্তিনির্দেশ, *n.* Generalization.

ব্যাপ্তিমান্, *a.* Expansive; pervading; diffusive.

ব্যাপ্তিশীল, *a.* Expansive; diffusive.

ব্যাপ্য, *a.* To be spread over; pervasive; diffusible.

ব্যাপ্যতা, ব্যাপ্যত্ব, *n.* Pervasion; diffusion; pervasiveness.

ব্যাবর্ত, *n.* Revolution; rotation; torsion. ব্যাবর্ত তুলা—Torsion balance. ব্যাবর্ত শির—Torsion head.

ব্যাবর্তক, *a.* Revolving; rotating; exclusive; excluding.

ব্যাবর্তন, *n.* Rotation; torsion; reversion.

ব্যাবর্তিত, *a.* Turned round; rotated; sprained; twisted.

ব্যাবহারিক, *a.* Practical; applied; pragmatic; judicial; legal; of everyday use; ordinary; usual. ব্যাবহারিক একক—Practical unit. ব্যাবহারিক জ্যামিতি—Practical Geometry. ব্যাবহারিক প্রয়োগ—Practical application. ব্যাবহারিক বিজ্ঞান—Experimental science. ব্যাবহারিক রসায়ন—Applied Chemistry.

ব্যাবৃত্ত, *a.* Turned back; stopped; ceased; withdrawn from; excluded.

ব্যাবৃত্তি, *n.* Separation; surrounding.

ব্যাম, *n.* Arm's length; fathom.

ব্যামিশ্র, *a.* Mingled; mixed; polygamous.

ব্যামো, *n.* Illness; ailment; disease.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যামোহ, *n.* Fascination; infatuation; fatuity; illusion; illness; disease.
ব্যায়াম, *n.* Exercise; athletic exercise; athletics; gymnastics. খোলা-হাতে ব্যায়াম—Free-hand exercise. ব্যায়াম করা—Take exercise.
ব্যায়ামকারী, *n.* Gymnast; athlete.
ব্যায়ামকুশল, *a.* Skilled in gymnastics.
ব্যায়ামক্রীড়া, *n.* Gymnastics; athletic sport.
ব্যায়ামবিদ্যালয়, ব্যায়ামশালা, *n.* Gymnasium.
ব্যায়ামবীর, *n.* Noted gymnast.
ব্যায়ামশালা—See ব্যায়ামবিদ্যালয়।
ব্যায়ামশিক্ষক, *n.* Physical instructor.
ব্যায়ামশিক্ষা, *n.* Physical training.
ব্যায়ামশীল, *a.* Taking regular exercise.
ব্যায়ামসংক্রান্ত, *a.* Gymnastic.
ব্যারাম, ব্যায়রাম, *n.* Disease; illness.
ব্যারামী, *a.* Sick; diseased.
ব্যারিস্টার, *n.* Barrister. পশারহীন ব্যারিস্টার—Briefless barrister.
ব্যারিস্টারি, *n.* Work of a Barrister. ব্যারিস্টারি করা—Practise as a barrister.
ব্যারোমিটার, *n.* Barometer.
ব্যালোল, *a.* Agitated; eager; anxious.
ব্যাস, *n.* Diameter; extension; diffusion; expounding a compound word.
ব্যাসকলন, *n.* Differential Calculus.
ব্যাসকূট, *n.* Obscure passage in the writings of *Vyasa.*
ব্যাসক্ত, *a.* Deeply attached or addicted to; perplexed; bewildered; confused.
ব্যাসক্তি, *n.* Deep attachment or addiction; contiguity; doting affection.
ব্যাসবাক্য, *n.* Words forming a compound.
ব্যাসার্ধ, *n.* Radius.
ব্যাহত, *a.* Interrupted; obstructed; prohibited; averted; baffled; intercepted; arrested (in progress). ব্যাহত করা—Interrupt; intercept; baffle; obstruct. ব্যাহত নিদ্রা—Disturbed or broken sleep.
ব্যাহতি, *n.* Interruption.
ব্যাহৃতি, *n.* Utterance; speech.
ব্যুৎক্রম, *n.* Inversion; inverted order; irregular arrangement.
ব্যুৎক্রমে, *ad.* In inverted order.
ব্যুৎক্রান্ত, *a.* Inverted; irregularly arranged.
ব্যুৎপত্তি, *n.* Proficiency; mastery; learning; scholarship; derivation of a word; etymology.
ব্যুৎপত্তিগত, ব্যুৎপত্তিলভ্য, *a.* Derivative; etymological. ব্যুৎপত্তিগত অর্থ—Derivative meaning.
ব্যুৎপন্ন, *a.* Derived; proficient; well-versed; learned; celebrated.
ব্যুৎপাদক, *a.* Forming (words); engendering proficiency; begetting; productive; generating. ব্যুৎপাদক শব্দ—Root-word.
ব্যুৎপাদন, *n.* Derivation; forming; explaining.
ব্যুৎপাদিত, *a.* Derived; formed; explained.
ব্যুৎপাদ্য, *a.* Derivable; deducible from; to be formed; to be explained.
ব্যূঢ়, *a.* Married; arrayed; arranged; compact; firm; swollen; extensive.
ব্যূঢ়োরস্ক, *a.* Of broad chest; broad-breasted.
ব্যূহ, *n.* Military array; battle order; phalanx. ব্যূহ ভেদ করা—Break through an array. ব্যূহ রচনা করা—Draw up in battle order.
ব্যূহিত, *a.* Arranged in battle order.
ব্যোম, *n.* Sky; air; atmosphere; ether.
ব্যোমচর, ব্যোমচারী, *a.* Moving in the sky or air:—*n.* aviator; aeronaut.
ব্যোমযাত্রা, *n.* Flight; aviation.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যোমযাত্রী, *n.* Aviator; aeronaut; air-passenger.
ব্যোমযান, *n.* Aeroplane; balloon.
ব্যোমযানবিহারী, *n.* Aeronaut.
ব্যোমযানারোহণবিদ্যা, *n.* Aeronautics.
ব্যোমযানারোহী, *n.* Aeronaut:—*a.* aviating.
ব্যোমরশ্মি, *n.* Cosmic rays.
ব্রঙ্কাইটিস, *n.* Bronchitis.
ব্রজ, *n.* Road; cow-pasture; cowshed; group; flock; *Vraja,* a district near *Mathura.*
ব্রজকিশোর, *n. Krishna.*
ব্রজকিশোরী, *n. Radha.*
ব্রজধাম, *n.* Holy *Vraja.*
ব্রজনারী—Same as ব্রজবালা।
ব্রজবালা, ব্রজাঙ্গনা, *n.* Woman of *Vraja.*
ব্রজবাসী, *n.* Inhabitant of *Vraja.*
ব্রজবুলি, *n.* Dialect used by *Vaishnava* poets in imitation of *Maithili.*
ব্রজলীলা, *n.* Juvenile sports of *Krishna* at *Vraja.*
ব্রজাঙ্গনা—See ব্রজবালা।
ব্রজ্যা, *n.* Roaming about; wandering; walking; march; going.
ব্রণ, *n.* Boil; tumour; pimple; sore; ulcer; carbuncle; cancer.
ব্রণশোথ, *n.* Abscess.
ব্রত, *n.* Vow; voluntary religious observance; penance; austerity; chief object. জীবনের ব্রত—Chief object of life; *summum bonum* of life. ব্রত আচরণ করা, ব্রত পালন করা—Observe a vow. ব্রত উদ্‌যাপন করা—Complete a vow. ব্রত গ্রহণ করা, ব্রত লওয়া, ব্রত ধারণ করা—Take a vow.
ব্রতচারী, *a.* Observing a vow; practising penance or austerity:—*n. Bratachari,* a kind of folk dance. *fem.*=ব্রতচারিণী।
ব্রততী, ব্রতাত, *n.* Creeper; climbing plant.
ব্রতধারী, *a.* Having taken a vow; observing religious austerity; that has undertaken anything. *fem.*= ব্রতধারিণী।
ব্রতপ্রতিষ্ঠা, *n.* Final performance of a religious vow.
ব্রতভঙ্গ, *n.* Breach of a vow.
ব্রতভিক্ষা, *n.* Begging alms on wearing the holy thread.
ব্রতিনী, *a. fem.* Same as ব্রতী (*a.*):—*n.* woman observing a vow.
ব্রতী, *a.* Observing a vow; engaged in religious vows; engaged:—*n.* one who observes a vow. *fem.*= ব্রতিনী। ব্রতী হওয়া—Be engaged in; undertake.
ব্রতোপবাস, *n.* Fasting on a religious occasion.
ব্রহ্ম, *n. Brahma;* the All-pervading Divine Soul; the Supreme Being; the Absolute Spirit; the *Vedas;* Brahmin; Burma (a country).
ব্রহ্মঘাতক, ব্রহ্মঘাতী, ব্রহ্মঘ্ন, *a.* Murdering a Brahmin:—*n.* murderer of a Brahmin.
ব্রহ্মচর্য, *n.* Celibacy; sexual abstinence; period of continence.
ব্রহ্মচর্যাশ্রম, *n.* Stage of celibate life; first of the four stages of an ancient *Hindu's* life; student-life.
ব্রহ্মচারিণী, *n.* Female ascetic.
ব্রহ্মচারী, *n.* Celibate; religious student.
ব্রহ্মজিজ্ঞাসা, *n.* Quest of the Supreme Being; spiritual and philosophical knowledge.
ব্রহ্মজ্ঞ, *a.* Having knowledge of God.
ব্রহ্মজ্ঞান, *n.* Divine knowledge; spiritual knowledge; true knowledge of God.
ব্রহ্মজ্ঞানী, *n.* Monotheist; person possessing the true knowledge of God; *Brahma*:—*a.* possessed of the true knowledge of God.
ব্রহ্মডাঙ্গা, *n.* Barren tract of high land; waste or fallow land; heath.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্রহ্মণ্য, *a.* Devoted to the worship of God; relating to *Brahma* or a Brahmin :—*n.* spiritual energy.

ব্রহ্মতত্ত্ব, *n.* Knowledge of God; spiritual knowledge.

ব্রহ্মতালু, *n.* Crown of the head; palate. [Brahmin.

ব্রহ্মতেজ, *n.* Spiritual power of a

ব্রহ্মত্ব, *n.* Divinity.

ব্রহ্মত, ব্রহ্মতা—Same as ব্রহ্মোত্তর।

ব্রহ্মদৈত্য, ব্রহ্মপিশাচ, ব্রহ্মরাক্ষস, *n.* Spirit or ghost of a departed Brahmin.

ব্রহ্মপাতক, *n.* Sin accruing from the murder of a *Brahmana.*

ব্রহ্মবধ—See ব্রহ্মহত্যা।

ব্রহ্মবাদী, *a.* Believing in the doctrine of the *Vedanta* school; studying the *Vedas* :—*n.* student of the *Vedas. fem.*=ব্রহ্মবাদিনী।

ব্রহ্মবিৎ, ব্রহ্মবেদী, *a.* Knowing *Brahma* or the Supreme Spirit.

ব্রহ্মবিদ্যা, *n.* Knowledge of *Brahma* or the Divine Spirit; *Vedanta* philosophy; theology.

ব্রহ্মবেদী—See ব্রহ্মবিৎ।

ব্রহ্মবৈবর্ত, *n.* One of the eighteen *Puranas.*

ব্রহ্মময়, *a.* Merged in the divine soul; at one with the Divine Being.

ব্রহ্মময়ী, *a. fem.* Same as ব্রহ্মময় :—*n.* female energy of the All-pervading Divine Soul; epithet of the goddess *Durga* or *Kali.*

ব্রহ্মরন্ধ্র, *n.* Aperture supposed to be at the crown of the head; pate; crown of the head.

ব্রহ্মরাক্ষস—See ব্রহ্মদৈত্য।

ব্রহ্মর্ষি, *n.* Divine saint; Brahmin sage.

ব্রহ্মলোক, *n.* Abode of *Brahma* or God; heaven; paradise.

ব্রহ্মশাপ, *n.* Brahmin's curse.

ব্রহ্মসংগীত, *n.* Song of devotion to God.

ব্রহ্মসাযুজ্য, *n.* Union or identification with God; communion with the Divine Spirit.

ব্রহ্মসূত্র, *n.* Aphorism of the *Vedanta* philosophy; holy thread.

ব্রহ্মস্ব, *n.* Property owned by a Brahmin. ব্রহ্মস্ব অপহরণ করা—Misappropriate the property of a Brahmin.

ব্রহ্মস্বরূপ, *a.* Of the nature of *Brahma.*

ব্রহ্মহত্যা, ব্রহ্মবধ, *n.* Murder of a Brahmin. ব্রহ্মহত্যা করা—Slay or kill a Brahmin.

ব্রহ্মহত্যাকারী, ব্রহ্মহা, *n.* Killer or murderer of a Brahmin :—*a.* killing or murdering a Brahmin.

ব্রহ্মাণ্ড, *n.* Whole universe; world; creation.

ব্রহ্মাস্ত্র, *n.* Powerful weapon fabled to have been offered by *Brahma*; unfailing weapon; sure hit; infallible or sure remedy.

ব্রহ্মোত্তর, *a.* Granted to or owned by a Brahmin :—*n.* rent-free land given to a Brahmin.

ব্রাণ্ডি, ব্র্যাণ্ডি, *n.* Brandy.

ব্রাত্য, *a.* Not gone through the purificatory rites; fallen; degraded; degenerated.

ব্রাশ, *n.* Brush. ব্রাশ করা—Brush.

ব্রাশ-যন্ত্র, *n.* Brush machine.

ব্রাহ্ম, *a.* Of or belonging to *Brahma*; relating to the Divine Spirit; divine; holy; monotheistic :—*n.* *Brahmo*; monotheist.

ব্রাহ্মণ, *n.* Brahmin; priest; particular portion of the *Vedas.*

ব্রাহ্মণজাতি, *n.* Brahmanical caste.

ব্রাহ্মণত্ব, *n.* Brahmanism.

ব্রাহ্মণপণ্ডিত, *n.* Learned Brahmin; Brahmin versed in the sacred lore.

ব্রাহ্মণভোজন, *n.* Feeding or entertaining the Brahmin guests.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্রাহ্মণ-সভা, *n.* Council of Brahmins.
ব্রাহ্মণসমাজ, *n.* Community of the Brahmins.
ব্রাহ্মণী, *n.* Brahmin woman; Brahmin's wife.
ব্রাহ্মণ্য, *n.* Character or rank of a Brahmin; assembly of Brahmins.
ব্রাহ্মণ্যধর্ম, *n.* Brahminism.
ব্রাহ্মধর্ম, *n.* *Brahmoism;* monotheism.
ব্রাহ্মবিবাহ, *n.* Marriage among *Brahmos;* marriage by registration.
ব্রাহ্মমুহূর্ত, *n.* Early dawn; moment before sunrise.
ব্রাহ্মসমাজ, *n.* *Brahmo* society; community holding monotheism.
ব্রাহ্মসমাজী, *n.* One belonging to *Brahmo* community. [monotheist.
ব্রাহ্মিকা, *n.* Female *Brahmo* or
ব্রাহ্মী, *a.* Relating to *Brahma* or God:—*n.* kind of herb; dialect of ancient India.
ব্রিজ, *n.* Bridge.
ব্রিজ-তার, *n.* Bridge wire.
ব্রিটিশ, *a.* & *n.* British. ব্রিটিশ আমল—British regime. ব্রিটিশ দ্বীপপুঞ্জ—British Isles.
ব্রীড়া, *n.* Shame; modesty; bashfulness.
ব্রীড়ানত, ব্রীড়ান্বিত, ব্রীড়াবনত, ব্রীড়িত, *a.* Bashful; shy; modest; blushing.
ব্রীহি, *n.* Paddy; rice.
ব্রেক, *n.* Brake. ব্রেক কষা—Brake; slow down.
ব্রেক-শু, *n.* Brake-shoe.
ব্রোচ, *n.* Brooch.
ব্রোঞ্জ, *n.* Bronze.
ব্র্যাকেট, *n.* Bracket.
ব্র্যান্ডি, *n.* Brandy.
ব্লক, *n.* Block.
ব্লটিং, *n.* Blotting paper.
ব্লাউজ, *n.* Blouse.
ব্ল্যাকবোর্ড, *n.* Blackboard.

ভ

ভ, Twenty-fourth consonant of the Bengali alphabet.
ভইষ, ভইস, ভ'ইষ, ভ'ইস, *n.* Buffalo.
ভইষা, ভইসা, ভ'ইষা, ভ'ইসা, *a.* Relating to a buffalo.
ভইষাগাড়ি, *n.* Buffalo cart.
ভইষাদুধ, *n.* Buffalo milk.
ভক্, *ind.* Word denoting *smell issuing forth.*
ভকত—Same as ভক্ত।
ভকভক, *ind.* Word denoting *whiffs of (bad) smell* or *gushing forth.*
ভকার, *n.* Letter ভ।
ভক্ত, *a.* Devoted to; devout; fond; attached to; pious; separated; divided:—*n.* devotee; votary.
ভক্তদাস, *n.* Servant of the devotee of God; hanger-on. [in spirit.
ভক্তপ্রাণ, *n.* Devout soul:—*a.* devoted
ভক্তবৎসল, *a.* Affectionate to the devoted; gracious to faithful followers.
ভক্তবিটেল, *a.* Feigning devotion; feigning attachment or reverence; hypocritical:—*n.* hypocrite.
ভক্তশ্রেষ্ঠ, ভক্তাগ্রগণ্য, *n.* Chief among devotees:—*a.* most devout.
ভক্তাধীন, *a.* Humble or lowly to the devoted.
ভক্তি, *n.* Devotion; homage; veneration; reverence; attachment; piety; inclination; relish. ভক্তি করা—Revere; regard; respect.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভক্তিগ্রন্থ, *n.* Devotional book.
ভক্তিচিহ্ন, *n.* Sign of devotion.
ভক্তিতত্ত্ব, *n.* Cult of devotion; doctrine of devotion.
ভক্তিপরায়ণ, *a.* Devout; very respectful; full of reverence.
ভক্তিপরায়ণতা, *n.* Reverence; devotion; piety.
ভক্তিপূর্ব্বক, *ad.* With devotion; reverentially; respectfully.
ভক্তিপ্লুত, *a.* Overflowing with reverence; greatly devoted.
ভক্তিপ্লুতচিত্ত, *n.* Heart overflowing with devotion:—*a.* having a heart overflowing with devotion.
ভক্তিবাদ—Same as ভক্তিতত্ত্ব।
ভক্তিবাদী, *n.* Devotionist:—*a.* holding the doctrine of devotion.
ভক্তিবিহ্বল, *a.* Absorbed; in devotion.
ভক্তিবিহ্বলতা, *n.* Absorption in devotion.
ভক্তিভরে, *ad.* With devotion; respectfully.
ভক্তিভাজন, *a.* Worthy of reverence; venerable:—*n.* object of reverence.
ভক্তিভাব, *n.* Feeling of devotion.
ভক্তিভাবে, *ad.* Reverentially; devoutly; respectfully.
ভক্তিমান্, *a.* Devoted; faithful; loyal; devout; pious.
ভক্তিমার্গ, *n.* Devotional method for attaining salvation.
ভক্তিমূলক, *a.* Devotional; reverential.
ভক্তিযুক্ত, *a.* Reverential; devoted.
ভক্তিযোগ, *n.* Communion with God through faith or devotion.
ভক্তিযোগে, *ad.* By virtue of faith or devotion.
ভক্তিরস, *n.* Sentiment of devotion.
ভক্তিশীল—Same as ভক্তিপরায়ণ।
ভক্তিশূন্য, ভক্তিহীন, *a.* Lacking devotion; wanting in piety.
ভক্ষক, *a.* Eating; voracious; gluttonous:—*n.* eater.
ভক্ষণ, *n.* Eating. ভক্ষণ করা—Eat; devour.
ভক্ষণীয়, ভক্ষিতব্য, *a.* Eatable; edible.
ভক্ষিত, *a.* Eaten up; devoured.
ভক্ষ্য, *a.* Eatable; edible; masticable:—*n.* food; eatables. ভক্ষ্য ভক্ষক সম্বন্ধ—Relation as between the eater and eatables.
ভক্ষ্যমাণ, *a.* Being eaten.
ভক্ষ্যাবশেষ, *n.* Orts; leavings of food after eating.
ভক্ষ্যাভক্ষ্য, *n.* Eatables and uneatables; edible or inedible food; good or bad food.
ভগ, *n.* Female organ of generation; anus; glory; renown; fame; greatness; magnanimity; strength; beauty; grace; splendour; prosperity; fortune; excellence.
ভগন্দর, *n.* Anal fistula.
ভগবতী, *n.* Goddess *Durga*.
ভগবদারাধনা, *n.* Divine worship; god's services; adoration.
ভগবদ্দত্ত, *a.* God-gifted; given by God.
ভগবদ্বাক্য, *n.* Divine saying; word of God; gospel; oracle.
ভগবদ্ভক্ত, *a.* Devoted to God; God-loving; pious.
ভগবদ্ভক্তি, *n.* Devoutness; piety; godliness.
ভগবান্, *n.* God; the Supreme Being; godly person; Lord (ভগবান্ বুদ্ধ—Lord *Buddha*):—*a.* all-powerful; omnipotent; glorious; respectable.
ভগাঙ্কুর, *n.* Clitoris.
ভগিনী, *n. fem.* Sister; cousin.
ভগিনীপতি, *n.* Sister's husband; brother-in-law.
ভগোল, *n.* Zodiac.
ভগ্ন, *a.* Broken; detached; dilapidated; fractured; afflicted; ruined;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

destroyed; defeated; overcome; routed; husky; fractional.

ভগ্নকণ্ঠ, *a.* Having a hoarse voice :—*n.* hoarse voice.

ভগ্নকণ্ঠে, *ad.* In a hoarse voice; in a husky or broken voice.

ভগ্নগৃহ, *n.* Dilapidated house.

ভগ্নচিত্ত, *a.* Broken-hearted; depressed in spirit; downcast :—*n.* broken heart.

ভগ্নচিত্তে, *ad.* With a broken heart; in a depressed mood; being dejected; in dull spirits.

ভগ্নদশা, *n.* Wretched condition.

ভগ্নদূত, ভগ্ন-পাইক, *n.* Messenger bringing bad news; messenger bringing the news of defeat in a battle.

ভগ্নদেহ, *a.* Shattered in body; impaired in health :—*n.* shattered body; impaired health.

ভগ্নপ্রায়, *a.* Nearly or almost broken or dilapidated; tottering.

ভগ্নমনা—Same as ভগ্নচিত্ত।

ভগ্নমনে—Same as ভগ্নচিত্তে।

ভগ্নমনোরথ, *a.* Disappointed; baffled :—*n.* disappointment; frustration.

ভগ্নশেষ, *n.* Debris; relics.

ভগ্নস্তূপ, *n.* Heap of ruins.

ভগ্নহৃদয়—Same as ভগ্নচিত্ত।

ভগ্নহৃদয়ে—Same as ভগ্নচিত্তে।

ভগ্নাংশ, *n.* Fraction; broken part.

ভগ্নাঙ্ক, *n.* Fraction.

ভগ্নাবশিষ্ট, *n.* Ruins :—*a.* in ruins; remaining after ruins.

ভগ্নাবশেষ, *n.* Wreck; ruins; relics.

ভগ্নাবস্থ, *a.* In a broken or dilapidated condition; dilapidated falling to pieces; decaying; tottering.

ভগ্নাবস্থা, *n.* Broken condition; dilapidated state; decay.

ভগ্নাশ, *a.* Disappointed; hopeless; in despair.

ভগ্নাশা, *n.* Disappointment.

ভগ্নী—Same as ভগিনী।

ভগ্নীহত্যা, *n.* Sororicide.

ভগ্নোৎসাহ, *a.* Depressed in spirits; dispirited :—*n.* loss of spirits.

ভগ্নোদ্যম, *n.* Baffled attempt; futile efforts :—*a.* baffled in one's attempt; depressed; disappointed.

ভগ্ন, *n.* Breaking; break; shattering; splitting; breach; chasm; fissure; fracture; analysis; fold; interruption; stoppage; wave; fear; dishonesty; fraud; decay; defeat; ruin; infringement; dissolution (as of an assembly). ভগ্ন করা—Break; dissolve (a meeting); disintegrate; terminate; discourage. ভগ্ন দেওয়া—Take to flight; give way. রণে ভগ্ন দেওয়া—Retreat from the battle-field.

ভগ্নকারী, *a.* Breaking.

ভগ্নকুলীন, *n.* High family violating the customs of lineage.

ভগ্নপ্রবণ, *a.* Brittle; fragile; frail.

ভগ্নপ্রবণতা, *n.* Brittleness; fragility.

ভঙ্গি—See ভঙ্গী।

ভঙ্গিমা, *n.* Gesture; pose; beauty.

ভঙ্গিল, *a.* Fold. ভঙ্গিল পর্বত—Fold mountain.

ভঙ্গী, ভঙ্গি, *n.* Pose; attitude; gesture; manner; wave; breaker; disguise; trick; deception; irony; joke; sports; composition.

ভঙ্গুর, *a.* Brittle; fragile :—*n.* bend of a river.

ভঙ্গুরতা, *n.* Brittleness; fragility; transitoriness.

ভচক্র, *n.* Zodiac; stellar; sphere.

ভজকট, *n.* Mess; disorder; rub; perplexity; embarrassment; obstacle.

ভজন, *n.* Adoration; service; worship; hymn; carol; divine song. ভজন গাওয়া—Hymn.

ভজন-পূজন, *n.* Worship; adoration.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভজনভাজন, *n.* Insinuation; pulling wires; secret advice; inducement.
ভজনা, *n.* Worship; adoration; service. ভজনা করা—Worship; adore; flatter.
ভজনালয়, *n.* House of worship; synagogue; temple; church; mosque.
ভজনীয়, *a.* To be worshipped; adorable.
ভজমান, *a.* Worshipping; adoring; sharing; dividing.
ভজা, *v.* Worship; adore:—*a.* adoring; worshipping (কর্তাভজা—worshipping the master; flatterer; sycophant; being a yes-man).
ভজানো, *v.* Cause (a person) to serve or worship; induce; prevail upon; seduce; pull wires; persuade; establish; prove. ভজাইয়া দেওয়া—Substantiate.
ভজ্যমান, *a.* Being adored or propitiated; being divided.
ভঞ্জক, *n.* Breaker; dispeller; remover; refuter:—*a.* breaking; dispelling; removing.
ভঞ্জন *n.* Breaking; changing (as money); removing; dispelling; breaker:—*a.* breaking; removing.
ভটভট, *ind.* Word denoting *effervescence, gibble-gabble, nonsense* or *putrefaction.* ভটভট করা—Emit bubbles; effervesce.
ভটভটানি, *n.* Bubbling.
ভটভটি, *n.* Scooter; auto-cycle.
ভট *n.* Scholar; learned man; philosopher; bard; panegyrist.
ভট্টারকবার, *n.* Sunday.
ভড়, *n.* Transport-boat.
ভড়ং *n.* Display; show; pomp; ostentation; deception; imposition; pretence.
ভড়ংদার, *a.* Showy; ostentatious; pompous.
ভড়কানি, *n.* Sudden fright; confusion.
ভড়কানো, *v.* Take sudden fright; be alarmed; lose one's nerve; get unnerved; get confounded or nonplussed. [showy; startling.
ভড়কালো, *a.* Gaudy; pompous;
ভড়ভড়, *ind.* Word denoting *the splattering sound of loose stool* or *an imitative sound of fluid rheum in the nostrils.* ভড়ভড় করা—Bubble forth as mud or mucus; gabble.
ভড়ভড়ানি, *n.* Snuffling sound of mucus in the nose.
ভড়ভড়ে, *a.* Bubbling forth; over-ripe.
ভণা, *v.* Speak; say.
ভণিত, *a.* Said; composed:—*n.* utterance; saying.
ভণিতা, *n.* Prologue; introduction; preface; colophon; preamble.
ভণ্ড, *n.* Hypocrite; cheat; mimic; jester; buffoon; actor; humbug; dissembler:—*a.* hypocritical; false; pretended; feigning; dissembling.
ভণ্ডতপস্বী, *n.* Hypocritical ascetic; hypocrite; deceiver; impostor; wolf in sheep's clothing.
ভণ্ডন, *n.* Cheating; deceiving.
ভণ্ডামি, ভণ্ডামো, *n.* Hypocrisy; deceitfulness; buffoonery; trickery. ভণ্ডামিতে চার পো—Full measure in hypocrisy; out and out hypocrite; perfect or faultless double-dealer.
ভণ্ডুল, *a.* Frustrated; baffled; fruitless. ভণ্ডুল করা—Spoil; upset; bring to naught; frustrate; baffle.
ভদ্র, *a.* Gentle; polite; modest; sweet; good; excellent; virtuous; pure. ভদ্র ব্যবহার, ভদ্র আচরণ—Gentlemanly conduct; good manners; good behaviour.
ভদ্রকালী, *n.* Goddess *Durga.*
ভদ্র-ঘেঁষা, *a.* Mixing with gentlemen; snobbish.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভদ্রতা, *n.* Politeness; civility; courtesy; gentlemanliness; goodness. ভদ্রতা করা—Behave like a gentleman; show civility. ভদ্রতার অনুরোধে বা খাতিরে—For goodness' sake.

ভদ্রতাচরণ, *n.* Polite conduct; civil behaviour.

ভদ্রতাবিরুদ্ধ, *a.* Uncivil; impolite; discourteous.

ভদ্রতামূলক, *a.* Civil; courteous; gentlemanly.

ভদ্রমহিলা, *n. fem.* Gentlewoman.

ভদ্রলোক, *n.* Gentleman; man of good breeding.

ভদ্রসন্তান, *n.* Gentleman; man of noble descent or of cultured family.

ভদ্রসমাজ, *n.* Assembly of gentlemen; gentlefolk; cultured society; elite of society.

ভদ্রস্থ, *a.* In the state of a gentleman.

ভদ্রা, *a. fem.* Same as ভদ্র:—*n.* second, seventh or twelfth day of a lunar fortnight, considered inauspicious on certain week days. ভদ্রা পড়া—Come to a standstill; make no progress or headway.

ভদ্রাভদ্র, *n.* Good and evil; high and low (in society).

ভদ্রাসন, *n.* House and its homestead.

ভদ্রাসন-বাটী, *n.* Dwelling-house.

ভদ্রে, *n. fem.* O good lady!

ভদ্রোচিত, *a.* Gentlemanly; becoming a gentleman; civil; courteous.

ভনভন, *ind.* Word denoting *the humming* or *buzzing sound.* ভনভন করা—Buzz; hum.

ভনভনানি, *n.* Continued buzzing (as of flies); humming.

ভনভনে, *a.* Humming; buzzing; grumbling. ভনভনে মাছি—Buzzing fly.

ভপঞ্জর, *n.* Zodiac.

ভব, *n.* World; existence; being; production; birth:—*a.* born; produced. ভবের খেলা—Same as ভবলীলা।

ভবকারণ, *n.* God; Creator.

ভবকারা, ভবকারাগার, *n.* World compared to a prison.

ভবঘুরে, *n.* Vagabond; vagrant; globe-trotter; tramp; loafer:—*a.* vagabond.

ভবঘুরে-নিয়ামক, *n.* Controller of Vagrancy.

ভবঘুরেমি, *n.* Vagrancy; vagabondism.

ভবৎ, *pron.* (At the beginning of a comp.) You; yourself.

ভবৎকৃপায়, ভবৎপ্রসাদে, *ad.* By your grace.

ভবতারণ, *a.* Saving; delivering; rescuing:—*n.* Saviour; God.

ভবতারিণী, *n. fem.* Goddess *Durga.*

ভবদীয়, *a.* Thine; your.

ভবন, *n.* House; residence; building; mansion.

ভবনদী, *n.* River separating this world from the other world; Styx.

ভবপার, *n.* Release from earthly life; deliverance.

ভবপারাবার, *n.* World as compared to an ocean.

ভববন্ধন, *n.* Earthly ties; cycle of birth and rebirth.

ভবভয়, *n.* Earthly evils.

ভবভয়নিবারণ, *n.* Deliverance from the evils of earthly life; God.

ভবভার, *n.* Earthly sorrows; worldly ties.

ভবলীলা, *n.* Earthly life. ভবলীলা সংবরণ করা, ভবলীলা সাঙ্গ হওয়া (বা শেষ হওয়া)—Die; end one's earthly life. ভবলীলা সাঙ্গ করা—Kill; die.

ভবসংসার, *n.* World; earthly life.

ভবসমুদ্র, ভবসাগর, ভবসিন্ধু—Same as ভবপারাবার।

ভবাদৃশ, *pron. a.* Like you; like your honour.

ভবাদৃশী, *a. fem.* Same as ভবাদৃশ।

ভবান্, *pron.* You; sir; your honour.

ভবারাধ্য, *a.* Adorable to the whole world:—*n.* God.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভবার্ণব—Same as ভবপারাবার।
ভবিতব্য, *a.* Inevitable; unavoidable; ordained by fate; future; predestined.
ভবিতব্যতা, *n.* Divine ordinance; providence; destiny; fate; luck; inevitability.
ভবিষ্ণু, *a.* That must happen; prospering; progressing; progressive.
ভবিষ্য, *a.* Future; yet to come; about to be.
ভবিষ্যৎ, *a.* Same as ভবিষ্য:—*n.* futurity.
ভবিষ্যৎকাল, *n.* Future tense; time to come; futurity.
ভবিষ্যতে, *ad.* In future.
ভবিষ্যদ্‌দর্শী, ভবিষ্যদ্‌দ্রষ্টা, *a.* Foreseeing; gifted with the power of seeing into future.
ভবিষ্যদ্‌বক্তা, *n.* Prophet; predictor; soothsayer.
ভবিষ্যদ্‌বাক্য, ভবিষ্যদ্‌বাণী, *n.* Prediction; prophecy. ভবিষ্যদ্‌বাণী করা—Prophesy; predict.
ভবিষ্যনিধি, *n.* Provident fund.
ভবিষ্যবাদী, *n.* Predicting; prophesying:—*n.* prophet; predictor.
ভবিষ্যসূচনা, *n.* Prognostication; foretelling; presage.
ভবিষ্যাপেক্ষ, *a.* Prospective.
ভবী, *n.* Obstinate or wayward woman. ভবী ভোলবার নয়—Girl not to be put off; stubborn girl.
ভব্য, *a.* Well-behaved; polished in manners; polite; gentle; probable.
ভব্যতা, *n.* Gentlemanliness; politeness; polished manners; civility; courtesy.
ভব্যলোক, *n.* Gentleman; man of accomplishments.
ভব্যযুক্ত, *a.* Gentlemanly; cultured; of good taste; genteel; well-behaved.
ভ-মণ্ডল, *n.* Zodiac.
ভয়, *n.* Fear; dread; awe; panic; apprehension; alarm; consternation. ভয় করা—Fear; be afraid of. ভয় খাওয়া—Be frightened. ভয় দেখানো—Frighten; terrify; threaten. ভয় পাওয়া—Take fright; get frightened. ভয় ভাঙা—Overcome fear; grow bolder; be emboldened. ভয় হওয়া—Be afraid. ভয়ে জড়ীভূত হওয়া—Be benumbed with fear; be paralysed or stupefied with fright; be stunned or dazed with fear.
ভয়ংকর, ভয়ঙ্কর, *a.* Fierce; ferocious; terrific; alarming; atrocious; fearful; formidable; terrible; awful. *fem.*=ভয়ংকরী, ভয়ঙ্করী। ভয়ংকর রস—Sentiment of fear.
ভয়কাতর, ভয়কাতুরে, *a.* Terror-stricken; panicky; timid.
ভয়ঙ্কর—See ভয়ংকর।
ভয়চকিত, *a.* Startled with fear; panicky.
ভয়তরাসে—Same as ভয়কাতর।
ভয়ত্রাতা, *n.* Deliverer from fear:—*a.* delivering from fear.
ভয়দ—Same as ভয়প্রদ।
ভয়নাশক, *a.* Removing fear.
ভয়নাশন, *a.* Allaying fear:—*n.* one that allays fear.
ভয়নাশী—Same as ভয়নাশক।
ভয়পীড়িত—See ভয়ার্ত।
ভয়পূর্ণ, *a.* Fearful.
ভয়প্রদ, *a.* Terrific; dreadful; alarming; awe-inspiring.
ভয়প্রদর্শক, *a.* Threatening; terrifying; menacing:—*n.* alarmist; panic-monger.
ভয়প্রদর্শন, *n.* Threatening; terrifying. ভয়প্রদর্শন করা—Threaten; frighten.
ভেদজ্ঞান, ভেদবুদ্ধি, *n.* Perception of difference; sense of discrimination; discernment.

ভেদন, *n.* Separating; dividing; piercing through; purging.

ভেদনীতি, *n.* Policy of 'divide and rule'; policy of discrimination; principle of creating dissension.

ভেদনীয়, *a.* To be pierced; to be broken.

ভেদবমি, *n.* Excrements and vomit. তার ভেদবমি হচ্ছে—He has got an attack of cholera.

ভেদবুদ্ধি—See ভেদজ্ঞান।

ভেদাভেদ, *n.* Discrimination; distinction; contrast.

ভেদিত, *a.* Divided; parted; estranged; alienated; separated.

ভেদী, *a.* Penetrating; piercing (অভ্রভেদী—cloud-piercing; sky-kissing); separating; dividing; causing difference or dissension (গৃহভেদী—causing dissension in a family).

ভেদ্য, *a.* Permeable; penetrable; to be separated or divided or distinguished; to be pierced or cut or torn.

ভেদ্যতা, *n.* Penetrability.

ভেপসা, *a.* Swampy; damp.

ভেবড়ানো, *v.* Get confounded; be stupefied with amazement.

ভেবা, ভ্যাবা, *a.* Stupid; confounded.

ভেবাচাকা, ভ্যাবাচাকা, *n.* Bewilderment; confusion of thought; nonplus. ভেবাচাকা খাওয়া, ভেবাচাকা লাগা, ভ্যাবাচাকা লাগা—Be bewildered; get confounded; be confused; be put out of countenance.

ভেরী, ভেরি, *n.* Kettledrum.

ভেরেণ্ডা, *n.* Castor-oil plant. ভেরেণ্ডা ভাজা—Do bootless errands; be unemployed; be idle. ভেরেণ্ডার তেল—Castor-oil.

ভেল, *a.* Counterfeit; adulterated; mixed; impure:—*n.* fake.

ভেলক, ভেলা, *n.* Raft; float.

ভেলকি, *n.* Jugglery; conjuring; magical trick. ভেলকি লাগা—Be spellbound; be filled with illusions. ভেলকি লাগানো বা দেখানো—Confound as if by magic; conjure; blind; enchant; stupefy; amaze.

ভেলকিবাজি, *n.* Conjuring tricks; magical feats; jugglery.

ভেলা—See ভেলক।

ভেষজ, *n.* Medicine; drug; remedy; cure.

ভেষজ-অধ্যাপক, *n.* Professor of Medicine.

ভেষজ-জ্ঞান, *n.* Pharmacognosy.

ভেষজ-বিদ্যা, *n.* Medicine.

ভেষজ-শালা, *n.* Dispensary.

ভেষজালয়, *n.* Pharmacy; dispensary.

ভেষজিক, *n.* Pharmaceutist.

ভেষজী, *n.* Pharmacist.

ভেস্তা, *a.* Spoilt; disordered; put upside down.

ভেস্তানো, *v.* Bring or come to naught; upset; spoil.

ভেস্তে যাওয়া—End in smoke; come to naught; end in a fiasco.

ভৈক্ষ্য, ভৈক্ষ, *a.* Gained by begging:—*n.* aggregate of alms; begging; beggary.

ভৈক্ষ্যজীবিকা, *n.* Means of livelihood by begging.

ভৈরব, *a.* Terrible; formidable:—*n.* *Bhairab*, the name of *Shiva* or of a musical air.

ভৈরবী, *n.* Female devotee of *Shiva*;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Bhairabi, a particular musical air or *ragini*.

ভৈরবী-চক্র, *n*. Meeting of the followers of the *Tantras* who sit in a circle and then drink consecrated liquor.

ভৈষজ্য, ভৈষজ, *n*. Medicine; drug.

ভৈষজ্যালয়—Same as ভেষজালয়।

ভো, ভোঃ, *ind*. Ho! O ho! Hallo!

ভোঁ, *ind*. Word denoting *the sound like that of a trumpet* or *whistle*, or *the hooting of a siren* or *a whizzing noise*. ভোঁ করিয়া—Whizzing through the air; in the twinkling of an eye; in a trice; very speedily; in no time.

ভোঁতা, *a*. Blunt; not sharp; dull; silenced; mute. ভোঁতা করা—Blunt; dull.

ভোঁদড়, *n*. Otter; civet-cat.

ভোঁদা, *a*. Foolish; blunt.

ভোঁদৌড়, *n*. Very swift run; break-neck run.

ভোঁভোঁ, *ind*. Word denoting *continuous whistling sound* or *the sound of hornets' wings*. আমার কান ভোঁভোঁ করছে—There is a buzzing sound in my ears. ভোঁভোঁ করা—Whiz or buzz continuously.

ভোঁসভোঁস, *ind*. Word denoting *the sound of snoring in deep sleep*. ভোঁসভোঁস করে ঘুমানো—Snore.

ভোক, ভোখ, *n*. Hunger; appetite.

ভোকছানি, *n*. Fainting due to starvation.

ভোক্তব্য, *a*. Fit to be enjoyed; enjoyable; eatable; edible.

ভোক্তা, *a*. Eating; enjoying; suffering.

ভোগ, *n*. Enjoyment (of pleasure); suffering (of pain); experiencing; undergoing; sensual pleasure; duration of an attack (as of a disease); eating; cooked or served food; offering of cooked rice, etc. to a deity. ভোগ করা—Enjoy; suffer; enjoy sensual pleasures. ভোগ দেওয়া—Offer cooked rice, etc. to a deity.

ভোগ-আরতি, *n*. Waving of lights before an idol after the offering of food.

ভোগকর্তা, *n*. One who enjoys; consumer; sufferer.

ভোগগৃহ, *n*. Harem; room where food for deity is cooked.

ভোগ-তৃষ্ণা, *n*. Desire for worldly enjoyments; thirst for sensual pleasures.

ভোগপিপাসা, ভোগবাসনা—See ভোগলালসা।

ভোগবিলাস, *n*. Luxury; sensuality.

ভোগবিলাসী, *a*. Luxurious; epicurean; sensual.

ভোগবৃত্ত, *a*. Passive.

ভোগবৃত্তি, *n*. Passivity.

ভোগলালসা, ভোগপিপাসা, ভোগবাসনা, *n*. Sensuality; lustfulness; self-indulgence; thirst for sensual enjoyment.

ভোগসুখ, *n*. Sense-enjoyment; enjoyment of earthly goods.

ভোগস্বত্ব, *n*. Occupancy right.

ভোগা, *v*. Suffer; endure:—*n*. deception; cheating. ভোগা দেওয়া—Delude; cheat; hoax; bluff; dupe.

ভোগানে, ভোগান্তে, *a*. Giving trouble; harassing.

ভোগানো, *v*. Cause to suffer; harass.

ভোগান্ত, *n*. End or limit of suffering.

ভোগান্তি, *n*. Suffering of pain. ভোগান্তি হওয়া—Suffer extremely.

ভোগান্তে—See ভোগানে।

ভোগাভব—Same as ভুক্তিহীনতা।

ভোগাভিলাষ, *n*. Thirst for sensual enjoyment; lustfulness.

ভোগাভিলাষী, *a*. Lustful; seeking sense-pleasure.

ভোগায়তন, *n*. Body as the seat of

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

enjoyment or suffering; gross body. (See also ভোগগৃহ।)

ভোগার্হ, *a.* Fit to enjoy or suffer; fit to be enjoyed.

ভোগাসক্ত, *a.* Addicted to sensual pleasures.

ভোগিনী, *a. fem.* Same as ভোগী।

ভোগী, *a.* Enjoying; suffering; undergoing; partaking of; luxurious; sensual.

ভোগৈশ্বর্য, *n.* Wealth and enjoyment; enjoyment and affluence.

ভোগ্য, *a.* To be enjoyed or possessed; to be enjoyed or suffered.

ভোচকানি, *n.* Extreme exhaustion and faintness from want of food; debility from starvation.

ভোজ, *n.* Meal; feast; banquet; magical art. ভোজ করা—Make a feast of. ভোজ দেওয়া—Give a feast; give a banquet. ভোজের পোশাক—Dinner-suit.

ভোজং, ভুজং, *n.* Evil advice; machination. ভোজং দেওয়া—Cajole; induce.

ভোজন, *n.* Taking a meal; eating; feeding. ভোজন করা—Eat. ভোজন করানো—Feed.

ভোজন-দক্ষিণা, *n.* Money-gift to a Brahmin after his feast.

ভোজনপটু, *a.* Able or apt to eat too much.

ভোজনপাত্র, *n.* Dish; plate.

ভোজনবিলাস, *n.* Fondness for good dishes; love of choice and dainty food; epicurism.

ভোজনবিলাসী, *n.* Epicure; good eater:—*a.* given to the pleasures of the table. ভোজনবিলাসী ব্যক্তি—Glutton; gourmand.

ভোজনরসিক, *n.* Glutton.

ভোজনাগার, *n.* Refreshment room.

ভোজনান্ত, *n.* End of eating.

ভোজনাবশিষ্ট, *a.* Left after a meal.

ভোজনাবশেষ, *n.* Orts; leavings.

ভোজনালয়, *n.* Eating house; hotel; inn; refreshment room.

ভোজনীয়, *a.* To be eaten; edible.

ভোজপুরী, *a.* Of *Bhojpur*; born in *Bhojpur*; grown in *Bhojpur*.

ভোজবাজি, *n.* Jugglery; magic show; legerdemain; delusion; illusion.

ভোজবাজিকর, *n.* Juggler; conjurer.

ভোজবিদ্যা, *n.* Sleight-of-hand; legerdemain; magic; jugglery.

ভোজয়িতা, *a.* Feasting; feeding:—*n.* feeder; entertainer; host.

ভোজয়িত্রী, *a. fem.* Same as ভোজয়িতা।

ভোজালি, *n.* Scimitar; curved or short sword.

ভোজী, *a.* Eating or feeding on (তৃণ-ভোজী—eating grass; herbivorous):—*n.* eater.

ভোজোৎসব, *n.* Feast; banquet.

ভোজোৎসব-ঘটিত, ভোজোৎসব-সম্বন্ধীয়, *a.* Festal; festive.

ভোজ্য, *a.* Eatable; to be eaten; edible:—*n.* food; eatables.

ভোজ্যোৎসর্গ, *n.* Offering of eatables in worship.

ভোট, *n.* Vote. ভোট দেওয়া—Cast votes. ভোট লওয়া—Take votes. ভোটে দাঁড় করানো—Nominate for election. ভোটে দাঁড়ানো—Stand for election; be elected.

ভোটগণনা, *n.* Counting of votes.

ভোটগ্রহণ, *n.* Poll.

ভোটগ্রহণ-নিযুক্তক, *n.* Polling agent.

ভোটগ্রাহী, *n.* Polling officer.

ভোটদাতা—See ভোটার।

ভোটপত্রী, *n.* Ballot paper.

ভোটপেটি, *n.* Ballot box.

ভোটস্থান, *n.* Polling booth.

ভোটার, ভোটদাতা, *n.* Voter.

ভোম, *a.* Stupid; foolish.

ভোমর, *n.* Auger; drill; bumble-bee.

ভোমরা, *n.* Bumble-bee; large black-bee.

ভোমা, *a.* Stupid; foolish:—*n.* fool.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভোর, *n.* Dawn; daybreak; early morning; end; completion :—*a.* deeply absorbed; charmed; beside oneself with (আনন্দে ভোর—beside oneself with joy) :—*ind.* throughout (জীবন ভোর—throughout life). ভোর হওয়া—Dawn; end.

ভোরে, *ad.* At dawn; early in the morning; at daybreak.

ভোল, *n.* Garb; mask; disguise. ভোল পালটানো বা বদলানো—Change one's tactics; be a turncoat; turn one's coat; try a new game; appear in a different role.

ভোলা, ভুলা, *v.* Forget; mistake; err; blunder; omit :—*a.* forgetful; forgotten; erroneous.

ভোলানো—Same as ভুলানো।

ভোল্ট, *n.* Voltage.

ভোল্টামিটার, *n.* Voltameter.

ভোল্টীয়, *a.* Voltaic. ভোল্টীয় বিদ্যুৎ—Voltaic electricity. ভোল্টীয় ব্যাটারী—Voltaic battery.

ভৌগিক বালমেহন—Passive pederasty.

ভৌগোলিক *a.* Geographical. ভৌগোলিক উত্তর—Geographical north.

ভৌত, *a.* Elemental; material; physical; ghostly.

ভৌতধর্ম, *n.* Physical property. ভৌত পরিবর্তন—Physical change.

ভৌতিক, *a.* Ghostly; of apparitions; elemental; material; physical. ভৌতিক কাণ্ড—Supernatural incident; miracle. ভৌতিক গল্প—Ghost story. ভৌতিক দেহ—Mortal frame; ghost. ভৌতিক নিয়ম—Natural law; physical law. ভৌতিক পদার্থ—Material thing. ভৌতিক বিদ্যা—Demonology; spiritualism; necromancy. ভৌতিক ব্যাপার—Same as ভৌতিক কাণ্ড। ভৌতিক স্তর—Astral plane.

ভৌম, *a.* Earthly; terrestrial :—*n.* Planet Mars. ভৌম দূরবীক্ষণ—Field glass; terrestrial telescope. ভৌম পদ্যেপদণ্ড—Scape.

ভৌমিক, *n.* Landlord :—*a.* earthly; terrestrial.

ভ্যাকুয়ম ব্রেক—Vacuum brake.

ভ্যানভ্যান, *ind.* Word denoting *continuous murmuring* or *incessant complaining.* ভ্যানভ্যান করছ কেন—Why are you murmuring or complaining? What makes you complain?

ভ্যানভ্যানানি, *n.* Murmuring; complaining.

ভ্যাবাচাকা—See ভেবাচাকা।

ভ্যালা, *a.* Good; fine (often in jest).

ভ্রংশ, *n.* Falling off; overthrow; displacement; ruin; loss; fall (from virtue); depravity; aberration (বুদ্ধিভ্রংশ—mental aberration).

ভ্রংশ-হার, *n.* Rate of displacement.

ভ্রংশিত, *a.* Overthrown; fallen.

ভ্রম, *n.* Error; mistake; blunder; oversight; aberration; loss of sense; illusion; hallucination. ভ্রম করা—Commit a mistake; err; do wrong. ভ্রম হওয়া—Be mistaken; be wrong. ভ্রমে পড়া—Fall into an error; be mistaken. ভ্রমে পতিত—Mistaken; fallen into an error; misdirected.

ভ্রমক্রমে, *ad.* Through error or mistake; through oversight; erroneously.

ভ্রমজাল, *n.* Net-work of blunders; series of mistakes or errors.

ভ্রমণ, *n.* Walking about; wandering about; journey; travel; tour; turning; whirling; rotation. ভ্রমণ করা—Travel; walk.

ভ্রমণকারী, *a.* Roaming; travelling :—*n.* traveller; trotter.

ভ্রমণক্রম, *n.* Tour programme.

ভ্রমণবৃত্তান্ত, *n.* Account of a journey or travels.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভ্রমণরত, *a.* Touring. ভ্রমণরত বয়নশিক্ষক —Peripatetic Weaving Instructor.

ভ্রমণশীল, *a.* Wandering; touring.

ভ্রমনিরসন, *n.* Removal of errors or mistakes; disillusion; emendation. ভ্রমনিরসন করা—Remove errors or mistakes; disillusion.

ভ্রমন্ত, *a.* Peripatetic; travelling. ভ্রমন্ত নিরীক্ষক—Travelling auditor.

ভ্রমপ্রবণ, *a.* Fallible.

ভ্রমপ্রবণতা, *n.* Fallibility.

ভ্রমপ্রমাদ, *n.* Errors and blunders; mistakes and miscalculations.

ভ্রমবশতঃ, *ind.* Through mistake or oversight.

ভ্রম-বাতুলতা, *n.* Paranoia.

ভ্রমর, *n.* Bumble-bee.

ভ্রমরকৃষ্ণ, *a.* Black as the bumble-bee or black-bee.

ভ্রমরগুঞ্জন, *n.* Humming of black-bees or bumble-bees.

ভ্রমরী, *n.* Female black-bee or bumble-bee.

ভ্রমসংকুল, ভ্রমসঙ্কুল, *a.* Erroneous; full of errors.

ভ্রমসংশোধন, *n.* Correction of errors; emendation; disillusion. ভ্রমসংশোধন করা—Correct an error; amend; disillusion.

ভ্রমা, *v.* Travel.

ভ্রমাত্মক, *a.* Erroneous; chimerical; illusive.

ভ্রমান্ধ, *a.* Blinded by errors; totally mistaken.

ভ্রমি, ভ্রমী, *n.* Whirlpool; eddy. ভ্রমি যাওয়া—Faint. ভ্রমি লাগা—Be affected with giddiness or fainting.

ভ্রমিচ্ছিদ্র, *n.* Pot-hole.

ভ্রষ্ট, *a.* Fallen; straying; depraved; lapsed (into vice); corrupted.

ভ্রষ্টচরিত্র, *a.* Unchaste; depraved; immoral.

ভ্রষ্টতা, ভ্রষ্টত্ব, *n.* Fallen condition; depravity; corruption.

ভ্রষ্টা, *n.* Adulteress; unchaste or corrupt woman:—*a. fem.* corrupt; depraved; fallen.

ভ্রষ্টাচরণ, *n.* Depraved practice; depravity; profligacy.

ভ্রষ্টাচার, *a.* Profligate; immoral; unscrupulous; depraved; dissolute; unchaste; transgressing:—*n.* depravity; profligacy; dissolute life.

ভ্রষ্টাচারী, *a.* Same as ভ্রষ্টাচার (*a.*).

ভ্রাতা, *n.* Brother; cousin.

ভ্রাতুষ্পুত্র, *n.* Brother's son; nephew.

ভ্রাতুষ্পুত্রী, ভ্রাতৃকন্যা, *n.* Brother's daughter; niece.

ভ্রাতৃঘাতক, ভ্রাতৃঘাতী, *n.* Fratricide:—*a.* murdering a brother.

ভ্রাতৃজ—Same as ভ্রাতুষ্পুত্র।

ভ্রাতৃজা—Same as ভ্রাতুষ্পুত্রী।

ভ্রাতৃজায়া, ভ্রাতৃপত্নী, *n.* Brother's wife.

ভ্রাতৃত্ব, *n.* Brotherhood; fraternity.

ভ্রাতৃদ্বিতীয়া, *n.* Ceremony in which sisters wish good to brothers.

ভ্রাতৃপত্নী—See ভ্রাতৃজায়া।

ভ্রাতৃপ্রেম, *n.* Brotherly love or affection; fraternity.

ভ্রাতৃবৎ, *ind.* Like a brother.

ভ্রাতৃবৎসল, *a.* Affectionate towards brother; full of fraternal love.

ভ্রাতৃবধ—See ভ্রাতৃহত্যা।

ভ্রাতৃবধূ, *n.* Brother's wife.

ভ্রাতৃব্য—Same as ভ্রাতুষ্পুত্র।

ভ্রাতৃব্যা—Same as ভ্রাতুষ্পুত্রী।

ভ্রাতৃভাব, *n.* Brotherhood; fraternity; brotherly feelings; brotherly affection.

ভ্রাতৃস্নেহ, *n.* Brotherly affection.

ভ্রাতৃহত্যা, ভ্রাতৃবধ, *n.* Fratricide; murder of a brother.

ভ্রাতৃহত্যাকারী, ভ্রাতৃহন্তা (-ন্তৃ)—Same as ভ্রাতৃঘাতক।

ভ্রাতৃীয়, *a.* Brotherly; fraternal; like a brother.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভ্রান্ত, *a.* Erring; mistaken; deluded.

ভ্রান্তধারণা, *n.* Wrong idea; erroneous notion; misconception.

ভ্রান্তবিশ্বাস, *n.* Misconception; erroneous belief.

ভ্রান্তসিদ্ধান্ত, *n.* Wrong conclusion; erroneous inference.

ভ্রান্তি, *n.* Mistake; error; blunder; delusion; illusion.

ভ্রান্তিকর, ভ্রান্তিজনক, *a.* Erroneous; wrong; delusive; deceptive.

ভ্রান্তিক্রমে—Same as ভ্রমক্রমে।

ভ্রান্তিগণনা, *n.* Error calculation.

ভ্রান্তিবশতঃ—Same as ভ্রমবশতঃ।

ভ্রান্তিমান্, *a.* Mistaking; full of errors; erring:—*n.* rhetorical mistake (the name of a figure of speech).

ভ্রান্তিমূলক, *a.* Erroneous; wrong; illusory.

ভ্রামর, *a.* Relating to bees; grown from bees.

ভ্রামরগ্রস্ত, *a.* Epileptic:—*n.* epilepsy.

ভ্রাম্যমাণ, *a.* Revolving; turning; rotating; circulating; floating; moving or going round. ভ্রাম্যমাণ পাঠাগার—Circulating library. ভ্রাম্যমাণ মূলধন—Floating capital.

ভ্রূকুটি, ভ্রূকুটী—Same as ভ্রূকুটি, ভ্রূকুটী।

ভ্রূ, *n.* Eyebrow.

ভ্রূকুঞ্চন, *n.* Contraction of the eyebrows; frowning. ভ্রূকুঞ্চন করা—Knit one's brows; frown.

ভ্রূকুটি, ভ্রূকুটী, *n.* Frown; contraction of one's eyebrows; angry look; scowl; grimace. ভ্রূকুটি (বা ভ্রূকুটী) করা—Frown; knit one's eye-brows.

ভ্রূকুটিকুটিল, *a.* Frowning; threatening.

ভ্রূক্ষেপ, *n.* Casting of eyes; glancing; gazing; taking care of; slightest heed. ভ্রূক্ষেপ করা—Look at; take notice of. ভ্রূক্ষেপ না করা—Not to take any notice of; not to care a hang; not to care a straw or fig for.

ভ্রূণ, *n.* Embryo; foetus; child in the womb; unborn child.

ভ্রূণঘ্ন—Same as ভ্রূণহা।

ভ্রূণপত্র, *n.* Cotyledon.

ভ্রূণমুকুল, *n.* Plumule.

ভ্রূণসম্বন্ধীয়, *a.* Foetal.

ভ্রূণহত্যা, *n.* Killing of a foetus or an embryo; abortion; miscarriage. ভ্রূণহত্যা করা—Kill a foetus; cause abortion.

ভ্রূণহা, *a.* Killing or destroying the foetus; causing abortion:—*n.* procurer of abortion.

ভ্রূণান্ন, *n.* Oospore.

ভ্রূধনুঃ, *n.* Arch of the eyebrow.

ভ্রূবিভ্রম, ভ্রূ-বিলাস, *n.* Amorous glance; ogling.

ভ্রূভঙ্গ, ভ্রূভঙ্গী, *n.* Amatory play of the eyebrow; contraction of eyebrows; frowning.

ভ্রূলতা, *n.* Arch of the eyebrow; bend of an eyebrow.

ভ্রূলেখা, *n.* Hachures.

ভ্রূসংকেত, ভ্রূসঙ্কেত, *n.* Ogling; hint by the movement of eyebrows.

CC0. Vasishtha Tripathi Collection. Prof. Nirmala Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ম

ম, Twenty-fifth consonant of the Bengali alphabet.

মই, *n.* Small ladder; harrow; clod-crusher. মই দেওয়া—Harrow.

মইষা, মইষে, *a.* Produced from buffalo's milk; like a buffalo.

মইসা, মইসে, *n.* Damp spot; mouldiness.

মইসা-ধরা, মইসে-ধরা, *a.* Damp-spotted; musty; mouldy.

মউ, মৌ, *n.* Honey.

মউ-আলু, *n.* Sweet yam.

মউচাক, মৌচাক, *n.* Bee-hive; honey-comb.

মউড়, মউর, *n.* Diadem; crown.

মউনি, *n.* Churning rod.

মউ-মউ, *a.* Perfumed; diffused with scent.

মউমাছি, মৌমাছি, *n.* Bee.

মউয়া—Same as মহুয়া।

মউর—See মউড়।

মউরি, মৌরি, *n.* Aniseed.

মউল—Same as মহুয়া।

মউলোভী, *a.* Fond of honey.

মওয়া, *v.* Churn; stir; agitate. ঘোল মওয়া—Churn milk into butter.

মকদ্দমা, *n.* Lawsuit; legal action.

মকদ্দমাবাজ, *n.* Litigant:—*a.* litigious.

মকমক, *ind.* Word denoting *the sound of the croaking of a frog.*

মকর, *n.* Horned shark; seal; Capricornus.

মকরক্রান্তি, *n.* Winter solstice.

মকরক্রান্তিবৃত্ত, *n.* The Tropic of Capricorn.

মকরধ্বজ, *n.* Sublimate of mercury, sulphur and gold.

মকরন্দ, *n.* Nectar of a flower; flower-honey; pollen of a flower.

মকরবাহিনী, *n.* Goddess *Ganga.*

মকরমণ্ডল, *n.* The Tropic of Capricorn.

মকররা—Same as মোকররা।

মকররাশি, *n.* The Capricorn; tenth sign of the zodiac.

মকররী—Same as মোকররী।

মকরসংক্রান্তি, *n.* Passage of the sun from *Sagittarius* to *Capricornus.*

মকরীয় শান্তবলয়—Calms of Capricorn.

মকাই, মক্কা, *n.* Maize.

ম-কার, *n.* Simple letter ম্। (See also পঞ্চমকার under পঞ্চ।)

মকুফ, মকুব, *n.* Letting off; excuse. মকুফ (মকুব) করা—Exempt; remit; excuse.

মক্কা—See মকাই।

মক্কেল, *n.* Client.

মক্কেলহীন, *a.* Briefless.

মক্তব, *n.* Muslim primary school.

মক্‌শ, *n.* Practice; exercise. মক্‌শ করা—Trace; copy; practise; exercise.

মক্ষিকা, মক্ষী, *n.* Fly.

মক্ষিমল, *n.* Wax.

মক্ষীরানী, *n.* Queen-bee.

মখমল, *n.* Velvet.

মখমলী, *a.* Made of velvet; velvety.

মগ, *n.* Mug; *Burmese; Arakanese.* মগের মুলুক—*Arakan; Burma;* anarchical state; ill-governed state; lawless region; anarchy; state of lawlessness.

মগজ, *n.* Brain; marrow; kernel.

মগজি, *n.* Ornamental border; edge; hem; edging. মগজি দেওয়া—Hem.

মগজিদার, *a.* Having an ornamental border.

মগডাল, *n.* Highest or top branch (of a tree).

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মগন, *a.* Same as মগ্ন।
মগরা, *a.* Obstinate; self-willed; headstrong; boastful.
মগরা-পনা, *n.* Craftiness; shyness.
মগ্ন, *a.* Immersed; plunged; sunken; drowned; absorbed; deeply engrossed; overwhelmed. মগ্ন করা—Immerse; drown. মগ্ন হওয়া—Sink.
মগ্নগিরি, মগ্নশিলা, মগ্নশৈল, *n.* Submarine rock.
মগ্নচড়া, *n.* Shoal; shallow.
মগ্নচৈতন্য, *a.* Subconscious.
মঙ্গল, *n.* Bliss; welfare; happiness; good fortune; prosperity; auspiciousness; Mars (a planet). মঙ্গল করা—Do good.
মঙ্গল-আরতি—See মঙ্গলারতি।
মঙ্গলক, *n.* Manganese.
মঙ্গলকর—Same as মঙ্গলজনক।
মঙ্গলকাব্য, *n.* Poem in praise of a deity.
মঙ্গলকামনা, *n.* Wishing good or happiness; wishing best of luck; good wishes.
মঙ্গলকামিনী, *a. fem.* Same as মঙ্গলকামী।
মঙ্গলকামী, *a.* Wishing one good luck; desiring one to be happy. মঙ্গলকামী ব্যক্তি—Well-wisher.
মঙ্গলকারিণী, *a. fem.* Same as মঙ্গলকারী।
মঙ্গলকারী, *a.* Doing good; beneficial.
মঙ্গলগীত, *n.* Auspicious song; panegyric.
মঙ্গলগ্রহ, *n.* Planet Mars; lucky star.
মঙ্গলঘট, *n.* Pot filled with water on festive occasions.
মঙ্গল-চণ্ডী, *n.* Goddess *Durga*.
মঙ্গলজনক, *a.* Causing good or prosperity; beneficial; auspicious; propitious.
মঙ্গলদায়ক—Same as মঙ্গলকারী।
মঙ্গলদায়িকা—Same as মঙ্গলকারিণী।
মঙ্গলপাঠক, *n.* Panegyrist.
মঙ্গলবার, *n.* Tuesday.
মঙ্গলময়, *a.* All good; auspicious; lucky; propitious. *fem.*=মঙ্গলময়ী।
মঙ্গলসংবাদ, মঙ্গলসমাচার, *n.* Good news; good tidings.
মঙ্গলস্নান, *n.* Auspicious bathing; holy ceremonial bath.
মঙ্গলাকর, *n.* Root or source of happiness or good.
মঙ্গলাকাঙ্ক্ষিণী—Same as মঙ্গলকামিনী।
মঙ্গলাকাঙ্ক্ষী—Same as মঙ্গলকামী।
মঙ্গলাচরণ, *n.* Prayer at the outset of an undertaking; prologue (of a drama, etc.).
মঙ্গলামঙ্গল, *n.* Good and evil; weal and woe.
মঙ্গলার্থে, *ad.* For the good of; for the welfare of.
মঙ্গলারতি, মঙ্গল-আরতি, *n.* Waving of lights before a deity at dawn.
মঙ্গলালয়, *n.* Abode of bliss:—*a.* being the abode of all good.
মঙ্গলা, *a.* Auspicious; propitious; lucky; favourable; prosperous:—*n.* auspicious things such as sandal, mango-twigs etc.
মঙ্গোল, *n.* & *a.* Mongolian.
মঙ্গোল-তাতার, *n.* Mongol-Tartars.
মচ, *ind.* Word denoting *a peculiar sound produced in breaking* or *snapping short*, or *a crunching sound*.
মচকানি, *n.* Sprain; twist.
মচকানো, *v.* Be wrenched or sprained; be bruised; break or snap short; bend; twist. মচকিয়া যাওয়া—Be strained; be sprained.
মচমচে, *a.* Crisp; crumbling.
মচ্ছব, মচ্ছোব, *n.* Great festival or religious feast of the *Vaishnavas*.
মছলন্দ, *n.* Decorated fine mat.
মছলী, *n.* Fish.
মজকুর, *a.* Aforesaid; above-men-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

tioned :—*n.* record; written account.

মজদুর, *n.* Labourer; workman.

মজদুরমণ্ডলী, *n.* Assembly of labourers.

মজদুরশ্রেণী, মজদুরসম্প্রদায়, *n.* Proletariat.

মজবুত, *a.* Strong; lasting; durable; firm; steady; firmly tied or bound; fast; expert.

মজলিস, *n.* Meeting; assembly; society; company.

মজলিসী, *a.* Social; courtly.

মজা, *n.* Fun; sport; jest; cheer; taste; flavour; relish; punishment; consequences :—*v.* be immersed; sink; plunge; be absorbed (in); be addicted to; be enchanted or charmed; be over-ripe; be silted up :—*a.* mellow; silted-up. মজা উড়ানো—Be gay and sportive. মজা করা—Make fun; play the wag; play a trick or hoax; indulge in pleasures. মজা টের পাওয়া—Feel the (evil) consequences. মজা টের পাওয়ানো, মজা দেখানো—Show playful tricks or magic; make amusements; make fun; be diverting; teach a good lesson; punish. মজার গল্প—Amusing story. মজিয়া যাওয়া—Be absorbed in; lose oneself.

মজাড়ে, *a.* Witty; funny; sportive.

মজাদার, *a.* Amusing; witty; funny; sweet; palatable; savoury.

মজাদারি, *n.* Palatableness; fun; jest; sport; wittiness.

মজানো, *v.* Immerse; plunge; dip; sink; ruin; fascinate; seduce; entice; allure; silt up; bring disgrace on. কুল মজানো—Bring disgrace on a family; discredit a family; lower the prestige of a family.

মজুদ, মজুত, *a.* Stored; present; in stock; ready. মজুদ (মজুত) করা—Stock; hoard. মজুদ (মজুত) তহবিল—Cash in hand.

মজুদদার, মজুতদার, *n.* Hoarder.

মজুদদারি, মজুতদারি, *n.* Hoarding.

মজুমদার, *n.* Record-keeper; *Mazumdar* (a surname).

মজুর, *n.* Day-labourer; hired workman. মজুরের দল—Band of labourers.

মজুর-গণ্ডগোল, *n.* Labour trouble.

মজুর-সর্দার, *n.* Gangsman.

মজুরি, *n.* Wages for labour; wages of a day-labourer; hire. মজুরি করা—Work for hire; labour for wages.

মজ্জন, *n.* Sinking; plunging; immersion; bathing; ablution; drowning.

মজ্জমান, *a.* Drowning; sinking.

মজ্জা, *n.* Marrow; pith; sap; substance; medulla; core.

মজ্জাগত, *a.* Affecting the marrow; touching the pith; ingrained; latent; innate; bred in the bone; inherent.

মজ্জাগহ্বর, *n.* Pith cavity.

মঞ্চ, মঞ্চক, *n.* Platform; shelf; table; scaffold; bedstead; pulpit; altar.

মঞ্চশিল্পী, *n.* Actor or actress; artiste; stage-artiste; stage-decorator.

মঞ্জন, *n.* Cleaning; scouring; tooth-powder.

মঞ্জরি—See মঞ্জরী।

মঞ্জরিত, *a.* Blooming; sprouted; germinating; germinated; budded; budding. মঞ্জরিত হওয়া—Put forth new leaves; bud; be in blossom.

মঞ্জরী, মঞ্জরি, *n.* Flower-spike; spike; bud; sprout; shoot; ear of corn; tuft; cluster.

মঞ্জরীদণ্ড, *n.* Anthophore; rachis.

মঞ্জরীপত্র, *n.* Bract.

মঞ্জি, মঞ্জী, *n.* Flower-stalk; flower-spike; ear of corn.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মঞ্জিল, *n.* Mansion; dwelling house; inn; tavern; storey; floor.

মঞ্জিষ্ঠা, *n.* Bengal madder.

মঞ্জী—See মাঁঞ্জি।

মঞ্জীর, *n.* Anklet.

মঞ্জু, মঞ্জুল, *a.* Lovely; beautiful; sweet; pleasing; delightful; agreeable.

মঞ্জুকেশী, *a.* Having beautiful hair.

মঞ্জুভাষী, *a.* Sweet-spoken; fair-spoken; sweet-tongued. *fem.*= মঞ্জুভাষিণী।

মঞ্জুর, *a.* Approved; sanctioned; granted; admitted. মঞ্জুর করা—Approve; sanction; grant; admit. মঞ্জুর করানো—Have or get approved or sanctioned.

মঞ্জুরি, *n.* Approval; sanction; grant; assent.

মঞ্জুল—See মঞ্জু।

মঞ্জুশ্রী, *n.* Grace; loveliness.

মঞ্জুষা, মঞ্জুষা, *n.* Casket; trunk; portmanteau.

মঞ্জুহাসিনী, *a. fem.* Sweet-smiling.

মট্, *ind.* Word denoting *an imitative sound of snapping* or *cracking* or *creaking*. মট্ করে—With a crack or snap. কাঠখানা মট্ করে ভেঙে গেল—The wooden piece snapped. টেবিলটা মট্ করে উঠল—The table creaked.

মটকা, *n.* Top (as of a thatched roof); ridge (of a house); feigned sleep; a coarse kind of silk (see also মটকি). মটকা মারা—Pretend to sleep; feign; pretend; block the opening at the centre of a thatched roof.

মটকানো, *v.* Snap; crack; break noisily. আঙুল মটকানো—Snap one's finger.

মটকি, মটকা, *n.* Big jar (for *ghee* or oil) with a bulging belly.

মটর, *n.* Pea.

মটরকড়াই, মটরকলাই, *n.* Pea.

মটরডাল, *n.* Split pea-seeds.

মটরদানা, *n.* Pea-grain. (See also মটরমালা।)

মটরমালা, *n.* Necklace of gold beads.

মটরশুঁটি, *n.* Pea-pod.

মটাৎ—Same as মট্।

মট্‌ক—Same as মুকুট।

মঠ, *n.* Monastery; temple; pagoda; abbey; hermitage; school; college.

মঠধারিণী, মঠাধিকারিণী, মঠাধ্যক্ষা, *n.* Abbess.

মঠধারী, মঠাধিকারী, মঠাধ্যক্ষ, *n.* Abbot; head or chief of a monastery or pagoda.

মঠাধ্যক্ষতা, *n.* Abbacy.

মঠাধ্যক্ষা—See মঠধারিণী।

মড়ক, *n.* Plague; epidemic disease; pestilence; high rate of mortality.

মড়কখোলা, *n.* Cremation ground.

মড়মড়, *ind.* Word denoting a *cracking noise* or *crash*. মড়মড় করে ভেঙে পড়া—Fall with a crash.

মড়মড়ে, *a.* Crisp.

মড়া, *n.* Dead body; corpse. মড়া কামড়, মড়া কামড়ি—Mortal bite; deadly grip. মড়া নিয়ে যাওয়া—Carry a corpse to the crematorium.

মড়াঞ্চে—See মড়ুঞ্চে।

মড়িপোড়া, মড়ুইপোড়া, *a.* Helping to burn dead bodies.

মড়ুঞ্চে, মড়াঞ্চে, *a. fem.* Bearing still-born children; still-born. মড়ুঞ্চে পোয়াতী—Woman whose children die soon after birth.

মণ, *n.* Maund.

মণকষা, *n.* Rule of finding out the price of a thing, the price per maund being given.

মণি, *n.* Gem; jewel; pearl; wrist; darling; dear; beloved.

মণিক, *n.* Mineral.

মণিকাঞ্চন, *n.* Jewellery and gold.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মণিকাঞ্চনযোগ, মণিকাঞ্চনসংযোগ, *n.* Most favourable opportunity; happiest conjunction of circumstances.
মণিকার, *n.* Jeweller; dealer in precious stones; lapidary.
মণিকুট্টিম, *n.* Pavement of jewel.
মণিকোঠা, *n.* Hall bedecked with jewels.
মণিপুরী, *a.* Inhabiting *Manipur;* belonging to *Manipur;* produced or grown or current in *Manipur* :—*n.* native of *Manipur.*
মণিপ্রভা, *n.* Lustre of a jewel.
মণিবন্ধ, *n.* Wrist.
মণিভাণ্ডার, *n.* Jewel house.
মণিমণ্ডিত, *a.* Set with gems; studded with pearls or gems.
মণিময়, *a.* Bejewelled; adorned with gems.
মণিমাণিক্য, *n.* Precious stones and gems of various kinds.
মণিমালা, *n.* Necklace of pearls or gems.
মণিরত্ন, *n.* Gems and jewels.
মণিহার—Same as মণিমালা।
মণ্ড, *n.* Scum; froth; foam; paste; starch; gruel; pulp.
মণ্ডন, *n.* Ornamenting; decoration; embellishment; ornament.
মণ্ডপ, *n.* Pavilion; open shed; temporary building or shed; booth (for festive occasions); family temple; arbour.
মণ্ডল, *n.* Circle; orb; disc (of the sun or the moon); ring; sphere; globe; orbit; province; district; visible horizon; assemblage; zone; headman of a village. মণ্ডল হাসপাতাল—Group hospital.
মণ্ডলনৃত্য, *n.* Dance in a ring or circle.
মণ্ডলপট্ট, *n.* Zone plate.
মণ্ডলপরিদর্শক, *n.* Circle Inspector.
মণ্ডলমধ্য, *n.* Centre or inside of a circle or sphere.
মণ্ডলাকার, *a.* Spherical; round; circular; orbicular.
মণ্ডলাধীশ, *n.* Emperor; king of kings.
মণ্ডলী, *n.* Society; circle; congregation; group.
মণ্ডলীকরণ, *n.* Coiling; giving a circular shape; gathering in a circle; grouping.
মণ্ডলীকৃত, *a.* Coiled; rounded; formed into a circle or coil; grouped.
মণ্ডলেশ, মণ্ডলেশ্বর, *n.* Supreme ruler; lord of a province; sovereign; monarch.
মণ্ডিত, *a.* Ornamented; decked; adorned; dressed; studded; gilt; covered; capped (তুষার-মণ্ডিত—snow-capped; covered with snow).
মণ্ডূক, *n.* Frog.
মণ্ডূকপ্লুত, *n.* Leaping of a frog.
মণ্ডূকী, *n.* Female frog.
মৎ, *pron. a.* My; mine (মৎপুত্র—my son).
মত, *n.* Opinion (আমার মত—my opinion); view; desire; wish; purpose; vote; method; way; manner; theory; sect; kind; sort: —*a.* like (আমার মত—like me); similar :—*ad.* according to. মত করা—Agree; approve. মত করানো—Persuade. মত দেওয়া—Consent to; assent to; sanction; grant; advise. মত বদলানো—Change one's opinion or view. [বিশিষ্ট প্রয়োগ :—জন্মের মত—For good; for life.]
মতগ্রহণ—Same as ভোটগ্রহণ।
মতগ্রাহী—Same as ভোটগ্রাহী।
মতদ্বৈধ, *n.* Difference of opinion; discord; disagreement.
মতন, মতো, *a.* Like; resembling :—*ind.* after; to; for.
মতপত্রী—Same as ভোটপত্রী।
মতপেটি—Same as ভোটপেটি।
মতপ্রকাশ, *n.* Expression of one's opinion; expression.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মতবাদ, *n.* Ideology; doctrine; principle; theory; tenet; view.
মতবাদী, *a.* Adhering to a particular doctrine.
মতবিরোধ, মতভেদ, *n.* Difference of opinion. এ বিষয়ে মতভেদ আছে—There are differences of opinion on this subject; opinions vary on this subject.
মতলব, *n.* Intention; purpose; desire; wish; meaning; opinion; object; plan. মতলব আঁটা—Hatch a plot; scheme; make a plan. মতলব করা—Plan. মতলব ভাঁজা—Contrive; design.
মতলববাজ, *a.* Designing; crafty.
মতলবী, *a.* Crafty; designing.
মতস্বাতন্ত্র্য, *n.* Freedom of opinion; independence of thought.
মতানৈক্য, *n.* Difference of opinion; disagreement; divergence; discord.
মতান্তর, *n.* Different opinion; different creed; another view; another way; different manner. (See also মতানৈক্য।) এ বিষয়ে মতান্তর আছে—There are different opinions on this point. [opinion.
মতান্তরে, *ad.* According to another
মতাবলম্বন, *n.* Following a tenet or principle; adoption of a creed. মতাবলম্বন করা—Follow a tenet or principle; adopt a creed.
মতাবলম্বিনী, *fem.* Same as মতাবলম্বী।
মতাবলম্বী, *a.* Professing the principles of a particular sect; holding others' opinion; following the same theory:—*n.* follower.
মতামত, *n.* Views for and against an opinion.
মতি, *n.* Inclination; mind; understanding; intention; tendency; desire; intelligence; pearl.
মতিগতি, *n.* Inclination; tendency; intentions and activities.
মতিচ্ছন্ন, *a.* Crack-brained; off one's head; crazy; deranged; evil-minded:—*n.* mental derangement.
মতিভ্রংশ, মতিভ্রম, মতিবিভ্রম, মতিভ্রান্তি, *n.* Mental derangement; delusion; aberration of the mind; loss of sense or intelligence; insanity; abnormality; mistake; error; blunder.
মতিভ্রষ্ট, মতিভ্রান্ত, *a.* Demented; crack-brained; off one's head; not in one's senses.
মতিমতী, *a. fem.* Same as মতিমান্।
মতিমত্তা, *n.* Sagacity; intelligence.
মতিমান্, *a.* Wise; sensible; intelligent; ingenious; mindful; judicious; reflecting.
মতিয়া, *n.* Pearl.
মতিয়াবিন্দ, *n.* Pearl-eye. মতিয়াবিন্দ রোগগ্রস্ত—Pearl-eyed.
মতিস্থিরতা, মতিস্থৈর্য, *n.* Firmness of mind; mental equipoise; balance of mind; self-possession.
মতিহীন, *a.* Foolish; stupid.
মতো—See মতন।
মৎকুণ, *n.* Bug; flea.
মৎকৃত, *a.* Done by me.
মত্ত, *a.* Mad; inebriate; intoxicated; overwhelmed (আনন্দে মত্ত—overwhelmed with joy); angry; excited; absorbed; deeply engaged. মত্ত হস্তী—Must elephant.
মত্ততা, *n.* Intoxication; passionate excitement; infatuation.
মৎপ্রণীত, *a.* Composed, compiled or written by me.
মৎসর, *a.* Envious; malicious; greedy; angry; haughty; miserly; parsimonious:—*n.* envy; malice; greediness; anger; haughtiness; pride.
মৎসরী, *a. fem.* Same as মৎসর (*a.*).
মৎসী, *n.* Female fish.
মৎস্য, *n.* Fish.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মৎস্যকরণ্ডিকা, *n.* Fish-basket; creel.
মৎস্যঘণ্ট, *n.* Fish-curry; fish-grill.
মৎস্যজাত, *n.* Fishery products.
মৎস্যজীবী, *n.* Fisherman.
মৎস্যন্যায়, মৎস্যনীতি, *n.* Anarchy; state of great disorder or confusion.
মৎস্যবেধন, মৎস্যবেধনী, *n.* Fishing hook.
মৎস্যব্যবসায়, *n.* Fishery; fish business.
মৎস্যব্যবসায়ী, *n.* Fish-dealer.
মৎস্যভোজী—Same as মৎস্যাশী।
মৎস্যরঙ্গ, *n.* Kingfisher; halcyon.
মৎস্যাশী, *a.* Piscivorous.
মথন, *n.* Stirring; churning; oppression. মথন করা—Stir; churn; oppress.
মথন-দণ্ড, *n.* Churning rod.
মথিত, *a.* Churned; stirred; agitated; oppressed. মথিত করা—Churn; stir; agitate; oppress.
মদ, *n.* Wine; alcoholic liquor; intoxication; arrogance; pride; conceit; insanity; pleasure; joy; delight; ichor. মদ খাইতে খাইতে আমোদ করা—Make merry over a cup of wine; revel in drinking; booze. মদ খাওয়া—Drink. মদের চোরাকারবার—Bootlegging. মদের চোরাচালানকারী, মদের চোরাকারবারী—Bootlegger.
মদখোর, *n.* Drunkard:—*a.* addicted to drinking. মদখোর লোক—Drunkard.
মদগর্ব, *n.* Arrogance; conceit.
মদগর্বিত, মদগর্বী, *a.* Mad with pride; arrogant; conceited.
মদজল, *n.* Ichor of an elephant.
মদত্, মদদ্, *n.* Help; assistance; aid; succour.
মদন, *n. Madana,* the god of love; love; lust.
মদনকণ্টক, *n.* Horripilation through love; amative thrill.
মদনকলহ, *n.* Love-quarrel; tiff.
মদনবশ, *a.* In love; under the sway of love; infatuated with love; love-sick; love-lorn; languishing with love.
মদনবাণ, মদনশর, *n.* Shaft of Cupid; love shaft; carnal appetite; lust; libido.
মদনবাণবিদ্ধ, *a.* Stricken with sexual desire; lovesick.
মদনমোহন, *a.* Exquisitely beautiful.
মদনলিপি, মদনলেখ, *n.* Love-letter; *billet-doux.*
মদনশর—See মদনবাণ।
মদনোৎসব, *n.* Spring festival; Bacchanalia.
মদবারি—Same as মদস্রাব।
মদমত্ত, *a.* Maddened with pride; puffed up with vanity; insolent; arrogant; haughty; drunken; intoxicated.
মদরাগ, *n.* Love; Cupid.
মদস্রাব, *n.* Ichor of an elephant.
মদস্রাবী, *a.* In rut; ichorous (said of an elephant).
মদাতঙ্ক, মদাত্যয়, *n. Delirium tremens;* tipsiness.
মদান্ধ, *a.* Blinded by passion; infatuated; blinded with pride; fuddled by liquor; boozed.
মদান্ধতা, *n.* Blindness from passion or pride.
মদালস, *a.* Overcome with passion or pride; insolent; fuddled.
মদালসা, *a. fem.* Same as মদালস।
মদির, *a.* Intoxicating; maddening; drooping.
মদিরা, *n.* Wine; spirits; spirituous liquor.
মদিরাক্ষী, মদিরেক্ষণা, *n.* Lady with drooping eyes; lady with passionate look.
মদিরাগৃহ, মদিরাশালা, *n.* Grog shop; tavern; public house.
মদিরেক্ষণা—See মদিরাক্ষী।
মদীয়, *pron. a.* My; mine; belonging to me.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ম'দো, *a.* Given to drinking; sottish; tippling; like wine.
মদোৎকট, *a.* Excited by drinking; puffed up with pride; arrogant; maddened in rut (said of an elephant).
মদোদ্ধত, *a.* Haughty; arrogant; conceited; passionate.
মদোন্মত্ত, *a.* Intoxicated with wine or pride or ichor.
ম'দোমাতাল, *a.* Addicted to drinking; sottish:—*n.* drunkard; boozer; tippler. ম'দোমাতাল লোক—Drunkard.
মন্দ—See মর্দ।
মন্দা—See মর্দা।
মন্দানি—See মর্দানি।
মন্দানী—See মর্দানী।
মদ্য, *n.* Wine; spirits; spirituous liquor.
মদ্যপ, মদ্যপায়ী, *a.* Addicted to drinking; inebriate:—*n.* drunkard.
মদ্যবিক্রেতা, *n.* Vintner.
মদ্যমাংস, *n.* Meat and drink.
মধু, *n.* Honey; nectar; juice of flowers; spirituous liquor; sweet taste; spring:—*a.* sweet.
মধুক, *n.* Liquorice.
মধুকণ্ঠ, *a.* Sweet-voiced; honey-tongued.
মধুকর, *n.* Black-bee; lover; gallant.
মধুকরী, *n.* Female black-bee.
মধুকোষ, *n.* Honeycomb; bee-hive; testicle (of a goat, sheep, etc.).
মধুক্রম, মধুচক্র, *n.* Honeycomb; bee-hive.
মধুগন্ধ, মধুগন্ধি, *a.* Sweet-smelling.
মধুগ্রন্থি, *n.* Nectary.
মধুচন্দ্র, মধুচান্দ্রমা, মধুচান্দ্রিকা, *n.* Honey-moon. মধুচন্দ্র যাপন করা—Honey-moon.
মধুজ, *n.* Bees-wax.
মধুজম্বীর, *n.* Orange.
মধুনিশি—Same as মধুযামিনী।
মধুপ, *a.* Drinking honey:—*n.* black-bee; drone; honey-sucker.
মধুপর্ক, *n.* Oblation of honey, curd, milk, sugar, etc. মধুপর্কের বাটি—Small cup containing a little of honey, curd, milk, etc. offered as oblation.
মধুপায়ী, *a.* Drinking honey.
মধুপূর্ণ, *a.* Full of honey; sweet; delicious.
মধুবন, *n.* Pleasure-grove.
মধুবর্ষী, *a.* Showering honey; melodious; tuneful; dulcet.
মধুভাষী, *a.* Honey-tongued.
মধুমক্ষিকা, মধুব্রত, *n.* Honey-bee; bee.
মধুময়—Same as মধুপূর্ণ।
মধুমাধবী, *n.* Wine; liquor; kind of flower.
মধুমান্, *a.* Full of honey; honeyed; sweet.
মধুমাস, *n.* Month of *Chaitra*.
মধুমেহ, *n.* Diabetes.
মধুযষ্টি, *n.* Sugarcane.
মধুযামিনী, *n.* Pleasant night; wedding night; spring night.
মধুর, *a.* Sweet; delicious; pleasant; beautiful; lovely; graceful; agreeable.
মধুরকণ্ঠ, *n.* Sweet or melodious voice:—*a.* sweet-voiced; honey-tongued.
মধুরকণ্ঠে, *ad.* Sweetly; melodiously.
মধুরতা, মধুরত্ব, *n.* Sweetness; loveliness; pleasantness; gracefulness; suavity.
মধুরপ্রকৃতি—See মধুরস্বভাব।
মধুরভাষিণী, *a. fem.* Same as মধুরভাষী।
মধুরভাষী, *a.* Sweet-tongued; sweet-spoken; fair-spoken.
মধুরস, *n.* Sweet taste; sweetness.
মধুরস্বভাব, মধুরপ্রকৃতি, *n.* Sweet temper:—*a.* sweet-tempered.
মধুরস্বর—Same as মধুরকণ্ঠ।
মধুরস্বরে—Same as মধুরকণ্ঠে।
মধুরাতি—Same as মধুযামিনী।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মধুরাম্ল, *n.* Acid; acid taste:—*a.* acid.

মধুরালাপ, *n.* Pleasant conversation or talk; friendly chat; heart-to-heart talk.

মধুরিমা—Same as মধুরতা।

মধুলিহ, মধুলেহ, মধুলোহী, *n.* Bee; honey-bee; black-bee.

মধুলুব্ধ, মধুলোভী, মধুলোলুপ, *a.* Fond of honey; allured or tempted by honey.

মধুস্বর, *n.* Sweet voice; cuckoo:—*a.* sweet-voiced; honey-tongued.

মধূষ, *n.* Bees-wax.

মধূষবর্তিকা, *n.* Wax candle.

মধূৎসব, *n.* Vernal or spring festival; *Holi* festival.

মধূসব, *n.* Spirituous liquor.

মধ্য, *n.* Middle; centre; inside; mean; waist; interval:—*a.* middle; central; internal; mean; intermediate. মধ্য ইংরেজী বিদ্যালয়—Middle English School. মধ্য উষ্ণতা—Mean temperature.

মধ্যক, *a.* Mean:—*n.* mean.

মধ্যকাল, *n.* Meantime.

মধ্যকালীন, *a. Ad interim; interim.* মধ্যকালীন প্রতিবেদন—*Interim* report.

মধ্যকোণ, *n.* Mean anomaly.

মধ্যক্ষীণা, *a. fem.* Slender-waisted.

মধ্যগ, *n.* Middleman; (Statistics) mean. Also same as মধ্যবর্তী। মধ্যগ পার্থক্য—Mean variation.

মধ্যগমন, *n.* Culmination.

মধ্যচ্ছদা, *n.* Diaphragm.

মধ্যজীবীয়, *a.* Mesozoic.

মধ্যতঃ, *ind.* In the midst or middle; in the centre.

মধ্যতল, *n.* Meridian plane.

মধ্যত্বক্ (ফলের), *n.* Mesocarp.

মধ্যদেশ, *n.* Central or middle part (of anything); centre (of a circle); waist.

মধ্যদেশীয়, *a.* Central; middle; continental. মধ্যদেশীয় জলবায়ু—Continental climate.

মধ্যন্দিন, *n.* Noon; midday.

মধ্যপন্থা, *n.* Middle way.

মধ্যপন্থী, *n.* & *a.* Moderate.

মধ্যপর্দা, *n.* Middle lamella.

মধ্যপোষক, *n.* Intermediate host.

মধ্যবক্ষ, *n.* Mesothorax.

মধ্যবয়স্ক, *a.* Middle-aged.

মধ্যবর্তিতা, *n.* Intermediation; arbitration; intervention; mediation.

মধ্যবর্তী, *a.* Intermediate; situated between; situated in the middle or within; central; inward:—*n.* mediator; arbitrator; umpire. *fem.*=মধ্যবর্তিনী। মধ্যবর্তী নিযুক্তক—Handling agent. মধ্যবর্তী হওয়া—Arbitrate; mediate; intervene.

মধ্যবিত্ত, *a.* Middle-class. মধ্যবিত্ত পরিবার—Middle-class family. মধ্যবিত্ত সম্প্রদায়—Middle class; bourgeoisie.

মধ্যবিধ, *a.* Mediocre; of middle class.

মধ্যবৃত্ত, *n.* Naval; transit circle.

মধ্যভারত, *n.* Central India.

মধ্যম, *a.* Middling; intermediate; included; situated within; second (among three or more):—*n.* fourth note in the *Hindu gamut*; waist. মধ্যম খণ্ড—Middle term in an algebraical equation. মধ্যম ভ্রাতা—Second brother. মধ্যম লোক—Middle or mundane world; earth.

মধ্যমণি, *n.* Central gem.

মধ্যমপন্থা—Same as মধ্যপন্থা।

মধ্যমপন্থী—Same as মধ্যপন্থী।

মধ্যমবয়স্ক, *a.* Middle-aged.

মধ্যমা, *a. fem.* Same as মধ্যম (*a.*):—*n.* middle-finger; median.

মধ্যমীয়, *a.* Internal; intermediate; middle; central.

মধ্যযুগ, *n.* Middle Ages.

মধ্যযুগীয়, *a.* Mediaeval.

মধ্যরাত্র, *n.* Midnight.

মধ্যরাত্রে, *ad.* At midnight.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মধ্যরেখা, *n.* Meridian.

মধ্যশরীর, *n.* Trunk.

মধ্যশিক্ষা, *n.* Secondary education. মধ্যশিক্ষা পর্ষৎ—Secondary Education Board.

মধ্যশিরা, *n.* Midrib.

মধ্যস্থ, *a.* Internal; intermediate; middle; standing between; being within; mediating; impartial; neutral:—*n.* mediator; arbitrator; umpire. মধ্যস্থ ন্যায়পীঠ—Arbitral tribunal. মধ্যস্থ হওয়া—Arbitrate; mediate; intervene.

মধ্যস্থতা, *n.* Arbitration; mediatorship; umpireship; intervention; mediation. মধ্যস্থতা করা—Mediate; arbitrate; intervene.

মধ্যস্থ-বিনির্ণয়, *n.* Arbitration award.

মধ্যস্থ-বিনির্ণয় স্বীকারপত্র—Arbitration agreement.

মধ্যস্থল, *n.* Middle; midst; centre; waist.

মধ্যস্থালি—Same as মধ্যস্থতা।

মধ্যস্থিত, *a.* Situated in the middle; internal; central.

মধ্যাঙ্গুলি, *n.* Middle finger.

মধ্যাহ্ন, *n.* Midday; noon.

মধ্যাহ্ন-আহার—Same as মধ্যাহ্ন-ভোজন।

মধ্যাহ্নকাল, *n.* Midday; noon.

মধ্যাহ্নকালীন, *a.* Of or belonging to the noon or midday.

মধ্যাহ্ন-ক্রিয়া, *n.* Any duty or religious ceremony performed at midday.

মধ্যাহ্ন-তপন, *n.* Midday sun.

মধ্যাহ্ন-ভোজন, *n.* Midday meal; lunch; luncheon; dinner.

মধ্যাহ্ন-সূর্য, মধ্যাহ্ন-তপন, *n.* Meridian sun; midday sun.

মধ্যে, *ad.* In the middle; in the midst; in the interior; in; within; of; among; between; amid; amongst. মধ্যে মধ্যে—Now and then; sometimes; at intervals; occasionally; few and far between.

মধ্যোচ্চগমন, *n.* Upper culmination.

মধ্যোন্নতি, *n.* Meridian altitude.

মন, *n.* Mind; heart; inclination; wish; choice; opinion; maund. মন ওঠা—Be satisfied. মন করা—Mind; intend. মন কাড়া—Win one's heart. মন খোলা—Open one's heart; speak one's mind. মন চাওয়া—Be inclined to. মন ছোটা—Be greatly attracted. মন জানা—Know one's mind. মন টলা—Become worried; waver; melt. মন টানা—Have a mind; attract. মন দেওয়া—Attend to; pay heed to. মন নিবিষ্ট করা—Attend closely; concentrate. মন পড়া—Have one's mind attracted. মন পাওয়া—Be in favour; secure favour; win good will. মন বসা—Find interest. মন বিষিয়ে উঠা—Have the mind poisoned or embittered. মন ভাঙা—Look with disfavour; be dejected; lose favour. মন ভাঙানো—Dissuade; poison one's mind; bias. মন ভাল না থাকা—Not to be in one's humour; not to be in a good mood (তাহার আজ মন ভাল নাই—he is not in his humour to-day; he is not in a good mood to-day). মন ভোলানো—Win one's heart; charm one's mind. মন মাতানো—Please greatly. মন মানা—Get consolation or solace. মন যাওয়া—Be inclined; like. মন যোগাইয়া চলা—Ingratiate oneself with; be at the beck and call of; humour; flatter; follow one's wishes. মন রাখা—Humour; flatter; play the sycophant. মন লাগা—Have interest in; have a liking for. মন সরা—Have a desire for. মন হওয়া বা থাকা—Be inclined; choose; have tendency or leaning. মনে—In the mind; in memory. মনে করা—Call to mind; think; recollect; remem-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ber; intend; suppose. মনে জাগরূক থাকা—Be fresh in one's mind. মনে থাকা—Be retained in the mind; remember. মনে ধরা—Take a fancy to; have a fancy for; be after one's mind; come up to one's liking. মনে না থাকা—Forget; slip from one's memory. মনে পড়া—Recollect; remember. মনে মনে—Mentally; at heart; inwardly; within oneself. মনে মনে তোলাপাড়া করা—Turn over in the mind; ponder; muse over; cogitate; revolve in the mind; weigh in the mind; think deeply. মনে মনে পুষিয়া রাখা—Cherish in the heart; harbour in the mind; keep to oneself. মনে রাখা—Bear or keep in mind; remember. মনে রেখাপাত করা—Make an impression on the mind; imprint on the mind. মনে লওয়া—Take to heart; strike one; cross one's mind. মনে লাগা—Wound the feelings; be touched to the quick; take a fancy to; move the feelings. মনে স্থান দেওয়া—Harbour or cherish in the mind (as an idea); remember (আমাকে একটু মনে স্থান দিবেন—Please remember me). মনে হওয়া—Remember; be remembered; come to mind; think; strike; suppose (আমার মনে হয়—I think; I suppose). মনের জোর—Moral courage; will-power; energy. মনের ঝাল ঝাড়া—Vent one's spleen. মনের বিকার—Mental aberration; idiosyncrasy. মনের বিষ—Canker of the mind. মনের ব্যথা—Heart's pang. মনের মত, মনের মতন—After one's heart; after one's choice. মনের ময়লা—Gloom of one's mind; concealed vice; ill-feeling. মনের মানুষ—Man (or woman) after one's heart or liking. মনের মিল—Mental concord; agreement in thought and feeling; state of being of the same heart or mind.

মনঃকল্পিত, *a.* Conceived in the mind; fancied; imagined; invented; imaginary; contrived; fabricated.

মনঃকষ্ট, মনঃক্লেশ, *n.* Mental agony; anguish; uneasiness; sorrow; pain; grief. মনঃকষ্ট দেওয়া—Grieve; sadden. মনঃকষ্ট পাওয়া—Be offended; be stricken with mental anguish.

মনঃক্ষুণ্ণ, *a.* Disappointed; saddened; depressed; grieved at heart; aggrieved; repining; troubled in spirit.

মনঃপীড়া—Same as মনঃকষ্ট।

মনঃপূত, *a.* Pure of mind; conscientious; adjudged right or approved; after one's liking or choice. মনঃপূত হওয়া—Be approved; meet one's approbation; be acceptable; be after one's heart.

মনঃপ্রাণ, *n.* Heart and soul. মনঃপ্রাণ দিয়া কাজ করা—Work heart and soul. মনঃপ্রাণ দিয়া চেষ্টা করা—Try heart and soul.

মনঃশিলা, *n.* Red arsenic.

মনঃসংযোগ, *n.* Close attention; application of the mind (to any subject); concentration. মনঃসংযোগ করা—Pay heed to; fix or concentrate one's mind on.

মনঃসংযোগী, *a.* Deeply attentive; heedful.

মনঃসমীক্ষক, *n.* Psycho-analyst.

মনঃসমীক্ষণ, *n.* Psycho-analysis.

মনঃসমীক্ষা, *n.* Psycho-analysis.

মনঃস্থ—Same as মনস্থ।

মনঃস্থৈর্য, *n.* Mental equilibrium; mental equipoise; serenity of mind; mental calmness; self-possession.

মনকষাকষি, *n.* Disagreement; ill-feeling; dissension; bad blood;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

bad terms. আমাদের মনকষাকষি চল্‌ছে —We have strained relations; we are on bad terms. মন কষাকষি করা —Strain one's relations with.

মনক্কা, *n.* Raisins.

মনখোলা, *a.* Frank; sincere; outspoken.

মনগড়া, *a.* Fancied; got-up; imaginary; invented; fabricated. মনগড়া কথা—Got-up story.

মনচোর, মনচোরা, *a.* Stealing the heart: —*n.* object of love; lover.

মনছাল, *n.* Realgar.

মনন, *n.* Thinking; reflection; thought; guess; notion; idea. মনন করা—Think; fancy.

মননশীল, *a.* Thoughtful; intellectual.

মননীয়, *a.* To be thought of; to be considered.

মনমরা, *a.* Grieved; dispirited; depressed; dejected; cast down; melancholy; in the dumps; in doldrums.

মনমোহন, *a.* Charming; lovely.

মনরক্ষা, *n.* Flattering; pleasing; humouring. মনরক্ষা করা—Humour; flatter; please.

মনরাখা, *a.* Cajoling; wheedling; specious. [imagination.

মনশ্চক্ষু, *n.* Mind's eye; inward eye;

মনশ্চাঞ্চল্য, *n.* Mental unrest or disquiet; mental agitation.

মনসব, *n.* Ministry; office; dignity.

মনসবদার, *n.* Magistrate; officer; government officer; *mansabdar.*

মনসবদারি, *n.* Work or profession of a *mansabdar;* feudal system.

মনসিজ, *a.* Born of mind; mental.

মনস্ক, *a.* Pertaining to mind.

মনস্কাম, মনস্কামনা, *n.* Heart's desire; longing of the mind.

মনস্কামসিদ্ধি, মনস্কামনাসিদ্ধি, *n.* Fulfilment or fruition of a desire; success.

মনস্তত্ত্ব, *n.* Psychology.

মনস্তাত্ত্বিক, *a.* Psychological:—*n.* psychologist.

মনস্তাপ, *n.* Repentance; remorse; mental agony or distress; repining; compunction.

মনস্তুষ্টি, *n.* Mental satisfaction; heart's content; contentment.

মনস্তুষ্টিকর, *a.* Satisfying the mind; pleasing.

মনস্থ, *a.* Mental; fancied; intended; resolved; decided on. মনস্থ করা—Make up one's mind; resolve; decide.

মনস্বিতা, মনস্বিত্ব, *n.* Wisdom; high-mindedness; magnanimity.

মনস্বিনী, *a. fem.* Same as মনস্বী।

মনস্বী, *a.* High-minded; liberal; prudent; wise; sensible; intelligent; talented.

মনাক্কা—Same as মনক্কা।

মনান্তর, *n.* Misunderstanding; bad terms; difference of opinion; disagreement; dissension.

মনাসিব, *a.* After one's heart; to one's liking.

মনি-অর্ডার, *n.* Money-order. মনি-অর্ডার করা—Send by money-order.

মনি-অর্ডার-যোগে, *ad.* By money-order.

মনিত, *a.* Thought of; known.

মনিব, মুনিব, মুনীব, *n.* Master; lord; patron.

মনিবগিরি, *n.* Bossing.

মনিব্যাগ, *n.* Money-bag.

মনিহারী, *a.* Stationery:—*n.* stationer. মনিহারী দোকান—Stationery shop.

মনীষা, *n.* Genius; talent; intellect (improved by culture); intelligence; sense; understanding.

মনীষিণী, *a. fem.* Same as মনীষী (*a.*):—*n.* highly learned or talented lady; lady of sharp intellect.

মনীষিতা, *n.* Talent; intelligence.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মনীষী, *a.* Talented; intelligent; wise; learned; of calm temper or disposition :—*n.* highly learned or talented man; scholar.

মনুজ—Same as মনুষ্য।

মনুজেন্দ্র, *n.* King.

মনুষ্য, *n.* Man; human being; mankind.

মনুষ্যকণ্ঠ, *n.* Human voice.

মনুষ্যকৃত, *a.* Done or performed by man; human; artificial; man-made. মনুষ্যকৃত দুর্ভিক্ষ—Man-made famine.

মনুষ্যখাদক, *n.* Cannibal; man-eater.

মনুষ্য-চরিত্র, *n.* Human character.

মনুষ্যজন্ম, *n.* Birth as a human being.

মনুষ্যত্ব, *n.* Humanity; manliness; manhood; liberality; benevolence; goodness.

মনুষ্যত্ব-বর্জিত—Same as মনুষ্যত্বহীন।

মনুষ্যত্বহীন, *a.* Inhuman; devoid of humanity.

মনুষ্যধর্ম, *n.* Humanity; human nature; human characteristic.

মনুষ্যবর্জিত, *a.* Not peopled; depopulated; uninhabited; desolate.

মনুষ্যবসতি, *n.* Abode of men; human habitation.

মনুষ্যমূর্তি, *n.* Human figure; man's image; statue.

মনুষ্যলোক, *n.* Human habitation; earth; world.

মনুষ্যসমাগম, *n.* Assembly of men.

মনুষ্যহীন, *a.* Not inhabited by men; desolate; deserted.

মনুষ্যাবাস, *n.* Human habitation; dwelling house.

মনুষ্যোচিত, *a.* Manly; befitting a man; becoming a man.

মনুসংহিতা, মনুস্মৃতি, *n.* Code of laws written by *Manu*.

মনোগত, *a.* Existing in the mind; mental; conceived; intended; secret. মনোগত ভাব—Mental condition; temper; innate disposition; purpose; intention.

মনোগম্য, *a.* Conceivable; imaginable.

মনোজ, মনোজন্মা, *a.* Mental; innate; inherent; rising into consciousness.

মনোজগৎ, *n.* Mental world; spiritual kingdom.

মনোজব, *a.* Quick as a mind.

মনোজ্ঞ, *a.* Pleasing; charming; attractive; captivating; enchanting; beautiful; agreeable; lovely; delightful.

মনোজ্ঞতা, মনোজ্ঞত্ব, *n.* Pleasantness; agreeableness; loveliness.

মনোটাইপ-চালক, *n.* Monotype Operator.

মনোদুঃখ, *n.* Mental affliction or agony; grief; sorrow.

মনোনয়ন, *n.* Nomination; choice; selection. মনোনয়ন করা—Nominate; choose; select.

মনোনিবেশ, *n.* Attention; application of the mind (to an object). মনোনিবেশ করা—Pay attention or heed to; apply one's mind to.

মনোনীত, *a.* Nominated; approved; chosen; selected. মনোনীত করা—Nominate; choose; select; approve. মনোনীত হওয়া—Be selected or nominated; be chosen; be approved; meet one's approval.

মনোনেত্র—Same as মনশ্চক্ষু।

মনোবাঞ্ছা, *n.* Intention; purpose. মনোবাঞ্ছা পূর্ণ করা—Fulfil a cherished desire; attain one's desired object.

মনোবাদ, মনোবিবাদ, *n.* Ill-feeling; bad blood; dissension; disagreement; difference; dispute.

মনোবাসনা, *n.* Desire; intention.

মনোবিকলন, *n.* Psycho-analysis.

মনোবিকার, *n.* Perversity of mind; mental distraction; abnormal condition of the mind; aberration of the mind; neurosis; morbidity.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মনোবিজ্ঞান, *n.* Mental philosophy or science; psychology.

মনোবিজ্ঞানবিৎ, মনোবিজ্ঞানবেত্তা, *n.* Psychologist:—*a.* conversant with or studying psychology.

মনোবৃত্তি, *n.* Mentality; mental faculty; thinking.

মনোবেদনা, মনোব্যথা, *n.* Mental affliction; mental agony; pangs of the heart; mental anguish; inward grief.

মনোব্যাধি, *n.* Hypochondria; melancholia. মনোব্যাধির চিকিৎসক—Psychiatrist. মনোব্যাধির চিকিৎসা—Psychiatry.

মনোভঙ্গ, *n.* Disappointment; objection; sadness; melancholy.

মনোভাব, *n.* Idea; notion; intention; purpose; mental state.

মনোভার, *n.* Mental affliction; burden of one's heart.

মনোভিলাষ, *n.* Desire of the mind; longing of the heart; purpose.

মনোভীষ্ট, *a.* Intended; desired by the mind.

মনোমত, *a.* To one's liking or choice; acceptable; agreeable. মনোমত বর—Husband after one's heart; boon to one's liking.

মনোমদ, *n.* Vanity.

মনোমধ্যে, *ad.* Within the mind; at heart.

মনোময়, *a.* Mental; psychical.

মনোমালিন্য, *n.* Ill-feeling; bad terms; disagreement; breach of friendship; misunderstanding; estrangement.

মনোমুগ্ধকর, মনোমোহকর, মনোমোহন, *a.* Charming; fascinating; captivating; attractive; enchanting; alluring; lovely; beautiful.

মনোমোহিনী, *a. fem.* Charming; fascinating; lovely:—*n.* charming woman; fascinating lady.

মনোযোগ, *n.* Attention; heed; close application of the mind. মনোযোগ করা বা দেওয়া—Pay heed to; attend to.

মনোযোগহীন, *a.* Inattentive.

মনোযোগিতা, *n.* Attentiveness; heedfulness.

মনোযোগী, *a.* Attentive; heedful.

মনোরঞ্জক, *a.* Charming; fascinating; delightful; entertaining.

মনোরঞ্জন, *n.* Pleasing; entertainment; gratification; diversion; amusing; diverting:—*a.* charming; delightful; entertaining. মনোরঞ্জন করা—Please; entertain; divert.

মনোরঞ্জিনী, *a. fem.* Same as মনোরঞ্জন (*a.*).

মনোরথ, *n.* Wish; desire; purpose; intention.

মনোরথসিদ্ধি, *n.* Fulfilment of one's intention.

মনোরম, *a.* Beautiful; charming; pleasing; pleasant; agreeable.

মনোরমা, *a. fem.* Same as মনোরম।

মনোরাজ্য, *n.* Kingdom of the mind.

মনোলোভা, *a.* Alluring; fascinating; lovely.

মনোহর, *a.* Fascinating; captivating; charming; lovely; beautiful. মনোহর দৃশ্য—Lovely sight or spectacle; beautiful scene; enchanting vision.

মনোহরণ, *n.* Fascination; attraction; lure; enchantment. মনোহরণ করা—Attract one's mind; captivate the mind.

মনোহারিণী, *a. fem.* Same as মনোহারী।

মনোহারিত্ব, *n.* Charm; fascination; loveliness.

মনোহারী, *a.* Fascinating; charming; delightful; agreeable; lovely.

মন্তব্য, *n.* Remark; comment; note; noting:—*a.* to be observed or remarked. মন্তব্য করা—Comment; remark. মন্তব্য প্রকাশ করা—Pass a

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

remark or comment. মন্তব্যের ঘরে—In the column of remarks.

মন্তব্যপত্র, *n.* Note-sheet; remark-sheet.

মন্তব্যলিপি, *n.* Written remark; note.

মন্ত্র, *n.* Mystical formula; incantation; spell; charm; hymn or verse (in praise of some deity); sacred text; advice; consultation. মন্ত্র গ্রহণ করা—Take spiritual advice or instruction from a preceptor and follow it in life. মন্ত্র দেওয়া—Initiate spiritually; make a disciple. মন্ত্র পড়া—Utter a *mantra* or spell. মন্ত্র লওয়া—Same as মন্ত্র গ্রহণ করা। মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন—Do or die.

মন্ত্রক, *n.* The Ministry.

মন্ত্রকুশল, *a.* Expert in counselling; skilled in giving advice.

মন্ত্রকৃত, *a.* Consecrated by *mantras.*

মন্ত্রগুপ্তি, *n.* Keeping of secrets; secret counsel.

মন্ত্রগুপ্তি-আইন, *n.* Official Secrets Act.

মন্ত্রগৃহ, মন্ত্রভবন, *n.* Council-chamber; cabinet.

মন্ত্রজ্ঞ, *n.* Counsellor; minister; spy.

মন্ত্রণ, মন্ত্রণা, *n.* Advice; consultation; deliberation; instigation; secret counsel. মন্ত্রণা করা—Consult; hold a counsel. মন্ত্রণা দেওয়া—Advise; counsel; instigate.

মন্ত্রণা-পরিষদ্, *n.* Advisory council.

মন্ত্রতন্ত্র, *n.* Charms and spells.

মন্ত্রদাতা, *n.* Spiritual guide or preceptor; spiritual or religious teacher.

মন্ত্রদীক্ষা, *n.* Initiation into discipleship by receiving *mantras.*

মন্ত্রপূত, *a.* Purified or sanctified by *mantras.*

মন্ত্রফল, *n.* Effect of a *mantra;* effect of counsel.

মন্ত্রবল, *n.* Power of a charm or incantation.

মন্ত্রবিৎ—Same as মন্ত্রজ্ঞ।

মন্ত্রভবন—See মন্ত্রগৃহ।

মন্ত্রভেদ, *n.* Divulging of counsel; giving away of the secret counsel.

মন্ত্রমুগ্ধ, *a.* Enchanted by magic; charmed; bewitched; fascinated; spell-bound. মন্ত্রমুগ্ধ করা—Enchant; hold spell-bound; cast a spell on; bewitch.

মন্ত্রশক্তি, *n.* Power of a charm or incantation; diplomacy.

মন্ত্রসাধক, *n.* One accomplishing success by *mantras.*

মন্ত্রসাধন, *n.* Attempt at success by *mantras* or incantation.

মন্ত্রসিদ্ধ, *a.* Versed in sacred texts; effected by an incantation.

মন্ত্রসিদ্ধি, *n.* Attainment of psychic powers.

মন্ত্রিত, *a.* Initiated or consecrated by the recital of sacred texts or formulas of incantation; advised; deliberated; consulted; initiated.

মন্ত্রিত্ব, *n.* Ministry; minister's portfolio.

মন্ত্রিপরিষৎ, *n.* Cabinet.

মন্ত্রিবর, মন্ত্রিপ্রবর, *n.* Chief minister; eminent adviser.

মন্ত্রিসভা, মন্ত্রিমণ্ডলী, *n.* Cabinet; the Ministry.

মন্ত্রী, *n.* Minister; counsellor; adviser; queen (at chess).

মন্থ, *n.* Churning-stick; churn-staff; churning; agitation.

মন্থন, *n.* Churning; stirring; agitation. মন্থন করা—Churn; stir.

মন্থনদণ্ড, *n.* Churning-stick.

মন্থনপাত্র, মন্থনভাণ্ড, *n.* Churn; churning pot.

মন্থনরজ্জু, *n.* Churning rope.

মন্থনী, *n.* Churn; churning-stick.

মন্থর, *a.* Slow; idle; sluggish; inert; slothful; dull. মন্থর হওয়া—Become slow.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মন্থরগতি, *a.* Slow-moving; slow in movement:—*n.* slow motion.

মন্থরগামী, *a.* Slow; tardy; slow-moving.

মন্থরতা, *n.* Dullness; inertness; slowness; torpidity.

মন্দ, *a.* Bad; evil; vicious; slow; lazy; feeble; little; small; dull; stupid; low; wicked; ill; coarse; gentle. আমার মন্দ সময় পড়েছে—I am in a bad way. মন্দ আচরণ—Misconduct. মন্দ কথা—Rude words; abusive language; obscene word; bad report. মন্দ কাজ—Misdeed. মন্দ চালচলন—Evil ways. মন্দ বাক্য—Abuse; abusive language. মন্দ ব্যবহার—Bad conduct; ill treatment. মন্দ মন্দ—Slowly; softly; gently. মন্দ মন্দ বায়ু বহিতেছে—A gentle breeze is blowing.

মন্দগতি, *a.* Slow moving; slow; sluggish:—*n.* slow motion; slow progress; gentle gait.

মন্দগমন, *a.* Going slowly:—*n.* slow motion or gait.

মন্দগামী, *a.* Moving slowly; slow in movement; sluggish.

মন্দতা, মন্দত্ব, *n.* Slowness; tardiness; adverseness; wickedness; illness; rudeness; ugliness.

মন্দন, *n.* Retardation.

মন্দফল, *n.* Bad result.

মন্দবায়ু, *n.* Gentle breeze; breeze.

মন্দবুদ্ধি, মন্দমতি, *a.* Dull; idiotic; stupid; silly; foolish:—*n.* stupidity; evil intention; foolishness.

মন্দভাগ—See মন্দভাগ্য।

মন্দভাগিনী, *a. fem.* Unlucky; ill-fated; ill-starred; unhappy; unfortunate.

মন্দভাগ্য, মন্দভাগ, *a.* Unlucky; unfortunate; wretched:—*n.* misfortune; bad luck.

মন্দমতি—See মন্দবুদ্ধি।

মন্দসমীরণ, মন্দহিল্লোল—Same as মন্দবায়ু।

মন্দহাস, মন্দহাস্য, *n.* Gentle laugh; smile. মন্দহাস্য করা—Laugh gently; smile.

মন্দা, *n.* Slump; trade depression; slowness; gentleness; weakness:—*a.* dull; weak; slow.

মন্দাকিনী, *n.* The Ganges of Heaven.

মন্দাগ্নি, মন্দানল, *n.* Weak digestion; apepsia; loss of appetite; dyspepsia. মন্দাগ্নি করা, মন্দাগ্নি হওয়া—Have a dull appetite or dyspepsia.

মন্দানিল—Same as মন্দবায়ু।

মন্দার, *n.* Heavenly tree; cotton-tree.

মন্দিত, *a.* Retarded.

মন্দির, *n.* Temple; pagoda; house of worship.

মন্দিরা, *n.* Cymbals.

মন্দীভূত, *a.* Slowed down; relaxed; slackened; damped. মন্দীভূত করা—Slow down; retard.

মন্দুরা, *n.* Stable; mat.

মন্দোষ্ণ, *a.* Moderately warm; tepid; lukewarm.

মন্দোষ্ণমণ্ডল, *n.* Sub-tropical region; temperate zone.

মন্দ্র, *a.* Deep; grave; low:—*n.* grave tone; low tone; rumbling (of cloud).

মন্বন্তর, *n.* Great famine; reign of *Manu* (period equal to 306,720,000 years). পঞ্চাশের মন্বন্তর—Great famine of the year 1350 (B. S.).

মন্মথ, *n.* Love; lust; amorous passion; eroticism.

মন্মথশর, *n.* Cupid's arrows.

মন্মথশরাবিদ্ধ, মন্মথশরাহত, *a.* Love-sick.

মফস্বল, *n. Mofussil;* country; subdivisions of a district; suburbs of a city or town.

মবলগ, *n.* Total; aggregate; ready money:—*a.* cash. মবলগ টাকা—Cash money.

Dr. Kamila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মবলগে, *ad.* In all; in aggregate; on the whole.

মম, *pron. a.* Of me; my; mine.

মমতা, মমত্ব, *n.* Attachment; affectionate regard; affection; fondness; love; tenderness. মমতা করা—Cherish with love or affection; be kind and sympathetic.

মমতাপূর্ণ, মমতাময়, *a.* Full of attachment; loving.

মমতাযুক্ত, *a.* Loving; kind; attached; tender.

মমতাহীন, *a.* Devoid of attachment.

ময়দা, *n.* Flour; meal. ময়দা মাখা—Knead the dough.

ময়দান, *n.* Open field; meadow; plain.

ময়না, *n.* Inspection and investigation, *mayna,* a kind of talking bird; parrot; parakeet.

ময়নাতদন্ত, *n. Post mortem;* examination of the dead body; coroner's investigation.

ময়রা, *n.* Confectioner.

ময়লা, *a.* Dirty; soiled; filthy; foul:—*n.* filth; dirt; refuse. ময়লা করা—Soil. ময়লার গাড়ি—Scavenger train or car.

ময়লা-নিষ্কাশন-কর্মিবৃন্দ, *n.* Conservancy staff.

ময়লা-নিষ্কাশন-ব্যবস্থা, *n.* Conservancy service.

ময়লাসাফ, ময়লা-নিষ্কাশন, *n.* Conservancy.

ময়লাসাফের কর্মচারী—Conservancy staff.

ময়লাসাফের ব্যবস্থা—Conservancy service.

ময়ান, *n.* Leaven (of *ghee* mixed with flour before it is done into cakes). ময়ান দেওয়া—Leaven.

ময়াল, *n.* Python.

ময়ূখ, *n.* Ray of light; lustre; light.

ময়ূখমালা, *n.* Cluster of rays.

ময়ূখমালী, *n.* Sun.

ময়ূর, *n.* Peacock.

ময়ূরকণ্ঠী, *n.* A kind of cloth woven with red and green thread:—*a.* having red and green colour.

ময়ূরপঙ্খি, ময়ূরপঙ্খী, *n.* Peacock-shaped boat; barge.

ময়ূরপাখা, *n.* Peacock's feather or tail; fan of a peacock's feather.

ময়ূরপুচ্ছ, *n.* Peacock's feather or tail.

ময়ূরশাবক, *n.* Peachick.

ময়ূরী, *n.* Peahen.

মর, *a.* Mortal.

মরক—Same as মড়ক।

মরকত, *n.* Emerald.

মরজগৎ, *n.* Mortal world.

মরজি—See মর্জি।

মরণ, *n.* Death; demise; decease. মরণ আর কি—Bother it! Be thou blowed! (কাহারও) মরণ টাকা (বা ডাকা)—Wait for one's death.

মরণকামড়, *n.* Tenacious bite; final plunge or desperate effort for taking revenge.

মরণকাল, *n.* Time of death.

মরণদশা, *n.* Last stage of life; sinking stage; last moment of life; ebbing life.

মরণধর্ম, *n.* Mortality; attribute of death.

মরণধর্মরহিত, *a.* Immortal.

মরণধর্মশীল, মরণশীল, *a.* Mortal.

মরণধর্মশীলতা, মরণশীলতা, *n.* Mortality.

মরণবাড়, *n.* Arrogance to bring about downfall. তাহার মরণবাড় বেড়েছে—He has become arrogant enough to bring about his own downfall.

মরণহীন, *a.* Immortal.

মরণাপন্ন, *a.* About to die; moribund; at the point of death; dying; at death's door. মরণাপন্ন অসুখ—Very fatal disease.

মরণাশৌচ, *n.* Uncleanness of a person owing to the death of a relation; mourning period.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মরণোত্তর, *a.* Posthumous.
মরণোন্মুখ, *a.* At the point of death; at death's door; ready or about to die; on one's death-bed.
মরত, *n.* World of the mortals; the earth.
মরদ—Same as মর্দ।
মরদেহ, *n.* Mortal body.
মরম, *n.* Same as মর্ম। মরমে মরা—Be cut to the quick; be sick at heart.
মরমর, *a.* At death's door; about to die; moribund; dying; nearing death. মরমর অবস্থায়—On the point of dying; in a dying state. মরমর হইয়া—Narrowly escaping from death; with utmost difficulty.
মরমানব, *n.* Mortal man.
মরমিয়া, *a.* Mystic.
মরমী, *a.* Sympathetic; compassionate; mystic.
মরসুম, *n.* Season; opportunity. পূজার মরসুম—*Puja* season. শীতের মরসুম—Winter season.
মরসুমী, *a.* Seasonal. মরসুমী ফুল—Season flower.
মরা, *a.* Dead; deceased; expired; demised; decaying; defunct; extinct; withered; base; alloyed (as metal):—*v.* die; expire; perish; be no more; breathe one's last; dry up; decay; decline. অনাহারে মরা—Starve; die from starvation. জীয়ন্তে মরা—More dead than alive. মরা কটাল, মরা জোয়ার—Neap tide. মরার বাড়া গাল নাই—No curse like death. মরিয়া বাঁচা—Have a narrow escape. মর্মে মরা—Be extremely mortified.
মরাই, *n.* Store-house; granary.
মরামর, *n.* Mortals and immortals.
মরামরা, *a.* Dying; moribund; in the last stage of decay; at the point of death.
মরামাস, *n.* Scurf; dandruff.
মরাল, *n.* Swan; gander; flamingo; duck.
মরালগমনা, মরালগামিনী, *a.* Having the gait like a goose:—*n.* woman having the gait like a goose.
মরালনিন্দিত, *a.* More graceful than a swan.
মরালশাবক, মরালশিশু, *n.* Duckling; young goose.
মরা-হাজা, *a.* Dead and decayed.
মরিচ, *n.* Pepper; capsicum.
মরিচা, মরচে, *n.* Rust. মরিচা বা মরচে পড়া (বা ধরা)—Become rusty; rust; get oxidized.
মরিমরি, *ind.* Alas! Oh! What a pity! Capital! Excellent!
মরিয়া, *a.* Desperate; risking one's all. মরিয়া হইয়া—Desperately; being driven to desperation.
মরীচি, *n.* Ray of light; beam; glare.
মরীচিকা, *n.* Mirage; optical illusion; phantasm.
মরীচিমালা, *n.* Cluster of rays.
মরীচিমালী, *n.* The sun.
মরু, *n.* Desert; barren tract of land:—*a.* unfruitful; barren; sterile.
মরুঝড়, মরুঝঞ্ঝা, *n.* Simoon; simoom.
মরুৎ, *n.* Air; wind; god of the wind; Aelous.
মরুদেশ—Same as মরুভূমি।
মরুদ্বীপ, *n.* Oasis.
মরুভূমি, মরুভূ, *n.* Desert; sandy place.
মরুময়, *a.* Full of deserts.
মরুযাত্রী, *n.* Desert-traveller.
মরুসাগর, *n.* The Dead Sea.
মরুস্থল, মরুস্থলী—Same as মরুভূমি।
মরুদ্যান, *n.* Oasis.
মর্কট, *n.* Monkey; small-sized ape; spider.
মর্গ, *n.* Morgue.
মর্গেজ, মর্টগেজ, *n.* Mortgage.
মর্জি, মরজি, *n.* Will; whim; fancy; caprice; pleasure; choice. তার যেমন মর্জি—As he wills. মর্জি হওয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

—Have a fancy for; take a whim; choose; will; take a fancy to.

মর্টগেজ—See মর্গেজ।

মর্ত—See মর্ত্য।

মর্তধাম, মর্তলোক—Same as মর্ত্যধাম, মর্ত্যলোক।

মর্ত্য, মর্ত, *a.* Mortal; earthly:—*n.* man; a mortal; the earth.

মর্ত্যধাম, মর্ত্যলোক, *n.* World of the mortals; the earth.

মর্ত্যলীলা, *n.* Worldly actions; earthly life; mundane affairs; actions of gods in incarnation.

মর্দ, মন্দ, *n.* Male person; strong man:—*a.* manly; powerful; strong.

মর্দন, *n.* Rubbing; grinding; pounding; bruising; trampling; thrashing; subduing. মর্দন করা—Rub; grind; thrash; press; squeeze; trample.

মর্দনীয়, *a.* To be rubbed or ground or crushed.

মর্দা, মন্দা, *a.* Masculine; male.

মর্দানা, *n.* Manliness; male person.

মর্দানি, মন্দানি, *n.* Manliness; strength; masculinity; virility; bravery; courage. মর্দানি করা—Show manliness; act like a man; play the tomboy.

মর্দানী, মন্দানী, *n.* Amazon; mannish woman; tomboy; hoyden.

মর্দিত, *a.* Rubbed; thrashed; pressed; trampled; ground; bruised; kneaded; pulverized. মর্দিত করা—Rub; trample; thrash; press; grind.

মর্ম, *n.* Core; sensitive part; vital parts; the quick; secret; mystery; secret meaning (of a passage); gist; sense. এই মর্মে—To this effect. কথাটি তাহার মর্ম স্পর্শ করিল—At this he was touched to the quick; he was deeply hurt at this. মর্ম বুঝা—Grasp the purport of; comprehend. মর্ম স্পর্শ করা—Touch to the quick. মর্মে আঘাত করা, মর্মে ব্যথা দেওয়া, মর্মে ঘা দেওয়া—Wound one's feeling; cut to the quick; touch the vital part. মর্মে মর্মে—With all one's heart; deeply.

মর্মকথা, *n.* Heart's secret; hidden mystery; very painful word; word cutting to the quick.

মর্মগ্রহণ, *n.* Appreciation; comprehension. মর্মগ্রহণ করা—Appreciate; understand; grasp the real meaning.

মর্মগ্রাহী, *a.* Appreciating; grasping the real meaning; appreciative; sympathetic.

মর্মঘাতক, মর্মঘাতী, *a.* Harrowing; heart-rending.

মর্মজ্ঞ, *a.* Knowing the secret; knowing the inmost part; discerning the hidden meaning; learned.

মর্মদাহী—Same as মর্মন্তুদ।

মর্মন্তুদ, মর্মপীড়ক, *a.* Heart-rending; cutting to the quick; harrowing.

মর্মপীড়া, *n.* Pangs of the heart; deep affliction; tribulation; anguish.

মর্মপীড়িত, *a.* Cut to the quick; distressed at heart.

মর্মবিদারী—Same as মর্মন্তুদ।

মর্মবিদ্ধ, *a.* Extremely pained or hurt in feelings; stricken at heart.

মর্মবেদনা, মর্মব্যথা—Same as মর্মপীড়া।

মর্মভেদ, *n.* Homethrust; touching one on the raw. মর্মভেদ করা—Touch one on the raw; rub it in.

মর্মভেদী, *a.* Cutting to the quick; stinging; heart-rending; harrowing; very painful.

মর্মযন্ত্রণা, মর্মযাতনা, *n.* Agony of the heart; mental pain or suffering; anguish of the mind; excruciating pain.

মর্মর, *n.* Rustling of dry leaves; murmuring noise; marble. মর্মর করা—Rustle; murmur.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মর্মরধ্বনি, *n.* Rustling sound.
মর্মরপ্রস্তর, *n.* Marble.
মর্মস্থল, মর্মস্থান, *n.* Vital part of the body; the quick; core; sensitive part.
মর্মস্পর্শী, *a.* Touching; cutting to the quick; piteous; heart-rending; sharp; harrowing; pathetic.
মর্মাঘাত, *n.* Mortal blow; cutting to the quick.
মর্মান্তিক, *a.* Wounding the vital part; cutting to the quick; fatal; mortal; deadly. মর্মান্তিক বেদনা, মর্মান্তিক ক্লেশ—Heart-rending sorrow; excruciating pain.
মর্মাবগত—Same as মর্মজ্ঞ।
মর্মাবধারণ—Same as মর্মগ্রহণ।
মর্মার্থ, *n.* Gist; purport; import.
মর্মাহত, *a.* Wounded at heart; cut to the quick; disappointed.
মর্মী, *a.* Mystic; comprehending or appreciating the inward meaning.
মর্মোদ্ঘাটন, মর্মোদ্ভেদ, *n.* Elucidation of the meaning; penetration into a secret; divulging a secret. মর্মোদ্ঘাটন করা—Elucidate the meaning; decipher; reveal the secret of.
মর্যাদা, *n.* Prestige; dignity; honour; respect; rank; limit; straightforwardness; propriety of conduct. মর্যাদা অতিক্রম (বা লঙ্ঘন) করা—Misbehave oneself; act beneath one's dignity; derogate oneself. মর্যাদা দেওয়া—Attach importance to; treat cordially. মর্যাদা নষ্ট করা—Disgrace; impair the dignity of.
মর্যাদাকর, *a.* Dignified.
মর্যাদাবান্, মর্যাদাশালী, *a.* Dignified; respectable.
মর্যাদালঙ্ঘন, *n.* Transgressing the limits; sacrificing of dignity.
মর্যাদাহানি, *n.* Loss of prestige or dignity. মর্যাদাহানি করা—Same as মর্যাদা নষ্ট করা।
মর্যাদাহানিকর, *a.* Undignified; derogatory; dishonourable.
মর্ষ, মর্ষণ, *n.* Putting up with or forgiving; toleration.
মর্সুম—Same as মরসুম।
মর্সুমী—Same as মরসুমী।
মল, *n.* Faeces; dung; excreta; dirt; filth; rust; stain; a kind of anklet.
মলত্যাগ, *n.* Easing of one's self; relieving oneself; evacuation of the bowels. মলত্যাগ করা—Relieve oneself; pass stool; empty the bowels.
মলদূষিত, *a.* Fouled; filthy.
মলদ্বার, *n.* Anus.
মলন, *n.* Rubbing; thrashing.
মলনালী, *n.* Rectum.
মলবাহী, *a.* Conveying filth or dirt; containing soil.
মলভাণ্ড, *n.* Large intestine; bowels; intestines.
মলম, *n.* Plaster; salve; ointment; balm; unguent.
মলময়, মলযুক্ত, *a.* Dirty; foul; filthy.
মলমল, *n.* Muslin (খাসা মলমল—fine muslin).
মলমাস, *n.* Intercalary month; inauspicious month.
মলম্বা, *a.* With a gold layer over copper plate:—*n.* gilding of furniture.
মলয়, *n.* *Malaya,* a range of mountains (the Western Ghats). (See also মলয়পবন।)
মলয়জ, *n.* Sandalwood; gentle breeze.
মলয়জশীতল, *a.* Cool at the contact of gentle breeze.
মলয়পবন, মলয়বায়ু, মলয়ানিল, *n.* Gentle-breeze from the south.
মলয়পর্বত, *n.* The *Malaya* mountains; the Western Ghats.
মলয়বায়ু—See মলয়পবন।
মলয়সমীর, মলয়সমীরণ—Same as মলয়পবন।
মলয়ানিল—See মলয়পবন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মলযুক্ত, *a.* Soiled; dirty.
মলশুদ্ধি, *n.* Cleaning of dirt or filth; evacuation of the bowels.
মলশোধন-পরিদর্শক, *n.* Inspector, Septic Tank Installation.
মল-শোধনাশয়, *n.* Septic tank.
মলা, *n.* Filth; dirt (rubbed out of the body); sediment; rust:—*v.* rub and press; knead; rub; smear; polish; thresh (corn); grind.
মলাট, *n.* Cover (of a book).
মলাধরা, *a.* Stained; dirty.
মলাশয়, *n.* Colon.
মলিদা, *n.* Felt; a kind of woollen cloth.
মলিন, *a.* Pale; pallid; gloomy; sad; dirty; filthy; polluted; unclean; rusty. মলিন করা—Dirty; blacken; soil. মলিন মুখ—Sad look; gloomy or pale face. মলিন হওয়া—Become dirty or pale.
মলিনতা, মলিনত্ব, *n.* Filthiness; uncleanliness; squalor; foulness; defilement; blackness; paleness.
মলিনিমা—Same as মলিনতা।
মলিনীকৃত, *a.* Made dirty or filthy; fouled; soiled.
মল্ল, *n.* Wrestler; boxer; athlete:—*a.* robust; strong; heroic; courageous; brave.
মল্লক্রীড়া, *n.* Wrestling; gymnastic exercises. মল্লক্রীড়া করা—Wrestle.
মল্লপ্রতিযোগিতা, *n.* Athletic contest; wrestling.
মল্লবিদ্যা, *n.* Art of wrestling.
মল্লবেশ, *n.* Dress of a wrestler.
মল্লভূমি, *n.* Wrestling ground; arena.
মল্লযুদ্ধ, *n.* Wrestling; athletic contest; boxing. মল্লযুদ্ধ করা—Wrestle.
মল্লযোদ্ধা, *n.* Wrestler.
মল্লিকতন্তু, *n.* Spindle fibre.
মল্লিকা, *n.* Arabian jasmine.
মশক, *n.* Mosquito.
মশকদংশন, *n.* Mosquito-bite.
মশকসংকুল, মশকসঙ্কুল, *a.* Mosquito-infested; full of mosquitoes.
মশগুল, *a.* Absorbed; lost; engrossed; enraptured; rapt; entranced.
মশা, *n.* Mosquito.
মশাই, মশায়, *n.* Sir. মশাই মশাই করা—Play the sycophant.
মশান, *n.* Place of execution; burial-place; funeral-place.
মশারি, *n.* Mosquito-curtain. মশারি খাটানো বা টাঙানো—Rig up a mosquito-curtain.
মশাল, *n.* Torch; flambeau.
মশালচী, *n.* Torch-bearer; link boy.
মসজিদ, মসজেদ, *n.* Mosque.
মসনদ, *n.* Throne; royal seat.
মসমস, *ind.* Word denoting *the sound of squeaking of shoes when put on.*
মসলন্দ, মছলন্দ, *n.* Royal seat; throne. মসলন্দ মাদুর—A kind of fine mat.
মসলা, মসল্লা, *n.* Spices; materials; ingredients. মসলা দেওয়া—Spice.
মসলাদার, *a.* Spicy.
মসি, মসী, *n.* Ink.
মসিজীবী, *n.* Clerk; scribe; writer:—*a.* living by the pen.
মসিনা, মসীনা, *n.* Linseed; flax. মসিনা তৈল—Linseed-oil.
মসিপাত্র, মসিধান, *n.* Inkpot.
মসীকার, *n.* Inkman; one who inks.
মসীকৃষ্ণ, *a.* Black as ink; inky black.
মসীচিহ্নিত, *a.* Marked in ink.
মসীতুল্য, মসীসদৃশ, *a.* Inky; very black.
মসীনাবস্ত্র, *n.* Linen.
মসীনাসূত্র, *n.* Linen thread.
মসীনিন্দিত, *a.* Blacker than ink.
মসীবৎ—Same as মসীতুল্য।
মসীময়, *a.* Inky.
মসীলিপ্ত, *a.* Smeared with ink; blotted; smudged; stained.
মসীসদৃশ—See মসীতুল্য।
মসুর, মসূর, মসুরি, মসূরি, *n.* Lentil (a kind of pulse).
মসূরিকা, মসূরী, *n.* Smallpox.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মসৃণ, *a.* Smooth; even; glossy; soft; bland; affable; unctuous; glabrous.

মসৃণতা, মসৃণত্ব, *n.* Smoothness; softness; tenderness.

মস্করা, *n.* Joke; jesting. মস্করা করা—Joke; cut jokes; make fun.

মস্ত, *a.* Big; grand; large; immense; colossal; huge; great; much; high. মস্ত লোক—Rich man; great man; influential man.

মস্তক, *n.* Head; skull; summit; crest; top (of anything).

মস্তকচ্ছেদন, *n.* Beheading; decapitation. মস্তকচ্ছেদন করা—Behead; decapitate.

মস্তকচ্যুত, *a.* Beheaded; decapitated; fallen from the head.

মস্তকচ্যুতি, *n.* Decapitation; beheading.

মস্তকবিশিষ্ট, *a.* Having a head; cephalous.

মস্তকব্যবচ্ছেদ, *n.* Cephalotomy.

মস্তকযুক্ত, *a.* Cephalous.

মস্তকশূল, *n.* Cephalgia; headache.

মস্তকসংক্রান্ত, *a.* Cephalic.

মস্তক-সম্বন্ধীয়, *a.* Cephalic.

মস্তকহীন, মস্তকশূন্য, *a.* Headless.

মস্তকাবরণ, *n.* Cover for the head; helmet; turban; cap; hat; headdress; covering the head.

মস্তকীয়, *a.* Cephalic.

মস্তকোপরি, *ad.* On the head; over the head.

মস্তকোষ্ঠে, *ad.* Overhead.

মস্তা, *a.* Drunken; intoxicated; inebriate.

মস্তানি—Same as মস্তানী (*n.*).

মস্তানী, *n.* Drunkenness; intoxication; inebriation:—*a. fem.* intoxicated.

মস্তিষ্ক, *n.* Brain. মস্তিষ্ক আলোড়ন করা—Rack one's brains. মস্তিষ্ক চালনা করা—Apply or tax one's brains. মস্তিষ্ক বিকৃত করা—Drive oneself crazy; be demented; lose one's head. মস্তিষ্কের কাজ—Brainy job; function of brain.

মস্তিষ্ক-আবরক-ঝিল্লী-প্রদাহ, *n.* Meningitis.

মস্তিষ্ক-চালনা, *n.* Application of one's brains; cogitation.

মস্তিষ্কতত্ত্ব, মস্তিষ্কবিজ্ঞান, *n.* Cerebrology.

মস্তিষ্কপ্রদাহ, *n.* Cephalitis; celebritis.

মস্তিষ্কবিকৃতি, *n.* Mental derangement; folly.

মস্তিষ্ক-সুষুম্না-নার্ভতন্ত্র, *n.* Cerebro-spinal system.

মস্তিষ্কহীন, *a.* Brainless; unintelligent; dull-witted.

মস্তিষ্কাকার, *a.* Cerebriform.

মস্যাধার, *n.* Inkstand; ink-pot.

মহকুমা, উপবিষয়, *n.* Subdivision. মহকুমা, কৃষি আধিকারিক—Subdivisional Agricultural Officer. মহকুমা, ক্ষতিপূরণ আধিকারিক—Subdivisional Compensation Officer. মহকুমা নিয়ামক, খাদ্য ও সংভরণ—Subdivisional Controller, Food and Supplies. মহকুমা প্রচারাধিকারিক—Subdivisional Publicity Officer. মহকুমা ভূমি-সংস্কার আধিকারিক—Subdivisional Land Reforms Officer.

মহকুমা-শাসক, উপবিষয়-শাসক, *n.* Subdivisional Officer; Subdivisional Magistrate.

মহড়া, *n.* Front position; forefront; opposition; rehearsal. মহড়া দেওয়া—Face; rehearse. মহড়া লওয়া—Bear the brunt.

মহৎ, *a.* Great; best; eminent; chief; strong; powerful; good; excellent; large; huge; big; bulky.

মহতী, *a. fem.* Same as মহৎ।

মহত্তম, *a. sup.* Greatest; noblest; largest.

মহত্তর, *a. comp.* Greater; nobler; more honourable; larger.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মহত্ত্ব, *n.* Greatness; magnanimity; generosity; nobility; goodness.

মহদাশয়, *a.* High-minded; noble-minded; magnanimous; liberal; generous:—*n.* high hopes; ambition; good intention.

মহদাশ্রয়, *n.* Patronage of a great person.

মহনীয়, *a.* Respectable; worshipful; revered.

মহন্ত, *n.* Abbot.

মহম্মদীয়, *a.* Of *Mahammad.*

মহরৎ, *n.* Change; renewal (খাতা মহরৎ—renewal of account books).

মহর্ষি, *n.* Great saint; great *rishi* or sage.

মহল, *n.* Estate; division of an estate; quarter; house; division of a house; group; assembly. তিনি মহলে গিয়াছেন—He has gone to his estate.

মহলা, *n.* Rehearsal; storey of a building.

মহল্লা, *n.* Part or quarter of a town; [ward.

মহল্লাদার, *n.* Warden.

মহা, *a.* Great; big; general.

মহা-অধিবক্তা, *n.* Advocate-General.

মহা-আরক্ষাপরিদর্শক, *n.* Inspector-General of Police.

মহাকবি, *n.* Great poet.

মহাকরণ, *n.* Secretariat, Writers' Buildings.

মহাকর্ষ, *n.* Gravitation.

মহাকর্ষাঙ্ক, *n.* Constant gravitation.

মহাকর্ষীয়, *a.* Gravitational. মহাকর্ষীয় একক—Gravitational unit.

মহাকাব্য, *n.* Epic.

মহাকাব্যকার, *n.* Epic poet.

মহাকাব্যীয়, *a.* Epic; epical.

মহাকায়, *a.* Gigantic; huge-bodied; immense; colossal; stupendous; very tall and bulky.

মহা-কারাপরিদর্শক, *n.* Inspector-General of Prisons.

মহাকাল, *n.* Eternity; endless time.

মহাকাশ, *n.* Vast sky; firmament; infinite space.

মহাকাশচারণা, *n.* Space-travel.

মহাকাশচারী, *n.* Spaceman. *fem.*= মহাকাশচারিণী।

মহাখর্ব, *n.* Ten billions.

মহাগাণনিক, *n.* Accountant-General.

মহাগুরু, *n.* Highly respectable or most venerable person (as, father, mother, husband or preceptor).

মহাগুরু-নিপাত, *n.* Death of one of the most venerable persons (such as one's father, mother, preceptor or husband).

মহাঘোর, *a.* Very dreadful or horrid; horrible; terrible.

মহাচিকিৎসক, *n.* Surgeon-General.

মহাজন, *n.* Creditor; banker; money-lender; capitalist; great or distinguished man; illustrious person; merchant.

মহাজনি, *n.* Usury; money-lending or banking business. মহাজনি করা—Carry on a money-lending or banking business; act as a money-lender.

মহাজনী, *a.* Of money-lender or trader; mercantile. মহাজনী কারবার—Money-lending business. মহাজনী দ্রব্য—Commodities for trade; merchandise.

মহাজাতি, *n.* Great nation.

মহাজ্ঞানী, *a.* Very wise.

মহাঢ্য, *a.* Very rich or wealthy.

মহাতপস্বী, মহাতপা, *a.* Practising very severe religious austerities:—*n.* great sage. [lustre.

মহাতেজ, *n.* Heroism; prowess; great

মহাতেজস্বী—Same as মহাতেজা। *fem.*= মহাতেজস্বিনী।

মহাতেজা, *a.* Very powerful; heroic; brave; of great prowess or spirit; very brilliant.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মহাতৈল, *n.* Human oil or fat.
মহাত্মা, *a.* High-minded; noble-minded; very liberal; magnanimous; generous; noble.
মহাদূত, *n.* Consul-General.
মহাদেব, *n.* *Mahadeva; Shiva.*
মহাদেশ, *n.* Continent.
মহাদেশীয়, *a.* Continental. মহাদেশীয় দ্বীপ—Continental island.
মহাদ্বিজ, *n.* Inferior or outcast Brahmin; social outcaste.
মহাদ্বীপ, *n.* Large island; hemisphere.
মহাদ্যুতি, *a.* Of great splendour or lustre.
মহাদ্রাবক, *n.* Nitric acid; nitro-muriatic acid; nitrate.
মহাধনবান্, মহাধনী, *a.* Very rich; wealthy.
মহাধমনী, *n.* Aorta.
মহাধর্মাধিকরণ, *n.* High Court.
মহাধর্মাধিকরণ-নিবন্ধক, *n.* Registrar, High Court.
মহাধিকরণ, *n.* Supreme Court.
মহাধিপাল, *n.* Chancellor.
মহাধ্যক্ষ, *n.* Commissioner.
মহান্, মহা, *a.* Great; huge; much; chief; powerful; best; noble; liberal. [capital.
মহানগর, মহানগরী, *n.* Great city;
মহানট, *n.* Great dancer.
মহানন্দ, *n.* Great or excessive joy; rapture; ecstasy; supreme happiness or bliss; final beatitude or emancipation.
মহানবমী, *n.* Third day of the worship of goddess *Durga.*
মহানাগরিক, *n.* Mayor.
মহানাদ, *n.* Loud sound; terrible sound; uproar; stentorian voice; tumult.
মহানাদযন্ত্র, *n.* Loudspeaker.
মহানিদ্রা, *n.* Death; eternal sleep; "a sleep that knows no waking".
মহা-নিবন্ধপরিদর্শক, *n.* Inspector-General of Registration.
মহানিযুক্তক, *n.* Agent-General.
মহানিরীক্ষক, *n.* Auditor-General.
মহানির্বাণ, *n.* Total extinction of self; complete annihilation; merging into eternity.
মহানিশা, *n.* The dead of night; midnight.
মহানুভব, মহানুভাব, *a.* Generous; magnanimous; high-minded; large-hearted; noble; high-spirited.
মহানুভবতা, *n.* Generosity; greatness of mind; magnanimity; nobility; large-heartedness.
মহান্ত, মোহন্ত—Same as মহন্ত।
মহান্যায়বাদী, *n.* Attorney-General.
মহাপথ, *n.* Grand Trunk Road.
মহাপদ্ম, *n.* One hundred thousand millions.
মহাপরিপালক, *n.* Administrator-General. মহাপরিপালক ও ন্যাসপাল—Administrator-General and Official Trustee.
মহাপাতক, মহাপাপ, *n.* Great sin or crime; deadly sin; heinous offence.
মহাপাতকী, মহাপাপী, *a.* Guilty of deadly sins or heinous crime; most vicious.
মহাপাত্র, *n.* Prime minister; high officer of state.
মহাপাপ—See মহাপাতক।
মহাপাপিষ্ঠ, *a.* Very sinful; most vicious:—*n.* great sinner.
মহাপাপী—See মহাপাতকী।
মহাপুরুষ, *n.* Great man; noble man; high-souled man; saint; prophet.
মহাপূজা, *n.* Solemn worship (usually applied to *Durga Puja*).
মহাপ্রপঞ্চ, *n.* Great universe; whole creation; macrocosm.
মহাপ্রভু, *n.* Great lord or master; God; Lord *Chaitanya.*
মহাপ্রয়াণ, মহাপ্রস্থান, *n.* Death; great

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

march or journey; journey to heaven; translation to heaven. মহাপ্রয়াণ করা, মহাপ্রস্থান করা—Die; expire; depart from the world.

মহাপ্রলয়, *n.* Great dissolution of the entire world; universal cataclysm.

মহাপ্রসাদ, *n.* Share of food (or meat) offered to a deity; food-offering to *Jagannath* at *Puri* taken by devotees; highest divine grace; great favour.

মহাপ্রস্থান—See মহাপ্রয়াণ।

মহাপ্রাণ, *a.* Generous; magnanimous; charitable; aspirated:—*n.* aspirate. মহাপ্রাণ বর্ণ—Aspirated letter.

মহাপ্রাণতা, *n.* Generosity; magnanimity; high-mindedness; large-heartedness; liberality; nobility; greatness of the soul.

মহাফেজ, *n.* Record-keeper; keeper of court-papers and documents.

মহাফেজখানা, *n.* Record-room.

মহাবন, *n.* Large or dense forest.

মহাবল, *a.* Very strong; very powerful:—*n.* great strength or power.

মহাবাক্য, *n.* Saying of a great man.

মহাবাহু, মহাভুজ, *a.* Very powerful; mighty; having great or strong arms.

মহাবিক্রম, *n.* Great power; mighty courage; unsurpassed valour; great heroism:—*a.* having great prowess; very brave.

মহাবিদ্যা, *n.* Forms of the goddess *Durga* (such as *Kali, Tara, Sorashi,* etc.).

মহাবিদ্যালয়, *n.* College.

মহাবিভ্রাট, *n.* Great trouble or confusion.

মহাবিষুব, *n.* Vernal (or spring) equinox. মহাবিষুব সংক্রান্তি—Sun's entrance into *Aries.*

মহাবীর, *n.* Great hero; great warrior; man of great valour:—*a.* very powerful. মহাবীর সেকেন্দর—Alexander the Great.

মহাবেগ, *n.* Quick motion; great velocity.

মহাবৈদ্য, *n.* Quack doctor; god of death.

মহাবোধি, *n.* Great *Buddha;* highest knowledge.

মহাব্যবহারদেশক, *n.* Attorney-General.

মহাব্যবহারিক, *n.* Advocate-General.

মহাব্যাধি, *n.* Leprosy.

মহাব্রত, *n.* Life's mission; great religious vow.

মহাভয়, *n.* Great fear or dread.

মহাভাগ, *a.* Very lucky or fortunate; noble-minded; generous; magnanimous.

মহাভাগ্য, *n.* Great fortune; good luck; prosperity.

মহাভারত, *n. Mahabharata,* one of the two great Indian epics.

মহাভীত, মহাভীরু, *a.* Very timid; pusillanimous; faint-hearted; greatly alarmed.

মহাভুজ—See মহাবাহু।

মহাভ্রম, মহাভ্রান্তি, *n.* Great mistake; serious blunder or error; disastrous miscalculation; fatal delusion.

মহামতি, মহামনা, *a.* Noble-minded; generous; magnanimous; highly talented or intelligent.

মহামন্ত্র, *n.* Great charm; great spell.

মহামন্ত্রী, *n.* Prime minister; great minister.

মহামহিম, মহামহিমান্বিত, *a.* Highly majestic; most glorious; of stately dignity; most exalted; noble; generous.

মহামাংস, *n.* Human flesh.

মহামাত্য, *n.* Prime minister; great minister.

মহামাত্র, *n.* Prime minister; great minister.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

মহামানী, *a.* Highly respectable or revered; over-sensitive; very proud or conceited.

মহামান্য, *a.* Highly respectable; venerable; His Excellency.

মহামায়া, *n.* Worldly illusion; vanity of the world; illusory nature of worldly objects personified; *Mahamaya*, the goddess *Durga*.

মহামায়াচ্ছন্ন, *a.* Subject to worldly illusion.

মহামারী, *n.* Epidemic; pestilence; high mortality. মহামারী কাণ্ড, মহামারী ব্যাপার—Riotous affair; uproar; great sensation.

মহামারীজনক, *a.* Pestilent; causing epidemic.

মহামারী-পীড়িত, *a.* Pestilence-stricken.

মহামুনি, *n.* Great sage; great saint.

মহামূল্য, *a.* Very costly; precious; of great value; dear.

মহামোহ, *n.* Worldly illusion.

মহাযজ্ঞ, *n.* Five sacrifices, *viz.* burnt offering, recital of the *Vedas*, entertainment of guests, libation and giving food to animals.

মহাযশা, *a.* Most renowned; very famous; most distinguished; greatly celebrated; highly glorious.

মহাযাত্রা—Same as মহাপ্রয়াণ।

মহাযুদ্ধ, *n.* Great war; world war; severe contest or fight.

মহাযোগ, *n.* Profound religious meditation; trance; highly auspicious occasion.

মহাযোগী, *a.* Practising religious austerities or penances; absorbed in deep or profound meditation:—*n.* great ascetic or devotee; one absorbed in deep meditation.

মহাযোদ্ধা, *n.* Great warrior; great soldier; champion fighter.

মহারণ্য, *n.* Large forest; vast jungle: wilderness.

মহারত্ন, *n.* Most precious stone.

মহারথ, মহারথী, *n.* Great warrior; great hero.

মহারাজ, *n.* Emperor; great king or sovereign.

মহারাজাধিরাজ, *n.* Paramount ruler; emperor.

মহারাজ্ঞী—Same as মহারানী।

মহারাত্র, মহারাত্রি—Same as মহানিশা।

মহারানা, *n.* *Maharana*, title of the famous king of *Chitore*; great prince.

মহারানী, মহারাণী, *n.* Queen consort; chief queen.

মহারাষ্ট্রী, *n.* *Marhatta* language; *Marhatta* (a race).

মহারাষ্ট্রীয়, *a.* Maharastrian; of *Maharastra*.

মহারোগ, *n.* Incurable disease; leprosy.

মহারোগী, *a.* Suffering from an incurable disease:—*n.* incurable patient.

মহার্ঘ, মহার্ঘী, *a.* Precious; very costly; dear.

মহার্ঘতা, *n.* Dearness; costliness; preciousness.

মহার্ণব, *n.* Ocean; large sea.

মহার্বুদ, *n.* Hundred crores.

মহার্হ, *a.* Very costly; precious; invaluable; very worthy or deserving.

মহাল, *n.* Estate; landed property.

মহাশক্তি, *n.* Great strength or power; powerful female deity; Goddess *Durga*:—*a.* very strong or powerful; possessed of superhuman strength.

মহাশক্তিধর, মহাশক্তিশালী, *a.* Having great power or strength.

মহাশঙ্খ, *n.* Human bone or forehead; thousand billions.

মহাশয়, *a.* Generous; magnanimous; noble-minded; munificent; charitable:—*n.* respectable person;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

gentleman (in address it is equivalent to Mr., Sire or Sir).

মহাশয়া, *a. fem.* Same as মহাশয় (*a.*): —*n.* respectable woman; lady (equivalent to Mrs., Madam).

মহাশূন্য, *n.* Infinite sky.

মহাশ্মশান, *n.* Vast cremation ground; vast wilderness.

মহাষ্টমী, *n.* Second day of the worship of goddess *Durga.*

মহাসত্ত্ব, *a.* Great-souled; generous; noble; pious; very powerful.

মহাসভা, *n.* Great association; great meeting; congress.

মহাসমষ্টি, *n.* Grand total.

মহাসমারোহ, *n.* Great magnificence; show; pomp; magnificent or elaborate preparation.

মহাসমারোহে, *ad.* With pomp and grandeur; with great eclat.

মহাসমুদ্র, মহাসাগর, *n.* Ocean. উত্তর মহাসাগর—Arctic Ocean. দক্ষিণ মহাসাগর—Antarctic Ocean.

মহাসাগরীয়, *a.* Oceanic. মহাসাগরীয় দ্বীপ—Oceanic island.

মহাসামন্ত, *n.* Commander-in-chief.

মহাসিন্ধু, *n.* Ocean; large sea.

মহাসুখ, *n.* Great pleasure; excessive joy; great delight; supreme felicity.

মহাসুখী, *a.* Very happy; full of bliss; supremely felicitous; highly delighted.

মহাহব, *n.* Great war or battle.

মহি—See মহী।

মহিমময়, *a.* Glorious; full of greatness; majestic; magnanimous; exalted; of stately dignity; splendid. *fem.*=মহিমময়ী।

মহিমা, *n.* Glory; grandeur; majesty; dignity; greatness; magnitude; excellence.

মহিমাকীর্তন, *n.* Praising; singing glories; reciting of one's greatness.

মহিমাকীর্তন করা—Praise; eulogize; sing one's glory; narrate the glory of.

মহিমান্বিত, *a.* Full of glory; majestic.

মহিমাব্যঞ্জক, মহিমব্যঞ্জক, *a.* Expressive of greatness; glorious; majestic.

মহিমার্ণব, *n.* Ocean of greatness; unbounded greatness; very great or generous person.

মহিলা, *n.* Woman; lady.

মহিলামজলিস, *n.* Bevy of ladies; women's association.

মহিলামহল, *n.* Assembly of women; bevy of ladies.

মহিলা-সংঘ, মহিলা-সমিতি—Same as মহিলামজলিস।

মহিলা-সমাজ, *n.* Women's society; womenfolk.

মহিষ, *n.* Buffalo.

মহিষমর্দিনী, *n.* Epithet of *Durga.*

মহিষী, *n.* Queen consort; queen; female buffalo.

মহী, মহি, *n.* The earth.

মহীক্ষিৎ, মহীপ, মহীপতি, মহীপাল, *n.* King; sovereign; monarch.

মহীতল, *n.* The earth's surface.

মহীধর, *n.* Mountain.

মহীপ, মহীপতি, মহীপাল—See মহীক্ষিৎ।

মহীয়সী, *a. fem.* Same as মহীয়ান্।

মহীয়ান্ *a.* Very great; generous; very noble.

মহীরুহ, *n.* Tree; plant.

মহীলতা, *n.* Earthworm.

মহীসুত, *n.* Planet Mars.

মহীসুতা, *n. Sita.*

মহুয়া, *n. Mahua* tree; *Mahua* fruit. মহুয়ার মউ—Honey of *Mahua* flower.

মহেশ্বর, *n.* God *Siva.*

মহেশ্বরী, *n.* Goddess *Durga,* wife of *Maheswar.*

মহোৎসব, *n.* Great festival; great rejoicing; *gala.*

মহোৎসাহ, *n.* Great energy or ardour; great effort or exertion; passionate

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

enthusiasm; excessive zeal; great encouragement; high spirits.

মহোৎসাহী, *a.* Greatly energetic; excessively enthusiastic.

মহোৎসাহে, *ad.* With great zeal or enthusiasm; in high spirits.

মহোদধি, *n.* Ocean; sea.

মহোদয়, *a.* Very thriving or prosperous; elevated; magnanimous; generous.

মহোদয়া, *a. fem.* Same as মহোদয়।

মহোদর, *a.* Abdominous; pot-bellied.

মহোদাম—Same as মহোৎসাহ।

মহোন্নত, *a.* Exalted; much advanced or elevated; very high or lofty; very tall.

মহোন্নতি, *n.* Great prosperity; immense improvement; eminence; great rise in life; great advancement; great height or elevation.

মহোপকার, *n.* Great service; great benefit; great good. সেই টাকায় আমার মহোপকার হইয়াছে—That money has done me a world of good.

মহোপকারী, *a.* Very beneficial; highly benevolent; highly serviceable:—*n.* great benefactor.

মহৌষধ, *n.* Infallible medicine; great or efficacious remedy; exceptionally good drug; specific panacea.

মহৌষধি, মহৌষধী, *n.* Exceptionally good drug; infallible remedy.

মা, *n.* Mother; mamma; *Ma* (fourth note of the Indian gamut).

মাই, *n.* Breast (of a woman). মাই খাওয়া—Suck the breast. মাই খাওয়ানো—Suckle; give suck to. মাই ছাড়া—Give up sucking the breast. মাই ছাড়ানো—Wean. মাই দেওয়া—Suckle at the breast.

মাইক্রোফোন, *n.* Microphone.

মাইক্রোমিটার, *n.* Micrometer.

মাইনা, মাইনে, *n.* Salary; pay; wages.

মাইনাদার, মাইনেদার, *n.* Servant; employee.

মাইপোষ, *n.* Feeding bottle.

মাইফেল, *n.* Soiree.

মাইরি, *ind.* "By Mary" or "upon God" or "upon my honour" (an oath).

মাইল, *n.* Mile.

মাউই, *n.* Mother-in-law or aunt-in-law of a brother or sister.

মাংস, *n.* Flesh; meat. গরুর মাংস—Beef. হরিণের মাংস—Venison. মাংসের বাজার—Meat-market.

মাংসখণ্ড, *n.* Bit of meat; piece of flesh.

মাংসখাদক—Same as মাংসভক্ষক।

মাংসগ্রন্থি, *n.* Gland.

মাংসপেটী, *n.* Larder.

মাংসপেশী, *n.* Muscle.

মাংসবর্ণ, *n.* Carnation:—*a.* carnationed.

মাংসবহুল, *a.* Fleshy.

মাংস-বিক্রয়ী, মাংস-বিক্রেতা, *n.* Seller of flesh; butcher.

মাংসবৃদ্ধি, *n.* Growth of flesh.

মাংসভক্ষক, মাংসভুক, মাংসভোজী, *a.* Carnivorous; flesh-eating.

মাংসল, *a.* Fleshy; obese; stout; robust.

মাংসাদ, মাংসাশী—Same as মাংসভক্ষক।

মাকড়সা, মাকড়, *n.* Spider. মাকড়সার জাল—Cobweb; spider's web.

মাকড়ি, মাকড়ী, *n.* Ear-ring.

মাকনা, *n.* Young elephant.

মাকাল, *n.* Colocynth; cucurbitaceous plant. মাকাল ফল—Apple of Sodom; beautiful but unqualified person; handsome but meritless person.

মাকু, *n.* Shuttle.

মাকুন্দ, মাকুন্দা, *n.* Beardless man. মাকুন্দ চোপা—Face of a beardless man.

মাক্ষিক, *a.* Of a fly:—*n.* honey; [pyrites.

By Umma Shanta Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাখন, মাখম, *n.* Butter. মাখন তোলা—Skim butter. মাখন মাখানো—Butter. মাখনের মতো নরম—Soft as butter.

মাখনবিক্রেতা, *n.* Butter-seller.

মাখন-মাখানো, *a.* Buttery; buttered.

মাখা, *v.* Mix; smear (গায়ে তেল মাখা—smear the body with oil); plaster with; spread over; knead (রুটির জন্য ময়দা মাখা—knead dough for baking).

মাখানো, *v.* Rub over; smear over; plaster; daub; lay as a coating.

মাখামাখি, *n.* Rubbing; plastering; close familiarity; hobnobbing; close intimacy. মাখামাখি করা—Form an intimacy with; mix freely with.

মাগ, *n.* Wife.

মাগধ, *a.* Of the province of *Magadha*:—*n.* bard; minstrel.

মাগধী, *n.* Dialect of *Magadha*.

মাগন, মাঙ্গন, *n.* Begging; contribution.

মাগনা, মাঙনা, *a.* Obtained by begging or *gratis*; valueless. মাগনা আর কি—As if one could get it *gratis*! Will you have it for a song!

মাগ-ভাতার, *n.* Husband and wife; man and wife.

মাগা, মাঙ্গা, *v.* Ask for; beg; solicit; pray for.

মাগানো, মাঙ্গানো, *v.* Ask to supply.

মাগী, *n.* Old woman; woman; hag.

মাগী-মিনসে, *n.* Old couple; man and wife.

মাগুর, *n.* Kind of fish; barbel.

মা-গোসাঁই, *n.* Female preceptor; preceptress.

মাগ্‌গি, *a.* Dear.

মাগ্‌গি-গণ্ডা, *n.* Dearness and scarcity.

মাগ্‌গি-ভাতা, *n.* Dearness allowance.

মাঘ, *n.* *Magha*, the tenth month of the Bengali calendar.

মাঘী, *a.* Of the month of *Magha*.

মাঙনা—See মাগনা।

মাঙ্গন—See মাগন।

মাঙ্গলিক, *a.* Propitious; auspicious; favourable; doing good; beneficial. মাঙ্গলিক কার্য—Welfare work; ceremonial rites for welfare.

মাঙ্গল্য, *a.* Propitious; auspicious:—*n.* auspiciousness; good; welfare; prosperity.

মাঙ্গা—See মাগা।

মাঙ্গানো—See মাগানো।

মাচা, মাচান, *n.* Platform; scaffold; stage; shelf.

মাছ, *n.* Fish. নদীর মাছ—River fish. মাছের কাঁটা—Fish-bone. মাছের চাষ—Pisciculture. মাছের ঝুড়ি—Fish-creel. মাছের ডিম—Spawn or roe of fish. মাছের পুকুর—Fish-pond. মাছের বাজার—Fish-market. মাছের ভেড়ি—Fishy dam. মাছ ধরা—Fish; catch fish. লোনা মাছ—Salted fish.

মাছরাঙ্গা, মাছরাঙা, *n.* Kingfisher; cormorant.

মাছি, *n.* Fly.

মাছি-টেপা, *a.* Pressing or squeezing out honey out of a bee; close-fisted; niggardly; parsimonious.

মাছিমারা, *a.* Copying blindly; copying unintelligently:—*n.* indiscriminate or blind copyist. মাছিমারা কেরানী—A clerk copying blindly.

মাছেতা, *n.* Acne; freckle. মাছেতা পড়া—Have freckles.

মাজ, *n.* Pith or core of a plant; crack in timber.

মাজন, *n.* Rubbing; tooth paste or powder. দাঁতের মাজন—Tooth powder; tooth paste.

মাজা, *v.* Cleanse; polish; rub:—*n.* buttocks; waist; loins:—*a.* cleansed; rubbed; brushed; polished.

মাজাঘষা, *n.* Thorough scrubbing:—*a.* thoroughly scrubbed.

মাজানো, *v.* Cause to cleanse or polish.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাজাভাঙা, *a.* Without stamina; weak; imbecile; having no back-bones.

মাজুফল, *n.* Gall-nut. মাজুফলের রস—Gallic acid.

মাঝ, *n.* Middle (of a thing); midst; interior; centre.

মাঝখান, *n.* Middle part (of a thing); centre.

মাঝ-ডহর, *n.* Centre of a deep swamp.

মাঝ-দরিয়া, *n.* Mid-sea.

মাঝামাঝি, *ad.* In the middle; tolerably; moderately; halfway.

মাঝার, *n.* Middle; centre.

মাঝারি, *a.* Middling; moderate; tolerable; passable; fair.

মাঝারে, *prep.* Within.

মাঝি, মাঝী, *n.* Steersman; helmsman; boatman.

মাঝিগিরি, *n.* Profession of a boatman.

মাঝিমাল্লা, *n.* Boatman and crew.

মাঝে, *ad.* In; in the midst; within; among; in the meantime; meanwhile. মাঝে থেকে—From within; on the contrary. মাঝে মাঝে—At intervals; from time to time; occasionally; often; now and then.

মাঞ্জা, *n.* Glue for strengthening string.

মাটকলাই, *n.* Ground nuts.

মাটকোঠা, *n.* House of mud walls; mud-built house.

মাটাম, *n.* Try-square:—*a.* at right-angles.

মাটামসই, মাটামসাহি, *a.* At right-angles.

মাটি, *n.* Earth; soil; clay; ground. বিলাতী মাটি—Cement. মাটি করা—Spoil; mar. মাটি দেওয়া—Bury; inter. মাটি মাড়ানো—Come and go; frequent; come. মাটি হওয়া—Be reduced to dust; come to nothing; be spoiled or marred; be wasted; be made no use of. মাটির দর—Dirt cheap. মাটির দরে বিক্রী হওয়া—Sell for a song. মাটির দেওয়াল—Mud-wall. মাটির বাসন—Earthenware. মাটির মানুষ—Simple man. মাটির সহিত মিশিয়া যাওয়া—Be very much ashamed.

মাটিকোঠা—Same as মাটকোঠা।

মাটিয়া, মেটে, *a.* Earthen; earth-coloured; brown. মাটিয়া (মেটে) তৈল—Naphtha; petroleum.

মাটো, *a.* Slow; dull; inactive.

মাঠ, *n.* Field; meadow; pasture; maidan.

মাঠ-ঘাট, *n.* All places.

মাঠা, *n.* Butter milk; sour milk; whey. মাঠা তোলা—Skim the butter.

মাঠাকুরানী, *n.* Madam; mistress.

মাঠান্, *n.* Plain; level ground; madam (used in address). মাঠান্ জমি—Land situated in a large plain.

মাঠাম, *n.* Carpenter's plane.

মাড়, *n.* Gruel; starch; paste; size.

মাড়ন, *n.* Threshing (as of corn); pounding (as of medicine).

মাড়া, *v.* Thresh or tread out (corn); press (sugar-cane); pound; rub; grind.

মাড়ানো, *v.* Cause (corn) to be threshed; tread upon; trample.

মাড়ামাড়ি, *n.* Continued or repeated trampling (as by several persons). মাড়ামাড়ি করা—Trample repeatedly or continuously.

মাড়ি, মাড়ী, *n.* Gum; palate; paste; gruel; starch.

মাড়ী, *n.* Gum of teeth.

মাণবক, *n.* Manikin; child; boy.

মাণিক, *n.* Ruby; gem; jewel.

মাণিকজোড়, *n.* Birds generally seen in pairs; pair of intimate friends; couple of chums.

মাণিকা—Same as মাণিক।

মাণ্ডলিক, *a.* Regional. মাণ্ডলিক নিয়ামক—Regional Controller.

মাত, *a.* Confounded; bewildered;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

charmed; amazed; astonished; defeated; checkmated; thwarted: —*n.* unsubstantial or liquid part (of anything); triumph; victory. মাত করা—Enrapture; captivate; pervade thoroughly.

মাতঃ, *n.* O mother.

মাতঙ্গ, *n.* Elephant.

মাতঙ্গিনী, মাতঙ্গী, *n.* Female elephant.

মাতন, *n.* Intoxication; drunkenness; revelry; transportation with joy; outburst of joy; wild pranks; excessive rejoicing; fermentation.

মাতব্বর, *a.* Chief; respectable; influential; important; leading:—*n.* headman; leader; surety. মাতব্বর প্রজা—Chief tenant.

মাতব্বরি, *n.* Bossing; leadership; suretyship; arbitration.

মাতলামি, মাতলামো, *n.* Drunkenness; revelry; boozing; carousing; wild and riotous behaviour. মাতলামি (বা মাতলামো) করা—Behave like a drunkard; play wild or drunken pranks.

মাতা, *n.* Mother:—*v.* ferment; become frothy; get drunk; be intoxicated; be beside oneself with (joy, etc.); be encouraged or excited; (of plants) grow luxuriantly.

মাতানো, *v.* Excite; madden; overwhelm; foment; instigate; provoke; incite; stir up; stimulate; buck up.

মাতাপিতা, *n.* Parents.

মাতাপিতৃহত্যা, *n.* Parricide.

মাতাপিতৃহন্তা, *a.* Parricidal:—*n.* parricide.

মাতাপিতৃহীন, *a.* Parentless; orphan.

মাতামহ, *n.* Maternal grandfather.

মাতামহী, *n.* Maternal grandmother.

মাতামাতি, *n.* Excessive enthusiasm; over-excitement.

মাতাল, *n.* Drunkard:—*a.* intoxicated; drunken; tippled; tipsy; boozy; inebriated; infatuated; beside oneself.

মাতুঃস্বসা, মাতুঃস্বসা, *n.* Mother's sister; maternal aunt.

মাতুল, *n.* Maternal uncle.

মাতুলানী, মাতুলা, মাতুলী, *n.* Maternal uncle's wife; aunt.

মাতুলালয়, *n.* Maternal uncle's house.

মাতৃক, *a.* Maternal.

মাতৃকল্প, *a.* Mother-like; motherly.

মাতৃকা, *n.* Mother; nurse; matron; maternal grandmother; divine mother. মাতৃকা ও কর্ত্রী—Matron and House Mistress.

মাতৃকুল, *n.* Mother's side.

মাতৃগণ, মাতৃকাগণ, *n.* Divine mothers; divine female powers.

মাতৃঘাতক, মাতৃঘাতী, *a.* Matricidal:—*n.* matricide.

মাতৃঘ্ন—Same as মাতৃহন্তা।

মাতৃতুল্য—Same as মাতৃকল্প।

মাতৃদায়, *n.* Mother's death; last rites of one's deceased mother.

মাতৃদায়গ্রস্ত, *a.* Embarassed with one's mother's death; charged with the duty of performing the last rites to one's deceased mother.

মাতৃদুগ্ধ, *n.* Mother's milk.

মাতৃদ্রোহ, *n.* Hatred or revolt against one's mother; harming one's own mother; unfilial behaviour.

মাতৃদ্রোহী, *a.* Harming one's mother.

মাতৃপক্ষ, *n.* Maternal line; mother's line. মাতৃপক্ষে—On the mother's line or side.

মাতৃপূজা, *n.* Mother-worship.

মাতৃবৎ, *a.* Just as a mother; like a mother.

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সন্তানবান্, *a.* Having offspring.
সন্তানবিহীন, সন্তানশূন্য, সন্তানহীন, *a.* Childless; without any issue.
সন্তান-সন্ততি, *n.* Children; descendants; posterity.
সন্তানসম্ভাবনা, *n.* Pregnancy.
সন্তানহীন—See সন্তানবিহীন।
সন্তানোচিত, *a.* Fit for children.
সন্তানোৎপাদন, *n.* Begetting children.
সন্তাপ, *n.* Grief; distress; sorrow; warmth; repentance.
সন্তাপক্লিষ্ট, *a.* Grieved; compunctious; repentant; heated.
সন্তাপিত, *a.* Grieved; afflicted; heated; scorched.
সন্তুষ্ট, *a.* Pleased; delighted; happy; satisfied; contented. সন্তুষ্ট করা—Satisfy; please.
সন্তুষ্টচিত্তে, *ad.* Gladly; cheerfully; delightfully.
সন্তুষ্টি, সন্তোষ, *n.* Satisfaction; delight; joy; happiness; satiety; contentment. সন্তোষ প্রদান করা—Please; satisfy.
সন্তোষজনক, *a.* Satisfactory; pleasing.
সন্তোষপূর্ব্বক, *ad.* Satisfactorily; to one's satisfaction.
সন্ত্রস্ত, *a.* Greatly alarmed; terrified; afraid; panicky.
সন্ত্রাস, *n.* Fear; alarm; fright; dismay; awe; dread; terror.
সন্ত্রাসক, *n.* Terrorist.
সন্ত্রাসবাদ, *n.* Terrorism.
সন্ত্রাসবাদী, *n.* Terrorist.
সন্দংশ, সন্দংশিকা, *n.* Pincers; forceps.
সন্দর্ভ, *n.* Essay; treatise; composition; written discourse; collection.
সন্দর্শন, *n.* Seeing minutely; observation; supervision; showing. সন্দর্শন করা—See; observe; supervise; show; point out.
সন্দর্শিত, *a.* Shown; exhibited.
সন্দিগ্ধ, *a.* Doubtful; suspected; uncertain; suspicious.
সন্দিগ্ধচিত্ত, সন্দিগ্ধচেতা, *a.* Of a doubtful or suspicious mind; suspicious; sceptical:—*n.* suspicious or doubtful mind.
সন্দিগ্ধমনা, *a.* Of a doubtful mind; suspicious.
সন্দিহান, *a.* Doubtful; suspicious.
সন্দীপন, *n.* Kindling; inflaming; exciting.
সন্দীপ্ত, *a.* Kindled; inflamed; excited.
সন্দেশ, *n.* *Sandesh,* a sort of sweetmeat; news; information; message; report.
সন্দেশবহ, সন্দেশবাহক, *n.* Messenger; envoy.
সন্দেহ, *n.* Uncertainty; doubt; scruple; suspicion. সন্দেহ করা—Doubt; suspect. সন্দেহ নাই—No doubt; to be sure. সন্দেহ হওয়া—Doubt; suspect. সন্দেহের অতীত—Above suspicion; beyond doubt. সন্দেহের পাত্র—Suspect. সন্দেহের বিষয়—Matter of doubt. সন্দেহের লেশমাত্র—Shadow of doubt.
সন্দেহজনক, *a.* Doubtful; causing suspicion.
সন্দেহজনকভাবে, *ad.* Suspiciously; in a suspicious manner. সন্দেহজনকভাবে ঘোরাফেরা করা—Move about suspiciously.
সন্দেহদোলা, *n.* State of suspense or uncertainty; vacillation; fluctuation; hesitation. সন্দেহদোলায় দোলায়মান হওয়া—Waver; be in a state of suspense; be in doubt; vacillate on account of doubt; fluctuate.
সন্দেহনিরসন, সন্দেহভঞ্জন, *n.* Removing of a doubt; settling of a doubtful point of matter. সন্দেহনিরসন করা, সন্দেহভঞ্জন করা—Remove a doubt; settle a doubtful matter.
সন্দেহবাদ, *n.* Scepticism.
সন্দেহভঞ্জন—See সন্দেহনিরসন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সন্দেহস্থল, *n.* Point of doubt.
সন্দেহস্থলে, *ad.* In case of doubt.
সন্ধান, *n.* Search; inquiry; trace; information (about a lost thing); fermentation; fixing (of an arrow to a bow); setting; fixing. সন্ধান করা—Search; trace; fish out; find out. সন্ধান পাওয়া—Find a trace or clue; discover the whereabouts of; be on the trail or track. সন্ধান লওয়া—Inquire about.
সন্ধানসূত্র, *n.* Clue or key (to).
সন্ধানী, *a.* Searching; expert in finding a clue; prying; inquisitive. সন্ধানী আলো—Searchlight. সন্ধানী দূরবীণ—Collimating telescope.
সন্ধায়ক, *n.* Fitter:—*a.* same as সন্ধায়ী।
সন্ধায়ী, *a.* Searching; aiming.
সন্ধি, *n.* Treaty; alliance; peace; union; joining; joint; euphonic combination of letters; critical juncture; hinge. সন্ধি করা—Conclude a treaty; make peace; join by *sandhi*.
সন্ধিক্ষণ, *n.* Crisis; critical moment; juncture; opportune moment.
সন্ধিত, *a.* Fermented.
সন্ধিৎসা, *n.* Inquisitiveness; curiosity.
সন্ধিৎসু, *a.* Inquisitive; willing to inquire; prying; desiring peace or a treaty. [peace; treaty.
সন্ধিপত্র, *n.* Written agreement of
সন্ধিপদ, *n.* Arthropod.
সন্ধিপ্রদাহ, *n.* Arthritis.
সন্ধিবদ্ধ, *a.* Bound by treaty.
সন্ধিবন্ধন, *n.* Ligament; nerve; articulation.
সন্ধিবাত, *n.* Gout; arthritis.
সন্ধিবিগ্রহ, *n.* Peace and war.
সন্ধিবিচ্ছেদ, *n.* Disjoining an euphonically combined word-group; rupture of peace; violation of a treaty.
সন্ধিভঙ্গ, *n.* Violation of a treaty; violation of a covenant; disruption of alliance; dislocation of a joint.
সন্ধিযুক্ত, *a.* Articulate.
সন্ধিস্থল, *n.* Juncture; point of transition.
সন্ধ্যক্ষণ, *n.* Inciting; exciting.
সন্ধ্যক্ষিত, *a.* Incited; excited.
সন্ধেয়, *a.* Proper to be allied with; proper to be united or aimed at.
সন্ধ্যা, *n.* Evening; nightfall; dusk; twilight; time (দুই সন্ধ্যা—two times); religious service. সন্ধ্যা করা—Perform prescribed religious service during twilight.
সন্ধ্যা-উপাসনা—See সন্ধ্যাহ্নিক।
সন্ধ্যাকাল, *n.* Evening.
সন্ধ্যাকালীন, *a.* Of evening.
সন্ধ্যাকালে, *ad.* In the evening.
সন্ধ্যাতারা, *n.* Vesper; Venus; evening star.
সন্ধ্যাদীপ, *n.* Evening lamp.
সন্ধ্যাবন্দনা—See সন্ধ্যাহ্নিক।
সন্ধ্যাবেলা, *n.* Evening; nightfall.
সন্ধ্যারাগ, *n.* Red glow of the evening sky.
সন্ধ্যালোক, *n.* Twilight.
সন্ধ্যাহ্নিক, সন্ধ্যাবন্দনা, সন্ধ্যা-উপাসনা, *n.* Religious services observed daily during twilight.
সন্নত, *a.* Bowed down; saluted.
সন্নতি, *n.* Bowing down; salute.
সন্নদ্ধ, *a.* Tied fast; fastened; well-tucked; armed.
সন্না, *n.* Forceps; pincers.
সন্নাহ, *n.* Armour; costume or dress.
সন্নিকট, *a.* Very near; adjacent.
সন্নিকটে, *ad.* Contiguous or adjacent to.
সন্নিকর্ষ, *n.* Nearness; proximity; attraction; contact (ইন্দ্রিয়-সন্নিকর্ষ—contact with the senses).
সন্নিকর্ষণ, *n.* Approximation.
সন্নিকৃষ্ট, *a.* Drawn near; near; adjacent; proximate.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সন্নিধান, সন্নিধি, *n.* Vicinity; proximity; presence. [of.

সন্নিধানে, *ad.* Near; in the presence

সন্নিপাত, *n.* Assemblage; gathering; union; morbid state of the three humours of the body. সন্নিপাত জ্বর —Typhoid fever.

সন্নিবদ্ধ, *a.* Firmly set; tied fast; fettered; chained; arranged.

সন্নিবিষ্ট, *a.* Entered into; inlaid with; inserted; assembled; near. সন্নিবিষ্ট করিয়া—Embodying.

সন্নিবৃত্ত, *a.* Desisted; stopped; suspended; ceased.

সন্নিবৃত্তি, *n.* Stoppage; desisting; suspension; restraint.

সন্নিবেশ, *n.* Insertion; entrance; joining; union; staying; vicinity; neighbourhood; assemblage; arrangement; collection.

সন্নিবেশ-দোষ, *n.* Error of judgement.

সন্নিবেশিত—Same as সন্নিবিষ্ট।

সন্নিভ, *a.* Similar to; resembling; like (চন্দ্রসন্নিভ—resembling or like the moon).

সন্নিযুক্ত, *a.* Confirmed. সন্নিযুক্ত ব্যবহারিক (অবর ও বরিষ্ঠ)—Standing Counsel (Junior and Senior). সন্নিযুক্ত শল্য-চিকিৎসক—House Surgeon.

সন্নিয়োগ, *n.* Confirmation (as in a post).

সন্নিরুদ্ধ, *a.* Shut; stopped; obstructed; checked; hindered; retarded.

সন্নিরোধ, *n.* Shutting; stoppage; obstruction; check; hindrance.

সন্নিহিত, *a.* Near at hand; close; contiguous; adjacent; placed; deposited.

সন্নিহিতমান, *n.* Close approximation.

সন্ন্যস্ত, *a.* Placed; delivered; deposited.

সন্ন্যাস, *n.* Religious mendicancy; renunciation (of the 'world); asceticism; apoplexy.

সন্ন্যাসগ্রহণ, *n.* Retirement from the world; taking to the life of an ascetic. সন্ন্যাসগ্রহণ করা—Take to asceticism.

সন্ন্যাসিনী, *n.* Female ascetic or saint.

সন্ন্যাসী, *n.* Ascetic; saint; religious mendicant.

সন্মার্গ, *n.* Right path; path of virtue.

সপ, *n.* Long mat.

সপক্ষ, *a.* Of the same party; siding with; partisan; winged:—*n.* partisan; adherent.

সপক্ষতা, *n.* Support; help; favour; partisanship. সপক্ষতা করা—Back; side with; support; favour.

সপক্ষে, *ad.* In favour of; on behalf of; in support of; for.

সপত্ন, *n.* Enemy; foe; rival.

সপত্নী, *n.* Co-wife.

সপত্নীক, *a.* Together with wife.

সপত্নীকন্যা, সপত্নীতনয়া, *n.* Daughter of a co-wife; step-daughter.

সপত্নীপুত্র, সপত্নীতনয়, *n.* Son of a co-wife; step-son.

সপরিজন, *a.* With family.

সপরিবার, *a.* With family; together with wife and children.

সপরিবারে, *ad.* With one's family. তিনি সপরিবারে বিদেশে যাইবেন—He will go abroad with his family.

সপসপ, *ind.* Word denoting *the sound of wading through water* or *splashing*. সপসপ করা—Feel damp or splashy. সপসপ করিয়া খাওয়া—Eat with a licking or smacking sound; eat gulpingly.

সপসপে, *a.* Damp; moist.

সপাং সপাং, *ind.* Word denoting *sharp sound of a whip* or *swishing*.

সপাদ, *a.* Endowed with feet; one and a quarter of; augmented by a quarter; increased by one-fourth.

সপাসপ্, *ind.* Word denoting *the sound of continued whipping* or

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

swishing or *the sound of eating a semi-liquid substance from palms of hands.*

সপিণ্ড, *n.* Close kinsman; near-relation.

সপিণ্ডীকরণ, *n.* Offering of food to the deceased at the end of the first year.

সপিনা, *n.* Sub-poena; summons of a court. সপিনা জারি করা—Sub-poena.

সর্পিল, *a.* Acyclic.

সপুত্র, সপুত্রক, *a.* With one's son.

সপুষ্পক, *a.* Flowering (plant). সপুষ্পক উদ্ভিদ্—Phanerogam.

সপেটা, *n.* Sapota.

সপ্ত, *n.* & *a.* Seven.

সপ্তক, *n.* Collection or group of seven; diatonic scale; musical *gamut* :—*a.* seventh; diatonic.

সপ্তচত্বারিংশ, সপ্তচত্বারিংশত্তম, *a.* Forty-seventh.

সপ্তচত্বারিংশৎ, *n.* & *a.* Forty-seven.

সপ্ততল, *a.* Seven-storied.

সপ্ততি, *n.* & *a.* Seventy.

সপ্ততিতম, *a.* Seventieth. *fem.*= সপ্ততিতমী। [seventh.

সপ্তত্রিংশ, সপ্তত্রিংশত্তম, *a.* Thirty-

সপ্তত্রিংশৎ, *n.* & *a.* Thirty-seven.

সপ্তদশ, *n.* & *a.* Seventeen :—*a.* seventeenth.

সপ্তদ্বীপা, *n.* The earth :—*a.* comprising seven divisions (islands).

সপ্তধা, *ind.* Of seven kinds; seven times or ways.

সপ্তপাতাল, *n.* Seven underworlds.

সপ্তবিংশ, *n.* & *a.* Twenty-seven :—*a.* twenty-seventh.

সপ্তবিংশতি, *n.* & *a.* Twenty-seven.

সপ্তবিংশতিতম, *a.* Twenty-seventh. *fem.*=সপ্তবিংশতিতমী।

সপ্তম, *a.* Seventh.

সপ্তমী, *n.* Seventh day of a lunar fortnight :—*a.* *fem.* seventh.

সপ্তর্ষি, *n.* Seven holy saints; constellation of *Ursa Major.*

সপ্তর্ষিমণ্ডল, *n.* Constellation of *Ursa Major;* Great Bear.

সপ্তলোক, *n.* Seven Worlds.

সপ্তশতী, *n.* Aggregate of seven hundred.

সপ্তষষ্টি, *n.* & *a.* Sixty-seven.

সপ্তষষ্টিতম, *a.* Sixty-seventh. *fem.*= সপ্তষষ্টিতমী।

সপ্তসপ্ততি, *n.* & *a.* Seventy-seven.

সপ্তসপ্ততিতম, *a.* Seventy-seventh. *fem.*=সপ্তসপ্ততিতমী।

সপ্তসমুদ্র, *n.* Seven seas.

সপ্তস্বর, *n.* Seven notes of the Indian *gamut.*

সপ্তাশীতি, *n.* & *a.* Eighty-seven.

সপ্তাশীতিতম, *a.* Eighty-seventh. *fem.*=সপ্তাশীতিতমী।

সপ্তাশ্ব, *n.* The sun.

সপ্তাস্র, *n.* Heptagon :—*a.* heptagonal.

সপ্তাহ, *n.* Week.

সপ্রতিবন্ধ, *a.* Conditional.

সপ্রতিভ, *a.* Ready-witted; clever; smart; having genius.

সপ্রমাণ, *a.* With proof; supported by evidence; established by proof. সপ্রমাণ করা—Prove; demonstrate. সপ্রমাণ হওয়া—Be proved.

সফর, *n.* Journey; safari; tour; voyage. সফরে যাওয়া—Go on a tour.

সফরী, *n.* Fry; kind of small fish.

সফল, *a.* Successful; crowned with success; fruitful; efficacious; effective; effectual; fulfilled. সফল করা—Make fruitful; make good; accomplish; bring to successful completion; carry through. সফল হওয়া—Succeed; be successful; bear fruit; win.

সফলকাম, সফলমনোরথ, *a.* Successful; having one's desires fulfilled or satisfied. সফলকাম হওয়া, সফলমনোরথ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হওয়া—Have one's desire satisfied or fulfilled; achieve one's object or desire; be successful.

সফলতা, *n.* Success; fruitfulness; effectiveness; accomplishment; achievement; fulfilment.

সফলমনোরথ—See সফলকাম।

সফেদ, *a.* White.

সফেদা, *n.* White lead; corn-meal; powdered rice.

সফেন, *a.* Frothy.

সব, *a.* All; whole; entire. সবটা—Whole of (it). সব ঠিকঠাক—Everything in order; O.K.; all right. সব ধরিয়া—In all; all told; taking all things into consideration.

সবংশ, *a.* With the whole family.

সবংশে, *ad.* With the whole family.

সবজান্তা, *a.* All-knowing :—*n.* one who knows everything; all-knowing person; jack-of-all trades. সবজান্তা ব্যক্তি—Know-all; all-knowing person.

সবজি, সবজী, *n.* Vegetables; greens.

সবজিওয়ালা, *n.* Vegetable vender.

সবজি-বাগান, *n.* Vegetable garden.

সবর্ণ, *a.* Of the same colour; of the same caste; like; similar :—*n.* homogeneous letter.

সবর্ণ-বিবাহ, *n.* Endogamous marriage; endogamy.

সবল, *a.* Strong; powerful; energetic.

সবলতা, *n.* Strength; vigour.

সবসুদ্ধ, *ad.* All together; altogether; in all; in aggregate; totally; on the whole.

সবসে, *ad.* Of all.

সবস্ত্র, *a.* Together with cloth; clothed.

সবহারা, *a.* Having lost all; destitute; totally ruined.

সবাই, *pron.* All; one and all; every one.

সবাক্, *a.* Talking.

সবাক্‌চিত্র, *n.* Talkie.

সবাত-শ্বাসন, *n.* Aerobic respiration.

সবাধ, *a.* Obstructive; oppressive; painful. সবাধ গতি—Constrained motion.

সবান্ধব, *a.* Accompanied by friends; with friends and relatives.

সবান্ধবে, *ad.* With friends and relatives.

সবার, সবাকার, *a.* Of all.

সবিকল্প, সবিকল্পক, *a.* Having a choice; admitting of an alternative; doubtful.

সবিতা, *n.* The sun.

সবিতৃ-মণ্ডল, *n.* Orb of the sun.

সবিনয়, *a.* Humble; modest; with humility :—*ad.* humbly; modestly. সবিনয় নিবেদন—Humble submission. সবিনয় নিবেদনমিদং—My humble submission is this. সবিনয় প্রার্থনা—Humble prayer or petition.

সবিনয়ে, *ad.* Humbly; modestly.

সবিরাম, *a.* Intermittent. সবিরাম প্রস্রবণ (বা ঝরনা)—Intermittent spring.

সবিলাস, *a.* Sportive; wanton.

সবিশেষ, *a.* Particularised; detailed; special; with particulars :—*ad.* particularly; in detail. সবিশেষ বিবরণ—Detailed account; details.

সবিস্তর, *a.* Detailed; minute; elaborate.

সবিস্তার, *a.* Wide; extended; detailed.

সবিস্তারে, *ad.* In detail; elaborately; at length; at large.

সবিস্ময়, *a.* Surprised; amazed; astonished.

সবিস্ময়ে, *ad.* With wonder or astonishment; surprisingly.

সবীজ, *a.* Seedy.

সবুজ, *a.* Green; fresh. সবুজ কণিকা—Chlorophyll corpuscle.

সবুর, *n.* Patience; forbearance. সবুর করা—Wait; have patience.

সবে, *ad.* In all; in total; just now;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

only. এখন সবে সন্ধ্যা—Just now it is evening. সবেধন নীলমণি—Only resource; only child.

সবেমাত্র, *ad.* Just now.

সব্জী—Same as সবজি।

সব্য, *a.* Left; left and right; reverse; hostile; backward.

সব্যসাচী, *n.* Ambidexter; *Arjuna*:—*a.* ambidexter.

সব্রীড়, *a.* Bashful; modest; ashamed; blushing.

সভয়, *a.* Timid; afraid.

সভয়ে, *ad.* With fear; timidly.

সভা, *n.* Meeting; assembly; association; council; convention; committee; society; *durbar*; court. কার্যকরী সভা—Executive or managing committee. সভা করা—Hold or convene a meeting or court. সভা ডাকা—Convene a meeting.

সভাকক্ষ, সভাগৃহ, *n.* Assembly hall; association room; court-room.

সভাকবি, *n.* Court-poet.

সভাজন, *n.* Member of an assembly; courtier; courtesy; politeness; worship; reverence.

সভাতল, *n.* Place of meeting. সভাতলে—In the meeting.

সভানায়ক—Same as সভাপতি।

সভানেত্রী, *n.* Female chairman; female president.

সভাপণ্ডিত, *n.* Court *Pandit* or scholar.

সভাপতি, *n.* Chairman; president. সভাপতি করা—Vote to the chair.

সভাপতিত্ব, *n.* Chairmanship; presidentship; speakership. সভাপতিত্ব করা—Preside (over).

সভাপাল, *n.* Speaker.

সভাভঙ্গ, *n.* Dissolution of a meeting or an assembly. সভাভঙ্গ করা—Close a meeting.

সভাভবন—Same as সভাকক্ষ।

সভারতোল, *n.* Laden weight.

সভারম্ভ, *n.* Opening or commencement of a meeting; beginning of a convention.

সভাসদ্, সভাসৎ, *n.* Member (of an assembly); courtier; assessor.

সভাসমিতি, *n.* Meetings and associations.

সভাসীন, *a.* Seated in a meeting or [an assembly.

সভাস্থল, *n.* Place of meeting.

সভ্য, *a.* Civilized; civil; social; courteous; polite; refined; cultivated; elegant; honest:—*n.* member (of an assembly); courtier. সভ্য করা—Civilize; enlist as a member. সভ্য হওয়া—Become civilized; be refined or polished; become a member; be enrolled as member.

সভ্যজগৎ, *n.* Civilized world.

সভ্যতা, *n.* Civilization; civility; polish; refinement; politeness.

সভ্যতাভিমানী, *a.* Boasting of civilization; proud of being refined and cultured.

সভ্যনির্বাচক, *a.* Electing members; co-operative; elective.

সভ্যনির্বাচন, *n.* Election of members; co-option.

সভ্যপদ, *n.* Membership. সভ্যপদ পরিত্যাগ করা—Resign membership.

সভ্যভব্য, *a.* Refined; of good manners; mannerly; polite; cultured; accomplished; elegant.

সভ্যসমাজ, *n.* Cultured society; civilized society.

সম, *a.* Same; identical; similar; equal; level; even; uniform:—*n.* mean; musical harmony; point of highest accent in music.

সমক, *n.* Mean.

সমকক্ষ, *a.* Of equal power:—*n.* match; peer; rival.

সমকক্ষতা, *n.* Rivalry; competition; equality.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমকাল, *n.* Same time; same moment.

সমকালবর্তী, সমকালিক, সমকালীন, *a.* Contemporary; contemporaneous; simultaneous; co-eval; co-existent.

সমকালে, *ad.* At the same time with; at once; simultaneously.

সমকেন্দ্রিক, *a.* Concentric.

সমকোণ, *n.* Right angle.

সমকোণী, *a.* Right-angled. সমকোণী ত্রিভুজ—Right-angled triangle.

সমকোণীয়, *a.* Orthogonal.

সমক্ষ, *a.* Visible; within sight; evident:—*n.* sight; presence. সমক্ষ বর্ণালি-বীক্ষণ—Direct vision spectroscope. সমক্ষ সংঘাত—Direct impact.

সমক্ষদৃষ্টি, *n.* Direct vision.

সমক্ষে, *ad.* In the presence of; before; within sight.

সমক্ষেত্র-অভিক্ষেপ, *n.* Equal area projection.

সমগতি, *n.* Uniform motion:—*a.* having uniform motion.

সমগুণ, *a.* Of equal virtues; alike in quality or character:—*n.* same quality.

সমগুণশ্রেঢ়ী, *n.* Geometrical progression.

সমগুণসম্পন্ন, *a.* Of equal virtues; alike in quality or character.

সমগ্র, *a.* All; whole; entire; complete; full. সমগ্র বিস্তার—Overall width. সমগ্র সূচী—Exhaustive list.

সমগ্রভাবে, *ad.* Entirely; on the whole.

সমঘন, *n.* Regular solid.

সমচতুরস্র, সমচতুর্ভুজ, *n.* Equilateral tetragon; square:—*a.* square.

সমচ্ছেদ, *n.* Plane section.

সমজননকোষী, *a.* Isogamous.

সমজাত, *a.* Cognate.

সমজাতি, সমজাতীয়, *a.* Homogeneous; congeneric.

সমজাতিতা, সমজাতিত্ব, *n.* Homogeneity.

সমঝ, *n.* Sense; intellect; appreciation; power of understanding.

সমঝদার, *a.* Able to appreciate; sensible; of refined taste:—*n.* connoisseur. সমঝদার লোক—Connoisseur.

সমঝানো, *v.* Make one understand or appreciate; grasp; understand. সমঝে চলা—Be careful about anything; proceed or move cautiously.

সমঞ্জস, *a.* Proper; appropriate; fit; correct; consistent; congruous; relevant.

সমঞ্জসতা, সামঞ্জস্য, *n.* Propriety; fitness; congruity; relevance.

সমতল, *a.* Plane; level:—*n.* plane surface. সমতল দর্পণ—Plane mirror.

সমতা, সমত্ব, *n.* Equality; similarity; evenness; identity.

সমতীত, *a.* Completely past; gone by.

সমতুল, *a.* Equal; parallel; equivalent.

সমত্বরণ, *n.* Uniform; acceleration.

সমত্রিভুজ, *n.* Equilateral triangle.

সমদর্শন, সমদর্শিতা, *n.* Impartiality; balanced judgment; mental equipoise; equilibrium of mind; fair-mindedness; indifference.

সমদর্শিনী, *a. fem.* Same as সমদর্শী।

সমদর্শী, *a.* Impartial; unbiased; unprejudiced; fair-minded; disinterested in view; balanced in mind; indifferent.

সমদুঃখিতা, *n.* Sympathy; fellow-feeling; commiseration; pity.

সমদুঃখী, *a.* Sympathetic; sympathizing.

সমদূরবর্তী, *a.* Equidistant.

সমদৃষ্টি—Same as সমদর্শন।

সমদ্বিপার্শ্বীয়, *a.* Bi-collateral.

সমদ্বিবাহু, সমদ্বিবাহুক, সমদ্বিভুজ, *a.* Isosceles. সমদ্বিবাহু ত্রিভুজ—Isosceles triangle.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমধিক, *a.* Exceedingly great; excessive; plentiful; abundant.

সমন, *n.* Summons; subpoena. সমন জারি করা, সমন দেওয়া—Serve summons.

সমন্তাৎ, সমন্ততঃ, *ad.* On all sides; everywhere.

সমন্বয়, *n.* Union; junction; connection; combination; co-ordination; uniformity; harmony; natural succession (as of cause and effect); synthesis. সমন্বয় করা—Adjust; bring into agreement; reduce to uniformity; harmonize. সমন্বয়সাধন করা—Adjust; harmonize; reduce to uniformity; bring into perfect agreement.

সমন্বয়ন, *n.* Adjustment.

সমন্বয়িত, *a.* Adjusted; co-ordinated.

সমন্বিত, *a.* Combined with; full of; filled with; accompanied by.

সমপদস্থ, *a.* Of equal rank; of the same status or position.

সমপাঠী, *n.* Fellow-student:—*a.* studying together.

সমপার্শ্বীয়, *a.* Collateral.

সমপৃষ্ঠ—Same as সমতল।

সমপ্রবণ, *a.* Isoclinal.

সমপ্রবাহ, *n.* Direct current.

সমপ্রেষ, *n.* Uniform pressure.

সমপ্রেষ-থার্মমিটার, *n.* Constant pressure thermometer.

সমপ্রেষ-রেখা, *n.* Isobar.

সমবয়স্ক, সমবয়সী, *a.* Of the same age (with); equal in years.

সমবর্ণ, *a.* Of the same caste or colour.

সমবর্তকোণ, *n.* Angle of polarization.

সমবর্তন, *n.* Polarization.

সমবর্তাক্ষ, *n.* Axis of polarization.

সমবর্তিত, *a.* Polarized. সমবর্তিত করা—Polarize.

সমবর্ষণ-রেখা, *n.* Isohyet.

সমবায়, *n.* Assemblage; multitude; number; aggregate; collection; union; junction; combination; cohesion; co-operation. সমবায়, ঋণ ও ত্রাণ—Co-operation, Credit and Relief.

সমবায়-আন্দোলন, *n.* Co-operative movement.

সমবায়-ঋণদান-সমিতি, *n.* Co-operative Credit Society.

সমবায়-সমিতি, *n.* Co-operative Society.

সমবায়-সম্বন্ধ, *n.* Qualitative or attributive relation; inseparable relation; unity in diversity.

সমবায়ী, *a.* Having the property or power of uniting or combining; related as an attribute; inseparably connected. সমবায়ী কারণ—Attributive cause.

সমবাহু, সমবাহুক, *a.* Equilateral; having equal arms or sides. সমবাহু ত্রিভুজ—Equilateral triangle.

সমবিন্দু, *a.* Concurrent.

সমবৃত্তি, *a.* Of the same occupation; equable; analogous.

সমবেগ, *n.* Uniform velocity.

সমবেত, *a.* Come together; met; assembled; brought together; united; combined; collected. সমবেত করা—Bring together; combine; unite; assemble. সমবেত হওয়া—Come together; meet; assemble.

সমবেতভাবে, *ad.* In a body; unitedly.

সমবেদনা, *n.* Sympathy; fellow-feeling; commiseration.

সমবেদী, *a.* Sympathetic. সমবেদী কম্পন—Sympathetic vibration.

সমব্যথা—Same as সমবেদনা।

সমব্যথী, *a.* Sympathetic; compassionate.

সমভাব, *n.* Similarity; identity; equality; equability; continuance in the same state; equilibrium.

সমভাবাপন্ন, *a.* Equable. সমভাবাপন্ন জলবায়ু—Equable climate.

সমভিব্যাহার, *n.* Association; company; society.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমভিব্যাহারিণী, *a. fem.* Same as সমভিব্যাহারী।

সমভিব্যাহারী, *a.* Accompanying.

সমভিব্যাহারে, *ad.* With; together with; in company with; accompanied by.

সমভূমি, *n.* Even ground; plain. সমভূমি করা—Raze to the ground; level.

সমভোগবাদ, *n.* Communism.

সমমণ্ডল, *n.* Temperate Zone.

সমমাত্র, *a.* Homogeneous; isometric.

সমমাত্রিক, *a.* Composed in feet of equal metres.

সমমালভূমি, *n.* Tableland; plateau.

সমমুখ, *a.* Like (*e.g.*, forces).

সমমূল্য, *a.* Equivalent; at par. সমমূল্য নগদ টাকা—Cash equivalent.

সমমূল্যে, *ad.* At par.

সময়, *n.* Time; season; days; proper season; fit time; opportunity; leisure; convention. সময় করা—Make time (for); fix time (for). সময় দেওয়া—Allow (one) time. সময় নষ্ট করা—Waste time. সময় পাওয়া—Find time or opportunity. সময়ে ও অসময়ে—In season and out of season. সময়ে সময়ে—From time to time; occasionally; now and then; at times.

সময়-ক্রমে, *ad.* In course or process of time.

সময়-তালিকা, *n.* Schedule.

সময়ন, *n.* Unison.

সময়নিরূপণ-তালিকা, *n.* Time-table.

সময়নিরূপণ-যন্ত্র, *n.* Timepiece; chronometre.

সময়নিষ্ঠ, *a.* Punctual; regular.

সময়নিষ্ঠা, *n.* Punctuality; regularity.

সময়মতো, *ad.* In time; at one's convenience. আমার সঙ্গে তোমার সময়মতো দেখা করিও—Please see me at your convenience.

সময়-রক্ষক, *n.* Time-keeper.

সময়রেখা, *n.* Date-line.

সময়সেবক, সময়সেবী, *a.* Time-serving: —*n.* time-server.

সময়ানুসারে, *ad.* According to a particular time; in time.

সময়ান্তর, *n.* Another time; some other time.

সময়ান্তরে, *ad.* At another time.

সময়োচিত, সময়োপযোগী, *a.* Timely; seasonable; opportune; suited to a particular occasion.

সমর, *n.* War; battle; fight; combat; conflict.

সমরকৌশল, *n.* Military tactics; strategy.

সমরক্ষেত্র, সমরভূমি, সমরস্থল, *n.* Battle-field.

সমরজয়ী, *a.* Victorious:—*n.* conqueror; victor.

সমরপোত, *n.* Battleship; man-of-war.

সমরবিজ্ঞান, *n.* Strategy.

সমরভূমি—See সমরক্ষেত্র।

সমরশয্যা, *n.* Death in the battle-field.

সমরশায়ী, *a.* Dying in war; fallen in battle.

সমরস, *n.* Equal pleasure; same delight; all-pervading bliss.

সমরসচিব, *n.* War-minister; Secretary for the Department of War.

সমরস্থল—See সমরক্ষেত্র।

সমরাঙ্গন, *n.* Battle-field.

সমরানল, *n.* Great war.

সমরাশি, *n.* Even number; equal quantity.

সমরূপ, *a.* Of the same form; of a piece with; uniform.

সমরূপতা, *n.* Uniformity.

সমরৈখিক, *a.* Collinear.

সমর্থ, *a.* Able; adequate; fit; proper; strong; powerful; mighty; young; grown-up. সমর্থ ছেলে—Grown-up boy; young man; strong man. সমর্থ হওয়া—Be able; afford. সমর্থ করা—Enable.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

সমর্থক, *n.* Seconder; supporter.
সমর্থতা, সামর্থ্য, *n.* Ability; strength; power.
সমর্থন, সমর্থনা, *n.* Support; ratification; corroboration; confirmation. সমর্থন করা—Second; support; justify; ratify; corroborate; confirm.
সমর্থনীয়, *a.* Justifiable.
সমর্থিত, *a.* Supported; ratified; seconded; corroborated; confirmed.
সমর্থীকরণ, *n.* Enabling.
সমর্থীকরণবিধান, *n.* Enabling statute.
সমর্পক, *n.* One who offers; giver; bestower :—*a.* giving; making over; bestowing.
সমর্পণ, *n.* Giving; offering; presenting; bestowal; committing to the charge of another person; surrender; deliverance. সমর্পণ করা—Give; bestow; offer; hand over; deliver; commit; surrender.
সমর্পণকারী, *a.* Surrender; dedicator; giver. *fem.*=সমর্পণকারিণী।
সমর্পণীয়, *a.* To be given, offered or delivered; to be bestowed; to be surrendered.
সমর্পিত, *a.* Given; offered; bestowed; delivered; made over; handed over; surrendered; yielded up; committed to one's care.
সমল, *a.* Dirty; filthy; foul; muddy.
সমলয়, *a.* Synchronous :—*n.* synchronism. সমলয় করা—Synchronize.
সমশোধন, *n.* Subtraction (as of the same quantity) from both sides of an equation.
সমশ্রেণী, *n.* Same class.
সমশ্রেণীভুক্ত, *a.* Belonging to the same class or rank.
সমষ্টি, *n.* Sum total; aggregate; population (statistics); universe (statistics).
সমষ্টিকরণ, *n.* Aggregation; summation.
সমসংযোগ, *n.* Cohesion.
সমসংস্থ, *a.* Homologous.
সমসংস্থান, *n.* Equilibrium.
সমসত্ত্ব, *a.* Homogeneous.
সমসরল, *a.* Parallel.
সমসাময়িক, *a.* Contemporary; contemporaneous; occurring at the same time :—*n.* contemporary. অজয়বাবু আমার সমসাময়িক—Ajoy Babu is my contemporary.
সমসারক, *a.* Isotropic.
সমসূত্র, *n.* Same line.
সমসূত্রস্থ, সমসূত্রস্থিত, *a.* Situated on the same line or diameter.
সমস্ত, *a.* All; whole; entire; complete; compounded :—*n.* everything. সমস্ত দিন ধরিয়া—During the whole day; all day long. সমস্ত ধরিয়া—On the whole; in an aggregate. সমস্ত ব্যাপিয়া—All through; throughout.
সমস্ত-পদ, *n.* Compound word.
সমস্থিতি, *n.* Isostasy.
সমস্যমান, *a.* Being compounded; entering into a compound.
সমস্যা, *n.* Problem; riddle; puzzle; fix dilemma. সমস্যা পূরণ করা, সমস্যার সমাধান করা—Solve a problem.
সমহার, *n.* Flat rate.
সমহারে, *ad.* At par.
সমা, *n.* Year.
সমাংশ, *n.* Equal portion; half-and-half.
সমাংশক, *a.* Isomerous.
সমাকর্ষণ, *n.* Tugging; pulling.
সমাকলন, *n.* Integral calculus.
সমাকারতা, সমাকৃতিত্ব, *n.* Isomorphism.
সমাকীর্ণ, *a.* Full of; filled with; bristled with; scattered with; infested with. বনটি হিংস্র জন্তুতে সমাকীর্ণ—The forest is infested with ferocious animals.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমাকুল, *a.* Anxious; perturbed; greatly worried; agitated; confused; filled with; full of.

সমাকৃতি, *a.* Isomorphous.

সমাকৃষ্ট, *a.* Attracted; pulled up.

সমাক্রান্ত, *a.* Invaded; attacked; occupied; pervaded; overcome; seized; expanded.

সমাক্ষ, *a.* Co-axial.

সমাক্ষরেখা, *n.* Parallel of Latitude.

সমাখ্যাত, *a.* Famous; celebrated; renowned; entitled; termed.

সমাগত, *a.* Arrived; come; present; met; assembled; united. সমাগত হওয়া—Come; assemble; appear.

সমাগম, *n.* Arrival; approach; union; association; meeting; assembly; concourse; multitude.

সমাগমন, *n.* Arrival.

সমাঘ্রাত, *a.* Smelt perfectly.

সমাঙ্কপৃষ্ঠ, *a.* Isobilateral.

সমাঙ্গ, *a.* Regular.

সমাচার, *n.* News; information; message; report.

সমাচ্ছন্ন, *a.* Completely covered; thoroughly overcast; enveloped; concealed.

সমাজ, *n.* Society; assembly; gathering; club. সমাজে চলা—Be quite the convention; be in order in society. সমাজে ঠেলা, সমাজচ্যুত করা—Excommunicate; expel one from society. [কবিসমাজ—Community or association of poets; poetic circle. প্রাণিসমাজ—Animal kingdom. লোকসমাজ—Society of people or men. সভ্যসমাজ—Civilized community. সাহিত্যসমাজ—Literary society.]

সমাজকল্যাণ, *n.* Good of the society; social welfare.

সমাজচ্যুত, *a.* Excommunicated; outcast; ostracized; boycotted. সমাজচ্যুত করা—See সমাজে ঠেলা under সমাজ।

সমাজচ্যুতি, *n.* Excommunication; social ostracism.

সমাজতন্ত্র, *n.* Socialism.

সমাজতন্ত্রী, *n.* Socialist.

সমাজতন্ত্রীয়, *a.* Socialistic.

সমাজনীতি, *n.* Sociology; social rules.

সমাজপতি, *n.* Elder or head of a community.

সমাজবদ্ধ, *a.* Formed into a group or community; associated; banded.

সমাজবন্ধন, *n.* Social bonds; association; forming into a company.

সমাজবহির্ভূত, *a.* Excommunicated; expelled or driven out from one's society; outcast.

সমাজবিজ্ঞান, *n.* Sociology; social science.

সমাজবিদ্যা, *n.* Sociology.

সমাজবিধি, *n.* Social law; customs or practices of the community; social convention.

সমাজবিরোধী, *a.* Anti-social.

সমাজশক্তি, *n.* Social force.

সমাজশাসন, *n.* Social rule or government.

সমাজসংস্কার, *n.* Social reformation; renovation of social rules.

সমাজসংস্কারক, *n.* Social reformer.

সমাজ-সেবা, *n.* Social service.

সমাজ-হিতৈষী, *n.* Well-wisher of the society:—*a.* wishing public good.

সমাদর, *n.* Regard; respect; veneration; esteem; cordial reception; welcome. সমাদর করা—Regard; treat with respect; welcome; receive cordially.

সমাদরণীয়, *a.* Respectable; honourable; to be welcomed; to be esteemed.

সমাদিষ্ট, *a.* Ordered; directed.

সমাদৃত, *a.* Respected; revered; honoured; welcomed; received cordially.

সমাধা, *n.* Completion; accomplish-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ment; settlement (of an affair); reconciling (of differences). সমাধা করা—Perform; settle; finish.

সমাধান, *n.* Solution; decision; accomplishment; execution. সমাধান করা—Solve; perform; decide.

সমাধি, *n.* Deep meditation; trance; burial; grave.

সমাধিক্ষেত্র, *n.* Cemetery; burial-ground.

সমাধিক্ষেত্রসম্বন্ধীয়, *a.* Cemeterical.

সমাধিভঙ্গ, *n.* Interruption of deep meditation; break of trance. সমাধিভঙ্গ করা—Interrupt deep meditation; give up deep meditation.

সমাধিমগ্ন, *a.* Absorbed in profound religious meditation; in a state of trance; tranced.

সমাধিমন্দির, সমাধিসৌধ, *n.* Sepulchre; tomb.

সমাধিস্তম্ভ, *n.* Tombstone.

সমাধিস্থ, *a.* Engaged in deep meditation; in a state of trance; buried. সমাধিস্থ করা—Bury; inter; put in the grave. সমাধিস্থ হওয়া—Be absorbed in meditation; fall into trance; be buried.

সমাধিস্থল, *n.* Place for meditation; burial ground; cemetery.

সমাধিস্থান, *n.* Burial-ground; cemetery.

সমাধ্যায়ী, *a.* Reading together:—*n.* fellow-student.

সমান, *a.* Equal; equivalent; smooth; level; like; similar; uniform. সমান করা—Make even or similar; level. সমান জাতি—Same caste. সমান হওয়া—Be even; be levelled; be equal.

সমানতা, সমানত্ব, *n.* Equality; evenness.

সমানধর্ম্মা, *a.* Of same or uniform qualities or virtues.

সমানয়ন, *n.* Bringing together or leading. সমানয়ন করা—Bring up.

সমান-সমান, *a.* Of equal worth or rank or position; similar; identical.

সমানাংশে, *ad.* In equal parts.

সমানাধিকরণ, *n.* Generic character; generic property:—*a.* co-existent.

সমানাধিকার, *n.* Equal right or privilege; same office or duty.

সমানীত, *a.* Brought up; conveyed; fetched.

সমানুপাত, *n.* Proportion; equal ratio.

সমানুপাতিক, *a.* Proportionate to; commensurate with; in equal ratio.

সমানরূপ, *a.* Directly similar.

সমানে-সমানে, *a.* Evenly contested.

সমান্তর, *a.* Equidistant; parallel.

সমান্তরতা, *n.* Parallelism.

সমান্তররেখা, *n.* Parallel lines.

সমান্তরশ্রেণী, *n.* Arithmetical progression; arithmetic series.

সমান্তরাল, *a.* Parallel. সমান্তরাল ক্ষেত্র—Parallelogram. সমান্তরাল রেখা—Parallel lines. সমান্তরাল সরলরেখা—Parallel straight lines.

সমান্তরিক ক্ষেত্র, সামান্তরিক, *n.* Parallelogram.

সমাপক, *a.* Accomplishing; completing; finishing; concluding; terminating.

সমাপতন, *n.* Coincidence.

সমাপতি, *n.* Meeting or concurrence.

সমাপন, *n.* Completion; conclusion; termination; fulfilment; end. সমাপন করা—Complete; perform; effect; accomplish; conclude; finish; terminate.

সমাপনীয়, *a.* To be completed or ended; to be concluded.

সমাপন্ন, *a.* Completed; finished; approached; arrived.

সমাপিকা, *a.* Finite; terminating. সমাপিকা ক্রিয়া—Finite verb.

সমাপিত, *a.* Completed; finished; accomplished; concluded.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমাপ্ত, *a.* Completed; finished; concluded.
সমাপ্তি, *n.* Completion; finishing; conclusion; end; termination.
সমাপ্তি-সংগীত, *n.* Closing song.
সমাপ্লুত, *a.* Immersed; drowned; overwhelmed.
সমাবতল, *a.* & *n.* Plano-concave.
সমাবন্ধ, *n.* Combination.
সমাবরণ, *n.* Occultation.
সমাবর্তন, *n.* Convention; return. সমাবর্তন উৎসব—Convocation ceremoney; convocation.
সমাবস্থ, *a.* Of the same state or condition; in a state of equilibrium.
সমাবস্থা, *n.* Equal or identical state; being in the same state; the *status quo.*
সমাবস্থান, *n.* Continuance in the same condition; equipoise; equilibrium.
সমাবিষ্ট, *a.* Engrossed or absorbed in; attentive to; engaged in; possessed (by an evil spirit).
সমাবৃত, *a.* Covered; enclosed; concealed; veiled; encompassed.
সমাবেশ, *n.* Gathering; meeting; association; accommodation; inclusion; deep or close attention; entrance.
সমাবেশিত, *a.* Placed together; accommodated; entered.
সমামেল, *n.* Confederation.
সমায়ত, *a.* Lengthened; broadened; widened; extended; dilated; spread; stretched.
সমায়তন-থার্মমিটার, *n.* Constant volume thermometer.
সমায়াত, *a.* Come; arrived; present.
সমাযুক্ত, *a.* Joined; connected.
সমাযোজন, *n.* Communication.
সমারব্ধ, *a.* Begun; commenced.
সমারম্ভ, *n.* Commencement; beginning; undertaking; taking in hand.
সমারূঢ়, *a.* Mounted; ascended.
সমারোহ, *n.* Pomp; magnificence; splendour; *eclat.* সমারোহ করা—Give a display of grandeur.
সমারোহপূর্ণ, *a.* Full of grandeur; pompous.
সমারোহপূর্বক, মহাসমারোহে, *ad.* With great *eclat;* with great pomp; ostentatiously.
সমার্থ, সমার্থক, *a.* Having the same meaning; synonymous. সমার্থক শব্দ—Synonym.
সমালোচক, *n.* Critic; reviewer.
সমালোচনা, *n.* Criticism; review. সমালোচনা করা—Review; criticize.
সমালোচিত, *a.* Criticized; reviewed.
সমালোচ্য, *a.* To be criticized or reviewed.
সমাস, *n.* *Samasa;* words combined or compounded; compound word. সমাস করা—Compound words into one.
সমাসক্ত, *a.* Attached to; addicted to; joined; deeply attentive.
সমাসবদ্ধ, *a.* Compounded.
সমাসীন, *a.* Seated; sitting.
সমাসোক্তি, *n.* Personification; pathetic fallacy.
সমাহত, *a.* Struck; wounded.
সমাহরণ, *n.* Gathering; collection. সমাহরণ করা—Gather; collect.
সমাহর্তা, *n.* Collector. *fem.*=সমাহর্ত্রী।
সমাহার, *n.* Aggregation; collection; composition; combination; union; junction; summation; *Samahar,* a form of compound word.
সমাহার-করণ, *n.* Collectorate.
সমাহারে, *ad.* In total; in toto.
সমাহিত, *a.* Wholly absorbed; deeply meditative; abstracted; deeply attentive; composed; self-possessed; cool; performed; finished; decided; placed. সমাহিত করা—Bury.
সমাহৃত, *a.* Collected; gathered; accumulated; amassed; convened;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

concentrated; taken; accepted; received; compiled; abridged.

সমাহৃতি, *n.* Collection; accumulation; contraction; compilation.

সমিৎ—See সমিধ্।

সমিতি, *n.* Committee; club; association; meeting; assembly.

সমিধ্, সমিৎ, *n.* Sacrificial wood; fuel.

সমীকরণ, *n.* Equation; equalizing; levelling; making same or similar; reduction of fractions to a common denominator. সমীকরণ করা—Equalize; reduce to a common denominator; equate.

সমীকৃত, *a.* Equalized; levelled; identified; balanced. সমীকৃত কাল—Equated time.

সমীক্ষণ, *n.* Research; investigation; inquiry; observation.

সমীক্ষা, *n.* Scrutiny; observation; insight; consideration; deliberation.

সমীক্ষিত, *a.* Observed; inquired into; seen minutely; scanned; scrutinized; inspected; examined.

সমীক্ষ্য, সমীক্ষ, *n.* Deliberation; observation.

সমীক্ষ্যকারিতা, সমীক্ষ্যকারিত্ব, *n.* Thoughtfulness; considerateness; prudence; discernment.

সমীক্ষ্যকারী, *a.* Acting with due forethought; considerate; prudent. *fem.*=সমীক্ষ্যকারিণী।

সমীক্ষ্যবাদী, *a.* Talking with discrimination; speaking judiciously.

সমীচীন, *a.* Proper; fit; reasonable; judicious; expedient; true; right; sensible; wise; prudent; correct; accurate.

সমীপ, *a.* Near; lying close by; proximate:—*n.* vicinity; neighbourhood.

সমীপবর্তী, সমীপস্থ, *a.* Lying close by; neighbouring; near; proximate; contiguous; approaching.

সমীপে, *ad.* Near; close to.

সমীর, সমীরণ, *n.* Wind; air; breeze.

সমীহ, *n.* Respect; regard; esteem; admiration; modesty. সমীহ করা—Regard; respect; admire; look up to.

সমীহা, *n.* Desire; longing; exertion; inquiry.

সমীহিত, *a.* Desired; exerted; attempted.

সমুখ, *n.* Front; forepart.

সমুচিত, *a.* Proper; fit; right; suitable; appropriate; adequate. সমুচিত পুরস্কার—Adequate reward. সমুচিত শাস্তি (দণ্ড)—Condign punishment.

সমুচ্চ, *a.* Very high; lofty; elevated; exalted; vociferous; very loud.

সমুচ্চয়, *n.* Collection; heap; number; gathering; assemblage; combination.

সমুচ্ছেদ, *n.* Extirpation; extermination; eradication; destruction.

সমুচ্ছ্বসিত, *a.* Overflowing; sighing; turgid.

সমুচ্ছ্বাস, *n.* Deep sigh; swelling; breathing; hilarity; vivacity; gush; effusion.

সমুজ্জ্বল, *a.* Very bright; radiant; brilliant.

সমুৎকীর্ণ, *a.* Engraved; perforated; penetrated; bored; broken.

সমুত্তেজন, *n.* Irritating; provoking; exciting; inflaming.

সমুত্তেজিত, *a.* Irritated; provoked; stirred up; incited; excited; inflamed.

সমুত্থান, *n.* Rising; resurrection; getting up; emergence; increase; growth; production; effort.

সমুত্থিত, *a.* Risen; got up; born; increased; grown.

সমুৎপতন, *n.* Going up; rise.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমুৎপত্তি, *n.* Origin; birth; production; occurrence.

সমুৎপন্ন, *a.* Produced; grown; born; sprung; originated.

সমুৎপাটন, *n.* Pulling up; uprooting; eradication; extirpation.

সমুৎপাটিত, *a.* Pulled up; plucked up; uprooted; extirpated; eradicated.

সমুৎপাদন, *n.* Production; effecting; fabrication.

সমুৎপাদিত, *a.* Produced; effected; fabricated.

সমুৎফুল্ল, *a.* Cheerful; gay; lively.

সমুৎসাদন, *n.* Extirpation; uprooting; eradication.

সমুৎসাদিত, *a.* Extirpated; eradicated; uprooted; destroyed.

সমুৎসুক, *a.* Very eager; very anxious; zealous; ardent; impatient.

সমুৎসৃষ্ট, *a.* Left; abandoned; given up; forsaken; given.

সমুদয়, *a.* Whole; entire; all:—*n.* whole; total; entirety; rise.

সমুদয়ে, *ad.* In all; all told.

সমুদায়, *a.* All; whole; entire:—*n.* whole.

সমুদিত, *a.* Risen; ascended; sprung up; born; produced.

সমুদ্গত, *a.* Risen; born; sprung up.

সমুদ্গীর্ণ, *a.* Cast up; ejected; lifted; vomited; uttered; reeited.

সমুদ্দিষ্ট, *a.* Intended; designed.

সমুদ্দ্রুর, *n.* Ocean; sea.

সমুদ্ধত, *a.* Arrogant; impertinent; conceited; insolent; haughty; saucy; rude.

সমুদ্ধৃত, *a.* Quoted; raised; delivered; rescued.

সমুদ্ভব, *n.* Springing forth; emergence; cause; birth; origin; evolvement; production:—*a.* born; sprung; produced.

সমুদ্ভাসিত, *a.* Illuminated; enlightened; brightened; resplendent.

সমুদ্ভূত, *a.* Sprung (from); produced; grown; born; originated; evolved.

সমুদ্যত, *a.* Prepared; ready.

সমুদ্র, *n.* Sea; ocean. অকূল সমুদ্র—Boundless ocean; boundless sorrow; inescapable danger. সমুদ্রের ফেনা—Foam of the sea; sea-forth; bone of the cuttle-fish. সাত সমুদ্র তের নদীর পার—Very remote; out of the way place.

সমুদ্র-উদ্ভিদ্, *n.* Sea-weed.

সমুদ্রগর্ভ, *n.* Bed of the sea (up to high-water mark).

সমুদ্রগামী, *a.* Ocean-going; sea-faring; voyaging by the sea.

সমুদ্রজাত, *a.* Sea-born.

সমুদ্রতট, সমুদ্রতীর, *n.* Coast; sea-shore.

সমুদ্রতল—See সমুদ্রপৃষ্ঠ।

সমুদ্রপথ, *n.* Ocean-route.

সমুদ্রপথে, *ad.* By sea.

সমুদ্রপৃষ্ঠ, সমুদ্রতল, সমুদ্রসমতল, *n.* Sea-level; ocean-floor.

সমুদ্রবহ্নি, *n.* Submarine fire.

সমুদ্রবায়ু, *n.* Sea-breeze.

সমুদ্রবাহিত, *a.* Sea-borne.

সমুদ্রবেলা, *n.* Sea-beach; sea-shore.

সমুদ্র-মন্থন, *n.* Churning of the sea (by gods and demons).

সমুদ্রমেখলা, *a. fem.* Sea-girt; surrounded by the sea. সমুদ্রমেখলা পৃথিবী—Sea-girt earth.

সমুদ্রযাত্রা, *n.* Sea-voyage. সমুদ্রযাত্রা করা—Put to sea; voyage.

সমুদ্রযান, *n.* Sea-faring vessel; hydroplane.

সমুদ্রযুদ্ধ, *n.* Sea-fight.

সমুদ্রশুল্ক, *n.* Sea-customs.

সমুদ্রশুল্ক-বিহিতক, *n.* Sea-customs Act.

সমুদ্রসমতল—See সমুদ্রপৃষ্ঠ।

সমুদ্র-স্নান, *n.* Sea-bathing.

সমুদ্র-স্রোত, *n.* Ocean current.

সমুদ্রীয়, সামুদ্রিক, *a.* Marine; oceanic.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমুন্নত, *a.* Elevated; high; lofty; exalted; lifted; greatly improved; dignified; prominent.

সমুন্নতি, *n.* Great improvement; prosperity; dignity; amelioration; elevation; height; loftiness.

সমুন্নয়, সমুন্নয়ন, *n.* Raising up; throwing up; improvement; betterment.

সমুপগত, *a.* Approached; drawing close to; approaching.

সমুপগম, *n.* Approach; approximation.

সমুপবিষ্ট, *a.* Seated; set.

সমুপস্থিত, *a.* Arrived; present; approached.

সমুপস্থিতি, *n.* Arrival; presence; approach.

সমুল্লসিত, *a.* Merry; cheerful; gay; gladdened.

সমুল্লেখ, *n.* Mention; reference.

সমূল, *a.* Having a root; having a cause; having a basis.

সমূলক, *a.* True; having a foundation or basis; well-founded.

সমূলে, *ad.* With the root. সমূলে উৎপাটন করা—Root up; uproot; tear up by the roots. সমূলে বিনাশ করা—Destroy by the roots; extirpate totally; uproot.

সমূহ, *n.* Multitude; assemblage; collection; heap:—*a.* great; much. সমূহ ক্ষতি—Total or great loss. সমূহ দুর্ঘটনা—Disaster. সমূহ বিপদ্—Great danger or calamity.

সমৃদ্ধ, *a.* Prosperous; rich; flourished; flourishing; increased; grown.

সমৃদ্ধি, *n.* Prosperity; riches; progress; improvement; plenty; greatness; pomp; splendour; increase; growth.

সমৃদ্ধিমান্, সমৃদ্ধিশালী, সমৃদ্ধিসম্পন্ন, *a.* Prosperous; well-to-do; thriving; flourishing; rich; luxuriant.

সমেত, *a.* Associated with; together with; along with.

সমোচ্ছ্বাস-রেখা, *n.* Co-tidal line.

সমোত্তল, *n.* & *a.* Plano-convex.

সমোন্নতি-রেখা, *n.* Contour line.

সমোষ্ণ-রেখা, *n.* Isotherm.

সম্পৎ—Same as সম্পত্তি।

সম্পৎশালী, *a.* Wealthy; rich. *fem.*= সম্পৎশালিনী।

সম্পত্তি, সম্পদ্, *n.* Wealth; riches; property; prosperity; fortune.

সম্পত্তিহস্তান্তর, *n.* Transfer of property.

সম্পন্ন, *a.* Wealthy; prosperous; rich; fortunate; accomplished; performed; fulfilled; endowed with; possessed of (সৌন্দর্যসম্পন্ন—possessed of beauty; beautiful). সম্পন্ন করা—Accomplish; perform. সম্পন্ন পরিবার—Well-to-do family.

সম্পর্ক, *n.* Relation; connection; kinship; affinity; contact; union; junction; combination. সম্পর্ক রাখা—Keep connection with; keep in touch with.

সম্পর্কহীন, সম্পর্করহিত, সম্পর্কশূন্য, *a.* Without connection; unconnected; unrelated; irrelevant.

সম্পর্কিত, *a.* Related; connected; allied.

সম্পর্কী, *a.* Related; connected.

সম্পর্কীয়, *a.* Relating to; connected with; related to; appertaining to.

সম্পাত, *n.* Fall; falling; descent.

সম্পাতবিন্দু, *n.* Point of fall; point of incidence; point of concurrence or contact.

সম্পাদক, *n.* Editor; secretary; manager; compiler:—*a.* accomplishing.

সম্পাদকতা, *n.* Editorship; managership. সম্পাদকতা করা—Edit; compile; manage.

সম্পাদকীয়, *a.* Editorial; secretarial.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সম্পাদকীয় কর্তব্য—Editorial responsibility. সম্পাদকীয় প্রবন্ধ—Editorial; leader. সম্পাদকীয় স্তম্ভ—Editorial column.

সম্পাদন, *n.* Accomplishing; effecting; completing; performance; completion; finishing; editing. সম্পাদন করা—Perform; accomplish; carry out.

সম্পাদন-উপশাখা, *n.* Editorial section.

সম্পাদনা—Same as সম্পাদন। সম্পাদনা করা—Edit.

সম্পাদনীয়, *a.* Fit to be accomplished; to be performed.

সম্পাদিকা, *n.* Editress; female manager or secretary:—*a. fem.* accomplishing.

সম্পাদিত, *a.* Accomplished; performed; executed; effected; completed; edited.

সম্পাদ্য—Same as সম্পাদনীয়:—*n.* problem. সম্পাদ্য প্রতিজ্ঞা—Problem.

সম্পুট, সম্পুটক, *n.* Covered box; casket.

সম্পূরক, *a.* Supplementary:—*n.* supplement. সম্পূরক কোণ—Supplementary angle.

সম্পূর্ণ, *a.* Finished; completed; complete; perfect; fulfilled; all; whole; entire. সম্পূর্ণ অন্ধ—Quite blind. সম্পূর্ণ করা—Complete. সম্পূর্ণ নিষ্প্রদীপ—Complete black-out. সম্পূর্ণ বিপরীত—Quite opposite or contradictory.

সম্পূর্ণতা, *n.* Perfection; fulfilment; completion; integrity; entirety.

সম্পূর্ণভাবে, সম্পূর্ণরূপে, *ad.* Whol'y; thoroughly; fully; completely.

সম্পৃক্ত, *a.* Mixed up (with); saturated; joined; connected; united; related (to); inlaid.

সম্পৃক্তি, *n.* Saturation (অতি সম্পৃক্তি—super-saturation).

সম্প্রচার, *n.* Broadcast.

সম্প্রচার-ঊর্মি, *n.* Broadcasting wave.

সম্প্রচারকেন্দ্র, *n.* Broadcasting station or centre.

সম্প্রচারিত, *a.* Broadcast; widely circulated.

সম্প্রতি, *ad.* Now-a-days; lately; recently; now; at present.

সম্প্রদাতা, *n.* One who gives away (as a daughter in marriage).

সম্প্রদান, *n.* Giving to; bestowing on; presentation; donation; giving away a daughter in marriage; dative case. সম্প্রদান করা—Give away in marriage; bestow; confer. সম্প্রদান কারক—Dative case.

সম্প্রদায়, *n.* Community; society; sect; company; body; troop; band; tradition.

সম্প্রদায়ভুক্ত, *a.* Belonging to any sect or community; sectarian.

সম্প্রয়োগ, *n.* Investment; hypnotizing; sexual intercourse.

সম্প্রসার, *n.* Development; expansion.

সম্প্রসারক, *n.* Adjunct:—*a.* expanding.

সম্প্রসার-করণ, *n.* Development Office.

সম্প্রসারণ, *n.* Expansion; extension. সম্প্রসারণ আধিকারিক (শিল্প)—Extension Officer (Industries).

সম্প্রসারপর্ষৎ, *n.* Development Board.

সম্প্রসারিত, *a.* Expanded; extended.

সম্প্রীত, *a.* Quite pleased; delighted.

সম্প্রীতি, *n.* Great or intense love; affection; mutual love; delight; pleasure; joy.

সম্বদ্ধ, *a.* Connected; joined; united; related; associated; affiliated; affixed; fastened.

সম্বদ্ধক্রীড়াসংঘটন, *n.* Affiliated sports organization.

সম্বদ্ধীকরণ, *n.* Affiliation.

সম্বদ্ধীকৃত, *a.* Affiliated.

সম্বন্ধ, *n.* Relation; connection; alliance; affinity; relationship by

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

marriage; matrimonial proposal; betrothal; possessive or genitive case. সম্বন্ধ করা—Propose matrimonial alliance; propose marriage. সম্বন্ধ থাকা—Have connection or relationship (with). সম্বন্ধ রাখা—Keep connection with. সম্বন্ধ হওয়া—Be betrothed; be engaged.

সম্বন্ধী, *a.* Related to; akin to; connected with:—*n.* brother-in-law; kinsman; relation.

সম্বন্ধীয়, *a.* Relating to; pertaining to; concerning; regarding; about; belonging to.

সম্বন্ধে, *ad.* In relation to; as regards; *re.*

সম্বরণ—Same as সংবরণ।

সম্বরা, *n.* Spices singed in oil or *ghee*:—*v.* forbear; check; withdraw.

সম্বল, *n.* Resources; capital; stock; travelling expenses.

সম্বলশূন্য, *a.* Resourceless; without means; shiftless.

সম্বলিত, *a.* Comprising; associated; joined; provided with; along with.

সম্বাদী, *a.* Singing; crying; conversing; talking:—*n.* second pre-eminent note in a musical tune of air.

সম্বাধ, *n.* Obstruction; collision; crisis; crowd.

সম্বিৎ, সংবিৎ, *n.* Consciousness; sense.

সম্বুদ্ধ, *a.* Awaked; awakened; wakeful.

সম্বুদ্ধি, *n.* Perfect knowledge; address.

সম্বোধন, *n.* Address; calling; vocative case. সম্বোধন করা—Address; call.

সম্বোধনচিহ্ন, *n.* Sign of address.

সম্বোধি, *n.* Proper knowledge or feeling; right perception; proper consciousness.

সম্ভব, *n.* Likelihood; birth; production; origin; probability:—*a.* probable; possible.

সম্ভবপর, *a.* Likely; possible.

সম্ভবাতীত, *a.* Impossible.

সম্ভাবনা, *n.* Possibility; probability; fitness; suitableness; likelihood; contingence; contingency; chance.

সম্ভাবনীয়, *a.* Likely to happen; probable; possible.

সম্ভাবিত, *a.* Expected.

সুললিত, *a.* Melodious; delicious; very nice; handsome; very graceful.
সুলিখিত, *a.* Well-written.
সুলুক, *n.* Manner; way; means.
সুলেখক, *n.* Good writer; one having good penmanship. *fem.*=সুলেখিকা।
সুলোচন, *a.* Having beautiful eyes; having fine eyes.
সুলোচনা, *a. fem.* Same as সুলোচন: —*n.* fine-eyed woman.
সুশান্ত, *a.* Very gentle; very calm.
সুশাসক, *n.* Good ruler.
সুশাসন, *n.* Good government; good administration; strict discipline. সুশাসন করা—Govern well.
সুশাসিত, *a.* Well-governed; well-controlled; well-disciplined.
সুশিক্ষা, *n.* Good education or breeding; proper instruction.
সুশিক্ষিত, *a.* Well-educated; well-bred; thoroughly instructed; well-trained; perfectly disciplined.
সুশিক্ষিতগণ, *n.* Educated class; intelligentsia; the enlightened.
সুশীতল, *a.* Very cool; very cold.
সুশীল, *a.* Good-natured; well-behaved; of a good character; amiable.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুশীলতা, *n.* Gentleness of disposition; excellence of manners.
সুশৃঙ্খল, *a.* Well-arranged; orderly.
সুশৃঙ্খলা, *n.* Nice arrangement; good system or method; good order.
সুশৃঙ্খলে, *ad.* In good order; methodically.
সুশোভন, *a.* Beautiful; well-decorated.
সুশোভিত, *a.* Nicely decorated; full of grace; comely; debonair; well-adorned.
সুশ্রাব্য, *a.* Pleasing to hear; agreeable to the ear; sweet; melodious.
সুশ্রী, *a.* Good-looking; beautiful; comely; gracious; handsome.
সুশ্লিষ্ট, *a.* Well-joined; well-united; attached.
সুষম, *a.* Balanced; beautiful; regular. সুষম খাদ্য—Balanced diet.
সুষমা, *n.* Exquisite beauty; grace.
সুষির যন্ত্র—Wind instrument.
সুষুপ্ত, *a.* In sound sleep; fast asleep.
সুষুপ্তাবস্থা, *n.* Sound or profound sleep.
সুষুপ্তি, *n.* Sound or profound sleep.
সুষুম্না, *n.* *Sushumna,* a particular artery of the body.
সুষুম্নাকাণ্ড, *n.* Spinal cord.
সুষ্ঠু, *a.* Nice; well; excellent:—*ad.* nicely; well; excellently; truly.
সুসংগত, *a.* Quite consistent; very reasonable; judicious; fair; adequate; relevant.
সুসংগতি, *n.* Consistency; reasonableness; relevancy.
সুসংবাদ, *n.* Good news.
সুসংযত, *a.* Well-restrained; perfectly controlled.
সুসংস্কৃত, *a.* Well-refined; thoroughly rectified; well-done; richly cooked.
সুসংহত, *a.* Well-united; compact.
সুসজ্জিত, *a.* Well-dressed; well-furnished; well-arranged; fully armed. সুসজ্জিত করা—Dress well; furnish well. সুসজ্জিত গৃহ—Well-furnished room. [well-dressed.
সুসজ্জীকৃত, *a.* Nicely decorated;
সুসজ্জীভূত, *a.* Fully prepared; well-armed; well-equipped; well-dressed.
সুসন্তান, *n.* Good child; worthy child; dutiful son.
সুসভ্য, *a.* Well-bred; fully civilized; very decent; having good culture; very polite; accomplished.
সুসময়, *n.* Good time; time of prosperity; good season.
সুসমাচার, *n.* Good news or tidings; gospel.
সুসমাপ্ত, *a.* Well-finished; completely finished. [fortunate.
সুসমৃদ্ধ, *a.* Wealthy; opulent; rich;
সুসম্পন্ন, *a.* Well-performed; well-executed; perfectly accomplished; well-done; well-to-do. সুসম্পন্ন করা—Accomplish perfectly; execute nicely.
সুসহ, *a.* Easy to bear; tolerable.
সুসাধ্য, *a.* Easy to accomplish; very easy. [harmony; tranquillity.
সুসাম্য, *n.* Perfect symmetry or
সুসার, *n.* Abundance; affluence; gain; property; opportunity; help; profit.
সুসিদ্ধ, *a.* Well-cooked; well-finished. সুসিদ্ধ করা—Accomplish; cook or boil well.
সুস্থ, *a.* Well; well-off; healthy; full of ease and comfort; unperturbed. সুস্থ করা—Cure; bring round; comfort. সুস্থ থাকা—Keep healthy; keep good health. সুস্থ হওয়া—Recover health; be cured; be restored to health; come or get round.
সুস্থকায়, সুস্থদেহ, *a.* Healthy-bodied; hale:—*n.* healthy body.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুস্থচিত্ত, *a.* Of sound mind; enjoying mental peace; unconcerned; not anxious.
সুস্থতা, *n.* Healthy condition; health.
সুস্থদেহ—See সুস্থকায়। [bodied.
সুস্থদেহী, *a.* Quite healthy; able-
সুস্থিত, *a.* Well-off; in good condition; well-placed (in life); stable.
সুস্থিতি, *n.* Equilibrium; stability.
সুস্থির, *a.* Calm; tranquil; equable; serene; composed; still; very firm; stable; steady. [pacified.
সুস্থিরচিত্ত, *a.* Easy at heart; calm;
সুস্নাত, *a.* Well-bathed.
সুস্নিগ্ধ, *a.* Very cool; very soft.
সুস্পষ্ট, *a.* Very distinct; explicit; evident; very clear; very intelligible.
সুস্পষ্টরূপে, *ad.* Very distinctly; quite explicitly; very clearly.
সুস্বন, *n.* Sweet sound.
সুস্বপ্ন, *n.* Pleasant dream; lucky dream.
সুস্বর, *n.* Sweet voice:—*a.* sweet-voiced; melodious.
সুস্বাদ, সুস্বাদু, *a.* Delicious; palatable; pleasing to the taste.
সুস্মিত, *a.* Smiling cheerfully.
সুস্মিতা, *a. fem.* Smiling cheerfully:—*n.* smiling woman, girl or lady.
সুহাস, *a.* Charmingly smiling.
সুহাসিনী, *n.* Smiling woman, girl or lady.
সুহৃৎ, সুহৃদ্, *n.* Friend; associate; boon companion; well-wisher; helper.
সুহৃদ্বর, *n.* Great friend; bosom friend.
সুহৃদয়, *a.* Good-hearted; kind.
সূঁই, *n.* Needle.
সূক্ত, *n.* Good saying; invocation; hymn; prayer in verse.
সূক্তাবলী, *n.* Collection of good sayings.
সূক্ষ্ম, *a.* Minute; thin; fine; delicate; subtle; sharp; atomic.
সূক্ষ্মকোণ, *n.* Acute angle.
সূক্ষ্মকোণী, *a.* Acute-angled.
সূক্ষ্মগ্রাহী, *a.* Delicate.
সূক্ষ্মগ্রাহী-যন্ত্র, *n.* Delicate instrument.
সূক্ষ্মতা, সূক্ষ্মত্ব, *n.* Fineness; thinness; minuteness; subtlety.
সূক্ষ্মদর্শিতা, সূক্ষ্মদর্শিত্ব, *n.* Keenness of sight; insight; sagacity.
সূক্ষ্মদর্শী, *a.* Sharp-sighted; having keen intellect; discerning acutely:—*n.* close observer; scrutinizer. *fem.*=সূক্ষ্মদর্শিনী।
সূক্ষ্মদৃষ্টি, *n.* Discernment; insight; subtle perception:—*a.* having insight.
সূক্ষ্মদেহ, *n.* Ethereal or subtle body; microscopic frame.
সূক্ষ্মদেহী, *a.* Having an ethereal or a very subtle body:—*n.* infusoria. সূক্ষ্মদেহী জীবাণু—Infusoria.
সূক্ষ্মধার, *n.* Fine edge or stream:—*a.* flowing in a fine stream; sharp.
সূক্ষ্মবস্ত্র, *n.* Fine cloth.
সূক্ষ্মবিচার, *n.* Impartial judgement; accurate judgement; minute or close investigation; subtle or hair-splitting distinction.
সূক্ষ্মবিবরণ, *n.* Minute description.
সূক্ষ্মবুদ্ধি, *n.* Keen intellect; sagacity; sharp intelligence:—*a.* sharp-witted; sharply intelligent.
সূক্ষ্মভূত, *n.* Fine elementary forms of matter.
সূক্ষ্মমান, *n.* Close approximation.
সূক্ষ্মরূপে, *ad.* Minutely; closely; scrutinizingly. [body.
সূক্ষ্মশরীর, *n.* Subtle body; astral
সূক্ষ্মাগ্র, *a.* Having a very thin end; pointed. [atomic.
সূক্ষ্মাণুসূক্ষ্ম, *a.* Tiny; very minute;
সূক্ষ্মাতিসূক্ষ্ম, *a.* Extremely thin or fine or delicate; extremely sharp.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

সূচ, *n.* Needle; shoot (of the sacrificial grass).
সূচক, *a.* Indicative; expressing; making known; betraying (দারিদ্র্য-সূচক—betraying poverty; অজ্ঞতা-সূচক—betraying ignorance).
সূচক-সংখ্যা, *n.* Index number.
সূচকসূত্র, *n.* Exponential theorem.
সূচনা, *n.* Beginning; commencement; preface; prologue; notice; indication; information. সূচনা করা—Introduce; begin; initiate; forebode. সূচনা হওয়া—Begin; show the first sign.
সূচি, সূচিকা, সূচী, *n.* Needle; cone; sharp point; index; list; indicator; pointer.
সূচিক, *n.* Tailor. [embroidery.
সূচিকর্ম, *n.* Needle-work; tailoring;
সূচিকা, *a. fem.* Same as সূচক (*a.*).
সূচিজীবী, *n.* Tailor.
সূচিত, *a.* Indicated; signified; implied; manifested; expressed; intimated. সূচিত পদ—Listed post.
সূচী—See সূচি।
সূচী-চিহ্ন, *n.* Index slip.
সূচীনিবন্ধ, *n.* Index register.
সূচীপত্র, *n.* Index; table of contents.
সূচীবিদ্ধ, *a.* Pierced through with a needle; perforated with a needle.
সূচীভেদ্য, *a.* To be perforated with a needle (said of darkness); very deep (darkness); cimmerian. সূচী-ভেদ্য অন্ধকার—Profound darkness.
সূচীমুখ, *a.* Pointed; having a pointed face:—*n.* point of a needle.
সূচ্যগ্র, *n.* Point of a needle.
সূচ্যগ্র-পরিমাণ, সূচ্যগ্র-পরিমিত, *a.* Measured or measurable with the point of a needle. সূচ্যগ্র-পরিমিত ভূমি—Land measured or covered with the point of a needle. [needle.
সূচ্যগ্রবৎ, *ind.* Like the point of a
সূচ্যাকার, *a.* Acicular.

সূত, *n.* Charioteer; bard; carpenter; thread; fibre:—*a.* produced; born; brought forth.
সূতক, *n.* Birth. [birth.
সূতকাশৌচ, *n.* Impurity for child-
সূতলি, সূতলী, *n.* Rope; twine.
সূতা, Thread; line. সূতা কাটা—Spin thread. সূতা পাকানো—Twist thread. সূতার কাপড়—Cotton cloth.
সূতি, *n.* Production; sewing.
সূতিকা, *n.* Woman in confinement.
সূতিকাগার, সূতিকাগৃহ, সূতিকালয়, *n.* Lying-in-room.
সূতিকাজ্বর, *n.* Puerperal fever.
সূতিকারোগ, *n.* Puerperal disease.
সূতিকালয়—See সূতিকাগার।
সূতী, *a.* Made of cotton. সূতী কাপড়—Cotton cloth.
সূত্র, *n.* Thread; string; line; bond; chain argument; prologue; fibre; formula; clue; rule; aphorism; law; beginning.
সূত্রকৃমি, *n.* Thread-worm.
সূত্রতন্তু, *n.* Thread; fibre.
সূত্রধর, *n.* Carpenter; joiner.
সূত্রধার, *n.* Chief actor; manager of a theatre; carpenter.
সূত্রপাত, *n.* Commencement; beginning; initiation. সূত্রপাত করা—Commence; begin; start. সূত্রপাত হওয়া—Begin; start.
সূত্রযন্ত্র, *n.* Loom; shuttle.
সূত্রাকার, *a.* Filiform.
সূদন, *a.* Destroying (মধুসূদন—destroying *Madhu*, the demon; God); killing:—*n.* killing; destroying.
সূপ, *n.* Curry; sauce; soup; vessel.
সূপকার, *n.* Cook.
সূর, *n.* Sun; scholar; wiseman; hero.
সূরি, সূরী, *n.* Learned man; poet.
সূর্প, *n.* Winnowing basket.
সূর্য, *n.* The sun. সূর্য পাটে নেমেছেন—The sun is setting; the sun is

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

about to set; the sun has sunk below the horizon.

সূর্যকর, *n.* Sun-beam.

সূর্যকরোজ্জ্বল, *a.* Radiant with sunshine.

সূর্যকান্ত, সূর্যকান্তমণি, *n.* Sun-stone.

সূর্যকিরণ, *n.* Sun-beam.

সূর্যকেন্দ্রীয়, *a.* Heliocentric.

সূর্যগ্রহণ, *n.* Solar eclipse.

সূর্যঘড়ি, *n.* Sun-dial.

সূর্যতেজ, *n.* Scorching rays of the sun; radiance or heat of the sun.

সূর্যপক্ব, *a.* Sun-dried; sun-baked.

সূর্যপূজক, *n.* Sun-worshipper; heliolater.

সূর্যপূজা, *n.* Sun-worship; heliolatry.

সূর্যপ্রভ, *a.* Shining like the sun.

সূর্যপ্রভা, *n.* Sunshine; rays of the sun.

সূর্যবংশ, *n.* Solar race (of kings).

সূর্যবংশীয়, *a.* Of the *Suryya* dynasty.

সূর্যমণি, *n.* Sun-stone.

সূর্যমণ্ডল, *n.* Disc of the sun; corona; solar sphere.

সূর্যমুখী, *n.* Sun-flower.

সূর্যরশ্মি, *n.* Rays of the sun; sun-beam.

সূর্যলোক, *n.* Solar region.

সূর্যসদৃশ, *a.* Like the sun.

সূর্যাবৃত্তি, *n.* Heliotropism.

সূর্যালোক, *n.* Sun-light; sun-beam.

সূর্যাস্ত, *n.* Sunset.

সূর্যাস্তকাল, *n.* Time of sunset; evening; dusk.

সূর্যাস্তকালে, *ad.* At the time of sunset.

সূর্যোদয়, *n.* Sunrise.

সূর্যোদয়কাল, *n.* Time of sunrise; dawn.

সূর্যোদয়কালে, *ad.* At the time of sunrise.

সূর্যোপাসক—Same as সূর্যপূজক।

সূর্যোপাসনা—Same as সূর্যপূজা।

সৃজন, *n.* Creation; creating. সৃজন করা—Create; make; set up; invent.

সৃজনকর্তা, *n.* Creator; maker. *fem.*= সৃজনকর্ত্রী।

সৃজনীশক্তি, *n.* Creative power or energy.

সৃজিত—Same as সৃষ্ট।

সৃষ্ট, *a.* Created; produced; formed; made. সৃষ্ট হওয়া—Be created.

সৃষ্টি, *n.* Creation; formation; invention; world; universe. সৃষ্টি করা—Create; make.

সৃষ্টিকর্তা, *n.* Creator; God; maker; inventor; author.

সৃষ্টিকার্য, *n.* Work of creation; creation.

সৃষ্টিকৌশল, সৃষ্টিচাতুর্য, *n.* Wonderful skill in creation.

সৃষ্টিক্ষম, *a.* Creative; formative.

সৃষ্টিক্ষমতা, *n.* Power of creation; creative power; active imagination.

সৃষ্টিচাতুর্য—See সৃষ্টিকৌশল।

সৃষ্টিছাড়া, *a.* Unusual, dd; queer; abnormal; fantastic; monstrous; grotesque; supernatural.

সৃষ্টিতত্ত্ব, *n.* Mystery or theory of creation.

সৃষ্টিধর, *n.* Upholder of the creation; God.

সৃষ্টিনাশ, *n.* Destruction of the creation. সৃষ্টিনাশ করা—Destroy the creation.

সৃষ্টিনাশক, *n.* Destroyer of the creation:—*a.* destroying the creation.

সৃষ্টিনাশা, *a.* Destroying the creation; undoing everything.

সৃষ্টিনৈপুণ্য—Same as সৃষ্টিকৌশল।

সৃষ্টিপদ্ধতি, *n.* Method of creation.

সৃষ্টিবাদ, *n.* Theory of creation.

সৃষ্টিবৈচিত্র্য, *n.* Wonder of the creation; diversity or variety of creation.

সৃষ্টিবৈষম্য, *n.* Disparities in creation.

সৃষ্টিরক্ষা, *n.* Preservation of creation.

সৃষ্টিলোপ—Same as সৃষ্টিনাশ। সৃষ্টিলোপ করা—Same as সৃষ্টিনাশ করা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সৃষ্টিসংক্রান্ত, সৃষ্টি-সম্বন্ধীয়, *a.* Of the creation; creative.

সৃষ্টিস্থিতি, *n.* Creation and preservation.

সৃষ্টিস্থিতিপ্রলয়, সৃষ্টিস্থিতিলয়, সৃষ্টিস্থিতিসংহার, *n.* Creation, preservation and destruction.

সৃষ্টিস্থিতিপ্রলয়কর্তা, *n.* He Who creates, preserves and destroys; God:—*a.* that creates, preserves and destroys.

সে, *pron.* He; she; it; that:—*a.* that. সে অবধি—Since then. সে কি?—What do you say? সে দিন—The other day. সে পর্যন্ত—Till then. সে যাহা হউক—However.

সেই, *a.* That very; that; even that. সেই করতে হোল ত—At last you have to do this; at last you have to eat humble pie. সেই ত—For that reason. সেই থেকে, সেই অবধি, সেই হইতে—Thenceforth; from that time on. সেই ভাব (কম নহে)—The same (nothing less).

সেইখান, *n.* That place.

সেঁউতি, *n.* Bucket to bail out water from a boat.

সেঁক—Same as সেক।

সেঁকা—Same as সেকা।

সেঁকো, সেঁকোবিষ, *n.* Arsenic.

সেঁজুতি, *n.* Evening light.

সেঁট্‌কানো, *v.* Turn up (as the nose); sneer at; distort (as a face).

সেঁতসেঁতে, স্যাঁতসেঁতে, *a.* Damp; moist; wet. [Foment.

সেক, *n.* Fomentation. সেক দেওয়া—

সেকতাপ, *n.* Hot fomentation.

সেকরা, *n.* Goldsmith.

সেকা, *v.* Foment; bake.

সেকাল, *n.* That time; days of yore; ancient times; time past. সেকাল আর একাল—Past and present.

সেকেণ্ড, *n.* Second. এক সেকেণ্ডে—In a second.

সেকেন্দর, সেকেন্দার, *n.* Alexander the Conqueror.

সেকেলে, *a.* Out of date; antiquated; obsolete; out of fashion; old-fashioned. সেকেলে লোক—Back-number.

সেক্রেটারী, *n.* Secretary.

সেখান, *n.* That place.

সেখানকার, *a.* Of that place.

সেখানে, *ad.* There; in or to that place; at that place; thither.

সেগুন, সেগুনকাঠ, *n.* Teak wood.

সেঙ্গাত, সাঙ্গাত, *n.* Sworn friend; boon companion; pal; chum.

সেচ, *n.* Irrigation; sprinkling; bailing out.

সেচক, *n.* Fomentor:—*a.* sprinkling; bailing out (as water).

সেচন, *n.* Sprinkling; irrigation; bailing out; effusion; shedding. সেচন ও জলপথ—Irrigation and Water-ways. সেচন করা—Sprinkle; irrigate; bail-out. [tion.

সেচন-উপদর্শক, *n.* Overseer, irriga-

সেচন-কৃত্যক, *n.* Irrigation service.

সেচনযন্ত্র, *n.* Spray.

সেচনী, *n.* Pail or bucket for bailing out water; baile.

সেচবিভাগ, *n.* Irrigation Department.

সেচমন্ত্রক, *n.* Ministry of Irrigation.

সেচমন্ত্রী, *n.* Minister of Irrigation.

সেচা, *v.* Water; bail out; sprinkle.

সেচা, সেচনীয়, *a.* Irrigable.

সেজ, *n.* Candle-lamp; bed:—*a.* same as সেজো।

সেজো, *a.* Third-born or third (used only of a person).

সেট্, *n.* Set. সেট্ স্কোয়ার—Set square.

সেতখানা, *n.* Privy.

সেতার, *n.* Cithern.

সেতারবাদক, *n.* Citherist.

সেতারী, *n.* Citherist.

সেতু, *n.* Bridge; bank; causeway; culvert; dam.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেতুবন্ধ, *n.* Adam's Bridge.
সেতুমুখ, *n.* Bridge-head.
সেথা, সেথায়—Same as সেখানে।
সেখো, *n.* Companion.
সেনা, *n.* Army; soldier; force. পশ্চাদ্বর্তী সেনা—The rear. পুরোবর্তী সেনা—The van.
সেনাকক্ষ, *n.* Flank of an army.
সেনা-কৃত্যক, *n.* Army Services.
সেনাধিকারিক, *n.* Army officer.
সেনাধ্যক্ষ—Same as সেনানী।
সেনানায়ক—See সেনানী।
সেনানিবাস, *n.* Quarters of an army; barracks; army camp.
সেনানিবেশ, *n.* Posting of the army; camp. সেনানিবেশ করা—Station soldiers for a battle.
সেনানী, সেনানায়ক, সেনাপতি, *n.* Commander of an army; general; colonel; captain; commandant.
সেনাপতিত্ব, *n.* Commandership; generalship; captaincy; command (তাঁহার সেনাপতিত্বে—under his command).
সেনাবাস, *n.* Cantonment.
সেনা-বিচারালয়, সেনা-ন্যায়ালয়, *n.* Court-martial.
সেনাভঙ্গ, *n.* Breaking up of a camp; retreat of an army.
সেনাভুক্ত চিকিৎসকদল—Army Medical Corps.
সেনামুখ, *n.* Vanguard of an army.
সেনাশিবির, *n.* The camp of the army.
সেনা-সূচী, *n.* Army list.
সেপাই—Same as সিপাহী।
সেপ্টেম্বর, *n.* September.
সেবক, *n.* Servant; attendant; religious disciplne; server (সময় সেবক—time-server):—*a.* serving; attending; waiting upon.
সেবক-সমিতি, সেবক-সম্প্রদায়, *n.* Band of volunteers; society of volunteers; organization of social workers.
সেবকাধম, *n.* Humble servant.
সেবকা-শিক্ষিকা, *n.* Sister-tutor (Hospital).
সেবন, *n.* Taking (as a medicine); breathing; serving; attendance; basking. নির্মল বায়ু সেবন করা—Breathe or take fresh air. রৌদ্র সেবন করা—Bask in the sunshine. সেবন করা—Take in; smoke.
সেবনীয়, সেব্য, *a.* Proper to be worshipped; to be taken (as a medicine). দুই ঘণ্টা অন্তর সেবনীয়—To be taken every two hours.
সেবমান, *a.* Serving; waiting upon; worshipping; honouring.
সেবা, *n.* Service; attendance; worship; homage; enjoyment; meal. সেবা করা—Serve; worship; honour; gratify. ইন্দ্রিয় সেবা করা—Gratify the senses; abandon oneself to sensual pleasure.
সেবাইত, সেবায়ত, সেবায়েত, *n.* Worshipper; hired priest; *sebait;* manager of an endowed temple.
সেবাদাসী, *n.* Waiting-maid; maid-servant; temple-girl; mistress; concubine.
সেবাধর্ম, *n.* Social service.
সেবাব্রত, *n.* Vow of service.
সেবাব্রতী, *n.* Volunteer.
সেবায়ত, সেবায়েত—See সেবাইত।
সেবিকা, *n. fem.* Maid-servant; waiting-maid.
সেবিত, *a.* Waited on; attended upon; served; worshipped; enjoyed; used.
সেবী, *a.* Serving; attending on; adoring; using; smoking (তামাকু-সেবী—tobacco-smoking; smoking tobacco).
সেব্য—See সেবনীয়।
সেব্যমান, *a.* Being attended or waited on; receiving service; being adored or worshipped.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেমই, সেমুই, *n.* Vermicelli.
সেমিজ, *n.* Chemise.
সেয়াই, *n.* Ink.
সেয়াকুল, *n.* Thorny shrub.
সেয়ান, সেয়ানা, *a.* Clever; grown-up; shrewd; cunning; adult.
সের, *n.* Seer, a measure of weight.
সেরা, *a.* Best; super-excellent; topping; foremost; first.
সেরূপ, *a.* Of that form; of that kind; such.
সেরূপে, *ad.* In that way.
সেরেফ, *a.* Only; alone.
সেরেস্তা, *n.* Officer; section of an office; records. সেরেস্তা দুরস্ত রাখা—Keep the records of office in order.
সেরেস্তাদার, *n.* Record-keeper; head-clerk; *sheristadar.*
সেল, *n.* Cell.
সেলাই, *n.* Sewing; stitching; seam. সেলাই করা—Sew. সেলাই খোলা—Unsew. সেলাইয়ের ঘর—Stitches. সেলাইয়ের ফোঁড়—Stitch.
সেলাইকারিণী, *n. fem.* Seamstress.
সেলাইকারী, *n.* Sewer.
সেলাখানা, *n.* Armoury; arsenal.
সেলাম, *n.* Bowing; salute. সেলাম করা—Bow to; greet; salute—from a respectable distance; avoid; fight shy (of a wicked person); keep at arm's length. সেলাম আলেকুম—Good morning.
সেলামি, সেলামী, *n.* Landlord's fee; fee given as a mark of respect.
সেলেট, *n.* Slate.
সেসন, *n.* Session. সেসনে পাঠানো—Send up to the sessions.
সেসন-জজ, *n.* Sessions-judge.
সেহা, *n.* Entry as payment of rent in a landlord's book. সেহা করা—Enter in the rent-receipt; register.
সেহানবীশ, *n.* Person who enters in the rent-receipt daily.
সেহেতু, *ind.* Because of that.
সৈকত, *n.* Sea-shore; beach:—*a.* sandy; gravelly.
সৈকতভূমি, *n.* Sandy land; beach.
সৈনাপত্য, *n.* Commandership; generalship.
সৈনিক, *n.* Soldier; sentinel; guard. সৈনিক আদালত—Court-martial.
সৈনিক-জীবন, *n.* Life of a soldier.
সৈনিক-পুরুষ, *n.* Military man; soldier.
সৈনিকবৃত্তি, *n.* Military profession; occupation of a soldier. সৈনিকবৃত্তি অবলম্বন করা—Be a soldier; bear arms; enter into the army.
সৈনিকোচিত, *a.* Soldier-like.
সৈন্ধব, *a.* Marine; relating to the river Indus. সৈন্ধব লবণ—Rock-salt.
সৈন্য, *n.* Soldier; army; regiment; force. সৈন্যের পুরোভাগ—Vanguard; front; the van.
সৈন্যচালনা—Same as সৈন্যপরিচালন।
সৈন্যদল-চিকিৎসক, *n.* Regimental medical officer.
সৈন্যনিবাস, *n.* Barrack.
সৈন্যপরিচালন, *n.* Conducting of an army; leading of an army; mobilization of an army.
সৈন্যপরিদর্শন, *n.* Review of an army; inspection of an army.
সৈন্যযোজন, *n.* Mobilization.
সৈন্যসমাবেশ, *n.* Gathering of troops; mobilization of an army. সৈন্যসমাবেশ করা—Mobilize armed forces.
সৈন্যসামন্ত, *n.* Complete army; military equipage.
সৈন্যাধ্যক্ষ, *n.* Commander of an army. প্রধান সৈন্যাধ্যক্ষ—Commander-in-chief.
সৈমন্তিক, *n.* Vermilion.
সোঁতা, *a.* Damp:—*n.* streamlet.
সোঁদা, *a.* Smelling of dry earth wetted with rain; not vaccinated.
সোঁদাল, *n. Sondal* tree; laburnum.
সোজা, *a.* Straight; right; artless; easy; plain; upright; simple.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সোজা কথা—Plain thing. সোজা করা—Straighten; correct; teach a lesson; snub; reform; make easy; facilitate.

সোজাসুজি, *ad.* Directly; plainly; straight; outspokenly.

সোডা, *n.* Carbonate of soda; bicarbonate.

সোডা-ওয়াটার, *n.* Soda-water; aerated water.

সোডাক্ষার, *n.* Washing soda.

সোৎকণ্ঠ, *a.* Anxious; ardent; eager.

সোৎপ্রাস, *n.* Smiling word; pun :—*a.* jocular; grown or increased.

সোৎসাহ, *a.* Energetic; enthusiastic.

সোৎসাহে, *ad.* With enthusiasm; eagerly; with zest; enthusiastically.

সোদর, *n.* Whole-blood brother; uterine brother.

সোদরা, *n. fem.* Whole-blood sister; uterine sister.

সোনা, *n.* Gold. কাঁচা সোনা—Pure gold. পাকা সোনা—Pure gold. সোনা ফলা—Produce marvellous result; gain large fortune or wealth. সোনায় সোহাগা—Happy match; perfect union; happy combination. সোনার খনি—Gold-mine. সোনার জল—Chemical element to produce golden colour. সোনার পাত—Gold leaf. সোনার পুতলি—(In endearment) precious treasure; darling; dear. সোনার বাট—Gold bar. সোনার বেনে—*Hindu* caste having the occupation of dealing with gold. সোনার সংসার—Happy and well-to-do family.

সোনা-দানা, *n.* Gold ornaments.

সোনামুখী, *n.* Senna; sennapod :—*a.* gold-faced.

সোনালী, *a.* Golden; gilt. সোনালী করা—Guild. সোনালী কালি—Golden ink. সোনালী মাছ—Gold fish.

সোপকরণ, *a.* With necessary ingredients; with all accessories.

সোপচার, *a.* With all rituals.

সোপর্দ, সোপরদ্দ, *n.* Disposal for justice; transference. সোপর্দ করা—Make over; dispose for justice.

সোপাধিক, *a.* Having surname or a title.

সোপান, *n.* Flight of steps; stair-case; step; ladder.

সোপানশ্রেণী, সোপানাবলি, সোপানাবলী, *n.* Flight of steps; staircase.

সোম, *n.* The moon; Monday.

সোমত্ত, *a.* Grown-up; youthful; adolescent. সোমত্ত মেয়ে—Grown-up girl.

সোমবার, *n.* Monday. সোমবার করা—Observe fast on Monday.

সোমরস, *n.* Juice of the *soma* plant.

সোমলতা, *n.* Sacrificial moon-plant.

সোয়াদ, *n.* Taste; relish.

সোয়ামী, *n.* Husband.

সোয়ার, সওয়ার, *n.* Rider :—*a.* riding.

সোয়ারি, সোয়ারী, *n.* Rider; passenger; riding; conveyance. সোয়ারি গাড়ি—Hackney carriage.

সোয়াস্তি, *n.* Rest; peace; ease; allayment. সোয়াস্তি নাই—No peace.

সোর, *n.* Noise; clamour. সোর করা—Make a noise; raise a hue and cry.

সোরগোল, *n.* Loud noise; hue and cry.

সোরা, *n.* Nitre; saltpetre.

সোরাই, *n.* Jug.

সোরাজান, *n.* Nitrogen.

সোরাদ্রাবক, *n.* Nitric acid.

সোলা, *n.* Cork; sponge-wood; hat-plant.

সোলেনামা, *n.* Deed of compromise; *solenama.*

সোসর, *a.* Similar; like; rendering equal help.

সোসাইটি, *n.* Society.

সোহম্, সোঽহম্,—I am He or the Supreme Being.

সোহাগ, *n.* Affection; love; fondling; caress. সোহাগ করা—Fondle; caress; coddle.

সোহাগা, *n.* Borax.

সোহাগিনী, সোহাগী, *a. fem.* Fond; loving; beloved of.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সৌকর্য, *n.* Ease in execution; facility; skill. [ness.
সৌকুমার্য, *n.* Tenderness; youthful-
সৌখীন, *a.* Luxurious; fashionable; fine; neat; fanciful.
সৌগন্ধ, সৌগন্ধ্য, *n.* Fragrance; perfume; good smell; sweet odour.
সৌগন্ধিক, *n.* Perfumer.
সৌজন্য, *n.* Courtesy; civility; gentlemanly behaviour; good manners; goodness; benevolence.
সৌদামিনী, *n.* Lightning; electricity.
সৌধ, *n.* Mansion; palace.
সৌধকিরীটিনী, *a.* Crowned with palaces; abounding with palaces. সৌধকিরীটিনী নগরী—City of palaces.
সৌন্দর্য, *n.* Beauty; loveliness; grace.
সৌন্দর্যগর্ব, সৌন্দর্যগরিমা, *n.* Pride of beauty.
সৌন্দর্যজনক, সৌন্দর্যবিধায়ক, *a.* Beautifying.
সৌন্দর্যজনিত, *a.* Born of beauty.
সৌন্দর্যনাশ, *n.* Loss of beauty.
সৌন্দর্যবিধায়ক—See সৌন্দর্যজনক।
সৌন্দর্যমণ্ডিত, *a.* Covered with beauty.
সৌন্দর্যশালী, *a.* Beautiful; fair; lovely; pretty; elegant; graceful. *fem.* =সৌন্দর্যশালিনী।
সৌন্দর্যসম্পন্ন, *a.* Lovely; beautiful; handsome; graceful. অসামান্য সৌন্দর্যসম্পন্ন—Of uncommon beauty; matchless in beauty; of unparalleled beauty.
সৌভাগ্য, *n.* Good luck; good fortune.
সৌভাগ্যক্রমে, *ad.* Fortunately; luckily.
সৌভাগ্যগর্ব, *n.* Pride of good fortune.
সৌভাগ্যবশতঃ, *ad.* Luckily; fortunately.
সৌভাগ্যবান্, *a.* Lucky; fortunate; happy. *fem.*=সৌভাগ্যবতী।
সৌভাগ্যলক্ষ্মী, *n.* Good luck; goddess of fortune.
সৌভাগ্যশালী, *a.* Lucky; fortunate. *fem.*=সৌভাগ্যশালিনী।
সৌভ্রাত্র, *n.* Good brotherhood; brotherly feeling; fraternity.
সৌম্যভাব, *n.* Serenity; mild and tranquil appearance.
সৌম্য, *a.* Gentle; calm; tranquil; handsome; lovely; pleasing to the sight; cheerful. [loveliness.
সৌম্যতা, *n.* Gentleness; calmness;
সৌম্যদর্শন—See সৌম্যমূর্তি।
সৌম্যভাব, *n.* Placidity.
সৌম্যমূর্তি, সৌম্যদর্শন, *a.* Gentle looking; of serene appearance:—*n.* tranquil or mildly serious appearance; serene countenance; composed features.
সৌর, *a.* Solar. [sunshine.
সৌরকরোজ্জ্বল, *a.* Sunny; radiant with
সৌরকলঙ্ক, *n.* Sun-spot.
সৌরকাল, *n.* Solar time.
সৌরজগৎ, *n.* Solar system.
সৌরদিন, সৌরদিবস, *n.* Solar day.
সৌরবৎসর, সৌরবর্ষ, *n.* Solar year.
সৌরবর্ণা, *n.* Solar spectrum.
সৌরভ, *n.* Fragrance; perfume; sweet odour. [rance.
সৌরভবিস্তার, *n.* Diffusion of frag-
সৌরভান্বিত, *n.* Perfumed; scented; sweet-smelling.
সৌরমণ্ডল, *n.* Solar system.
সৌরমাস, *n.* Solar month.
সৌরস্নান, *n.* Sun-bath.
সৌরাজ্য, *n.* Good kingdom; good government.
সৌরীয়, *a.* Solar.
সৌষ্ঠব, *n.* Beauty; gracefulness; graceful figure; beautiful shape; beautiful symmetry; excellence; goodness.
সৌষ্ঠবসম্পন্ন, সৌষ্ঠবান্বিত, *a.* Graceful; symmetrical; of beautiful shape.
সৌসাদৃশ্য, *n.* Exact likeness; good similarity; close resemblance.
সৌহার্দ, সৌহার্দ্য, সৌহৃদ্য, *n.* Friendship; amity; intimacy.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সৌহার্দপাশ, *n.* Ties or bond of friendship. [ship.

সৌহার্দবন্ধন, *n.* Bond or ties of friend-

স্কন্ধ, *n.* Shoulder; neck (of an animal); hump (of a bull); trunk (of a tree); part of an army; section (of a book); chapter; canto; instalment. স্কন্ধে করা, স্কন্ধে লওয়া—Shoulder; take up upon one's shoulders.

স্কন্ধদেশ, *n.* Region of the shoulder or neck; shoulders.

স্কন্ধাবার, *n.* Camp; encampment; army.

স্কুল, *n.* School. স্কুল পালানো—Mooch. স্কুলে যাওয়া—Go to school. স্কুলের ছুটি—School holiday. স্কুলের সময়—School hours.

স্ক্রু, স্ক্রুপ, *n.* Screw. স্ক্রু আঁটা—Screw up. স্ক্রু খোলা—Unscrew.

স্খলন, *n.* Fall; slipping; slip (in reading or talking or writing); deviation (from virtue or truth); transgression; back-sliding; delinquency; detachment; discharge.

স্খলিত, *a.* Fallen; slipped; discharged; mistaken; fallen into an error. স্খলিত হওয়া—Fall; slip; discharge; come off; go astray.

স্খলিতকণ্ঠ, *a.* Mumbling.

স্খলিতচরণ, *a.* Stumbling.

স্খালন, *n.* Discharging; removing (দোষ-স্খালন—removing fault).

স্টপওয়াচ, *n.* Stop watch.

স্টারলিংস্থিতি, *n.* Sterling balance.

স্টীম, *n.* Steam.

স্টীমগাহ, *n.* Steam bath.

স্টীমার, *n.* Steamer.

স্টেশন, *n.* Station.

স্টোভ, *n.* Stove.

স্ট্যাম্প, *n.* Stamp.

স্ট্যাম্প-বিক্রেতা, *n.* Stamp vendor.

স্ট্রীট, *n.* Street. [teat; udder.

স্তন, *n.* Woman's breast; nipple;

স্তনদুগ্ধ, *n.* Milk from the breast or udder. স্তনদুগ্ধ পান করা—Suck.

স্তনন, *n.* Rumbling (of cloud); deep rumbling sound. [teat.

স্তনবৃন্ত, স্তনমুখ, স্তনাগ্র, *n.* Nipple;

স্তনভার, *n.* Load of the female breast.

স্তনিত, *a.* Sounded; resounded:—*n.* rumbling (of the cloud); thunder-clap; inarticulate amorous sound.

স্তন্য, *n.* Mother's milk. স্তন্য ত্যাগ করা—Be weaned.

স্তন্যজীবিশ্রেণী, *n.* Mammalia.

স্তন্যজীবী, স্তন্যপায়ী, *a.* Feeding on the mother's milk; suckling. [Suckle.

স্তন্যদাত্রী, *a.* Giving suck.

স্তন্যদান, *n.* Giving suck. স্তন্যদান করা—

স্তন্যপান, *n.* Sucking. স্তন্যপান করা—Suck the breast. স্তন্যপান করানো—Give suck; suckle.

স্তন্যপানকারী, *a.* Suckling.

স্তন্যপায়ী—See স্তন্যজীবী। স্তন্যপায়ী জন্তু—Mammal. স্তন্যপায়ী প্রাণিবর্গ—Mammalia. স্তন্যপায়ী শিশু—Suckling.

স্তব, *n.* Praise; eulogy; prayer; hymn. স্তব করা—Praise; eulogize; hymn. [collection; cyme.

স্তবক, *n.* Cluster; bunch; bouquet;

স্তবকিত, *a.* Formed into bunches.

স্তবগান, *n.* Song of praise; hymn.

স্তবপাঠ, *n.* Recital of a praise or a hymn. [reciting a hymn.

স্তবপাঠক, *n.* Reciter of a hymn:—*a.*

স্তবস্তুতি, *n.* Words of praise; entreaty; supplication. স্তবস্তুতি করা—Praise; supplicate.

স্তব্ধ, *a.* Dumb-founded; astounded; stupefied; senseless; hardened; dull; paralysed; motionless; silenced. স্তব্ধ হওয়া—Be stupefied or confounded; be dazed or stunned.

স্তব্ধভাবে, *ad.* As if paralysed or stupefied; motionlessly.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্তব্ধীকৃত, স্তব্ধীভূত, *a.* Paralysed; stupefied.
স্তম্ব, *n.* Wisp of hay; trunkless tree.
স্তম্ভ, *n.* Pillar; post; column; dulness; stupidity; stiffness; paralysis; stupor.
স্তম্ভক, *n.* Cylinder.
স্তম্ভন, *n.* Stopping; obstruction; stiffening; stupefaction; retention.
স্তম্ভলিপি, *n.* Pillar inscription; epitaph.
স্তম্ভাকার, *a.* Cylindrical; columnal.
স্তম্ভিত, *a.* Astounded; benumbed; amazed; paralysed; fixed; made rigid; obstructed. স্তম্ভিত করা—Benumb; astound. স্তম্ভিত হওয়া—Be bewildered or stupefied or confounded; be struck with wonder.
স্তম্ভিতভাবে, *ad.* In a state of bewilderment; being stupefied or confounded.
স্তর, *n.* Layer; stratum; bed. স্তরে স্তরে—Layer by layer; in strata; in layers. স্তরে স্তরে সাজানো—Placed in strata; arranged layer by layer.
স্তরনতি, *n.* Dip of strata.
স্তরবিন্যাস, *n.* Distribution of strata; stratification.
স্তরমেঘ, *n.* Stratus.
স্তরিত, *a.* Laminated; beaten into thin plates. স্তরিত বস্তু—Laminated core.
স্তরিত-নমুনাগ্রহণ, স্তরিত-নিদর্শন-সংগ্রহ, *n.* Stratified sampling.
স্তরীভূত, *a.* Stratified. স্তরীভূত শিলা—Stratified rock.
স্তাবক, *n.* Panegyrist; eulogist; praiser; flatterer.
স্তিমিত, *a.* Lack-lustre; half-closed; motionless; steady; fixed; wet; damp; moist. স্তিমিত দীপশিখা—Flickering flame of the lamp.
স্তিমিতনয়ন, স্তিমিতনেত্র, স্তিমিতলোচন, *n.* Half-closed or lack-lustre eyes: —*a.* having half-closed, dull or lack-lustre eyes.
স্তিমিতনয়নে, স্তিমিতনেত্রে, স্তিমিতলোচনে, *ad.* With half-closed eyes.
স্তুত, *a.* Praised; eulogized; glorified; sung; flattered.
স্তুতি, *n.* Praise; flattery; prayer. স্তুতি করা—Sing in praise of; pray; flatter.
স্তুতিপাঠক, *n.* Bard; panegyrist; encomiast.
স্তুতিপ্রিয়, *a.* Fond of praise or flattery.
স্তুতিবাদ, *n.* Laudatory speech; expression of praise; eulogy.
স্তুতিবাদী, *a.* Praising; eulogizing.
স্তুত্য, *a.* Praiseworthy.
স্তূপ, *n.* Heap; quantity; mass; mound.
স্তূপ-পর্বত, *n.* Block mountain.
স্তূপমেঘ, *n.* Cumulus.
স্তূপাকার, *a.* Formed into a heap; piled up; much; abundant. স্তূপাকার করা—Heap; pile up.
স্তূপাকারে, *ad.* In a heap.
স্তূপাকৃতি—Same as স্তূপাকার।
স্তূপীকৃত, *a.* Piled up; formed into a heap.
স্তোক, *a.* Little; few; small; consolatory; consoling.
স্তোকবাক্য, *n.* Words of consolation; false promise; conciliatory speech.
স্তোতা, *n.* Praiser; eulogist; flatterer.
স্তোত্র, *n.* Ode; eulogy; prayer; [of praise.
praise.
স্তোত্রগাথা, স্তোত্রগীতি, *n.* Hymn; song
স্তোত্ররচক, *n.* Hymnographer.
স্তোত্ররচনা, *n.* Hymnography.
স্তোভ, *n.* Useless or deceptive words; paralysing; stupefaction. স্তোভ দেওয়া—Hoodwink; bluff; delude; put off with false promises.
স্তোভবাক্য, *n.* False hopes or consolation; deceptive words of consolation.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্ত্রী, *n.* Woman; wife; female (of any animal).
স্ত্রী-অনুক্রম, *n.* Female line.
স্ত্রী-আচার, *n.* Rites peculiar to women; womanly custom.
স্ত্রীগমন, *n.* Sexual intercourse.
স্ত্রীচরিত্র, *n.* Femininity; feminine nature.
স্ত্রীচিহ্ন, *n.* Female genitals; vagina.
স্ত্রীজন্ম, *n.* Female life.
স্ত্রীজাতি, *n.* Female sex.
স্ত্রীজাতীয়, *a.* Feminine.
স্ত্রীজিত, স্ত্রীনির্জিত, *a.* Ruled by a wife; henpecked.
স্ত্রীত্ব, *n.* Womanhood; mode of making feminine.
স্ত্রীত্যাগ, *n.* Divorce of one's wife. স্ত্রীত্যাগ করা—Divorce one's wife; desert one's wife.
স্ত্রীদ্বেষী, *n.* Misogynist.
স্ত্রীধন, *n.* Dowry; dower.
স্ত্রীধর্ম, *n.* Womanly virtues; womanhood; menstruation; duties of a woman.
স্ত্রীনির্জিত—See স্ত্রীজিত।
স্ত্রীপরিগ্রহ, *n.* Marriage; taking a wife; wiving. স্ত্রীপরিগ্রহ করা—Marry; take a wife.
স্ত্রীপুরুষ, *n.* Man and woman; husband and wife.
স্ত্রীপ্রত্যয়, *n.* Affix or suffix denoting feminine gender.
স্ত্রীবশ, *a.* Obedient to one's wife; uxorious.
স্ত্রীবুদ্ধি, *n.* (Imprudent) counsel of a woman.
স্ত্রীমূর্তি, *n.* Female figure.
স্ত্রীরত্ন, *n.* Jewel of a woman; excellent wife.
স্ত্রীরোগ, *n.* Female disease.
স্ত্রীলিঙ্গ, *n.* Female genitals; feminine gender:—*a.* of the feminine gender.
স্ত্রীলোক, *n.* Woman.
স্ত্রীশিক্ষা, *n.* Female education.
স্ত্রীসংসর্গ, *n.* Sexual intercourse.
স্ত্রীসভা, *n.* Assembly of women.
স্ত্রীসহবাস, *n.* Sexual intercourse.
স্ত্রীসুলভ, *a.* Womanly; womanish; feminine.
স্ত্রীসেবা, *n.* Gallantry.
স্ত্রীস্বভাব, *n.* Nature of a woman; feminine nature.
স্ত্রীস্বভাবসুলভ, *a.* Womanly; feminine.
স্ত্রীস্বাধীনতা, *n.* Female liberty; independence of women; female emancipation.
স্ত্রীহত্যা, *n.* Murder of a woman or wife.
স্ত্রীহরণ, *n.* Abduction of women.
স্ত্রৈণ, *a.* Effeminate; henpecked. স্ত্রৈণ পুরুষ—Henpecked husband.
স্ত্রৈণতা, *n.* Excessive fondness for a wife; uxoriousness.
স্থগন, *n.* Stopping; adjournment.
স্থগন-প্রস্তাব, *n.* Adjournment motion.
স্থগিত, *a.* Stopped; suspended; put off; deferred; adjourned; postponed. স্থগিত করা—Postpone; put off; stop. স্থগিত থাকা—Be in abeyance; be suspended. স্থগিত রাখা—Put off; suspend; postpone; stay; adjourn. স্থগিত হওয়া—Be stopped; be postponed.
স্থপতি, *n.* Mason; architect.
স্থপতিকর্ম, *n.* Masonry.
স্থপতিবিদ্যা, *n.* Architecture.
স্থবির, *a.* Old; aged; infirm; decrepit:—*n.* old man; dotard; senile person; Buddhist ascetic.
স্থবিরতা, স্থবিরত্ব, *n.* Old age; dotage; senility.
স্থল, *n.* Place; site; land; situation; subject (of dispute or description); case; condition.
স্থলকমল, *n.* Land-lily.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্থলগত, *a.* Overland; of the land.
স্থলচর, *a.* Terrestrial; moving or living on land.
স্থলজ, *a.* Terrestrial. স্থলজ পাদপ—Land (terrestrial) plant.
স্থলপথ, *n.* Land-route.
স্থলপথে, *ad.* By land; overland.
স্থলপদ্ম, *n.* Land-lily.
স্থলবাণিজ্য, *n.* Inland trade.
স্থলবায়ু, *n.* Land-breeze.
স্থলবিশেষে, *ad.* As the case may be.
স্থলযুদ্ধ, *n.* Land battle; land warfare.
স্থলাভিষিক্ত, *a.* Installed in one's place; representing; deputed; delegated.
স্থলী, *n.* Bag; sac; pot; land; dry ground; place. বনস্থলী—Forest land. মরুস্থলী—Desert land.
স্থলীয়, *a.* Relating to land.
স্থাণু, *n.* Post; pin; pillar; peg; stump; lopped tree:—*a.* steady; fixed; firm; immobile.
স্থাণুবৎ, *a.* Motionless like a pillar.
স্থাতব্য, *a.* To be put or laid or deposited; fit to stay.
স্থাতা, *n.* One who exists or is staying.
স্থান, *n.* Place; site; area; space; room; position; abode.
স্থানচ্যুত, স্থানভ্রষ্ট, *a.* Fallen from a place; displaced; ousted; dislodged; dismissed.
স্থানচ্যুতি, স্থানভ্রংশ, *n.* Dislocation; dislodgment; displacement; dismissal.
স্থানত্যাগ, *n.* Leaving a place; quitting. স্থানত্যাগ করা—Leave a place; quit; go away; remove; evacuate.
স্থানত্যাগী, *n.* One who leaves a place:—*a.* leaving a place; removing to another place; shifting from one place to another.
স্থানবহুল, *a.* Spacious; commodious; roomy.
স্থানবিবরণ, *n.* Topography.
স্থানভ্রংশ—See স্থানচ্যুতি।
স্থানভ্রষ্ট—See স্থানচ্যুত।
স্থানমাহাত্ম্য, স্থানমহিমা, *n.* Excellence or greatness belonging to a place.
স্থানমাহাত্ম্যবশতঃ, *ad.* Owing to the sanctity attached to a particular (sacred) place.
স্থানসংকুলন, *n.* Accommodation. এখানে তোমার স্থানসংকুলন হইবে না—You will have no accommodation here.
স্থানাঙ্ক, *n.* Co-ordinates.
স্থানাঙ্কপরিবর্তন, *n.* Transformation of co-ordinates.
স্থানান্তর, *n.* Another place; different place. স্থানান্তর করা—Remove; transfer; shift or change from one place to another. স্থানান্তরে যাওয়া—Go to another place; shift.
স্থানান্তরিত, *a.* Removed to another place; transferred; shifted. স্থানান্তরিত হওয়া—Change a place or abode; shift.
স্থানান্তরী কৃষি—Shifting cultivation.
স্থানাপন্ন, *a.* Officiating; acting. স্থানাপন্ন নিয়োগ—Acting appointment.
স্থানাবরোধতা, *n.* Resistance of bodies.
স্থানাভাব, *n.* Want of space or room; want of accommodation.
স্থানাভাববশতঃ, স্থানাভাবে, *ad.* Owing to want of space or accommodation.
স্থানিক, *a.* Regional; territorial; local. স্থানিক নির্বাচনক্ষেত্র—Territorial Constituency. স্থানিক পরিবহণ অধিকারী—Regional Transport Authority. স্থানিক সংবিভাগ অধিকারী—Area Rationing Authority or Officer.
স্থানিকবল, *n.* Territorial force.
স্থানীয়, *a.* Local; relating to a place or situation; like; representing (as in পিতৃস্থানীয়). স্থানীয় অঞ্চল—Local area. স্থানীয় নিধি—Local fund. স্থানীয় প্রতিষ্ঠান—Local body.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্থানীয় বায়ু—Local wind. স্থানীয় মান—Local value. স্থানীয় মাপ—Local measure. স্থানীয় সময় (বা কাল)—Local time.

স্থানে, *ad.* At one place; in place of; instead of. স্থানে স্থানে—Here and there; at places. স্থানে স্থানে রোগটা দেখা যাচ্ছে—The disease is sporadic.

স্থাপক, স্থাপয়িতা, *n.* Founder; erector:—*a.* placing; fixing; founding; regulating.

স্থাপত্য, *n.* Architecture; masonry.

স্থাপত্যকর্ম, *n.* Architecture; masonry.

স্থাপত্যবিদ্যা, *n.* Architecture; masonry.

স্থাপত্যশিল্প, *n.* Architectural art.

স্থাপত্যশিল্পী, *n.* Architect; mason.

স্থাপত্যসংক্রান্ত, *a.* Architectural.

স্থাপন, স্থাপনা, *n.* Placing; planting; setting up; establishing (a thing); foundation; erection; installation. স্থাপন করা—Set up; establish; found; erect; place; instal.

স্থাপনীয়, স্থাপ্য, *a.* To be placed or laid; to be founded.

স্থাপয়িতা—See স্থাপক। *fem.*=স্থাপয়িত্রী।

স্থাপিত, *a.* Placed; established; erected; deposited; fixed. স্থাপিত যন্ত্র—Installation; plant.

স্থাপ্য—See স্থাপনীয়।

স্থাবর, *a.* Immovable; fixed; steady; durable. স্থাবর ও অস্থাবর—Movables and immovables.

স্থাবরজঙ্গম, *n.* Animate and inanimate objects.

স্থাবরজঙ্গমাত্মক, *a.* Consisting of objects, both animate and inanimate. স্থাবরজঙ্গমাত্মক জগৎ—Universe consisting of objects both animate and inanimate. [immovables.

স্থাবরসম্পত্তি, *n.* Immovable property;

স্থায়িক, *n.* Fixture.

স্থায়িতা, স্থায়িত্ব, *n.* Permanence; stability; durability; fixity; steadiness; duration; perpetuity.

স্থায়িভাব, *n.* Permanency; invariableness; unalterableness; duration; fixed poetic sentiment.

স্থায়িভাবে, *ad.* Permanently.

স্থায়ী, *a.* Permanent; lasting; durable; chronic; abiding; firm; stable; unalterable; immovable; fixed (স্থায়ী আমানত); standing. স্থায়ী অগ্রিমক—Permanent advance. স্থায়ী আদেশ—Standing order. স্থায়ী নিধান—Fixed deposit. স্থায়ী পুঁজী—Fixed capital. স্থায়ী সমিতি—Standing committee. স্থায়ী সৈন্য—Standing army.

স্থালী, *n.* Dish; saucer with a rim; earthen pot; cooking pot; boiler.

স্থিত, *a.* Staying; standing; steady; stopped; situated (সম্মুখস্থিত—situated or lying in front).

স্থিতধী—Same as স্থিতপ্রজ্ঞ।

স্থিতপ্রজ্ঞ, *a.* Untroubled in spirit; serene; self-possessed; calm.

স্থিতাবস্থা, *n.* Standstill.

স্থিতাবস্থাচুক্তি, *n.* Standstill agreement.

স্থিতি, *n.* Staying; stay; existence; position; continuance (in any state or condition); duration; stability; pause; rest; stop; equilibrium; balance. স্থিতি করা—Stay; remain.

স্থিতিকাল, *n.* Duration.

স্থিতিক্রিয়া, *n.* Continuance.

স্থিতিপত্র, *n.* Balance-sheet.

স্থিতিবিদ্যা, স্থিতিবিজ্ঞান, *n.* Statics.

স্থিতিবিন্দু, *n.* Resting point.

স্থিতিশীল, *a.* Lasting; permanent; fixed; stable.

স্থিতিস্থাপক, *a.* Elastic. স্থিতিস্থাপক গুণ—Property or quality of elasticity. স্থিতিস্থাপক টান—Elastic strain. স্থিতিস্থাপক তার, স্থিতিস্থাপক রজ্জু, স্থিতিস্থাপক সূত্র—Elastic string.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্থিতিস্থাপকতা, *n.* Elasticity.
স্থিতীয়, *a.* Statical. স্থিতীয় বিদ্যুৎ—Statical electricity.
স্থিত্যধিকার, *n. Locus standi;* right to interfere or take part in.
স্থির, *a.* Firm; motionless; fixed; steadfast; tranquil; calm; stationary; still; permanent. কাহারও চক্ষু স্থির হওয়া—Be at one's wit's end; be dumb-founded. স্থির করা—Settle; make steady; decide; fix up. স্থির তরঙ্গ—Stationary wave. স্থির তারা—Fixed star. স্থির বিদ্যুৎ—Statical electricity. স্থির হওয়া—Be at rest.
স্থিরচিত্ত—See স্থিরবুদ্ধি।
স্থিরচিত্তে, *ad.* Calmly.
স্থিরচেতা, *a.* Single-minded; resolute; steady; constant.
স্থিরতর, *a.* Very lasting; everlasting; very certain. স্থিরতর করা—Ratify; confirm; settle.
স্থিরতা, স্থিরত্ব, *n.* Certainty; firmness; stability; steadiness.
স্থিরতারা, *n.* Fixed star.
স্থিরদৃষ্টি, *n.* Fixed look or eye:—*a.* having a fixed look or eye.
স্থিরনিশ্চয়, *n.* Firm determination:—*a.* determined; resolved. স্থিরনিশ্চয় করা—Settle; make definite. স্থিরনিশ্চয় হওয়া—Be determined.
স্থিরনেত্র, স্থিরনয়ন, *n.* Fixed eye; steady gaze:—*a.* having fixed eyes.
স্থিরনেত্রে, *ad.* With fixed eyes; with a steady gaze.
স্থিরপ্রতিজ্ঞ, *a.* Resolved; firm in determination. স্থিরপ্রতিজ্ঞ হওয়া—Make up one's mind; be determined; resolve.
স্থিরপ্রতিজ্ঞা, *n.* Firm determination; steady resolve.
স্থিরবিন্দু, *n.* Stationary point.
স্থিরবিশ্বাস, *n.* Firm or implicit faith.
স্থিরবুদ্ধি, স্থিরমতি, স্থিরচিত্ত, *a.* Determined; resolved; unswerving in purpose; level-headed; calm; deliberate.
স্থিরযৌবন, *a.* Ever-youthful; of unfading youth:—*n.* perpetual youth.
স্থিরযৌবনা, *a. fem.* Same as স্থিরযৌবন (*a.*).
স্থিরসিদ্ধান্ত, *n.* Firm or unalterable decision. স্থিরসিদ্ধান্ত করা—Decide firmly or finally; make a positive decision.
স্থিরীকরণ, *n.* Settling; deciding; ascertainment.
স্থিরীকৃত, *a.* Ascertained; settled; fixed; decided.
স্থূল, *a.* Thick; fat; bulky; approximate; gross; coarse; dense; huge; big; large; great স্থূল কথা এই যে—The fact is that; the long and short of the story is that.
স্থূলকায়, *a.* Fat; bulky; corpulent; obese; burly.
স্থূলকোণ, *n.* Obtuse angle.
স্থূলকোণী, *a.* Obtuse-angled.
স্থূলচর্ম, স্থূলচর্মী, *a.* Thick-skinned:—*n.* pachyderm; pachydermia.
স্থূলতঃ, *ad.* In short; roughly; on the whole; approximately.
স্থূলতা, স্থূলত্ব, *n.* Thickness; fatness; coarseness.
স্থূলদৃষ্টি, *n.* Superficial looks.
স্থূলদেহ, *n.* Gross or material body:—*a.* fat; bulky; corpulent.
স্থূলনাসিক, *a.* Thick-nosed; snub-nosed. স্থূলনাসিক ব্যক্তি—Snub-nose.
স্থূলবুদ্ধি, *a.* Thick-headed; dull; dull-headed:—*n.* dull wit. স্থূলবুদ্ধি ব্যক্তি—Dullard.
স্থূলমান, *n.* Rough approximation.
স্থূলরূপ, *n.* Gross material form.
স্থূলশরীর—Same as স্থূলদেহ।
স্থূলাঙ্গ, *n.* Huge body; fat or bulky body:—*a.* fat; large-bodied.
স্থূলোদর, *a.* Big-bellied; pot-belllied;—*n.* big belly.

Dr. Kamala Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্থৈতিক, *a.* Potential. স্থৈতিক শক্তি—Potential energy.

স্থৈর্য, *n.* Patience; calmness; repose; constancy; firmness; stability; fixity.

স্থৌল্য, *n.* Fatness; plumpness; obesity; thickness.

স্নাত, *a.* Bathed; washed.

স্নাতক, *n.* Graduate; Brahmin youth returned from the preceptor's house after finishing his studies; one desiring a bath. স্নাতক হওয়া—Graduate.

স্নাতকোত্তর, *a.* Post-graduate.

স্নাতানুলিপ্ত, *a.* Bathed and anointed.

স্নান, *n.* Bath; ablution; bathing; wash. স্নান করা—Bathe; take a bath. স্নান করানো—Bathe; cause to take a bath. স্নানের ঘর—Bath-room; bath.

স্নানবস্ত্র, *n.* Bathing costume; bathing suit.

স্নানযাত্রা, *n.* Bathing procession; festival or ceremony of the bathing of *Jagannatha.*

স্নানাগার, *n.* Bath-room.

স্নানাহার, *n.* Bathing and eating.

স্নানাহ্নিক, *n.* Bathing and prayer to God.

স্নানীয়, *a.* Suitable for bathing; relating to ablution.

স্নাপক, *a.* Causing a person to bathe; attending one at bathing.

স্নায়বিক, *a.* Nervine; nervous; relating to nerves. স্নায়বিক দৌর্বল্য (বা দুর্বলতা)—Nervous debility; neurasthenia.

স্নায়ী, *a.* Bathing (নিত্যস্নায়ী—bathing daily); performing ablution.

স্নায়ু, *n.* Nerve; sinew; muscle; tendon; ligament.

স্নায়ুমণ্ডল, *n.* Nervous system.

স্নায়ুযুদ্ধ, *n.* War of nerves; cold war.

স্নায়ুশূল, *n.* Neuralgia.

স্নিগ্ধ, *a.* Cool; cooling; agreeable; pleasing; oily; unctuous; greasy; smooth; soft. স্নিগ্ধ বায়ু—Gentle breeze.

স্নিগ্ধকর, *a.* Cooling; refreshing.

স্নিগ্ধকান্তি, *a.* Lovely; graceful; of tender beauty.

স্নিগ্ধজ্যোতি, *n.* Soft lustre:—*a.* of soft lustre.

স্নিগ্ধতা, *n.* Softness; coolness; mildness; agreeableness; smoothness; oiliness.

স্নিগ্ধদৃষ্টি, *n.* Pleasant or tender look.

স্নিগ্ধশ্যামল, *a.* Soft green.

স্নিগ্ধোজ্জ্বল, *a.* Bright with soft light; softly shining.

স্নেহ, *n.* Affection; tenderness; attachment; love; viscidity; oily substance; gloss; smoothness. স্নেহ ও যত্ন—Love and care. স্নেহ করা—Show tenderness or affection; love. স্নেহের পাত্র—Same as স্নেহপাত্র। স্নেহের পুতুলি—Same as স্নেহপুত্তলি।

স্নেহকারী, *a.* Loving; affectionate.

স্নেহদ্রব্য, স্নেহপদার্থ, *n.* Fatty substance; fat.

স্নেহপরায়ণ—See স্নেহপূর্ণ।

স্নেহপাত্র, *n.* Object of affection; object of love; favourite; darling. *fem.*—স্নেহপাত্রী।

স্নেহপালিত, স্নেহপুষ্ট, *a.* Nourished with love; tenderly brought up.

স্নেহপুত্তলি, *n.* Darling; idol of love.

স্নেহপুষ্ট—See স্নেহপালিত।

স্নেহপূর্ণ, স্নেহপ্রবণ, স্নেহপরায়ণ, *a.* Loving; affectionate; tender-hearted.

স্নেহপ্রযুক্ত, *ad.* On account of love; out of affection.

স্নেহবশে, *ad.* Moved by affection.

স্নেহবান্—Same as স্নেহপূর্ণ।

স্নেহভাজন, *n.* Beloved person; object of love or affection.

স্নেহমমতা, *n.* Love and affection;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

tender affection; kindliness; tenderness of feeling; solicitude.

স্নেহময়, স্নেহযুক্ত, *a.* Full of love; loving; fatty; oily. [ate.

স্নেহময়ী, *a. fem.* Loving; affection-

স্নেহমুক্ত, *a.* Free from attachment.

স্নেহযুক্ত—See স্নেহময়।

স্নেহলেপক, *n.* Greaser.

স্নেহশালী, *a.* Loving; affectionate.

স্নেহশীল, *a.* Loving; full of love; affectionate.

স্নেহসঞ্চার, *n.* Rise of love or affection.

স্নেহসার, *n.* Marrow.

স্নেহসিক্ত, *a.* Softened with love; full of paternal feelings.

স্নেহহীন, স্নেহশূন্য, *a.* Without affection; unloving; devoid of affection.

স্নেহার্দ্র, *a.* Softened with love; overcome with tender emotion.

স্নেহালিঙ্গন, *n.* Affectionate embrace.

স্নেহাশীর্বাদ, *n.* Affectionate blessing.

স্নেহাস্পদ, *n.* Beloved person; object of love.

স্পঞ্জ, *n.* Sponge.

স্পঞ্জসদৃশ, *a.* Spongy.

স্পন্দ, স্পন্দন, *n.* Vibration; agitation; pulsation; quaking; shaking; fluttering; movement; palpitation; trembling; throbbing. নাড়ীর স্পন্দন—Pulse-beat.

স্পন্দরহিত, স্পন্দশূন্য, স্পন্দহীন, *a.* Motionless; without palpitation or movement; not beating.

স্পন্দিত, *a.* Vibrated; agitated; throbbed; shaken. স্পন্দিত হওয়া—Pulsate; throb; vibrate.

স্পর্ধা, *n.* Audacity; arrogance; boastfulness; defiance; boldness; spirit of emulation; challenge; rant and bluster. কি স্পর্ধা!—What audacity! How audacious! স্পর্ধা করা—Boast; challenge; defy.

স্পর্ধিত, *a.* Boastful; audacious; arrogant.

স্পর্ধী, *a.* Proud; defiant; arrogant; bold.

স্পর্শ, *n.* Touch; contact; tactual feeling. স্পর্শ করা—Touch; feel.

স্পর্শক, *a.* Touching; being in contact with:—*n.* tangent.

স্পর্শ-কোণ, *n.* Angle of contact.

স্পর্শক্রামক, স্পর্শক্রামী, *a.* Contagious. স্পর্শক্রামী রোগ—Contagious disease.

স্পর্শজ্যা, *n.* Tangent.

স্পর্শন, *n.* Touching; handling; touch; feeling; union.

স্পর্শনীয়, *a.* Fit to be touched; tangible; tactile.

স্পর্শবর্ণ, *n.* First twenty-five letters of the Bengali or Sanskrit consonants.

স্পর্শবিন্দু, *n.* Point of contact.

স্পর্শমণি, *n.* Philosopher's stone; touchstone.

বোবার শত্রু নেই—(1) Silence seldom doth provoke. (2) Speech is silver, silence is gold.

ভ

ভগবান্ দুঃখীর দুঃখভার লাঘব করেন—Provident tempers the wind to the shorn lamb.

ভগ্ন যষ্টির উপর ভর দেওয়া—Lean on a broken reed.

ভবার্ণব-তরণে নৌকা—(1) A boat to cross the sea of the world. (2) The main support in life.

ভয়ে আত্মারাম শুকাইয়া গিয়াছিল—His heart sank into his boots.

ভয়ে গায়ের রক্ত শুকিয়ে যায়—(1) Fear makes the blood curdle. (2) My blood runs cold with fear.

ভয়ে পেটের ভিতর হাত-পা সেঁধিয়ে যাওয়া—To have one's heart in one's mouth.

ভাই ভাই ঠাঁই ঠাঁই—Brothers will part.

ভাগাড়ে গরু মরে, শকুনির টনক নড়ে—A hungry kite sees a dead horse afar.

ভাগের মা গঙ্গা পায় না—(1) Everybody's business is nobody's business. (2) An ass that is a common property is always the worst saddled.

ভাগ্যং ফলতি সর্বত্র—(1) Fate cannot be resisted. (2) Fate rules everywhere. (3) Inevitable are the decrees of fate.

ভাগ্যবানের বোঝা ভগবানে বয়—(1) Fortune favours the brave. (2) Nothing succeeds like success.

ভাঙা মান জোড়া লাগে না—Lost credit is like a broken glass.

ভাঙে তো মচকায় না—(1) It would rather break in twain than bend. (2) It will snap asunder rather than bend.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভাজা মাছটি উলটে খেতে জানে না—(1) He poses to be quite simple and innocent. (2) He does not know which side of the bread is buttered.

ভাতে ভাত খাওয়া—To take bread and salt.

ভাতের হাঁড়ি ঠনঠন (ঢনঢন) কচ্ছে—(1) The cooking pot is quite empty. (2) There is no food to eat.

ভাবিতে উচিত ছিল প্রতিজ্ঞা যখন—Look before you leap.

ভাবিতে ভাবিতে শুকাইয়া যাওয়া—To eat one's heart.

ভাবী অমঙ্গলের পূর্ব লক্ষণ—Hand-writing on the wall.

ভালোয় নেই মন্দেও নেই—To be indifferent.

ভিক্ষায়াং নৈব নৈব চ—None can prosper by begging.

ভিক্ষার চাল কাঁড়া আর আঁকাড়া—Beggars must not be choosers.

ভিটায় ঘুঘু চরানো—(1) To bring utter ruin. (2). To spread waste and destruction.

ভিন্নরুচির্হি লোকাঃ—(1) Different men have different tastes. (2) Many men many minds. (3) No two minds think alike.

ভিমরুলের চাকে কাঠি দেওয়া—(1) To bring a hornets' nest about one's ears. (2) To stir up a nest of hornets.

ভূতের বাপের শ্রাদ্ধ করা—(1) To be a fool for one's pains. (2) To make a mess of things.

ভূতের বেগার খাটা—To work for nothing.

ভূতের মুখে রাম নাম—The devil listening to the Scriptures.

ভোজনং যত্র তত্র শয়নং হট্টমন্দিরে—Depending on chance for food and bed.

ম

মড়ার উপর খাঁড়ার ঘা—(1) To slay the slain. (2) To add insult to injury. (3) To pour water on a drowned mouse. (4) To flog a dead horse.

মধুরেণ সমাপয়েৎ—All's well that ends well.

মধুভাবে গুড়ং দদ্যাৎ—(1) To manage with a substitute. (2) Nothing to choose between the two. (3) Stop gap.

মন চাঙ্গা ত ঘাটে গঙ্গা—(1) A clear conscience is a soft pillow. (2) The mind is its own temple.

মনের অগোচরে পাপ নাই—There is nothing either good or bad, but thinking makes it so.

মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন—(1) To do or die. (2) To try one's utmost.

মন্দ খবর বাতাসের আগে চলে—Ill news runs apace.

মরণকালে ঔষধ নাই—Death defies [doctors.

মরণকালে গঙ্গাপানে পা—To have one foot in the grave.

মরণের সময় অসময় নাই—Death keeps no time.

মরদ কা বাত হাতিকা দাঁত—Not to go back upon one's word—that is the true manly spirit.

মরা হাতি লাখ টাকা—The very ruins of greatness are great.

মশা মারতে কামান দাগা—(1) To crush a butterfly on a wheel. (2) To take a hammer to spread a plaster. (3) To send for a hatchet to break open an egg with.

মহাজনো যেন গতঃ স পন্থাঃ—To follow in the footsteps of the wise.

মাকড় মারলে ধোকড় হয়—To condemn in others what you excuse in your own case.

মা কুরু ধনজনযৌবন গর্বম্—One should not be proud of one's wealth and influence or one's youth, they are not everlasting.

মাছের তেলে মাছ ভাজা—To gain without spending.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাতঙ্গ পড়িলে দকে পতঙ্গতে কি না বলে? —(1) When an elephant is down, little creatures make fun of him. (2) Little birds may peck a dead lion.

মাতাই জাতির ভাগ্যনিয়ন্ত্রী—The hand that rocks the cradle rules the world.

মাতৃবৎ পরদারেষু—Another's wife should be looked upon as mother.

মাথা নেই তার মাথা ব্যথা—(1) A beggar cannot be a bankrupt. (2) Bachelor's wives and maids' children are always well taught.

মাথায় আকাশ ভাঙিয়া পড়া—A bolt from the blue. [pletely upset.

মাথায় হাত দিয়ে বসে পড়া—To be com-

মাথার উপর খাঁড়া ঝুলছে—Damocles's sword is hanging overhead.

মাথার ঘাম পায়ে পড়া—To earn one's bread by the sweat of one's brow.

মাথার ঘায়ে কুকুর পাগল—To have a bee on one's bonnet.

মানুষের কুটুম এলে গেলে—(1) Seldom seen, soon forgotten. (2) Out of sight, out of mind.

মার চেয়ে দরদ যার তারে বলি ডাইনী—Too much courtesy, too much craft.

মারি ত গণ্ডার লুটি ত ভাণ্ডার—(1) Pitch your aims high. (2) Either Caesar or none.

মারের মতন ঔষধ নাই—(1) There is no argument like that of the stick. (2) *Argumentum ad baculium.*

মা লক্ষ্মী চঞ্চলা—Riches have wings.

মালা টিপলেই বৈরাগী হয় না—All are not saints that go to church.

মিষ্টান্নমিতরে জনাঃ—All except the parents and the daughter expect to be feasted.

মিষ্টি কথায় চিঁড়ে ভেজে না—(1) Fine words butter no parsnips. (2) Fair words do not fill the pocket. (3) We can't live on love only.

মিষ্টি বাক্যে পেট ভরে না—Same as মিষ্টি কথায় চিঁড়ে ভেজে না।

মুখ চাওয়া জিনিসের মুখে ছাই—A watched kettle never boils.

মুখচোরার অন্ন হয় না—Spare to speak, and spare to speed.

মুখে মধু পেটে বিষ—(1) An angel's face with a devil's mind. (2) A honeyed rogue, a heart of gall.

মুনীনাঞ্চ মতিভ্রমঃ—(1) Sages too are liable to error. (2) To err is human. (3) Good Homer sometimes nods.

মূর্খের নাই হেতুবাদ, বাজি রেখে করে মাৎ —Wager is a fool's argument.

মৃত্যু তাহার মাথার, উপর ঝুলিতেছে—(1) Death is hanging over his head. (2) He is in the shadow of death.

মেগের কাছে পেগের বড়াই—Argus at home but mole abroad.

মেঘ দেখলেই বর্ষাকাল বলা চলে না—One swallow does not make a summer.

মেঘ না চাইতে জল—A gain beyond expectation.

মেগল পাঠান হন্দ হ'ল ফারসী পড়ে তাঁতী —Fools rush in where angels fear to tread.

মেটে মা রাঁধে না (ভাত), তা তপ্ত আর পান্তা—(1) Beggars must not be choosers. (2) Don't look a gift-horse in the mouth.

মের বুদ্ধি তোর কড়ি, আয় দুজনে ফলার করি—My brain and your money—let us pool them together.

মৌচাকে ঢিল মারা—(1) To bring a hornets' nest about one's ears. (2) To cause a great outburst of angry feeling.

মৌনং সম্মতিলক্ষণম্—Silence gives consent.

ম্যাও ধরে কে?—Who is to bell the cat?

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

য

যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ—(1) While there is life, there is hope. (2) A drowning man catches at a straw.

যত গর্জায় তত বর্ষায় না—(1) Much cry and little wool. (2) Barking dogs seldom bite. (3) Empty vessels sound much.

যতদিন কমলার কৃপা থাকে—As long as fortune smiles on one.

যত দোষ নন্দ ঘোষ—All are blaming "nobody".

যতন নাহিলে কোথা মিলয়ে রতন—(1) No pains, no gains. (2) No sweat, no sweet.

যত পায়, তত চায়—The more they get, the more they want.

যত মান সব বাহিরে ঘরে সব বিদ্যাবুদ্ধি প্রকাশ আছে—No man is hero to his valet.

যত হাসি তত কান্না, ব'লে গেছে রাম শর্মা—(1) If you laugh to-day you may cry to-morrow. (2) He who laughs on Friday weeps on Saturday.

যতো ধর্মস্ততো জয়ঃ—(1) Where there is justice, there is victory. (2) Virtue always triumphs.

যথা পূর্বং তথা পরম্—(1) *Status quo.* (2) In a state of deadlock.

যদি বিপদ্ গেল, তো সম্পদ্ এলো—(1) After rain comes fair weather. (2) There is a silver lining in every cloud.

যদ্ভাবি তদ্ভবতু—Come what may.

যস্মিন্ দেশে যদাচারঃ—When in Rome, do as Romans do.

যাঁহা বাহান্ন তাঁহা তিপ্পান্ন—In for a penny, in for a pound.

যাকে দেখতে নারি তার চলন বাঁকা—Faults are thick where love is thin.

যাকে রাখ সেই রাখে—Keep thy shop and the shop will keep thee.

যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী—(1) Like thought, like success. (2) Talk of the devil, and he will apnear.

যার কাজ তারে সাজে, অন্য লোকে লাঠি বাজে—A cobbler should stick to his last.

যার ছেলে যত পায়, তার ছেলে তত চায়—(1) Avarice increases with wealth. (2) The more one has, the more one desires.

যার জন্যে (তরে) চুরি করি সেই বলে চোর—To be abused by them we do good.

যার জ্বালা সেই জানে—The wearer best knows where the shoe pinches.

যা রটে তা কিছু বটে—Rumour has some element of truth in it.

যার ধন তার ধন নয়, নেপোয় মারে দই; কেউ মরে বিল ছেঁচে, কেউ খায় কই—(1) One sows, another reaps. (2) One beats the bush, another catches the hare.

যার নাম ভাজা চাল, তার নাম মুড়ি—Six of the one and half-a-dozen of the other.

যার নুন খাও তার গুণ গাও—(1) Never fall out with your bread and butter. (2) Be true to your salt.

যার বিয়ে তার মনে নেই, পাড়াপড়শীর ঘুম নেই—Though he is careless to make his mark, others are moving mountains for him.

যার যত খাঁই তার তত নাই—He that longs most lacks most.

যার যা প্রাপ্য তাকে তা দাও—(1) Render unto Caesar the things which are Caesar's. (2) Give the devil his due.

যার শিল যার নোড়া, তারি ভাঙ্গি দাঁতের গোড়া—To make capital out of other's materials.

যার সঙ্গে যার মজে মন, কিবা হাড়ি কিবা ডোম—(1) Love looks not with the eyes, but with the mind. (2) Love is blind, and lovers cannot see the

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

pretty follies that themselves commit.

যা শত্রু পরে পরে—Set a thief to catch a thief.

যেখানে বাঘের ভয়, সেইখানেই সন্ধ্যা হয়—Danger often comes where danger is feared.

যে জেগে ঘুমায়, তারে জাগানো (তোলা) দায়—(1) None so deaf as those that will not hear. (2) None so blind as those that will not see.

যেমন কর্ম তেমনি ফল—(1) Rightly served! (2) As you brew, so you drink. (3) As you sow, so you reap. (4) Tit for tat.

যেমন কাজ তেমনি হয়েছে—(1) Rightly served. (2) Tit for tat.

যেমন কুকুর তেমনি মুগুর—(1) Like dog, like hammer. (2) Rightly served.

যেমন গাছ, তার তেমনি ফল—As is the tree, so is the fruit.

যেমন দেবতা, তেমনি নৈবেদ্য—Like saint, like offering.

যেমন দেবা, তেমনি দেবী—Like man, like wife.

যেমন বাপ, তেমনি বেটা—Like father, like son.

যেমন বুনো ওল, তেমনি বাঘা তেঁতুল—(1) As is the evil, so is the remedy. (2) An antidote as strong as the poison.

যেমন মনিব, তেমনি চাকর—Like master, like man.

যে মাছটা পালায় সেটাই বড়—Distance lends enchantment to the view.

যে মাটিতে পড়ে লোক ওঠে সেই ধরে—Failures are the pillars of success.

যে যায় লঙ্কায়, সেই হয় রাবণ—He who gets the power, misuses it.

যে রক্ষক সে-ই ভক্ষক—Law-makers are law-breakers.

যোগ্যং যোগ্যেন যুজ্যতে—Diamond cut diamond.

র

রক্তমাংসের শরীরে ইহা সহ্য করতে পারা যায় না—(1) It is too much for frail human nature. (2) It is beyond human endurance.

রথ দেখা ও কলা বেচা—To kill two birds with one stone.

রহস্য ফাঁস হয়ে গেছে; রহস্য প্রকাশ হয়ে পড়েছে—The cat is out of the bag.

রাই কুড়িয়ে বেল—(1) Many a little makes a mickle. (2) Many a penny makes a pound.

রাখে কৃষ্ণ মারে কে?—Same as রাখেন হরি মারে কে?

রাখেন হরি মারে কে?—What God wills no frost can kill.

রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ—(1) Whoever stands by you at the royal court or at the cremation ground, is a friend indeed. (2) Adversity is the only balance to weigh friends. (3) A friend in need is a friend indeed.

রাজার নন্দিনী প্যারী যা বলে বা করে তা শোভা পায়—Cæsar's wife is above suspicion.

রাম না হতে রামায়ণ—To anticipate an event before it takes place.

রামে মারলেও মরব, রাবণে মারলেও মরব—To be on the horns of a dilemma.

রামের ধন শ্যামকে দেওয়া—To rob Peter to pay Paul.

রূপে কালো গুণে আলো—Handsome is that handsome does.

রোকা কড়ি চোকা মাল; রোখা কড়ি চোখা মাল—Good value for ready money.

ল

লক্ষ্মণের গণ্ডি—A charmed circle.

লক্ষ্মণের ফল ধরে থাকা—(1) Not to do oneself justice. (2) Obey implicitly and to the letter.

লক্ষ্মী চঞ্চলা—Riches have wings.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লক্ষ্মীর মা ভিক্ষা মাগে—The cobbler's wife is the worst shod.
লঘু পাপে গুরু দণ্ড—A severe punishment for a venial offence.
লাখ টাকায় বামুন ভিখারী—The sea complains of its lack of water.
লাগে টাকা দেবে গৌরীসেন—Nunky pays.
লাগে তাক, না লাগে তুক—Hit or miss.
লালনে বহবো দোষাস্তাড়নে বহবো গুণাঃ—Spare the rod and spoil the child.
লোভে পাপ পাপে মৃত্যু—(1) Avarice leads to vice, and vice leads to death. (2) Avarice begets sin and sin begets death.

শ

শঠে শাঠ্যং সমাচরেৎ—(1) The wicked must be paid in their own coin. (2) With foxes we must play the fox. (3) Deal with the knave as a knave.
শতং বদ মা লিখ—Speak as much as you like, but never commit it to writing.
শত্রুতা ভুলে গিয়ে মিত্রতা করা—To bury the hatchet.
শত্রুর মুখে ছাই পড়ুক—Evil to him who evil thinks.
শত্রোরপি গুণাঃ বাচ্যা—Give the devil his due.
শফরী ফর্‌ফরায়তে—(1) The little carp flits about. (2) Empty vessels sound much.
শরীরং ক্ষণবিধ্বংসী কল্পান্তস্থায়িনো গুণাঃ—(1) Body is frail but virtue will last to the end of time. (2) Life is fleeting but virtue lasts.
শরীরং ব্যাধিমন্দিরং—The body is the seat of all diseases.
শরীরমাদ্যং খলু ধর্মসাধনম্—(1) Healthy body is a condition precedent of religious practices. (2) Good health is a prerequisite of religious practices. (3) Take care of your body, and then you can make sure of your spiritual well-being.
শরীরের নাম মহাশয় যা সওয়াবে তাই সয়—We first make our habits, and then our habits make us.
শাঁকের করাত, যেতেও কাটে আসতেও কাটে—Horns of a dilemma.
শাঁক দিয়ে মাছ ঢাকা—Hide in a superficial way.
শাপে বর—A blessing in disguise.
শিংগে ফুঁকা—(1) To die. (2) To give up the ghost. (3) To kick the bucket.
শিয়ালের যুক্তি—(1) Argument in one's favour. (2) Fallacious argument.
শুঁড়ীর সাক্ষী মাতাল—(1) An interested witness is no witness. (2) Birds of a feather flock together.
শুধু কথায় পেট ভরে না—(1) Wishes never fill the bag. (2) Fine words butter no parsnips.
শুভকার্যে অনেক ব্যাঘাত—A good deed is never accomplished without many hitches.
শুভস্য শীঘ্রম্—(1) Delays are dangerous. (2) The sooner a good thing is done, the better.
শেষ বেশ—Same as শেষ রক্ষাই রক্ষা।
শেষ রক্ষাই রক্ষা—All's well that ends well.
শ্বশুরবাড়ি মথুরাপুরী তিন দিন পরে ঝাঁটার বাড়ি—Fish and visitors smell in three days.
শ্যাম রাখি কি কুল রাখি?—To fall between two fires.
শ্রাদ্ধ কতদূর গড়ায় বলতে পারি না—I cannot say how far the unpleasant matter may go.
শ্রেয়াংসি বহুবিঘ্নানি—There is many a slip between the cup and the lip.

স

সইয়ের বউয়ের বকুল ফুলের বোনপো-বউয়ের নাতজামাই—A very distant relation.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সংগদোষে গ্রাম নষ্ট—(1) A rotten apple injures its companions. (2) A black sheep taints the flock.

সংসর্গজা দোষগুণা ভবন্তি—(1) A man is known by the company he keeps. (2) Virtue and vice are born of the company one keeps.

সৎসংগে কাশীবাস, অসৎসংগে সর্বনাশ—A man is known by the company he keeps.

সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্—Speak the pleasant truth but spare the unpleasant one.

সব ভাল যার শেষ ভাল—Same as শেষ রক্ষাই রক্ষা।

সব লাল হো যায়েগা—The same end awaits everybody.

সব শিয়ালের এক রা—They see eye to eye with one another.

সবুরে মেওয়া ফলে—(1) Patience is bitter but its fruit is sweet. (2) Rome was not built in a day.

সবে তো কলির সন্ধ্যা—This is the beginning, worse things are still to come.

সমপ্রাণঃ সখা মতঃ—To be a companion one must be of the same heart with another.

সময় কাহারও অপেক্ষা করে না—Time and tide wait for no man.

সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়—A stitch in time saves nine.

সর্বনাশে সমুৎপন্নে অর্ধং ত্যজতি পণ্ডিতঃ—(1) Of two evils, choose the lesser. (2) Half a loaf is better than no bread. [thing is bad.

সর্বমত্যন্তগর্হিতম্—Too much of a

সর্বস্ব তোমার, চাবিকাটিটা আমার—(1) I pull the wires. (2) I hold the rein.

সর্বাংগে ঘা, ঔষধ দিবে কোথায়—(1) When there are sores all over the body, where then is the salve to be applied? (2) An irremediable state.

সস্তার তিন অবস্থা—(1) Cheap goods are dear in the long run. (2) Cheap and nasty.

সা চাতুরী চাতুরী—That's the match worth playing.

সাত চড়ে তার রা নেই—Belabour him as you like, he will keep mum.

সাত পাঁচ ভাবা—To think twice.

সাত মন তেলও পুড়বে না, রাধাও নাচবে না—If the sky falls, we shall catch larks.

সাত সমুদ্র তেরো নদী পার—A very remote corner of the world.

সাধ ক'রে কি যায়, প্যায়দায় নে যায়—He needs must go, when the devil drives.

সাধুসংগে স্বর্গবাস—Keep good company and you shall be of the number.

সাধে কি একাজ করি?—I do it under necessity or compulsion, and not of my own accord.

সাপ হয়ে কাটে, আর ওঝা হয়ে ঝাড়ে—He runs with the hare and hunts with the hounds.

সাপের ছুঁচো গেলা—To be between Scylla and Charybdis.

সাপের হাঁচি বেদেয় চিনে—(1) The snake-catcher knows how the serpent sneezes. (2) A man knows better what he is about than another. (3) Diamond cut diamond.

সাবধানের বিনাশ নাই, সাবধানের মার নাই—(1) The cautious suffer no loss. (2) Safe bind, safe find. (3) Forewarned is forearmed.

সাবেক দাদ তোলা—To pay off old scores.

সাহসেই লক্ষ্মী হয়—Fortunes favours the brave.

সুখ দুঃখ পালাক্রমে আসে—(1) Weal and woe come by turns. (2) After clouds come fair weather. (3) He who laughs on Friday will weep

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

on Saturday. (4) There is a silver lining in every cloud.

সুখে থাকতে ভূতে কিলোয়—(1) To feel ill at ease. (2) To feel uneasy even in a comfortable situation.

সুখের চেয়ে স্বস্তি ভাল—Peace is more covetable than physical comforts.

সুসময় থাকিতে কাজ গুছাইয়া লও—Make hay while the sun shines.

সুসময়ে অনেকেই বন্ধু বটে হয়—(1) A full purse never lacks friends. (2) Fair-weather friends.

সে ছাঁচ খোকা নয়—He is no chicken.

সেয়ানে সেয়ানে কোলাকুলি—A Greek meeting a Greek.

সে রাজা উজীর মারে—All his geese are swans.

সে রামও নাই, সে অযোধ্যাও নাই—(1) O the times! O the manners! (2) Those days are gone by!

সোজা আঙুলে ঘি বেরোয় না—Plain dealing won't do.

সোনায় সোহাগা—(1) A happy match. (2) A perfect combination.

সোনার পাথরবাটি—An impossibility.

স্ত্রীবুদ্ধি প্রলয়ংকরী—(1) A woman's advice leads to unhappy results, or upsets everything. (2) The counsel of a woman leads to trouble.

স্বধর্মে নিধনং শ্রেয়ঃ—(1) Better to follow one's own religion and die in it. (2) Nothing like being true to one's nature.

স্বনামা পুরুষো ধন্যঃ—Blessed is the man who is known by his own name.

স্বভাবো নোর্ধ্বং বর্ততে—(1) Black will take no other hue. (2) What is bred in the bone must be out on the flesh.

স্বাস্থ্যমেব সম্পৎ—Health is wealth.

হ

হয় এসপার, নয় ওসপার—(1) Neck or nothing. (2) To be desperate.

হরিবাসর করা; হরিমটর করা—(1) To fast. (2) To dine with Duke Humphrey.

হর্তা কর্তা বিধাতা—(1) A dictator. (2) A disposer of all things.

হস্তগত অল্পও ভাল, পরহস্তগত অধিকও কিছু না—(1) One today is worth two tomorrows. (2) A bird in the hand is worth two in the bush.

হা ঈশ্বর!—O God!

হাটের মাঝে হাঁড়ি ভাঙ্গা—To wash one's dirty linen in public.

হাড়ে বাতাস লাগা—To enjoy peace [and rest.

হাত দিয়ে কি হাতি ঠেলা যায়?—Trees do not fall at the first stroke.

হাতি আড় হলে চামচিকেও লাথি মারে—Little birds may peck a dead lion.

হাতি ঘোড়া গেল তল, ভেড়া বলে কত জল—Fools rush in where angels fear to tread.

হাতের ঢিল ছুড়লে আর ফেরে না—The shaft once shot does not return.

হালহদ্দ সব বুঝিতে পারা—To know chalk from cheese.

হালে পানি না পাওয়া—(1) To be Greek to one. (2) Not to make head or tail of a thing.

হাসিও পায়, দুঃখও হয়—One does not know whether to laugh or weep.

হীন অবস্থাতে দিন কাটানো—To lead the life of a dog.

হেলে ধরতে পারে না, কেউটে ধরতে চায়—Run before one can walk.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

APPENDIX II

BENGALI EXPRESSIONS RENDERED INTO IDIOMATIC ENGLISH

আর

আমি আর ইহা সহ্য করিতে পারি না—I cannot bear this *any longer*.

আমি আর একদিন আসিব—I shall come *another* day.

আর এখানে আসিও না—Do not come here *again*.

এ ছাড়া আমি আর কি বলিতে পারি?—What *more* can I say besides this?

তুমি যাও আর থাক সে একই কথা—It is all the same whether you go *or* stay.

যদু আর হরি পরম বন্ধু—Jadu *and* Hari are fast friends.

সে আর এখানে আসে না—He does not come here *any more*.

ই

আমি এই বইখানাই চাই—This is *just* the book I want.

এই মুহূর্তেই এখান থেকে চলে যাও—Leave the place this *very* moment.

এই লোকটিকেই আমি খুঁজিতেছিলাম—This is *the* man whom I was seeking.

কেবল পড়ে গেলেই হোল আর কি!—*Mere* reading will not do.

খবরটি শুনিয়াই আমি তাহাকে দেখিতে গেলাম—(1) *Directly* I heard the news, I went to see him. (2) *As soon as* I heard the news I went to see him. (3) *No sooner* had I heard the news, *than* I went to see him.

তাহাদের সকলেই শাস্তি পাইয়াছে—Every *one* of them has been punished.

তিনি নিজেই সমস্ত জানেন—He knows everything *himself*.

তিনি বাড়ি আসিলেই আমি বাহির হইব—I shall go out *as soon* as he comes home.

তিনিই ইংলণ্ডের প্রধান মন্ত্রী—He is *no other than* the Prime Minister of England.

তুমিই আমার স্লেট ভেঙেছ—*It is you* who have broken my slate.

তুমি আসলেই হোল—It will be *quite enough* if you come.

তোমাকে যাইতেই হইবে—You *must* go.

দুই বোনেরই বিয়ে হয়ে গেছে—*Both* the sisters have been married.

ধনী লোকেরাই সুখী—The rich *alone* are happy.

যতই করিবে দান তত যাবে বেড়ে—The *more* you will give it, the more will it increase.

যে কেহ যাইলেই হইল—It will be quite enough *if* somebody goes.

মিতালী রবীনকে একখানাই বই দিলে—Mitali gave Rabin *only* one book.

সে আমার কলমটা ব্যবহার করলেই করতে পারে—(1) He is *at liberty* to use my pen. (2) He *may* use my pen.

সে ইহাই চাহিতেছে—This is *exactly* what he wants.

সে এখানে আসিবেই আসিবে—He will come here *without fail*.

সে তো সেখানে যায়ই নাই—He did not *even* go there.

উঠা

আমার চোখ উঠিয়াছে—I have got *an inflammation* of the eyes.

আমি একদিনে এত কাজ করিয়া উঠিতে পারিব না—I shall not be able to

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

get through so much work in one day.

এ কথায় সে রাগিয়া উঠিল—At this he *flew into a rage.*

এ রং কি উঠিয়া যাইবে?—Will this colour *fade?*

কিছুতেই তাহার মন উঠে না—Nothing *satisfies* him.

খোকার দাঁত উঠিতেছে—The baby is *teething* or *cutting the teeth.*

তিনি সকাল চারটের সময় উঠেন—He *rises* at four o'clock in the morning.

মেয়েটিকে গাড়িতে উঠাইয়া দাও—*Help* the girl *into* the carriage.

সীমার চুল উঠিয়া যাইতেছে—Seema's hair is *falling off.*

স্কুলটি উঠিয়া গিয়াছে—The school *has been abolished.*

হরি একাদশ শ্রেণীতে উঠিয়াছে—Hari *has been promoted* to Class XI.

হরেন ট্রেনে উঠিতে পারিল না—Haren could not *take* the train.

ও

অনেক পড়িলেও সে পাস করিবে না—He will not pass *even though* he studies hard.

আমরাও সেখানে ছিলাম—We *too* were there.

আমাদের গ্রামেও ভীষণ ওলাউঠা আরম্ভ হইয়াছে—There is a violent outbreak of cholera in our village *also.*

আমিও সেখানে ছিলাম না—I was not present there *either.*

কৃপণের টাকা থাকলেও যা, না থাকলেও তা—It is all the same *whether* a miser has money *or* not.

তরকারিতে মসলা বেশীও পড়ে নাই, কমও পড়ে নাই—The dish has been *properly* seasoned.

তাকে চোর বললেও হয়—You may *as well* call him a thief.

রাম ও হরি দুই ভাই—Rama *and* Hari are brothers.

সে এবারেও পরীক্ষা দিবে না—He will not appear at the examination *even* this year.

সেও আসে নাই, তার ভাইও আসে নাই—*Neither* he *nor* his brother has come.

সে ভাতও খাইল, রুটিও খাইল—He ate *both* rice *and* bread.

হরিবাবু নিজের ছেলের দোষ দেখেও দেখেন না—Hari Babu is *blind to* his son's faults.

কথা

আজ তাহার এখানে আসিবার কথা—He is *expected* to come here to-day.

আমার কথা শোন—Listen to *me.*

আমি এ কথা বলি নাই—I did not say *this.*

ও কথা ছেড়ে দাও—Let the *matter* drop.

কথা এই যে তাহাকে বাড়ি হইতে তাড়াইয়া দেওয়া হইয়াছে—The *thing* is that he has been turned out of the house.

তাই তো কথা—That's the *question.*

তাহার যে কথা সেই কাজ—He is as good as his *word.*

বাপমায়ের কথা শুনিবে—*Obey* your parents.

সে অনেক কথা—It is a long *story.*

সেখানে রেলপথ খুলিবার কথা হইতেছে—A *proposal* is on foot to open a railway line there.

করা

ইঁদুর কিচমিচ করছে—The mouse *squeaks.*

কিছু জলযোগ করুন—Please *partake* of a little refreshment.

কুকুর ঘেউ ঘেউ করছে—The dog *barks.*

তিনি আমাকে দিয়া এটা করালেন—He *made* me *do* this.

তিনি সরকারী চাকরি করেন—He *is in* Government *service.*

বাঁদর কিচিরমিচির করছে—The monkey *chatters* or *gibbers.*

বিড়াল মিউ মিউ করছে—The cat *mews.*

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভ্রমর গুন-গুন করছে—The blackbee *hums.*

মাছি ভনভন করছে—The fly *buzzes.*

রামের সংগে আমি দেখা করিয়াছিলাম—I *saw* Ram, or, I *met* Ram.

সাপ ফোঁস ফোঁস করছে—The serpent, or, snake *hisses.*

সে কাজ হাসিল করিয়াছে—He has *gained* his end.

সে কি করে?—What is *he?*

কাটা, কাটানো

আমার শালখানা ইঁদুরে কেটেছে—Rats have *made holes* in my shawl.

কেউ বা শস্য কাটে, কেউ বা কাটে ঘাস—Some *reap* corn, some *cut* or *mow* grass.

চাকরটার দু'টাকা বেতন কাটা যাবে—A sum of Rs. 2|- *will be deducted* from the servant's pay.

চুল কাটিয়ে এসো—Have your hair *cropped* or *trimmed.*

জমিদার গ্রামে একটি পুকুর কাটাইয়া দিলেন—The zamindar *had* a pond *excavated* in the village.

ডালটা কাট, কিন্তু গাছটা কেটো না—*Lop off* the branch, but don't *cut down* the tree.

তার কথাটা মেয়েটির মনে দাগ কেটেছে—His words *have made an impression* on the mind of the girl.

দিনগুলি একরকম কাটিয়া গেল—The days *passed* somehow.

পেনসিলটা কাট, কিন্তু আঙুলটা কেটো না—*Sharpen* the pencil, but don't *cut* your finger.

বইখানা বেশ কাটছে—The book *sells* well or *is in great demand.*

মেঘ কাটিয়া যাইবে—The cloud will *disperse.*

লাইনটা কাটিয়া দাও—*Cancel,* or *pen through* the line.

লোকটা ট্রেনে কাটা পড়ল না বটে, কিন্তু তাকে সাপে কাটলো—Though the man was not *run over* by the train, he was *bitten* by a snake.

শব্দটি কেটে ফেল—*Draw* your pen *through* the word, or *scratch out* the word.

সে কুঠার দিয়া গাছ কাটিতেছিল—He was *felling* a tree with an axe.

সে বড় কষ্টে কাল কাটাইতেছে—He is *passing* his days in great distress, or, he is *having* a very hard time of it.

হয় একটা কুয়া কাটাও, নয় একটা পুকুর কাটাও—Either *sink* a well, or, *excavate* a pond.

খাওয়া

আমরা দুটার সময় জলখাবার খাই—We *have* our tiffin at 2 P.M.

আমরা ভাত খাই—We *take,* or, *eat* rice.

আমি এখনও খাই নাই—I have not yet *had* my meal.

আমি জল খাইব—I shall *drink* water.

তুমি কি রোজ গড়ের মাঠে হাওয়া খাইতে যাও?—Do you go to maidan every day *to take* the air?

পান খাওয়া বড় বদ অভ্যাস—It is a very bad habit to *chew* betel-leaves.

রবি কাল খুব বেত খেয়েছিল—Rabi *had* a sound caning yesterday.

সে আমার অনেক টাকা খেয়েছে—He has *drained* me of much money.

সে ঔষধ খায় না, কিন্তু চা খায়—He does not *take* medicine, but *takes* tea.

খোলা

আমরা প্রাণ খুলিয়া কথা বলিয়াছিলাম—We had a *heart to heart* talk.

কবে তোমাদের স্কুল খুলিবে?—When will your school *reopen?*

খোকা বোতামটি খুলিয়া ফেলিল—The baby *undid* the button.

গেরোটি খোল—*Untie* the knot.

ঘরের দরজা জানালাগুলো খুলে দাও—*Throw open* the doors and windows of the room.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দশের পৃষ্ঠা খোল—*Open at* page 10.
সে বাক্সটি ভাঙিয়া খুলিল—He *broke open* the box.
সে সব কথা খুলিয়া বলিল—He *made a clean breast of* everything.
হরিবাবু একটি স্টেশনারি দোকান খুলিবেন—Hari Babu will *open* a stationery shop.

চোখ

আমার দিকে ওভাবে চোখ পাকিয়ো না বা রাঙিয়ো না হে—Don't *show* your *temper* to me.
আমি বইটায় চোখ বুলাইয়া লইয়াছিলাম—I *ran my eyes over* the book.
এ বিষয়ে এখনও মাস্টার মশায়ের চোখ পড়ে নি—This has not yet *attracted the notice* of the teacher.
এ ব্যাপারে সে আমার চোখ ফুটিয়ে দিয়েছে—He has *opened my eyes* to the fact.
খুনটা আমার চোখের উপর হয়ে গেল হে!—The murder was committed *under my nose*, do you see!
চারিদিকে চোখ রেখে পথ চলবে—While going on the street, you should have all your *eyes* about you.
ছেলেটার ওপর একটু চোখ রেখো হে!—Please *keep an eye* on the boy.
তুমি কি চোখের মাথা খেয়েছ?—Have you lost your *eyesight*?
তোমাদের কি চোখের চামড়া পর্যন্ত নেই?—Have you not the least *shame*?
লোকটার চোখে মুখে কথা—The man has a *glib tongue*, or, the man *talks nineteen to the dozen*.

চলা, চালানো

আজকাল সংসার চালানো বড় কষ্টকর—Now-a-days it is very difficult to *meet* family expenses.
আমরা হাইকোর্টের দিকে চলিলাম—We *proceeded* towards the High Court.
আমার ঘড়িটা ঠিক চলছে না—My watch is not *going* right.
একটা কলেজ খোলবার প্রস্তাব চলছে—A proposal is *on foot* to start a college.
এ কাগজেই চলবে—This paper will *do*.
এ শব্দ এখন আর চলে না—This word *is* no longer *in use*.
চল এগিয়ে যাই—*Let* us proceed.
তাহার পড়াশোনা ভাল চলিতেছে না—He is not *getting on* well with his studies.
তুমি কি চলিতে পারিবে?—Will you be able *to walk*?
তোমার কেমন চলিতেছে?—How are you *going on*?
দেখিতে দেখিতে ছুটি চলিয়া যাইবে—The holidays will soon *slip by*.
পাখাটা চালিয়ে দাও—*Start* the fan, please.
ভবানীপুরে সে মনিহারী দোকান চালায়—He *runs* a stationery shop in Bhowanipur.
সময় চলিয়া যায়—Time *flies away*.
সে ছাড়া আমার চলে না—I cannot *do* without him.

ছাড়া

আমার জ্বর ছেড়ে গেছে—There has been a *remission* of my fever.
এ সুযোগ ছাড়লে কেন?—Why did you *miss* the opportunity?
গরুটা ছেড়ে দাও—*Let* the cow *loose*.
গাড়ি কখন ছাড়বে?—When will the train *start*?
চৌবাচ্চার জল ছেড়ে দাও—*Let out* the water of the reservoir.
প্রশ্নটি ছাড়িয়া দিলে কেন?—Why did you *omit* to answer the question?
মহাজন সুদ থেকে তিন টাকা ছেড়ে দিল—The money-lender *remitted* three rupees from the interest.
রামকৃষ্ণ কি সংসার ছাড়িয়াছিলেন?—Did Ramkrishna *renounce* the world?
রোগীর নাড়ী ছাড়িতেছে—The pulse of the patient is *sinking*.
সে আমাকে ছেড়ে থাকতে পারে না—He cannot live *without* me.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্কুল ছাড়লে কেন?—Why did you *leave* school?

হাত ছেড়ে দাও বলছি—Mind you, *let go* my hand.

ঠিক

আমার যাওয়া ঠিক হয়েছে—It has been *settled* that I should go.

ঠিক উত্তর দিকে যাও—Go *due* north.

ঠিক এগারটায় স্কুল বসে—The school sits *just* at eleven.

ঠিক যেয়ো যেন—Be *true* to go.

তাহার কথার ঠিক নেই—He is not a man *of his word*.

তুমি ঠিক উত্তর দাওনি—You did not give the *correct* answer.

সংবাদটা ঠিক—The news is *authentic*.

সে ঠিক কবে যাবে জানি না—I do not know the *precise* date of his departure.

সে ঠিক বলেছে—He is *right*.

ডাকা

কাক ডাকছে—The crow *caws*.

গরু ডাকছে—The cow *lows*.

গাধা ডাকছে—The ass *brays*.

ঘোড়া ডাকছে—The horse *neighs*.

ছাগল ডাকছে—The goat *bleats*.

নেকড়ে বাঘ ডাকছে—The wolf *howls*.

পায়রা ডাকছে—The pigeon *coos*.

পেঁচা ডাকছে—The owl *hoots*, or, *screeches*.

বাঘ ডাকছে—The tiger *growls*.

ব্যাঙ ডাকছে—The frog *croaks*.

ভালুক ডাকছে—The bear *growls*.

মেঘ ডাকছে—The cloud *thunders*.

মেষ ডাকছে—The sheep *bleats*.

মোরগ ডাকছে—The cock *crows*.

শিয়াল ডাকছে—The jackal *howls*.

শূকর ডাকছে—The boar *grunts*.

ষাঁড় ডাকছে—The bull *bellows*.

সিংহ ডাকছে—The lion *roars*.

হাতি ডাকছে—The elephant *trumpets*.

ত

আমি ত সেখানে যাব না—*Why*, I am not going there.

কাল তুমি যাচ্ছ ত?—Are you going tomorrow, *isn't* it?

তার ত পরীক্ষায় ফেল হবারই কথা—*No wonder* that he should be plucked in the examination.

তুমি এবার বন্ধে বাড়ি যাচ্ছ ত?—You are going home during the vacation, *I suppose*?

তুমি ত খাও নাই?—You did not have your meal, *did you*?

তুমি ত বড় বোকা—You are a great fool, *I see*.

পার ত একবার দেখা কোরো—See me *if* you can.

বইখানা একবার পড় ত—*Just* read the book.

যাও ত ভালই—*If* you go, well and good.

সে ত একজন কেরানী—He is *only* a clerk.

সে ত এখানে আসছে না—He is *not the man* to come here.

সে ত খোকা—He is *but* a baby.

সে ত ভারী মজার লোক!—He is a very funny man, *to be sure*!

সে সেখানে যাবেই ত—He shall *certainly* go there.

তোলা

আগাছাগুলি তুলিয়া ফেল—*Uproot* the weeds.

আমরা তাহাকে গাড়িতে তুলিয়া লইলাম—We *gave* him *a lift*.

উঠানের চারিদিকে তিনি দেয়াল তুলিবেন—He will *raise* a wall round his compound.

জাহাজটি নোঙ্গর তুলিল—The ship *weighed* anchor.

ঠিক চারটেয় আমাকে তুলে দিও—*Knock* me *up* just at four.

তাহারা আমাকে স্বর্গে তুলিয়া দিল—They *lauded* me to the skies.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পতাকাটি কাল তোলা হইবে—The flag will be *hoisted* to-morrow.
মন্দিরটি গড়িবার জন্য সে চাঁদা তুলিতেছে—He is *raising* subscriptions for the purpose of erecting the temple.
শেষ পর্যন্ত সে কথাটা তুলিল—He *raised* the question at last.
সে কারবার তুলিয়া দিয়াছে—He has *wound up* the business.

থাকা

আমি এখানে বেশীক্ষণ থাকিব না—I shall not *stay* here long.
ইহা যেখানে আছে সেখানেই থাক—Let it *remain* where it is.
তুমি কোথায় থাক?—Where do you *live*?
তোমার এখানে থাকা চলবে না—You must not *stay* here.
সে বিষয় এখন থাক—Let the matter *rest* now.
বনানী কোন বন্ধুর বাড়িতে দুই দিন থাকিবে—Banani will *put up* with one of her friends for two days.

দেওয়া

আমাকে আর কিছু ভাত দাও—*Serve* me some more rice.
আমার কথায় কান দাও—*Give* ear to my word.
আসামী ধরা দিয়াছে—The accused has *surrendered* himself.
এক দিনের জন্য তোমার বইখানা দিতে পার কি?—Can you *lend* me your book for a day?
এ ধারণা তোমার মনে স্থান দেওয়া উচিত নয়—You should not *harbour* this idea in your mind.
কাজে ফাঁকি দিও না—You must not *shirk* your duty.
তাহাকে অবিলম্বে সংবাদ দাও—*Send* word to him at once.
তিনি আমায় আশা দিয়াছিলেন—He *held out* hopes to me.
ননীবাবু সব কাজেই হাত দেন—Nani Babu *sets* his hand to every work.
পথ দাও তো ভাই—Please *make* way.
মেয়েটি বাগানের গাছে জল দিতেছে—The girl is *watering* the plants of the garden.
লেখাপড়ায় মন দাও—*Mind* your studies.
শীঘ্রই তিনি আমাকে বেতন দিবেন—He will shortly *pay* me my salary.
শেষ পর্যন্ত গোপন কথাটা বাহির করিয়া দেওয়া হইল—At last the cat is *let out of the bag*.
সে এবার স্কুল ফাইনাল পরীক্ষা দিবে—He will *appear* at the School Final Examination this year.
হরি তার দাবি ছাড়িয়া দিল না—Hari did not *forego* his claim.

ধরা

আমাদের পুকুরে জেলেরা মাছ ধরিতেছে—The fishermen are *fishing*, or, *catching fish* in our tank.
আমার পা ধরেছে—My legs *refuse to move*.
আমার মাথা ধরেছে—I *have* a bad headache.
আমি একটি গান ধরিলাম—I *struck up* a tune.
আমি তার হাত-ধরা হয়ে আছি—I am at his *beck and call*.
এই গ্লাসে কত জল ধরে?—How much water does this glass *contain*?
এই ঘরে কত জন লোক ধরে?—How many men can this room *accommodate*?
একটি চাকরি করে দেবার জন্য সে আমাকে ধরেছে—He is *pressing* me for a job.
এ গাছে ফল ধরে না—This tree does not *bear* fruit.
কানন ইহা হাতে ধরিয়া আমাকে শিখাইয়াছে—Kanan has *taken great pains* to teach me this.
গাছটিতে ফুল ধরেছে—The tree is *in flower*.
গুরুজনের নাম ধরে ডেকো না—Do not call your superiors *by* name.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ঘরে আর লোক ধরবে না—There is no *space* for more persons in this room.

জাহাজ এ বন্দরে ধরে না—The ship does not *touch* at this port.

তাহার আনন্দ আর ধরে না—His joy *knows no bounds*, or, he is *beside himself* with joy.

তাহার চালাকি ধরা পড়েছে—His trick has been *seen through*.

তাহারা এত দ্রুত হাঁটিল যে তাহাদের ধরা গেল না—They walked so fast that they could not be *overtaken*.

তুমি ট্রেন ধরিতে পারিবে না—You will not be able to *catch* the train.

পরের দোষ ধরিও না—Do not *find fault with* others.

বৃষ্টি ধরে গেল—The rain *stopped*.

মেয়েটা জেদ ধরেছে সে বিয়ে করবে না—The girl *has been determined* not to marry.

সে আমার হাত ধরিল—He *caught hold of* my hand.

সে মদ ধরেছে—He has *taken to* drinking.

হাতে ধরে তাকে আমি কত বললুম—I told him most *importunately*.

পড়া

এককালে ভারতের জিনিস বিদেশে পড়তে পেত না—Once Indian goods *found a ready market* in foreign countries.

এ বাড়িতে আপনার কত খরচ পড়েছিল?—How much did this house *cost* you?

কল্যাণী মূর্ছিত হইয়া পড়িল—Kalyani *fell* into a swoon.

গাঁটকাটাটা ধরা পড়েছে—The pickpocket has been *caught*.

ঝড়ে অনেক গাছ পড়েছে—Many trees have been *blown down* by the storm.

তার ছুরিখানার ধার পড়ে গেছে—The edge of his knife has been *turned*.

তার নামটা মনে পড়ছে না—I cannot *call up* his name.

তার রাগ পড়ে গেছে—He has now *cooled down*.

তার লেখা পড়া যায় না—His handwriting is *illegible*.

তিনি মুশকিলে পড়েছেন—He has *got into* a trouble or *got into* a scrape.

পত্রটা পড়িয়া শোনাও—*Read out* the letter to me.

পরীক্ষার প্রশ্ন বাহির হইয়া পড়িয়াছে—The questions of the examination have *leaked out*.

বেলা পড়ে এসেছে—The day has *drawn to a close*.

রবির দাঁতগুলো সব পড়ে গেছে—Rabi has *lost* all his teeth.

সে গাছ থেকে পড়ে গেল—He *had a fall* from the tree.

সোনার দর শীঘ্র পড়িবে না—The price of gold will not *go down* soon.

পদ, পা

আমার পদে পদে বিপদ্—I meet with dangers *at every step*.

তার পদ খুব উচ্চ—He holds a high *office*.

তার পায়ে ধরিয়া বলিলাম, এ যাত্রা আমাকে ক্ষমা কর—I *earnestly requested* him to forgive me this time.

তার পায়ে পড়িয়া ক্ষমা চাও—Fall at his *feet* and beg pardon.

তিনি খুব উঁচু পদের লোক—He is a man of high *position*.

তোমাদের বাড়ির দিকে আমি আর পা বাড়াচ্চি না—I am not going to *set* my *foot* in your house any more.

পায়ে ভর দিয়া দাঁড়াতে চেষ্টা কর—Try to stand on your own *legs*.

বই, বৈ

আমার এই ঘড়ি বই আর ঘড়ি নেই—I have *no other* watch *than* this.

একথা তাকে বলব বৈকি—*Oh yes*, I shall say this to him.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গাড়ি ছাড়বার সময় হয়েছে বৈকি—*Surely* it is time for the train to start.
গ্রামে একজন বৈ চিকিৎসক নাই—There is *but* one physician in the village.
তার একখানি বই কাপড় নাই—He has *only* one piece of cloth.
তুমি সামান্য একজন মহাজন বৈ ত নও—You are *no better than* a common money-lender.

বটে

আমার ছেলেটা পড়ে বটে, কিন্তু কিছু মনে রাখতে পারে না—*It is true* that my son reads but he cannot remember anything.
তাহার কথাই ঠিক বটে—He is *quite* right.
বটে, এখন মনে পড়েছে তোর কথা!—*Yes,* I remember your words now!
বটে! তুই আমার ছেলেকে গালাগাল দিয়েছিস্!—*Indeed!* You have abused my son!
সে গরিব বটে, কিন্তু সাধুপ্রকৃতির লোক—He is poor *no doubt,* but he is honest.
সে বড়লোক বটে, কিন্তু তাতে আমার কি?—He is *indeed* a rich man, but what is that to me?

বরং

তুমি বরং ডাক্তার ডাক—You had *better* call in a doctor.
বরং ভুল করিব, তবু অপরের টুকিব না—I would *rather* commit mistakes *than* copy others.
সে আমাকে ঘৃণা করে না, বরং ভালবাসে—He does not hate me; *on the contrary,* he loves me.
সে বরং ভাল—That is *rather* good.

বলা, কহা

আমাকে না বলিয়া বাহিরে যাইও না—Don't go out *without my permission.*
আমি যাহা বলিবার বলিয়াছি—I have *had my say.*
ক্লাসে কথা বলা উচিত নয়—You should not *talk* in the class.
তাহাকে বাহিরে যাইতে বল—*Tell* him to go out.
মিথ্যা কথা বলা পাপ—It is a sin *to tell* [a lie.
সত্য কথা বলিবে—*Speak* the truth.
সে আমাকে কুকুর বলিল—He *called* me a dog.
সে পড়া বলিতে পারিল না—He could not *say* his lessons.
সে বলিল যে সে নির্দোষ—He *said* that he was innocent.
সে রামকে বলিয়া বাহিরে গেল—He *took* Ram's *permission* when he went out.

বাঁধা, বাধা, বাঁধানো, বাধানো

কুকুরটাকে বেঁধে রাখ—Keep the dog *chained.*
গরু বাঁধা—To *tether* a cow.
ঘর বাঁধা—To *build,* or, *erect* a house.
চুল বাঁধা—To *braid* the hair.
জাহাজখানি চড়ায় বেধেছে—The ship has *run aground.*
তিনি দাঁত বাঁধাইবেন—He will *have* artificial teeth *set.*
পাগড়ি বাঁধা—To *put on* a turban.
বইটা বাঁধাওনি কেন?—Why did you not *get* the book *bound?*
বাঁধ বাঁধা—To *raise,* or, *throw up* an embankment.
যুদ্ধ বাধিয়া গিয়াছে—The war has *broken out.*
লোকটাকে পুলিস হাতকড়া দিয়া বাঁধিল—The policeman *secured* the man with handcuffs.
সে রামের সঙ্গে ঝগড়া বাধাইল—He *picked* a quarrel with Ram.
সে সকল ছেলেদের মধ্যে ঝগড়া বাধাইয়া দিল—He *set* all the boys *by the ears.*

ভাল

ওদের দোকানে ভাল জিনিস পাওয়া যায়—*Choice* things are available at their shop.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC-0. In Public Domain. Digitizagtion by eGangotri

ছেলেটা ইংরেজীতে খুব ভাল—The boy is very *strong* in English.

তিনি ভাল হয়েছেন—He has *come round*.

দিনটা আজ ভাল নয়—Today is not an *auspicious* day. The day is not *auspicious*.

বইটি বেশ ভাল—The book is *excellent*.

ভগবান্ তোমার ভাল করুন—May God *bless* you.

ভাল কথা, তোমার ছেলে পাস করেছে তো?—*By the by*, has your son passed the examination?

মন

আগামী মাসে পুরী যাইব মনে করিতেছি—I have a *mind* to go to Puri next month, or, I *intend* to go to Puri next month.

আজ তার মন ভাল নেই—He is not in his *humour* to-day.

আমাদের মধ্যে মন কষাকষি চলছে—Our *relations are strained*.

আমি ইঞ্জিনীয়ারিং পড়ব মনে করছি—I am *thinking* of reading engineering.

এই চেয়ারটা আমার মনে ধরেছে—I have *taken a fancy* to this chair.

এই সামান্য টাকাতে আমার মন ওঠে না—I am not *satisfied* with this little money.

এ কথাটা। সর্বদা মনে রাখিও—Always [*bear* this *in mind*.

একসঙ্গে দু-বিষয়ে মন দিও না—Do not *attend to* two things at a time.

তাকে বড় মন-মরা দেখিলাম—I found him very much *depressed*.

তোমার এ মন-গড়া কথা—This is your *got-up* story.

মনের ঝালটা সে আমার উপরেই ঝাড়লে—He vented his *spleen* on me.

মল্লিকার আজ মন ভাল নেই—Mallika is not *in her humour* to-day.

মন্দ

আমার ভাগ্য মন্দ—I am *unlucky*.

আমার মন্দ সময় পড়েছে—I have fallen on *evil* days.

কাকেও মন্দ বাক্য প্রয়োগ করো না—Do not use *ill* words to any one.

ছেলেটার বুদ্ধি মন্দ—The boy is *dull*.

তার চালচলন বড় মন্দ—He has *evil* ways.

মন্দ মন্দ বায়ু বহিতেছে—A *gentle* breeze is blowing.

মন্দ সংসর্গ ত্যাগ কর—Shun *evil* company.

মাথা

আমার মাথা খাও, সেখানে যেয়ো না—Do not, *for the love of me*, go there.

আমি তোমার জন্য মাথা দিতে প্রস্তুত—I am ready to lay down my *life* for your sake.

একাজে মাথা পাতবার লোক নেই—There is none to *undertake* this task.

ছেলেটা মাথায় চড়িয়াছে—The boy has been *given too much indulgence*.

তার অঙ্কে মাথা নেই—He has no *brain* for mathematics.

তার মাথা খারাপ হয়ে গেছে—He is *off his head*.

ভদ্রলোকটি মাথা নেড়ে সম্মতি দিলেন—The gentleman *nodded* assent.

সে এই গ্রামের মাথা—He is the *head* of this village.

সে যেন হাতে মাথা কেটেছে—He is *mad* or *wild* over trifles.

মুখ

এই আইনে সংবাদপত্রের মুখ বন্ধ করা হইয়াছে—By this act the press has been *gagged*.

এমন কথা তোমার মুখে এলো কি করে!—How did such words *escape your lips!*

এমন কথা মুখে আনিও না—Don't *utter* such things.

ছেলেটি আমাদের বংশের মুখ রেখেছে—The boy has kept up the *prestige* of our family.

তুমি কোন্ মুখে আমায় এ কথা বল?—How can you have *the face* to tell me this?

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

তোমার মুখে ফুল চন্দন পড়ুক—Let you *be blessed.*

ভগবান্ এখন আমার ওপর মুখ তুলে চেয়েছেন—God has now *favoured* me.

মুখ সামলে কথা কও!—Hold your *tongue!*

মুখের জোর আছে বলেই ত'রে গেলে—You have succeeded because of the *gift of the gab.*

মেয়েটি মুখ টিপিয়া হাসিতেছিল—The girl was laughing *in her sleeve.*

রাণুর মুখে যেন খই ফুটে—Ranu's *tongue goes nineteen to the dozen.*

রীতা মুখ ভারী করেছে কেন?—Why does Rita look *gloomy,* or. why is Rita *pulling a long face?*

সে আমাকে বড্ড মুখ করেছে আজ—He has *reproached,* me severely today.

সে মুখের উপর আমায় গালাগাল দিল—He cursed me *to my face.*

যেন

আপনাকে কোথায় যেন দেখেছি—I *think* I saw you somewhere.

আমি যেন ভুলেই গেছি, তোমার কি মনে পড়তে নেই?—I *may have* forgotten it, but you should have remembered it.

কে যেন ডাকছে মনে হোল—It seemed *as if* somebody was calling me.

তার গা-টা যেন বরফের মত ঠান্ডা—His body is *as* cold *as* ice.

তিনি যেন আমার পিতার মত—He is my father, *as it were.*

দেখো যেন টাকাগুলো হারিয়ো না—See *that* you do not lose the money.

যেন তুমি টাকা পেলে, কিন্তু তারপর কি করবে?—*Supposing* you get the money, but what will you do then?

সে যেন কিছুই জানে না—He *feigns* to know nothing.

রাখা

আমি কি কাহারও তোয়াক্কা রাখি?—Do I *care* for anybody?

আমি তোমার অনুরোধ রাখতে পারব না—I shall not be able to *comply with* your request.

ও কথা এখন রাখ—*Leave* the matter *alone* for the present.

চেষ্টার কিছু বাকী রাখি নি—I have *spared no pains.*

জিনিসগুলি তোমার কাছে রাখ—*Keep* the things with you.

তিনি একটি মাত্র কন্যা রেখে গেছেন—He has *left* only a daughter *behind.*

তিনি কথা রাখেন না—He does not *keep* his word.

তোমার ছেলের জন্যে একজন মাস্টার রাখ—*Engage* a tutor for your son.

দেশবন্ধুর নামে পার্কটির নাম রাখা হয়েছে—The park has been *named after* Deshbandhu.

বইখানি ওখানে রাখ—*Put* the book there.

ব্যাঙ্কে টাকা রাখুন—Please *deposit* the money in the bank.

রূপক আমাদের বংশের নাম রেখেছে—Rupak has *kept up* the prestige of our family.

লোকটার ওপর চোখ রেখ—*Keep* an eye, or, *watch* over the man.

সে অঙ্কে ভাল নম্বর রাখতে পারেনি—He could not *secure* good marks in Mathematics.

সে কিছুই টাকা রেখে যায়নি—He has *left* no money *behind.*

সে ছেলেটির নাম হরি রেখেছে—He has *given* the boy the name of Hari.

সে লম্বা চুল রাখে—He *wears* long hair.

লাগা

আমার তৃষ্ণা লেগেছে—I *feel thirsty.*

আমার হাতে লেগেছে—I have been *hurt* in my hand.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ইহাতে কতটা সময় লাগিবে?—How much time will it *take?*

এ কাজে তুমি লেগে থাক—You should *stick* to this job.

এতে তোমার কোন খরচ লাগবে না—This will *cost* you nothing.

কথাটা তার প্রাণে বড় লেগেছে—The remark has *touched* him to the *quick*.

কথাটা শুনে আমার তাক লেগে গেল—I *was astonished* to hear this.

কাজে লাগিয়া যাও—*Set about* the work.

খেলা তোমার কেমন লাগিল?—How did you *like* the game?

গুপ্তিপাড়ায় পৌঁছিতে আড়াই ঘণ্টা সময় লাগে—It *takes* two hours and a half to reach Guptipara.

গ্রহণ কখন লাগবে?—When will the eclipse *begin?*

জামাটা আমার খুব মনে লেগেছে—I have *taken* a great *fancy* to the coat.

জামাটা আমার গায়ে লাগে না—The coat does not *fit* me.

জুতাটায় বড় লাগছে—The shoe *pinches* me badly.

তার সর্দি লেগেছে—He has *caught* cold.

তাহার বক্তৃতা আমার ভাল লাগিল না—His speech did not *appeal* to my mind.

তোমার কথা ঠিক লেগে গেছে—Your word has *come true*.

নৌকাখানি তীরে লাগিল—The boat was *steered* to the bank.

ফলটা বড় তেতো লাগছে—The fruit *tastes* very bitter.

বাড়িতে আগুন লেগেছে—The house has *caught* fire.

বাবা বাগানে আম গাছ লাগিয়েছেন—My father has *planted* mango trees in the garden.

মেয়েটির মুখে হাসি লেগেই আছে—The girl always *wears* a smile on her face.

সে বলে যেতে লাগল—He *continued* to [say.

স্বীকার করা

অনুগ্রহপূর্বক এই চিঠির প্রাপ্তি সংবাদ স্বীকার করিবেন—Please *acknowledge* receipt of this letter.

কেহই নিজের দোষ স্বীকার করিতে চায় না—No one likes to *confess* his faults.

দেশের উপকারার্থে তাহাকে বিস্তর ক্ষতি স্বীকার করিতে হইয়াছিল—In the interest of the country he had to *make* a great sacrifice.

সে ব্যাপারে যে আমার অণুমাত্র দোষ নাই তাহা স্বীকার করিতেই হইবে—It must be *admitted* that I am not in the least to blame in that matter.

হেডমাস্টার আমার রিপোর্ট সত্য বলিয়া স্বীকার করিতে রাজী নহেন—The headmaster is not prepared to *accept* my report as true.

হাত

আইনের হাত এড়ানো শক্ত—It is difficult to escape the *grip* of the law.

আমার হাতে এখন অনেক কাজ—I have my *hands* full now.

এই কাজটি কর্মসচিবের হাতে আছে—The post is *at the disposal* of the secretary.

এ বিষয়ে আমার কোন হাত নেই—I have no *hand* in this matter.

এ বিষয়ে সে বেশ হাত পাকিয়েছে—He *has become adept* in it by practice.

কারো গায়ে হাত তুলো না—Don't lay *hands* on any one.

কুয়োটা ২০ হাত গভীর—The well is twenty *cubits* deep.

ডাক্তার রাণুর হাত দেখিলেন—The doctor felt Ranu's *pulse*.

তার হাতের লেখা ভাল—He writes a good *hand*.

বিদেশী দল স্থানীয় দলকে একটি গোল দিয়াছিল—The foreign team scored a goal by playing against the home team.

সে বলটা লুফতে পারলে না—He missed a catch.

সেবার পাশা খেলতে গিয়ে আমার সুন্দর দান পড়ল—That time in course of playing dice I had a very good throw.

পানভোজন

আজ কি রান্না হোল?—What is the menu today?

আশ মিটিয়ে খেয়ে তবে সে গেল—He went away after having his meal to his heart's content.

এক চাকলা আম দাও তো—Give me a slice of mango.

তরকারিতে ঠিকমতো মসলা দেওয়া হয়নি—The curry has not been properly seasoned.

দেখো যেন ভাতটা ধরে না যায়—See that the rice is not overdone.

ভাইটামিনপূর্ণ খাবার খেয়ো—Take food rich in vitamin.

ভাল করে জ্বাল না দিলে দুধটা কেটে যাবে—The milk will turn, if it is not properly boiled.

মাংসটা ভাল সিদ্ধ হয় নি—The meat is underdone.

সে দুবেলা পেট ভরে খেতে পায় না—He is unable to have two square meals a day.

সে ভাতের ফেন গালতে জানে না—She does not know how to strain away the gruel.

ব্যবসায়-বাণিজ্য

কলিকাতার কয়েকটি ব্যাঙ্কে টাকা তোলার ধুম পড়ে গেছে—There has been a great run on some Calcutta banks.

Dr. Hamila Sharma Collection, Varanasi

CC0: In Public Domain, Digitizagtion by eGangotri

কিভাবে জিনিসপত্রের দাম হু হু ক'রে বাড়ছে দেখেছ?—Have you noticed how the prices of things are shooting up?

পুজো কাছে এসেছে, তাই বাজার বেশ গরম —The Puja is near at hand, so all things are smart.

ভারত কাঁচা মাল রপ্তানি করে—India exports raw materials.

মজুতদারেরা চোরাবাজারে চড়া দামে চাল বিক্রয় করিতেছে—Hoarders are selling rice at exorbitant rates in the black market.

মাত্র কয়েকদিন আগেও বাজার মন্দা যাচ্ছিল —Business was very dull only a few days back.

রাজ্য-সরকারের নির্দেশমত কয়েকটি জিনিসের সর্বোচ্চ মূল্য বাঁধিয়া দেওয়া হইয়াছে—According to the directions of the state government the maximum prices of some articles have been fixed.

যানবাহনাদি

আমরা শ্যামবাজারের ট্রামে চড়িলাম—We boarded a Shyambazar-bound tram car.

আমি কাশীর টিকিট কিনিয়াছি—I am booked for Varanashi.

একটি মালগাড়ির সঙ্গে একটি ঘোড়ার গাড়ির ধাক্কা লেগেছে—A carriage collided with a goods train.

এসপ্ল্যানেডে যাইতে কত ট্রাম ভাড়া লাগিবে?—What is the fare to Esplanade by tram?

গরুর গাড়ির ভাড়া লইয়া ঝগড়া লাগিল—There was a quarrel over the cartage.

ঘোড়াতে জিন লাগানো হয়েছে—The horse has been saddled.

জাহাজের ভাড়া কে দেবে?—Who will give the passage money?

তিনি 'জলপরী' জাহাজে চলিলেন—He took passage in the 'Jálapari'.

নৌকা দাঁড়ে চলিতেছিল—The boat was propelled by oars.

নৌকায় ছিদ্র হওয়ায় জল উঠিতে লাগিল—The boat sprang a leak.

বিমানে দার্জিলিং যাইব—I shall go to Darjeeling by air.

মাজদিয়াতে দুইটি ট্রেনে সংঘর্ষ হইয়াছিল—There was a collision between two trains at Majdia.

রেলভাড়া কত?—What is the railway fare?

সে পঞ্জাব মেলে তাহার জিনিসপত্র পাঠাইয়াছে —He has booked his passage by the Punjab Mail.

যুদ্ধবিগ্রহ

আমি হটিয়া আসিলাম—I beat a retreat.

ইংলণ্ড জার্মানীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়াছে—England has declared war on Germany.

কামানশ্রেণী দেখিয়া তাহাদের ভয় হইল—The artillery made them afraid.

ঘোরতর যুদ্ধ চলিতেছে—(1) The battle is raging furiouslv. (2) A fierce fight is raging.

জাপানীরা পালটা আক্রমণ চালাইয়াছে—The Japanese have launched a counter-attack.

জার্মানেরা সম্পূর্ণ পরাস্ত হইয়া বিনাশর্তে আত্মসমর্পণ করিল—The Germans sustained a total defeat and surrendered at discretion.

তাহাদের মধ্যে যুদ্ধ আরম্ভ হইল—Hostilities commenced between them.

নেদারল্যাণ্ডস্ সম্পূর্ণ নিরপেক্ষ থাকিবে বলিয়া ঘোষণা করিয়াছে—Netherlands has proclaimed her absolute neutrality.

প্রবলবেগে আক্রমণ করিয়া শত্রুরা দুর্গ জয় করিল—The enemy took the fort by storm.

বিদ্রোহীরা অস্ত্রত্যাগ করিয়াছে—The rebels have laid down their arms.

মিত্রপক্ষের বোমারু বিমান গত রাত্রিতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বার্লিনের উপর হানা দিয়াছিল—Allied bombers raided Berlin last night.
যুদ্ধে আহত ও নিহতের সংখ্যা খুব বেশী হয় নাই—The casualties of the battle were not many.
রাজা গুলি চালাইবার হুকুম দিলেন—The king ordered to open fire.
শত্রুকে অতর্কিতে আক্রমণ করিয়া পরাজিত করা হইল—The enemy was taken by surprise and defeated.
সেনাপতি ব্যূহ রচনা করিলেন—The general drew up his men in order of battle or in battle array.
সেনাপতির পদ কে গ্রহণ করিবে?—Who will take the command of the army?
সৈন্যগণ বিপদজ্ঞাপক ধ্বনি করিল—The soldiers sounded the note of alarm.

রোগ, ঔষধ, স্বাস্থ্য

অন্তিমকালে ডাক্তার ডাকা হোল—The doctor was called in at the eleventh hour.
আজ তার জ্বর ছেড়েছে—There is the remission of his fever today.
আমার শরীরটা বিশেষ ভাল নাই—I feel out of sorts.
আশা করি তুমি ভাল আছ—I hope you are keeping fit or good health.
এই ঔষধ একদিন অন্তর খাইবে—Take this medicine every other day.
এই ফোড়াটা কাটাতে হবে—This boil requires to be opened.
ক'দিন ধরে আমার পেটটা কামড়াচ্ছে—I have been feeling a griping for a few days.
গতকাল আমার পেটটা ফেঁপেছিল—Yesterday I had a flatulent stomach.
ডাক্তার তোমাকে পূর্ণ বিশ্রাম নিতে বলেছেন—The doctor has advised you complete rest.
ডাক্তার রোগ নির্ণয় করতে পারলেন না—The doctor failed to diagnose the disease.
তার কেঁপে জ্বর এলো—He has fever attended with shivering.
তোমায় কে দেখছেন—(1) Under whose medical treatment are you? (2) Who is your medical attendant?
তোমার বায়ু পরিবর্তনের দরকার—You need change of air.
রোগী এখন ভালর দিকে—The patient is now on a fair way to recovery.
সে জ্বরে শয্যাগত—He is laid up with fever.
সে বলিতেছে তাহার মাথা ঘুরিতেছে—He says that he feels giddy,

শিক্ষা

আমাদের বিদ্যালয়ে ধর্মশিক্ষার ব্যবস্থা নাই—There is no provision for religious instruction in our school.
ইংরেজী ভাষা এখনও আমাদের দেশে শিক্ষার বাহন—English is still the medium of instruction in our country.
কলিকাতা বিশ্ববিদ্যালয় তাঁহাকে পি-এইচ্-ডি. উপাধি প্রদান করিয়াছেন—The University of Calcutta has conferred on him the degree of Ph. D.
গণিতে তাহার বিশেষ অধিকার আছে—He is quite at home in mathematics, or, he is quite well-up in mathematics.
না বুঝিয়া মুখস্থ করিও না—Don't learn anything by rote.
পরীক্ষা কেমন দিলে?—How did you fare in the examination?
প্রায় প্রত্যেক জেলায় সরকারী উচ্চ বিদ্যালয় আছে—Almost in every district there is a Government High School.
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা অত্যন্ত প্রয়োজনীয়—Compulsory primary education is a great necessity.
সুরেন্দ্রনাথের ইংরেজীতে খুব দখল ছিল—Surendranath had a great command of English.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সে ইংরেজীতে খুব কাঁচা—He is awfully weak or deficient in English.

সে মৌখিক পরীক্ষায় পাস করেছে—He has passed in the *viva voce* examination.

সময়, ঘড়ি

আমার ঘড়িটা ঠিক সময় রাখে—My watch keeps good time.

একদিন বিকালে—One afternoon.

জুন মাসের প্রথমে—In the early part of June.

জুন মাসের মধ্যভাগে—In the middle of June.

জুন মাসের মাঝামাঝি—By the middle of June.

জুন মাসের শেষ পর্যন্ত—By the end of June.

তোমার ঘড়িতে ক'টা বেজেছে?—What is the time by your watch?

নয়টা বাজিতে দশ মিনিট থাকিতে—At ten minutes to nine.

নয়টা বাজিয়া পাঁচ মিনিট হইলে—At five minutes past nine.

পয়লা মে সকালে—On the morning of the 1st May.

বিদ্যালয়ের ঘড়িতে ১১টা বাজে—The school clock is on the stroke of eleven.

রবিবার প্রাতঃকালে—On Sunday morning.

শেষরাত্রে—During the small hours of the morning.

সাতই মে রবিবার বিকাল ৪টার সময়—At 4 P. M. on Sunday, the 7th May.

APPENDIX X

DIFFERENT BENGALI PHRASES RENDERED INTO ENGLISH

A. Noun Phrases

I

কালি কলম—Pen and ink.

দোষ গুণ—Merits and demerits.

ধনজন—Men and money.

পশুপক্ষী—Birds and beasts.

পাপপুণ্য—Virtue and vice.

রক্ত-মাংসে—Flesh and blood.

স্বামি-স্ত্রী—Husband and wife; man and wife.

II

এক পয়সার পান—A *pice worth* of betels.

এক মুঠো চাউল—A *handful* of rice.

চার গাড়ি সুরকি—*Four cart-loads* of brick-dust.

দুই গাড়ি চুন—*Two cart-loads* of lime.

দুই জোড়া জুতা—*Two pair* of shoes.

III

আড়াই টাকা—Two rupees and a half; two and a half rupees.

এই বোকা লোকটার হিতাহিত জ্ঞান নাই—This fool cannot distinguish between *right and wrong*.

রক্ত-মাংসের শরীরে এরূপ অপমান সহ্য হয় না—*Flesh and blood* cannot endure such insult.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সওয়া চারি ঘণ্টা—Four hours and a quarter.

সব কাগজপত্র তালা বন্ধ করিয়া রাখিয়াছি—I have kept all my papers under *lock and key.*

সাড়ে তিন সের—Three seers and a half.

B. Adjective Phrases

I

অতি অল্পবয়স্কা বালিকা—A girl *of very tender age.*

অদ্বিতীয় যোদ্ধা—A warrior *without an equal.*

চরিত্রবান্ লোক—A man *of character.*

চরিত্রহীন লোক—A man *without character.*

জটাধারী সন্ন্যাসী—A hermit *with matted hair.*

দশ বৎসর বয়স্কা বালিকা—A girl *of ten years.*

ধনবান্ লোক—A man *of wealth.*

ধনহীন লোক—A man *of no wealth.*

পক্বকেশ বৃদ্ধা—An old woman *with grey hair.*

প্রতিভাসম্পন্ন যুবক—A young man *of parts.*

ভারবাহী পশু—A beast *of burden.*

শিকারী পশু—A beast *of prey.*

II

অঙ্কশাস্ত্রে ব্যুৎপন্ন বালিকা—A girl *well up in mathematics.*

এক চোখ কানা গরু—A cow *blind of one eye.*

কমিটি কর্তৃক অনুমোদিত প্রস্তাব—A proposal *approved by the committee.*

কর্তব্যজ্ঞানরহিত বালক—A boy *having no sense of duty.*

পতিব্রতা নারী—A woman *devoted to her husband.*

পদ্মাতীরে অবস্থিত বহু গ্রাম—Many villages *on the banks of the Padma.*

পাহাড়ের পাদদেশে অবস্থিত উপত্যকা—A valley *lying at the foot of a hill.*

ফলভরে অবনত বৃক্ষ—A tree *bending under the weight of its fruit.*

সুরাপানাসক্ত লোক—A man *addicted to drinking.*

III

গ্রামের পশ্চাতের বন—The forest *behind the village.*

বাড়ির সম্মুখস্থ উদ্যান—The garden *in front of the house.*

শহরের নিকটবর্তী গ্রাম সকল—The villages *in the vicinity of the town.*

IV

দশ মাইল লম্বা রাস্তা—A road *ten miles long.*

দশ হাত গভীর পুকুর—A tank *ten cubits deep.*

নয় হাত লম্বা একটি ঘর—A room *nine cubits long.*

পাঁচ ফুট উচ্চ প্রাচীর—A wall *five feet high.*

V

তুষার-শুভ্র বস্ত্র—A cloth *as white as snow.*

তুলার মতো নরম বিছানা—A bed *as soft as down.*

বরফের ন্যায় ঠাণ্ডা জল—Water *as cold as ice.*

VI

এই যুবকটি একেবারে কাণ্ডজ্ঞানশূন্য—This young man is *utterly devoid of common sense.*

এক শুভ্রবসনা রমণী বৃক্ষতলে কাঁদিতেছিলেন—A *woman in white* was wailing at the foot of the tree.

গত বৎসরের বন্যায় পদ্মার তীরস্থ অনেক গ্রাম ধ্বংস হইয়া গিয়াছে—Many villages *on the banks of the Padma* were washed away by the last year's flood.

দাঁড়াইতে অক্ষম—Unable to stand.

পড়িতে সহজ—Easy to read.

পিঞ্জরের মধ্যস্থিত কোকিলটি সুন্দর গান করিতেছে—The cuckoo *in the cage* is singing sweetly.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মেঘাচ্ছন্ন আকাশ দেখিয়া কৃষকেরা বাড়ির দিকে দৌড়িয়া চলিল—The cultivators were running towards their home at the sight of the sky *overcast with clouds.*

শুনিতে মধুর—Sweet to hear.

C. Adverbial Phrases

অত্যন্ত তাড়াতাড়ি করিয়া—In hot haste.

অনাবৃত স্থানে—In the open.

অনেক দিন পরে—A long time after.

অশেষ প্রকারে—In endless or many ways.

অশ্বারোহণে—On horse-back.

আখেরের মতো—Once for all; for good and all.

উপমাস্থলে—By way of comparison.

উপস্থিতক্ষেত্রে—On the present occasion; in the present case; in the matter in hand.

এই বয়সে—At this time of life.

এইভাবে, এই মর্মে—To this effect.

এমন সময়—When.

এরূপ অবস্থায়—Under or in these circumstances; such being the case; as matters now stand.

ঐকান্তিক ভক্তি সহকারে—With an unswerving spirit of reverence.

কাতরস্বরে—In a plaintive voice.

ঘরে বাহিরে—In and out; at home and abroad.

চাহিবামাত্র—On demand.

চাহিলেই—For the asking.

জবরদস্তি করিয়া—With a high hand; perforce.

থর থর করিয়া—In a violent tremor; shaking like a reed.

দুইজন করিয়া—By twos; two at a time.

দুদিন আগেই হোক, আর দুদিন পরেই হোক—Sooner or later.

পাশাপাশি যাওয়া—Ride or walk *abreast.*

প্রকাশ্য দিবালোকে—In broad daylight.

প্রকৃতপক্ষে—To all intents and purposes; in reality; really; in fact.

ভালভাবে—In good part (আমার কথা ভালভাবে লইবে—take my words in good part).

ভিতরে ভিতরে—At bottom.

মুক্তকণ্ঠে—Without reserve; without hesitation.

মুক্তহস্তে—With open hands; with a lavish hand: liberally.

যোগ্যতা অনুসারে—In order of merit; according to qualification.

সকল দিকেই—On all hands; on all sides; on every side.

সকল সময়েই—As the day is long; always.

সরল বিশ্বাসে—In good faith.

সামনাসামনি—Face to face; facing each other.

সাময়িক উত্তেজনার বশবর্তী হইয়া—On the spur of the moment.

সারা সপ্তাহ ধরিয়া, সমস্ত সপ্তাহ—Week in, week out.

স্পষ্ট কথায়—In plain terms.

স্পষ্ট দিবালোকে—In broad daylight.

স্পষ্টাক্ষরে—Point-blank.

স্বল্পাকারে—On a small scale; in miniature.

স্বেচ্ছানুসারে—Of one's own accord; of one's own will.

হর্ষোৎফুল্ল লোচনে—With pleasure beaming in one's eyes.

D. Interjectional Phrases

অমন টাকায় ধিক!—Fie on such money!

অহো! এও কি আমার অদৃষ্টে ছিল!—*Alas!* Was this in store for me?

আ! কি আনন্দ!—*Oh!* What a joy!

আ পোড়া কপাল!—*Ah me!* Woe is me! Dear me!

আরে, রবি যে!—*Hallo,* is it you, Rabi!

কি দুঃখের বিষয়!—What a pity!

কি বিপদ্, তুমি এসেছ টাকা চাইতে!—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dear me, you too have come to ask for money!

কি! রাণুর এ কাজ!—To think that Ranu has done this!

খুব আক্কেল হয়েছে!—Rightly served! Serve him right!

চমৎকার!—Capital! Exquisite!

চুপ চুপ, কে যেন আসছে!—*Hush!* Somebody is coming!

ছি! ছি!—Fie! For shame!

তোমার সর্বনাশ হোক!—Ruin seize thee!

দেখ! দেখ!—Look! Lo! Behold!

দোহাই ধর্ম!—For pity's sake!

দোহাই মহারাজ!—I appeal to you, *O emperor!*

পাগল আর কি!—What nonsense!

মহারাজের জয় হোক!—Victory or glory be to His Majesty!

রে নরাধম!—You vilest of men! You scoundrel!

রে ব্রাহ্মণ কুলাঙ্গার!—You wretch of a Brahmin!

সাবাস!—Bravo! Well done!

হায়! আমার সর্বনাশ হয়েছে—*Alas!* I am undone.

APPENDIX XI

BENGALI INDECLINABLES RENDERED INTO IDIOMATIC ENGLISH

উপর, উপরে

আমার উপর নির্ভর করিও না—Do not depend *on* me.

এই নদীটার উপর দিয়া একটি সেতু আছে—There is a bridge *over* this river.

কখনও পায়ে হাঁটিয়া, কখনও ঘোড়ার উপর চড়িয়া সে ভ্রমণ করিয়াছিল—He journeyed now *on* foot, now *on* horseback.

ছয় বছরের উপর সকল শিশুই স্কুলে যাইবে—All children *above* six must go to school.

ছাদের উপর একটি কানা পাখি বসিয়া আছে—There is a one-eyed bird sitting *on* the roof.

ছাদের উপর দিয়া একটি পাখি বিদ্যুৎবেগে উড়িয়া গেল—A bird flew *over* the roof with the lightning speed.

তোমার উপর আমার বিশ্বাস নাই—(1) I have no confidence *in* you. (2) I cannot depend *on* you.

নবীন আমার উপর অসন্তুষ্ট—Nabin is displeased *with* me.

বইখানা টেবিলের উপর রাখ—Put the book *on* the table.

মাথার উপরে ভগবান্ আছেন—There is God *overhead*.

মেঘের উপর দিয়া বিমানটি যাইতেছে—The aeroplane is flying *above* the clouds.

সে আমার উপর বড় ক্রুদ্ধ—He is very [angry *with* me.

সেখানে একশতের উপর লোক আসিয়াছিল—*Over* a hundred people came there.

সে সকলের উপর কর্তৃত্ব করে—(1) He exercises his authority *over* all. (2) He lords it *over* all.

হরি ক্লাসে আমার উপরে থাকে—Hari is *above* me in the class.

হুগলী নদীর উপর কলিকাতা অবস্থিত—Calcutta stands *on* the Hooghly.

Dr. Urmila Sharma Collection, Varanasi

Bengali Indeclinables. CC-0. In Public Domain. Digitizagtion by eGangotri

দ্বারা, দিয়া, কর্তৃক

আমরা হাত দিয়া কাজ করি—We work *with* our hands.

আমি তাহার বাড়ির পাশ দিয়া রোজ যাই—I go *by* his house every day.

আমি রাস্তা দিয়া চলিতেছিলাম—I was walking *along* the road.

কলম্বাস কর্তৃক আমেরিকা আবিষ্কৃত হয়—America was discovered *by* Columbus.

চাকর দিয়া ডাকে, চিঠিখানা দাও—Post this letter *through* the servant.

জল দিয়া গেলাসটি পূর্ণ কর—Fill the glass *with* water.

তিনি লাঠি দ্বারা সাপ মারিলেন—He killed the snake *with* a stick.

দেওয়ালের এক ছিদ্র দিয়া সাপটি ঘরে প্রবেশ করিল—The snake entered the room *through* a hole in the wall.

প্রবন্ধটি কাহাকেও দিয়া লিখাইয়া লইও—Get the essay written *by* somebody.

নিমিত্ত, জন্য, পক্ষে

আসামীর পক্ষে উকিল কে ছিল?—Who was the counsel *for* the defence?

তাহার পক্ষে এরূপ প্রবন্ধ লেখা অসম্ভব—It is impossible *for* him to write such an essay.

তাহারা রামবাবুর পক্ষে ভোট দিবে—They will vote *for* Ram Babu.

তিনি চিরকালের নিমিত্ত দেশ ত্যাগ করিলেন—He left the country *for* good.

তোমার জন্য আমরা বড়ই দুঃখিত—We are very sorry *for* you.

পানে, প্রতি, দিকে, অভিমুখে

আকাশের পানে তাকাও—Look *at* the sky.

বিপদে ঈশ্বরের দিকে তাকাও—Look up *to* God in danger.

মার প্রতি ছেলেটির যথেষ্ট শ্রদ্ধা আছে—The boy has a great regard *for* his mother.

শিক্ষকমহাশয় আমার প্রতি ক্রুদ্ধ হইলেন—The teacher grew angry *with* me.

সৈন্যবাহিনী যুদ্ধক্ষেত্রের অভিমুখে যাত্রা করিল—The army marched *towards* the battle-field.

হরিমোহন গৃহাভিমুখে গেল—Harimohan went *to* his home.

বিনা, ছাড়া, ব্যতীত, ভিন্ন

একটা চাকর ছাড়া আমার চলে না—I cannot do *without* a servant.

এতদ্ব্যতীত আমার আরও বহু পুস্তক আছে—(1) I have many other books *besides* this. (2) I have many books *other than* this.

বায়ু বিনা আমরা বাঁচিতে পারি না—We cannot live *without* air.

বিনা নোটিসে সে পদত্যাগ করিল—He resigned *without* notice.

রাম ব্যতীত সকলেই পরীক্ষায় পাস করিয়াছিল—All *but* Ram passed in the examination.

হরি ভিন্ন আর সবাই উপস্থিত—All are present *except* Hari.

মধ্যে, মধ্য দিয়া, ভিতর দিয়া, ভিতরে

অভ্যাগত ব্যক্তিকে ঘরের মধ্যে লইয়া যাও—Show the visitor *into* the room.

আমি ঘরের মধ্যে সারাদিন ছিলাম—I kept *within* doors all day long.

আমি চারিদিনের ভিতরে ফিরিলাম—I returned *within* four days.

আমি দুই এক দিনের ভিতরে ফিরিব—I shall come back *in* a day or two.

আমি সাতটা হইতে আটটার মধ্যে আসিব—I shall come *between* seven and eight o'clock.

এই গ্রামের মধ্য দিয়া এক হাতি গিয়াছিল—An elephant passed *through* this village.

ঘরের ভিতরে কেহ নাই—There is no one *in* the room.

ডালটি আমার নাগালের মধ্যে আছে—The bough is *within* my reach.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাহারা সর্বদাই বাড়ির ভিতরে থাকে—They always keep *within* doors.

তোমাকে এক ঘণ্টার মধ্যে ফিরিতে হইবে—You must be back *within* an hour.

নদীটির মধ্য দিয়া সাঁতার দিতে পার কি?—Can you swim *across* the river?

নবীনের কণ্ঠস্বর আমার কানের মধ্যে বাজিতেছে—Nabin's voice rings *in* my ears.

বাড়ি ও স্টেশনের মধ্যে আমি ইহা ফেলিয়াছিলাম—I dropped it *between* the house and the station.

বাড়িটির ভিতর দিয়া পথ আছে—There is a passage *through* the house.

বালিকাদের মধ্যে এই কমলালেবুগুলি ভাগ করিয়া দাও—Divide these oranges *among* the girls.

ভারতীয় কবিদের মধ্যে কালিদাস সর্বশ্রেষ্ঠ—(1) *Among* Indian poets Kalidasa is the greatest. (2) Kalidasa is the greatest *of* all Indian poets.

সকল জন্তুর মধ্যে শৃগাল বড় চালাক—*Of* all animals the jackal is the most cunning.

সে ধনীদের মধ্যে ধনী—He is the richest [*of* the rich.

APPENDIX XII

PAURANIC NAMES OF PLACES

(A=Ancient. M=Modern)

অঙ্গদেশ—(A) Bihar; (M) Bhagalpur and Monghyr districts.

অবন্তী—(A) Abanti; (M) Malwa.

অম্বর—Ambar (in Jaipur).

অযোধ্যা—Ayodhya [capital of (A) Kosala].

অসেচনক—(A) Asia.

অস্তাচল—(A) The furthermost western limit of the world.

আনন্দমঠ—Anandamath.

ইন্দ্রপ্রস্থ—(A) Indraprastha; (M) Delhi.

ইস্তাম্বুল—(A) Constantinople; (M) Istanbul.

উজানি—Ujani, a town in Burdwan.

উজ্জয়িনী—(A) Ujjayini; (M) Malwa.

উৎকল—Orissa.

উত্তরাপথ—Gangetic Plain; (A) Aryabarta.

উদয়গিরি—(A) The easternmost mountain of the world; (M) mountain near Cuttack.

উদয়নালা, উধুয়ানালা—Udayanala, a town to the N. W. of Murshidabad.

ঋষ্যমূক—Rishyamuk, a mountain by the river Tungabhadra.

এলিফ্যাণ্টা—Elephanta.

এশিয়া মাইনর—Asia Minor.

ওদন্তপুর—(A) Odantapur; (M) town near Monghyr.

কঙ্কন, কোঙ্কণ প্রদেশ—Konkan.

কনিষ্কপুর—(A) Kanishkapur; (M) place near Srinagar, Kashmir.

কপিলনগর, কপিলবস্তু, কপিলবাস্তু—(A) Kapilavastu; (M) place in the district of Gorakhpur.

কম্বোজ—Cambodia; Tonking and Annam.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করতোয়া—Karatoya, a river near Bogra.
কর্ণাট—Carnatic.
কর্মনাশা—The Karmanasha, a river flowing through Bihar and Varanashi.
কলিঙ্গ—(A) Kalinga; (M) region bordering on the Bay of Bengal and between Tamilnadu and Orissa.
কাঞ্চনজঙ্ঘা—Kanchenjunga.
কাঞ্চননগর—Kanchannagar, a village in Burdwan.
কাঞ্চি, কাঞ্চী—(A) Kanchi; (M) region within the Arcot Division in Tamilnadu, Kanjeevaram.
কান্যকুব্জ—(A) Kanauj; (M) Lucknow.
কামরূপ—(A) Kamrup; (M) Assam.
কামাখ্যা—Kamakhya.
কার্ণাটিক, কর্ণাটিক—The Carnatic.
কিষ্কিন্ধ্যা—(A) Kishkindhya; (M) Anagundi.
কুন্তীভোজ—(A) Kuntibhoj; (M) territory adjoining Ujjayini in Madhya Pradesh.
কুমারিকা—Cape Comorin.
কুরুক্ষেত্র—(A) Kurukshetra; (M) the plains near Delhi.
কুশদ্বীপ—(A) Kushadwip; (M) territory between the Sea of Aral and the Caspian Sea.
কোশল—(A) Koshal; (M) territory from north of Varanashi extending to the base of the Himalayas.
কোশাম্ব—(A) Koshamba; (M) Balasore, or territory at the mouth of the Subarnarekha.
কোহলাপুর—Kolhapur, in modern Maharastra.
কৌশাম্বী—(A) Kausambi, 30 miles from Prayag.
ক্রোড়মণ্ডল—Coromandal.
খাণ্ডব—(A) Forest near Delhi.
গন্ধমাদন—(A) Gandhamadan, a mountain near Mansarowar.
গান্ধার—(A) Gandhar; (M) territory including Peshwar and Taxila.
গৌড়—(A) Gauda; (M) Bengal.
চোড়, চোল—(A) Coromandal; (M) the Carnatic.
জনস্থান—(A) Janasthan, another name for Dandakaranya in the Deccan.
জেজাভুক্তি—(A) Jejabhukti; (M) Bundelkhand.
তক্ষশীলা—(A) Taxila, a place to the north of Rawalpindi.
তাম্রলিপ্ত, তাম্রলিপ্তি—(A) Tamralipta (Tamralipti); (M) Tamluk.
দক্ষিণাপথ—The Deccan.
দণ্ডকারণ্য—(A) Dandakaranya, a large forest on the Godavari; (M) large wild tract of land in M. P.
দ্রাবিড়—(A) Dravid, a territory between Kalinga on the north and Cape Comorin; (M) Tamilnadu and Andhra States.
নালন্দা—(A) Nalanda, a village near [Patna.
নৈমিষারণ্য—(A) Naimisharanya, 45 miles from Lucknow near the Gomti.
পঞ্চবটী—(A) Panchabati; (M) Nasik.
পাঞ্চাল—(A) Panchal, a territory lying on both sides of the Ganges; (M) Furrukabad.
পাণ্ড্য, পাণ্ড্য-দেশ, পাণ্ড্য-রাজ্য—(A) Pandya, south of ancient Dravid. Modern Madura was included in it.
পুণ্ড—(A) Punda; (M) Midnapore.
পৌণ্ড্রবর্ধন—(A) Pandua in (M) Maldaha.
প্রাগ্‌জ্যোতিষপুর—(A) Pragjyotishpur; (M) Tripura, Comilla, etc.; part of Assam.
বারণাবত—(A) Varanabata; (M) [Allahabad.
বারাণসী—Varanashi.
বিদর্ভ—(A) Vidharva; (M) Berar.
বিদিশা—(A) Vidisha; (M) Vilsa near Jubbulpore.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিরাট—(A) Virat; (M) Bogra, Dinajpur and Rangpur. [Bihar.
বৈশালী—(A) Vaisali; (M) Upper
ব্রহ্মাবর্ত—(A) Brahmavarta; (M) part of modern Indo-Gangetic Plain.
ভোজ—(A) Bhoj; (M) Berar.
মগধ—(A) Magadh; South Bihar; (M) Bihar.
মালব—Malwa.
মাল্যবান্—(A) Malyaban; (M) place in the district of Ratnagiri.
মিথিলা—(A) Mithila; (M) Tirhut in Bihar.
রাঢ়—(A) Rarha; (M) West Bengal.
রৈবতক—(A) Raibatak; (M) Kathiawar.
লিচ্ছবি—(A) Lichhavi; (M) Muzaffarpur.
শতদ্রু—The Sutlej.
শ্রীরঙ্গপত্তনম্—Seringapatam.
সমতট—(A) Samatat; (M) East Bengal.
সুবর্ণভূমি—(A) Suvarnavumi; (M) Upper Burma.
সোনার গাঁ—Subarna Gram; (M) Vikrampur.
হস্তিনাপুর—Hastinapur, 16 miles from New Delhi.

APPENDIX XIII

BENGALI ABBREVIATIONS WITH ENGLISH EQUIVALENTS

অঃ—Honorary.
আঃ—Benediction, benedictory (letters); (Accounts) advance.
আই. জি.—I. G. (Inspector-General).
আদাঃ—Court.
কলেঃ—Collector.
কোং—Company.
গ. সা. গু.—H. C. F. (Highest Common Factor).
গঃ—(accounts). Through; per bearer.
গঃ খোদ—Himself; personally.
জি. এম্.—G. M. (General Manager).
ডাঃ—Doctor.
ডি. এস্-সি.—D. Sc. (Doctor of Science). [ture).
ডি. লিট্—D. Litt. (Doctor of Litera-
তাং—Dated.
দঃ—On account of.
দঃ বিঃ—Penal Code.
নং—No.; Number.
নিঃ ভাঃ—All India.
নিঃ ভাঃ রাঃ সঃ—All-India Congress Committee.
পি-এচ্. ডি.—Ph. D. (Doctor of Philosophy).
পি. এম্.—P. M. (Post Master).
পুঃ—Masculine gender.
পুঃ—Postscript; P. S.
পোঃ, পোঃ আঃ—P. O. (Post Office).
বঃ—Signed.
বি. এ.—B. A. (Bachelor of Arts).
বি. এল্.—B. L. (Bachelor of Law).
বি. এস্-সি.—B. Sc. (Bachelor of Science).

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভি. পি.—Value Payable Post.
মাং—Through ; per bearer.
মিঃ—Mr.
রেঃ—Reverend.
রোঃ—Ready Cash.
ল. সা. গু.—L. C. M. (Least Common Measure).
লিঃ—Ltd. ; Limited.
সাং—Residence ; address.
হিঃ—Account ; on account.

APPENDIX XIV

BENGALI DIRECT SPEECH RENDERED INTO ENGLISH

(*Several Models Given*)

1. একজন লোক আমাকে জিজ্ঞাসা করিল, "ইহাই কি জাদুঘরে যাইবার রাস্তা?"—A man said to me, "Is this the way to the museum ?"

Or

A man asked me whether that was the way to the museum.

2. খরগোশ মনে করিল, কচ্ছপ যত দ্রুতই চলুক না কেন, আমি উহার আগে গন্তব্য-স্থানে পৌঁছাইতে পারিব—The hare thought, "Let the tortoise walk as fast as he can. I will be able to reach the goal before him."

Or

The hare thought that he would be able to reach the goal before the tortoise, however fast the latter might walk.

3. সে আমায় বলিল, "আপনার উপকারের কথা সর্বদা আমার মনে জাগিয়া আছে।" —He said to me, "The thought of the good you did me is always fresh in my memory."

Or

He told me that the thought of the good I had done him was always fresh in his memory.

4. রামবাবু তাহাকে জিজ্ঞাসা করিলেন, "ভাই, হরি তোমার কানে কানে কি বলিল?" —Ram Babu said to him, "Friend, what did Hari whisper in your ear ?"

Or

Ram Babu addressing his friend enquired what Hari whispered in his ear.

5. বিদ্যাসাগর মহাশয় লোকটিকে বলিলেন, "আপনি আজ রাত্রিতে আমার সঙ্গে একবার দেখা করিবেন।"—Vidyasagar Mahasaya said to the man, "Please see me once this night."

Or

Vidyasagar Mahasaya requested the man to see him once that night.

6. (*a*) মা বলিলেন, "এ কথা শুনিবার আগে আমার যদি মরণ হইত!"—The mother said, "Would that I had been dead before I heard this news !"

Or

The mother wished that she had been dead before she heard that news.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(*b*) ভিক্ষুকটি কহিল, "তুমি দীর্ঘজীবী হও!"—The beggar said, "May you live long!"

Or

The beggar wished that he might live long.

(*c*) সে বলিল, "হায়, আমার সর্বনাশ হইয়া গিয়াছে!"—He said, "Alas, I am done for!"

Or

He cried out in sorrow that he was done for.

N. B. *As a general rule a Bengali direct speech should be rendered into English direct speech.*

APPENDIX XV

PUNCTUATION

(যতিচিহ্ন)

1.—The Full Stop, used at the end of a complete sentence—the English equivalent is " "

e.g. অগস্ট মাস। অজস্রধারায় বৃষ্টি পড়িতেছে—(It is the month of August. It is drizzling continuously.)

,—The Comma, used to denote a short pause (in introducing a clause, between two or more words or phrases, before and after vocative cases and before direct quotations).

e.g. (১) রাম, যদু ও হরি এইদিকে আসিতেছে—(Ram, Jadu and Hari are coming in this direction.)

(২) রাণু, এদিকে এস—(Ranu, come here.)

(৩) তাহারা বলিল, "আমরা যাইব না"—(They said, "We shall not go".)

;—The Semicolon, used to denote a longer pause than comma, between two co-ordinate clauses.

e.g. নবকুমার ভদ্রলোক; অপ্রতিভ হইয়া মুখ অবনত করিলেন—(Nabakumar was a gentleman; disconcerted he cast down his head.)

?—The Note of Interrogation, used after direct questions.

e.g. কোথায় যাইবে?—(Where will you go?)

.—Sign of Abbreviation.

e.g. বি. এ.=B. A.

!—The Note of Exclamation, used after vocative cases, in emotional appeal, after phrases or sentences uttered with emotion.

e.g. হায়! এই অন্ধকারে আমি কোথায় যাইব!—(Dear me! Where shall I go now in this darkness!)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[ ], ( ), —Brackets, used as a parenthesis.

——The Dash, used as brackets to make an abrupt break in a sentence after or before enumeration of several particulars, to indicate a significant pause and to indicate a parenthesis, (two such dashes are used to indicate the repetition of a word or a notion).

e.g. সুন্দরীর বয়ঃক্রম সপ্তবিংশতি বৎসর—ভাদ্রমাসের ভরা নদী—(The beautiful Sundari is twenty-seven years old—an overflowing river in the month of Bhadra.)

APPENDIX XVI

IDIOMATIC COMMONPLACE COMPARISONS

কাল যেন ঝুল—Black as soot.
গরম যেন আগুন—Hot as fire.
গোলাপের মতো সুন্দর—Fair as a rose.
ঘাসের মতো সবুজ—Green as grass.
চিনির মতো মিষ্ট—Sweet as sugar.
টাটকা যেন গোলাপ—Fresh as a rose.
ঠাণ্ডা যেন বরফ—Cold as ice.
তুলার মতো নরম—Soft as down.
দিনের মতো উজ্জ্বল—Bright as day.
পাতলা যেন জল—Thin as water.
পালকের মতো হালকা—Light as feather.
পাহাড়ের মতো স্থির—Firm as a rock.
প্রতিমার মতো বোবা—Deaf as a statue.
বজ্রধ্বনির মতো উচ্চ—Loud as thunder.
বলের মতো গোল—Round as a ball.
বাঘের মতো হিংস্র—Fierce as a tiger.
বিদ্যুৎগতি—Quick as lightning.
বোকা যেন গাধা—Stupid as a donkey.
ভঙ্গুর যেন কাচ—Brittle as glass.
মিষ্ট যেন মধু—Sweet as honey.
মুক্ত যেন বাতাস—Free as air.
মৃতের মতো স্তব্ধ—Silent as the dead.
মৃত্যুর মতো বিবর্ণ—Pale as death.
রক্তের মতো লাল—Red as blood.
রাজার মতো সুখী—Happy as a king.
শক্ত যেন পাথর—Hard as stone.
শুকনো যেন কাঠ—Dry as a bone.
শৃগালের মতো চতুর—Cunning as a fox.
সিংহের মতো বলশালী—Strong as a lion.
হরিণের মতো দ্রুতগামী—Fleet as a deer.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

APPENDIX XVII

BENGALI COMPOUND WORDS AND HOW TO TRANSLATE THEM

(*a*) [Compound adjectives with]

উচিত, সুলভ, অনুরূপ

আশানুরূপ—Up to one's expectations.
ভদ্রজনোচিত ব্যবহার—Conduct becoming a gentleman.
রাজোচিত—Befitting a king; kingly.
শিশুসুলভ সরলতা—Simplicity common to children.
সময়োচিত—Suitable to the occasion; seasonal.

(*b*) [Compound adjectives with]

কর, জনক

অসুবিধাজনক—Inconvenient.
দুঃখকর—Painful; distressing.
পুষ্টিকর—Nutritious.
বিপজ্জনক—Dangerous; perilous.
মঙ্গলজনক—Beneficial.
সন্তোষজনক—Satisfactory.
সন্দেহজনক—Suspicious.
সুখকর—Pleasant; delightful.
সুবিধাজনক—Convenient; advantageous.
স্বাস্থ্যকর—Wholesome.
হিতকর—Beneficial; useful.

(*c*) [Compound adjectives with]

জাত, স্থিত, নির্মিত

কলিকাতাস্থিত দূত—Ambassador at Calcutta.
গঙ্গাতীরস্থিত অট্টালিকা—Buildings standing on the bank of the Ganges.
দিল্লীস্থিত ইওরোপীয়গণ—Europeans residing at Delhi.
দেশজাত দ্রব্যাদি—Country-made or indigenous articles.
প্রস্তর-নির্মিত বাটী—Building made of stone.
সদ্বংশজাত—Of noble birth; born of a noble family.

(*d*) [Compound adjectives with]

পরায়ণ

ঈশ্বরপরায়ণ—Devoted to God.
উদরপরায়ণ—Voracious; gluttonous.
কর্তব্যপরায়ণ—Dutiful.
ক্রোধপরায়ণ—Passionate; wrathful.
ধর্মপরায়ণ—Pious; virtuous.
পতিপরায়ণ—Devoted to husband.

(*e*) [Compound adjectives with]

যোগ্য

গ্রহণযোগ্য—Acceptable.
বিশ্বাসযোগ্য—Credible; trustworthy.
বিবাহযোগ্য—Marriageable (বিবাহযোগ্যা কন্যা—girl of marriageable age).

(*f*) [Compound adjectives with]

বিশিষ্ট, যুক্ত, সম্পন্ন, পূর্ণ

জ্ঞানসম্পন্ন—Wise; full of wisdom.
মেরুদণ্ডবিশিষ্ট—Vertebrate.
রহস্যপূর্ণ—Full of mystery; mysterious.
সংগতিসম্পন্ন—Well-to-do.
হস্তপদ বিশিষ্ট বা হস্তপদ যুক্ত—Endowed with hands and feet.

(*g*) [Compound adjectives with]

হীন, শূন্য

কাণ্ডজ্ঞানশূন্য—Devoid of common sense.
গুণহীন—Worthless.
চরিত্রহীন—Without character.
ভয়হীন—Fearless.
ভিত্তিহীন—Baseless.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

APPENDIX XVIII

TRANSLITERATION OF LETTERS

(বাংলা অক্ষরের ইংরেজীতে প্রতিবর্ণীকরণ)

অ...*a* (অমিয়—Amiya)
আ...*a* or (পাল—Pal)
ই, ঈ...*i* (রবি—Rabi; আলী—Ali)
উ, ঊ...*u* (উমেশ—Umesh)
ঋ...*ri* (সুকৃতি—Sukriti)
এ...*e* (সেন—Sen)
ঐ...*ai* (কৈলাস—Kailas)
ও...*o* (মনোজ—Manoj)
ঔ...*au* (গৌড়—Gaur)
ক...*k* (কার্তিক—Kartic)
খ...*kh* (খগেন—Khagen)
গ...*g*
ঘ...*gh*
ঙ...*n*; *ng*
[*Exc.* ক...*q* (as in Huq)
গ...*gh* (গণি—Ghani)].
চ...*ch* (চন্দ্র—Chandra)
ছ...*chh* (ছায়া—Chhaya)
জ...*j* (জ্যোতিশ—Jyotish)
[*Exc.* জ—*z* (রজ্জাক—Razzaq)
In old books চ=*c*, ছ=*ch*].
ঝ...*jh* (ঝাউতলা—Jhautala)
ঞ...*n* (পঞ্চানন—Panchanan)
ট...*t*
ঠ...*th*
ড...*d*
ঢ...*dh*
ণ...*n*
[*Exc.* ঠাকুর—Thakur, Tagore].
ত...*t*
থ...*th*
দ...*d* } ধ...*ddh*
ধ...*dh* }
ন...*n*
প...*p*
ফ...*ph*
ব...*b*
ভ...*bh*
ম...*m*
[*Exc.* ফ...*f*. মুস্তাফা—Mustafa.
ব...*v*. মৌলবী—Maulavi].
য (আদ্য)...*y* or *j* (যোগেশ—Yoges, Jogesh)
য (মধ্য বা অন্ত)...*y*
র...*r*
ল...*l* [ল্ল—*ll*]
ব...*b* or *v*
শ...*sh*
ষ...*sh*
স...*s*
হ...*h*
ং...*n* (সিংহ—Sinha)
ঁ...*n* (পাঁচু—Panchu)
ক্ষ...*ksh* (ক্ষিতিমোহন—Kshitimohan)
জ্ঞ...*jn* (জ্ঞান—Jnan)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

APPENDIX XIX

I. WEIGHTS, MEASURES, etc.

A. ENGLISH MONEY TABLE

4 farthings (q.)	make	1 penny (d.).
12 pence	"	1 shilling (s.)
20 shillings	"	1 pound or sovereign (£).
2 shillings	"	1 florin.
5 shillings	"	1 crown.
21 shillings	"	1 guinea.

B. ENGLISH WEIGHT

(1) Troy Weight (Jewellers')

24 grains (gr.)	make	1 pennyweight (dwt.).
20 pennyweights	"	1 ounce (oz.).
12 ounces	"	1 pound (lb.).
1 pound troy	=5,760 grains.	

(2) Avoirdupois Weight

16 drams (dr.)	make	1 ounce (oz.).
16 ounces	"	1 pound (lb.).
14 pounds	"	1 stone.
28 pounds	"	1 quarter (qr.).
4 quarters	"	1 hundredweight (cwt.).
20 hundredweights	"	1 ton.
1 tola	=	180 grains troy.
	=$6\frac{10}{175}$	dr. avoir.
$\frac{1}{2}$ seer	=$2\frac{1}{2}$	lb. troy.
1 seer	=$2\frac{2}{5}$	lb. avoir.
	=1	lb. avoir.+200 grains.
35 seers	=72	lb. avoir.
1 maund (Bengal)	=100	lb. troy.
	=$82\frac{2}{7}$	lb. avoir.

(3) Apothecaries' Weight

(For Druggists)

20 grains	make	1 scruple (scr.).
3 scruples	"	1 drachm (dr.).
8 drachms	"	1 ounce troy (oz.).
12 ounces.	"	1 pound (lb.).

Dr. Nimila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

C. MEASURES OF AREA

(1) Land Measure of Bengal

1 square cubit	makes	1 ganda (ga.).
20 gandas	make	1 chhatak (ch.).
16 chhataks	"	1 cottah (cot.).
20 cottahs	"	1 bigha (bi.).
1 bigha (Bengal)		=1600 sq. yds.
121 bighas		= 40 acres.
1936 bighas		= 1 sq. mile.
1 acre		= 3 bighas 8 ch.

(2) English Square Measure

144 square inches (sq. in.).	make	1 square foot (sq. ft.).
9 sq. feet	"	1 sq. yard (sq. yd.).
30¼ sq. yds.	"	1 sq. pole (sq. po.); rod or perch.
40 sq. poles.	"	1 rood (ro.).
4 roods	"	1 acre (ac.).
1 acre		=4840 sq. yds.
640 acres		=1 sq. mile (sq. mil.).
1 sq. chain		=22×22=484 sq. yds.
10 sq. chains		=1 acre.
1 bigha (Bengal)		=1600 sq. yds.
$3\frac{1}{40}$ bighas (Bengal)		=1 acre.

D. MEASURES OF LENGTH

(1) Indian Linear Measure

12 angulis (digits)	make	1 bighat (span).
2 bighats	"	1 cubit (hath).
2 cubits	"	1 gaz (yard).
80 haths (cubits)	"	1 rusi.
1760 gaz	"	1 mile.
8000 cubits (4000 gaz)	"	1 kros.

1 span (bighat)=9 inches.
1 cubit (hath)=2 spans=18 inches.
1 kros=2 British miles (approximately).

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(2) English Linear Measure

12 inches (in.)	make	1 foot (ft.).
3 feet	"	1 yard (yd.).
5½ yards	"	1 pole (po.).
40 poles	"	1 furlong (fur.).
8 furlongs	"	1 mile (mil.).
3 miles	"	1 league (lea.).

1 mile=1760 yds.

E. APOTHECARIES' MEASURE

60 minims (m.)	make	1 fl. drachm (fl. dr.).
8 fluid drachms	"	1 fl. ounce (fl. oz.).
20 fluid ounces	"	1 pint (p.).
8 pints	"	1 gallon (g.).
1 drop	=	1 minim.
1 tea-spoonful	=	1 fl. drachm.
1 desert-spoonful	=	2½ fl. drachms.
1 table-spoonful	=	4 fl. drachms.

= ½ fl. oz.

F. METRIC SYSTEM

(a) Linear Measure

10 millimetres (mm.)	make	1 centimetre (cm.).
10 centimetres	"	1 decimetre (dm.).
10 decimetres	"	1 metre (m.).
10 metres	"	1 decametre (Dm.).
10 decametres	"	1 hectometre (Hm.).
10 hectometres	"	1 kilometre (Km.).
10 kilometres	"	1 myriametre (Mm.).

(b) Weight

10 milligram (mg.)	make	1 centigram (cg.).
10 centigram	"	1 decigram (dg.).
10 decigram	"	1 gramme (gm.).
10 gramme	"	1 dekagram (dag.).
10 dekagram	"	1 hectogram (hg.).
10 hectogram	"	1 kilogram (kg.).
100 kilogram	"	1 quintal.
10 quintals or 1000 kilogram	"	1 tonne (metric).

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

In the new system of metric weights and measures the following weights are in actual practice:

(a) Solid Metal Weights

Kilogram (kg) Series

Cast iron and forged steel weights	*Brass and bronze weights*
50	20
20	10
10	5
5	2
2	1
1	

Gram (g) Series

500	500
200	200
100	100
	50
	20
	10
	5
	2
	1

(b) Sheet Metal Weights

Milligram (mg) Series

500	50	5
200	20	2
100	10	1

G. ENGLISH MEASURES OF ANGLES

60 seconds (60″)	make	1 minute (1′).
60 minutes	„	1 degree (1°).
90 degrees	„	1 right angle (rt. gle.).

II. CONVERSION TABLE (Approx.)

1 dollar (U. S.)	..	Rs. 7·50 P.
1 pound (Britain)	..	Rs. 18·00
1 rouble (U. S. S. R.)	..	Rs. 8·33 P.

1760 yds. 8 furlongs 1 mile

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

1 cwt.	112 ℔.	50·80 kg.
1 tea-spoonful	=1 fl. dram.	= 60 drops.
1 table-spoonful	=4 fl. drams.	=240 drops.
1 tea-cupful	=4 fl. oz.	
1 tumblerful	=8 fl. oz.	

1 kilogram=1 sr. 6 tolas or 86 tolas or 2. ℔. 3 oz.

Tolas to Grams

Tola	1	2	3	4	5	6	7	8	9	10
Gram	11.66	23.33	34.99	46.66	58.32	69.98	81.65	93.31	104.97	117.64

Seers to Kilograms

Seers	1	2	3	4	5	6	7	8	9	10
Kilograms	0.93	1.87	2.80	3.73	4.67	5.60	6.53	7.46	8.40	9.33

Maunds to Quintals

Maunds	1	2	3	4	5	6	7	8	9	10
Quintals	0.37	0.75	1.12	1.49	1.87	2.24	2.61	2.99	3.36	3.73

Anna Pie	Paise	Anna Pie	Paise	Anna Pie	Paise	Anna Pie	Paise
0 3	2	4 3	27	8 3	52	12 3	77
0 6	3	4 6	28	8 6	53	12 6	78
0 9	5	4 9	30	8 9	55	12 9	80
1 Anna	6	5 Annas	31	9 Annas	56	13 Annas	81
1 3	8	5 3	33	9 3	58	13 3	83
1 6	9	5 6	34	9 6	59	13 6	84
1 9	11	5 9	36	9 9	61	13 9	86
2 Annas	12	6 Annas	37	10 Annas	62	14 Annas	87
2 3	14	6 3	39	10 3	64	14 3	89
2 6	16	6 6	41	10 6	66	14 6	91
2 9	17	6 9	42	10 9	67	14 9	92
3 Annas	19	7 Annas	44	11 Annas	69	15 Annas	94
3 3	20	7 3	45	11 3	70	15 3	95
3 6	22	7 6	47	11 6	72	15 6	97
3 9	23	7 9	48	11 9	73	15 9	98
4 Annas	25	8 Annas	50	12 Annas	75	16 Annas	100

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

III. COMMERCE & FINANCE

ডলার—Dollar ($).
শতকরা—Per cent (%).
শিলিং—Shilling (s.).
পাউণ্ড—Pound (£).
টাকা—Rupee (Re.).
পাউণ্ড (ওজন)—Pound (lb.).
মণ—Maund (md.).
সের—Seer (sr.).
ছটাক—Chhatak (chh.).
আউন্স—Ounce (oz.).
হন্দর—Hundredweight (cwt.).
গজ—Yard (yd.).
ফুট—Foot (ft.).
ড্রাম—Dram (dr.).

IV. TABLES OF DAILY WAGES

Rs. Per Month	28 days		29 days		30 days		31 days	
	Rs.	P.	Rs.	P.	Rs.	P.	Rs.	P.
1	0	04	0	03	0	03	0	03
2	0	07	0	07	0	07	0	06
3	0	11	0	10	0	10	0	10
4	0	14	0	14	0	13	0	13
5	0	18	0	17	0	17	0	16
6	0	21	0	21	0	20	0	19
7	0	25	0	24	0	23	0	23
8	0	29	0	28	0	27	0	26
9	0	32	0	31	0	30	0	29
10	0	36	0	34	0	33	0	32
15	0	54	0	52	0	50	0	48
20	0	71	0	69	0	67	0	65
25	0	89	0	86	0	83	0	81
30	1	07	1	03	1	00	0	97
40	1	43	1	38	1	33	1	29
50	1	79	1	72	1	67	1	61
60	2	14	2	07	2	00	1	94
70	2	50	2	41	2	33	2	26
80	2	86	2	76	2	67	2	58
90	3	21	3	10	3	00	2	90
100	3	57	3	45	3	33	3	23

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

APPENDIX XX

CHRONOLOGICAL TABLE

(Giving dates of chief events in all nations of the world from pre-historic times to the present day)

খ্রীষ্টপূর্ব (B. C.)

১০০০০—কৃষিকার্যের প্রচলন (Beginning of the first cultivation).

৪০০০—৩০০০—মিশরে সভ্যতার উন্মেষ (Civilization growing in Egypt).

৩০০০—২০০০—সিন্ধু সভ্যতা (Civilization in Indus Valley).

২৫০০—২০০০—ভারতে বৈদিক সাহিত্যের চর্চা (Period of Vedic literature in India).

৭৭৬—গ্রীসে অলিম্পিক খেলাধূলার প্রবর্তন (Introduction of the Olympic Games in Greece).

৭৫৩—রোমের প্রতিষ্ঠা (Rome founded).

৬০৬—মিডিস ও চালডিয়া কর্তৃক নিনেভে শহর জয় (Conquest of Nineveh by the Medes and Chaldea).

৫৪৪—বুদ্ধের মৃত্যু (Death of Buddha).

৩৯৯—দার্শনিক সক্রেতিসের মৃত্যু (Death of philosopher Socrates).

৩২৭—আলেকজাণ্ডারের ভারত অভিযান (Alexander's expedition to India).

৩২২—চন্দ্রগুপ্তের সিংহাসনে আরোহণ (Chandragupta's accession to the throne).

২৭৩—অশোকের সিংহাসনে আরোহণ (Ashoka's accession to the throne).

২১৬—চীনের প্রসিদ্ধ প্রাচীর নির্মাণ আরম্ভ (Commencement of the building of the Great Wall of China).

১—যীশুখ্রীষ্টের জন্ম (Birth of Jesus Christ).

খ্রীষ্টাব্দ (A.D.)

৩৪০—বিক্রমাদিত্যের সিংহাসন লাভ (Vikramaditya's accession).

৫৭০—হজরত মহম্মদের জন্ম (Birth of Hazrat Muhammad).

৬২৯—হিউ-এন-সাং-এর ভারতে আগমন (Arrival of Hiuen-Tsang in India).

৭৮৬—বাগদাদে হারুন-অল-রসিদের সিংহাসনলাভ (Harun-al-Rashid's accession at Bagdad).

১০০৬—সুলতান মামুদের ভারত আক্রমণ (Invasion of India by Sultan Mahmud).

১১৯২—পৃথ্বীরাজের পরাজয় ও মৃত্যু (Defeat and death of Prithwiraj).

১১৯৬—প্রথম ধর্মযুদ্ধ (First Crusade).

১২১৫—ইংলণ্ডের রাজা জন কর্তৃক মহাসনন্দ স্বাক্ষর (Magna Carta was signed by King John of England).

১৩৯৮—তৈমুরলঙ্গের ভারত আক্রমণ (India attacked by Tamurlane).

১৪৫৩—পূর্বদেশীয় রোমক সাম্রাজ্যের পতন (Fall of the Eastern Roman Empire).

১৪৬৯—গুরু নানকের জন্ম (Birth of Guru Nanak).

১৪৯২—কলম্বস কর্তৃক আমেরিকা আবিষ্কার (Discovery of America by Columbus).

১৪৯৭—ভাস্কো-ডা-গামার কালিকটে আগমন (Arrival of Vasco da Gama at Calicut).

১৫০৩—শ্রীচৈতন্যের দেহত্যাগ (Death of Sri Chaitanya).

১৬৩০—শিবাজীর জন্ম (Birth of Sivaji).

Dr. Urmila Sharma Collection, Varanasi

Public Domain. Digitizagtion by eGangotri

খ্রীষ্টাব্দ (A.D.)

১৬৫৩—তাজমহলের নির্মাণ-কার্য শেষ (Completion of the construction of the Tajmahal).

১৬৯০—কলিকাতার ভিত্তিস্থাপন (Foundation of Calcutta).

১৭২৭—বৈজ্ঞানিক নিউটনের মৃত্যু (Death of Newton).

১৭৫৭—পলাশীর যুদ্ধ (Battle of Plassey).

১৭৭৬—আমেরিকার স্বাধীনতা ঘোষণা (Declaration of American Independence).

১৭৭৮—প্রথম বাংলা বই ছাপা (Printing of the first Bengali book).

১৭৮৯—(১) ফরাসী বিপ্লব (Outbreak of the French Revolution). (২) যুক্তরাষ্ট্রের প্রথম রাষ্ট্রপতি পদে জর্জ ওয়াশিংটনকে বরণ (George Washington as the first President of the United States).

১৮০৭—ব্রিটিশ সাম্রাজ্যে দাসব্যবসায় রদ (Abolition of slave trade in the British Empire).

১৮২১—নেপোলিয়নের মৃত্যু (Death of Napoleon).

১৮৩০—ইংলণ্ডে প্রথম রেলপথের প্রতিষ্ঠা (First Railway in England opened).

১৮৩৩—শ্রীরামকৃষ্ণের জন্ম (Birth of Sri Ramkrishna).

১৮৩৫—টেলিগ্রাফের উদ্ভাবন (Invention of the Telegraph).

১৮৫৩—ভারতে প্রথম রেলপথ নির্মাণ (The first Indian Railway was constructed between Bombay and Kalyan).

১৮৫৭—সিপাহী-বিদ্রোহ (The Sepoy Mutiny).

১৮৬১—রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম (Birth of Rabindranath Tagore).

১৮৬৯—মহাত্মা গান্ধীর জন্ম (Birth of Mahatma Gandhi).

১৮৭৬—টেলিফোনের আবিষ্কার (Invention of the Telephone).

১৮৮৫—ভারতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা (Indian National Congress founded).

১৯০৫—বঙ্গ-ভঙ্গ (Partition of Bengal).

১৯০৯—অ্যাডমিরাল পিয়ারি কর্তৃক উত্তর মেরু আবিষ্কার (Discovery of the North Pole by Admiral Peary).

খ্রীষ্টাব্দ (A.D.)

১৯১১—(১) রোয়াল্ড আমাণ্ডসেন কর্তৃক দক্ষিণ মেরু আবিষ্কার (Discovery of the South Pole by Roald Amundsen). (২) চীনদেশে গণতন্ত্রের প্রতিষ্ঠা ও সান ইয়াৎ সেনের রাষ্ট্রপতিপদ লাভ (Republic set up in China and Dr. Sun Yat Sen was elected President).

১৯১৩—সাহিত্যে রবীন্দ্রনাথ ঠাকুরের নোবেল প্রাইজ লাভ (Award of Nobel Prize in literature to Rabindranath Tagore).

১৯১৪—প্রথম বিশ্বযুদ্ধ আরম্ভ (Commencement of World War I).

১৯১৭—রুশ বিপ্লব (Russian Revolution).

১৯২০—(১) মহাত্মা গান্ধীর অসহযোগ আন্দোলন আরম্ভ (Non-co-operation Movement of Mahatma Gandhi started). (২) জাতিসংঘের প্রথম অধিবেশন (First meeting of the League of Nations).

১৯২৪—লেনিনের মৃত্যু (Death of Lenin).

১৯২৫—সান ইয়াৎ সেনের মৃত্যু (Death of Sun Yat Sen).

১৯৩০—আইন অমান্য আন্দোলন আরম্ভ (Civil Disobedience Movement started).

১৯৩২—গান্ধীজীর অনশন এবং হরিজনদের আইনসভায় ও ধর্মমন্দিরে প্রবেশাধিকার লাভ (Gandhiji's fast and admittance of Harijans to assemblies and temples).

১৯৩৩—(১) এভারেস্টের উপর দিয়া বিমান-অভিযান (First aeroplane flight over Mt. Everest). (২) হিটলার জার্মানীর ডিক্টেটর হন (Hitler becomes the Dictator of Germany).

১৯৩৫—ব্রিটেন কর্তৃক ভারতবর্ষকে স্বায়ত্তশাসন দান (Self-government given to India by Britain).

১৯৩৭—চীন-জাপানের যুদ্ধ আরম্ভ (Beginning of the Sino-Japanese War).

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

খ্রীষ্টাব্দ (A. D.)

১৯৩৯—দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ (Commencement of World War II).

১৯৪১—রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু (Death of Rabindranath Tagore).

১৯৪৩—বঙ্গদেশে দুর্ভিক্ষ (Famine in Bengal). [(First test of A-bomb).

১৯৪৫—পারমাণবিক বোমার প্রথম পরীক্ষা

১৯৪৫, ৫ই অগস্ট—জাপানের হিরোশিমায় পারমাণবিক বোমা নিক্ষেপ (A-bomb dropped on Hiroshima in Japan).

১৯৪৫—(১) দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসান (End of World War II). (২) রাষ্ট্রসংঘের প্রতিষ্ঠা (Establishment of the United Nations).

১৯৪৬—ফিলিপাইন দ্বীপপুঞ্জের স্বাধীনতালাভ (Independence of the Philippines).

১৯৪৭—ভারতের স্বাধীনতালাভ ও পাকিস্তান গঠন (Independence of India and Pakistan formed).

১৯৪৮—গান্ধীজীর মৃত্যু (Gandhiji's death).

১৯৪৯—চীনের প্রজাতন্ত্র প্রতিষ্ঠা (People's Republic of China established).

১৯৫০, ২৬ জানুয়ারী—ভারতীয় প্রজাতন্ত্র স্থাপন (The Republic of India founded). [War).

১৯৫০—কোরিয়ার যুদ্ধ (The Korean

১৯৫১—স্বাধীন ভারতে সর্বপ্রথম সাধারণ নির্বাচন (First General Election in Independent India).

১৯৫২—ভারতে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আরম্ভ (Beginning of the First Five Year Plan in India).

১৯৫৩—(১) স্তালিনের মৃত্যু (Death of Stalin). (২) কোরিয়ার যুদ্ধ-বিরতি (Cessation of War in Korea). (৩) মাউন্ট এভারেস্টের চূড়ায় সর্বপ্রথম মানুষের পদক্ষেপ (Mt. Everest conquered) [29th May]. [China).

১৯৫৪—নেহেরুর চীন যাত্রা (Nehru visits

১৯৫৫—(১) আইনস্টাইনের মৃত্যু (Death of Einstein). (২) নেহেরুর রাশিয়া সফর

খ্রীষ্টাব্দ (A. D.)

(Nehru visits Russia). (৩) বুলগানিন ও ক্রুশ্চেভের ভারত সফর (Bulganin and Khrushchev visit India).

১৯৫৬—(১) সুদানের স্বাধীনতালাভ (Independence of Sudan). (২) মরক্কোর পূর্ণ স্বাধীনতালাভ (Complete independence of Morocco). (৩) সুয়েজখাল রাষ্ট্রীয়করণের সিদ্ধান্ত (Decision taken to nationalize Suez Canal).

১৯৫৭—(১) ঘানার স্বাধীনতালাভ (Independence of Ghana). (2) মহাশূন্যে স্পুটনিক উৎক্ষেপ (Launching of Sputnik in the space).

